CWK-H05313-24-C7146563

24

আঞ্চলিক বাংলা ভাষার অভিধান

তৃতীয় খণ্ড
(ক)

প্রধান সম্পাদক
ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

কলিকাতা বিশ্ববিদ্যালয়
কলিকাতা ৭০০ ০৭৩

আঞ্চলিক বাংলা ভাষার অভিধান
তৃতীয় খণ্ড (ক)
A Dictionary of Dialectal Bengali Language
Vol–III

প্রথম প্রকাশ : ফেব্রুয়ারি ২০০৫

প্রকাশক : শ্রীপ্রদীপকুমার ঘোষ
সুপারিনটেনডেন্ট ॥ কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রেস
Publisher Pradip Kumar Ghosh
Superintendent. Calcutta University Press

© শিক্ষাবিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
© Education Department
Government of West Bengal

ফটো টাইপ সেটিং
ওয়ার্ড ওয়ার্কস
৯ শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা-৭৩

মুদ্রণ
নক্‌শা
৫২/৫বি, সূর্য্য সেন স্ট্রীট
কলকাতা - ৭০০০০৯

প্রচ্ছদ : তপন কর

G. 146563

দাম : দুই শত টাকা মাত্র
Price Rs. Two hundred only

উৎসর্গ

ড. দ্বিজেন্দ্রনাথ বসু

ড. দেবীপদ ভট্টাচার্য

আঞ্চলিক বাংলা ভাষার অভিধান

সম্পাদকমণ্ডলী

ড: অসিতকুমার বন্দ্যোপাধ্যায়
ড: বেলা দত্তগুপ্ত
ড: উজ্জ্বলকুমার মজুমদার

বিশেষজ্ঞমণ্ডলী

ড: সত্যরঞ্জন বন্দ্যোপাধ্যায়
ড: সুভদ্রকুমার সেন
ড: পরেশচন্দ্র মজুমদার
ড: রামেশ্বর শ
ড: সুহৃদকুমার ভৌমিক

গবেষকমণ্ডলী

সুমিত্রা বন্দ্যোপাধ্যায়
কেশব আড়ু
মায়াদীপা চক্রবর্তী
ড: দীপ্তি জানা
বাসুদেব মোশেল
সুজাতা রায়

সূচিপত্র

শুভেচ্ছা — নয়
উপাচার্য, কলিকাতা বিশ্ববিদ্যালয়

ভূমিকা — এগার

নিবেদন — তেরো

প্রতিবর্ণীকরণ (I.P.A) — পনেরো

বর্তমান অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম — পনেরো

সংকেতসূচি — সতেরো
ব্যাকরণ
গ্রন্থ
গ্রন্থকার

জেলা নামের সংকেত — আঠেরো

থানা নামের সংখ্যাসূচক সংকেত — আঠেরো-কুড়ি

অভিধান — ১—২৫২

Prof. Asis Kumar Banerjee
VICE-CHANCELLOR

Telephone Nos. : 241-3288
241-0071
241-4984

Fax No. : 91-33-241-3288

SENATE HOUSE
KOLKATA - 700 073

শুভেচ্ছা

বাংলা বিভাগের গবেষণা পরিষদ থেকে 'আঞ্চলিক বাংলা ভাষার অভিধান' তৃতীয় খণ্ড প্রকাশিত হলো। খুবই খুশির কথা এই কারণে যে, বাংলা ভাষা-সংস্কৃতির চর্চায় একটা স্বল্পালোকিত দিক ক্রমান্বয়ে উদ্ভাসিত হয়ে উঠছে। ব্যক্তিগত প্রচেষ্টায় খণ্ড-ক্ষুদ্রভাবে কেউ কেউ ইতিপূর্বে একাজে অংশ নিয়েছেন বা নিচ্ছেন ঠিকই, তবে সে-সব কাজে সম্পূর্ণতা আসে নি। বলতে দ্বিধা নেই, এমন নিখুঁত পরিকল্পনায় সামগ্রিক পরিচয় দান ব্যক্তি-বিশেষের কাজে সম্ভব নয়। গবেষণা পরিষদের গবেষকরা দলগত প্রচেষ্টায় সেই অভাব দূর করতে চলেছে। শব্দের বাংলা উচ্চারণ ও অর্থের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ের বিবরণ, অনেক ক্ষেত্রে বাক্য ব্যবহার ও ছবি দিয়ে বিষয়টিকে স্বচ্ছতা দান করা হয়েছে। সেই সঙ্গে দেওয়া হয়েছে আন্তর্জাতিক ধ্বনিবর্ণমালায় মূল শব্দের উচ্চারণ এবং বাংলা অর্থের ইংরাজিতে অনুবাদ। এই কাজ কেবল বাংলা ভাষাভাষী নয়, অবাঙালি তথা বিদেশি ভাষাতাত্ত্বিকদেরও প্রয়োজনে আসবে।

গবেষণা পরিষদের এই কাজের গুরুত্ব অপরিসীম। যে-সব গবেষক এই কাজে আত্মনিয়োগ করে আছেন তাঁদের ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই সেই-সব অধ্যাপক ও বিশেষজ্ঞমণ্ডলীকে, যাঁরা গবেষকদের পরামর্শ-নির্দেশ ও নানাভাবে সাহায্য করে কাজটিকে সফল করে তুলেছেন।

(আশিস কুমার বন্দ্যোপাধ্যায়)
উপাচার্য

১.২.২০০৫

T2

ভূমিকা

সাহিত্যকর্মের মধ্যে অভিধান-সংকলন যে বিশেষ পরিশ্রমসাধ্য কাজ তাতে সন্দেহ নেই, সেকথা অনেক পূর্বেই ড. জনসন বলে গেছেন। আবার সে অভিধান যদি লৌকিক শব্দের অভিধান হয় তা হলে সমস্যার অন্ত থাকে না। শুধু জেলায় জেলায় নয়, এক গ্রামের সঙ্গে অন্য গ্রামের ভাষা, উচ্চারণ ও অর্থগত অনেক পার্থক্য ও বৈচিত্র্য থাকে। এই গ্রন্থের প্রথম খণ্ড সংকলনে প্রবৃত্ত হয়ে এই বিভাগের গবেষকেরা নানা অসুবিধার মধ্যে পড়েছিলেন। সরকারি দাক্ষিণ্য আমাদের সেই বিপদ থেকে উদ্ধার করেছিল। আর্থিক স্বল্পতা তো ছিলই, কর্মীর সংখ্যাও ছিল সীমাবদ্ধ। তবু তরুণ গবেষকেরা বহু পরিশ্রম করে গ্রামে গ্রামে সন্ধান চালিয়ে বহু গ্রামীণ শব্দ, উচ্চারণ ও অর্থ সংগ্রহ করেছিলেন। কাজটি সম্পূর্ণ হতে আরো চার-পাঁচ খণ্ড লাগতে পারে বলে অনুমিত হচ্ছে। সামান্য হাতখরচের বিনিময়ে যে এই পরিশ্রমসাধ্য কাজ করা যায় তা প্রত্যক্ষ অভিজ্ঞতা না থাকলে বোঝা যায় না।

লৌকিক শব্দ গ্রন্থনের জন্য প্রয়োজন বিশেষ অভিজ্ঞতা এবং তার জন্য প্রয়োজন অতন্দ্র নিষ্ঠা। এই বিভাগের গবেষকগণ তাতে কোনো ত্রুটি রাখেন নি। অবশ্য নানা কারণে মুদ্রণে কিছু বিলম্ব ঘটেছে। গ্রন্থপ্রকাশে যাঁরা বিভিন্নভাবে যথেষ্ট সাহায্য করেছেন তাঁরা হলেন শ্রীমতী অঞ্জলি লাহিড়ী, শ্রীসুহৃদ কুমার ভৌমিক, শ্রীঅশোক রায়চৌধুরী, শ্রীবিপ্লব চক্রবর্তী।

গ্রামবাসীদের কাছ থেকেও যথেষ্ট আনুকূল্য লাভ করেছি। সরকারি আর্থিক সহায়তা ভিন্ন এত বড় বিশাল কাজে হাত দেওয়া সম্ভব হত না। কলকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের আনুকূল্য এই প্রসঙ্গে স্মরণ করি। মাননীয় উপাচার্য মহোদয় স্বতঃপ্রবৃত্ত হয়ে সুকঠিন কাজ সহজ করে দিয়েছেন এজন্য তাঁদের শ্রদ্ধাপূর্ণ নমস্কার জানাই।

ড. শ্রীমতী বেলা দত্তগুপ্ত, ড. উজ্জ্বল কুমার মজুমদার, ড. পরেশচন্দ্র মজুমদার, ড. রামেশ্বর শ' এই গ্রন্থের সম্পাদনে অসাধারণ পরিশ্রম করেছেন, এজন্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানাই।

এপ্রিল
১৪০৯ ॥ ২০০৩

অ. কু. ব.

নিবেদন

'আঞ্চলিক বাংলা ভাষার অভিধান' তৃতীয় খণ্ডের জন্য আমার এই নিবেদন অংশের প্রয়োজন ছিল না। কিন্তু এই নিবেদন অনিবার্য হয়ে পড়ল এই কারণে যে, অকস্মাৎ গবেষণা পরিষদে এক তীব্র সংকট সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরিষদের অফিস এমন এক জায়গায় স্থানান্তরিত হয়েছে যেখান থেকে বাংলা বিভাগের অধ্যাপকদের সঙ্গে প্রয়োজন পড়লেই সাক্ষাৎ সম্ভব নয়, বিশেষজ্ঞ মণ্ডলীর প্রাক্তন সব অধ্যাপকগণও যেখানে প্রায়শই যেতে পারবেন না এবং সংশ্লিষ্ট গবেষকদের মধ্যে যারা হৃদরোগে আক্রান্ত এবং আর্থারাইটিসে গুরুতর জখম তারাও কাজের মানসিকতা অচিরেই হারিয়ে ফেলবে। এই সংকট থেকে উদ্ধারের কোন পথ আছে জানি না। তবু এটুকু জানিয়ে রাখছি, পূর্ব-পরিকল্পনা অনুসারেই চতুর্থ খণ্ডের মুদ্রণের কাজে গবেষকরা ইতিমধ্যেই এগিয়ে গেছে।

আরও একটি কথা বলা দরকার। প্রথমে গবেষণা পরিষদের গবেষক সংখ্যা ছিল পনের জন। বর্তমানে আছে মাত্র পাঁচজন গবেষক ও একজন অফিস-কর্মী। এইসঙ্গে যুক্ত হলো পরিষদের অফিস-স্থানান্তরের সংকট। এই পরিস্থিতিতেও গবেষকরা যে তাদের কাজ নিষ্ঠার সঙ্গে চালিয়ে যাচ্ছে, সেজন্য তাদের ধন্যবাদ জানাই।

তৃতীয় খণ্ডের জন্য অনেকগুলি প্রয়োজনীয় ছবি এঁকে দিয়েছে শ্রীমান রাহুলদেব আড়ু। তাকে স্নেহাশীর্বাদ জানাই।

উজ্জ্বলকুমার মজুমদার
গবেষণা পরিষদ, বাংলা বিভাগ

প্রতিবর্ণীকরণ
আন্তর্জাতিক ধ্বনিবর্ণমালা (I.P.A)

অ	আ	ই	উ	এ
ɔ	ɑ	i	u	e
এ্যা	এ্যা	ঐ	ও	ঔ
æ	æ	ɔi	o	ɔu

ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
k	k^h	g	g^h	ŋ	c	c^h	j
ঝ	ট	ঠ	ড	ঢ	ত	থ	দ
j^h	ṭ	$ṭ^h$	ḍ	$ḍ^h$	t	t^h	d
ধ	ন	প	ফ	ব	ভ	ম	র
d^h	n	p	p^h	b	b^h	m	r
ল	শ	স	হ	ড়	ঢ়	ং	ঁ
l	ʃ	s	h	ɽ	$ɽ^h$	ŋ	~

বর্তমান অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম

অ আ ই উ এ এ্যা ঐ ও ঔ

ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ট ঠ ড ঢ

ত থ দ ধ ন প ফ ব ভ ম র ল

শ ষ স হ ড় ঢ়

* আনুনাসিকভাবে উচ্চারিত বর্ণের স্থান মূল বর্ণের পরে

সংকেত সূচি

ব্যাকরণ

অনুজ্ঞা—অনু
অব্যয়—অ
অসমাপিকা ক্রিয়া—অস ক্রি
অসমীয়া—অস
অস্ট্রিক শব্দাবলী—অস্ট্রিক
আদর্শ বাংলা—আ বা
আনুমানিক—★
আরবি—আ
ইংরেজি—ইং
ওড়িয়া—ও
ক্রিয়া—ক্রি
ক্রিয়া বিশেষণ—ক্রি বিশ
তুর্কী—তুর্কী
তুলনীয়—তু
দ্রাবিড়—দ্রা
পর্তুগীজ—প
পালি—পা
প্রাকৃত—প্রা
প্রাচীন বাংলা—প্রা বা
ফারসি—ফা
বিশেষণ—বিশ
বিশেষ্য—বি
মধ্য বাংলা—ম বা
সম্বোধন—সম্বো
সর্বনাম—সর্ব
সাঁওতালি—সাঁও
সাদরি—সাদরি

গ্রন্থ

উদ্ভিদ অভিধান—উ অ
কাঁচের কাঞ্চনমালা—কাঁচ
(গোলকনাথ বসু)

জীব অভিধান—জী অ
চর্যাপদ—চর্যা
চলন্তিকা—চল
(রাজশেখর বসু)

দোহাকোষ—দোহা
বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান—আঞ্চলি
ভাষার অভিধান
লৌকিক শব্দকোষ—লৌকিক
(কামিনীকুমার রায়)
শ্রীকৃষ্ণকীর্তন—শ্রীকৃষ্ণ
সোণার পাথরবাটি—সোণা
(গোলকনাথ বসু)

A Comparative Dictionary of the Indo-Aryan Language
by R. L. Turner —Turner

Campbell's English-Santali Dictionary
Edited by R. M. Macphail
—Campbell

Campbell's Santali-English Dictionary
Edited by R. M. Macphail
—Mac

গ্রন্থকার

জ্ঞানেন্দ্রমোহন দাস—দাস
সুকুমার সেন (লিখিত বই)—সেন
সুকুমার সেন (মৌখিক অভিমত)—সু সেন
সুনীতিকুমার চট্টোপাধ্যায়—চট্টো
হরিচরণ বন্দ্যোপাধ্যায়—বন্দ্যো

জেলা নামের সংকেত

কোচবিহার	—	কোচবি
চব্বিশ পরগনা	—	চব্বিশ
জলপাইগুড়ি	—	জলপা
দার্জিলিং	—	দার্জিলি
নদীয়া	—	নদীয়া
পশ্চিম দিনাজপুর	—	পদিনা
পুরুলিয়া	—	পুরুলি
বর্ধমান	—	বর্ধমা
বাঁকুড়া	—	বাঁকুড়া
বীরভূম	—	বীরভূ
মালদহ	—	মালদা
মুর্শিদাবাদ	—	মুর্শিদা
মেদিনীপুর	—	মেদিনী
হাওড়া	—	হাওড়া
হুগলি	—	হুগলি

[নব গঠিত জেলার নাম ব্যবহৃত হয়নি]

থানা নামের সংখ্যাসূচক সংকেত

কোচবিহার

কোচবিহার-১
তুফানগঞ্জ-২
দিনহাটা-৩
মাথাভাঙা-৪
মেখলিগঞ্জ-৫
শীতলকুচি-৬
সীতাই-৭
হলদিবাড়ি-৮

চব্বিশ পরগনা

আমডাঙ্গা-১
আমতলা-২
আলিপুর-৩
কাকদ্বীপ-৪
কাঁচড়াপাড়া-৫
কুলতলি-৬
কুলপি-৭
ক্যানিং-৮
খড়দহ-৯
গাইঘাটা-১০
গোসাবা-১১
জগদ্দল-১২
জয়নগর-১৩
টিটাগড়-১৪
ডায়মণ্ডহারবার-১৫
দেগঙ্গা-১৬
নামখানা-১৭
নৈহাটি-১৮
পাথরপ্রতিমা-১৯
ফলতা-২০
বনগাঁ-২১
বসিরহাট-২২
বাগদা-২৩
বাদুড়িয়া-২৪
বারাসাত-২৫
বারুইপুর-২৬
বাসন্তী-২৭
বিষ্ণুপুর-২৮
ব্যারাকপুর-২৯
ভাঙ্গড়-৩০
মগরাহাট-৩১
মথুরাপুর-৩২
মন্দিরবাজার-৩৩
সাগরদ্বীপ-৩৪
সোনারপুর-৩৫
স্বরূপনগর-৩৬
হাবড়া-৩৭
হাসনাবাদ-৩৮
হেলেঞ্চা-৩৯

জলপাইগুড়ি

আলিপুরদুয়ার-১
কুমারগ্রাম-২
জলপাইগুড়ি-৩
ধূপগুড়ি-৪
নাগরাকাটা-৫
ফালাকাটা-৬
ময়নাগুড়ি-৭
মাদারিহাট-৮
মালবাজার-৯
রাজগঞ্জ-১০

দার্জিলিং

খড়িবাড়ি-১
নকশালবাড়ি-২
ফাঁসিদেওয়া-৩
শিলিগুড়ি-৪

নদীয়া

করিমপুর-১
কালীগঞ্জ-২
কৃষ্ণগঞ্জ-৩
কৃষ্ণনগর কোতোয়ালি-৪
চাকদহ-৫
চাপড়া-৬
তেহট্ট-৭
নবদ্বীপ-৮
নাকাশিপাড়া-৯
রানাঘাট-১০
শান্তিপুর-১১
হরিণঘাটা-১২
হাঁসখালি-১৩

পশ্চিম দিনাজপুর (উত্তর ও দক্ষিণ একত্রে)

ইটাহার-১
ইসলামপুর-২
করণদীঘি-৩
কালিয়াগঞ্জ-৪
কুমারগঞ্জ-৫
কুশমুণ্ডি-৬
গঙ্গারামপুর-৭
গোয়ালপুকুর-৮
চোপড়া-৯
তপন-১০
বংশীহারী-১১
বালুরঘাট-১২
রায়গঞ্জ-১৩
হিলি-১৪
হেমতাবাদ-১৫

পুরুলিয়া

আদ্রা-১
আরশা-২
কাশীপুর-৩
জয়পুর-৪
ঝালদা-৫
নিতুরিয়া-৬
পাড়া-৭
পুঞ্চা-৮
পুরুলিয়া-৯
বরাভূম বরাবাজার-১০
বলরামপুর-১১
বাঘমুণ্ডি-১২
বান্দোয়ান-১৩
মানবাজার-১৪
রঘুনাথপুর-১৫
সাঁতুড়ি-১৬
হুড়া-১৭

বর্ধমান

অণ্ডাল-১
আউসগ্রাম-২
আসানসোল-৩
কাঁকসা-৪
কাটোয়া-৫
কালনা-৬
কেতুগ্রাম-৭
কুলটি-৮
খণ্ডঘোষ-৯
পূর্বস্থলী-১৪
ফরিদপুর-১৫
বর্ধমান-১৬
বার্নপুর-১৭
বারাবনি-১৮
বুদবুদ-১৯
ভাতার-২০
মঙ্গলকোট-২১
মন্তেশ্বর-২২
গলসী-১০
চিত্তরঞ্জন-১১
জামালপুর-১২
জামুড়িয়া-১৩
মেমারি-২৩
রানীগঞ্জ-২৪
রায়না-২৫
সালানপুর-২৬

বাঁকুড়া

ইন্দপুর-১
ইন্দাস-২
ওন্দা-৩
কোতুলপুর-৪
খাতড়া-৫
গঙ্গাজলঘাঁটি-৬
ছাতনা-৭
জয়পুর-৮
তালডাংরা-৯
পাত্রসায়ার-১০
বড়জোড়া-১১
বাঁকুড়া-১২
বিষ্ণুপুর-১৩
মেজিয়া-১৪
রাইপুর-১৫
রানীবাঁধ-১৬
শালতোড়া-১৭
সিমলাপাল-১৮
সোনামুখী-১৯

বীরভূম

ইলামবাজার-১
খয়রাশোল-২
দুবরাজপুর-৩
নলহাটি-৪
নান্নুর-৫
বোলপুর-৬
ময়ূরেশ্বর-৭
মহম্মদবাজার-৮
মুরারই-৯
রাজনগর-১০
রামপুরহাট-১১
লাভপুর-১২
সাঁইথিয়া-১৩
সিউড়ি-১৪

মালদহ

ইংরেজবাজার-১
কালিয়াচক-২
খড়বা-৩
গাজল-৪
চাঁচল-৫
বামনগোলা-৬
মানিকচক-৭
মালদা (পুরানো মালদা)-৮
রতুয়া-৯
হবিবপুর-১০
হরিশ্চন্দ্রপুর-১১

মুর্শিদাবাদ

কাগ্রাম-১
কান্দি-২
খড়গ্রাম-৩
জঙ্গীপুর-৪
জলঙ্গী-৫
জিয়াগঞ্জ-৬

ধুলিয়ান-৭
ডোমকল-৮
নওদা-৯
নবগ্রাম-১০
ফরাক্কা-১১
বরঞা-১২
বহরমপুর-১৩
বেলডাঙা-১৪
ভগবানগোলা-১৫
ভরতপুর-১৬
রঘুনাথগঞ্জ-১৭
রানীনগর-১৮
লালগোলা-১৯
লালবাগ-২০
সাগরদীঘি-২১
সামসেরগঞ্জ-২২
সুতি-ঔরঙ্গাবাদ-২৩
হরিহরপাড়া-২৪

মেদিনীপুর (পূর্ব ও পশ্চিম একত্রে)

এগরা-১
কাঁথি-২
কেশপুর-৩
কেশিয়ারি-৪
খড়্গপুর-৫
খেজুরি-৬
গড়বেতা-৭
গোপীবল্লভপুর-৮
গোয়ালতোড়-৯
ঘাটাল-১০
চন্দ্রকোনা-১১
জামবনী-১২
ঝাড়গ্রাম-১৩
ডেবরা-১৪
তমলুক-১৫
দাঁতন-১৬
দাসপুর-১৭
দীঘা-১৮
নন্দীগ্রাম-১৯
নয়াগ্রাম-২০
নারায়ণগড়-২১
পটাশপুর-২২
পাঁশকুড়া-২৩
পিংলা-২৪
বিনপুর-২৫
ভগবানপুর-২৬
ময়না-২৭
মহিষাদল-২৮
মেদিনীপুর-২৯
মোহনপুর-৩০
রামনগর-৩১
শাঁকরাইল-৩২
শালবনি-৩৩
সবং-৩৪
সুতাহাটা-৩৫
হলদিয়া-৩৬

হাওড়া

আমতা-১
উদয়নারায়ণপুর-২
উলুবেড়িয়া-৩
জগাছা-৪
ডোমজুড়-৫
পাঁচলা-৬
বাউড়িয়া-৭
বাগনান-৮
বালি-৯
শ্যামপুর-১০
সাঁকরাইল-১১
হাওড়া-১২

হুগলি

আরামবাগ-১
উত্তরপাড়া-২
কোন্নগর-৩
খানাকুল-৪
গোঘাট-৫
চণ্ডীতলা-৬
চুঁচুড়া-৭
জাঙ্গীপাড়া-৮
তারকেশ্বর-৯
দাদপুর-১০
ধনিয়াখালি-১১
পাণ্ডুয়া-১২
পুড়শুড়া-১৩
পোলবা-১৪
বলাগড়-১৫
মগরা-১৬
শ্রীরামপুর-১৭
সিঙ্গুর-১৮
হরিপাল-১৯

ক

ক[১] kɔ বি মই-সিঁড়ির ধাপ [এই ধাপে পা রেখে উপরে ওঠা হয়। এছাড়া এই ধাপগুলো মইয়ের দুপাশের দুটি বাঁশকে দৃঢ়ভাবে সংযোজিত করে। একে মইয়ের 'কোয়া'ও বলে] the steps of a ladder (চব্বিশ ২৭ বর্ধমা ৭, ২০ বীরভূ ১, ১১)

ক[২] kɔ বিণ কত [বিশেষ সংখ্যা বোঝাতে] how much, how many (বর্ধমা ৫ মুর্শিদা ১৭ মেদিনী ১৯, ২২, ২৬) ঘুর্‌ব ক দিন--কতদিন ঘুরবো বা আনাগোনা করব? (বর্ধমা ৫) তু উখান্ ক দিন্ থাগ্‌বি--তুই ওখানে কত দিন থাকবি? (মুর্শিদা ১৭) ক জঁ--কতজন (মেদিনী ২৬)

ক[৩] kɔ অনু বল্ speak, tell, (জলপা ১, ৭ মালদা ১১ মেদিনী ১৫, ৩৪) ক ক্যানে--বল্ না (জলপা ৭) তুই আইস্‌বি, না আইস্‌বিনি, ক, আমি চল্যা যাবু--তুই আসবি কি আসবি না বল্, আমি চলে যাব (মেদিনী ৩৪) মোকে আগ্যে এটা কথা কহ্যালুনি ক্যানে--আমাকে আগে একথা বললি না কেন (মালদা ১১) < কওয়া

ক[৪] kɔ বি কোয়া [কাঁঠাল, পিঁয়াজ, কমলালেবু, তাল, রসুন ইত্যাদি ফলের কোয়া] a pod of jack-fruit, orange, palm etc. (চব্বিশ ১০, ১১, ১৮, ৩১, ৩৬, ৩৭) বর্ধমা ২, ৭, ১৬, ২১ বীরভূ ৮ মালদা ১১ মুর্শিদা ১৬) লেবুর্ কগুলো ছাড়িয়ে ফ্যাল্--[কমলা] লেবুর কোয়াগুলো ছাড়িয়ে ফেল্ (চব্বিশ ১৮) কাঁটালের ক--কাঁঠালের কোয়া (চব্বিশ ৩৭) তালের্ ক--তাল শাঁস (বীরভূ ৮) রসুনের ক--রসুনের কোয়া (মুর্শিদা ১৬)

কঁ[১] kɔ̃ বি আমের কুসি a small green mango [which is yet to develop pulp] (বীরভূ ১১)

কঁ[২] kɔ̃ বি কোণ corner ঘরের্ কঁনু খুঁজিয়া লিয়ায়--ঘরের কোণ থেকে খুঁজে নিয়ে আয় (মেদিনী ১, ১৯, ২০, ২২, ২৬) < কোণ, মেদিনী 'ণ' = ঁ (উচ্চারণে)

কঁ[৩] kɔ̃ বি খুদের কণা a particle or fragment of a grain কুলা দিয়া ঝাড়িয়্যা খুদের কঁগাকে আইল্‌দা কর্যা দও--কুলো দিয়ে ঝেড়ে খুদের কণাগুলোকে আলাদা করে দাও (মেদিনী ১৯, ২২, ২৬)

কঁ[৪] kɔ̃ দ্র ক[৪] (চব্বিশ ৮)

কঅ kɔɔ দ্র ক[১] [একে 'মইকুয়া'ও বলে] (বীরভূ ১১)

কআ[১] kɔɑ বি কলা the plantain, the banana পাকা, কআ--পাকা কলা (মেদিনী ১৯, ২২, ২৬)

কআ[২] kɔɑ ক্রি কথা বলা to speak (জলপা ১ মালদা ১১ মেদিনী ১৫, ৩৪ হাওড়া ১, ৮) ওদের্ কোতা কআ হয় নে আর্--ওদের আর কথা বলা হয়নি (হাওড়া ১) দ্র ক[৩]

কআঁ kɔɑ̃ দ্র কঁ[১] (কোচবি ১)



ক[৪]

কঁআকুঁই kɔ̃ɑkũĭ ক্রি বিণ কোনাকুনি diagonally লাঠিটা কঁআকুঁই সুই দও--লাঠিটা কোনাকুনিভাবে শুইয়ে দাও (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কঁই kɔ̃ĭ বি চিতার তলার গর্ত the pit (hole) under a funeral pyre (মেদিনী ১৫)

কঁইচ্ পত্র kɔ̃ĭc pɔttrɔ বি কচিপাতা green leaf (মেদিনী ৩০)

কইটিক্‌রি kɔĭṭikri বি কই মাছের বাচ্চা [কইচারা] newly born anabas (বাঁকুড়া ২)

কইঠা kɔĭṭʰɑ বি চিচিঙ্গা snake-gourd, *Trichosanthes anguina* (মালদা ৩)

কইড়া kɔĭɽɑ বিণ কটা brownish [eye as of a cat, cat-eyed] (মেদিনী ১৫) তু আ বা খয়ের > খইরা

কইড়িয়্যা kɔĭɽiæ বি কাক the crow (বীরভূ ৪)

কইঢিলা kɔĭḍʰilɑ বি কই মাছ ধরার সরঞ্জাম বিশেষ [পাটকাঠি দিয়ে তৈরি] a kind of fishing equipment made of the stalk of jute-plant to catch walking fish (মেদিনী ২৪)

কঁইত্‌বেল্ kɔ̃itbel বি কয়েত্ বেল a shell-fruit with sour pulp akin to wood-apple (মেদিনী ২)

কইতর্ kɔĭtɔr বি পায়রা the pigeon (কোচবি ৩ জলপা ৬) তু কবুতর

কইত্যার্ kɔĭtær দ্র কইতর (চব্বিশ ৩৭)

কইদ্‌ম্যা kɔĭdmæ বি ছোট কাঁচা কুমড়ো the young green pumpkin (মুর্শিদা ২৪)

কইদি kɔĭdi বিণ কয়েদি a prisoner (কোচবি ২)

কইন্‌চা kɔĭncɑ বি বাঁশের কঞ্চি the bamboo twig (মেদিনী ১৫)

কইন্‌ট্যা kɔĭinṭæ সর্ব কোনটা which one (হুগলি ৫)

কইনা kɔĭnɑ বি ১ কন্যা a girl (জলপা ৬) ২ কন্যা [বিয়ের কনে অথবা সধবা অর্থে ব্যবহৃত হয়] a bride or a married woman (জলপা ৫, ৭)

কউ গাচ্

কইনা পুতুলি খেলা kɔĭna putuli kʰela বি খেলা বিশেষ [বিবাহ অনুষ্ঠানে বর ও কনে এটি খেলে থাকে] a kind of ritualistic game played at the time of marriage ceremony (জলপা ৭)

কইনামাই kɔĭnamɔĭ বি ছোট ভাইয়ের বউ sister-in-law [a younger brother's wife] (দার্জিলি ৩)

কইয়া ধান্ kɔĭa dʰan বি একজাতীয় আমনধান [মোটা আকৃতির এবং কালো রঙের এই ধানের মাথায় সূঁচের মতো হুল থাকে] a kind of autumnal paddy (পুরুলি ৪, ৯)

কইয়ে kɔĭe দ্র কঁ১ (মুর্শিদা ১৮)

কইয়ে জাল্ kɔĭe jal বি কইমাছ ধরার জাল [২০ থেকে ১০০ হাত পর্যন্ত লম্বা হয় এই জাল। জলা-জঙ্গলে বা ধানক্ষেতে এই জাল লম্বালম্বি পেতে রাখা হয়] a kind of fishing net to catch walking fish (চব্বিশ ২১)

কইয়ো খোয়া বাঁশ্ kɔĭo kʰoa bãʃ বি পোকা লাগা বা মুড়ো বাঁশ [বাঁশ ঝাড়ের মধ্যে এই বাঁশের ডগায় পোকা লাগে বা পচন ধরে] worm-eaten or pollarded bamboo (মুর্শিদা ১২)

কইরা kɔĭra দ্র কইড়া (চোক্) কইরা চুড়--কটা চুল (মেদিনী ৩১)

কইল্ kɔil দ্র কইয়ে (মালদা ৮ মুর্শিদা ১১)

কইল্ল্যা kɔillæ বি করলা bitter gourd, a variety of bitter vegetable, *Memordica charantia* (মুর্শিদা ২৪)

কইলাড়ি kɔĭlaɽi বি শালুক a tender stalk of water-lily (চব্বিশ ১৯)

কইলি বাছুর্ kɔĭli bacʰur বি, বিণ সদ্যোজাত বাছুর a recently born calf (হাওড়া ৩)

কইলে বাছুর্ kɔĭle bacʰur দ্র কইলি বাছুর্ (হুগলি ১১)

কইসিঙা kɔĭsiŋa বি লম্বা-চওড়া শিং বিশিষ্ট গরু a variety of cow with long and thick horn (মালদা ৩)

কইসেগিলা kɔĭsegila বিণ অনেকগুলো many, numerous কইসেগিলা ছেলিয়া খেইল্ছে--অনেকগুলো ছেলে খেলছে (পুরুলি ৮)

কউ গাচ্ kɔŭ gac বি অর্জুন গাছ [হাড় ভেঙে গেলে বা মচ্কে গেলে এই গাছের ছাল বেটে ক্ষতস্থানে প্রলেপ দিলে ক্ষত সারে বলে লোকবিশ্বাস] *Terminalia arjuna*, a kind of tree [the paste of its bark is used as a cordial medicine] (পুরুলি ৪, ৮, ১৩)

কউঠু kɔŭtʰu ক্রি বলছিস [you (*denumenative*) are] saying চিচ্কার্ কোরে কউঠু ক্যান--চিৎকার করে বলছিস কেন (মেদিনী ১৫)

কউতর্ kɔŭtɔr দ্র কইতর্ (চব্বিশ ৩৭)

কউয়্যা kɔŭæ দ্র কইড়িয়্যা (বীরভূ ১১)

কঁউহড়া kɔ̃ŭhɔɽa বি কুমড়ো a pumpkin (মুর্শিদা ২১)

কউহা kɔŭha দ্র কইড়িয়্যা (জলপা ৯, ১০)

কও kɔo দ্র ক[১] (চব্বিশ ২৭)

কওঠ kɔŏtʰɔ ক্রি বলছো (you are) saying অত কথা কওঠ কেনি--অত কথা বলছো কেন? (মেদিনী ২২)

কওড়া kɔŏɽa বি কুয়াশা fog (বাঁকুড়া ৯)

কওয়া[১] kɔŏa দ্র ক[১] (কোচবি ১)

কওয়া[২] kɔŏa দ্র কইড়িয়্যা (মুর্শিদা ২১)

কওয়া[৩] kɔŏa দ্র ক[৪] (মুর্শিদা ১৮)

★ **কওয়া[৪] kɔŏa** ক্রি বলা to speak,to tell (কোচবি ২ জলপা ৬, ৭ পদিনা ৯ মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬) তুই উয়াক্ ডাঙালু, কয়া দিম্ এ্যালায়--তুই ওকে মারলি, এখন [আমি] বলে দেব (কোচবি ২) মন্ত্র কসে--মন্ত্র বলছে। হামার্ দেশি ভাসা কয়া যা--আমাদের দেশি ভাষা বলে যা (জলপা ৬, ৭) তোক্ মুই এথে ওইস্বা কোইস্নু, ওসিস্নি ক্যানে--তোকে এখানে আসতে বলেছিলাম, আসিস নি কেন? তোক্কে ওইস্বা কোহিল্--তোকে আসতে বলল? (পদিনা ৯) কোইয়া যাও--বলে যাও। কোইনি--বলিনি। কোইব নি--বলব না। কোইসি না--বলিস না। কয়ঠে--বলছে। কোইথল--বলছিল। কোইল--বলল। কোইছে--বলেছে। কোইছ--বলেছ? (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬) (অখঁ) কুন কোইসি না--এখন কিছু বলিস না। কোইয়্যা কোইয়্যা মু বথা হইয়্যাল--বলে বলে মুখ ব্যথা হয়ে গেল (মেদিনী ১৯, ২২, ২৬) ওত ওউ কথাই কয়--ওতো ঐ কথাই বলে। ওতো কয়্যাই খালাস্--ওতো বলেই খালাস (মেদিনী ১৯, ২২, ২৬)

কওয়ারি kɔŏari বি কপাট a door (জলপা ৭)

কওসা kɔŏsa দ্র কওড়া (চব্বিশ ২৭ হাওড়া ৩, ১০)

কংকং[১] **kɔŋkɔŋ** বি (কঙ্কণ) হাতে পরার অলঙ্কার বিশেষ a bangle for the wrist (মুর্শিদা ১৬ মেদিনী ১১) < কঙ্কণ

কংকর্ kɔŋkɔr বি কাঁকর a coarse grain of sand (পদিনা ১৩) সং কর্কর

কংকিয়েছে kɔŋkiecʰe ক্রি [কাঁসা-পিতলের বাসনে কলঙ্ক ধরেছে has been stained থালাটায় কেমন কংকিয়েছে রে--থালাটায় কেমন কলঙ্ক ধরেছে রে (মেদিনী ৩৪)

কংকেট্ kɔŋketʈ বি তামাকপাতা দিয়ে তৈরি একপ্রকার বিড়ি [উত্তরবঙ্গে তামাক চাষ বেশি হয়। এই সহজলভ্য তামাকপাতা দিয়ে বিড়ি তৈরি করা হয়। এতে কখনও অপর কিছু মশলা দেওয়া হয়, কখনও দেওয়া হয় না] a kind of slender cigarette made of tobacco leaves (দার্জিলি ২)

কংসা kɔŋsɑ বি কাঁসর [কাঁসর ঘণ্টা] a metal dish used to make a musical sound (মেদিনী ৬, ৩৪) পূজাঘরে কংসা বাজিবু নি? পুজোবাড়িতে কাঁসর ঘণ্টা বাজবে না? (মেদিনী ৬) < সং কাংস্য

কংসাল্ kɔŋsɑl দ্র কংসা পূজাঘরে কংসাল্ বাজিবু নি? পুজোবাড়িতে কাঁসরঘণ্টা বাজবে না? (মেদিনী ৬)

কঁক্ kɔ̃k বি ডগার কচি পাতা [কলা, আনারস প্রভৃতি গাছের ডগার পাতা গোলভাবে গোটানো থাকে, আস্তে আস্তে খুলে যায়। বুকে কফ্ বসে গেলে কচি কচি আমপাতার উপরে সরষের তেল দিয়ে সেটা আগুনের উপরে ধরে গরম করতে হয়। তারপর সেই গরম তেল বুকে ও কণ্ঠায় মালিশ করা হয়। এটা বিশেষত বাচ্চাদের জন্যই করা হয়। তাল, নারকেল প্রভৃতি গাছের কঁক্ খেতে মিষ্টি লাগে। সুপারি গাছের কঁক্ খেলে মাথা ঘোরে। খেজুর গাছের কঁক্ খেতে তেতো লাগে। পেটের অসুখের সঙ্গে বমি হলে, আনারস গাছের কঁক্ বার করে, থেঁতো করে খাওয়ালে বমি বন্ধ হয়ে যায়] the newly grown leaf of the banana, palm, pineapple etc. (মেদিনী ৮, ১৫, ২৫, ৩৪ হাওড়া ১)

কক্ কক্ কোরে হাশি kɔk kɔk kore haʃi বি অট্টহাস্য a very loud or roaring laughter (বর্ধমা ২০)

কঁক্ কঁক্ করা kɔ̃k kɔ̃k kɔra ক্রি অত্যধিক খিদে পাওয়া to feel tremendous hunger খিদেয় আমার্ পেট্ কঁক্ কঁক্ কোর্ছে--আমার পেট খিদেয় জ্বলছে (হাওড়া ১)

কক্কন্ডা পাকানো kɔkkɔnɖa pakano ক্রি কোঁক্ড়ানো to twist into a coil, to shrink কক্কন্ডা পাকিছ্যে--কুঁকড়ে আছে (পদিনা ৪) তু কুণ্ডলী পাকানো

কক্কস্ kɔkkɔs বি, বিণ গুমোট আবহাওয়া sultry weather (পদিনা ৩)

কঁক

কঁক্কোইয়া kɔkkoĭɑ বিণ কন্‌কনে [ঠাণ্ডা] biting cold, piercing cold কঁক্কোইয়া হাবা বইছে--কন্‌কনে বাতাস বইছে (মেদিনী ২৬)

কক্কোরা (ভাত্) kɔkkorɑ (bʰɑt) বিণ শুকনো বাসি (ভাত) [জল না দেওয়া] stale(rice) (মালদা ৬, ৮) তু কড়্কড়ে (ভাত)

কক্চাকোলা kɔkcɑkolɑ বি কচুরিপানা water-hyacinth (বর্ধমা ১৮)

কক্টা kɔkʈɑ বি, বিণ কৃপণ miserly (পদিনা ১৩)

কক্টাই kɔkʈɑĭ বি চিম্‌টি pinch তুই মোক্ কিস্‌কু কক্টালু?--তুই আমাকে কিজন্য চিমটি কাটলি? (মালদা ৪)

কক্টানো kɔkʈano ক্রি চিমটি কাটা to pinch ওয়াক্ ক্যানে কক্টাছিস্? ওকে কেন চিম্‌টি কাটছিস? (মালদা ১১)

কক্ড়া kɔkɽɑ বিণ জড়সড় cowered কক্ড়া হোয়ে রহচিস্--জড়সড় হয়ে আছিস (পদিনা ৩) হাত্ পা কক্ড়া হায়ে গ্যাছ্যে--হাত-পা জড় হয়ে গেছে (পদিনা ৯) তু আ বা কুঁক্ড়ে ~ **ভাত্ kɔkɽɑ bʰɑt** দ্র কক্কোরা (ভাত্) ভাত্টা কক্ড়া হোইয়া গ্যাছ্যে--ভাতটা শুকনো হয়ে গেছে (মালদা ৬, ২৩)

কক্মক্ kɔkmɔk ক্রি বিণ বক্‌বক্ হড়্‌বড়্ overmuch talking, to speak in a hurried, confused manner কক্মক্ কোরে কথা বলা--বক্‌বক্ করে কথা বলা ; হড়্‌বড়্ করে কথা বলা (পদিনা ৪)

কক্রা কোরি বসা kɔkrɑ kori bɔsɑ ক্রি কুঁক্ড়ে বসা to huddle (পদিনা ৪)

কঁ কঁ করা kɔ̃ kɔ̃ kɔra ক্রি যন্ত্রণায় কন্‌কন্ করা to feel smarting pain আইজ্ দুদিন্ ধরিয়া আমার্ পা-টা যে কেনি কঁ কঁ করেঠে?--আজ দুদিন ধরে আমার পা-টা যে কেন কন্ কন্ করছে? (মেদিনী ৬, ১৯, ২২, ২৬, ৩৪)

কঁকড়্ kɔ̃kɔɽ দ্র কংকর্ (মেদিনী ৩১)

ককস্ kɔkɔs বিণ গরম hot (পদিনা ১৩)



কক্কা[২]

কক্কা[১] kɔkɑ বি খোড় [কলাগাছের ভিতরের অংশ] the spathe [the inside of a banana tree] (পদিনা ২, ৯) তু আ বা কঁক্

কক্কা[২] kɔkɑ বি সুতোয় বড়শি বাঁধার বিশেষ পদ্ধতি a particular process of tying a hook to the fishing angle (হাওড়া ১০)

কক্কা[৩] kɔkɑ বিণ বোবা the dumb, the mute (পুরুলি ২ বাঁকুড়া ১২, ১৯) তু সাঁও কক্কা

কঁকা[১] kõkɑ য কক্কা[৩] বিধির্ কি বিচার্। এক্টা ছেলা দিল, তাও আবার্ কঁকা—বিধির কি বিচার। একটা ছেলে দিল, তাও আবার বোবা (পুরুলি ২, ১২, বাঁকুড়া ১৯ মেদিনী ৫, ৯, ২০, ২৫, ৩২, ৩৩)

কঁকা[২] kõkɑ বি [ঘাসের] ডগা the tip of the blade [of grass] (চব্বিশ ১৯) য কঁক্

ককানি kɔkɑni বি কাতরানি moaning, groaning (কোচবি ৮) তু আ বা কোঁকানি

কঁকি উঠা kõki utʰɑ ক্রি কোঁকিয়ে ওঠা to groan কইচ্যা টকাটা ভয় প্যায়া কঁকি উঠ্‌ছে—কচি ছেলেটা ভয় পেয়ে কঁকিয়ে উঠছে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

ককোড়া (ভাত্) kɔkoɽɑ (bʰɑt) য কক্‌ড়া (ভাত্) (পদিনা ৫)

ককোড়িয়া kɔkoɽiɑ বি ভর দুপুর midday ককোড়িয়া খরা ব্যাড়া চুল্ ছাড়িয়্যা ঘুরুছু ক্যানে?—ভর দুপুরবেলা চুল খুলে ঘুরছ কেন? (মেদিনী ২১) তু আ বা কট্‌কটে দুপুর

ককোঁয়া kɔkõɑ বি একপ্রকার বাঁশ [এই বাঁশের ব্যাস প্রায় দশ ইঞ্চি। এই বাঁশ কেটে দই বা দুধ রাখার পাত্র 'কাড়িয়া' তৈরি হয়] a variety of bamboo having a diameter about ten inches (জলপা ৭)

কখ্ kɔkʰ বি কফ cough (পুরুলি ৯)

কঁখ্ kõkʰ বি কাঁখ, কোমর the waist, the armpit (মালদা ৯) < সং কক্ষ

কখ্‌ড়ু kɔkʰɽu বি চালকুমড়া a kind of pumpkin (মেদিনী ৮) তু কাঁকুড়

কখা kɔkʰɑ য কঁখ্ (পদিনা ১৩)

কখুড়ি kɔkʰuɽi য কঁউহড়া (মেদিনী ৩১)

কগ্ kɔg বি মগ a mug (পদিনা ১১)

কগ্‌গুয়া kɔgguɑ বি খেজুর the date-palm (জলপা ৭)

কগ্‌গুলো kɔggulo বিণ কতগুলো how much (মেদিনী ১১)

কগ্‌জা kɔgjɑ বি বিশেষ একপ্রকার সোনার হার [এই হার ১৫/১৬ ইঞ্চি লম্বা হয়। কয়েকটি সরু কার সুতো একত্র করে এই হার গাঁথা হয়। প্রথমে 'নারকেল কুলে'র মতো দানা, তারপর অনেকগুলো লকেটের মতো, তারপর একটি সিকি, তারপর আবার কুলের দানা—এইভাবে ক্রম অনুসারে গাঁথা হয়। এই কুলের মতো দানাগুলোকে বলে 'কোরোঙ্গা' এবং লকেটের মতো জিনিসটিকে বলে 'চুক্‌তি'] a special type of golden necklace (পদিনা ৪)

কগজ্ kɔgɔj বি মাদুলি a talisman (চব্বিশ ২১) তু আ বা কবচ

কচ্[১] kɔc বি ট্যাক [কোমরের কাপড়ের ভাঁজে তৈরি] the fold of the loincloth tied at the waist পয়শালা কচাত্ রাখি দে—পয়সাগুলো ট্যাকে রেখে দে (পদিনা ২)

কচ্[২] kɔc বি নুড়িপাথর a pebble (হাওড়া ১, ৮)

কচ্[৩] kɔc বিণ 'আঁকাবাঁকা' [ছুতোরের ব্যবহৃত শব্দ] uneven [a jargon of carpenter] (বর্ধমা ১৪)

কচ্[৪] kɔc বি কলাগাছের অঙ্কুর the sprout of a banana tree ক্যালার্ কচ্ ছাড়ল—কলাগাছের অঙ্কুর বের হল (মালদা ১১)

কচ্[৫] kɔc বি যে ওজন চাপিয়ে দাঁড়িপাল্লার ভারসাম্য সমান করা হয় [একে 'পাবাণ ভাঙা'ও বলে] a weight put on a scale-pan to adjust or equipoise the beam of balance (মুর্শিদা ১৭)

কচ্[৬] kɔc বি [শাড়ি বা ধুতির] কোঁচা বা কুঁচি the plaited end of a *sharee* or a *dhuti* at the front of the wearer (দাজিলি ৪ পদিনা ২, ৪, ৬, ১১, ১৫)

কচ্[৭] kɔc বি পরিমাপ বিশেষ [এক মুষ্টি পরিমাণ। অর্থাৎ এক গোছা। দুই কচে এক আঁটি হয়। শুধুমাত্র ধান বা পাটের ক্ষেত্রে এই 'কচ্' শব্দটি পরিমাপ হিসেবে ব্যবহার হয়, অন্যক্ষেত্র নয়] a measurement, an amount এ্যাক্ কচ্ বিচন্—এক মুঠো ধানবীজের চারা (নদীয়া ৬, ৭ বীরভূ ৫, ৯, ১১) তু সাঁও কঁচ্

কঁচ্ kõc য কচ্[৬] কঁচ্ কোরে পিন্‌ধা—কুঁচি দিয়ে পরা (পদিনা ৯) কঁচ্ করা—কুঁচি দেওয়া (মেদিনী ৩)

কচ্ কচ্ kɔc kɔc য কক্‌মক্ কচ্‌কচ্ করা—বক্‌বক্ করা (পদিনা ২)

কচ্‌কচা kɔckɔca বি কচকচি [অনর্থক বকবকানি] prattle-box (জলপা ৭)

কচ্‌ করা kɔc kɔra ক্রি কড়্‌তা করা [পণ্যধারক শূন্য পাত্রটির ওজন করে নেওয়া] to weigh or measure the container before use (মুর্শিদা ৩) তু সাঁও কঁচ্‌

কঁচ্‌কা kɔ̃cka বিণ কোঁকড়ানো curly, curling কঁচ্‌কা চুল্‌--কোঁকড়ানো চুল (হাওড়া ১০) < সং কুঞ্চিত

কচ্‌চাড়্‌ kɔccaɽ বি আছাড় mutual knocking to the ground with force কচ্‌চাড়িকি কাচা--আছাড় দিয়ে কাচা (মেদিনী ৩১) তু আছাড়-কাছাড় (দাস)

কচ্‌চু kɔccu দ্র কক্‌চাকোলা (মালদা ১১)

কচ্‌চুল্‌ kɔccul বি চামচ a spoon (মালদা ৯)

কচ্‌ছম্‌ kɔcc^{h}ɔm বি কাছিম, কচ্ছপ the tortoise (চব্বিশ ৩৭)

কচ্‌ছি kɔcc^{h}i ক্রি করছি (I am) doing খাবার্‌ তিয়ার্‌ কচ্‌ছি--খাবার তৈরি করছি (মেদিনী ২৯)

কচ্‌ছিম্‌ kɔcc^{h}im দ্র কচ্‌ছম্‌ (মেদিনী ৩৪) তু আ বা কাছিম

কচ্‌ছু kɔcc^{h}u ক্রি করছিস (you are) doing কি কচ্‌ছু--কি করছিস (মেদিনী ৩৪)

কচ্‌ছুলি kɔcc^{h}uli বি একপ্রকার হাতা [এই হাতা দিয়ে ঝোল, ডাল ইত্যাদি তোলা হয়] a kind of ladle (পুরুলি ১৭)

কচ্‌টান kɔcɽanɔ ক্রি রগড়ানো, কচলানো to rub, to squeeze (কোচবি ৮)

★ **কচ্‌টানো kɔcɽano** দ্র কচ্‌টান ছেলেটা চোক্‌টা কোচ্‌টিছে--ছেলেটা চোখটা রগড়াচ্ছে (পুরুলি ১৪)

কচ্‌ড়া^{১} kɔcɽa বি মহুয়া ফল [কাঁচা অবস্থায় এই ফলের তরকারি হয়। পাকলে এই ফলের বীজ থেকে তেল পাওয়া যায়। ঐ তেলে রান্না হয়, পিঠা ভাজা হয়, মুড়িতে মাখিয়ে খাওয়া যায়] the fruit of butter tree (*Mahua*) (পুরুলি ৫, ১৭ বাঁকুড়া ৩, ৭, ১২ মেদিনী ১২)

কচ্‌ড়া^{২} kɔcɽa বি পাটের দড়ি a rope or cord made of jute (চব্বিশ ১৪)

কচ্‌ড়া^{৩} kɔcɽa বি একপ্রকার বড়া [খেসারির ডাল, বেসন, পিঁয়াজ, লঙ্কা প্রভৃতি মিশিয়ে এই বড়া ভাজা হয়] a kind of chop fried in oil (মুর্শিদা ১৭)

কচ্‌ড়া (দুধ্‌) kɔcɽa dud^{h} বি গভীর বাছুর জন্মানোর অব্যবহিত পরের ঘন দুধ thick cow-milk (after the birth of a calf) (মেদিনী ২০)

কচ্‌ড়ানিয়া kɔcɽania ক্রি আছাড় দেওয়া to throw or fling to the ground violently (মেদিনী ১৮, ৩০) দ্র কচ্‌চাড়্‌

কচ্‌ড়া^{২}

কঁচ্‌ড়ি kɔ̃cɽi বিণ কুচুটে, ঝগড়াটে [মেয়ে অর্থে] malicious, spiteful, jealous, a quarrelsome, cantankerous (women) অর্‌ সাথে কথা কোইসিনা, ও খুব কঁচ্‌ড়ি আছে--ওর সঙ্গে কথা বলিস না, ও খুব ঝগড়াটে (মেদিনী ২)

কচ্‌থোড়্‌ kɔct^{h}oɽ বি, বিণ কচি থোড় [ধানগাছের ঠিক মাঝে থাকে থোড়। এই থোড়ই ধানগাছের ডগে গিয়ে শিষ হিসাবে বের হয়। তখন একদম সোজা অবস্থায় ধানগাছ থাকে] the spathe of a rice plant (বর্ধমা ১৪) < কচ্‌ (কচি বা নরম অর্থে) + থোড়

কচ্‌বগ্‌ kɔcbɔg বি কোঁচবক [একপ্রকার বক। এই বকের পিঠ কালো, তলপেট সাদা] the pond heron, paddy bird, curlew, crane *Ardeola grayi* (বাঁকুড়া ১২)

কচ্‌বগ্‌লি kɔcbɔgli দ্র কচ্‌বগ্‌ (বাঁকুড়া ১১)

কচ্‌বেল্‌ kɔcbel দ্র কঁইত্‌বেল্‌ (চব্বিশ ২০) তু সাঁও কচবেল

কঁচ্‌বেল্‌ kɔ̃cbel দ্র কঁইত্‌ বেল্‌ (পুরুলি ৮, ৯, ১৩ হাওড়া ১০)

কচ্‌ব্যাল্‌ kɔcbæl দ্র কঁইত্‌ বেল্‌ (বর্ধমা ১৮)

কচ্‌মচে মাচ্‌ kɔcmɔce mac বি একপ্রকার মাছ [ব্যাঙের মতো দেখতে। পেট গোল, লেজের পালক নেই। এটি কৃমির মহৌষধ] a kind of fish like frog (বর্ধমা ২৫)

কচ্‌রক্‌ kɔcrɔk বি বনহলুদ *Curcuma aromatica* (কোচবি ৩)

কচ্‌লা kɔcla বিণ কাচা [কাচা হয়েছে এমন] washed [clothes] কচ্‌লা কাপড়্‌--কাচা কাপড় (পুরুলি ৩ বাঁকুড়া ১, ১১ মালদা ১১)

★ **কচ্‌লানো kɔclano** ক্রি ১ মালিশ করা, রগড়ানো to rub (মালদা ২, ১১) গা কচ্‌লিয়ে তেল্‌ মাখ্‌ছি--গায়ে রগ্‌ড়ে তেল মাখছি (মালদা ২) খ্যাইনিখান্‌ কচ্‌লাহে--খইনিটা ডলে দে। ধান্‌গুলা পা দিএ্যা কচ্‌লাইছে--ধানগুলো পা দিয়ে মাড়াই করছে (মালদা ১১) ২ টেপা to pinch, to squeeze, to throttle উড়োইস্‌টা কচ্‌লিএ্যা মেরে

কচা গাছ

দিনু--ছারপোকাটা টিপে মেরে দিলাম (মালদা ১১) ৩ কাপড় কাচা [শুধু জল দিয়ে] to wash clothings by rinsing in water (পদিনা ১০ পুরুলি ৩ বাঁকুড়া ১৮) কাপড়্টা কচ্লাই খাচা--কাপড়খানা জলে কাচা (পদিনা ১০) কাপড়্ট কচ্লায়েঁ নিংয়াড়ে দে--কাপড়টা জলকাচা করে নিংড়ে দে (পুরুলি ৩) কাপড়্টা কচ্লাই লিয়ে আয়--কাপড়টা কেচে নিয়ে আয় (বাঁকুড়া ১৮) তু সাঁও কচলাও

কচক্ বাটালি kɔcɔk baṭali বি পাতলা পাতযুক্ত বাটালি [ছুতোরের কাজে ব্যবহৃত হয়। কাঠে বিঁদ কাটার সময় লাগে। হাতল সমেত এটি আট / নয় ইঞ্চি লম্বা। পাতটি আধ কিংবা এক ইঞ্চি লম্বা হয়। এই বাটালি তিন-চার রকমের হয়] a thin bladed chisel (পুরুলি ১১)

কঁচড়্ kɔ̃cɔṛ বি কোঁচড় the lap of one's loin-cloth (চব্বিশ ১৫)

কচা[১] kɔca বি গলিপথ a narrow lane (পুরুলি ৭) তু সাঁও কচা

কচা[২] kɔca বি ঢোলকলমি [কলমির মতোই ফুল পাতা তবে এই গাছ লতানে নয়। সাধারণত বেড়ার কাজে ব্যবহৃত হয়] *Ipomoea striata* (নদীয়া ১২)

কচা[৩] kɔca বি একপ্রকার উঁচু জমি [এই জমি এত উঁচু যে জল থাকে না। তাই চাষের কাজে লাগানো হয় না] a kind of high land [never used for cultivation] (হুগলি ১) তু সাঁও কচা

কচা[৪] kɔca বি শোলমাছের বাচ্চা [এগুলো বঁড়শিতে টোপ খাবার উপযুক্ত] newly born large tubular fish সোলের্ কচা--শোল মাছের বাচ্চা (মুর্শিদা ৫) তু আ বা কচি

কচা[৫] kɔca বি ঠোঁটের কোণ, ঠোঁটের দুই প্রান্ত corner of the lip কচাই ঘা--কষের ঘা (মুর্শিদা ১৫) তু সাঁও কচা

কঁচা[১] kɔ̃ca বি বেতের তৈরি গোলাকার পাত্র [এটি চাল ধান মাপার কাজে ব্যবহৃত হয়। বিভিন্ন মাপের হয়, এক থেকে দেড় দুই কেজি পর্যন্ত] a cane-made round shaped container used for measuring paddy or rice (মেদিনী ১৪, ১৫, ১৯, ২২, ২৬, ২৭, ৩৪) তু সাঁও কঁট

কঁচা[২] kɔ̃ca বিণ কাঁচা unripe, green কচা কোদ্দুড়্--কাঁচা কলা (মেদিনী ৩১)

কঁচা (ইঁট্) kɔ̃ca (it) বি, বিণ রাস্তার মাঝখানে এবড়ো-খেবড়ো ভাবে উঠে থাকা ইঁট uneven or macadamised road (মেদিনী ৩)

কচা গাছ্ kɔca gac বি ভেরেণ্ডা গাছ [এই গাছ ছয়-সাত হাত লম্বা হয়। এর ফলের বীজ থেকে তেল হয়। এই গাছ লাল ও সাদা দুই রকমই হয়। রক্ত আমাশা হলে আমানি (পান্তাভাতের জল) দিয়ে রাঙা কচার (লাল ভেরেণ্ডার) আঠা খাওয়াতে হয়] the white castor-oil, *Ricinus communis* (চব্বিশ ২১, ৩৭ নদীয়া ১ বর্ধমা ৫ মুর্শিদা ২০)

কঁচা ছেড়ে পরা kɔ̃ca cheṛe pɔra ক্রি কোঁচা দিয়ে (ধুতি) পরা to wear a loincloth tucking the plaited end of it at the front of the wearer (হুগলি ১)

কচাড়ি কাচা kɔcaṛi kaca ক্রি থুপথুপ করে কাচা to wash by thrashing lightly (মেদিনী ১৮)

কচান kɔcanɔ ক্রি নতুনভাবে জন্মানো to re-birth to a new lease of life (মেদিনী ১৫)

কচা নারিয়া kɔca naria বি সদ্যোজাত শিশুর মা [যার নাড়ী কাঁচা আছে] mother of a newly born baby (মেদিনী ৩১) তু আ বা কাঁচা নাড়ি

কচাল্ kɔcal বি বিবাদ, তর্ক a dispute, a quarrel, an argument, a debate (নদীয়া ১) তু কচাল (দাস)

কচাল্ জাল্ kɔcal jal বি একপ্রকার মাছ ধরার জাল [এই জাল লম্বায় আটশো হাত এবং চওড়ায় একশো পনের হাত পর্যন্ত হতে পারে। তবে পুকুরে ব্যবহারের জন্য লম্বায় কুড়ি হাত চওড়ায় দশ হাত হয়। লঞ্চে করে এই জালকে দুশো মাইল সমুদ্রের ভিতরে নিয়ে গিয়ে ফেলা হয়। এই জাল দিয়ে শুধু ইলিশ মাছ ধরা হয়। সমুদ্রে এই জাল ফেলতে ছখানা নৌকা ও একটি লঞ্চ লাগে। চারটি নৌকা মাছ তাড়া করে নিয়ে আসে ও দুটি নৌকা জাল ধরে থাকে। ইলিশ মাছ মাঝ সমুদ্রে ভেসে যায় বলেই অত দূরে গিয়ে জাল ফেলা হয়। তবে পুকুরে ব্যবহারের সময় এই জাল ১০/১২ জনে দুইপ্রান্ত ধরে এক দিক থেকে অপরদিকে নিয়ে যায়। এতে সব রকম মাছই পড়ে] a kind of large fishing net used in pond, lake or river (নদীয়া ৪ মেদিনী ১৮ হাওড়া ১০)

কচাল্ দিয়া কাঁচা kɔcal dia kãca ক্রি কচ্‌লে কাচা to wash by wringing (মেদিনী ২৮) তু আ বা কচলানো

★ **কচালা kɔcala** দ্র কচ্‌লানো ৩ পুকুরে কচালে দোব--পুকুরে কাপড় কচ্‌লে ধোব (বর্ধমা ৯) কাপড়টা কচালা দাও--কাপড়টা কচলে দাও (মেদিনী ৩) কাপড়টা কচালিয়ে আনা--কাপড়টা ধুয়ে আনা (বাঁকুড়া ৯) লোতুন্ কাপড় জলে কচালে নিলি--নতুন কাপড় জলে কচলে নিলাম (বীরভূ ৮) কাপড় কচালে ধুইয়া দিল--কাপড় কচ্‌লে ধুয়ে দিল (মেদিনী ১১, ৩৩)

কঁচি kɔ̃ci বি মাদুর গাছ্ a kind of grass used in weaving mats কঁচি বাড়ি--মাদুর গাছের বাগান। কঁচি মুড়া--মাদুর গাছের মূল (মেদিনী ৩৪)

কঁচি ছানা kɔ̃ci cʰana বি ছোট ছেলে বা মেয়ে a kid (মেদিনী ১২)

কচিত্ কারন্ kɔcit karɔn ক্রি বিণ কদাচিৎ, কখনো সখনো occasionally, sometimes (চব্বিশ ২৩) সং ক্বচিৎ

কচি ভাই kɔci bʰaĩ বি দেবর [স্বামীর ছোট ভাই] brother-in-law (চব্বিশ ১৯)

কচিম্ kɔcim দ্র কচ্‌ছম্ (মেদিনী ৮)

কচিয়া kɔcia দ্র কঁচি ছানা (মেদিনী ১৬)

কচুটি দেওয়া kɔcuṭi deŏa ক্রি রগড়ানো to rub পাতাটা কচুটি দিলুম্--পাতাটি রগড়ে দিলাম (পুরুলি ৩)

কচু বগ্‌লা kɔcu bɔgla দ্র কচ্‌বগ্ (মেদিনী ৮)

কচুলে kɔcule দ্র কচ্‌লানো ৩ কচুলে কাচা--জামাকাপড় কচ্‌লে কাচা (বর্ধমা ২০)

কচ্যা kɔcæ̃ বি ছোট থলি a little pouch (মুর্শিদা ১৭)

কছ্ kɔcʰ বি মুঠো a handful এ্যাক্‌কছ্--একমুঠো [ধানের চারা] (বীরভূ ১১) তু আ বা গোছা

কছ্‌ড়ারো kɔcʰṭaro দ্র কঁচড় (জলপা ৭)

কছড় kɔcʰɔṭ দ্র কঁচড় (মেদিনী ৭)

কছম্ kɔcʰɔm দ্র কচ্‌ছম্ (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কঁছর্ kɔ̃cʰɔr দ্র কঁচড় (মেদিনী ২৮)

কছা kɔcʰa ১ দ্র কচ্[৬] (জলপা ৭ মেদিনী ১৫) ২ কাছা the part of the loin-cloth which the wearer tucks behind him between his legs (মেদিনী ১৮) ৩ কোঁচড় the lap of one's loin-cloth (পদিনা ২, ১৩) দ্র কঁচড় ৪ ট্যাক্ the waist, the fold of the loin-cloth tied at the waist (জলপা ১০ মালদা ৪) দ্র কচ্[১]

কঁছা kɔ̃cʰa দ্র কচ্[৬] কঁছা মেরে পরো--কোঁচা দিয়ে পরো (মেদিনী ১৪)

কছিম্ kɔcʰim দ্র কচিম্ (মেদিনী ১৫)

কঁছোড় kɔ̃cʰoṭ দ্র কঁচড় (মেদিনী ২৯)

কচালা

কজ্‌জ kɔjja বি ধার a loan, borrowing কজ্‌জ করে নিয়ে এসেচি--ধার করে নিয়ে এসেছি (চব্বিশ ৮) তু আ বা কর্জ

কজ্‌জা kɔjja দ্র কজ্‌জ (কোচবি ২)

কজ্‌ড়া kɔjṭa দ্র কচ্‌ড়া[১] (মেদিনী ১৬)

কঁজ্‌বেল্ kɔ̃jbel দ্র কঁইত্‌বেল(হাওড়া ১০)

কজ্‌বোগ্‌লি kɔjbogli দ্র কচ্‌বগ্ (বাঁকুড়া ১১)

ক জঁ kɔ jɔ̃ সর্ব কয়জন, কতজন how many persons তোর্ দরে ক জঁ লোক্ আস্‌ছে রে--তোর বাড়িতে কতজন লোক এসেছে রে? (মেদিনী ২৬)

ক জাগ্ kɔ jag বি সংকীর্ণ স্থান a narrow space (মেদিনী ১৫) তু কতটুকু জায়গা

কট্[১] kɔṭ বি বন্ধক mortgage, pawning (দার্জিলি ৩) কট্ বন্ধকী তমসুক (দাস)

কট্[২] kɔṭ বি পাশ, দিক side, direction উ কট্ ফির্‌ল--ও পাশ ফিরল ডাহিন্ কটে উঠ্‌বি--ডানপাশে উঠবি (পদিনা ৯ মালদা ৭ মুর্শিদা ২৪)

কট্‌কট্[১] kɔṭkɔṭ ক্রি বিণ কড়মড়, কিড়মিড় the sound of grinding, gnashing one's teeth দাঁত কট্‌কট্ করা--দাঁত কড়মড় করা (বর্ধমা ৪)

কট্‌কট্[২] kɔṭkɔṭ ক্রি বিণ ভোঁ ভোঁ a repeated painful throbbing, drumming sound তার্ কান্‌টা কট্‌কট্ করেঠে--তার কানটা ভোঁ ভোঁ করছে (মেদিনী ৩৪)

কট্‌কট্[৩] kɔṭkɔṭ বিণ আঁটসাঁট tight কট্‌কট্ করে লাগাই দে--মজবুত করে লাগিয়ে দে (পদিনা ৩)

কট্‌কটা kɔṭkɔṭa দ্র কট্‌কট্[১] (পদিনা ১০)

★ **কট্‌কটানো kɔṭkɔṭano** ক্রি কট্‌কট্ করা to throb, to drum painfully কান্ কট্‌কটাচ্ছে--কান কট্‌কট্ করছে (মেদিনী ২৫)

কট্‌কটে kɔṭkɔṭe বিণ উজ্জ্বল, তীব্র bright and shining, severe (মেদিনী ১৫) ~ **কথা kɔṭkɔṭe kɔtʰa** বি রূঢ় কথা, কটূক্তি a bitter or acrimonious, or sharp remark (মেদিনী ১৫) ~



কট্‌কি[১]

ব্যাং **kɔtkɔte bæŋ** বি কুনো ব্যাঙ bull frog (*Rana tigrina*) (হুগলি ১২) ~ **রোদ্ kɔtkɔte rod** বিণ ঝাঁ ঝাঁ রোদ severe burning heat (বর্ধমা ১২)

কঁট্‌কার্ kɔ̃tkar অ, ক্রি বিণ কোথাকার of or from which or what place (মেদিনী ১৩)

কট্‌কি[১] kɔtki বি এক বিশেষ ধরনের লাঠি খেলা [এই খেলায় বড় এবং ছোট দুই প্রকারের লাঠি ব্যবহৃত হয়] a special type of exhibition fight with sticks (মেদিনী ২৯)

কট্‌কি[২] kɔtki বিণ কৃপণ [মহিলা] miserly [woman] (জলপা ৭) ~ **ধান্ kɔtki dʰɔn** বি এক জাতীয় আমন ধান [এই ধান মিহি এবং সাদা] a kind of autumnal paddy (মালদা ১১) ~ **পান্ kɔtki pɔn** বি একপ্রকার পান a kind of betel-leaf (হাওড়া ৩)

কঁট্‌কিরা kɔ̃tkira বি শিঙি মাছ a fresh-water fish akin to the barbel (মেদিনী ৮)

কট্‌কোটি kɔtkoti বি, বিণ যে ব্যাঙ বর্ষার দিনে কট্ কট্ করে ডাকে a kind of frog (চব্বিশ ১৮) দ্র কট্‌কটে ব্যাঙ

কট্‌কোটে kɔtkote বিণ বাচাল, কর্কশভাষী talkative, foul-mouthed (বর্ধমা ২)

কট্‌টানা kɔttana ক্রি টান দিয়ে তোলা [কুমোরের চাকে জিনিস তৈরি করার সময় দুহাতে ধরে মাটিকে রসে-বশে উপর দিকে টেনে তোলা হয়] to mould upside (মালদা ১১)

কট্‌ঠা kɔttʰa বি মাঝারি আকারের ডালা a small open wicker-basket like a high-rimmed tray (মেদিনী ১৮)

কট্‌ঠ্যা kɔttʰæ বি পাশ side এ্যাক্ কট্‌ঠ্যা সুত্যছে--এক পাশে শুয়েছে। বা কট্‌ঠ্যা--বাঁ পাশে, ডান্ কট্‌ঠ্যা--ডান পাশে (মালদা ১১)

কট্‌ড়া ব্যাঙ্ kɔtra bæŋ দ্র কট্‌কটে ব্যাঙ্ (মালদা ৪)

কট্‌ড়া সিম্ kɔtra sim বি একপ্রকার ছোট শিম a kind of little kindney-bean (নদীয়া ১)

কট্‌না[১] kɔtna বি মাটির তৈরি একপ্রকার পাত্র [মালসার মতো] a kind of small earthen basin (বাঁকুড়া ১)

কট্‌না[২] kɔtna বিণ ঝগড়াটে quarrelsome (হাওড়া ৩)

কট্‌না[৩] kɔtna বি কাঠের তৈরি একপ্রকার পাত্র [বাটির মতো দেখতে, এতে নুন রাখা হয়] a kind of wooden salt-pot (বাঁকুড়া ১) তু কাঠুয়া (দাস)

কট্‌বিস্ করা kɔtbis kɔra ক্রি যন্ত্রণায় ছটফট করা to become restless due to tremendous pain ; to writhe উ কট্‌বিস্ কর্‌ছে--ও যন্ত্রণায় ছটফট্ করছে (মুর্শিদা ২২)

কট্‌রা[১] kɔtra বি মাটির তৈরি ছোট ভাঁড় বা খুরি a small earthen cup without handle (চব্বিশ ৩৭ হাওড়া ১০)

কট্‌রা[২] kɔtra দ্র কইড়া (বাঁকুড়া ১)

কট্‌লা kɔtla দ্র কইড়া চুল্‌গুলা কট্‌লা হোই গ্যাছে--চুলগুলো কটা হয়ে গেছে (বাঁকুড়া ১৮ মেদিনী ১৯, ২২, ২৬)

কটক্ kɔtɔk বি ১ ফুলের কুঁড়ি the bud of a flower (জলপা ১, ৫, ৭) ২ কল্কে ফুলের বীজ the seed of yellow oleander (কোচবি ৩)

কটক্ তাড়া kɔtɔk tara বি বালিহাঁস the cotton teal (*Nettapus coromandelianus*) (মালদা ১)

কটপ্ kɔtɔp দ্র কটক্[১] (জলপা ১, ৭)

কটরা kɔtɔra বি বাটি বা ঐ জাতীয় পাত্র a hemispheroidal cup without handle (জলপা ৭)

কটা kɔta বিণ ১ ফর্সা fair complexion (চব্বিশ ১১ বর্ধমা ১০ বীরভূ ৩, ১১) লোকটা কটা মতো দেখতে--লোকটি খুব ফর্সা দেখতে (চব্বিশ ১১) কটা পারা--ফর্সা মতো (বর্ধমা ১০) ২ বিবর্ণ colourless, pale (মেদিনী ১৫) ~ **ঘর্ kɔta gʰɔr** বি মাটির দ্বিতল বাড়ি a two storied mud built house (হুগলি ৫) < কোঠা ঘর ~ **তর্‌কারি kɔta tɔrkari** বি অতিরিক্ত লবণাক্ত তরকারি over-salted curry (বর্ধমা ২৩) ~ **মেরে যাওয়া kɔta mere jaŏa** ক্রি [রোপণ করার পর ধানের চারা] হল্‌দে হয়ে যাওয়া to become brownish (হাওড়া ১, ৮)

কটাইসা kɔtaĭsa বিণ কটা brownish (নদীয়া ৯ মালদা ৯) কটাইসা চোক্--কটা চোখ (মালদা ৯) চুল্ কটাইসে হোয়ে গ্যাচে--চুল বিবর্ণ হয়ে গেছে (নদীয়া ৯)

কটানিয়া kɔtʃania বিণ কাটানো [শিল] curved [flat stone] (মেদিনী ৩১)

কটাল্ পোকা kɔtʃal poka বি এক ধরনের জলজ পোকা [নদীতে থাকে, মাছের সঙ্গে ধরা পড়ে a kind of insect or worm born in water] (চব্বিশ ১১) তু কটাল ২ (দাস)

কটাশ্ kɔtʃaʃ বি খটাশ [বিড়াল জাতীয়, তবে হিংস্র। গায়ে খুব দুর্গন্ধ। কালচে রঙ। চোখ দুটো খয়েরি। হাঁস মুরগি, পায়রা ইত্যাদি খায়। আকারে বিড়ালের চেয়ে বড়] a variety of pole-cat, civet cat (চব্বিশ ১১ মেদিনী ১৫)

কটাস্[১] kɔtʃas দ্র কটাশ্ (বাঁকুড়া ১১)

কটাস্[২] kɔtʃas দ্র কইড়া কটাস্ চোকো—যে ছেলে বা মেয়ের চোখ কটা বা খয়েরি রঙের (বর্ধমা ১০) কটাস্ চোখ—কটা চোখ (মেদিনী ২১) [তু খটাশের চোখ খয়েরি। দ্র কটাশ্]

কটিং যাওয়া kɔtʃiŋ jaŏa ক্রি কটা হয়ে যাওয়া বা হলদে হয়ে যাওয়া to become pale ধান্ গাছ্টা কটিং গেল্ছে —ধান গাছটা হল্দে হয়ে গেছে (বীরভূ ৭)

কটোক্[১] kɔtʃok ১ দ্র কটক্ ১ (কোচবি ৩ জলপা ৫ পদিনা ৯) ২ বি তুলসী মঞ্জরী the spike or sprout of basil. (কোচবি ৩)

কটোক্[২] kɔtʃok বি ডাবের কুসি the very young green coconut (জলপা ৪)

কটোরা kɔtʃora বি মাটির তৈরি ঢাকাযুক্ত ভাঁড় [বিয়ে, উপনয়ন প্রভৃতিতে ব্যবহৃত হয়] the small earthen pot with earthen cover or lid (বর্ধমা ৯, ২০) তু কট্রা ২ (দাস)

কঁঠ্কে kɔ̃tʃʰke সর্ব, ক্রি বিণ কোথায় where কঁঠ্কে যাউঠু রে—কোথায় [কে] যাচ্ছিস রে? (মেদিনী ৮) তু জল্কে চল্

কঁঠ kɔ̃tʃʰɔ সর্ব কোথায় where (মেদিনী ৮)

কঠয়াল্ kɔtʃʰɔal বি কাঁঠাল the jack-fruit (জলপা ৭)

কঠল্ kɔtʃʰɔl দ্র কঠয়াল্ (পদিনা ২)

কঠা[১] kɔtʃʰa বি কামরা, ঘর a compartment, a room (মেদিনী ১৫, ২৮) ~ **ঘর্ kɔtʃʰa gʰɔr** দ্র কটা ঘর্ (বাঁকুড়া ৭ মেদিনী ১৪)

কঠা[২] kɔtʃʰa বি বেতের তৈরি পরিমাপক পাত্র a cane-made measuring or weighing pot or utensil (মেদিনী ৩০) তু কাঠুয়া (দাস)

কঠা[৩] kɔtʃʰa বি মাটির দেওয়াল a wall made of soil (মালদা ১১)

কঠোইত্

কঁঠা kɔ̃tʃʰa বি কণ্ঠা, গলা the clavicle, the collar-bone, the throat, the neck কঁঠায় কঁটা ফুটে নি—গলায় কাঁটা ফোটেনি, কঁঠা বথা হিয়েছে—গলায় ব্যথা হয়েছে (মেদিনী ২০) < কণ্ঠা

কঁঠাই যাওয়া kɔ̃tʃʰaĩ jaŏa ক্রি টকে যাওয়া [দাঁত] to become irritated by being acidified দাঁত্ কঁঠাই গ্যাল—দাঁত টকে গেল (মেদিনী ৫)

কঠাপুর kɔtʃʰapur বি মাটির বাড়ির ছাদ [মাটির বাড়ির ছাউনির নিচে দেওয়াল যেখানে শেষ হয়েছে, সেই দেওয়ালের উপর বাঁশ বা কাঠ বিছিয়ে মাটি লেপে দেওয়া হয়। ঠিক ছাউনির নিচে অনুচ্চ একটি ঘর হয়। এখানে অনাবশ্যক জিনিসপত্র তুলে রাখে। নিচের দিক থেকে ছাদ মনে হয়] the loft of a mud-house (মেদিনী ৪)

কঁঠায়ে যাওয়া kɔ̃tʃʰae jaŏa দ্র কঁঠাই যাওয়া দাঁত কঁঠায়ে যায়—দাঁত টকে যায় (মেদিনী ১৩, ২৯)

কঠাল্ kɔtʃʰal দ্র কঠয়াল্ (দার্জিলি ৩ পদিনা ৪ মালদা ৪) কঠালের চামানি—কাঁঠালের ভুতি (দার্জিলি ৩)

কঠাল্কোশি kɔtʃʰalkoʃi বি যে মানুষ সামনে ভালো ব্যবহার করে, কিন্তু আড়ালে নিন্দা করে a deceitful person (পদিনা ১১)

কঠুয়াল্ kɔtʃʰual দ্র কঠয়াল্ (পদিনা ৫)

কঁঠুরু kɔ̃tʃʰuru ক্রি বিণ কোথা থেকে from where তার্ম্যানে কঁঠুরু আইলান্—তারা কোথা থেকে এল (মেদিনী ৮) তু কঁঠু = কোথা, রু > থেকে [ওড়িয়া ভাষায়]

কঁঠুরে kɔ̃tʃʰure দ্র কঁঠুরু কঁঠুরে ইগা আহলু—কোথা থেকে এগুলো আনলি? (মেদিনী ৮)

কঠে kɔtʃʰe দ্র কঁঠ্কে কঠে যান্—কোথায় যান? (কোচবি ১) তু কোন্ ঠাঁই

কঁঠে kɔ̃tʃʰe দ্র কঁঠ কঠে পাবু—কোথায় পাবি? ইগা তুই কঁঠে পাইলু?—এগুলো তুই কোথায় পেলি? (মেদিনী ৮)

কঠোইত্ kɔtʃʰoit বি অর্ধগোলাকৃতি কাঠের ছাঁচ [হাঁড়ি, কলসি প্রভৃতি তৈরি করার সময় কুমোর এটি ব্যবহার করে।

কড়্‌কটা প্যাক্‌

এর উপর কাঁচা হাঁড়ি কলসি প্রভৃতি রেখে পিটানো হয়] a semi-circular wooden mould used by potters (পুরুলি ৩)

কঠোর্‌ **kɔtʰor** দ্র কঠাল্‌ (পুরুলি ৫)

কড়্‌ **kɔɖ** বি পাশ, দিক side, direction এ্যাক্‌ কড়্‌ড়্যে শুত্যেছ্যে—এক পাশে শুচ্ছে। ওই কড়্‌ড়্যে শু ত—ওই পাশে শোও তো (মালদা ৫) দ্র কট্‌[২]

কড়্‌ডি পড়ি যাওয়া **kɔɖɖi pɔɾi jɑŏɑ** ক্রি কাৎ হয়ে পড়ে যাওয়া to tilt (কোচবি ৬)

কড়্‌না[১] **kɔɖnɑ** দ্র কট্‌না[৩] (বাঁকুড়া ১)

কড়্‌না[২] **kɔɖnɑ** দ্র কটনা[১] (বাঁকুড়া ১)

কড়্‌ব্যাল্‌ **kɔɖbæl** দ্র কঁইত্‌বেল্‌ (মুর্শিদা ১১)

কড়্‌[১] **kɔɾ** বি মাটির বাড়ির চালের কাঠামোর বিশেষ বাঁশ [একে 'উয়া' কিংবা 'রোয়াকাঠ'-ও বলে। এটি চালের মটকা থেকে ছাঁচ পর্যন্ত বিস্তৃত থাকে। কাঠামোয় এই জাতীয় অনেক বাঁশ লাগে] a particular structured bamboo used in the shed or mud-built house (পদিনা ৬)

কড়্‌[২] **kɔɾ** বি বাঁশের অঙ্কুর [বাঁশগাছের কচি চারা] sprout of bamboo (পুরুলি ১৭)

কড়্‌[৩] **kɔɾ** বি অভ্যাস [মুসলিম সমাজের ব্যবহৃত শব্দ] habit (কোচবি ৪)

কড়্‌[৪] **kɔɾ** বি এক বিঘৎ পরিমাণ [বুড়ো আঙুল থেকে কনিষ্ঠ আঙুল পর্যন্ত প্রসারিত স্থানের মাপ] the space from the end of the thumb to the end of the little finger when the fingers are extended (জলপা ১)

কড়্‌[৫] **kɔɾ** বি মাদুলি বাঁধার বিশেষ সুতো [কার] a cord (especially used for holding talisman etc.) (চব্বিশ ৩৩)

কড়্‌[৬] **kɔɾ** বি এক ধরনের রেশমের বা নাইলনের সুতো [মাছ ধরার ছিপে লাগানো হয়] a cord made of silk or nylon [used in fishing rod, angle etc.] (চব্বিশ ৩১)

কড়্‌[৭] **kɔɾ** বি কাস্তের পুরি বা ধার the sharp edge of a sickle or scythe (হাওড়া ১)

কড়্‌[৮] **kɔɾ** বি সূচের বাঁকানো অগ্রভাগ [এই সূচ পরচুলা বানানোর কাজে ব্যবহৃত হয়] the bent tip of a needle (হাওড়া ৩)

কড়্‌[৯] **kɔɾ** বি একপ্রকার শাঁখা [বিয়ের সময় কনের হাতে এই শাঁখা পরানো হয়। এই শাঁখা বিশেষভাবে তৈরি হয়। এর মধ্যে একটা সরু লোহা থাকে। তার উপরে থাকে গালা জাতীয় লাল রঙের আস্তরণ। একে 'কড়্‌শাঁখা'ও বলে] a bangle made out of conch shell, worn by bride at the time of marriage (হাওড়া ১, ৬)

কড়্‌[১০] **kɔɾ** বি ঘুড়ির কল [ঘুড়ির দুটি কাঠির (বাঁকানো 'কাঁপ্‌কাঠি' ও সোজা 'বুক্‌কাঠি') সংযোগস্থল এবং লেজের দিকে 'বুক্‌কাঠির' উপর নির্দিষ্ট অংশে বাঁধা সুতো। 'কড়ে'র মাঝখানে লাটাই-এর সুতোর প্রান্ত বেঁধে ঘুড়ি ওড়ানো হয়] the device of tying the string to a kite (বর্ধমা ২ হাওড়া ৩ হুগলি ৫, ১৫) কড়্‌ গাঁতা—ঘুড়িতে কল বাঁধা (বর্ধমা ২) কড় খাটানো—ঘুড়ির কল বাঁধা (হাওড়া ৩ হুগলি ৫, ১৫) < কল্‌

কড়্‌[১১] **kɔɾ** বি ১ দ্র কড়্‌[৬] (চব্বিশ ৮ বাঁকুড়া ১) ২ [ছিপে বঁড়শি বাঁধার পরে বঁড়শির ঠিক উপরে] দুটি সুতোকে পাকিয়ে বাঁধা অংশ a particular portion of cord--double threaded (বাঁকুড়া ১২)

কড়্‌[১২] **kɔɾ** বি গাল the cheek (বাঁকুড়া ১২ মেদিনী ২)

কঁড়্‌[১] **kɔ̃ɾ** বি ধানগাছের চারা the newly born paddy plant (হুগলি ১৬) দ্র কড়্‌[২]

কঁড়্‌[২] **kɔ̃ɾ** বি ঘিয়ের চাঁচি [ননী জ্বাল দিয়ে ঘি তৈরি করার পর কড়ায় পড়ে থাকা শক্ত অবশিষ্টাংশ] the scrapings of calcined *ghee* (বাঁকুড়া ১৫)

কঁড়্‌[৩] **kɔ̃ɾ** দ্র কড়্‌[১১] ২ (বাঁকুড়া ১৬)

কড়্‌কইড়্যা **kɔɾkɔĭɾæ** বিণ মুচমুচে crispy, crunchy ভুজাগা মিইই যাইছে, কড়্‌কইড়্যা নাই—মুড়িগুলো মিইয়ে গেছে, মুচমুচে নেই (মেদিনী ৬, ১৯, ২২, ২৬, ২৯)

কড়্‌কটা প্যাক্‌ **kɔɾkɔtɑ pæk** বি ছাতারে পাখি jungle babbler [a kind of bird] (বীরভূ ৭)

কড়্‌কড়্‌[১] **kɔɾkɔɾ** দ্র কট্‌কট্‌[১] দাত্‌ কড়্‌কড়ায়—দাঁত কড়্‌মড়্‌ করে (কোচবি ৪)

কড়্‌কড়্‌[২] **kɔɾkɔɾ** দ্র কট্‌কট্‌[২] কান্‌ কড়্‌কড়্‌ করা—কান কট্‌কট্‌ করা (বর্ধমা ১৬)

কড়্‌কড়্‌হ্যা **kɔɾkɔɾhæ** বি চালভাজা a kind of parched rice (a very dry, crisp fry) (পুরুলি ১২)

কড়্কড়া[১] **kɔrkɔra** বিণ খটখটে (শুকনো) a thoroughly hard and dry মোর্ কাপোট্টা রৌদ্ শুকিয়া কড়্কড়া লাগ্সি—আমার কাপড়টা রোদে শুকিয়ে খট্খটে হয়েছে (কোচবি ৪) < কড়া = রসহীন তু কড়াপাক

কড়্কড়া[২] **kɔrkɔra** বি কড়া পাক দেওয়া শক্ত দড়ি [গরুর গাড়ির কাঠামোকে চাকার অক্ষদণ্ডের সঙ্গে বাঁধার কাজে ব্যবহৃত এই পাকানো শক্ত দড়ি] a twisted hard cord (মেদিনী ৩৪ হুগলি ৫) ~ **ভাত্ kɔrkɔra bʰat** বি জল না দিয়ে রেখে দেওয়া ভাত [সকালের ভাত সন্ধ্যায় বা রাতের ভাত সকালে এই রকম হয়। শক্ত হয়ে যায় বলেই এইরকম বলা হয়] dehydrated rice, dry rice (চব্বিশ ২৭ নদীয়া ৩ পদিনা ১২ বর্ধমা ৫ হাওড়া ৬) দ্র কড়্কড়া[১]

কড়্কড়ি[১] **kɔrkɔri** দ্র কড়্কড়া[২] (বর্ধমা ৮ বাঁকুড়া ১)

কড়্কড়ি[২] **kɔrkɔri** বি গরুর গাড়ির অংশবিশেষ a part of a cart (পুরুলি ৪)

কড়্কড়ে[১] **kɔrkɔre** দ্র কড়্কড়্হ্যা (বাঁকুড়া ১৯ মুর্শিদা ১৬)

কড়্কড়ে[২] **kɔrkɔre** দ্র কড়্কইড়্যা (বর্ধমা ২৬) ~ **ভাত্ kɔrkɔre bʰat** দ্র কড়্কড়া[২] ভাত্ (চব্বিশ ৯, ২০ হাওড়া ১, ২, ৮ হুগলি ৫)

কড়্কড়ে[৩] **kɔrkɔre** দ্র কড়্কইড়্যা কড়্কড়ে মুড়ি—মুচমুচে মুড়ি (মুর্শিদা ১০)

কড়্কাট্ **kɔrkat** বি খাঁজকাটা গর্তযুক্ত কাঠ [কাঁসা, পিতল ইত্যাদির থালাকে পোড়ানোর পরে একটি গর্তযুক্ত কাঠের মধ্যে তাকে পিটিয়ে বাড়ানো হয়] a piece of wood with particular hole and notch (বাঁকুড়া ৭)

★ **কড়্কান** **kɔrkano** ক্রি শাসন করা to subdue, to control (মেদিনী ১৫ হাওড়া ১, ৮) বেটাকে খুব কড়্কে দিইচি, আর এমুন কাজ কোর্বে নে—বেটাকে খুব শাসন করে দিয়েছি, আর এমন কাজ করবে না (হাওড়া ১)

কড়্কে **kɔrke** দ্র কটক্ (নদীয়া ১০)

কড়্কোইড়া ভাজা **kɔrkoĭra bʰaja** দ্র কড়্কড়্হ্যা (বাঁকুড়া ৫, ৭)

কড়্কোইড়্যা **kɔrkoĭræ** বিণ আসন্ন ডিম্ব প্রসবিনী মুরগি বা হাঁস মুর্গিটা কড়্কোইড়্যা হোইছে—মুরগিটা ডিম দেবার উপযুক্ত হয়েছে a hen or goose mature enough to lay eggs (মুর্শিদা ২২)

কড়্কোড়ি ভাত্ **kɔrkori bʰat** দ্র কড়্কড়া[২] ভাত্ (বর্ধমা ১২, ২৩ হুগলি ৯, ১০)

কড়্কোড়ে **kɔrkore** বি একপ্রকার চাল ভাজা [ডিমের কুসুম, হলুদ এবং চাল একসঙ্গে মেখে খোলায় দিয়ে নাড়াচাড়া করে অল্প অল্প জল দিয়ে 'কড়কড়ে' তৈরি হয়।



কঁড়্চা[২]

এতে বাদাম, গোলমরিচ, জিরা ইত্যাদিও দেওয়া যেতে পারে] a kind of fried or parched rice (বীরভূ ৫) দ্র কড়্কড়্হ্যা ~ **ভাত্ kɔrkore bʰat** দ্র কড়্কড়া[২] ভাত্ কড়্কোড়ে ভাত্ রোজ্ খেলে অম্বোল্ হবে—জল না দেওয়া ভাত রোজ খেলে অম্বল হবে (হাওড়া ১, ৩, ৮)

কড়্কোড়্যে **kɔrkoreɛ** দ্র কড়্কোইড়্যা (মুর্শিদা ২২)

কড়কোড়্যে (ভিজা) **kɔrkoreɛ (bʰija)** বিণ খুব কম জল দিয়ে মাখানো মুড়ি [অর্থাৎ মুড়ির কড়কড়ে ভাবটি পুরো নষ্ট হয়নি, এমন ভিজা] mixing parched rice with a little water মুড়িটা কড়্কোড়্যে ভিজা হোইচে—মুড়িটা খুব কম জল দিয়ে মাখানো হয়েছে (বাঁকুড়া ৫)

কড়্ খাওয়া **kɔr kʰaŏa** বি ঠোঁটের কষের ঘা a sore of a corner of the mouth (মেদিনী ৩৪) < কোণ খাওয়া (ড় < ণ) তু কড়্[১২]

কঁড়্চা[১] **kõrca** বি লাটাই the bobbin of the kite (মেদিনী ১৬)

কঁড়্চা[২] **kõrca** বি মোটা কড়া পাক দেওয়া দড়ি [পাট বা শণের তৈরি। চার হাত মতো লম্বা এই দড়ি খেজুর গাছ, তালগাছে যে ব্যক্তি ওঠে তার কোমরে বাঁধার কাজে ব্যবহৃত হয়] a kind of cord made of jute or hemp fibre (বাঁকুড়া ১৫)

কঁড়্চাইলা **kõrcaĭla** দ্র কচ্[১] (বাঁকুড়া ৬)

কড়্চাটু **kɔrcatu** বি খুন্তি a cooking spud (মেদিনী ৩)

কড়্চালি **kɔrcali** দ্র কড়্চাটু (মেদিনী ১১)

কঁড়্চি **kõrci** দ্র কইন্চা (পুরুলি ৬ বর্ধমা ১৩)

কড়্ছা **kɔrcʰa** বি পাখির কচি বাচ্চা [হাঁস, মুরগি ইত্যাদির বাচ্চা] a newly born bird, a young bird (পুরুলি ১২)

কড়্তা করা **kɔrta kɔra** ক্রি কোনো পাত্রে জিনিস ওজন করার পূর্বে ঐ পাত্রটির ওজন করে নেওয়া to weigh or measure a container before filling it (হাওড়া ১, ৮)

কড়্ মারিয়্যা বুসা

কড়্দা করা kɔɾda kɔra দ্র কড়্তা করা (মেদিনী ১৫)

কড়্পড়া kɔɾpɔɾa বি গরুর একপ্রকার রোগ [জমিতে কাজ করার সময় বা মাল বইবার সময় অলসভাবে পড়ে যায় এবং খোঁড়াতে শুরু করে] a kind of cattle disease (নদীয়া ১৩)

কড়্বংগা kɔɾbɔŋga বি কামরাঙা an edible sour fruit or its tree [*Averrhoa caranbola*] (মেদিনী ৮)

কড়্মড়্ করা kɔɾmɔɾ kɔra ক্রি দাঁত খিঁচানো to make an ugly movement of one's teeth in anger or scolding, to gnash the teeth (বর্ধমা ১০)

কড়্মা[১] kɔɾma বি অঙ্কুর a sprout (মেদিনী ১৫ হাওড়া ১০)

কড়্মা[২] kɔɾma বি শাখা branch, offshoot (বাঁকুড়া ৩ মেদিনী ১৫)

কড়্ মারিয়্যা বুসা kɔɾ mariæ busa ক্রি হাঁটু ভেঙে বসা to sit by kneeling down তত্খঁনু কড়্ মারিয়্যা বুসিয়াছু, উঠিয়া পড়্, পা কঁ কঁ কর্বে যে--তখন থেকে হাঁটু ভেঙে বসে আছিস, উঠে পড়, পা কন্ কন্ কোরবে যে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬, ২৯)

কড়্মিড়া kɔɾmiɾa দ্র কড়্কইড়্যা কড়্মিড়া মুড়ি--মুচ্মুচে মুড়ি (বীরভূ ৯)

কড়্লা kɔɾla বি করলা a variety of vegetable having a bitter taste (মেদিনী ২১)

কড়্শোল্ kɔɾʃol বি গোল মুখওয়ালা হাতা a ladle with a round shaped cup (বর্ধমা ২৫)

কড়্হা[১] kɔɾha বি কড়াই [রান্না করার লোহার পাত্রবিশেষ] a tumbler-like cooking utensil (মেদিনী ৫, ৮, ২০, ২৯, ৩৩) তু সাঁও কারাহি

কড়্হা[২] kɔɾha বি ১ [কড়াইয়ের পাশের] লোহার আংটা বা হাতোল an iron ring affixed to a tumbler as a handle (মালদা ১) ২ লোহার গোল আংটা [ঢোলক প্রভৃতি বাদ্যযন্ত্রের গায়ে দড়িতে লাগানো থাকে, টান দেবার কাজে ব্যবহৃত হয়] an iron ring (মেদিনী ২৯)

কড়্হা[৩] kɔɾha বি [ফুলের] কুঁড়ি the bud (মালদা ৪) ~ **পোকা kɔɾha poka** বি পঙ্গপাল a swarm of locusts (মুর্শিদা ১১)

কঁড়্হা kɔ̃ɾha দ্র কড়্হা[১] (মেদিনী ১৩)

কড়্হাই kɔɾhaĭ বি মাটির তৈরি একপ্রকার পাত্র [গামলার মতো দেখতে, পিঠা তৈরির কাজে ব্যবহৃত হয়] a kind of earthen vessel (মেদিনী ৩৩) তু সাঁও কারাহি

কড়্হোই kɔɾhoĭ দ্র কড়্হা[১] কড়্হোইয়ের ডাঠা--কড়াইয়ের কড়া বা হাতোল (বীরভূ ৪ মুর্শিদা ১৭)

কড়্ হোয়ে শোয়া kɔɾ hoe ʃoa ক্রি পাশ ফিরে বা কাত হয়ে শোয়া to lie on the side (পদিনা ৫)

কড়্[১] kɔɾɔ বি মাড়ি [দাঁতের] the gum (of teeth) (মেদিনী ৩১)

কড়্[২] kɔɾɔ দ্র কড়্[১] (দার্জিলি ২ মালদা ১১)

কড়্[৩] kɔɾɔ বি হাঁস the duck (পুরুলি ১২)

কড়ই kɔɾɔĭ বি কলাই [একপ্রকার ডাল] a variety of pulse (মেদিনী ৩৪)

কড়ক্ kɔɾɔk বি সট্কা ব্যথা a sudden rheumatic pain (বর্ধমা ২৬)

কড়কড় kɔɾɔkɔɾɔ অ হাঁসকে ডাকার শব্দ sound of calling ducks etc. (বাঁকুড়া ১২)

কঁড়ক্ লাগা kɔ̃ɾɔk laga ক্রি ঘাড়ে বা কোমরে ব্যথা লাগা to feel waist pain, neck pain, to be afflicted with a sudden rheumatic pain ঘাড়ে কঁড়ক্ লেগেছে--ঘাড়ে ব্যথা হয়েছে (বর্ধমা ১৩ বীরভূ ৮, ১০)

কঁড়চ্ kɔ̃ɾɔc দ্র কচ্[১], কঁচড়্ (বর্ধমা ৮, ১৯, ২৬ বাঁকুড়া ১, ৩, ৫, ৭, ৮, ১২)

কড়ত্ kɔɾɔt বি পাশ side কড়ত্ ঘুরে শোয়া--পাশ ফিরে শোয়া (কোচবি ৭) দ্র কড়্ হোয়ে শোয়া

কড়ন্ধুড়ি kɔɾɔndʰuɾi বি লৌকিক দেবতা বিশেষ [ধানের দেবতা হিসেবে পূজ্যা। মেয়েরা এঁর পূজা করে। উঠানের এক কোণে বাঁশ পুঁতে রাখা হয়। এই বাঁশটিই দেবতার প্রতীক। দেবতার অন্য কোনো মূর্তি নেই] a kind of folk god or goddess (দার্জিলি ৪)

কড়ম্ kɔɾɔm দ্র কড়্মা[১] (মেদিনী ১৫ হাওড়া ৩ হুগলি ৯) তাল্ আঁটির্ কড়ম্ বেরিচে--তাল আঁটির অঙ্কুর বেরিয়েছে (হাওড়া ৩) ~ **ছাড়া kɔɾɔm cʰaɾa** ক্রি ধানের চারা গজানো to plant out seedlings of paddy ধান্টা বেশ্ কড়ম্ ছাড়্ছে--রোয়া ধান চারার পাশ থেকে প্রচুর ধানচারা বের হচ্ছে (মেদিনী ১৫) ~ **পান্ kɔɾɔm pan** বি একপ্রকার নিম্নমানের পান পাতা [বরোজের মধ্যে পান গাছের পাতা নিচের দিক থেকে তুলে নেওয়া হয়। পানলতা

খুব বড় হয়ে গেলে পাতা তুলে নেওয়া গাছটিকে সামনের মাটিতে ফেলে অল্প মাটি চাপা দিয়ে দেওয়া হয়। কিছুদিন পরে, ঐ মাটির নিচে থাকা পানগাছের ডাঁটা থেকে কখনো কখনো পাতা বের হয়। ঐ পান পাতাকেই 'কড়ম্ পান্' বলে। এই পান খাওয়া চলে। তবে এতে কালো কালো বিন্দু বিন্দু ছাপ থাকে] a kind of low graded betel-leaf (হাওড়া ১০)

কড়া[১] **kɔɽɑ** দ্র ক[৪] (পদিনা ১১)

কড়া[২] **kɔɽɑ** বি ১ কুমড়ো বা লাউ ফুলের ছোট, কচি, গোলাকৃতি অংশ [যা পরে কুমড়ো বা লাউতে পরিণত হয়] a young and tender fruit just developed at the head of a flower ২ কুসি, কচি green and undeveloped fruit (পদিনা ১ বীরভূ ১৪ হাওড়া ১) কড়া মোরিচ—কুসি লঙ্কা (পদিনা ১) কড়া ডাব—কচি ডাব্ (হাওড়া ১)

কড়া[৩] **kɔɽɑ** দ্র কড়্হা[২] ২ (কোচবি ৮ নদীয়া ৬ বীরভূ ১০ বাঁকুড়া ১৬)

কড়া[৪] **kɔɽɑ** দ্র কড়্হা[১] (চব্বিশ ২৩ হাওড়া ১, ৮)

কড়া[৫] **kɔɽɑ** ক্রি খনন করা to dig বাগানে মাটি কড়া হবে—বাগানে মাটি খুঁড়া হবে (পুরুলি ২) তু আ বা খোঁড়া

কড়া[৬] **kɔɽɑ** দ্র কড়্হা[৩] (কোচবি ৩ পদিনা ১১ মালদা ৪)

কড়া[৭] **kɔɽɑ** বি একপ্রকার নূপুরের সংযোগস্থল [এই নূপুরের আঞ্চলিক নাম 'পঞ্চম'] the joint of an ornament like anklet] (মেদিনী ৮)

কড়া[৮] **kɔɽɑ** বি বাঁশের তৈরি একপ্রকার সরঞ্জাম [ধানের বোঝা বয়ে আনার কাজে ব্যবহৃত] an equipment made of bamboo used for carrying bundle of paddy (জলপা ১)

কড়া[৯] **kɔɽɑ** দ্র কড়্[১] (চব্বিশ ২৭ দার্জিলি ২ পদিনা ৬)

কড়া[১০] **kɔɽɑ** বি বিশেষ ধরনের শিকল [কামারশালে হাপরের অংশবিশেষ] a specific iron chain (পদিনা ১০)

কড়া[১১] **kɔɽɑ** বি ১ শক্ত হয়ে যাওয়া মাংসপিণ্ড [হাত-পায়ের কোনো অংশে মাংস শক্ত হয়ে এটি তৈরি হয়। ফোস্কা পড়েও শক্ত হয়ে যেতে পারে] a lump of flesh, a corn on the skin caused by blister or friction (চব্বিশ ১১) ২ শক্ত hard ভাত্টা খুব্ কড়া—ভাতটা খুব শক্ত (চব্বিশ ১১ মালদা ৯)

কড়া[১২] **kɔɽɑ** বি একপ্রকার অসুখ [কোনো মানুষের বুকের মাঝখানের হাড় উঁচু হয়ে যাওয়া এবং ফলে রোগা হয়ে যাওয়া] a kind of disease which makes the bones of one's chest rise high (চব্বিশ ৩৬)

কড়া[১৩] **kɔɽɑ** বি আঙুল পরিমাণ মাপের একক [এক আঙুলের আড়াআড়ি মাপ। সাধারণত ছেলেমেয়েরা খেলার



কড়াই[৩]

সময় এই 'কড়া'র মাপ ব্যবহার করে। যেমন—গুলিখেলা, ডাংগুলি খেলা ইত্যাদি। তবে প্রচলিত 'কড়া' শব্দটি বয়স্করাও ব্যবহার করে] a unit of measurement where a finger is used as a unit (বাঁকুড়া ১৮ মেদিনী ৭, ১৩, ৩৪, ৩৫ হাওড়া ১, ৩, ৮) চার্ কড়া—চার আঙুল (বাঁকুড়া ১৮) এক কড়া জায়গা ছাড়বুনি—এক আঙুল জায়গা ছাড়ব না (হাওড়া ১, ৩, ৮)

কড়া[১৪] **kɔɽɑ** বি পিঁয়াজের ফুল the onion blossom (মালদা ৩) দ্র কড়্হা[৩]

কঁড়া[১] **kɔ̃ɽɑ** বি ছিদ্র hole (মেদিনী ৩০)

কঁড়া[২] **kɔ̃ɽɑ** বি ধানের শিষের গুচ্ছ [কয়েকটি ধানের শিষ নিয়ে, একটি গুচ্ছ করে ঘরের কোণে এক জায়গায় ঝুলিয়ে রাখা হয়। উদ্দেশ্য লক্ষ্মীদেবীর প্রীতি কামনা করা। এই রকম ধানের শিষের গুচ্ছ দেখতেও ভাল লাগে] a bundle of cornstalk (মেদিনী ৩)

কঁড়া[৩] **kɔ̃ɽɑ** দ্র কড়্[২] (নদীয়া ৬ মেদিনী ১৫ হাওড়া ১, ৮)

কঁড়া[৪] **kɔ̃ɽɑ** দ্র কড়্হা[৩] (পদিনা ৬ বাঁকুড়া ১ মেদিনী ৩৪)

কঁড়া[৫] **kɔ̃ɽɑ** ১ দ্র কড়া[২] ২ কঁড়া ডাব—খুব কচি (কুসি) ডাব (হাওড়া ১০)

কড়াই[১] **kɔɽɑĭ** বি বাচ্চা মহিষ (পুরুষ এবং স্ত্রী উভয়কেই বলা হয় the young buffalo (মেদিনী ১৩)

কড়াই[২] **kɔɽɑĭ** বি ডাল-কলাই pulses মুগ্ কড়াই মসুর্ কড়াই সবই খাওয়া হয়—মুগ ডাল, মুসুর ডাল সবই খাওয়া হয় (চব্বিশ ২৭ হাওড়া ১, ৮)

কড়াই[৩] **kɔɽɑĭ** বি ধানের মরাই [বাঁশের বাতা দিয়ে তৈরি ছোট মাপের ঘরের মতো। চার চালা। সামনের দিকে তলায় ধান বের করার জন্য গর্ত থাকে। উপর থেকেও ধান ঢোকানো এবং বের করা হয়] a hut-shaped large corn-bin made of mat, cane etc. (মেদিনী ১৪, ১৮) ~ ছানা **kɔɽɑĭ cʰænɑ** বি দুধের চাঁচি the scrapings of calcined milk (বর্ধমা ৬) দ্র কঁড়্[২] ~ ভুসি **kɔɽɑĭ bʰusi** বি ভুসি [কড়াই গাছসুদ্ধ মাড়াই করে কড়াইগুলো বেছে নেবার পরে অবশিষ্ট যা থাকে তা ভুসি।



কড়ানি[২]

এটি গরুর উপাদেয় খাদ্য] husks left out after threshing pulse seeds (চবিশ ৭)

কড়াক্ kɔrak বি কড়ে আঙুল [কনিষ্ঠা] the little finger কড়াকের্ জোগ্‌গো নয়—কড়ে আঙুলের যোগ্য নয় (কোচবি ৬)

কড়া কুটা kɔra kuta বি পুরনো খড় the rotten straw or hay (মেদিনী ৩০) তু আ বা খড়কুটা

কড়াঠি kɔrat^{h}i বি পায়ের নিচের কড়া the corn at one's feet লোক্‌টা পাঁওট্ কড়াঠি হয়ে গেলে হে, বেড়ুয়া নি প্যার্‌হ্যা—লোকটার পায়ের নিচে কড়া হয়েছে, বেড়াতে পারছে না (মালদা ১১) য় কড়া[১১]

কড়া ডিমা kɔra dima বি চোখের তারা the pupil of the eye (মেদিনী ৩১)

কঁড়ান্‌ডি মাছ kõrandi mac^{h}a বি পুঁটিমাছ *Barbus pution*, a tiny fresh-water fish (মেদিনী ৮, ১৬, ৩০)

কড়ান্‌তি kɔranti য় কঁড়ান্‌ডি (মেদিনী ৩১)

কড়ানি[১] kɔrani য় কড়্[১] (বীরভূ ৮, ১১)

কড়ানি[২] kɔrani বি ছাঁচ বা চালের প্রান্ত thatch eve (বীরভূ ৪) ~ চাল্ kɔrani cal বি খাড়াই চাল [মাটির ঘরের বিশেষ রকম চাল] the steep roof of a thatched cottage (বীরভূ ১২) তু আ বা গড়ানে চাল

কড়া পিঠা kɔra pit^{h}a বি একপ্রকার পিঠে [বিউলি কলাই বাটা এবং চালবাটা একত্র করে, পরিমাণ মতো নুন এবং জল দিয়ে ঘন করে গুলতে হয়। তারপর উনানে চাটু গরম করে তেল দিয়ে ভাজতে হয়] a kind of pan-cake (মেদিনী ৮)

কড়াপোক্ kɔrapok বিণ ছিটগ্রস্ত eccentric (চবিশ ২১)

কড়া পোকা[১] kɔra poka বি আলুক্ষেতের একপ্রকার পোকা a kind of insect found in the potato field (হুগলি ১৫)

কড়া পোকা[২] kɔra poka বি একপ্রকার পোকা [উইচিংড়ির মতো দেখতে। এর মাথায় দুটো বড় শুঁড় আছে। এই পোকা তালগাছের কচিপাতা খেয়ে নষ্ট করে] a kind of 'insect akin to cricket (চবিশ ২১) য় কড়া পোকা[১]

কড়া পোড়ু kɔra por বিণ অধিক পুড়েছে এমন পাত্র [মাটির পাত্র পণে যখন পোড়ানো হয় তার একটা বিশেষ মাত্রা থাকে। কোনো পাত্র অধিক পুড়ে গেলে কালো হয় ও তুবড়ে যায়] too much burnt earthen vessel (বর্ধমা ২)

কড়ার্[১] kɔrar বি বাঁশের অঙ্কুর the sprout of the bamboo (হাওড়া ১) য় কড়ু[২]

কড়ার্[২] kɔrar বি শর্ত [নির্দিষ্ট সময়ের জন্য প্রতিশ্রুতিবদ্ধ] condition, term রোজ্ এ্যাক্ টাকা দিবে এই কড়ারে ধার্ নিয়েছে—রোজ এক টাকা করে দেবে এই শর্তে ধার নিয়েছে (চবিশ ১১ হাওড়া ১)

কড়াল্[১] kɔral য় কড়ার্[১] (চবিশ ৯, ১৪, ১৮ নদীয়া ৫ হুগলি ১৮)

কড়াল্[২] kɔral য় কড়ার[২] কড়াল্ দিনু—প্রতিশ্রুতি দিচ্ছি (কোচবি ২)

কড়াল্[৩] kɔral বি কোল the lap কড়াল্ লাহেক্—কোলে নিক (পুরুলি ৫)

কড়ালি kɔrali য় কঁ[১] (নদীয়া ১ মুর্শিদা ১৮)

কড়ি[১] kɔri বি কলাই [রাং ইত্যাদি ধাতুর প্রলেপ। এনামেল প্রলেপ] enamel plating কড়ির্ বাসন্—কলাইর বাসন। কড়ির্ থাল্—কলাইর থালা (পদিনা ৫)

কড়ি[২] kɔri বি বিশেষ আকৃতির কাঠ বা বাঁশের ফালির খণ্ড [গরুর লম্বা দড়ি যাতে বারবার পাক লেগে দ্রুত নষ্ট না হয়ে যায় সেজন্য বিশেষভাবে তৈরি এই কাঠ বা বাঁশের ফালির খণ্ডটি ব্যবহার করে। এর দুইদিকে দুটি ছিদ্র থাকে। দড়ির ঠিক মাঝামাঝি অংশ কেটে একপ্রান্ত এই কাঠটির এক ছিদ্রে এবং অপরপ্রান্ত অন্য ছিদ্রে ঢুকিয়ে গিঁট দেওয়া হয়। দুটি গিঁট যেন দুই দিকে পড়ে] a specific piece of wood or bamboo used with cattle-rope (মেদিনী ২৭)

কড়ি[৩] kɔri য় কড়া[২] ২, কঁড়া[৫] কড়ি ডাব্—কচি ডাব (হাওড়া ১০)

কড়ি আঙুল্ kɔri aŋul য় কড়াক্ (চবিশ ৩৭ মেদিনী ৩৩)

কড়িক্‌খাই kɔrikk^{h}ai ক্রি বিণ কড়াকড়ি strictness (বাঁকুড়া ৭)

কড়ি চিংড়ি kɔri ciŋri বি একটু বড় আকারের চিংড়িমাছ the prawn (চবিশ ১৮)

কড়ি ডাব্ kɔri dab য় কঁড়া[৫] (হাওড়া ১০)

কড়ি থামাল্ kɔri t^{h}amal বি দেওয়ালের মাপ বিশেষ [মেঝে থেকে কড়িকাঠ পর্যন্ত] the measurement of a wall from the ground to the joist (বাঁকুড়া ১)

কড়ি ফুল্ **kɔɾi pʰul** বি টগরফুল [কির্‌কি-টগর--ফিরিঙ্গি টগর] a kind of sweet scented white flower (*Periwinkle Vinca*) (কোচবি ৩)

কড়িমাছ্ **kɔɾi macʰ** বি একধরনের ছোট মাছ [খুব চকচকে দেখতে। মাথায় কালো দাগ থাকে] a kind of tiny fish (বাঁকুড়া ১১)

কড়িয়া **kɔɾia** বি গহনাবিশেষ [একপ্রকার কানের দুল] a kind of ear-ring (জলপা ৬)

কড়িয়া আঙুল্ **kɔɾia aŋul** দ্র কড়ি আঙুল্ (মেদিনী ২৯)

কড়ুই **kɔɾuĭ** বি একপ্রকার ধানের গোলা [গোলাকার আকৃতি। এই 'কড়ুই' চৌকোণা হলে তাকে 'গোলা' বলে] a round shaped corn-bin made of mat, cane and clay (চব্বিশ ৭ মেদিনী ১১) দ্র কড়াই[৩]

কড়ুম্ **kɔɾum** বি ছত্রাক fungus, mushroom (জলপা ৭)

কড়ুয়া[১] **kɔɾua** বি গাড়ু a pitcher or a tankard, with a spout (and often with a handle), a vase (মেদিনী ৮)

কড়ুয়া[২] **kɔɾua** বি ঘটক a match-maker (পদিনা ২)

কড়ুল্ **kɔɾul** দ্র কড়ার্[১] (পুরুলি ১৪)

কড়ে **kɔɾe** ক্রি বিণ দিকে, পানে end, side, direction (নদীয়া ৪ বীরভূ ১১) এই কড়ে--এইদিকে (নদীয়া ৪) কোন্ কড়ে যাব --কোন্‌দিকে যাবো (বীরভূ ১১)

কড়েই **kɔɾeĭ** দ্র কড়ুই (মেদিনী ৩০)

কড়ে নাড়্ **kɔɾe naɾ** বি বাল-বিধবা [যে স্ত্রীলোকের স্বামী বিয়ের অব্যবহিত পরেই মারা গেছে] child-widow--a woman who has lost her husband immediately after her marriage (হুগলি ৫) তু আ বা কড়েরাঁড়ী

কড়ে ভাত্ **kɔɾe bʰat** বি শক্তভাত [যে ভাত কম সিদ্ধ হয়েছে] hard rice [parboiled] (হাওড়া ৬)

কড়েয়া **kɔɾea** দ্র কড়্হা[১] (পদিনা ১০)

কড়ের্ কাপোড়্ **kɔɾer kapoɾ** বি কোরা কাপড় unbleached cloth (বর্ধমা ১০)

কড়ো **kɔɾo** বি খড়ের চালের কাঠামোর বাঁশ [খড়ের চালের কাঠামো তৈরি করাতে ছোট ও সরু সরু অনেক বাঁশ থাকে খাড়াভাবে। এর উপর খড় পাতা হয়] steep bambooes in the frame of a thatched roof (দার্জিলি ৩) দ্র কড়্[১]

কড়োই **kɔɾoĭ** বি ১ ধানের গোলা [আড়াই-তিন হাত চওড়া এবং পাঁচ হাত উঁচু, বাঁশের তৈরি, গোলাকৃতি] a round-shaped corn-bin. (মেদিনী ২০) দ্র কড়ুই ২ একপ্রকার ধানের গোলা [বড় ঘরের মতো দেখতে। ইঁট আর মাটি



কড়ুই

দিয়ে কয়েকটি স্তম্ভ গাঁথা হয়। তার উপরে কাঠ বিছিয়ে পাটাতন করা হয়। তার উপর ধানের গোলা তৈরি হয়। এই গোলার ছাউনি হয় টিনের বা খড়ের] a kind of round-shaped corn-bin (বাঁকুড়া ১)

কড়োক্ লাগা **kɔɾok laga** দ্র কঁড়ক্ লাগা (বীরভূ ৮)

কড়োকড়ো ভাত্ **kɔɾokɔɾo bʰat** দ্র কড়্কড়া[২] ভাত্ (বর্ধমা ১৪)

কড়োচ্[১] **kɔɾoc** দ্র কঁচড়্ (বর্ধমা ৭)

কড়োচ্[২] **kɔɾoc** দ্র কচ্[১], কঁড়্চাইলা (বর্ধমা ১৪, ২২)

কঁড়োচ্ **kɔ̃ɾoc** দ্র কড়োচ্[২] (মেদিনী ২৫)

কড়োত্ **kɔɾot** বি করাত the saw (মুর্শিদা ২৩)

কড়োম্ **kɔɾom** দ্র কড়ম্ (হাওড়া ৩)

কড়োলা **kɔɾola** দ্র কড়্লা (মেদিনী ২১)

কঁঢা **kɔ̃dʰa** বি ধানের কুঁড়ো the powdery crust of rice beneath the husk (চব্বিশ ২৩)

কঁঢেই ধরা **kɔ̃dʰeĭ dʰɔɾa** ক্রি জাপটে ধরা to embrace, to clasp কঁঢেই ধোর্‌চি--জাপটে ধরেছি (মেদিনী ১৮)

কঢ় **kɔɾʰɔ** বি কোল the lap ছাওয়াটা কঢ়ে লেহিক্--ছেলেটাকে কোলে নাও (পুরুলি ৯)

কঢ়া[১] **kɔɾʰa** বি দরজার লোহার বালা the iron ring of the door (মুর্শিদা ১৭) দ্র কড়া[৩]

কঢ়া[২] **kɔɾʰa** দ্র কড়্হা[১] (মেদিনী ৩৩)

কঢ়োই **kɔɾʰoĭ** দ্র কড়্হা[১] (মুর্শিদা ১৭)

কত্ **kɔt** বি পাশ side উ কত্ ফির্‌ল--ও পাশ ফিরল (মুর্শিদা ২৪)

কত্‌কটা **kɔtkɔʈa** বিণ, সর্ব কতটা [পরিমাণ] how much কত্‌কটা চাল্ ভিজাবো?--কতটা চাল ভিজাবো? (চব্বিশ ২৯)

কঁত্‌কঁত্ **kɔ̃tkɔ̃t** ক্রি বিণ ১ অতি দ্রুত, গোগ্রাসে [খাবার খাওয়া] gulping কঁত্‌কঁত্ করে খাচ্ছে--গোগ্রাসে খাচ্ছে (হাওড়া ১০) ২ ঢক্‌ঢক্ করে [পানীয় পান করা] gulping [any liquid] কঁত্‌কঁত্ করে জল্ গিল্‌তেছে--ঢক্‌ঢক্ করে জল গিলছে (চব্বিশ ৮)



কত্তাল্

কত্কিনা kɔtkinɑ বিণ, সর্ব কতটুকু [পরিমাণ] how much, how little (জলপা ৭) দ্র কত্কটা

কত্খন্ kɔtkʰɔn ক্রি বিণ কখন. কতক্ষণ when, how long (জলপা ৭)

কত্খুন্ kɔtkʰun দ্র কত্খন্ (চব্বিশ ৩৭)

কত্খেনি kɔtkʰeni দ্র কত্কিনা (মেদিনী ১১)

কত্গা kɔtgɑ বিণ কতগুলো a large amount, a large number দ্যাখ্ দ্যাখ্ কদ্গা মাচ্ ধরিয়্যা লিয়াস্সে!--দেখ দেখ কতগুলো মাছ ধরে নিয়ে আসছে (মেদিনী ১৬, ২৬, ৩৪)

কত্গিলা kɔtgilɑ সর্ব কতগুলো how much, how many (জলপা ৭)

কত্টা kɔtʈɑ সর্ব, বিণ কতখানি, কতটা howmuch, how many (মেদিনী ৩৪)

কত্টুকুন্ kɔtʈukun বিণ সামান্য পরিমাণ, অল্প a little bit, little amount (মেদিনী ১৫)

কত্টুন্ kɔtʈun দ্র কত্টুকুন্ (মেদিনী ১৫)

কত্তা kɔttɑ বি ঠাকুরদা বা দাদু grand father (paternal or maternal) (পদিনা ১০) ~ **বাবা kɔttɑ bɑbɑ** দ্র কত্তা (বর্ধমা ১৫ বাঁকুড়া ৩, ১২ মুর্শিদা ১৭) ~ **মা kɔttɑ mɑ** বি ঠাকুরমা, দিদিমা grand-mother (paternal or maternal) (বর্ধমা ১৫ বাঁকুড়া ৩, ৭)

কত্তাল্ kɔttɑl বি ১ খঞ্জনি [বাদ্যযন্ত্র বিশেষ, ছোট মাপের করতাল। টুং টাং করে বাজে] the tambourine (বর্ধমা ২, ৪, ৬) ২ করতাল, খরতাল [বাদ্যযন্ত্র বিশেষ, বড় মাপের করতাল] the cymbal (concave brass, bronze plate struck with another to make ringing sound) (মেদিনী ৭)

কত্তোরি kɔttori ক্রি বিণ কতদূর [বহুদূর] long or great distance বুঁট্গিলে কত্তোরি ছিটিয়ে দিলি--ছোলাগুলো কতদূর ছড়িয়ে দিলি? (মুর্শিদা ১৫)

কত্থা kɔttʰɑ বি খয়ের catechu (মালদা ৫)

কঁত্থা kɔ̃ttʰɑ দ্র ক[৪] (মেদিনী ১৮)

কত্থিকে kɔttʰike ক্রি বিণ কোথা থেকে from where কত্থিকে আস্তেচু--কোথা থেকে আস্ছিস্? (হাওড়া ৮, ১০)

কত্না kɔtnɑ ক্রি বিণ, বিণ কত what is the price কত্না বিড়ি--কত [পয়সার] বিড়ি? (মুর্শিদা ৩)

কত্বা kɔtbɑ ক্রি বিণ, কখন when (মেদিনী ১, ৪, ৬, ১৫, ১৯, ২০, ২২, ২৫, ২৬, ৩৪) কত্বা আইস্ব কইয়্যা দও--কখন আসবে বলে দাও (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬) তুমি কত্বা ভাত্ খাইল--তুমি কখন ভাত খেলে? (মেদিনী ২০) তুই কত্বা যাবু--তুই কখন যাবি? (মেদিনী ১, ১৯, ২২, ২৬) তুমি কত্বা ভাত্ খাইলা--তুমি কখন ভাত খেলে? (মেদিনী ২৫)

কঁত্বেল্ kɔ̃tbel দ্র কঁইত্বেল্ (পুরুলি ১২, ১৫ মেদিনী ১৪, ২৬, ৩৫)

কত্রা গুড়্ kɔtrɑ guɽ বি চিটেগুড় [এই গুড় দিয়ে তামাক মাখা হয়] a kind of course treacle testing slightly bitter (মালদা ১১)

কত্লা[১] kɔtlɑ দ্র কত্তোরি (কোচবি ৬)

কত্লা[২] kɔtlɑ দ্র কত্বা কত্লা আইস্বু ক--কখন আসবি বল্? (মেদিনী ২৬)

কতক্ kɔtɔk বিণ কয়েকটা, কিছু a small number, amount or a few, somewhat, something এমনও কতক্ লোক্ বল্যে--এই ধরনের কথাও কিছু লোক বলে (বাঁকুড়া ৫, ৯, ১৩) ['কিছু' অর্থে 'কতকগুলো', 'কয়েকটা' আদর্শ বাংলাতেও ব্যবহৃত হয়। কিন্তু উদাহরণটি লক্ষ্য করলে দেখা যাবে 'কতক্' শব্দটির এরূপ ব্যবহার আদর্শ বাংলাতেও বেমানান। অনেক ক্ষেত্রেই এই 'কতক্' শব্দটি 'কিছু'-র পরিবর্তে এখানে ব্যবহৃত হয়]

কতক্টুকু kɔtɔkʈuku বিণ কিছুটা, সামান্য পরিমাণ small number, a little amount লোকের্ বাস্ কতক্টুকু ছিলিয়া গোড়াবাড়িটায়ে--মানুষের বসবাস গোড়াবাড়িতে কিছুটা ছিল (বাঁকুড়া ১৬) দ্র কতক্

কতখঁ kɔtɔkʰɔ̃ ক্রি বিণ কতক্ষণ how long সে কতখঁ দাঁড়ি আছে?--সে কতক্ষণ দাঁড়িয়ে আছে? (মেদিনী ১, ১৯, ২২, ২৬, ৩৪)

কতখান্ kɔtɔkʰɑn দ্র কত্টা (জলপা ৭)

কতড়া kɔtɔɽɑ দ্র কতখান্ কতড়া রাস্তা যেতে হবে--কতটা রাস্তা যেতে হবে (চব্বিশ ৩৬)

কতলা kɔtɔlɑ দ্র কত্না (জলপা ৭)

কতসাপা kɔtɔsɑpɑ ক্রি বিণ কতবার how many times কতসাপা আর্ যাবু আইস্বু--কতবার আর যাবি আসবি? (মেদিনী ২৬)

কতা[১] **kɔta** দ্র কঁঠ্‌কে কতা গেলি--কোথায় গেলি? (হাওড়া ৮)

কতা[২] **kɔta** বি দা, কাটারি a large thick and heavy household knife shaped almost like a falchion with wooden handle (মেদিনী ৩১)

কতা[৩] **kɔta** অ কত আর [বোধহয়] it seems to me কতা! এক টাকার নোয়া যাইচে--কত আর! [বোধহয়] এক টাকার লোহা লেগেছে (কোচবি ৭)

কতাবাজ্‌ kɔtabaj বিণ বাচাল talkative (বর্ধমা ১৬)

কতালি (চুল্‌) kɔtali (cul) বিণ কটা (চুল) brownish (hair) (পদিনা ১০)

কতি kɔti দ্র কঁঠ্‌কে (মুর্শিদা ১০)

কতিদ্‌দারি করা kɔtiddari kɔra ক্রি পরিবেশন করা to serve (হুগলি ১) তু আ বা কর্তৃত্বকারী

কতেক্‌ kɔtek বিণ অনেক many কতেক্‌ কহলি তবহু বুঝল্‌ নাহি--অনেক বললাম তবু বুঝল না (পুরুলি ৪) তু আ বা কতক, কত

কতোখান্‌ kɔtokʰan দ্র কত্‌টা (জলপা ৭)

কতোডি kɔtoḍi বিণ কতটা কতোডি হোইছে--কতটা হয়েছে (মুর্শিদা ৫)

কতোড়ি kɔtoɽi দ্র কত্‌গিলা কতোড়ি ফল্‌--কতগুলো ফল (মুর্শিদা ২৪)

কত্তা kɔtta দ্র কত্‌তা (পদিনা ১০)

কথট্‌ kɔtʰɔt বি কথায়, প্রস্তাবে to a proposal তোর্‌ কথট্‌ মোর্‌ মত্‌ ছ্যে--তোর প্রস্তাবে আমার মত আছে (পদিনা ২, ৩)

কথা kɔtʰa দ্র কতি কথা যাবি--কোথায় যাবি? (পুরুলি ৪ মেদিনী ৫) ~ **চালা kɔtʰa cala** বি কথা লাগানো act of alienating someone secretly কথা চালা মেয়ে--লাগানি মেয়ে (মেদিনী ৩৫) ~ **ধরা kɔtʰa dʰɔra** ক্রি কথা বুঝতে পারা, অনুমান করা to guess, to suppose, to conjecture তুমি কথাটই ধোচ্‌চিয় নাই--তুমি কথাটাই বুঝতে পারছ না (বাঁকুড়া ১৬) ~ **ভজানো kɔtʰa bʰɔjano** ক্রি কথার সত্যতা প্রতিপাদন করা to verify the truth (মেদিনী ১৫ হাওড়া ৬)

কঁথা kɔ̃tʰa বি কাঁথা a cotton wrapper made of patch-work (মেদিনী ৮, ১৮, ৩০)

কথান্‌তি kɔtʰanti দ্র কতাবাজ্‌ ছেলেটি খুব কথান্‌তি বটে তো--ছেলেটি খুব বাচাল তো (বর্ধমা ১৫)

কথার্‌ পেট্‌ নেয়া kɔtʰar peṭ nea ক্রি ১ একের কথা অন্যকে লাগিয়ে দেওয়া to whisper malicious and secret report against a person এ মেয়েটা বড় কথার্‌ পেট্‌ নেয়--এ মেয়েটা বড় একের কথা অন্যকে লাগিয়ে দেয় (বাঁকুড়া ৮) ২ অন্যের পেটের কথা বার করে নেওয়া to know secrets through conversation (বাঁকুড়া ১৩)

কদ্‌লা

কথা লোড়া kɔtʰa loɽa দ্র কথা চালা (পদিনা ৯)

কদ্‌গা kɔdga দ্র কত্‌গিলা তাহারে গেরিয়ায় কদ্‌গা মাচ্‌ পড়থল্‌ রে--তাদের পুকুরে কতগুলো মাছ পড়েছিল রে? (মেদিনী ২৬)

কদ্‌গালাখা kɔdgalakʰa দ্র কদ্‌গা উঁদুর্‌ কদ্‌গালাখা ধান্‌ খেয়া গ্যাল--ইঁদুর কতগুলো ধান খেয়ে নিল (মেদিনী ৩৪)

★ **কদ্‌দা দেওয়া kɔdda deŏa** ক্রি উল্টে দেওয়া to turn over উয়ায় কদ্‌দেয়া দেয়--সে উল্‌টে দেয় (কোচবি ৬)

কদ্‌দিন্‌ kɔddin ক্রি বিণ, বি কতদিন how many days, a long time (মেদিনী ৫)

কদ্‌ধনি kɔddʰɔni বি ঘুনসি [কোমরে বাঁধা কার (লাল অথবা কালো রঙের) বা সুতো] a coloured thread worn round the waist (বাঁকুড়া ১, ৩, ৯, ১২) তু কক্ষবন্ধনী

কদ্‌ধুনি kɔddʰuni দ্র কদ্‌ধনি (বাঁকুড়া ৮)

কদ্‌ধুর্‌ kɔddʰur বিণ, ক্রি বিণ কতদূর how long, a long distance (মেদিনী ১১) তু আ বা কদ্দূর

কদ্‌ধোনি kɔddʰoni দ্র কদ্‌ধনি (বাঁকুড়া ৭, ১৬)

কদ্‌বদ্‌ kɔdbɔd বিণ তাড়াতাড়ি quickly কদ্‌বদ্‌ করে কাম্‌ কর্‌ --তাড়াতাড়ি করে কাজ কর (মালদা ৪)

কঁদ্‌বেল্‌ kɔ̃dbel দ্র কঁইত্‌বেল্‌ (পদিনা ৬ বর্ধমা ৫, ৩৪)

কদ্‌ব্যাল্‌ kɔdbæl দ্র কঁইত্‌বেল্‌ (মুর্শিদা ১৭)

কদ্‌মা kɔdma বি মিষ্টিকুমড়ো sweet pumpkin (পদিনা ৩, ৮ মালদা ১১)

কদ্‌মা-জামির্‌ kɔdma-jamir বি বাতাবি লেবু the pomelo, shaddock (মালদা ৬)

কদ্‌লা kɔdla ক্রি [মাঠে] কোদাল দেওয়া to dig with a spade, to spade-work (মেদিনী ১৫)

কদম্‌ঝাড়্‌ kɔdɔmjʰaɽ বি তুবড়ি [একপ্রকার বাজি] a kind of firework (পুরুলি ৫)



কদলি

কদমের্ ঝাল্দা kɔdɔmer jʰaldɑ বি কদম ফুলের একপ্রকার রান্না [কদমফুলের সরু সরু পাপ্ড়িগুলো ফেলে দিয়ে ডুমো ডুমো করে কাটতে হয়। তারপর পাঁচফোড়ন দিয়ে সাঁত্লাতে হয়। পরে পরিমাণ মতো লঙ্কা, নুন, হলুদ, মিষ্টি এবং সরষেবাটা দিয়ে জল দিতে হবে। মাখামাখা হলে রান্না সম্পূর্ণ হবে] a cooking process of *Anthocephalus cadamba* (বীরভূ ৭)

কদলি kɔdɔli বি পুরুল, ধুঁধুল a kitchen-vegetable, *Luffa ægytiaca* (মালদা ৪)

কদা kɔdɑ বি কোদাল the spade কদাটা লিয়ায় ত--কোদালটা নিয়ে আয় তো (মেদিনী ১৯, ২২, ২৬)

কদাইর্ kɔdɑir দ্র কদা (পুরুলি ৫)

কঁদাড়্ kõdɑɽ বি আদাড়-পাঁদাড় a dump, a shabby place surrounded by bushes (মেদিনী ৩)

কদাদ্ kɔdɑd অ, ক্রি বিণ কদাচিৎ, দৈবাৎ rarely, seldom খুব্ কদাদ্ দ্যাখা যায়--খুব কম দেখা যায় (বর্ধমা ১৯)

কদাল্ kɔdɑl দ্র কদা কদাল্ দিয়ে কুড়্তে হবে--কোদাল দিয়ে [মাটি] কাটতে হবে। কদাল্ দিয়ে মাটি চটানো হয়--কোদাল দিয়ে মাটি কোপানো হয় (মেদিনী ৩, ২৭, ২৯, ৩৫ হুগলি ১১)

কদালি kɔdɑli দ্র কদা (পদিনা ২)

কদু kɔdu বি লাউ the bottle-gourd (চব্বিশ ৩৭ জলপা ৯ নদীয়া ৪ পদিনা ২ মেদিনী ১৮)

কদুল kɔdulɔ বি কলাগাছ the banana-tree (মেদিনী ১৮)

কদোর্ kɔdor বি খাতির cordial reception (বর্ধমা ২৬) < কদর

কদোলি kɔdoli বি গুচ্ছ a bunch আক্ কদোলি আম্--একগুচ্ছ আম (বর্ধমা ১৩) তু আ বা কাঁদি < সং স্কন্ধ

কধু kɔdʰu দ্র কদু (মুর্শিদা ১৫)

কন্[১] kɔn বি [বলদের] কুঁজ the hunch of an ox (কোচবি ১, ৩)

কন্[২] kɔn বি কোণ, কোণা [চোখের কোণ, ঘরের কোণ, আঁচলের খুঁট ইত্যাদি বোঝাতে ব্যবহার হয়] corner (চব্বিশ ২৭ জলপা ৭ পদিনা ২, ৭, ৯ মেদিনী ৮, ২৯, ৩৪ হুগলি ৫) দ্র কঁ[২]

কন্[৩] kɔn ক্রি বিণ কোন্ a certain, which one কন্গুলা চাই--কোনগুলো চাই (মেদিনী ১৪)

কন্[৪] kɔn দ্র কঁঠ্কে (চব্বিশ ৩৭)

কন্কন্ করা kɔnkɔn kɔrɑ ক্রি ব্যথা করা to throb with pain, to ache কন্কনাছ্যা--কন্কন্ করছে, ব্যথা করছে (হাওড়া ২০)

★ **কন্কনানো kɔnkɔnɑnɔ** দ্র কন্কন্ করা (পদিনা ২)

★ **কন্কনিয়া kɔnkɔniɑ** বিণ কনকনে [ঠাণ্ডা] biting, piercing [cold] (মেদিনী ১৬, ৩০, ৩১)

কন্কার্ kɔnkɑr ক্রি বিণ, অ কোথাকার from which or what place (নদীয়া ৩) দ্র কঁট্কার্

কন্কে kɔnke বিণ অল্প একটু a little, a few কন্কে দুর্--অল্প দূর (পদিনা ৩)

কন্কোনিজা kɔnkonijɑ দ্র কন্কনিয়া পুকুরের্ জল্টা খুব্ কন্কোনিজা--পুকুরের জলটা খুব কনকনে (মেদিনী ১৪)

কন্কোনিয়া kɔnkoniɑ দ্র কন্কনিয়া কন্কোনিয়া জার্ পোড়িচ্যে--কনকনে শীত পড়েছে (পদিনা ৩)

কন্ক্যে kɔnkɛ দ্র কন্কে কন্ক্যে নুন্ নিয়্যে আয়--অল্প একটু নুন নিয়ে আয় (পদিনা ৩)

কন্গা kɔngɑ বি মাটির দেওয়ালের তাক্ a shelf in a wall made of clay (মেদিনী ৮)

কন্চন্ ফুল্ kɔncɔn pʰul বি কাঞ্চন ফুল *Bauhinia acuminata* (জলপা ৭)

কন্চা kɔncɑ বি ১ কঞ্চি the bamboo twig ২ কাঁটা বাঁশ, বেউড় বাঁশ *Bambusa arnudinacea* কন্চার্ বেড়্--কাঁটা বাঁশের বেড়া (মেদিনী ২০, ২১, ৩৪)

কন্চি শাপ্ kɔnci ʃap বি একপ্রকার সাপ [উত্তরবঙ্গে পাওয়া যায়। খুব সরু। এক বিঘৎ মতো লম্বা, ভীষণ বিষাক্ত] a kind of poisonous snake (জলপা ৬, ৭, ৮)

কন্জা kɔnjɑ বি করম্চা, করঞ্জা [একপ্রকার সবুজ ফল। অত্যন্ত টক স্বাদ। দেখতে ছোট চওড়া শিমের মতো। খোসা কাঠবাদামের মতো শক্ত। খোসা ফাটালে ভিতরে বিচি থাকে। এই বিচি ঘানিতে পিষে তেল হয়। ঐ তেল প্রদীপ জ্বালার কাজে ব্যবহৃত হয়, দরিদ্র মানুষ মাথায়ও মাখে। এছাড়া এই ফল দিয়ে সারও হয়। এর গাছ বৃহদাকার--চল্লিশ-পঞ্চাশ ফুট লম্বা, ডালপালাবিশিষ্ট এবং মোটা] caronda (*Pongamia indica*) (মেদিনী ১৫, ১৯, ২৬, ২৮ হাওড়া ১০) < সং করঞ্জক

কন্‌ঝা kɔnjʰɑ দ্র কন্‌জা (হাওড়া ১০)

কন্‌টা kɔnʈɑ বিণ কোন্‌টা which one কন্‌টা তখন ওর্‌কুম্‌টা হৈতনি?--কোন্‌টা (কোন জিনিসটা) তখন এরকমটা হত না? (মেদিনী ৮)

কন্‌টাহার্‌ ঠাকুর্‌ kɔnʈɑhɑr tʰɑkur বি অগ্রদানী ব্রাহ্মণ a brahmin who receives offerings on behalf of a dead person's soul and consequently is socially degraded (কোচবি ২)

কন্‌ঠমনি kɔntʰɔmɔni বি যে নারীর পুরুষের মতো ভাব ও লক্ষণ প্রকাশ পায় [নারীর গোঁফ-দাড়ি পর্যন্ত হয়] a woman revealing the signs of a man (পুরুলি ১২)

কন্‌ঠমালা kɔntʰɔmɑlɑ বি [গরুর] গলকম্বল a dewlap (পুরুলি ৭)

কন্‌ঠসিলিশা kɔntʰɔsiliʃɑ বি টন্‌সিল ফোলা [রোগ] inflamation of tonsil (মালদা ১১)

কন্‌ঠা kɔntʰɑ বি মানুষের শরীরের গলার কাছের গোল হাড় [কারো কারো গলার কাছে কণ্ঠনালী খুব উঁচু হয়ে থাকে। তাকে 'কন্‌ঠা' বলে। যাদের উঁচু হয়ে থাকে না, এমন কণ্ঠনালীকে বলে 'শাঁশি'] the collar bone (বর্ধমা ২০ হাওড়া ৩) ~ **কাব্‌জি kɔntʰɑ kɑbji** বি গরুর গলার ঘা a sore in the throat of a cow (মেদিনী ২০) ~ **ঘা kɔntʰɑ gʰɑ** বি মানুষের গলার ঘা a throat-sore of a person (মেদিনী ২০)

কন্‌ঠ্যে kɔntʰɛ ক্রি বিণ কোথা থেকে whence, where from ইটা তুই কন্‌ঠ্যে পালি--এটা তুই কোথায় পেলি? (মেদিনী ১২)

কন্‌তে kɔnte দ্র কঁঠ্‌কে কন্‌তে রোয়েচে--কোথায় রয়েছে (চব্বিশ ২৩)

কন্‌থে kɔntʰe দ্র কঁঠুরু কন্‌থে এনেচে--কোথা থেকে এনেছে? চিন্‌বে কন্‌থে--চিনবে কোথা থেকে? [কি করে] (চব্বিশ ১০, ২১) < কন্‌ (-কোথা) + থে (-থেকে)

কন্‌না[১] kɔnnɑ বি কনে a bride (জলপা ৭) দ্র কইনা ২

কন্‌না[২] kɔnnɑ বি একজাতীয় ছোট লেবু a lemon of small size (মালদা ১)

কন্‌নিকার kɔnnikɑr বিণ কর্মঠ hard-working (মেদিনী ১৫)

কন্‌নু kɔnnu ক্রি করলাম have done মান্‌শিক্‌ কন্‌নু--মানসিক করলাম (হুগলি ৪)

কনক্‌ আচুলি kɔnɔkɑculi বি কনকাঞ্জলি [বিয়ের অনুষ্ঠান বিশেষ] a ritual in marriage (চব্বিশ ২৭)

কন্‌ঠমালা

কনক্‌চুড়্‌ kɔnɔk cuɽ বি একপ্রকার ধান [মোটা এবং সাদা দেখতে, খৈ তৈরির উপযোগী ধান] a kind of paddy (চব্বিশ ১১ বীরভূ ১৪)

কনক্‌চোয়া আউশ্‌ kɔnɔkcoɑ ɑuʃ বি একপ্রকার আউশ ধান [এই ধান সাধারণত আশ্বিন মাসে কাটা হয়] a kind of paddy (মুর্শিদা ১৬) দ্র কনক্‌চুড়্‌

কনক্‌ লাগা kɔnɔk lɑgɑ ক্রি কোমরে ব্যথা হওয়া pain in waist (বাঁকুড়া ১১)

কনটা kɔnɔʈɑ বিণ কোনোটা any কনটা ঠিক্‌ আর্‌ কনটা বা ঠিক্‌ লাই--কোনোটা ঠিক আর কোনোটা বা ঠিক নেই (বাঁকুড়া ১২)

কনা[১] kɔnɑ বি অঙ্কুর a sprout বিচ্‌টা কনাইচে--বীজটার অঙ্কুর বেরিয়েছে (পদিনা ৭, ১০, ১২)

কনা[২] kɔnɑ বি ফুটো [কাপড়, কলসি প্রভৃতির] a hole, a leak (মেদিনী ১৮)

কনা[৩] kɔnɑ বিণ কানা one-eyed (মেদিনী ১৮)

কনা[৪] kɔnɑ বি কনুই the elbow (পদিনা ১২)

কনা[৫] kɔnɑ বি ধান, চাল, চিঁড়া, মুড়ি প্রভৃতি মাপার পাত্রবিশেষ [এটি সাধারণত বেতের তৈরি হয়ে থাকে। তবে কোথাও কোথাও (বাঁকুড়া ৩) অ্যালুমিনিয়ামের বা কাঠের তৈরি। কোথাও বা (মেদিনী ২৫) কাঠ, পিতল, লোহার তৈরি। এর মাপও বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের। প্রায় আড়াইশো গ্রাম (বাঁকুড়া ৩) পাঁচশোর কিছু বেশি (বাঁকুড়া ৫ মেদিনী ২৫)। তিন কনাতে একসের (মেদিনী ২৫) এক 'কনা'তে চার মুঠো পরিমাণ হয় (মেদিনী ২৫)] a vessel for measuring dry rice, pigeon-pulses etc (বাঁকুড়া ৩, ৫ মেদিনী ৩, ৭, ২৫)

কনা[৬] kɔnɑ ক্রি বিণ একটু little, just a little আর্‌ কনা পর্‌যে যাম্‌--আর একটু পরেই যাব (পদিনা ৭, ১০, ১২)

কনাই kɔnɑĭ দ্র কনা[৪] (হাওড়া ৮, ১০, ১২)

কঁনাটি kɔ̃nɑʈi বি ক্ষুদ্র অংশ a small portion চালের্‌ কঁনাটি--চালের খুদ (মেদিনী ১৫)

কনানা kɔnɑnɑ বি যন্ত্রণা pain (মেদিনী ১৪)

কপ্‌তা পাখি

★ **কনানো kɔnɑno** ক্রি অঙ্কুরিত হওয়া to sprout (পদিনা ৭, ১০, ১২)

কনার্ kɔnɑr বি কর্নার [ফুটবল খেলার একটি বিধি] corner (কোচবি ২)

কনি[১] kɔni দ্র কনা[৪] (মেদিনী ৩৩)

কনি[২] kɔni বি সুপারির ফুল the flower of betel-nut (জলপা ৭)

কনি[৩] kɔni দ্র কইন্‌চা (পুরুলি ৪)

কনিক্ kɔnik বি কণা a very small particle, granule (পদিনা ৩)

কনুই kɔnuĭ দ্র কইন্‌চা (পুরুলি ৯)

কনে[১] kɔne দ্র কঁঠ্‌কে কনে আচে--কোথায় আছে? কনে মারবো--কোথায় মারবো? কনে গেইলি--কোথায় গেছলি? কনে গেলি, খাইয়ে লে--কোথায় গেলি, খেয়ে নে (চব্বিশ ২১, ৩৬ নদীয়া ৫, ১১)

কনে[২] kɔne সর্ব কে who তকে কনে হাঁকাও--তোকে কে ডাকছে? (পুরুলি ৪)

কনেক্ kɔnek ক্রি বিণ, বিণ অল্প, একটু, কিছুটা, একটুখানি, একটুকরো small amount, just a little, a few etc. (কোচবি ৫ জলপা ৩, ৭ দার্জিলি ১, ২, ৩, ৪ পদিনা ২, ১৩) খাওয়ার্ পশ্চাদ্ মোর্ কনেক্ আল্‌সি না মারলে চলে না--খাওয়ার পরে আমার একটু আলস্য [বিশ্রাম] না করলে চলে না (জলপা ৩) ভয় নাগেশে, মোক্ কনেক্ আগে দ্যাও--ভয় করছে, আমাকে একটু এগিয়ে দাও (জলপা ৭) কনেক্ নুন্ দাও--এক চিম্‌টি নুন দাও (দার্জিলি ১) কনেক্ লেম্বু--এক টুকরো লেবু (দার্জিলি ৩৩), কনেক্ তেল দাও--একটুখানি তেল দাও (দার্জিলি ৪) ~ **চুর্ kɔnek cur** দ্র কনক্‌চুড় [এই ধান খই তৈরির উপযোগী] (চব্বিশ ৩)

কনের্ ঘর্ kɔner gʰɔr বি আঁতুড়ঘর [ছোঁয়াছুঁয়ির ব্যাপার এবং জীবাণু ছড়ানোর আশঙ্কায় কোণের ঘরে প্রসূতি ও নবজাত শিশু রাখা হয়] a labour room (পদিনা ৮)

কনোকান্‌জোনি kɔnokɑnjoni বি কনকাঞ্জলি [এখানে কনকাঞ্জলি দেবার সময় মেয়ে এই ছড়া বলে--"ইঁদুর মাটি রইল ঘরে, আমি যাচ্ছি পরের ঘরে"] a ritual in marriage (মেদিনী ২৫) দ্র কন্‌ক আচুলি

কপ্ kɔp বি কফ্ cough, mucus (বর্ধমা ২৩)

কপ্‌কপ্ kɔpkɔp অ নিশ্‌পিশ্ word indicating sense of itching or restlessness to do anything হাতখান্ মোর্ কপ্‌কপাহা--হাতটা আমার নিশপিশ্ করছে (পদিনা ৪)

কপ্‌চা kɔpcɑ বি মণিবন্ধ, কব্জি the wrist (পদিনা ১৪ বর্ধমা ২১ বীরভূ ৯ মালদা ২ মুর্শিদা ১৭)

কপ্‌টি kɔpṭi বি হাঁড়ির ঢাকা [পোড়া মাটির তৈরি] a lid of an urn, made of burnt-clay (বর্ধমা ৪)

কপ্‌ড়া[১] kɔpɽɑ দ্র কন্‌ঠমালা (মেদিনী ৩০)

কপ্‌ড়া[২] kɔpɽɑ বি কাপড় cloth কপ্‌ড়ার্ বুক্‌চি--কাপড়ের পোঁট্‌লা (মেদিনী ৩০)

কপ্‌তা পাখি kɔptɑ pɑkʰi বি শিক্‌রা বা ছোট বাজপাখি [এক প্রকার শিকারি পাখি। চিলের থেকে একটু ছোট আকারের ধূসর রঙের এই পাখি খুব রাগী এবং মাংসাশী। ছোট ছোট পাখি ধরে খায়। কোনোরকম ডাকে না, শুধু 'হুম্‌হুম্' আওয়াজ করে] hawk, a kind of hunter-bird (বাঁকুড়া ৭, ১৬ মেদিনী ৯)

কপর্ kɔpɔr বি কবরখানা a tomb, a graveyard (দার্জিলি ৩)

কপা[১] kɔpɑ বি কপাল the forehead (মেদিনী ৩৪)

কপা[২] kɔpɑ ক্রি তাচ্ছিল্যভরে কথা বলা to treat with slight, to disregard (মেদিনী ১৫)

কপা[৩] kɔpɑ বিণ গোপন স্থান secret place (মেদিনী ১৫)

কপাট্[১] kɔpɑṭ বি মাছের কান্‌কো the gill of a fish (চব্বিশ ১০)

কপাট্[২] kɔpɑṭ বি ১ দরজার পাল্লা leaf of a door; shutter moving on a hinge (পদিনা ৬ বীরভূ ৮) ২ দরজা the door (বর্ধমা ৮, ১১, ২০ বাঁকুড়া ৫ মালদা ২ মুর্শিদা ২ মেদিনী ৫, ১১, ১৩ হাওড়া ৬) য্যামন্ চাইট্‌টা কপাট্ ইয়ার্--যেমন চারটে দরজা এর (বাঁকুড়া ৫), কপাটটা ঢেক্‌কে খুল্যে দিচ্ছি--দরজাটা ধাক্কা মেরে খুলে দিচ্ছি (মুর্শিদা ২) ~ **ঝাল্ kɔpɑṭ jʰɑl** দ্র কপাট্[২] ১ (হুগলি ১২)

কপাটি[১] kɔpɑṭi বি ১ দাঁতের পাটি (বর্ধমা ২৫) the row of teeth, the line of teeth ২ চোয়াল the jaw (বর্ধমা ২৫)

কপাটি[২] kɔpɑṭi বি কানের লতি lobe of an ear (বর্ধমা ১)

কপাটি খ্যালা kɔpaṭi kʰæla বি হা-ডু-ডু খেলা a kind of rural game (মেদিনী ৩৪)

কপাটের ঝাল্ kɔpaṭer jʰal দ্র কপাট্[২] ১ (হুগলি ১২)

কপাড়্ kɔpaṛ বি ভাগ্য, অদৃষ্ট fate কপাড়্টা হশত্‌কে দ্যাখ্--কপালটা (ভাগ্যটা) হাত্‌ড়ে দ্যাখ্ (পুরুলি ৯)

কপাল্ kɔpal বি খেজুর গাছের কাণ্ডের চাঁচা অংশ [খেজুর গাছের রস বের করার জন্য মাথার দিকের কিছু অংশ চেঁচে পরিষ্কার করা হয়। ঐ চাঁচা অংশকে কপাল বলে। কোথাও কোথাও ইংরাজি 'ভি' আকারের দাগ কাটা হয় এবং তাকে 'কপালি' কিংবা 'চাদি' বলা হয় (চব্বিশ ২০)] the scraped portion of the stem of a date palm tree for exudation (নদীয়া ৩)

কপাল্‌চাঁদা (গোরু) kɔpalcãda (goru) বিণ চাঁদকপালি গরু [সর্বাঙ্গ কালো শুধু কপালের অংশ সাদা, এমন গরু] a black cow with white forehead (হাওড়া ৩)

কপাল্‌চান্দা (গোরু) kɔpalcanda (goru) দ্র কপাল্‌চাঁদা (গোরু) (বর্ধমা ১৬)

কপাল্‌চিটা (গোরু) kɔpalciṭa (goru) দ্র কপাল্‌চাঁদা (গোরু) (পদিনা ৭)

কপাল্‌চিতা (গোরু) kɔpalcita (goru) দ্র কপাল্‌চাঁদা (গোরু) (পদিনা ১৪ মুর্শিদা ১৭)

কপাল্‌চিতি (গোরু) kɔpalciti (goru) দ্র কপাল্‌চাঁদা (গোরু) (নদীয়া ৬)

কপাল্‌চিতে (গোরু) kɔpalcite (goru) দ্র কপাল্‌চাঁদা (গোরু) (নদীয়া ৯ বর্ধমা ৫ বীরভূ ৫, ১১)

★ **কপাল্ ছানা kɔpal cʰana** ক্রি ভ্র কোঁচ্‌কানো, কপাল কোঁচকানো to contract one's eyebrows কপাল্ ছিনিয়ে কথা কোচ্ছো কেন?--কপাল কুঁচ্‌কে কথা বলছো কেন? (চব্বিশ ২৭)

কপাল্ টোকা খ্যালা kɔpal ṭoka kʰæla বি একপ্রকার প্রাঙ্গণের খেলা [কিশোর-কিশোরীরা দুই দলে বিভক্ত হয়ে প্রাঙ্গণে এই খেলা খেলে। প্রতি দলে চার-পাঁচজন করে খেলোয়াড় থাকে এবং একজন করে দলনেতা বা রাজা থাকে। 'ক' দলের নেতা 'খ' দলের কোনো একজন খেলোয়াড়ের দুই চোখ টিপে বন্ধ করে রাখে এবং নিজের দলের একজন খেলোয়াড়ের নকল নাম ধরে ডাকে। এইরকম নকল নাম সকলেরই দেওয়া থাকে, যা শুধু তার দলনেতাই জানে। দলনেতা যাকে ডাকে, সে তার নির্দেশ অনুসারে চোখ বন্ধ করা খেলোয়াড়ের মাথায় একটি টোকা মেরে ফিরে যায়। ফিরে গিয়ে নিজের জায়গায় বসে সহ-খেলোয়াড়দের সঙ্গে ছড়া বলতে থাকে। এমন স্বাভাবিক আচরণ করে যে, যার মাথায় টোকা মেরেছে, সে না বুঝতে

কপালি[৩]

পারে। চোখ খুলে দেওয়ার পরে ঐ খেলোয়াড়কে জিজ্ঞাসা করা হয়, কে মেরেছে। যদি সে সঠিক বলতে পারে, তবে একলাফে যতটা সম্ভব বেশি যাওয়া যায়, ততটা সে বিপক্ষের ঘরের দিকে যাবে। আর যদি সে ঠিক না বলতে পারে, তবে যে মেরেছিল সে এক লাফ বিপক্ষের ঘরের দিকে যাবে। এরপর এই খেলোয়াড়দের নকল নাম আবার বদলে যাবে। এইভাবে সমস্ত খেলোয়াড়ের নাম বারবার বদলে যায়। যখন একদলের সমস্ত খেলোয়াড় লাফ দিয়ে দিয়ে বিপক্ষের ঘর অতিক্রম করে যাবে, তখন সেই দল জিতবে। এই খেলা বিভিন্ন জায়গায় বিভিন্ন নামে প্রচলিত আছে। যেমন, 'চিংড়ি মাছে ঝাল লেগেছে খেলা' (হাওড়া ১, ৮) a rural outdoor game (কোচবি ২, ৩)

কপাল্‌মোচন kɔpalmocɔn বি রাহুমুক্তি end of evil days; regaining of fortune and happiness (মেদিনী ১৫)

কপালি[১] kɔpali দ্র কপাল্ (চব্বিশ ২০ নদীয়া ১, ১০ ১২, ১৩ হুগলি ৯)

কপালি[২] kɔpali বিণ উঁচ্‌কপালি having a protuberant convex forehead [unfortunate in the case of woman] (বর্ধমা ১২)

কপালি[৩] kɔpali বি শোলার তৈরি মুকুটের অংশবিশেষ a portion of a coronet made of hat plant (চব্বিশ ১১)

কপালি[৪] kɔpali বিণ পয়মন্ত, লক্ষ্মীমন্ত prosperous, wealthy, auspicious (কোচবি ৮)

কপালি[৫] kɔpali বি চৌকাঠের উপরে বিছানো কাঠ বা পাথর [দরজা জানালার চৌকাঠের উপরদিকে দেওয়ালের সম-প্রস্থে কাঠ বা পাথর বিছিয়ে দেওয়া হয়। তার উপর আবার দেওয়াল বসে] lintel (বাঁকুড়া ৫ মুর্শিদা ১৫)

কপালিয়া kɔpalia দ্র কপালি[৪] কপালিয়া বোহু--লক্ষ্মীমন্ত বউ। কপালিয়া ছাওয়া--লক্ষ্মীমন্ত ছেলে (পদিনা ১১, ১৩)

কপালিয়ানি kɔpaliani বিণ ভাগ্যবতী foretunate, lucky (পদিনা ১১)

G-146563

কব্জা[২]

কফন্ kɔpʰɔn বি মৃতদেহ আচ্ছাদনের নতুন কাপড় a shroud (মালদা ১১ মুর্শিদা ১১)

কফিপাতা চুড়ি kɔpʰipata cuɽi বি একপ্রকার অলঙ্কার [হাতে পরার চুড়ি। রুপোর তৈরি। দুই ইঞ্চি চওড়া। এই চুড়িতে খিল লাগানো থাকে। একে 'খোইচুর্'ও বলা হয়] a type of ornament [a variety of thin bangle] (মেদিনী ৩৪)

কব্ kɔb ক্রি বিণ কবে, কখন when হাতা কব্ অউল্--এখানে কবে এলে? উঠে কব্ গেইলো--ওখানে কখন গেছলি? মন্ডা থর্পড়াছে, কব্ উয়াক্ মি দেখিম্--মনটা ছট্ফট্ করছে, কবে তাকে আমি দেখবো (পদিনা ২, ৯)

কব্কব্ kɔbkɔb ক্রি বিণ টগবগ the bubbling noise made by water or any other liquid when being boiled কব্কব্ করে ভাত্ ফুট্তেছে--টগবগ করে ভাত ফুটছে (হাওড়া ১০)

কব্কে kɔbke দ্র কব্ কব্কে কব্কে যাবি--কবে কবে যাবি। কব্কে আইলে--কবে এলে? তুই কব্কে যাবি--তুই কবে যাবি? (বাঁকুড়া ১৫, ১৬)

কব্জা[১] kɔbja দ্র কপ্চা (নদীয়া ১ পদিনা ২ পুরুলি ৩ বর্ধমা ১৫, ১৬, ২০, ২৫ মুর্শিদা ১১ মেদিনী ৩, ১৭, ২৭ হাওড়া ১, ৮, ১০ হুগলি ১১, ১৫)

কব্জা[২] kɔbja বি পায়ের গাঁট a joint, a knuckle [in leg] (মুর্শিদা ২৪)

কব্জা[৩] kɔbja বি খপ্পর, দখল clutches, grips ছাওয়াডা উয়ার্ কব্জাত্ পোরি গিচ্যে--ছেলেটা ওর খপ্পরে পড়ে গেছে। জোমিখান্ উয়ার্ কব্জাত্ ছ্যে--জমিটা ওর দখলে আছে (পদিনা ৩) ~ **গিঁট kɔbja gĩt** বি একপ্রকার দড়ির গিঁট [খুব শক্ত করে বাঁধার কাজে এই গিঁট ব্যবহার হয়। সাধারণত ঘর ছাওয়ার কাজেই দড়ির এই ব্যবহার হয়] a hard knot [on a string] (চব্বিশ ২১)

কব্জা[৪] kɔbja বি দেহের যে কোনো সংযোগস্থল any joint of body (চব্বিশ ২১) তু কব্জা[১], কব্জা[২]

কব্তর্ kɔbtɔr দ্র কইতর্ (পদিনা ১)

কব্বোর্ kɔbbor দ্র কপর্ (কোচবি ২)

কব্বোর্ আড়ি kɔbbor aɽi দ্র কপর্ (নদীয়া ৯)

কব্বোর্ডাংগা kɔbbor ɖaŋga দ্র কপর্ (বর্ধমা ৮)

কব্রাজ্ সাল্ kɔbraj sal বি এক প্রকার আমনধান [দেখতে সাদা এবং মোটা] a kind of autumnal paddy (মেদিনী ৩৪)

কব্রাল kɔbral বি শ্মশান cremation ground (পদিনা ৩) তু কবর

কব্রি সাই kɔbri saĩ দ্র কব্রাজ্ সাল্ (মেদিনী ২৭)

কব্লা kɔbla বি দরজার খোলা পাল্লার পিছনের দিকের দেওয়ালের উভয়দিকের অংশ [সাধারণভাবে দরজার দুটি পাল্লা ঠেলে ঘরে ঢুকতে গেলে দেওয়ালের দুইদিকের দুটি পাল্লা ধাক্কা খেয়ে থেমে যায়। পাল্লার পিছনের দিকে দুইপাশের দেওয়ালের অংশকে বলা হয় 'কব্লা'] both portions of the wall which are behind of the leaves of open door (বীরভূ ৮)

কবচ্কাটি kɔbɔckaṭi বি একপ্রকার সোনার হার [নক্সা করা ফাঁপা কবচের মতো বা টুকরো টুকরো কাঠির মতো দেখতে। সুতো দিয়ে গেঁথে গলায় পরা হয়] a kind of gold chain (জলপা ৭)

কবর্গুড়ি kɔbɔrguɽi দ্র কব্বর্ (দার্জিলি ৩ পদিনা ৯)

কবর্শাল্ kɔbɔrʃal দ্র কব্বর্ (মেদিনী ২৫)

কবশ্তান্ kɔbɔʃtan দ্র কব্বর্ (পদিনা ২) তু আ বা কবরস্থান

কবা kɔba দ্র ক[১] (মালদা ৮)

কবাং kɔbaŋ বি জলে ঢিল ফেলার শব্দ [টুব্ করে যে শব্দটা হয়] the sound caused by throwing stone into the water কবাং কোর্যে শব্দ হোইল--জলে টুব্ করে শব্দ হলো (বাঁকুড়া ১৩)

কবাট্ kɔbaṭ ১ দ্র কপাট্[২] ১ (চব্বিশ ১৭, ২৭ জলপা ৭) ২ দ্র কপাট্[২] ২ (চব্বিশ ১৯, ২৭ মেদিনী ২, ৬, ৮, ১৪, ১৭, ২১, ৩৪) কবাট্টা আড়ি দাও--দরজাটা ভেজিয়ে দাও (মেদিনী ২)

কবার্ kɔbar অস ক্রি বলতে to speak কবার্ পামু না--বলতে পারবো না (জলপা ২)

কবাল্ kɔbal দ্র কপা[১] (চব্বিশ ১২)

কবি kɔbi বি কপি the cauliflower or cabbage (মালদা ৩)

কবিতোর্ kɔbitor দ্র কব্তর্ (বীরভূ ৯ মুর্শিদা ২০)

কবিরাচ্ kɔbirac বি কবিরাজ a physician who follows the Ayurvedic system of treatment (পদিনা ৭)

কবিরাজ্ kəbiraj বি ওঝা [মাদুলি, ঔষধ প্রভৃতি দেন এবং ঝাড়ফুঁকও করেন] a quack professing to have power of curing snake-bites and other morbidities (চব্বিশ ১০)

কবুতর্ kəbutər দ্র কব্‌তর্ (জলপা ২, ৫)

কবোচ্ করা kəboc kəra ক্রি আয়ত্তে আনা, বোতলবন্দী করা to control তোমার্ দম্ কবোচ্ কর্‌বো--তোর বীরত্ব নস্যাৎ করবো (মুর্শিদা ২২)

কবোর্‌ডাঙা kəbordaŋa দ্র কব্‌বোর্ (চব্বিশ ১৮)

কম্ kəm দ্র কঁঠুরু কম্ থেইকে এলে--কোথা থেকে এলে (নদীয়া ১২)

কম্ করা kəm kəra ক্রি [মাটি] ঝুরঝুরে করা to free from moisture (clay, mud) চাশ্ দিয়ে দিয়ে মাটিটাকে খুব্ কম্ কর্‌তে হয়--চাষ দিয়ে দিয়ে মাটিটাকে খুব ঝুরঝুরে করতে হয় [যেন ঢিল, পাথর ইত্যাদি একেবারে না থাকে] (বাঁকুড়া ৩)

কম্‌চি kəmci দ্র কইন্‌চা (মুর্শিদা ১১)

কম্‌নে kəmne ক্রি বিণ কোন্‌দিকে, কোথায় whither, to or on which side, where (চব্বিশ ২১ নদীয়া ৯, ১০, ১১ বর্ধমা ৯ মেদিনী ১১, ১৭ হাওড়া ১, ৮) নেতা কম্‌নে গ্যাল--নেতা কোন্‌দিকে গেল? (নদীয়া ৯) কম্‌লে গেইলি--কোথায় গিয়েছিলি? (নদীয়া ১১) কম্‌নে যাবি--কোন্‌দিকে যাবি? (মেদিনী ১৭) ছেনাটা কম্‌নে গ্যালো--ছেলেটা কোন্‌দিকে গেল? (হাওড়া ১, ৮)

কম্‌পট্ kəmpəʈ বি মাফ্‌লার্ a muffler (মেদিনী ১১) < ইং comforter

কম্‌পাট্ kəmpaʈ দ্র কম্‌পট্ (চব্বিশ ১)

কম্‌বল্ kəmbəl দ্র কন্‌ঠমালা (চব্বিশ ২৩ পুরুলি ৮)

কম্‌বল্ কাঁটা kəmbəl kãʈa বি জাড়কাঁটা বা শীতকাঁটা goose-flesh caused by (sudden) sensation of cold (বাঁকুড়া ৭)

কম্‌বোল্ kəmbol দ্র কম্‌বল্ (মেদিনী ২৫)

কম্‌মফল্ kəmməpʰɔl বি কর্মফল consequences of one's actions [esp. of a previous life] that governs one's weal or woe (মেদিনী ৬)

কম্‌মল্ kəmməl বি কম্বল a blanket (মেদিনী ৬)

কম্‌মো kəmmo বি শ্রাদ্ধানুষ্ঠান [এই শ্রাদ্ধানুষ্ঠানে আড়ম্বর কম করা হয়। অল্প লোকজন খাওয়ানো হয়। বেশি লোক নিমন্ত্রণ করে বড় আয়োজন করলে সেই শ্রাদ্ধানুষ্ঠানকে 'দেশাল্' বলে] a ceremony respectful and well-wishing offering to the manes, obsequies, *Sraddha* (হাওড়া ১০) < কর্ম

কম্‌রহ kəmrəhɔ দ্র কঁখ্ (মেদিনী ৩১)

কবুতর্

কম্‌রা kəmra দ্র কঁখ্ (মেদিনী ৮)

কম্‌লা গাই kəmla gaĩ বি সম্প্রতি প্রসবিতা গাভী a cow recently delivered (হাওড়া ১, ৮)

কম্‌লানা kəmlana ক্রি প্রসব করা to give birth গাইটা কম্‌লাবে--গাইটার বাচ্চা হবে (পুরুলি ১১) হাম্‌দের্ গাইটা ই মাসেই কম্‌লাবেক্--আমাদের গাইটার এ মাসেই বাচ্চা হবে (পুরুলি ১২) গাইটা কমলাইব্যাক্--গাইটার বাচ্চা হবে (বাঁকুড়া ১৮)

কম্‌লানো kəmlano দ্র কম্‌লানা (পুরুলি ১৩ বাঁকুড়া ৩, ৫, ৭, ১৮ মেদিনী ১২) গাইটা কম্‌লাইছে--গাইটার বাচ্চা হয়েছে (পুরুলি ১৩ বাঁকুড়া ৭, ১৮) গাইটা কম্‌লাইন্‌ছে--গাইটা প্রসব করেছে (বাঁকুড়া ৫)

কম্‌লা বাচুর্ kəmla bacur বি নবজাত বাছুর বা ছোট বাছুর [দুই তিন মাস বয়স পর্যন্ত বাছুরকে 'কম্‌লা বাচুর্' বলে] a new-born calf (হাওড়া ১, ৩, ৮)

কম্‌লিলতা kəmlilətɔ বি কল্‌মি লতা an edible aquatic plant (মুর্শিদা ২০)

কম্‌হর্ kəmhər দ্র কঁখ্ (মেদিনী ২০)

কম kəmɔ ক্রি বলব (I shall) speak ইহার্ চাহা আর্ কি বেশি কম--এর চেয়ে আর কি বেশি বলব? (পদিনা ২, ৩) তু কইব

কমই kəmɔĩ বি মই [চাষের কাজে ব্যবহৃত হয়। বাঁশের তৈরি, সিঁড়ির মতো সরু। জমিতে সাধারণত বড় বড় মাটির ঢেলা ভাঙার জন্য ব্যবহৃত হয়] the ladder used in harrowing clods (চব্বিশ ১১) < কোয়া + মই

কমড়ের্ গোট্ kəmɔʈer goʈ বি কোমরের গোট [অলঙ্কার বিশেষ] an ornamental metal girdle of women (জলপা ১)

কমর্ kəmər দ্র কঁখ্ (জলপা ৭, ৯ মেদিনী ৫, ১৯, ২২, ২৬, ২৯, ৩৪) কমর্‌টা কাল্‌নু বথা বথা কর্‌ছে--কোমরটা কাল থেকে ব্যথা ব্যথা করছে (মেদিনী ১৯, ২২, ২৬) কাপড়্‌টা সাঁইটা লে কম্‌রে--কাপড়টা কোমরে বেঁধে নে (মেদিনী ২৯)



কঁয়া[৩]

কমর্‌কোচ্‌ kɔmɔrkoc দ্র কমড়ের্‌ গোট্‌ (দার্জিলি ৩)

কমর্‌দোড়ি[১] kɔmɔrdoɽi দ্র কদ্‌ধনি (মেদিনী ২৯, ৩৩)

কমর্‌দোড়ি[২] kɔmɔrdoɽi বি খাটিয়ার আড়ের দিকে বাঁধা দড়ির গোছা [এর উপরেই মাঝের বুনোট আটকানো হয়] a bunch of ropes used to prepare a cot (মেদিনী ১২)

কমর্‌শাটা kɔmɔrʃaɽa বি কোমরবন্ধনী the waist belt (পদিনা ১১)

কমলা kɔmɔla দ্র কম্‌লা বাচুর্‌ (পুরুলি ১৪)

কমা দাম kɔma dam বিণ সস্তা cheap (বাঁকুড়া ৫)

কমোর্‌ kɔmor দ্র কঁখ্‌ (চব্বিশ ৩১)

কমোর্‌দাড়ি kɔmordaɽi বি শিরদাঁড়া the spinal cord (পদিনা ১২)

কয়[১] kɔĕ সর্ব কে who কয় জানে--কে জানে (জলপা ৭)

কয়[২] kɔĕ দ্র কঁঠ্‌কে কয় ডাক্‌চে--কোথায় ডাকছে? (হুগলি ১৮)

কয়আ kɔĕa দ্র কঁ[১] (পদিনা ১০)

কয় করা kɔĕ kɔra ক্রি বমি করা to vomit (মুর্শিদা ৩)

কয়ঠা kɔĕtʰa দ্র কইঠা (দার্জিলি ৩)

কয়ড়া kɔĕɽa দ্র কওড়া (বাঁকুড়া ১২, ১৮)

কয়ড়্যা kɔĕɽæ দ্র কইড়া কয়ড়্যা চোখ্‌--কটা চোখ (বীরভূ ৯)

কয়থা kɔĕtʰa দ্র কইঠা (পদিনা ১৫ মালদা ৫)

কয়দা kɔĕda বি মাটির সরা a shallow earthen plate (বর্ধমা ২০)

কয়না kɔĕna বি কনে the bride (মালদা ৩)

কয়রা kɔĕra দ্র কয়ড়্যা (নদীয়া ৯ পদিনা ১, ৭, ১৪ বর্ধমা ৫ বীরভূ ৭, ১১ মালদা ১০, ১১ মুর্শিদা ২) কয়রা চোক্‌--কটা চোখ (নদীয়া ৯) কয়রা চোখা--কটা চোখো (পদিনা ১ মালদা ১১) কয়রা চুল্‌--কটা চুল (পদিনা ১৪) কয়রা চোক্‌--কটা চোখ (পদিনা ৭, ১৪ বর্ধমা ৫ বীরভূ ৭, ১১ মালদা ১০) কয়রা চোইখা--কটা চোখো (মুর্শিদা ২, ১৪)

কয়রি জোমি kɔĕri jomi বি একখণ্ড জমি [যে কোনো ছোট মাপের জমি, এক বিঘা পরিমাপের মধ্যে] any small piece of land (বীরভূ ১২)

কয়লা চুল্‌ kɔĕla cul বি তেলহীন লাল্‌চে চুল brownish hair (মালদা ৬) দ্র কয়রা

কয়লা বাছুর্‌ kɔĕla bacʰur দ্র কম্‌লা বাচুর্‌ (বর্ধমা ১৫, ২৬ বাঁকুড়া ৩, ১৪)

কয়লার্‌ গু kɔĕlar gu বি পোড়া দলা বা তাল পাকানো কয়লা [কামারশালের 'জ্বালমুখে' অর্থাৎ যেখানে আগুন জ্বলে সেখানকার কয়লা পুড়ে দলা বা তাল পাকিয়ে যায়। তারই গ্রাম্য নাম 'কয়লার গু'] a lump of burnt coal (বর্ধমা ৬, ২০)

কয়শা kɔĕʃa দ্র কওড়া (চব্বিশ ৩৩)

কয়শের্‌ দাঁত্‌ kɔĕʃer dãt বি কষের দাঁত a molar tooth (বর্ধমা ২৫ হুগলি ১২)

কয়হা kɔĕha দ্র কট্‌কোটে (মেদিনী ১৮)

কয়া[১] kɔĕa দ্র কয়আ (কোচবি ৬ জলপা ৪ পদিনা ১১ মালদা ৪)

কয়া[২] kɔĕa দ্র ক[৪] (চব্বিশ ২৩ মুর্শিদা ২৪)

কঁয়া[১] kɔ̃ĕa দ্র কয়আ (জলপা ৭ কোচবি ২, ৩)

কঁয়া[২] kɔ̃ĕa বি জলকণা a little or small drop of water জ'য়ের কঁয়াগা ছিট্‌কি আসছে--বৃষ্টির কণাগুলো ছিট্‌কে আসছে (মেদিনী ২৬)

কঁয়া[৩] kɔ̃ĕa বি নখ nail (কোচবি ৭)

কঁয়া[৪] kɔ̃ĕa বি কোনা edge থা'র্‌ কঁয়াটা ভাঙিছে--থালার কোনাটা ভেঙে গেছে (মেদিনী ২৬)

কয়াড়ি kɔĕaɽi দ্র কয়রি জোমি (বর্ধমা ২)

কয়া ধান্‌ kɔĕa dʰan বি একপ্রকার আউস ধান [এই ধান সাদা, মোটা এবং শুঁয়াযুক্ত। অন্যান্য আউস ধানের নাম--কুস্‌মা ধান, আস্‌নলা, মাজি, খেঁজুর্‌থুপি, লাঠিশাল, ভুতমুড়ি ইত্যাদি] a kind of paddy ripening in the rainy season (পুরুলি ১২, ১৩)

কয়াল্‌ kɔĕal বি ধান ক্রয়-বিক্রয়ের দালাল [এরা পাইকারি (ধান) ক্রেতা-বিক্রেতাদের মধ্যে যোগাযোগ করে দেয় এবং বাড়ি বাড়ি গিয়ে ধান-চাল ওজন করেও দেয়। ওজন করাই এদের পেশা] the paddy-broker (চব্বিশ ১১ মুর্শিদা ২, ১৭)

কয়ালি kɔĕali বি দালালি [এরা ধান ক্রয়-বিক্রয়ের দালালি করে এবং ওজন করে দেয়] a kind of profession in paddy business (চব্বিশ ১১) দ্র কয়াল্‌

কয়াহু kɔĕahu ক্রি বলেছি said, told মুই কয়াহু, উয়াক্‌ শারান্‌ না--আমি বলেছি, ওকে ক্ষেপাস না, (পদিনা ৪)

কয়ে **kɔe** ক্রি বলে used to saying ওইটায়ে কয়ে--ঐটাই বলে (জলপা ৭) তু কহে

কঁয়ে **kɔ̃e** বি কোণে in the corner ঘরের কঁয়ে--ঘরের কোণে (মেদিনী ২৬)

কঁয়েআল্ **kɔ̃eal** দ্র কয়াল্ (বর্ধমা ৫)

কঁয়েআলি **kɔ̃eali** দ্র কয়ালি (বর্ধমা ৫)

কয়েজ্‌বেল্ **kɔe̯ʼbel** দ্র কঁইত্‌বেল্ (হাওড়া ১০)

কয়েথা **kɔetʰa** দ্র কয়ঠা (পদিনা ৮)

কয়েন্ **kɔen** ক্রি বলেন speak কি কয়েন্ না তোম্‌রা--তোমরা কি বল? (জলপা ২)

কয়ের্ পাখ্ **kɔer pakʰ** বি একপ্রকার পাখি [দেখতে অনেকটা পায়রা অথবা তিতির পাখির মতো। গায়ে ছিট্‌ছিট্ দাগ থাকে, লালচে রঙ। খুব ছোট আকারের। এই পাখির মাংস খাওয়া হয়। ওজন প্রায় আড়াইশো-তিনশো গ্রাম। এরা শিকারি পাখি] a species of a bird of prey (বাঁকুড়া ১২ মেদিনী ৭)

কয়েরা **kɔera** দ্র কইড়া কয়েরা চোইখা--কটা চোখ বিশিষ্ট (মুর্শিদা ২)

কয়েলি **kɔeli** দ্র কয়ালি (বীরভূ ৫)

কয়েশ্[১] **kɔeʃ** দ্র কচা[৫] (মুর্শিদা ১৬)

কয়েশ্[২] **kɔeʃ** বি চোয়ালের পাশের দাঁত, যা দিয়ে চিবানো হয় a malar tooth (বর্ধমা ২১)

কয়েশে খাওয়া **kɔeʃe kʰaŏa** ক্রি চিবিয়ে খাওয়া to chew (বর্ধমা ২১) দ্র কয়েশ[২]

কয়েস্ **kɔes** বি মাড়ি the gum (বর্ধমা ১৩) দ্র কয়েশ্[২]

কয়েস্ দাঁত্ **kɔes dɔ̃t** দ্র কয়শের্ দাঁত্ (বর্ধমা ২ হুগলি ৫, ৯)

কয়্যাড়্ পাখ্ **kɔĕæʈ pakʰ** দ্র কয়ের্ পাখ্ (বাঁকুড়া ১১)

কর্[১] **kɔr** বি আঙুলের গাঁট the finger's knot (চব্বিশ ২১, ২৩)

কর্[২] **kɔr** বি কাত, পাশ side কর্ খায় শোয়া--পাশ ফিরে শোয়া (পদিনা ১১) কর্ মেরি সুয়া--কাত হয়ে শোয়া (বীরভূ ৯) কর্ হোইয়া সুয়া--কাত হয়ে শোয়া (পদিনা ৩)

কর্[৩] **kɔr** বি 'কোঁচ' নামক মাছ ধরার সরঞ্জামের লোহার কাঁটা the iron chip used in fishing (হাওড়া ১০)

কর্[৪] **kɔr** দিক the side দুই করে কাজ্ করা হবে নি--দুইদিকে কাজ করা হবে না (মুর্শিদা ১৭)

কর্[৫] **kɔr** দ্র কড়্[১০] (বর্ধমা ১৬)

কর্[৬] **kɔr** ক্রি সব সময় উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো roaming without any motivation or purpose (বাঁকুড়া ১৯)

কর্[১]

কর্[৭] **kɔr** বি ছিপে বঁড়্‌শি পরাবার জন্য সুতো [বঁড়শির সঙ্গে যে সুতো পরানো হয়, সেই সুতো দুই খি পাকিয়ে মোটা করা হয়। এই মোটা সুতোর দৈর্ঘ্য প্রায় ছয় ইঞ্চি, তারপর সরু সুতো দেওয়া হয় অর্থাৎ এক খি] the thread of a fishing rod (চব্বিশ ৪ বীরভূ ৫ হাওড়া ৩)

কর্‌কচ্ **kɔrkɔc** বিণ কাঁকুরে [মাটি] gravelly, mixed with stones [soil] (মেদিনী ২৯)

কর্‌কচা **kɔrkɔca** বিণ অপুষ্ট undeveloped, undernourished (জলপা ৩)

কর্‌কচ্যা **kɔrkɔcæ** বি মোরাম পাথর laterite (পুরুলি ১১)

কর্‌কচ্যা মাটি **kɔrkɔcæ maʈi** বি একপ্রকার কাঁকুরে মাটি [মোরাম মাটির মতো এই মাটিতে কাঁকরের ভাগ বেশি। এই মাটি দিয়ে মাটির ঘরের দেওয়াল মেরামত করা হয়] gritty, gravelly soil (পুরুলি ১১) দ্র কর্‌কচ্

কর্‌কটা পাকি **kɔrkɔʈa paki** দ্র কড়্‌কটা প্যাক্ (বর্ধমা ৯ বাঁকুড়া ১১ বীরভূ ১০ মুর্শিদা ১২)

কর্‌কটে ব্যাঙ্ **kɔrkɔʈe bæŋ** দ্র কট্‌কটে ব্যাঙ (চব্বিশ ১৭)

কর্‌কর্ **kɔrkɔr** বিণ, ক্রি বিণ শক্ত hard, tightly, firm, firmly কর্ কর্ কোরে ধোরিস্--শক্ত করে ধরিস (দার্জিলি ৩)

কর্‌কা **kɔrka** বি একধরনের বাদ্যযন্ত্র [দুটি কাঠি দিয়ে ড্রামের মতো বাজানো হয়] a kind of musical instrument (জলপা ১)

কঁর্ কাটা **kɔ̃r kaʈa** ক্রি ধানজমির আলের ঘাস কাটা to mow the grass on the dyke (বীরভূ ২)

কর্‌কানা **kɔrkana** বি পাছা the buttock (চব্বিশ ২১, ৩৭)

কর্‌কেস্ **kɔrkes** বি শিশি বোতলের প্যাঁচ দেওয়া ছিপি [শোলার ছিপিকে 'সিপা' বলে] the cork or stopper with screw of the bottle and phial (চব্বিশ ১৯)

কর্ গেদে বসা

কর্‌কোট্ kɔrkoʈ বি এ্যালুমিনিয়াম aluminium (বাঁকুড়া ১, ৫)

কর্‌কোট্‌টা kɔrkoʈʈa দ্র কর্‌কটা পাকি (মুর্শিদা ২১)

কর্‌কোটা পাখ্ kɔrkoʈa pak^{h} দ্র কর্‌কটা পাকি (বাঁকুড়া ১১ বীরভূ ৪)

কর্‌গা kɔrga বি গৃহপালিত পশুর নিবীর্যকারী [যারা অস্ত্রোপচার করে পুং গরু-ছাগলকে নিবীর্য করে] the person who makes a domestic animal impotent by operation (মেদিনী ৩৫)

কর্ গাঁথা kɔr gãt^{h}a ক্রি ছিপের বঁড়শি লাগাবার জন্য সুতো পাকানো to twist thread for fastening a fishing hook (বর্ধমা ১১) দ্র কর্[৭]

★ **কর্ গাড়া kɔr gaɽa** ক্রি ভূমিষ্ঠ হওয়া [প্রণাম] to prostrate oneself on the ground কর্ গেড়ে পেন্নাম্ করা—ভূমিষ্ঠ হয়ে প্রণাম করা (বর্ধমা ২৩) দ্র কড়্ মারিয়া বসা

কর্ গেদে বসা kɔr gede bɔsa ক্রি বাবু হয়ে বসা to sit cross-legged, to squat (বর্ধমা ১০) দ্র কড়্ মারিয়া বসা

★ **কর্ ঘুরা kɔr g^{h}ura** ক্রি এপাশ ওপাশ করা to roll over or toss about in bed কর্ ঘুরিস্ না—এপাশ ওপাশ করিস না (পদিনা ৭, ১০, ১২)

কঁর্‌চি kɔ̃rci দ্র কইন্‌চা (বীরভূ ৩)

কর্‌চে kɔrce দ্র কচ্[১] কর্‌চে কাঁক্‌ড়ি আছে—ট্যাকে কাঁকড়া আছে (মেদিনী ৭)

কর্‌ছিনি kɔrc^{h}ini ক্রি করছিলাম was doing আমি কর্‌ছিনি—আমি করছিলাম (মেদিনী ৫)

কর্‌ছিলা kɔrc^{h}ila ক্রি করছিলে were doing তুমি কর্‌ছিলা—তুমি করছিলে (মেদিনী ৫)

কর্‌জা kɔrja বি ১ ধার, কর্জ [সুদে নয়] loan, credit (পদিনা ২, ৯) ২ দাদন [সুদ যুক্ত ধার] a loan given as earnest money কর্‌জা নেওয়া—সুদে ধার নেওয়া (জলপা ৭ পদিনা ১৩)

কর্‌জো kɔrjo দ্র কর্‌জা ১ (মেদিনী ২৫)

কর্‌জোড়িয়া kɔrjoɽia বিণ কঠিন, দুর্বোধ্য too difficult to follow মুসল্‌মান্‌দের্ ভাসা হিন্দুদের্ খুব্ কর্‌জোড়িয়া লাগে—মুসলমানদের ভাষা হিন্দুদের খুব কঠিন লাগে (বীরভূ ৪)

কর্‌তা kɔrta বি কাটারি a kind of chopper (পদিনা ৩)

কর্‌তাঁই kɔrtãĩ বি কর্তা master of the house (মেদিনী ৬)

কর্‌তানি kɔrtani বি গৃহিণী house-wife (মেদিনী ৬)

কর্‌তি মাচ্ kɔrti mac বি একপ্রকার মাছ [চওড়া এবং গোলাকৃতি, কালচে রঙ, আঁশযুক্ত এই মাছের দুপাশে পাখ্‌না থাকে না] a species of fish (মুর্শিদা ১১)

কর্‌তেয়া kɔrtea বি চাকা মাছ [মাছের কাটা চাকা] a round piece of fish (কোচবি ২)

কর্‌দরুন্ kɔrdɔrun বিণ আটটি দাঁত ওঠা সম্পূর্ণ হওয়া গরু [এই অবস্থায় গরু পূর্ণবয়স্ক এবং কাজের উপযুক্ত হয়] a full-grown cow (বর্ধমা ২৫, ২৬ হুগলি ১)

কর্‌ধান্ kɔrd^{h}an বি একপ্রকার আউস ধান a kind of paddy (পুরুলি ৫)

কর্‌ধোনি kɔrd^{h}oni দ্র কমর্‌দোড়ি[১] (পুরুলি ৯)

কর্‌নমুল্ kɔrnɔmul বি কানের ফোঁড়া বা ঘা the boil of the ear (হাওড়া ৩)

কর্‌নোকাঁজোল্ kɔrnokãjol বি বিয়ের একটি অনুষ্ঠান বিশেষ [কনে শ্বশুরবাড়ি যাবার সময় তাকে গুরুজনেরা ধান, দূর্বা দিয়ে আশীর্বাদ করেন। এই অনুষ্ঠানকে 'কর্‌নোকাঁজোল্' বলা হয়। এই সময় কিছু ধান / চাল, সুপারি, টাকা ইত্যাদি মেয়ে মায়ের আঁচলে দেয় ঋণ শোধ করার জন্য] a ritual of marriage ceremony (মেদিনী ২৮) < কনকাঞ্জলি

কর্‌নোমুল kɔrnomul বি সাদা রঙের মিষ্টি আলু [এই আলু তরকারি করে খাওয়া হয়] white coloured sweet patato (বর্ধমা ২)

কর্‌পা kɔrpa বি একপ্রকার বড় ঝুড়ি a large basket (পদিনা ১১ মালদা ৬)

কর্ পেতে বসা[১] kɔr pete bɔsa ক্রি হাঁটু গেড়ে বসা to kneel down (হুগলি ৫)

কর্ পেতে বসা[২] kɔr pete bɔsa ক্রি ১ এক পাশে দুই পা দিয়ে বসা to sit same-side legged (বর্ধমা ১২) ২ আসন পিঁড়ি করে বসা to sit cross-legged, to squat (মেদিনী ৭)

কর্‌বংগা kɔrbɔŋga দ্র কড়্‌বংগা (মেদিনী ২০)

কর্‌বড়ি kɔrbɔɽi বি করবী ফুল an oleander, *Indicum, Thevetianerifolia, Nerium odorum* (পুরুলি ৮, ১২)

কর্‌বরি **kɔrbɔri** য় কর্‌বড়ি (মেদিনী ১৪ মালদা ২) [হাত-পা কেটে গেলে এখানকার লোকে করবী ফুলের আঠা লাগায়। চুন এবং চিনি একসঙ্গে মিশিয়েও ঘায়ে লাগায়] (মালদা ২ মেদিনী ১৪)

কর্‌বলি **kɔrboli** য় কর্‌বড়ি (পদিনা ১৪)

কর্‌বা লাগ্যে **kɔrbɔ lage** ক্রি করা উচিত should do সব্‌লা দেখিয়্যে সুনিয়্যে কাম্ কর্‌বা লাগ্যে—সব দেখে-শুনে কাজ করা উচিত (পদিনা ৩)

কর্‌বোংগা **kɔrbɔŋgɔ** য় কর্‌বংগা (মেদিনী ৮)

কর্‌বোরি ফুল্ **kɔrbori pʰul** য় কর্‌বড়ি (বর্ধমা ১৬, ১৮)

কর্‌বোল্‌লি (ফুল্) **kɔrbolli (pʰul)** য় কর্‌বড়ি (বীরভূ ৯)

কর্‌বোলা **kɔrbolɔ** বি শ্মশান a cremation ground (পুরুলি ৫)

কর্‌বোলি ফুল্ **kɔrboli pʰul** য় কর্‌বড়ি (মেদিনী ২০)

কর্‌ভাঙা **kɔrbʰaŋɔ** য় কর্‌বংগা (মেদিনী ১৫, ১৯, ২২, ২৬, ৩১, ৩৩, ৩৪) করভাঙাগা পাড়িয়্যা লোউঠু কেনি—কামরাঙাগুলো পেড়ে নিচ্ছিস্ কেন? (মেদিনী ১৯, ২২, ২৬)

কর্‌মরি **kɔrmɔri** য় কর্‌বড়ি (মেদিনী ১৯)

কর্‌মা **kɔrmɔ** বিণ দক্ষ, পরিশ্রমী, চটপটে efficient, hard-working (জলপা ১ পদিনা ১০, ১৪) ~ টানা **kɔrmɔ ʈanɔ** ক্রি বঁড়শিকে সুতো দিয়ে বাঁধা to tie the fish-hook with a thread (হুগলি ৪)

কর্‌মা-ধরমা **kɔrmɔ-dʰɔrmɔ** বি একপ্রকার ব্রত [কিশোরী মেয়েরা ভাইদের মঙ্গলের জন্য শালুক ফুল দিয়ে এই ব্রতানুষ্ঠান করে] a kind of vow (মালদা ৭)

কর্‌মুল্ আলু **kɔrmul ɔlu** বি মৌ আলু [একপ্রকার আলু] the *Spinosa*, sweet yam (চব্বিশ ২১)

কর্‌মো ঘর্ **kɔrmo gʰɔr** বিণ উৎসবের বাড়ি [বিয়ে, পৈতে, অন্নপ্রাশন প্রভৃতি যে ভাড়া বাড়িতে অনুষ্ঠিত হয়] the festive house (মেদিনী ৩৫)

কর্‌মোবাদি **kɔrmobɔdi** বি করিত-কর্মা active, capable of working (মেদিনী ৯)

কর্‌লং **kɔrlɔŋ** ক্রি করলাম I have done পাক্ কর্‌লং—রান্না করলাম (কোচবি ৩)

কর্‌লা **kɔrlɔ** য় কইল্‌ল্যা (দার্জিলি ৩)

কর্‌লি গাছ্ **kɔrli gɔcʰ** বি কুরচি গাছ [এই গাছের ডালপালা পুড়িয়ে খার তৈরি করা হয়। মহুয়া, বট প্রভৃতি গাছ থেকেও খার তৈরি হয়। গ্রামে কাঁথা-কাপড় প্রভৃতি এই খার দিয়ে কাচা হয়] *Holarrhena antidysenterica* (মেদিনী ১৩)



কর্‌তল্

কর্‌তল্ **kɔrʃud** বি ছুতোরের ব্যবহৃত সরঞ্জাম [এটি দিয়ে কাঠে দাগ দেওয়া হয়] the instrument of a carpenter (পদিনা ১০)

কর্‌শোল্ **kɔrʃol** বি হাতা [ডাল, ঝোল, তরকারি ইত্যাদি তোলার জন্য ব্যবহার হয়] a ladle (হুগলি ১)

কর্‌হা **kɔrhɔ** বি ধান বহনের জন্য ব্যবহৃত বাঁশের একপ্রকার সরঞ্জাম [দেখতে বাঁকের মতো, কিন্তু দুই প্রান্ত সুঁচালো] a piece of long and bent pole borne on one's shoulder for carrying crops (পদিনা ৩)

কর **kɔrɔ** য় কড়্[১] (পদিনা ২, ৪)

করচ্ **kɔrɔc** য় কচ্[১] করচে পয়সা থুয়েচে—ট্যাকে পয়সা রেখেছে (বর্ধমা ১৪ বীরভূ ৮)

করজ্ **kɔrɔj** য় কর্‌জা (পদিনা ১০ বাঁকুড়া ৭)

করট্ **kɔrɔt** য় কর্[২] (পদিনা ২ পুরুলি ১০ বাঁকুড়া ১৬ মেদিনী ২৫, ২৯) করট্ হোয়ে শুতেছি—পাশ ফিরে শুয়েছি (পদিনা ২) করট্ হোয়ে শো—পাশ ফিরে শো [শয়ন কর] (পুরুলি ১০) করট্ ঘুরে পড়েচে—কাত হয়ে পড়েছে (বাঁকুড়া ১৬) করট্ ঘুরে ঘুমানা—পাশ ফিরে ঘুমনো (মেদিনী ২৫) করট্ ঘুরিয়া শুই—পাশ ফিরে শুই (মেদিনী ২৯)

করঠ **kɔrtʰɔ** ক্রি করছো, করছিস do, doing এঠে হরি করঠ ক্যানে—এত হৈ চৈ করছিস্ কেন? তুমি করঠ—তুমি করছো (মেদিনী ৫, ৮)

করত্ **kɔrɔt** বি করাত [তালপাতার ফলকের নিচে ধারালো কাঁটাযুক্ত অংশ করাতের মতো দেখতে—তাল করাত] a saw, the saw-like portion under the stalks of palm leaves (বীরভূ ১৪)

করন্‌কারন্ **kɔrɔn kɔrɔn** বি নিয়ম-কানুন rules and regulations (বাঁকুড়া ৫)

করন্‌জা **kɔrɔnjɔ** য় কন্‌জা (হাওড়া ১, ৮)

করন্‌ঠন্ **kɔrɔntʰɔn** ক্রি করছেন do, doing [you are] ক্যান্ চরমে করন্‌ঠন্—কেন এদিক-ওদিক চাওয়া-চাওয়ি করছেন (মেদিনী ১৫)



করাত্‌ফুলি

করন্‌ন kɔrɔnnɔ অনু কোরো না do not do গোল্‌মাল্‌ করন্‌ন--গোলমাল কোরো না। গোলমাল্‌ করবন্‌নি গে--গোলমাল করবেন না আপনারা (পদিনা ৩)

করম্‌ (পরব্‌) kɔrɔm (pɔrɔb) বি একপ্রকার ব্রত-উৎসব [একে 'ডাল্‌পূজা'ও বলে। ভাদ্রমাসের একাদশীর দিন পল্লীর সকলে উপোস করে বনের মধ্যে যায়। সারাদিন বনে ঘুরে শালপাতা, শালকাঠির দাঁতন, শ্যাওড়াপাতা, আঁওলাডাল, বেলপাতা, ধানগাছ, হরীতকী ফল, বেল ইত্যাদি সংগ্রহ করতে হয়। তারপর বাড়ির উঠোনে একটি বড় করম্‌ গাছের ডাল পুঁততে হয়। তারপর ঐ সমস্ত সংগৃহীত সামগ্রী দিয়ে সন্ধ্যায় এই 'ডালপূজা' হয়। এই পূজায় কোনো মন্ত্র লাগে না। একজন লোককে শুধু নানা গল্প বলতে হয়। ঐ গল্পকে বলে 'কহনি'। সে করম গাছের ডালে সিঁদুর, চালগুঁড়ো মাখায়। এরপর শুরু হয় নৃত্য। কদম গাছের মতোই করম গাছ। এটি একপ্রকার শস্যোৎসব। মেদিনীপুর-বাঁকুড়া-পুরুলিয়ার সন্নিহিত অঞ্চলে এই ব্রত অনুষ্ঠান হয় a kind of vow (মেদিনী ৫)

করম্‌ গাচ্‌ kɔrɔm gɔc বি করম্‌ পরবের অনুষ্ঠানে ব্যবহৃত গাছ [কদমফুলের গাছের মতোই একপ্রকার গাছ] a kind of tree (পুরুলি ১৩)

করম্‌ডা kɔrɔmḍɔ দ্র কন্‌জা (বীরভূ ৫)

করস্‌ kɔrɔs দ্র করচ্‌ (নদীয়া ৬)

★ **করা[১] kɔrɔ** ক্রি কোনোকিছু করা অর্থে to do করানি--করিস না, হুরি করানি--হৈ চৈ করিস না (মেদিনী ৮) কোর্‌চু--করছিস। কি কোর্‌চু--কি করছিস্‌? (মেদিনী ১) কোরিহা--করেছে। মানা কোরিহা--মানা করেছে (পদিনা ৪) কর্‌বঅ--করব। কাইজ্‌টা উঁখু কর্‌ব--কাজটা এখন কর্‌ব (মেদিনী ১) কর্‌বু--করবে। তানে কর্‌বে--তারা করবে। কর্‌ছ--করেছ কাইজ্‌টা কর্‌ছ--কাজটা করেছ? করেঠ্যা--করছে। তানে করেঠ্যা--ওরা করছে। কর্‌থিলি--করেছিলাম। আমি কর্‌থিলি--আমি করেছিলাম। কর্‌থুলু--করেছিলি। তুই কর্‌থুলু--তুই করেছিলি। কর্‌থল--করেছিল। সে কর্‌থল--সে করেছিল (মেদিনী ১, ১৯, ২২, ২৬) ['করা' এই ক্রিয়াপদটি কখনো কখনো অন্য কোনো ক্রিয়ার সঙ্গে যুক্ত হয়ে যৌগিক ক্রিয়া হয়ে যায়। যেমন, আনা করা--আনানো। উকে দিয়ে বাজারটা আনা করা--ওকে দিয়ে বাজারটা আনিয়ে নে। বরকে দিয়ে কনেকে মিষ্টি দেওয়া করা -- বরকে দিয়ে কনেকে মিষ্টি খাইয়ে দে (বর্ধমা ২০)

করা[২] kɔrɔ বি লোহার বড় মাপের বালা [জলসেচের জন্য ডোঙায় ব্যবহার করা হয়] a big-size iron ring fastened to a canoe used in irrigation (বর্ধমা ৫)

★ **করা[৩] kɔrɔ** ক্রি পাওয়া অর্থে [অন্য পদের সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয়] to get খিদে কোচ্চে--খিদে পাচ্ছে (বাঁকুড়া ৪) তু আ বা পাওয়া--লাগা। খিদে পাওয়া--খিদে লাগা দ্র করা[১]

করা[৪] kɔrɔ বি আমের গুটি the mango fruit in its very early stage of growth আপের্‌ করা--আমের গুটি [মুকুল থেকে জাত] (চব্বিশ ২৭)

করাই kɔrɔĭ বি বাঁশের তৈরি ধানের গোলা [এর অপর নাম 'হামার্‌'। চারটি পাথরের তৈরি পায়ার উপর তা বসানো হয়] (মেদিনী ২০, ৩৪) দ্র কড়াই[৩]

★ **করাই লিয়া kɔrɔĭ lia** ক্রি করিয়ে দেওয়া to get anything done কাম্‌খান্‌ উয়ার্‌ দিয়্যে করাই লিস্‌--কাজটা ওকে দিয়ে করিয়ে নিবি (পদিনা ৩)

করাত্‌ফুলি kɔrɔtpʰuli বি একজাতের মোরগ [এর মাথার ঝুঁটি করাতের মতো খাঁজ কাটা] a species of cock (পুরুলি ১৪)

করাত্‌মুল্‌ kɔrɔtmul বি কুঁচকি the groin (বাঁকুড়া ৫)

করাত্‌সান্দ্‌রি kɔrɔtsandri দ্র করাত্‌মুল্‌ (বাঁকুড়া ১৮)

করাতি[১] kɔrɔti দ্র কড়োত্‌ (বর্ধমা ৯)

করাতি[২] kɔrɔti বি যারা করাতের সাহায্যে গাছ কাটে the sawyer [who, cut wood or tree with saw] (বর্ধমা ৯ হাওড়া ১)

করাত্যা kɔrɔtæ দ্র করাতি[২] (বাঁকুড়া ১৩)

করান্‌ডি মাছ্‌ kɔrɔnḍi macʰ দ্র কঁড়ান্‌ডি মাছ (মেদিনী ৩০)

করার্‌ kɔrɔr দ্র কড়ার্‌[২] আমি ঔ করারে টাকাটা দিলি মঁএ রাখ্‌বু--আমি এই প্রতিশ্রুতিতে টাকাটা দিলাম মনে রাখবি (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

করাল্‌ kɔrɔl বি বাঁশের অঙ্কুর a sprout of bamboo (চব্বিশ ১)

করালি kɔrɔli বিণ ছোট little, small করালি আম্‌--ছোট আম (মুর্শিদা ১৫)

করিঠি kɔriʈʰi ক্রি করছি (I am) doing সর্যা যা, আমি অখঁ কাইজ্ করিঠি--সরে যা, আমি এখন কাজ করছি (মেদিনী ৫, ৬, ১৯, ২২, ২৬)

করিয়া kɔriɑ বি একপ্রকার গহনা [কানে পরার দুল] a kind of earring (জলপা ৬)

করুঠু kɔruʈʰu ক্রি করছিস্ (you are) doing তুই কি করুঠু রে--তুই কি করছিস্ রে (মেদিনী ৫, ২১)

করেঠে kɔreʈʰe ক্রি করছে is/am/are doing মনটা ছট্‌পট্ করেছে--মনটা ছট্‌ফট্ করছে। মাছ ছড়্‌ছড়্ করেঠে--মাছ ছট্‌ফট্ করছে। উ করেঠে--সে করছে। উ আক্‌পাক্ করেঠে--সে অস্থির হচ্ছে (মেদিনী ৫, ২১, ৩৪)

করেন্‌জো kɔrenjo দ্র কন্‌জা (হাওড়া ১০)

করেলা kɔrelɑ দ্র কর্‌লা (বীরভূ ৫)

করোচ্[১] kɔroc দ্র করচ্ (বর্ধমা ৪, ৫, ৮, ২৩) পয়সা করোচে গুঁজে রাখা হয়--পয়সা ট্যাঁকে গুঁজে রাখা হয় (বর্ধমা ২৩)

করোচ্[২] kɔroc দ্র কড়োত্ (বর্ধমা ৭)

করোট্ kɔroʈ দ্র কর্[২] করোট্ হয়ে শু--পাশ ফিরে শো (মালদা ৩)

করোত্ kɔrot দ্র কড়োত্ [বড় ধরনের করাত। এই করাত দিয়ে গাছ কাটা হয়, কাঠ চেরাই করা হয়। এটি দুজন লোকে দুদিক থেকে ধরে টানাটানি করে কাটে। এটি পাঁচ-ছয় হাত লম্বা লোহার পাতে তৈরি] (কোচবি ৩ জলপা ১ পদিনা ১০ বর্ধমা ১৫ বীরভূ ৪)

করোন্‌তি kɔronti দ্র করাত্‌মুল্ (চব্বিশ ১৯)

করোবলি kɔrobɔli দ্র কর্‌বড়ি (বীরভূ ৯)

করোবিল্ kɔrobil কল্কে ফুল the yellow oleander (পদিনা ৫) দ্র কর্‌বড়ি

করোবোরি kɔrobori দ্র কর্‌বড়ি (বর্ধমা ১৮ বাঁকুড়া ১৪)

করোবোলি kɔroboli দ্র কর্‌বড়ি (মুর্শিদা ১৭)

করোম্ kɔrom বি অঙ্কুর the sprout (হাওড়া ৩)

করোম্‌জা kɔromjɑ দ্র কন্‌জা (মালদা ৬)

কর‍্যান্‌ডি kɔrændi দ্র করান্‌ডি মাছ্ (মেদিনী ৩০)

কল্[১] kɔl বি ফাতনা [ছিপের] the float of a fishing rod (নদীয়া ২ মুর্শিদা ১৪)

কল্[২] kɔl দ্র কড়্[১০] (চব্বিশ ৪, ৩৩)

কল্[৩] kɔl বি ছাতার ঘোড়া, কল a lock, a trigger of an umbrella (জলপা ৭)

কল্[৪] kɔl বি যন্ত্র a machine (মেদিনী ১৫)

কল্[৫] kɔl দ্র কআ[১] (জলপা ৭)

কল্[৬] kɔl বি ঠোঁটের দুই প্রান্ত [কোনো কোনো মানুষের ঠোঁটের দুই প্রান্তে সাদা কষ দেখা যায়] the corner of lip (মেদিনী ২০)

CALCUTTA CENTRAL LIBRARY

কল্ আঁটি

কল্[৭] kɔl বি গ্রাস [ভাত খাবার সময় হাতের মুঠোয় যতটা পরিমাণ একবারে মুখে দেওয়া যায়] a mouthful, a morsel, a handful (মালদা ৩)

কল্[৮] kɔl বি হাত-পায়ের গাঁট বা সন্ধিস্থল the joint of hand or foot (চব্বিশ ৯, ৩৭)

কল্[৯] kɔl বি মুখগহ্বর the cavity of mouth (চব্বিশ ১৯)

কল্[১০] kɔl বি ঝগড়া a quarrel দুইটা টকা কল্ লাগেঠে--দুটি ছেলে ঝগড়া করছে (মেদিনী ২০)

কল্[১১] kɔl বি বঁড়শি a fish-hook (পদিনা ১০)

কল্[১২] kɔl দ্র কর্[৩] (পদিনা ৭, ১০, ১২)

কল্[১৩] kɔl বি তাঁতের অংশবিশেষ [শানা, মাকু প্রভৃতি যে ঝুলন্ত কাষ্ঠখণ্ডগুলির উপর থাকে, তাকে 'কল্' বলে] a part of the loom (বীরভূ ১৩)

কল্[১৪] kɔl দ্র করোম্ চব্বিশ ১২ নদীয়া ১০, ১৩ বর্ধমা ৫, ৬, ৯, ১০, ১৯, ২১, ২৩ বাঁকুড়া ৪, ১২ হুগলি ১, ৮, ১৬, ১৯) ধানের্ কল্--ধানের অঙ্কুর (নদীয়া ১৩) তাল্ আঁটির্ কল্--তাল আঁটির অঙ্কুর (হুগলি ৮) নারকোলের্ কল্--নারকোলের অঙ্কুর (হুগলি ১৯) [কল্‌দাঁত অর্থ কশের দাঁত, আক্কেল দাঁত। কিন্তু আঞ্চলিক উচ্চারণে বলা হয় কলের্ দাঁত। এজন্য উচ্চারণ রীতিকে প্রাধান্য দিয়ে 'কলের্ দাঁত' হিসাবেই শব্দটির অবস্থান হয়েছে। এই রীতি অন্য শব্দের ক্ষেত্রেও অনুসরণ করা হয়েছে]

কল্ আঁকাইড়্ kɔl ãkɔiɽ বি আলিঙ্গন the act of embracing উয়ারা কল্ আঁকাইড়্ করে খা-খাটায় হাঁস্‌ছে--তারা আলিঙ্গন করে অট্টহাসি হাসছে (পুরুলি ১৪)

কল্ আঁটি kɔl ãʈi বি অঙ্কুরিত তাল আঁটি [তাল আঁটি মাটিতে পুঁতে রাখলে আশ্বিন-কার্তিক মাসে এর মধ্যে ফোঁপ্‌ড়া হয়, যা খাদ্য-বিশেষ] the sprouted stone of palmyra (হুগলি ১৫, ১৬)

কল্‌কল্ kɔlkɔl ক্রি বিণ টগ্‌বগ্ (করে ফোটা) bubbling noise made by water or any other liquid when being boiled (হুগলি ১৮)



কল্ বাঁশ

কল্কা[১] kɔlkɑ দ্র কড়্[১০] (হাওড়া ১০)

কল্কা[২] kɔlkɑ দ্র কড়্[১১] (হাওড়া ১, ৮)

কল্কা [৩] kɔlkɑ বি কল্কে [হুঁকোর] the bowl of a *hookah* which holds tobacco and cinder, a chillum (পুরুলি ৭)

কল্কাটি kɔlkɑʈi দ্র কল্[১] (বর্ধমা ৫, ১৬, ২০, ২১)

কল্কি kɔlki দ্র কল্কা[৩] (পদিনা ৬)

কল্কিল্যা kɔlkilæ বিণ খুব পরিষ্কার very clean জল্টা খুব্ কল্কিল্যা রে—জলটা খুব পরিষ্কার রে! (বীরভূ ৪)

কল্কোইজা kɔlkoĭjɑ বি ঝগড়াঝাঁটি a trifling attraction (মেদিনী ৮)

কল্কোলিয়া kɔlkoliɑ বি ১ আলজিব the uvula, the epiglottis ২ কণ্ঠনালী the wind pipe, the aesophagus, the gullet (পদিনা ৩)

কল্খিয়া kɔlkʰiɑ বি ঠোঁটের কোণের ঘা a sore on the corner of the lip (মেদিনী ২০)

কল্ খেয়ে যাওয়া kɔl kʰee jɑŏɑ দ্র কল্খিয়া (মেদিনী ৩৪)

কল্গা kɔlgɑ বি কুলঙ্গি a recess or small shelf in a wall (বাঁকুড়া ১, ৫)

কল্জে kɔlje বি মেটে [গরুর] the liver of a cow (বর্ধমা ৫)

কল্ঝে kɔljʰe ক্রি করুক্ [করেছে] done কাম্খান্ যেই ভি কল্ঝে আচ্ছা নেই হয়—কাজটা যেই করুক না কেন, ভাল হয়নি (পদিনা ২, ৩)

কল্ ডোব্গা kɔl ɖobgɑ বিণ ঘুড়ির মাঝের কাঠিতে সুতোর প্যাঁচানো বা জড়ানো অবস্থা—the twisted condition of thread of a kite (চব্বিশ ৩৩) দ্র কড়্[১০], কল্[২] [ডোব্গা —প্যাঁচানো]

কল্দাত kɔldɑtɔ দ্র কয়শের্ দাঁত্ (মেদিনী ৩১)

কল্দোড়ি kɔldoɽi দ্র কড়্[১০] (চব্বিশ ৭)

কল্দ্যা kɔldæ ক্রি গরুকে নির্বীর্য করা [to sterilize a bullock] (বীরভূ ৫)

কল্বল্ করা kɔlbɔl kɔrɑ ক্রি সোরগোল করা to make a noise, to raise hue and cry ছেলেগুলা কল্বল্ কর্চে—ছেলেগুলো সোরগোল করছে (বর্ধমা ১২)

কল্বাশ্ kɔlbɑʃ বি মাটির ঘরে বাঁশের তৈরি বিশেষ ধরনের তাক [দুখানা বাঁশ, এক দেওয়াল থেকে অন্য দেওয়ালে কোনাকুনি অথবা সোজাভাবে গোঁজা থাকে। এরই উপরে ঘরের জিনিসপত্র রাখা হয়] a kind of shelf, made of bamboo (পদিনা ৭)

কল্ বাঁশ্ kɔl bɑ̃ʃ বি জলসেচের ডোঙায় ব্যবহৃত দুটি বিশেষ বাঁশ two particular bamboos of canoe used in irrigation (হুগলি ১, ১১)

কল্ব্যাং kɔlbæŋ বি কোলা ব্যাঙ a large species of frog (পুরুলি ৩, ৬ বাঁকুড়া ৩)

কল্মা kɔlmɑ বি একপ্রকার আমনধান [ডাঙা জমিতে হয়, সরু জাতের ধান] a kind of paddy (চব্বিশ ১১ বর্ধমা ২০ হাওড়া ২ হুগলি ১০)

কল্মা খতম্ kɔlmɑ kʰɔtɔm বি মুসলিম সম্প্রদায়ের পারলৌকিক ক্রিয়া the funeral ceremony of the Muslim community (বাঁকুড়া ৮)

কল্মা বইড়্ kɔlmɑ bɔiɽ বি নারিকেল কুল a kind of sweet jujube (মালদা ৫)

কল্মি নেমু kɔlmi nemu বি একপ্রকার লেবু [একটু লম্বাটে ধরনের হয়। কিন্তু এটি কাগ্জি লেবু নয়] a kind of lemon (পদিনা ৩)

কল্মুয়া সাপ্ kɔlmuɑ ʃɑp বি লাউডগা সাপ a species of snake [usually of green colour] (মালদা ৩)

কল্মো ধান্ kɔlmo dʰɑn দ্র কল্মা (হাওড়া ১)

কল্ল kɔllɔ ক্রি করল did, has/ have done উ কি কল্ল —সে কি করল? (মেদিনী ২১)

কল্লা[১] kɔllɑ দ্র কইল্ল্যা (পদিনা ১০ বর্ধমা ৭ বীরভূ ৩, ৯, ১৩ মুর্শিদা ১৫, ১৭ মেদিনী ২, ১৮, ২১, ৩১)

কল্লা[২] kɔllɑ বি ভান feigning (বর্ধমা ৫ মালদা ১ মুর্শিদা ১৭ হাওড়া ১, ৮) কল্লা ক্যানে কোর্ছিস্—কেন ভান করছিস্ (মালদা ১)

কল্লা[৩] kɔllɑ বি [পাঁঠার] কাটা মাথা a truncated decapitated lopped (চব্বিশ ১৪) ~ **ফোড়িং kɔllɑ pʰoɽiŋ** বি একজাতীয় ফোড়িং [হলদে কালো ছিটযুক্ত] a species of grasshopper (বীরভূ ৭)

কল্লাচ্ kɔllɑc বি ছোট নুড়ি পাথর, কাঁকর মিশ্রিত শক্ত মাটির ঢেলা, মোরাম, ঝামার টুকরা ইত্যাদি pebble, a lump of hard clay mixed with small particles of stone etc. (বাঁকুড়া ৭, ১০, ১৩, ১৫, ১৬) কল্লাচ্ মাটি—কাঁকুরে মাটি (বাঁকুড়া ১৬)

কল্‌লাচ্‌চে kɔllacce দ্র কল্‌লা[১] (চব্বিশ ২১) < করলা + উচ্ছে

কল্‌লাট্‌ kɔllaʈ বি জামার কলার the collar [of shirt etc] (পদিনা ৩)

কল্‌লাফুলি kɔllaphuli বি নাকে পরার অলঙ্কারবিশেষ [সোনার তৈরি, লম্বা ডাঁটিওয়ালা ফুলের মতো দেখতে। মাথার অংশ সূঁচালো] a nose-pin (মালদা ৯ মুর্শিদা ২২)

কল্‌লে kɔlle দ্র কল্‌লা[১] (মালদা ১ মুর্শিদা ২২)

কল্‌লোর্‌ kɔllor বি মিথ্যাবাদী a liar (মুর্শিদা ১৭)

কল্‌ল্যা kɔllæ বি মাছের মাথা the head of a fish (পদিনা ১২ মুর্শিদা ১২)

কল্‌শা[১] kɔlʃa বি মাছের ফুলকা a gill of a fish (চব্বিশ ১০ হুগলি ১৫)

কল্‌শা[২] kɔlʃa বি কলসি a pitcher (হাওড়া ৮, ১০)

কল্‌শা[৩] kɔlʃa দ্র কল্‌[৬] (মালদা ১)

কল্‌সা[১] kɔlsa দ্র কপাট্‌[১] (মুর্শিদা ২২)

কল্‌সা[২] kɔlsa দ্র কল্‌শা[২] (মেদিনী ৩১)

কল্‌সা [৩] kɔlsa দ্র কল্‌[৬] (নদীয়া ৪ মুর্শিদা ৫, ১১) কল্‌সার্‌ দাঁত্‌--কষের দাঁত। কল্‌সার্‌ ঘা--ঠোঁটের দুই প্রান্তের ঘা (নদীয়া ৪ মুর্শিদা ৫)

কল্‌সেলোই kɔlseloĭ বি লাইটার a lighter, a match (পদিনা ৪) [কল+সেলাই--দেশলাই]

কল্‌হুড়া kɔlhuɽa বিণ কলহপ্রিয়, কলহ বাঁধাতে পটু [পুংলিঙ্গে ব্যবহৃত হয়] fond of quarrel, quarrelsome (মেদিনী ৮)

কল্‌হুড়ি kɔlhuɽi বিণ কলহপ্রিয়া, কলহ বাঁধাতে পটু [স্ত্রীলিঙ্গে ব্যবহৃত হয়] fond of quarrel (fem.) (মেদিনী ৮, ১৩)

কল্‌হুড়িএ্যা kɔlhuɽiɛ দ্র কল্‌হুড়া (মেদিনী ১৩)

কল kɔlɔ দ্র কআ[১] আঠিয়া কলক্‌ কল না কং রে, বিচি সাংসাং করে--আঁঠি কলাকে [বিচিকলা] কলা বলে না, তার মধ্যে বিচি গিজগিজ করে (জলপা ১, ৩ পদিনা ৩)

কলং[১] kɔlɔŋ বি কুলুঙ্গি [মাটির বাড়ির দেওয়ালে তাক্‌ হিসেবে ব্যবহৃত গর্ত। এটি ইংরেজি 'ইউ' আকারের অথবা ত্রিকোণ আকারের হয়] a niche (হাওড়া ৩)

কলং[২] kɔlɔŋ বি কাঁসা বা পিতলের পাত্রের দাগ বা কলঙ্ক a stain [on metallic utensils] থালাটায় কলং পড়েছে--থালাটায় কলঙ্ক পড়েছে (হাওড়া ১১) দ্র কংকিয়েছে

কলংকা উঠা kɔlɔŋka uʈhɑ দ্র কলং[২] (মেদিনী ৭)

কলপ্‌[৩]

কলংকাটি (ধান্‌) kɔlɔŋkaʈi (dhɑn) বি একজাতীয় আমন ধান [সরু আকৃতির] a kind of fine paddy (বীরভূ ১১)

কলংগা kɔlɔŋgɑ দ্র কলং[২] (চব্বিশ ১৯ বাঁকুড়া ১২ মেদিনী ১১, ১৩, ১৫, ৩৩ হাওড়া ১, ৮, ১০) কলংগায় আমার্‌ বিঁড়ি-দেস্‌লাই আচে, দে--কুলুঙ্গিতে আমার বিড়ি-দেশলাই আছে, দে (হাওড়া ১, ৮)

কলংগি kɔlɔŋgi দ্র কলং[১] (হাওড়া ১, ৮)

কলক্‌সো kɔlɔkso বি গরুর একপ্রকার অসুখ [এই অসুখ হলে গরু ঠাণ্ডা হয়ে যায়] a kind of cattle disease (হাওড়া ১)

কলজ্‌ kɔlɔj বি হাসপাতাল a hospital (চব্বিশ ৩৬) < ইং college

কলজ্‌ পাড়্‌ kɔlɔj pɑɽ বি নক্সাযুক্ত ছোট পাড় [শাড়ির] a small furbelow or flounce, a small coloured or decorated border (as of a piece of cloth) (চব্বিশ ৪)

কলপ্‌[১] kɔlɔp বি মাড় [ভাত, সাবু, এ্যারারুট প্রভৃতির] (liquefied) starch extracted from rice etc. by boiling, used as a stiffener কাপড়ে কলপ্‌ দিয়েছি--কাপড়ে মাড় দিয়েছি (বর্ধমা ৮)

কলপ্‌[২] kɔlɔp বি হাঁটুর তলার নরম হাড় a soft bone under the knee (চব্বিশ ২৭)

কলপ্‌[৩] kɔlɔp বি আম্রপল্লব the forepart of a young shoot of mango or sprout of mango tree bearing new leaves (মালদা ১১)

কলপ্‌[৪] kɔlɔp বি সাপের খোলস a slough, a fell (পদিনা ৪, ৯ মালদা ৪, ১১)

কলপ্‌খঁচা kɔlɔpkhɔ̃ca বি তালাচাবি lock and key (মেদিনী ৪)

কলম্‌ kɔlɔm দ্র কলং[২] (চব্বিশ ৩৩)

কলম্‌কাটি kɔlɔmkaʈi বি একপ্রকার আমনধান [এই ধান সরু এবং সাদা হয়। লম্বা আকারের এই ধান আষাঢ় মাসে



কলাই

রোপণ করা হয়। অন্যান্য আমন ধানের নাম--মানিক্ কল্‌মা, নুয়া কল্‌মা, ডহর্ লাগ্‌ড়া, মধু রাস্, হাতিপাঁজর্, কুসুম্ মুগড়্, ঘি শাল্, ডুমুর্ কাঁদি, পাথর্‌কুচি, গোয়াবালি, নুনি শাল্, হরিন্‌খুড়ি, বুগিরাঁগি, চন্দ্রকান্তা প্রভৃতি] a kind of crop or paddy which is cultivated in the rainy season (পুরুলি ৫, ১৩ বর্ধমা ১ হাওড়া ৩) দ্র কইয়া ধান্

কলম্‌ছাড়িয়া kɔlɔmcʰɑɽia দ্র কলপ্[৪] (মালদা ৪)

কলম্‌ছুরি kɔlɔmcʰuri বি একরকম বাঁকা কাটারি a large, thick and heavy household knife shaped almost like falchion with a wooden handle, a chopper (দার্জিলি ১)

কলম্‌দানি kɔlɔmdɑni দ্র কলম্‌কাটি (পুরুলি ১১)

কলম্ ধান্ kɔlɔm dʰɑn দ্র কলম্‌কাটি (জলপা ৭ মালদা ৩)

কলম্ বোইর্ kɔlɔm boir দ্র কল্‌মা বইড় (পদিনা ৬)

কলম্ শাগ kɔlɔm ʃɑgɔ বি কলমি শাক an edible aquatic plant, *Convolvulus reptans* (মেদিনী ১৮)

কলমাম্ kɔlɔmɑm বি কাঁচা-মিঠে-আম [বড় আকারের] a mango sweet in the unripe state (মেদিনী ২৫) < কল্‌ম আম

কলর্ ছোড়ি kɔlɔr cʰoɽi বি কলার ছড়া a bunch of banana (পদিনা ৬)

কলশ্[১] kɔlɔʃ দ্র কলং[২] (হাওড়া ১১)

কলশ্[২] kɔlɔʃ দ্র কলপ্[৪] (পদিনা ১০ মালদা ১, ২, ১০ মুর্শিদা ১৫, ২২)

কলশি kɔlɔʃi দ্র কচা[৫] (চব্বিশ ৯)

কলস্ kɔlɔs বি লম্বাটে কলসির মতো মাটির পাত্র [দেবস্থান অলংকরণের কাজে ব্যবহৃত হয়] a long pitcher-shaped earthen vessel [to ornament the temple] (মুর্শিদা ১৩)

কলসে দাঁত্ kɔlɔse dɑ̃t বি আক্কেল দাঁত the wisdom tooth (মেদিনী ৩৪)

কলহুড়ি kɔlɔhuɽi দ্র কল্‌হুড়ি (মেদিনী ২০)

কলা[১] kɔlɑ বি কালো [রঙ] black colour (মেদিনী ৩০) ~ **এঁটে kɔlɑ ẽte** দ্র কচ্[৪] (হাওড়া ৩) ~ **কান্‌জ্ kɔlɑ kɑnj** বি কলার কাঁদি a cluster of banana (পুরুলি ১৫) ~ **কান্‌দি kɔlɑ kɑndi** দ্র কলা[১] কান্‌জ্ (মেদিনী ৩৪) ~ **কোঁক্ kɔlɑ kõk** বি কলাগাছের ডগের পাতা the young leaf of banana (মেদিনী ৩৪) [কলা এবং কলার্ সহযোগে আরো অনেক শব্দ আছে। তাই পৃথকভাবে তাদের অবস্থান পরে দ্রষ্টব্য]

কলা[২] kɔlɑ বি ঝুল-কালি soot, dirt caught in cobweb (মেদিনী ৩১)

কলা[৩] ɔ ɑ বি কোল the lap কলায় থুই--কোলে বসাই (জলপা ১, ৯)

কলা[৪] kɔlɑ বি গরুর অসুখ বিশেষ [এই অসুখ হলে গরুর জিভ ফুলে যায় এবং দাঁত নড়ে যায়। গরু জল খাওয়া বন্ধ করে। রান্নাঘরের ঝুল এবং নুন একত্রে মিশিয়ে গরুর জিভে ও শিরদাঁড়ায় ঘসে দিলে গরু আবার জল খেতে শুরু করে] a kind of cattle disease (মেদিনী ২৭, ৩৪)

কলা[৫] kɔlɑ দ্র কল্[১৪] (চব্বিশ ৯, ১৫, ২০, ৩৩, ৩৭ হাওড়া ১, ৩, ৫, ১০, ১৯) ধানের্ এ্যাখুনো কলা বেরোয়নি--ধানের এখনও অঙ্কুর বের হয় নি (হাওড়া ১, ৩) নারকোলের্ কলা ঠেল্‌চে--নারকোলের অঙ্কুর বের হচ্ছে (হুগলি ১৯) কলা--তাল-আঁটির অঙ্কুর (চব্বিশ ৯)

কলা[৬] kɔlɑ দ্র কল্‌লা[২] কলা কোরে কাপ্ মেরে আছে--ভান করে চুপ মেরে আছে (পুরুলি ৬ মুর্শিদা ২৪)

কলাই kɔlɑĭ বি বড় উকুন big size louse (নদীয়া ১০)

কলাইপুঙ্গি kɔlɑĭpuŋgi বি একপ্রকার রান্না [মুসুর কলাই একটি কাপড়ে বেঁধে ভাতের মধ্যে দিয়ে সিদ্ধ করা হয়। তারপর কাঁচা পিঁয়াজ কিংবা নারকেল কোরা, কাঁচা সরষের তেল, কাঁচা লঙ্কা, নুন দিয়ে মেখে খাওয়া হয়। এরই নাম 'কলাইপুঙ্গি'] a type of cooking (বাঁকুড়া ১৫)

কলাই ভুলি kɔlɑĭ bʰuli বি কলাইয়ের ভুসি the husk, bran of pigeon-pea, pulses etc. (বর্ধমা ১)

কলাই মোংলা kɔlɑĭ moŋlɑ বি উপনয়নের আগের দিনে অনুষ্ঠেয় স্ত্রী আচার [ছেলের মা ছেলেকে কোলে নিয়ে বসে। তাদের সামনে নতুন কুলোর উপরে শিল-নোড়া রাখা হয়। দুটি নতুন ভাঁড়ে পাঁচটি করে সুপারি, নয় ছটাক কলাই, নয় ছটাক হলুদ রাখা হয়। ছেলের মা শিলের চারকোণে চারটি এবং মাঝখানে একটি সুপারি রাখে। তারপর বাঁ হাতের কড়ে আঙুল দিয়ে প্রতিটি সুপারির কাছে একটু করে হলুদবাটা এবং মেথিবাটা দেয়। গোলা সিঁদুরের ফোঁটা দেয়। একটু করে আতপচাল এবং ফুলও দেয়। এইভাবে শিল-নোড়া পূজা হয়। এরপর বাঁ হাতে জল নিয়ে কুলাসহ

শিলের চারপাশে জল দিয়ে বেষ্টন করে। তারপর ছেলের মা বাঁ হাতে করে ভাঁড় থেকে কলাই বার করে শিলের উপর রাখে আর ডান হাতে নোড়া দিয়ে ছেঁচে। এরকম নয় বার করে। এইসময় নয়জন সধবা ছেলের মাকে ছুঁয়ে থাকে। এরপর ছেলের মা সমস্ত সুপারি আর কলাই শিলের মাঝখানে জড়ো করে নোড়া দিয়ে নয়বার ছেঁচে। তারপরে ঐ সমস্ত ছেঁচা সুপারি এবং কলাই ভাঁড় দুটিতে ভরে বরণ-কুলোতে রেখে দেয়। এইভাবে 'কলাই'-মোংলা' স্ত্রী আচারটি অনুষ্ঠিত হয় [এটি উৎকলীয় ব্রাহ্মণদের রীতি, অন্যদের রীতি এর থেকে আলাদা] a traditional rite performed before the day of threading ceremony by the women whose husbands are alive (বাঁকুড়া ১৮)

কলাইমোঙ্গলা kɔlaĭmoŋgɔla বি বিয়ের একটি মাঙ্গলিক অনুষ্ঠান বিশেষ [পাঁচ, সাত অথবা নয় জন এয়োস্ত্রী এই অনুষ্ঠানে যোগ দেয়। জেলা এবং জাতিভেদে এর নিয়ম ভিন্ন ভিন্ন হয়। চারটি ছোট ছোট মাটির মঙ্গল ঘটে এয়োরা তেল এবং হলুদ মাখানো চাল আর কলাইয়ের ডাল ভরে রাখে। ঐ ঘটগুলি বরণ ডালায় থাকে] an auspicious rite in the wedding ceremony (বাঁকুড়া ৭ মুর্শিদা ২২)

কলাইমোঙ্গুলা kɔlaĭmoŋgula দ্র কলাইমোঙ্গলা [চারটি ছোট ঢাকনিযুক্ত মাটির ঘট নিতে হবে। তাতে সাতটি পান, সাত ছটাক চাল, সাত পোয়া কলাই, সাতটি সুপারি, সাত পলা তেল ও সাতটি পাটালি বা বাতাসা (টুকরো টুকরো করে নিতে হবে, তার সাতটি করে টুকরো) ঐ ঘটের ভিতর রাখা হয়। (বরের বাড়িতে প্রতিটি জিনিষ ন'টি করে নেওয়া হয়)। সাতজন বা ন'জন এয়ো মিলে ঐ চারটি ঘটে ঐসব ভরে ছাদনাতলায় বেদির চারকোণে চারটি ঘট রেখে দেয়] (বর্ধমা ১৫)

কলাইমোঙ্গোলা kɔlaĭmoŋgola দ্র কলাইমোঙ্গলা [বিয়ের দিন সকালে চারটি ছোট 'আক্‌হাঁড়ি' (মাটির ঢাক্‌নিযুক্ত ঘট) নিয়ে পাঁচ, সাত বা নয়জন (বিজোড় সংখ্যক) এয়োস্ত্রী বৃত্তাকারে বসে। তারপর চাল, বিউলি কলাই, তেল এবং হলুদবাটা একসাথে মাখিয়ে ঐ মাখানো পদার্থ একে অন্যের হাতে সাতবার করে দেবে। (বরের বাড়িতে নয় পোয়া চাল, নয় ছটাক্ কলাই, নয় ছটাক তেল এবং কিছুটা হলুদবাটা নেওয়া হয়। আর কনের বাড়িতে সাত পোয়া চাল, সাত ছটাক কলাই, সাত ছটাক তেল এবং পরিমাণমতো হলুদবাটা নেওয়া হয়) তারপর ঐ মাখানো চাল কলাই ঐ চারটি 'আক্‌হাঁড়িতে' সমানভাবে ভরে রাখা হয়] (বর্ধমা ১৯)

কলা কান্‌জ্

কলাই শাক্ kɔlaĭ ʃak বি খেঁসারি শাক an edible herb of *Lathyrus sativa* or a creeper of *Lathyrus* sativa (হাওড়া ১০)

কলা এঁটে kɔla ẽʈe দ্র কচ্[৪] (হাওড়া ৩)

কলা কান্‌জ্ kɔla kanj বি কলার কাঁদি a cluster of banana (পুরুলি ১৫)

কলা কান্‌দি kɔla kandi দ্র কলা কান্‌জ্ (মেদিনী ৩৪)

কলা কোঁক্ kɔla kõk বি কলাগাছের ডগের পাতা [এটি পরে খুলে গিয়ে পাতার আকৃতি নেয়] the young leaf of banana tree (মেদিনী ৩৪)

কলাখাক্‌কো kɔlakʰakko বি 'বেনে বউ' নামক একপ্রকার পাখি the barbet, a species of bird (মালদা ৬)

কলা খাঁড়ি kɔla kʰãɽi বি কলার কাঁদির সঙ্গের ছোট পাতা a small leaf with the cluster of banana (মেদিনী ৩৪)

কলা খোল্ kɔla kʰol বি কলাগাছের বাকল [কাঁচা অবস্থায়] the bark of a banana tree (মেদিনী ২৭ হাওড়া ১০ হুগলি ৫)

কলা গাইডা kɔla gaĭḍa বি কলাগাছের মূল [মোটা অংশ, যা মাটির নিচে থাকে] the main root of a banana tree (মেদিনী ৩৪)

কলা গেড়ুয়া kɔla geɽua দ্র কলা গাইডা (বাঁকুড়া ১২)

কলাচারা[১] kɔlacara বি কলাগাছের ছোট চারা [কোনো শুভ অনুষ্ঠানে বাড়ির দরজার দুপাশে লাগানো হয়] a newly grown banana tree (হাওড়া ৮)

কলাচারা[২] kɔlacara বি হাঁড়িচাচা [একপ্রকার পাখি] the Indian tree-pie, (*Dendrocittavagabunda*) (হাওড়া ১০)

কলাচি kɔlaci বি কুলোর কাঠামোর অংশবিশেষ [ধারের দিকের সরু লম্বা বাঁশের টুকরোগুলো] the particular part of a vessel (বর্ধমা ১৪)

কলা চুকো kɔla cuko বি কলাগাছের থোড় the spathe of a banana tree (চব্বিশ ৩১)

কলাপাতো

কলা চুপ্‌সি kɔla cupsi দ্র কলা চুকো (বাঁকুড়া ৮)

কলাচোর্ kɔlacor বি বাদুড় a flying fox, *Picropus maidias* (জলপা ৮)

কলা ছোট্ kɔla cʰoʈ বি কলাগাছের শুকনো বাকল [কাঁচা বাকলকে বলে কলা বাংটা] the dried up bark of a banana tree (হাওড়া ৮, ১০ হুগলি ৫)

কলাজোঁক্ kɔlajõk বি জোঁক the leech (চব্বিশ ২১)

কলা জোড়্ kɔla joɽ বি কলাগাছের ঝাড় a cluster of banana tree (বর্ধমা ৯)

কলাট্ kɔlaʈ দ্র কল্‌লাট্ (কোচবি ১ জলপা ৮ দার্জিলি ৩ বর্ধমা ১৪, ১৫, মেদিনী ২৯ হাওড়া ১০ হুগলি ৫)

কলাটি kɔlaʈi দ্র কল্ আঁটি (চব্বিশ ৩৭)

কলা ঢুপ্‌কা kɔla ɖʰupka দ্র কলা ছোট্ (পদিনা ১)

কলাত্[১] kɔlat দ্র কলাট্ (চব্বিশ ৭)

কলাত্[২] kɔlat অস ক্রি কোলে করে taking up on one's lap কলাত্ কোরি নিন্‌কুর্--কোলে করে নিলাম (মালদা ৪)

কলাতালা kɔlatala দ্র কলা জোড়্ (বর্ধমা ২৫)

কলাথড়ি kɔlatʰɔɽi দ্র কলর্ ছোড়ি সাত কলাথড়ি--সাতটি কলার ছড়া (বীরভূ ৮)

কলা দাগ্‌লা kɔla dagla বি কলাপাতার ডাঁটা the stalk of banana leaf (হাওড়া ৩)

★ **কলানা kɔlana** ক্রি অঙ্কুরিত হওয়া to sprout, to germinate বিচ্ কোলিয়েছে--বীজ অঙ্কুরিত হয়েছে (নদীয়া ৯)

★ **কলানো kɔlano** দ্র কলানা (হাওড়া ১, ৮)

কলাপাকা[১] kɔlapaka বিণ আধপাকা [ধান] half-ripen [paddy] (বর্ধমা ৬ মালদা ২)

কলাপাকা[২] kɔlapaka বি পাকাকলা ripe or matchured banana তালপাকা--পাকাতাল, আঁজির্ [পেয়ারা] পাকা--পাকা পেয়ারা (বাঁকুড়া ৩ মুর্শিদা ১৪)

কলা পাটু kɔla paʈu দ্র কলা ছোট্ (পুরুলি ১৬ বাঁকুড়া ৬)

কলাপাতো kɔlapato বি কাদায় বোনা ধানের বীজ seeds sow in mud [for making saplings] (চব্বিশ ২১)

কলাপিঠিয়া kɔlapiʈʰia বিণ পিঠোপিঠি [ভাই বা বোন] born closely one after another (পদিনা ৩ মালদা ১১)

কলাপিঠিয়া ভাই kɔlapiʈʰia bʰaĭ বি নিতবর groomsman (মালদা ১১)

কলাপুঁক্ kɔlapũk দ্র কলাচারা[১] (হুগলি ৫)

কলাপুঁগ্ kɔlapũg দ্র কলাকোঁক্ (বাঁকুড়া ৭)

কলাপুপুরি kɔlapupuri বি একপ্রকার পিঁপড়া [আকারে ছোট, কালো রঙ, বিষহীন] a species of ant (usually of small size and black colour) (মেদিনী ৩১)

কলাপুয়া kɔlapua দ্র কলাচারা[১] (বর্ধমা ১৩ মালদা ৮ মেদিনী ২৭ হুগলি ৫)

কলাপুয়ো kɔlapuo দ্র কলাচারা[১] (বাঁকুড়া ৪ হুগলি ৫)

কলাপেট্‌কো kɔlapeʈko দ্র কলা ছোট্ (বর্ধমা ৯)

কলা পেটো kɔla peʈo দ্র কলা খোল্ (বর্ধমা ১৮, ২৩ হাওড়া ৮ হুগলি ১৮)

কলাপো kɔlapo দ্র কলাচারা[১] (বর্ধমা ৪ বীরভূ ১৪ হাওড়া ১০)

কলাপোং kɔlapoŋ দ্র কলাচারা[১] (বর্ধমা ৪, ১৫)

কলাপোছ্ kɔlapocʰ দ্র কলাচারা[১] (মালদা ১১)

কলাপোয়া kɔlapoa দ্র কলাচারা[১] (বর্ধমা ১৫ মেদিনী ৩৪ হুগলি ৫)

কলাপোহা kɔlapoha দ্র কলাচারা[১] (পুরুলি ৫)

কলা ফুল্ kɔla pʰul বি মোচা [কলার] cone-shaped bud or flower of banana (পুরুলি ১২ বর্ধমা ৮)

কলাফেঙা kɔlapʰeŋa দ্র কলাথড়ি (মেদিনী ২৭)

কলাফেনি kɔlapʰeni দ্র কলাথড়ি (বাঁকুড়া ১২ হুগলি ৫)

কলাফেলি kɔlapʰeli দ্র কলাথড়ি (বাঁকুড়া ৮)

কলাফোড়্ kɔlapʰoɽ দ্র কলাচারা[১] (বর্ধমা ৮)

কলাফ্যানা kɔlapʰæna দ্র কলাথড়ি (মেদিনী ৩৪)

কলাবংশা kɔlabɔŋʃa বি কলাগাছের কাণ্ড দিয়ে তৈরি আধার [শ্রাদ্ধানুষ্ঠানে এটি ব্যবহৃত হয়] a receptacle made of the curved bark of a banana tree (বাঁকুড়া ১৩)

কলাবংসি kɔlabɔŋsi দ্র কলা খোল্ (মেদিনী ৩৪)

কলাবশ্‌না kɔlabɔʃna দ্র কলা ছোট্ (মেদিনী ১৫)

কলা বাংটা kɔla baŋta দ্র কলা ছোট্ (হাওড়া ১০ হুগলি ১২)

কলাবাক্শ kɔlabakʃɔ দ্র কলা ছোট্ (মেদিনী ৩২)

কলাবাক্শা kɔlabakʃa দ্র কলা খোল্ [কাঁচা ও শুকনো বাকল এবং পাতা উভয়কেই বলে] (হাওড়া ১, ৩, ১০ হুগলি ১৬)

কলা বাগ্রা kɔla bagra দ্র কলা খোল্ (হাওড়া ৬)

কলা বাগ্লা kɔla bagla দ্র কলা খোল্ (হাওড়া ৩)

কলা বাঁদা kɔla bãda ক্রি এক বিশেষ ধরনের চুল বাঁধা [দুপাশে দুটো গোড়া ধরে বিনুনি করে, বিনুনির শেষপ্রান্ত ঘুরিয়ে এনে ঐ গোড়াতে বেঁধে ফিতে দিয়ে ফুল করে দিতে হয়। দেখতে কলার মতো হয়] dressing up hair in a particular fashion (মেদিনী ৮)

কলাবাদুড় kɔlabaduɽ বি একপ্রকার বাদুড় [একটু ছোট মাপের] a species of small bat (মেদিনী ৯)

কলা বাশ্কান্ kɔla baʃkan দ্র কলা ছোট্ (চব্বিশ ২৭)

কলা বাশ্কানা kɔla baʃkana দ্র কলা ছোট্ (চব্বিশ ৩১)

কলা বাশ্কোনা kɔla baʃkona দ্র কলা ছোট্ (হাওড়া ১০)

কলা বাশ্না kɔla baʃna দ্র কলা ছোট্ (মেদিনী ১৫ হাওড়া ২ হুগলি ১০)

কলা বাস্কা kɔla baska দ্র কলা খোল্ (পুরুলি ৪)

কলা বাস্কানা kɔla baskana দ্র কলা ছোট্ (হাওড়া ৩, ১০)

কলা বাস্কো kɔla basko দ্র কলা খোল্ (চব্বিশ ১৫ বর্ধমা ৯)

কলা বাস্কোনা kɔla baskona দ্র কলা খোল্ (হাওড়া ৩)

কলা বাস্না kɔla basna দ্র কলা ছোট্ (বর্ধমা ১৪, ২৩)

কলা বিনুনি kɔla binuni বি এক বিশেষ ধরনের চুলবাঁধা [সাধারণত ছোট মেয়েরা এইরকম চুল বাঁধে। দুপাশে দুটি বিনুনি করে, এ পাশের বিনুনিটি ওপাশে আর ওপাশের বিনুনিটি এপাশে এনে বেঁধে ফিতের ফুল করে দেওয়া হয়। কোথাও কোথাও একে 'বেড়াবিনুনি' বলে (হাওড়া ৬)] braiding hair in a particular fashion (মেদিনী ৩) দ্র কলা বাঁদা

কলা বেংশো kɔla beŋʃo দ্র কলা খোল্ (হুগলি ৪)

কলা বেগ্সোয়া kɔla begsoa দ্র কলা খোল্ (বাঁকুড়া ১২)

কলা বেশ্কো kɔla beʃko দ্র কলা খোল্ (হুগলি ৫)

কলা বেশ্নো kɔla beʃno দ্র কলা ছোট্ (হুগলি ৮, ১০, ১১, ১২)

কলাবোতু kɔlabotu বি জরির কাজ [প্রতিমার শাড়ির পাড়ে লাগানো হয়] an embroidary with thread of gold or silver (পুরুলি ১২)

কলা ব্যাং

কলা ব্যাং kɔla bæŋ বি ১ কোলা ব্যাঙ a large species of frog (মালদা ৫ মেদিনী ১৫) ২ সোনা ব্যাঙ a species of yellow frog (চব্বিশ ১৭)

কলা ভুকুভুকু kɔla bʰukubʰuku বি একপ্রকার রান্না-- কলা চচ্চড়ি a dry dish of spiced green banana cooked in oil (বর্ধমা ২)

কলা ভুকুভুকু খ্যালা kɔla bʰukubʰuku kʰæla বি এক প্রকার গ্রামীণ খেলা [এই খেলার অপর নাম 'ধুলোকুচি খেলা।' দুজন প্রতিযোগী খেলোয়াড় থাকে এই খেলাতে। এদের মধ্যে একজন হাতখানেক লম্বা একটি ধুলোর বাঁধ তৈরি করে। খুব ছোট একটি কাঠি সেই বাঁধ তৈরি করার সময়, তার মধ্যে কোনো জায়গায় ঢুকিয়ে লুকিয়ে রাখে অপরজনের অগোচরে। ঐ কাঠিটি ধুলোর মধ্যে গাঁথতে গাঁথতে একটি ছড়া বলা হয়। ছড়াটি হল, 'কলা ভুকুভুকু ভাবি রেঁধেছে। আর একটু দে লো, ভারি স্বাদ লেগেছে।' এরপর বিপক্ষ খেলোয়াড় দুহাতের অঞ্জলি দিয়ে ধুলোর বাঁধের একটি স্থান নির্দিষ্ট করে বলবে যে, কাঠিটি ঐ অংশের মধ্যেই লুকানো আছে। তখন ধুলো সরিয়ে কাঠিটি খোঁজা হবে। যদি সেইখানে পাওয়া যায়, তবে বিপক্ষ খেলোয়াড় এবার কাঠিটি লুকোবে। কিন্তু কাঠি খুঁজে না পাওয়া গেলে যে আগে বাঁধ তৈরি করে কাঠি লুকিয়ে রেখেছিল সে পুনরায় কাঠি লুকোবে। এইভাবে কে কাকে কতবার হারালো তাই-ই হবে জয়-পরাজয়ের মাপকাঠি] a type of rural game (বর্ধমা ২)

কলা ভোঁড়া kɔla bʰõɽa দ্র কলা ফুল্ (মেদিনী ৩৪)

কলামচা kɔlamɔca বি একপ্রকার ধান a variety of paddy (হাওড়া ৩)

কলা মাজা kɔla maja দ্র কলা চুপ্সি (বর্ধমা ১৮ বাঁকুড়া ৭ মেদিনী ৩৪)

কলা মান্জা kɔla manja দ্র কলা চুকো, কলা চুপ্সি (বর্ধমা ৪ বাঁকুড়া ১২)

কলামুছি kɔlamucʰi দ্র কলা ফুল, কলা ভোঁড়া (বাঁকুড়া ৬)

কলা মুল্ kɔla mul দ্র কলা চুপ্সি, কলামাজা (চব্বিশ ১৯)

কলা লাগা

কলামোচা[১] **kɔlamoca** দ্র কলামচা (চব্বিশ ২১)

কলামোচা[২] **kɔlamoca** দ্র কলা মাজা (বর্ধমা ১৮ মেদিনী ২৭)

কলা মোছা **kɔla mocʰa** দ্র কলা ভোঁড়া (বাঁকুড়া ১২)

কলা মোশ্‌নিএ্যা **kɔla moʃniɛ** দ্র কলা ছোট্ (চব্বিশ ১৭)

কলার্ খোল্ **kɔlar kʰol** দ্র কলা খোল্ (হাওড়া ১০)

কলার্ ঘাউর্ **kɔlar gʰaur** দ্র কলা কান্‌জ্ (পদিনা ১৪)

কলার্ ছাও **kɔlar cʰaŏ** বি কলাচারা a sapling of banana plant (মালদা ৬)

কলার্ ছাল্ **kɔlar cʰal** দ্র কলা খোল্ (পুরুলি ১৫)

কলার্ ছুড়ি **kɔlar cʰuɽi** দ্র কলর্ ছোড়ি (পদিনা ১১)

কলার্ ডাগুলা **kɔlar ɖagula** বি কলাপাতার মাঝখানের ডাঁটি the central costa of a banana leaf (কোচবি ১)

কলার্ ঢোঙল্ **kɔlar ɖʰoŋɔl** দ্র কলা খোল্ (কোচবি ৩)

কলার্ তেউড়্ **kɔlar teuɽ** দ্র কলার্ ছাও (মুর্শিদা ২০ হুগলি ৯, ১৯)

কলার্ নক্ **kɔlar nɔk** দ্র কলাচারা[১] (মালদা ৫)

কলার্ পেটো **kɔlar peto** দ্র কলা খোল্ (নদীয়া ৫, ১০ হুগলি ১৬)

কলার্ ফ্যানা **kɔlar pʰæna** দ্র কলাথড়ি (চব্বিশ ২০ হাওড়া ১০)

কলার্ বড়া **kɔlar bɔɽa** বি পাকা কলার বড়া [কলা চটকে, তাতে চালগুঁড়ো, নারকেল কোরা, গুড় এবং সামান্য একটু নুন দিয়ে মাখতে হয়। তারপর ছোট ছোট বড়ার মতো করে ভাজতে হয়] a kind of cake or chop prepared from ripe banana and other elemental material fried in oil (হুগলি ১৫)

কলার্ বাইল্ **kɔlar bail** দ্র কলাখোল্ (মুর্শিদা ৩)

কলার্ বোগ্ **kɔlar bog** দ্র কলার্ ছাও (চব্বিশ ২১)

কলার্ লোকি **kɔlar loki** দ্র কলার্ ছাও (পদিনা ১০)

কলার্ শাশ্ **kɔlar ʃaʃ** দ্র কলা চুকো (মালদা ৫)

কলা লাগা **kɔla laga** বিণ কোল ঘেঁষা a child who is too much attached to or dependant on mother কলা লাগা ছুয়া—কোল ঘেঁষা ছেলে [যে ছেলে শুধু কোলেই থাকতে চায়] (মালদা ৩, ৫)

কলাশি **kɔlaʃi** দ্র কচা[৫] (চব্বিশ ৯, ১৪)

কলা সাঁচ্ **kɔla sãc** দ্র কলা চুকো (পুরুলি ১৪)

কলাসি ঘা **kɔlasi gʰa** বি ঠোঁটের কষের ঘা a sore at the corner of mouth (চব্বিশ ৯, ১৪)

কলি[১] **kɔli** দ্র করোবিল্ (কোচবি ৩)

কলি[২] **kɔli** বিণ বাক্‌পটু a person skilled in speech, having the gift of the gab (মেদিনী ১৫)

কলি[৩] **kɔli** বিণ অকালপক্ক precocious (বাঁকুড়া ১২)

কলি[৪] **kɔli** বি কুঁড়ি [ফুলের] a bud (পুরুলি ৯)

কলি[৫] **kɔli** দ্র করোম্ (বর্ধমা ১৬) [শব্দের আদিতে 'কলি' দিয়ে অনেক শব্দ আছে সেগুলির অবস্থান পরে দেওয়া হয়েছে]

কলি আঙুল্ **kɔli aŋul** বি কড়ে আঙুল the little finger (মেদিনী ১৩)

কলি আম্ **kɔli am** বি আংশিক পচা, কালো দাগযুক্ত আম a partial rotten mango with black spots (মুর্শিদা ১১)

কলিঘুঁট্ **kɔligʰũt** বি বনবিড়াল a wild cat (মুর্শিদা ২৪)

কলিচ্যাড়া **kɔlicæɽa** বি একপ্রকার কেঁচো [গোবর কিংবা পচা আবর্জনায় জন্ম হয়] a species of earth worm (কোচবি ৩)

কলিজা **kɔlija** বি হৃৎপিণ্ড the heart (মেদিনী ৩)

কলিদাগা আম্ **kɔlidaga am** দ্র কলি আম্ (মালদা ২)

কলিপদ্দা আম্ **kɔlipɔdda am** দ্র কলি আম্ (মুর্শিদা ১১)

কলি হওয়া **kɔli hɔŏa** ক্রি পেকে যাওয়া [ডেঁপো, শুধু মানুষের ক্ষেত্রে শব্দটি ব্যবহার হয়] become spoilt or precocious ছেলেটা কলি হয়ে গ্যাচে—ছেলেটা পেকে গেছে (বাঁকুড়া ৫)

কলুঙ্গা **kɔluŋga** দ্র কলং[১] (হুগলি ১৯)

কলুম্যা **kɔlumæ** বি কলম করে পাওয়া, কলম সঞ্জাত a plant grown by grafting কলুম্যা আম্—কলম সঞ্জাত আম, কলুম্যা বোর্—কলম সঞ্জাত কুল (বীরভূ ৯)

কলে **kɔle** দ্র কলাত্[২] কলে লে ছানাটাকে—বাচ্চাটাকে কোলে নে (মেদিনী ১৩)

কলেজ্ **kɔlej** দ্র কলজ্ (হাওড়া ১, ৮)

কলেট্[১] **kɔleɽ** বি লকেট a locket (বীরভূ ১৪) [বর্ণবিপর্যয়]

কলেট্[২] **kɔleʈ** বি একপ্রকার নাকচাবি [পাথর দেওয়া, একে 'ব্যাসোর্'ও বলে] a nose-pin (মুর্শিদা ২২)

কলের্ চুয়া kɔler cua বি নলকূপ a tubewell (পদিনা ২, ৯)

কলের্ দাঁত্ kɔler dãt ১ দ্র কয়শের্ দাঁত্ (চব্বিশ ১৭, ১৯ বাঁকুড়া ১৮ মেদিনী ৩৪) ২ বি আক্কেল দাঁত the wisdom tooth (মেদিনী ২১)

কলের্ দোড়ি kɔler doɽi বি তাঁতযন্ত্রের একটি বিশেষ দড়ি [শাড়িতে নক্শা করার জন্য তাঁতে 'ড্রপিল্' নামের যে সরঞ্জামটি ব্যবহৃত হয়, সেই 'ড্রপিল্'কে নিয়ন্ত্রণ করে 'কলের্ দোড়ি'] a special cord of a loom (বর্ধমা ১২)

কলেরিয়া ব্যায়ারাম্ kɔleria bæaram বি কলেরা [শুধু মানুষের নয়, পোষা মুরগিরও কলেরা হয়। ফাল্গুন মাসে নতুন গম উঠলে, ব্যাপকভাবে তা খেলে মুরগির এই অসুখ হয়। মুরগি প্রথমে ঝিমোয়, তারপর সর্দিতে নাকমুখ বন্ধ হয়ে যায়। এর চব্বিশ ঘণ্টার মধ্যেই মারা যায়] cholera (চব্বিশ ২১)

কলেহা দেওয়া kɔleha deŏa ক্রি ফাঁকি দেওয়া to deceive, to hoodwink, to give the slip (দার্জিলি ২)

কলো kɔlo দ্র কআ[১] (জলপা ৭, ৯ দার্জিলি ২ পদিনা ৬, ১১)

কলোই ডাল্ kɔloĭ ɖal বি কড়াই ডাল a kind of pulse (চব্বিশ ৩৬)

কলোগাঁ kɔlogã দ্র কলং[১] (হুগলি ৪)

কলোগাছি ফুল্ kɔlogacʰi pʰul বি কলাফুল, কলাবতী, সর্বজয়া canna, Indian shoot (*Canna indica*) (পদিনা ৯)

কলোঙা kɔloŋa দ্র কলং[১] (মুর্শিদা ২)

কলোঙ্গা kɔloŋga দ্র কলং[১] (বর্ধমা ১, ১৮ মেদিনী ১৭, ৩৫ হাওড়া ১, ৮ হুগলি ৫, ১২)

কলোঙ্গি kɔloŋgi দ্র কলং[১] (হুগলি ১২)

কলোজ্ পাইড়্ kɔloj paiɽ দ্র কলজ্ পাড়্ (মুর্শিদা ১১)

কলোন্ডি ধান্ kɔlonɖi dʰan বি একপ্রকার ধান [মাঝারি রকম মোটা] a kind of paddy (হাওড়া ১)

কলোনিয় kɔlonio বি কলোনি, উপনিবেশ a colony (মেদিনী ৩)

কলোপ্[১] **kɔlop** দ্র কলং[২] (বর্ধমা ১৫)

কলোপ্[২] **kɔlop** দ্র কলপ্[৪] (মালদা ৫)

কলোপ্[৩] **kɔlop** দ্র কলপ্[১] কাপোড়ে কলোপ্ দিয়েছি--কাপড়ে মাড় দিয়েছি (বীরভূ ৮)

কলেট্[২]

কলোম্ kɔlom বি রাজমিস্ত্রির কাজের সরঞ্জামবিশেষ [এটি খুব ছোট আকারের কর্নিক। এটি দিয়ে জমানো সিমেন্টের উপর নক্সা কাটা হয়] a scraper (বীরভূ ৫)

কলোম্বো kɔlombo বি একশ্রেণীর আখের নাম a variety of sugarcane (বর্ধমা ২)

কলোম্ বোইর্ kɔlom boir দ্র কল্মা বইড় (পদিনা ১, ৫, ১২)

কলোর্ খান্জি kɔlor kʰanji দ্র কলা কান্জ্ (দার্জিলি ৩)

কলোর্ ঝেল্লা kɔlor jʰella দ্র কলা ছোট্ (দার্জিলি ৪)

কলোর্ টেকা kɔlor ʈeka দ্র কলাচারা[১] (দার্জিলি ৩)

কলোর্ পিন্ kɔlor pin দ্র কলোর্ খান্জি (পদিনা ৪)

কলোশ্[১] **kɔloʃ** দ্র কল্শা[২] (কোচবি ২)

কলোশ্[২] **kɔloʃ** দ্র কলং[২] (হাওড়া ১১)

কলোস্[১] **kɔlos** দ্র কলং[২] (বর্ধমা ১২)

কলোস্[২] **kɔlos** দ্র কলোপ্[২] (মুর্শিদা ২২)

কলোস্[৩] **kɔlos** দ্র কলোশ্[১] (মালদা ৪ মুর্শিদা ২৩)

কলোসি kɔlosi দ্র কলোশ্[১] (বর্ধমা ২৫)

কশ্[১] **kɔʃ** দ্র কলোপ্[১] (পদিনা ২)

কশ্[২] **kɔʃ** বি জমিতে লাঙল করার সময়ে দুই সারি মাটি খোঁড়ার মধ্যের অকর্ষিত অংশ uncultivated land in between two furrowed lines (পদিনা ৫)

কশ্[৩] **kɔʃ** বি ডিমের কুসুম the yolk of egg (মালদা ৫)

কশ্[৪] **kɔʃ** দ্র কচা[৫] (হুগলি১২)

কশ্[৫] **kɔʃ** দ্র ক[৪] (চব্বিশ ১০ পুরুলি ২)

কশ্কট্ kɔʃkɔt বিণ টক গন্ধ, sourish, ocidulous কশ্কট্ কোর্বে--টক গন্ধ হবে (পদিনা ৯)

কশ্ করা kɔʃ kɔra ক্রি কাঁচা চামড়াকে কাজের উপযোগী করা [মরা গরু ইত্যাদির চামড়া থেকে লোম, মাংস ইত্যাদি তুলে ফেলে চর্মকারের কাজের উপযোগী করা] to fit untanned hide for use of the cobbler (বাঁকুড়া ৩)

কশ্ কশ্ করা kɔʃ kɔʃ kɔra ক্রি [রাগে] গরগর করা to roar with anger উ তো রাগে কশ্ কশ্ কর্‌চে--ও তো রাগে গরগর করছে (হাওড়া ১০)

কশা[৪]

কশ্‌কশে kɔʃkɔʃe ক্রি বিণ, টগবগ bubbling noise of boiled water কশ্‌কশে করে ফোটা--টগবগ করে ফোটা (চব্বিশ ৭)

কশ্‌টা kɔʃʈa ক্রি [তরকারি] কষা to singe lightly with spices in oil (চব্বিশ ২৭)

কশ্‌ ডুমুর্‌ kɔʃ ḍumur বি ডুমুর Indian fig, *Ficus hispida* (পুরুলি ৩)

কশ্‌ড়্যা kɔʃʈæ বিণ কষাটে slightly astringent (মেদিনী ১৫)

কশ্‌ দেওয়া kɔʃ deŏa ক্রি বিশেষ প্রক্রিয়ায় ঘরের দেওয়াল লেপন করা [ঘরের দেওয়াল গাঁথার পরে কাদা, গোবর, খড়, তুষ ইত্যাদি মিশিয়ে একদিন ভিজিয়ে রাখা হয়। তারপর ঐ মিশ্রণটি দিয়ে দেওয়াল লেপন করা হয়। এই লেপন করার নাম 'কশ্‌ দেওয়া'] to plaster an mud wall with cowdung, hay, husks etc. (চব্বিশ ৮)

★ **কশ্‌ ধরা kɔʃ dʰɔra** দ্র কশ্‌[১] বাসনে কশ্‌ ধোরে গ্যাচে--বাসনে কলঙ্ক ধরে গেছে (বর্ধমা ২৩)

কশ্‌বিন্‌ kɔʃbin বি, বিণ জারজ [গালিগালাজ বিশেষ] a bastard, an illegitimate (মালদা ৯) আ বা কসবী--বারাঙ্গনা

কশ্‌মল্লা গাছ kɔʃmɔlla gɔcʰ বি জিওল গাছ [এই গাছ 'জিব্‌লি' নামেও পরিচিত। আমড়া গাছের মতো দেখতে এই গাছের ফল খায় না। শীতকালে পাতা ঝরে যায়। এর ছাল কাটলে শক্ত আঠা বের হয়। কোথাও কোথাও লোকবিশ্বাস, এই গাছের শিকড় ছোট টুকরো করে কোমরে পরলে বাত সেরে যায়] *Oldina wodier*, a tree exuding gum (হুগলি ৮)

কশ্‌শা kɔʃʃa দ্র কক্‌টা ও লোক্‌টা খুব্‌ কশ্‌শা--ঐ লোকটা খুব কৃপণ (মালদা ১)

কশা[১] kɔʃa বি ফালি বা টুকরো a small piece, a slice, a strip এ্যাক কষা--এক ফালি (মেদিনী ২৯)

কশা[২] kɔʃa দ্র কল্‌খিয়া (মালদা ১)

কশা[৩] kɔʃa দ্র ক[৪], কশ্‌[৫] ডালে এ্যাক্‌ কশা পিঁয়াজ্‌ ফুড়োন্‌ দিবি--ডালে এক কোয়া পেঁয়াজ ফোড়ন দিবি (মেদিনী ১২ হাওড়া ১, ৮ হুগলি ৫, ১২)

কশা[৪] kɔʃa বি দুই আঙুলের মধ্যবর্তী অংশ the space between two fingers (মুর্শিদা ১৭)

কশা[৫] kɔʃa বিণ শক্ত hard (মালদা ৬)

কশা[৬] kɔʃa দ্র কওড়া (মেদিনী ৩৪)

কশা[৭] kɔʃa দ্র কঁ[১] (বর্ধমা ২৬)

কশা[৮] kɔʃa ক্রি মন্ত্রপূত করা to purify or sanctify by uttering incantations or charms তেল্‌ কশা--তেল পড়া। তেল্‌টেল্‌ কশি নেই--'তেল পড়া' করিয়ে নিই (জলপা ৭)

কশা[৯] kɔʃa দ্র কশ্‌টা তর্‌কারি কোশে নেওয়া হলো--তরকারি কষা হলো (চব্বিশ ১৫, ৩১)

কশা[১০] kɔʃa বি কই, খোলসে ইত্যাদি ছোট মাছের মুখের ঠিক নিচের খোসা [এটি শক্ত এবং সাদা। মাছ কাটার সময় এটি তুলে ফেলতে হয়] a thin, hard and white membrane just below the mouth of a fish (মুর্শিদা ১০)

কশাকুশি kɔʃakuʃi বি কোশাকুশি [তামার তৈরি পাত্র, পূজার উপকরণ বিশেষ] small water-containers (usually made of copper) shaped like canoes, used in worship by the Hindus (মেদিনী ৩৪ হুগলি ৫)

কশাদোড়ি kɔʃadoʈi বি গরুর গাড়ির নির্দিষ্ট বাঁশ বাঁধার দড়ি [লম্বা বাঁশ, যা বোঝাই করা মালপত্রের উপর থাকে। এই চাপ্‌-বাঁশের সামনের দিকে বাঁধার দড়ি। ধান বোঝাই গরুর গাড়ির মাথায় লম্বা এই বাঁশ বাঁধা হয়] rope used to fasten bamboos at the top of a bullock cart full of paddy sheafs (বর্ধমা ১৬)

কশানি করা kɔʃani kɔra দ্র কশ্‌টা (পদিনা ৬ মালদা ৬)

কশানো kɔʃano দ্র কশ্‌টা (পদিনা ৫)

কশাফল্‌ kɔʃapʰɔl বি হরীতকী a myrobalan (মেদিনী ২, ৮)

কশার্‌ দাত্‌ kɔʃar daʈ দ্র কয়শের্‌ দাঁত্‌ (মুর্শিদা ২৪)

কশা রশা kɔʃa rɔʃa দ্র কশাদোড়ি (বর্ধমা ১৬) < সাঁও কষ্‌ (campbell)

কঁশারিয়া kɔ̃ʃaria বি কাঁসারি a brazier (মেদিনী ৩১)

কশিত্‌ কারন্‌ kɔʃit karɔn ক্রি বিণ ক্বচিৎ, কদাচিৎ, কখনো-সখনো seldom, rarely (চব্বিশ ২১)

কশের্‌ ঘা kɔʃer gʰa দ্র কশাচ (হুগলি ৯)

কশোপ্‌ kɔʃop বি একপ্রকার জরির সুতো a fine thread of gold and silver (হাওড়া ৬)

কস্ kɔs দ্র কশা[২] (চব্বিশ ১২ বর্ধমা ৬)

কস্ইয়া kɔsia বিণ ফাঁকিবাজ a deceitful, an evasive ই ব্যাটা কস্ইয়া বটে--এ লোকটা খুব ফাঁকিবাজ (পুরুলি ৮)

কস্কটা kɔskɔʈa দ্র কশ্ড়্যা (পদিনা ১ মালদা ৫) সুপ্রিটা মিঠা নি করছ্যে, কস্কটা করছ্যে--পিয়ারাটা মিষ্টি নয়, কষা (মালদা ৫)

কস্কস্ করা kɔskɔs kɔra ক্রি গরগর করা to roar (the word denotes anger, displeasure) উ রাগে কস্কস্ কর্‌চে--সে রাগে গরগর করছে (বীরভূ ৮)

কস্কস্যা kɔskɔsæ দ্র কস্কটা (মেদিনী ১৫)

কস্কাটা kɔskaʈa দ্র কল্খিয়া, কশা[২] (বর্ধমা ১৪)

কস্কুসে kɔskuse বিণ কুচকুচে jet-black, black as ebony কস্কুসে কালো--কুচকুচে কালো (মুর্শিদা ২৩)

কস্টা লাগা kɔsʈa laga ক্রি [দাঁত] টকে যাওয়া to turn sour আম্ খেয়ে দাঁতে কস্টা লেগেচে--আম খেয়ে দাঁত টকে গেছে (বর্ধমা ৫)

কস্তা kɔsta বি চুল বাঁধার গুছি [যে মেয়েদের চুল কম থাকে তারা চুলের মতো নাইলনের সুতোর অথবা পরচুলা চুলের গুচ্ছ বা গুছি ব্যবহার করে] a chignon, a wedge (বর্ধমা ২)

★ **কস্তানো kɔstano** ক্রি কচ্লানো to rub, to squeeze (বর্ধমা ৬)

কস্তুরি হোরিন্ kɔsturi horin বি একপ্রকার হরিণ [এই হরিণের শিং হয় না। নিচের দিকে বাঁকানো দুটো দাঁত থাকে] musk-deer (দার্জিলি ৩)

কস্মল্লা kɔsmɔlla দ্র কশ্মল্লা গাছ্ (মেদিনী ৩৪)

কস্মস্ কোরে ফোটা kɔsmɔs kore pʰoʈa দ্র কশ্কশে (বর্ধমা ১৪)

কস্ লাগা kɔs laga ক্রি কলঙ্ক ধরা to stain দ্র কলং[২] (বর্ধমা ৫)

কস্সা kɔssa দ্র কশ্ড়্যা (মুর্শিদা ২২)

কস্সো kɔsso দ্র কস্সা কস্সো পেয়ারা--কষা পেয়ারা (বর্ধমা ৫)

কসর্ kɔsɔr বিণ আঁটসাঁট tight কসর্ ছ্যে--আঁটসাঁট আছে (পদিনা ৩)

কসা[১] kɔsa দ্র ক[৪], কশ্[৫] (মেদিনী ১১, ৩৩)

কসা[২] kɔsa দ্র কশা[১] এ্যাক্ কসা--এক ফালি (মেদিনী ২৯)

কসা[৩] kɔsa দ্র কক্টা (মালদা ৬)

কসা[৪] kɔsa দ্র কপাট্[১] (মুর্শিদা ২৩)

কসা[৫] kɔsa বি কাঁসা [ধাতুবিশেষ] bell-metal (মেদিনী ৩০)

কসা[৫]

কসা[৬] kɔsa দ্র কঁচড়্ (জলপা ৯)

কসা[৭] kɔsa দ্র কস্সা (মালদা ৮)

কসা[৮] kɔsa দ্র কসর্ (নদীয়া ৬ পদিনা ৪, ১৩ মালদা ১০ হাওড়া ১০) জামাটা খুব্ কসা হোইচ্ছে--জামাটা খুব আঁটসাট হয়েছে (নদীয়া ৬) কসা হোই গেল্--আঁটসাঁট হয়ে গেল, এঁটে গেল (পদিনা ১৩) কসা জামা--আঁট জামা (মালদা ১০) জামাটা গায়ে খুব কসা হোইচে--জামাটা গায়ে খুব আঁটসাট হয়েছে (হাওড়া ১০)

কসা[৯] kɔsa দ্র কসা[৫] কশ্[৪] তোর্ কসা ধরে ফাড়ব--তোর ঠোঁট চিরে দেব (মালদা ৯)

কসা[১০] kɔsa বি এক প্রকার জংলি গাছ [এই গাছের পাতা ছিঁড়লে আঠা বের হয়। এই আঠা দেহের কোনো কাটা জায়গায় লাগিয়ে দিলে রক্ত পড়া বন্ধ হয়] a kind of jungli tree, grow in jungles (চব্বিশ ৩৭)

কঁসা kɔ̃sa দ্র কসা[৫] (মেদিনী ৩০)

কসাকুসি kɔsakusi দ্র কশাকুশি (মেদিনী ৩৪)

কসাড়্ kɔsaʈ বি কাশ [একপ্রকার ঘাস] a species of tall grass of which mats are made (*Saccharum spomtameum*) (মুর্শিদা ২৪)

কসাড়ি kɔsaʈi দ্র কচা[৫] কশ্[৪] (হাওড়া ৩)

কসাফ kɔsapʰɔ দ্র কশাফল্ (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬)

কসাফল্ kɔsapʰɔl দ্র কসাফ (মেদিনী ২, ২৪, ৩০)

কসাবেল্ kɔsabel দ্র কঁইত্বেল্ (মেদিনী ৩৫)

কসি[১] kɔsi দ্র কঁ[১] (নদীয়া ১০)

কসি[২] kɔsi বিণ কচি young, green (পুরুলি ১৪)

কসি হাসি kɔsi hasi বি অট্টহাস্য a very loud, roaring laughter (পুরুলি ১৪)

কসুড়ি kɔsuʈi বি কচুর ডাঁটি a stick (stalk) of an esculant edible root (চব্বিশ ৩৬)

কসুম্ kɔsum বি কুসুম ফল [টক স্বাদের ফল। এই ফলের বীজ দিয়ে তেল তৈরি হয়] safflower (a *Carthamustinctorius*) কসুম্ তেল্--কুসুম তেল (মেদিনী ১৩)

কঁহড়া

কহচু kɔhɔcu ক্রি বলেছিস্ (have / has) said তুই যেটা কহচু উটা মোর্ মোন্‌জুর্‌ছে--তুই যা বলেছিস্, তাতে আমার মত আছে (পদিনা ৮)

কহট kɔhɔʈɔ ক্রি বলছো say, (are) saying (মেদিনী ২০)

কহড়্ kɔhɔɽ বি দাঁত বা দাঁতের পাটি a row of teeth (মেদিনী ২৯)

কহড়া kɔhɔɽɑ দ্র কওড়া (বাঁকুড়া ৬, ১৪)

কঁহড়া kɔ̃hɔɽɑ বি কুমড়ো the pumpkin (পুরুলি ৪)

কহত্‌মত্ kɔhɔtmɔt ক্রি বিণ কথামতো as promised; according to one's word তোর্ কহত্‌মত্ যাবো--তোর কথামতো যাবো (পুরুলি ৯)

কহনি[১] kɔhɔni বি কনুই the elbow (মেদিনী ১৪) < সং ককোণি

কহনি[২] kɔhɔni বি একটি বিশেষ পুজো--যা 'ডাল পুজো' নামে বর্ণিত [ভাদ্রমাসের একাদশীর দিন এটি অনুষ্ঠিত হয়। এতে কোনো পুরোহিত বা মন্ত্র লাগে না। যে কোনো একজন লোককে গল্প বলতে হয়। ঐ গল্পকেই 'কহনি' বলে। গল্পকার তিনবার করে গল্পটা বলবে, তিনবার থামবে। বাড়ির উঠোনে একটা ডাল পোঁতা হয়, সেখানে গল্প থামলে পরে তিনবার গাছের পাতা, সিঁদুর আর চালগুঁড়ো দিতে হয়] a kind of worship (মেদিনী ৫) দ্র করম্ (পরব্)

কহর্ kɔhɔr বি অভিশাপ a curse (মালদা ৭)

কঁহরা kɔ̃hɔrɑ ক্রি সাঁতার দেওয়া to swim (মেদিনী ১৩)

কহল kɔhɔlɔ ক্রি বল্ say তুই কহল আমি কোইবানি--তুই বল লো, আমি বলবো না (মেদিনী ২০)

কহসি kɔhɔsi ক্রি বলি (I/we) say হামার্ ভাসায় হাড়িয়ানি কহসি--আমাদের ভাষায় হাড়িবৌ বলি (জলপা ৪)

কহা kɔhɑ [কথা] বলা to speak (জলপা ৪ পুরুলি ৯ মালদা ১, ১১ মেদিনী ২০) কি কহে রে মামা--কি বলে রে মামা? (মালদা ১) কিছু ক্যানে নি কোহ্লু--কিছু বললি না কেন? না কোহোলেই কি হোবে--না বললেই কি হবে? (মালদা ১১) কথা কহা--কথা বলা (পুরুলি ৯) ~ **নাটে কহানাটে** বি একটি সম্বোধন [এটি শুধু মেয়েদেরই করা হয়] an address (usually to women) কহানাটে, বাড়ি যাবিত চ--এই, বাড়ি যাবি তো চল্ (মালদা ১) ~ **নারে kɔhɑnɑre** বি একটি সম্বোধন [এটি ছেলেদেরই শুধু করা হয়] an address (usually to men) কহানারে, ক খাবিত্ ক--এই, বল্ খাবি তো বল্ (মালদা ১) দ্র কহল, কহসি

কহাকহা kɔhɑkɔhɑ বিণ খুব গরম very hot ভাত্‌টা কহাকহা কোর্‌ছে--ভাতটা খুব গরম লাগছে (মালদা ৭)

কাহাবহা kɔhɑbɔhɑ বি কাতরানি plaintive tone (মালদা ৭)

কহেক্ kɔhek ক্রি [তুই] বল্ (you) say (মালদা ৪)

কহেনি kɔheni দ্র কহনি[১] (পদিনা ২)

কহোনই kɔhonɔĭ দ্র কহনি[১] (মেদিনী ১৬)

কহোয়া kɔhoɑ ক্রি বলতে পারা can say আলা মি কহোয়া নি পারুম্--এখন আমি বলতে পারবো না (পদিনা ২)

কহ্যা kɔhæ অ জন্য, সেইজন্য, অগত্যা, কারণ, নিমিত্ত for ; because of ; due to মোর্ কহ্যা বোইটা লি আসিস্--আমার জন্য বইটা নিয়ে আসবি। হামি তোর্ কহ্যা লি আসুম্--আমি তোর জন্য নিয়ে আসবো। তুই তো আলুনি, সেইকহ্যা মুই গেনু--তুই তো এলি না, সেইজন্য আমি গেলাম। কিস্যের কহ্যা নি আসিল--কি কারণে ও এল না। কাহার কহ্যা লিহ্যে আসলু--কার জন্য নিয়ে এলি (মালদা ১১)

কহ্যালিয়্যা kɔhæliæ দ্র কহ্যা কাহার্ কহ্যালিয়্যা এ্যাতা বোকিহিস্ কিসের জন্য এত বকছিস্ (মালদা ১১)

কহ্যে kɔhɛ দ্র কহ্যা হামার্ কহ্যে লি আসিস্--আমার জন্য নিয়ে আসিস (মালদা ৫)

★ **কহ্যে দেওয়া kɔhɛ deŏɑ** ক্রি বলে দেওয়া to tell হাম্‌রা কোহিত্যে পারি না, তোরা কহ্যে দে--আমরা বলতে পারি না ; তোরা বলে দে (মুর্শিদা ২৩)

কাঁ[১] kɑ̃ বি, বিণ কানা one-eyed চোক্‌টা কি কাঁ হোইচে দ্যাক্‌তে পাইলুনি, পাটা মিচ্‌ড়ি দিয়া চোল্যালু--চোখটা কি কানা হয়েছে, দেখতে পেলি না, পাটা মাড়িয়ে দিয়ে চলে গেলি? (মেদিনী ১৯, ২২, ২৬)

কাঁ[২] kɑ̃ বি ফুটো a leak লইয়া কোইসিটা ওরু মদ্‌ধে কাঁ হইয়াল--নতুন কলসিটা এরই মধ্যে ফুটো হয়ে গেল? কইচ্‌চা টকাটা পড়্যা যাইয়া মাথাটা কাঁ হইচে, গ গ কর্‌যা রক্ত পড়েঠে--ছোট ছেলেটা পড়ে গিয়ে মাথাটা ফুটো হয়ে গেছে, গল্‌গল্ করে রক্ত পড়ছে (মেদিনী ১৯, ২২, ২৬)

কাআটা kɑɑtɑ বি গরু-বাঁধা দড়ির মাঝখানের কাঠ [এই কাঠের দুইপ্রান্তে দুটি ছিদ্র থাকে, দুখণ্ড দড়িকে দুই ছিদ্রে বাঁধা হয়] a piece of wood with hole on each side end [used to join pieces of rope for tying a cow] (হাওড়া ৫)

কাই[১] **kaĭ** ক্রি বিণ কোথায় where (চব্বিশ ১৭ মেদিনী ১, ২, ৪, ৬, ১২, ১৫, ১৯, ২০, ২১, ২২, ২৪, ২৬, ২৭, ৩৪, ৩৫) কোচিয়া কাই যাবু--খোকা কোথায় যাবি ? (চব্বিশ ১৭) জামাটা কাই রাখ্ছু--জামাটা কোথায় রেখেছিস? (মেদিনী ১, ১৯, ২২) কমলা কাই গ্যাল--কমলা কোথায় গেল? কাই যাউটো--কোথায় যাচ্ছো? কাই যাউটো গা--কোথায় যাচ্ছ গো (মেদিনী ১,২, ২০) কাই পাইবু--কোথায় পাবি ? (মেদিনী ৪) কাই পাওয়া যাবে--কোথায় পাওয়া যাবে? কাই যাবি--কোথায় যাবি? (মেদিনী ১২) খালি কাই কাই কোরু কেনি ? খুঁজ্যা লে না--শুধু কোথায় কোথায় করিস্ কেন ? খুঁজে নে না (মেদিনী ১৫, ১৯, ২২, ২৬) অত্বা কাই যাবু--এখন কোথায় যাবি (মেদিনী ২০) কাই যাউঠু--কোথায় যাচ্ছিস্ ? (মেদিনী ২১, ২৭) কাই থাইলু--কোথায় ছিলি? (মেদিনী ২৬) তুই কাই যাইথুলু--তুই কোথায় গেছিলি? (মেদিনী ২৬) কাই যাউঠু রে--কোথায় যাচ্ছিস্ রে? (মেদিনী ৩৪)

কাই[২] **kaĭ** ক্রি বিণ কই where (মেদিনী ২০)

কাই[৩] **kaĭ** বি তেঁতুল বিচি tamarind seed (বর্ধমা ২) < কাঁইবিচি (দাস)

কাই[৪] **kaĭ** বিণ কালো black, dark (মেদিনী ১৯, ২২, ২৬)

কাই[৫] **kaĭ** সর্ব কে who কাই কোইলে মুই ভাত্ খাবা ধোইচ্চোং--কে বলল আমি ভাত খাচ্ছিলাম ? (কোচবি ৬)

কাঁই[১] **kãĭ** বি আমের কুসি white portion of an undeveloped green mango (নদীয়া ২, ৯ বর্ধমা ৫, ৭ বীরভূ ৫ মুর্শিদা ৩)

কাঁই[২] **kãĭ** বি শ্যাওলা mass (পুরুলি ২, ৪, ৫, ১৪ মেদিনী ৫, ২৫) কাঁই বোসি গেছে [উচ্চারণে গ্যাছে নয়]--শ্যাওলার স্তর হয়ে গেছে (মেদিনী ২৫) কুলিটা কাঁই পোড়ে গ্যাছে--রাস্তাটা পিছল হয়ে গেছে (মেদিনী ৫)

কাঁই [৩] **kãĭ** বি, বিণ কৃপণ miserly (পুরুলি ৯ মুর্শিদা ৩, ১৯) কাঁই লোক্টা তোকে হাকাছে--কৃপণ লোকটা তোকে ডাকছে (পুরুলি ৯)

কাঁই[৪] **kãĭ** অস ক্রি ছাড়িয়ে dressing (of fish etc.) (মেদিনী ১৯, ২২, ২৪, ২৬) মাছ্টা কাঁই লে ত--মাছটা ছাড়িয়ে ফেল্ তো (মেদিনী ২৪) মাছ্ কেলি দে--মাছ ছাড়িয়ে দে (মেদিনী ১৯, ২২, ২৬) তু কেলান--আবরণ মুক্ত করা (দাস)

কাঁই[৫] **kãĭ** বি তলানি sediment গিলাসে জলের্ কাঁই পরেছে--গ্লাসে জলের তলানি পড়েছে (নদীয়া ১১) তু কাত (তলানি)



কাঁই[১]

কাঁই[৬] **kãĭ** দ্র কাই[১] তোর্ মা কাঁই গ্যাছে--তোর মা কোথায় গেছে? (মেদিনী ৩৪)

কাঁই[৭] **kãĭ** বি তাল, খেজুর ইত্যাদির মোচা cane-shaped bud or flower of palmyra, date-palm etc. (মুর্শিদা ১০)

কাঁই[৮] **kãĭ** কাঁদি (কলা, ডাব ইত্যাদির) a cluster (of banana, coconut etc) এ্যাক্ কাঁই কলা--এক কাঁদি কলা (মুর্শিদা ৩)

কাঁই[৯] **kãĭ** বিণ, ক্রি বিণ (রেগে) টং blinded with rage রেগি কাঁই হং গেল্ছে--রেগে টং হয়ে গেছে (মুর্শিদা ১৭)

কাঁই[১০] **kãĭ** দ্র কাই[৩] (নদীয়া ২, ৯ পুরুলি ১২ বর্ধমা ২, ৪, ৫, ১৩, ২৩ বীরভূ ১০, ১৩ মুর্শিদা ৩, ১১, ১৭) কাঁই বিচ্--তেঁতুল বিচি (বর্ধমা ২৩)

কাইও **kaĭo** ক্রি বিণ কোথাও anywhere কাইও যাইতে হবেনি, থির্ মার‍্যা বুস্যা র--কোথাও যেতে হবে না, চুপ করে বসে থাক (মেদিনী ২৬)

কাইওনু **kaĭonu** অব্যয়, ক্রি বিণ কোথাও থেকে from somewhere কাইওনু লিয়াস্তে হবে নি--কোথাও থেকে নিয়ে আসতে হবে না (মেদিনী ১৯, ২২, ২৬)

কাইকরার্ **kaĭkɔrar** বিণ, ক্রি বিণ কোথাকার of what or which place পোড়ামুঁই কাইকরার্--পোড়ারমুখি কোথাকার (মেদিনী ১৯, ২১, ২২, ২৬)

কাঁইকুটারি **kãĭkuṭari** বি কেন্নো a variety of centipede, common Indian millipede, *Streptogonopus Phipsoni* (বর্ধমা ৪)

কাইকে[১] **kaĭke** দ্র কাই[১] কাইকে যাউঠু--কোথায় যাচ্ছিস ? কাইকে যাবু--কোথায় যাবি? (মেদিনী ৪)

কাইকে[২] **kaĭke** ক্রি বিণ কোন্খানে where (মেদিনী ৩৪)

কাঁইকোড়রি **kãĭkoḍri** দ্র কাঁই[৩] (পুরুলি ৬)

কাইকোরার্ **kaĭkorar** দ্র কাইকরার্ 'কাইকোরার্ কে, আমড়া ভাতে দে'--কোথাকার কে, আমড়া ভাতে দে (মেদিনী ২১)



কাইগ্

কাইকোরিয়্যার্ kaĭkoriɛr দ্র কাইকরার্ তুই কাইকোরিয়্যার্ লোক্‌রে ভাই--তুই কোথাকার মানুষরে ভাই (মেদিনী ১, ১৯, ২২, ২৬)

কাঁইখআ kãĭkʰɔa বি মাটির হাঁড়ির ভাঙা টুকরো pieces of broken earthenware (মেদিনী ২৬)

কাইগ্ kaig বি তেল ঢালার ফানেল বা চুঙি a funnel (বাঁকুড়া ১২ মুর্শিদা ৫)

কাইচ[১] kaic বি একপ্রকার ঘাসের দানা [রঙ ধূসর সবুজ, চালের সঙ্গে ভেজাল হিসেবে এগুলো মেশানো হয়] a type of grass seed (চব্বিশ ৪)

কাইচ[২] kaic বি কাঁচ glass (জলপা ২, ৯ পদিনা ৯)

কাঁইচ্[১] kãic বি কুঁচফল a very small and red-coloured stony fruit with a black patch on the top; this is used as a measure of weight esp. by jewellers. Crab's eye, wild liquorice [*Abrus Precatorius*] < কুঁচ

কাঁইচ্[২] kãic দ্র কাইচ্ (মেদিনী ৬) কাঁইচের্ বাটি--কাঁচের বাটি (মেদিনী ২৫) কাঁইচ্‌ভাঙাগা পড়্যাছে গুড়ি লে--কাঁচ ভাঙাগুলো [কাঁচের টুকরো] পড়ে আছে, কুড়িয়ে নে (মেদিনী ৬, ২৫, ২৬)

কাঁইচ্ পাইছা kãic paĭcʰa বি ঝাঁপি a small wicker basket (মেদিনী ২)

কাঁইচ্ ফ kãĭc pʰɔ বি বঁইচি ফল a kind of small juicy berry (*Flacourtia Ramontchi*) (মেদিনী ১৯, ২২, ২৬)

কাইচা kaĭca বি কাস্তে a sickle ; a scythe (মালদা ২)

কাঁইচাও kãĭcaŏ দ্র কাইচা (কোচবি ৫)

কাঁইচা করা kãĭca kɔra ক্রি গ্রামীণ খেলায় ঠকিয়ে নেওয়া বা চুরি করা [সাধারণত ছেলেদের খেলার সময় এই শব্দ ব্যবহার করা হয়] to adopt unfair means in rural games of boys (বাঁকুড়া ৭)

কাইচালি kaĭcali বিণ ঝগড়াটে (মেয়ে) a quarrelsome (girl) (কোচবি ৩) < কাজিয়া (ঝগড়া)

কাইচালু kaĭcalu বিণ ঝঞ্ঝাটে a troublesome (person) (কোচবি ৩)

কাঁইচি[১] kãĭci বি ১ কাঁচি scissors (নদীয়া ৬ পুরুলি ৪, ৫, ১৪ বর্ধমা ৪, ৫ বীরভূ ১০, ১১ মেদিনী ২৯) কাঁইচিয়ে কাটা--কাঁচি দিয়ে কাটা [ছোট ছোট চুল] (মেদিনী ২৯) ২ কাতুরি (সোনা, রূপার পাত বা তার কাটার জন্য ব্যবহৃত হয়) a metal cutter (জলপা ৭)

কাঁইচি[২] kãĭci বি ঘুলঘুলি [মাটির বাড়ির এক প্রকারের জানালা, খুবই দরিদ্র বাড়িতে দেখা যায়] a bay-window (পুরুলি ৩)

কাঁইচি[৩] kãĭci বি মাটির বাড়ির কাঠামোয় যে কাঠ বা বাঁশগুলি চালের মাথা থেকে ছাঁচ পর্যন্ত লম্বালম্বি দেওয়া হয় vertical supports made of wood or bamboo from top to bottom of a mudhouse structure (বাঁকুড়া ৭ পুরুলি ৩, ৬, ৭)

কাইচিয়া kaĭcia দ্র কাইচা (মালদা ২)

কাঁইচিয়ে কাটা kãĭcie kaʈa ক্রি কাঁচি দিয়ে ছোট ছোট করে চুল ছাঁটা to prune, to crop (মেদিনী ২৯)

কাঁইচোক্ kãĭcok বি কানা চোখ blind of one-eye (মেদিনী ১৯, ২২, ২৬)

কাঁইচোখি kãĭcokʰi বিণ কানি (কানা মহিলা) one-eyed woman (মেদিনী ১৯, ২২, ২৬)

কাইজ্ kaij বি কাজ work, a job (মেদিনী ৬)

কাঁইজ্ kãij দ্র কাই[৮] (মালদা ১ মুর্শিদা ২, ১৯) এ্যাক্ কাঁইজ্ কলা--এক কাঁদি কলা (মালদা ১) এ্যাক্ কাঁইজ্ রম্ভা--এক কাঁদি কলা (মুর্শিদা ২) ক্যালার্ কাঁইজ্--কলার কাঁদি (মুর্শিদা ১৯)

কাইজ্জা kaijja বি ঝগড়া a quarrel কাইজ্জা কর্‌তে উস্‌তাদ্--ঝগড়া করতে ওস্তাদ মেদিনী (১৯, ২২, ২৬)

কাইজল্ kaĭjɔl বি ঝুল soot (পদিনা ৪)

কাঁইজল্ kãĭjɔl দ্র কলা মাজা (মালদা ১)

কাইজা kaĭja বি অশ্লীল গালাগালি বিশেষ [মেয়েদের ক্ষেত্রে প্রযোজ্য। ছেলেদের ক্ষেত্রে বলা হয় 'বাখান্'] vulgar, abusive language (মেদিনী ২৫)

কাইজাহুড়া kaĭjahuʈa বিণ ঝগড়াটে quarrelsome (মেদিনী ১২) দ্র কাইচালি

কাইট্[১] kaĭt বি তেলের ময়লা (যে ভাঁড়ে তেল থাকে সেই ভাঁড়ের তলায় এই ময়লা জমে) foul or turbid sediment of oil) (মুর্শিদা ২) < সং ক্বাথ

কাইট্[২] kaĭt বি মাটির জিনিস তৈরির সময় কুমোরের চাকের উপর মাটির যে অল্প উঁচু ঢিবি থাকে [হাঁড়ি ইত্যাদি বড় ধরনের জিনিস তৈরির সময়কার অল্প উঁচু ঢিবিকেই শুধু কাইট্ বলে, কিন্তু গেলাস ইত্যাদি ছোট ধরনের জিনিস তৈরির সময়কার সরু লম্বা মাটির ঢিবিকে বলে 'গোন্‌জ্'] a small heap of clay on a potter's wheel (মালদা ১)

কাঁইট্ kãĭt বি গায়ের ময়লা dirt on body (বাঁকুড়া ১৪)

কাইটাল্ kaĭtal দ্র কাঁই[৩] (মালদা ১)

কাইটালি হার্ kaĭtali har বি একপ্রকার কণ্ঠহার (কাঠিহার, লম্বা ঝুল) a variety of necklace (কোচবি ৪) < কাঠি + আলি (প্রত্যয়)

কাইটে[১] kaĭte বি খড়কুটো [যা দিয়ে উনুন ধরানো হয়] small pieces of dry straw, twig etc. used as fuel (মুর্শিদা ১৯)

কাইটে[২] kaĭte অস ক্রি কেটে cutting দাই লাড়্ কাইটে দিবে--ধাই নাড়ি কেটে দেবে (চব্বিশ ৮)

কাইঠ্[১] kaĭt^h বি, বিণ ছোপ (দাগ) partially stained, dappled (পুরুলি ১৪)

কাইঠ্[২] kaĭt^h বিণ ময়লা dirt, dirty কাইঠ্ জল্--ময়লা জল (বাঁকুড়া ৭)

কাইঠা (গোরু) kaĭt^{h}a (goru) বিণ কেঠো গরু সদৃশ [যে গরু শতবার মারলেও নড়াচড়া করে না] an obstinate cow (মালদা ১১)

কাইঠা (বোল্লা) kaĭt^{h}a (bolla) বি একপ্রকার বোলতা a kind of wasp (মালদা ৯)

কাইঠা ব্যাং kaĭt^{h}a bæŋ বি কুনো ব্যাঙ bull frog (a frog lies hidden in some corner of a house during day time), *Rana Tigrina* (মালদা ৯)

কাঁইঠে kãĭt^{h}e বিণ খুব বুদ্ধিমান very clever (বাঁকুড়া ৮)

কাঁইড়্[১] kãiɽ বি কলুর ঘানিগাছের কাঠের পাটাতনের সঙ্গে জোয়াল আটকাবার কাজে ব্যবহৃত মোটা ধরনের দড়ি a piece of rope to tie the yoke in an oil-mill (মালদা ৯)

কাঁইড়্[২] kãiɽ বি মাটির বাড়ির চালের কাঠামোর বাঁশ বা কাঠ [কাঠামোর কোণে এগুলি থাকে] the woods or bamboos on either side of the frame of the thatched cottage (পুরুলি ১৭)

কাইড়া খাড়ি kaĭɽa k^{h}aɽi বি কলুর ব্যবহৃত লোহার শিক [ঘানির তেল পড়ার ছিদ্র যদি আটকে যায় বা বন্ধ হয়ে যায়, তাহলে হাতখানেক লম্বা সরু লোহার শিক দিয়ে খুঁচিয়ে দেওয়া হয়। তখন নালিপথ পরিষ্কার হয়ে যায়] an iron poker used for cleaning narrow pipes in oil-mill (পুরুলি ১৩) < কাঁইড় + কাঠি (খাড়ি)

কাইত্[১] kaĭt বি একপ্রকার ছুরি [মোরগ লড়াইয়ের সময় মোরগের পায়ে বাঁধা হয় ধারালো বাঁকা এই বিশেষ গড়নের ছুরি] a sharp knife used in cock-fight (পুরুলি ৮ মেদিনী ২৫, ২৯)

কাইত্[২] kaĭt বি পাশ a side কাইত্ হয়ে শোয়া--পাশ ফিরে শোয়া (পদিনা ২, ১০)

কাইঠা (বোল্লা)

কাইত্কা কলাই kaĭtka kolaĭ বি এক জাতীয় কলাই [কার্তিক মাসে হয়, এর রঙ কালো, মাসকলাই জাতীয়] a type of pulse grown in the month of *Kartik* (বীরভূ ১১) তু কার্তিকা

কাইত্কার্ kaĭtkar বি 'কাইত্' নামক ছুরির বাঁধনদার (মোরগের লড়াইয়ের সময় এই ব্যক্তি মোরগের পায়ে 'কাইত্' বাঁধে) the man who ties a sharp knife to the leg of a cock in cock-fight (পুরুলি ৮)

কাইতা kaĭta চিচিঙ্গা snake gourd, *Trichosanthes Anguina* (মালদা ৯)

কাইত্যা শোয়া kaĭtæ ʃoa ক্রি কাত হয়ে শোয়া to lie down on a side (কোচবি ৩)

কাঁইদ্ kãid দ্র কাঁই[৮] এ্যাক্ কাঁইদ্ কলা--এক কাঁদি কলা (পুরুলি ৯ বীরভূ ৪, ১১) < স্কন্ধ

কাইদা[১] kaĭda দ্র কাইচা (পদিনা ১১ মালদা ৬ মুর্শিদা ২৩)

কাইদা[২] kaĭda বি কায়দা, কৌশল technique (মেদিনী ৬) < আ কায়েদা

কাইদাচ্যারা kaĭdacæra বি পানকৌড়ি, large cormorant [*Phalacrocorax Carbo*], Indian shag [*p. Fuscicolis*] (মালদা ১১) < কাদায় চরে বেড়ায়

কাইদে kaĭde দ্র কাইচা (মুর্শিদা ১৯)

কাইদ্যা kaĭdæ দ্র কাইচা (মুর্শিদা ১৫)

কাইধা kaĭd^{h}a বি কাঁঠাল a jackfruit [Artocarpus integrifollius folius] (পদিনা ১০) ~ **ভোন্দা kaĭd^{h}ar b^{h}onda** বি কাঁঠালের মাঝের দণ্ড the inedible inner stick of jackfruit (পদিনা ১০)

কাইন্ kain দ্র কাঁই[৮] কালার্ কাইন্--কলার কাঁদি। কাইন্ কাঁদি--কলার কাঁদি (পদিনা ১, ৪, ৫, ৬, ১০, ১১ মালদা ৪)

কাইন্কো kaĭnko বি (মাছের) কানকো the gills of a fish (চব্বিশ ২১)

কাঁই মুর্‌গি

কাইন্‌চা[১] kaincɑ বি পৈঠা steps of a mud-house উতোর্‌ পাকে কাইন্‌চার গোড়ৎ বান্ধিয়া থু--উত্তর দিকে পৈঠার গোড়ায় বেঁধে রাখ্‌ (জলপা ৭)

কাইন্‌চা[২] kaĭncɑ বি কঞ্চি bamboo twig, small stick (জলপা ৭)

কাইন্‌চ্যা kaincæ বি রোয়াক raised terrace of a mud-house (কোচবি ১)

কাইন্‌ছা প্যারোট্‌ kaincʰɑ pærot̪ দ্র কাঁই[৩] (মালদা ১)

কাইন্‌ছে kaĭncʰe ক্রি কাঁদছে (is) crying ছেলেটা কাইন্‌ছে কেন্যে--ছেলেটা কাঁদছে কেন? (বীরভূ ৩)

কাইন্‌জ্‌[১] kaĭnj দ্র কাঁই[৮] (মুর্শিদা ২২)

কাইন্‌জ্‌[২] kaĭnj দ্র কাঁই[৭] [এখানে কলার মোচাকে এরূপ বলে] (মুর্শিদা ২)

কাঁইন্‌জ্‌রে kãĭnjre বি উচ্ছিষ্ট left over after eating (মুর্শিদা ১৯)

কাইন্‌জাল্‌ kaĭnjal বি কলাগাছের থোড় the spathe of a banana tree, edible pith (মালদা ২, ৮ মুর্শিদা ১৫, ২২)

কাইন্‌দ্‌ kaĭnd দ্র কাঁই[৮] (পদিনা ৫ মালদা ২, ৬) ডাবের্‌ কাইন্‌দ্‌--ডাবের কাঁদি (মুর্শিদা ২৪)

কাইনু kaĭnu ক্রি বিণ কোথা থেকে where from তুই কাইনু আস্‌সু রে--তুই কোথা থেকে এসেছিস রে? তুই কাইনু আইলু --তুই কোথা থেকে এলি? কাইনু লেইলু--কোথা থেকে নিয়ে এলি? তুই কাইনু আইলু আগু ক'ত--তুই কোথা থেকে এলি আগে বল্‌তো? (মেদিনী ১৫, ১৯, ২২, ২৪, ২৬, ৩৪) < কাই = কোথা, + নু = থেকে (ওড়িয়া রু)

কাইপ্‌টেকলা kaĭpt̪ekɔla বি ভান pretext, feigning বৌটা কাইপ্‌টেকলা হঁয়ে পঁড়্যাছে--বৌটি ভান করে শুয়ে আছে (বাঁকুড়া ৬) তু কাইপ্‌টে = কপট > কপটিয়া

কাঁই পুঁটি kãĭ pũt̪i বি ছোট আকারের পুঁটি মাছ a small fresh water fish *[Barbus puntio]* (বর্ধমা ২) কানি ছোট অর্থে > কাঁই

কাঁই বগল্‌ kãĭ bɔgɔl বি বগল the armpit (বাঁকুড়া ১১) < সং কুঞ্চি

কাঁইবিচ্‌ kãĭbic দ্র কাই[৩] (বর্ধমা ৯ বীরভূ ১০)

কাইবিড়ালি kaĭbiɽali বি কাঁকবিড়ালি a painful boil in the armpit (মালদা ৪) কক্ষ + বেড়ালী (ফোঁড়া) (দাস)

কাইম্‌ kaĭm বি বাঁশের ছোট সরু ফালি--কুমোরের সরঞ্জাম [চাকে মৃৎপাত্র তৈরির সময় কুমোর ইঞ্চি তিনেক লম্বা বাঁশের সরু ফালি ব্যবহার করে] a bamboo slip of three inches long by potter to shape clay on wheel (কোচবি ৩ মালদা ১)

কাইম্‌ফা kaĭmpʰɑ দ্র কাইন্‌কো (পদিনা ১০)

কাইম্‌লা kaĭmlɑ স্বর্ণকার goldsmith (মেদিনী ৬, ১৫, ২৬) [মেদিনীপুর অঞ্চলের স্বর্ণকারদের প্রচলিত পদবি]

কাইম্‌ল্যা kaĭmlæ দ্র কাইম্‌লা (মেদিনী ২৬)

কাঁই ময়লা kãĭmɔelɑ বি তেলচিটে ময়লা (পুরুলি ৪)

কাঁই মুর্‌গি kãĭ murgi বি জলপিপি নামক একপ্রকার পাখি *Metopidius Indicus,* bronze winged jacana (বীরভূ ১)

কাইয়া[১] kaĭɑ বি কাক a crow (মালদা ১, ৯ মুর্শিদা ২৩)

কাইয়া[২] kaĭɑ ১ দ্র কাই[৪] আমার্‌ কাইয়া ম্যায়াঝিটাই ভালো--আমার কালো মেয়েটাই ভাল (মেদিনী ১৯, ২২, ২৬) ২ বিণ ময়লা dirty (মেদিনী ২)

কাঁইয়া kãĭɑ বিণ ঠকবাজ [খেলার মাঠে যে ঠকিয়ে নেয়] knavish, deceiver in games (বাঁকুড়া ১৫)

কাইয়ো kaĭo ক্রি বিণ কোথাও anywhere কাইয়োত খুঁজিয়্যা পাইলি নি--কোথাও তো খুঁজে পেলাম না (মেদিনী ১৯, ২২, ২৬) তু কাই = কোথা

কাঁইয়ো kãĭo সর্ব কেউ somebody কাঁইয়ো আম্‌টা ফেলে দিইচে--কেউ আমটা ফেলে দিয়েছে (কোচবি ৩)

কাইর্‌ kaĭr বি গরুর কাঁধের ঘা cattle disease [sore on shoulder] (চব্বিশ ৩৯) তু আ বা কাউর

কাইরা kaĭrɑ বি কলা banana (পুরুলি ৪) < কায়রা (সাঁও)

কাইল্‌ kaĭl ক্রি বিণ কাল tomorrow উ কাইল্‌ ঘজ্‌জাব্যেক্‌--সে কাল বাড়ি যাবে। কাইল্‌ মামুর্‌ দর্‌কে যাব--কাল মামাবাড়ি যাব (মেদিনী ১৯, ২২, ২৫, ২৬)

কাইল্‌কের্‌ kaĭlker বিণ কালকের recent কাইল্‌কের্‌ ছেলে তু আমার্‌ সাঁথে তর্‌জা কর্‌তে আল্‌ছিস্‌--কালকের্‌ ছেলে তুই আমার সঙ্গে মস্করা করতে এসেছিস্‌ (বীরভূ ৮)

কাইল্‌ঠা kaĭlt̪ʰɑ বিণ কালচে blackish (বাঁকুড়া ১৮)

কাইল্‌ঠিয়া kaĭlt̪ʰia বিণ খুব কালো [রঙ অর্থে] jet black ইটা খুব্‌ কাইল্‌ঠিয়া রঙ--এটা খুব কালো রঙ (বাঁকুড়া ১)

কাইল্‌ঠ্যা kaĭlt^{h}ɛ দ্র কাইল্‌ঠা (মুর্শিদা ২)

কাইলা kaĭla দ্র কাই[৪] (মেদিনী ৫)

কাইলা আঁক্ kaĭla ã̆k বিণ কটা চোখ cat-eye (মালদা ৯)

কাইলা খোরিস্ kaĭla k^{h}oris বি কালো খরিশ [এক জাতীয় বিষাক্ত সাপ] black-cobra (মেদিনী ৫)

কাইলা চুল্ kaĭla cul বি কটা চুল blond hair (পদিনা ২)

কাইলেন্‌নু kaĭlennu ক্রি বিণ কাল থেকে starting from yesterday কাইলেন্‌নু এ্যাক্ খাবোল্ ভাত্ খাইনি--কাল থেকে একগ্রাস ভাত খাইনি (মেদিনী ২০)

কাঁইলে দেয়া kãĭle dea ক্রি [আঁশ] ছাড়িয়ে দেওয়া to dress the fish মাচ্‌টা কাঁইলে দে ত--মাছটা ছাড়িয়ে দে তো (মেদিনী ২৪) তু কেলান--আবরণ মুক্ত করা (দাস)

কাইশা kaĭʃa বি কাশি cough (পদিনা ৫)

কাইশেলিগুড়ি kaĭʃeligurĭ বি শ্মশান burning ghat (জলপা ২)

কাইস্ kais দ্র কাইচ্[২] (জলপা ১)

কাইস্‌তা kaista দ্র কাইচা (বাঁকুড়া ১২ মুর্শিদা ১৫)

কাইসা kaĭsa বি ১ কুশ meadow-grass (*Eragrostis cynosuroides*) (জলপা ৭) ২ কাশ thatch grass *[Saccharum spontaneum]*

কাঁইসিদ্ধ kãĭsidd^{h}ɔ বি তেঁতুল বিচি দিয়ে একপ্রকার রান্না [তেঁতুলের কাঁই বা বিচি শুকনো খোলায় ভেজে ঢেঁকিতে পাড় দিয়ে খোসা ছাড়াতে হয়। তারপর কুলোয় ঝেড়ে একরাত জলে ভিজিয়ে রাখতে হয়। পরদিন আবার নতুন জল দিয়ে সিদ্ধ করতে হয়। এর মধ্যে মহুয়া ফল, গম, বুট কলাইও দেওয়া হয়। জল শুকিয়ে গা মাখামাখি হয়ে গেলে নামানো হয়। ঠাণ্ডা হলে দুধ ও গুড় দিয়ে এটা খাওয়া হয়। বর্ষাকালে এই রান্না করা হয়] a cooking preparation of tamarind-seed with milk and sweets etc. (বীরভূ ৫, ১০)

কাইসো kaĭso দ্র কাইসা ২ (পদিনা ১)

কাইস্যা kaĭsæ অস ক্রি কেশে after caughing কাইস্যা দম্ লিয়া লও, তাপর্ কি কোইব কও--কেশে দম নিয়ে নাও, তারপর কি বলবে বল (মেদিনী ১৯, ২২, ২৬) তু কাসিয়া

কাঁইহা kãĭha দ্র কাঁই[৩] (পুরুলি ১২ মালদা ৯)

কাইহেঁ kaĭhe দ্র কাঁই[৩] (মুর্শিদা ১৮)

কাঁইজ়্‌ড়া kãĭjra বি একপ্রকার জলজ লতানে গাছ [এটি গরুর প্রিয় খাদ্য] an aquatic creeper (মেদিনী ১৫)

কাউ kaŭ সর্ব কেউ somebody (জলপা ৯)

কাউংখা kauŋk^{h}a বি [কড়াইর] হাতল handle of a cooking pot ; metal rings of a frying pan (পদিনা ১১)



কাঁউড়্ গাচ্

কাউ কাউ[১] kaŭ kaŭ বিণ ভীষণ, খুব very, extraordinary কাউ কাউ গরম্--খুব গরম (জলপা ৭)

কাউ কাউ[২] kaŭ kaŭ অ কা কা [কাকের ডাক] crowing [of a crow] কাওয়াটা কাউ কাউ কর্‌চে--কাকটা কা কা করে ডাকছে (পুরুলি ১২)

কাউচান্[১] kaŭcan ক্রি অকারণে ঝগড়া করা to pick a quarrel, to quarrel (মেদিনী ১৫)

কাউচান্[২] kaŭcan ক্রি চিৎকার করা to screem, to shout কাউচান্ না করিয়্যা এক্‌টু সুস্থির্ হইয়্যা বুস্--চিৎকার না করে একটু স্থির হয়ে বস (মেদিনী ১, ৬, ১৫, ২২, ২৬) সাঁও কাঁউচা কাঁউচি to be irritated (Mac)

কাউচি kaŭci দ্র কাঁইচি[১] ১ (চব্বিশ ২১)

কাউচি কাটা kaŭci kaṭa বি একপ্রকার খোঁপা [গোড়া ধরে বিনুনি করে তারপর সেটা দিয়ে খোঁপা বাঁধা] a style of bun (বাঁকুড়া ১২)

কাঁউচি লাগানো kãŭci lagano ক্রি ল্যাং মারা to trip [by using leg] (বাঁকুড়া ১২)

কাউট্যাটুই kaŭṭætuĭ বি মট্‌কা [মাটির বাড়ির ছাউনির শীর্ষস্থান] the topmost part of the surface of a thatched roof (চব্বিশ ৮ মেদিনী ১৫)

কাউঠ্‌রা kauṭ^{h}ra বি কাঠের বাটি wooden bowl (মেদিনী ৩৪)

কাঁউড় kãurĭ বি গরুর জিভের ঘা a type of sore on the tongue of a cow. (বীরভূ ৮) দ্র কাউর্[১]

কাঁউড়্ গাচ্ kãurĭ gac বি শিয়ালকাঁটা গাছ mexican poppy, prickly poppy *[Argemone mexicana]* (পুরুলি ৩)

কাউড়্ বাউড়্ kaurĭ baurĭ ক্রি বিণ গোলমাল noise ছেইলেগুলা কাউড়্ বাউড়্ কইচ্‌ছে--ছেলেগুলো গোলমাল করছে (বীরভূ ১১)

কাউদাইল্ kaŭdail বি ধানগম মাড়াই করার পরে যে লাঠি দিয়ে শস্য ওলোট-পালোট করে দেওয়া হয় pole with which corn is handled while thrashing (মুর্শিদা ৫)

কাউর্[৩]

কাউন্‌হি kaunhi বি কনুই elbow (মালদা ৭, ৯)

কাউনি kaŭni দ্র কাউন্‌হি (মালদা ৭, ৯)

কাউম্‌ল্যা kaumlæ দ্র কাইম্‌লা (মেদিনী ৩৩)

কাউয়া kaŭa দ্র কাইয়া[১] (কোচবি ১ জলপা ১, ৪, ৬, ৭, ৯ দার্জিলি ৪ পদিনা ৫ মুর্শিদা ১১)

কাউয়াঠুঁটি kaŭat^{h}ũti বি একজাতীয় মাছ [সরু লম্বা জাতীয় এই মাছ জলে ঝাঁক বেঁধে থাকে। লেজের দিকটি খুব সরু। লম্বা একফুটের মতো, গায়ে সবুজাভ রূপালি রঙের চওড়া লম্বা দাগ থাকে। নদীতে বা খালে এই মাছ পাওয়া যায়। একে 'গাঙধারা' মাছও বলে] a variety of fish having pointed bill like crow, a species of river fish with a long and slender beak (মুর্শিদা ২২) তু কাউয়া (= কাক) + ঠোঁট

কাউয়া মাচ্ kaŭa mac দ্র কাউয়াঠুঁটি (মালদা ২)

কাউয়্যা kaŭæ দ্র কাইয়া[১] (পদিনা ৫)

কাউর্[১] kaur বি গবাদি পশুর ঘা [গরুর কাঁধের উপর এই ঘা হয়। এতে গরুর চামড়া ফাটা ফাটা হয়ে যায়] a sore [found on the hump of cow] (হাওড়া ১০ হুগলি ১) ২ একপ্রকার বিষাক্ত ঘা eczema (বাঁকুড়া ১১)

কাউর্[২] kaur বি ফণিমনসা গাছ [এই গাছের হলুদ রঙের ফল সরষে দানার মতো] a thorny cactus [*Opuntia dillenil*] (বাঁকুড়া ৭)

কাউর্[৩] kaur বি পান বরজের বাঁশের তৈরি কপাট door of an enclosed betel leaf, plantation made of bamboo twigs (মালদা ৬)

কাউর্ ঘা kaur g^{h}a দ্র কাউর্[১] (বর্ধমা ১১ মেদিনী ১১, ১৮ হুগলি ১০)

কাউর্‌হাটি kaurhati বি চিৎকার a scream (কোচবি ২)

কাউরি kaŭri সর্ব কারো somebody's কাউরি বাড়ি অন্য জাগায়—কারো বাড়ি অন্য জায়গায় (মুর্শিদা ১৭) [কাহারোই > কারোরি > কাউরি]

. **কাউরুলি করা kaŭruli kɔra** ক্রি অতি ব্যগ্রতা প্রকাশ করা to express extreme eagerness ছেলেটা কাউরুলি করছে—ছেলেটা ব্যতিব্যস্ত হচ্ছে (বর্ধমা ৫)

কাউরে kaŭre দ্র কাউরি (মালদা ৬)

★ **কাউলানো kaŭlano** ক্রি কাকুতি-মিনতি করা to implore (কোচবি ৮ জলপা ৭) উয়ায় খুব্ কাউলাছে—ও খুব অনুরোধ করছে (কোচবি ৮)

কাঁউলি kãŭli বি গরুর গলকম্বল dewlap of cattle (বীরভূ ৮)

কাউহা kaŭha দ্র কাউয়া (জলপা ৩)

কাঁও kãŏ সর্ব কেউ somebody কাঁও দ্যায় কাঁও নি দ্যায়—কেউ দেয় কেউ দেয় না (কোচবি ৩, ৪ জলপা ৯)

কাঁও কাঁও kãŏ kãŏ সর্ব কেউ কেউ somebody or other কাও কাও যাবে—কেউ কেউ যাবে (কোচবি ১)

কাঁওটে kãŏte দ্র কাই[১] (মেদিনী ১৩)

কাঁওড়্[১] kãoɽ দ্র কাউর[২] (পুরুলি ১৬)

কাঁওড়্[২] kãoɽ বি শ্বেতি (রোগবিশেষ) lukodarma (পুরুলি ৬) তু কাউর

কাওড়ান্ kaŏɽan বিণ বাচাল talkative (নদীয়া ৯)

★ **কাঁওড়ানো kãŏɽano** ক্রি চুলকে দেওয়া to itch উ কাঁওড়াই দিচ্ছে—সে চুলকে দিচ্ছে (পুরুলি ১১, ১২)

কাওয়া[১] kaŏa দ্র কাউয়া (পদিনা ১৪ পুরুলি ৫, ৯ বাঁকুড়া ৭ মুর্শিদা ২২ মেদিনী ৫, ৬)

কাওয়া[২] kaŏa বি মইয়ের ধাপ a step of ladder (কোচবি ৩ জলপা ৮ পদিনা ৫)

কাওয়াঠুঁটি kaŏat^{h}ŭti দ্র কাউয়াঠুঁটি (মালদা ২)

কাওয়াড়ি kaŏaɽi বি বাঁশের বা পাটকাঠি দিয়ে তৈরি দরজা a door made of bamboo slips or jute-stalks (কোচবি ২, ৩)

কাঁওয়ে kãŏe দ্র কাঁইয়ো ওহ্‌হো, তোর্ বাপ্ মাও কাঁওয়ে নাই—আহা রে, তোর বাবা মা কেউ নেই (কোচবি ১) তু আ বা কেউই

কাওরান্ kaŏran বিণ কলহপরায়ণ [মেয়ে] a quarrelsome woman (নদীয়া ৯ বর্ধমা ১৪)

কাওরান্ করা kaŏran kɔra ক্রি ঝগড়া করা to quarrel (বর্ধমা ৫)

কাওরানি kaŏrani দ্র কাওরান্ (বর্ধমা ৫)

কাঁওল্ kãol বি কামলা রোগ jaundice (নদীয়া ১৩ বাঁকুড়া ৪, ১৮) তু ম বা কাম্বোল < কমলা [কমলালেবুর মতো বর্ণবিশিষ্ট] (দাস)

কাওল্ মাচ্ kaol mac দ্র কাউয়াঠুঁটি (মালদা ৯)

কাওহা kaŏha দ্র কাউয়া (দার্জিলি ৩)

কাং[১] kaŋ বি কাঁধ shoulder (কোচবি ৪ জলপা ৭ দার্জিলি ১, ৩, ৪ পদিনা ২, ৪, ১৪) মড়াটা কাঙোৎ কোরি নিয়ে যাই—মৃতদেহটি কাঁধে করে নিয়ে যাই (কোচবি ৪) কাং

ধরাধোরি কোরে আচ্চে--কাঁধ ধরাধরি করে আসছে (দার্জিলি ২)

কাং[২] kaŋ বি কেউ someone (কোচবি ৩)

কাং[৩] kaŋ বি গরু-মোষের কুঁজ hump of a cattle (কোচবি ৪) < সং স্কন্ধ

কাংকড়্ kaŋkɔɽ বি কাঁকর grit (মালদা ৯)

কাংকাশি kaŋkaʃi বি মাছের কান্‌কো gills [of fish] (দার্জিলি ১, ৪)

কাংকি kaŋki দ্র কাউংখা (পদিনা ২)

কাংকিরা kaŋkira বি কিনারা the edge or brim (কোচবি ২) < কিনারা ফা (দাস)

কাংকুলি[১] kaŋkuli বি কনুই the elbow (জলপা ৭)

কাংকুলি[২] kaŋkuli বগল the armpit (জলপা ৬, ৯ পদিনা ১)

কাংকেঠ্যা kaŋkeʈʰæ বি শববাহক he, who carries corpse to crematorium (মেদিনী ৩৪) কাঁধ + কেঠ্যা (কাঠ)

কাংকোলি kaŋkoli বি নদীর পাড়ে অবস্থিত বাড়ি a house situated by the riverside (কোচবি ৩)

কাংখা kaŋkʰa বি কানা [মাটির হাঁড়ি কলসি অথবা অন্য কোনো পাত্রের] the brim or edge of an earthenware (দার্জিলি ৩, ৪ পদিনা ২, ৩ মালদা ৬)

কাংখাই kaŋkʰaï দ্র কাঁকই (পদিনা ৯)

কাংখিনি kaŋkʰini বি নিষ্ফলা লম্বা সুপুরি গাছ a betel-nut tree, that bears no fruit (দার্জিলি ৩)

কাংখো kaŋkʰo দ্র কাউংখা (পদিনা ৩)

কাংখোলি kaŋkʰoli দ্র কাংকুলি[২] (মালদা ৪)

কাংগা kaŋga বি কামরাঙা an edible sour fruit, *Carambola, Overrhoa carambola* (কোচবি ৪)

কাংগা মোরুশ্ kaŋga moruʃ বি একপ্রকার লঙ্কা [কামরাঙার মতো বড় আকারের] capsicum, a kind of chilli (কোচবি ৪)

কাংগোই kaŋgoï বি চিরুনি a comb (মালদা ৯)

কাংগোন্ বালা kaŋgon bala দ্র কাগ্‌না (বর্ধমা ২)

কাংঘ kaŋgʰɔ দ্র কাং[১] (পদিনা ২)

কাংঘ জোল্ kaŋgʰɔ jol বি জোয়ালের কাঠ [যা গরুর কাঁধে আটকানো হয়] the peg of an yoke which leeps the bullock tied (পদিনা ১)

কাংজি পানি kaŋji pani বি আমানি বা পান্তাভাতের জল [এই জল খেলে শরীর ঠাণ্ডা হয়] water in which cooked rice has been soaked overnight (মেদিনী ২)



কাংকাশি

কাংটাক্ kaŋtak বিণ এক কাহন [খড়ের আঁটির পরিমাপ] a measure of hay (মেদিনী ১৫) কাহন + টাক (টুকু)

কাংড়া kaŋɽa দ্র কাংগা (জলপা ৮)

কাংড়াকাটা বাটি kaŋɽakaʈa baʈi বি ফুলকাটা বাটি [বাটির কানায় ঢেউ কাটা থাকে] a bowl with wavy brim (হাওড়া ১০)

কাংড়ি kaŋɽi বি একপ্রকার কাঁকড়া [ছোট আকার, ধান জমিতে থাকে] a variety of crab (বর্ধমা ১৯ বাঁকুড়া ১৯) < কাঁকড়ি

কাংনি kaŋni বি একপ্রকার গহনা [নিচে হাতে পরার বালা] a bangle for the wrist (মুর্শিদা ১৬)

কাংরা[১] kaŋra দ্র কাংগা (জলপা ৭)

কাংরা[২] kaŋra বি কাঁকড়া a crab, *Cancer paguru* (চব্বিশ ১৫)

কাংরা[৩] kaŋra বি ছুতোরের কাজে ব্যবহৃত কাঠের তৈরি কম্পাস a wooden compuss used by the carpenter (বর্ধমা ৫)

কাংরাকাটা বাটি kaŋrakaʈa baʈi দ্র কাংড়াকাটা বাটি (মালদা ২)

কাংরি kaŋri দ্র কাংরা[২] (বর্ধমা ৯)

কাংলা[১] kaŋla বিণ নিঃসম্বল destitute (পুরুলি ২) < কাঙ্গাল

কাংলা[২] kaŋla দ্র কাউয়াঠুঁটি (মুর্শিদা ৩)

কাংলা[৩] kaŋla দ্র কাঁওল্ (বীরভূ ১১)

কাংলাই kaŋlaï দ্র কাঁইকুটারি (মুর্শিদা ১১)

কাংলাশ্[১] kaŋlaʃ বি গিরগিটি chameleon, lizard [*Calotes versicolor*] (হাওড়া ১০) < কৃকলাস

কাংলাশ্[২] kaŋlaʃ বিণ রোগা ও লম্বা লোক a lean and tall man (পদিনা ১০)

কাংলিয়া kaŋlia বি কনিষ্ঠাঙ্গুলি little finger (পদিনা ৩)

কাংশাঙি kaŋʃaŋi সারেন্‌জা, ঢোল ইত্যাদি বাদ্যযন্ত্রের গায়ে আটকানো কাঁধে ঝোলাবার দড়ি a shoulder-strap attached to musical instrument (জলপা ৭)



কাঁক্‌চুল্

কাংশুল্ kaŋʃul বি জোয়ালের অংশ বিশেষ [এর সঙ্গে বলদের গলা বেঁধে রাখার জন্য দড়ি আঁটা থাকে] a part of yoke to which a rope is attached to fix bullock (পদিনা ১১)

কাংশেশ্‌শরি kaŋʃeʃʃɔri বি একপ্রকার কাঁসার থালা [যার কানা দু ইঞ্চি উঁচু a plate of bell-metal [having two inches high brim] (বাঁকুড়া ৭)

কাংশোল্ kaŋʃol দ্র কাংশুল্ (পদিনা ১)

কাংহাই kaŋhaĭ দ্র কাংগোই (মালদা ৯)

কাক্[১] kak সর্ব কাকে [কাহাকেঁ] to whom (জলপা ৭)

কাক্[২] kak দ্র কাংকুলি[২] (কোচবি ১)

কাক্[৩] kak বি কাঁখ বা কক্ষ [কোমরের পাশের দিক যেখানে কলসি নেওয়া হয়] the flank ছাওয়াটাকে কাকৎ নেই--ছেলেটাকে কাঁখে নিই (কোচবি ৪ পদিনা ১২) < কক্ষ

কাক্[৪] kak বি তেল ঢালার জন্য ব্যবহৃত ফানেল a funnel (পদিনা ১১ মুর্শিদা ২৩)

কাঁক্[১] kãk দ্র কাক্[৪] (হাওড়া ৩)

কাঁক্[২] kãk দ্র কাক্[৩] (চব্বিশ ৯, ১৪, ২৭)

কাঁক্[৩] kãk বি কোমর waist (মেদিনী ৭, ১৪, ৩২) < কক্ষ

কাঁক্[৪] kãk দ্র কাক্[২] কাঁকের খাউ--বগলের ফোঁড়া (মালদা ১১)

কাক্ আঁধার্ kak ãdʰar বি গোধূলি twilight কাক্ আঁধারে মোতো হোইচে, বাড়ি চল্--গোধূলি (সন্ধ্যা) হয়েছে, এবার বাড়ি চল্ (হাওড়া ১০) দ্র কাক্‌ভোর্

কাক্‌কো kakko সর্ব কাহাকেও, কাউকেও to nobody (মেদিনী ২৬)

কাক্ কোইল্লা kak koĭlla বি বড় করলা large bitter gourd, *Momordica charantia* (জলপা ৬)

কাক্‌কোর্ বালি kakkor bali দ্র কাংকড়্ (বর্ধমা ৯)

কাক্‌ঘুম্ kakgʰum বি তন্দ্রাচ্ছন্নতা slumber (চব্বিশ ৩৬)

কাক্‌চি লেবু kakci lebu বি কাগজিলেবু a small variety of lemon with thin skin, lime *[Medica var. acida]* (নদীয়া ২)

কাঁক্‌চুল্ kãkcul বি আঁচিল a wart, a mole (বীরভূ ৩)

কাক্‌চোক্‌খু kakcokkʰu বিণ ট্যারা squint-eyed (কোচবি ৬)

কাক্‌চোখুয়া kakcokʰua বিণ ট্যারা চোখের ব্যক্তি a squint-eyed person (জলপা ৩)

কাক্-চোড়োই খ্যালা kak-coɽoi kʰæla বি একপ্রকার গ্রামীণ খেলা [দুজন ছেলে খেলে। দুজনের মধ্যে একজন হঠাৎ বলে ওঠে 'কাক্-চোড়োই'। অন্যজন সঙ্গে সঙ্গে একপায়ে দাঁড়িয়ে পড়ে। ঐ অবস্থায় দাঁড়িয়েই তাকে কাক এবং চোড়োই পাখি খুঁজে বার করতে হবে। যদি কোথাও দেখতে না পায় এবং তার মধ্যে মাটিতে পা পড়ে যায়, তবে প্রথম জন তাকে ১৫টি কিল মারবে। যদি 'কাক-চোড়োই' দেখতে পায়, তাহলে কেউ কাউকে মারবে না। এরপর, যে একপায়ে দাঁড়িয়েছিল সে অন্য খেলোয়াড়কে বলবে 'কাক্ চোড়োই'। এইভাবে খেলা চলতে থাকে] a rural game played by boys (বর্ধমা ১৫)

কাক্‌জোনি kakjoni বি কাক্‌জ্যোৎস্না dim or faint moonlight (বাঁকুড়া ৪, ১২)

কাক্‌জোস্‌তা kakjosta দ্র কাক্‌জোনি (বর্ধমা ২)

কাঁক্‌ড়া kãkɽa বি কাঁকরোল a kind of cucurbitaceous kitchen vegetable (হুগলি ১২) < সং কর্কোটক

কাঁক্‌ড়া পিঠা kãkɽa piṭʰa বি একপ্রকার পিঠা [গুড় ও জল একত্রে একটি পাত্রে ফোটানো হয়। ফোটার সময় তার মধ্যে চালের গুঁড়ি এবং পরিমাণমতো নুন দিয়ে নাড়াচাড়া করা হয়। আঠা আঠা হয়ে গেলে ঐ জমাট পদার্থটি নামিয়ে একটি পাত্রে ঢেলে ঢেকে রাখা হয়। ঠাণ্ডা হয়ে গেলে চাকি-বেলুনে বেলে লুচির মতো কড়াইতে ঘি দিয়ে ভাজতে হয়] a rural sweet cake (মেদিনী ৮, ১৩)

কাঁক্‌ড়া বিছা খ্যালা kãkɽa bicʰa kʰæla বি একপ্রকার গ্রামীণ খেলা [দুই দলে খেলা হয়। প্রতি দলে ছয়-সাত জন খেলোয়াড় থাকে। একদলের একজন কাঁকড়া বিছা (নেতা) হয়। মাটিতে একটি বৃত্তাকার ঘর কাটা হয়। কাঁকড়া বিছা এবং বিপক্ষদলের সব খেলোয়াড় এই ঘরের মধ্যে থাকে। বিছার দলের খেলোয়াড়রা ঘরের বাইরে বসে থাকে। এবার কাঁকড়া বিছা ঘরের মধ্যের খেলোয়াড়দের (যারা এলোমেলোভাবে ঘুরছে) এক পা দিয়ে মারবে। যাকে যাকে এইভাবে মারবে, তারা ঘরের বাইরে চলে যাবে। এইরকমভাবেই সবাইকে বাইরে পাঠাতে হবে আধ ঘণ্টার মধ্যে। এই আধ ঘণ্টা খেলার সময়কে আবার দুইভাগে ভাগ করা হয়। মাঝখানে সামান্য বিরতি থাকে। ঐ সময়ের

মধ্যে মারতে না পারলে, কাঁকড়া বিছার দল পরাজিত হবে। এরপর দ্বিতীয় পক্ষের পালা। সেই পালায় একই ব্যক্তি দ্বিতীয়বার কাঁকড়াবিছা হতে পারবে না, বিপক্ষের নেতাই হবে কাঁকড়া বিছা] a rural game (মেদিনী ৩১)

কাক্‌ড়া ভাজি kakɾɔ bʰɔji বি কাঁক্‌ড়া দিয়ে তৈরি একপ্রকার রান্না [কাঁকড়া ছাড়িয়ে শিলে বেটে নিতে হবে। পিঁয়াজ, জিরা, লঙ্কা একসাথে বেটে ঐ কাঁকড়া বাটার সঙ্গে নুন দিয়ে মাখতে হবে। তারপর বড়ার মতো করে ভাজতে হবে] a preparation of crab (মেদিনী ১৮)

কাঁক্‌ড়ার্ কোউরা kãkɾɔr koŭra বি কাঁকড়ার একপ্রকার রান্না [কাঁকড়া ছাড়িয়ে ধুয়ে কড়ায় তেল দিয়ে ভাজতে হয়। তারপর শিল নোড়ায় বাটা হয়। তার সঙ্গে সরষে এবং কাঁচালঙ্কাও (পরিমাণ মতো) বাটতে হয়। বাটা হয়ে গেলে নুন তেল এবং পিঁয়াজকুচি মেশাতে হয়, তারপর গরম ভাতের সঙ্গে পরিবেশন করা হয়] a preparation of crab (মেদিনী ১৯, ২২, ২৬)

কাঁক্‌ড়ার্ ঝোল্ kãkɾɔr jʰol বি কাঁকড়া দিয়ে তৈরি একপ্রকার রান্না [প্রথমে খোসা ছাড়ানো কাঁকড়া তেলে ভেজে নিতে হবে। তারপর পাঁচফোড়ন সম্বরা দিয়ে আদাবাটা, রসুন, পিঁয়াজকুচি, হলুদবাটা, লঙ্কাবাটা, জিরাবাটা দিয়ে কষে নিতে হবে। তারপর পরিমাণ মতো নুন আর জল দিতে হবে। জল ফুটে উঠলে কাঁকড়াগুলো তাতে দিয়ে দিতে হবে। কিছুক্ষণ ফুটলে নামিয়ে নিতে হবে। গ্রামের মানুষ এই খাদ্য রোগীর পক্ষে উপকারী বলে মনে করে] a preparation of crab in which gravy is retained (বীরভূ ৯)

কাঁক্‌ড়ার্ পোলো kãkɾɔr polo বি কাঁকড়ার এক বিশেষ ধরনের রান্না [কাঁকড়ার খোসা ছাড়িয়ে, ধুয়ে শিল-নোড়ায় বাটতে হবে। তারপর একটুকরো ছেঁড়া পরিষ্কার কাপড়ে ঐ কাঁকড়া বাটা রেখে কাপড়টা মুড়ে হাত দিয়ে চেপে চেপে ক্বাথ্ থেকে জল বের করতে হবে। তারপর একটা কড়াতে ফুটন্ত গরম জলে বড়ার মতো করে ঐ ক্বাথ্ ছাড়তে হবে। দুই / তিন মিনিটের মধ্যেই ঐ বড়া শক্ত হয়ে সেদ্ধ হয়ে যাবে। সেই সঙ্গে ফুটন্ত জলে কষাটে ও আঁশটে গন্ধও বের হয়ে যাবে। তারপর ঐ বড়া গরম জল থেকে ছেঁকে নিতে হবে। এই বড়া দিয়ে নুন, হলুদ, পিঁয়াজ ও অন্যান্য মশলা দিয়ে ঝোল করা যায়। এছাড়া টক কিংবা অন্য আরও অনেক রকম রান্নাও করা যায়] a preparation of boiled crab (মেদিনী ১৯, ২২, ২৬)

কাক্‌ড়ি[১] kakɾi বি শুক্‌নো জমিতে তৈরি ধানচারা [সাধারণত গ্রীষ্মকালে জমি চষে শুক্‌নো বীজধান ছড়ানো হয়। এই ধান থেকে যে চারা জন্মায় তাকে 'কাক্‌ড়ি' বলে।

কাক্‌ড়ি[১]

অঙ্কুরিত বীজধান কাদা জমিতে ছড়িয়ে আর একপ্রকার ধানচারা তৈরি করা হয়। তাকে বলে 'পেচ্‌কা' বা 'পেচ্‌কো'। কৃষকদের কাছে 'কাক্‌ড়ি' ধানচারা অধিক আদরণীয় টেঁকসই বলে] a particular state or growth of young paddy plant (চব্বিশ ২৭) ~ **ব্যান্ kakɾi bæn** দ্র কাক্‌ড়ি[১] (চব্বিশ ১৯)

কাক্‌ড়ি[২] kakɾi দ্র কাংরা[২], কাংরি (মেদিনী ৭)

কাঁকড়ি[১] kãkɾi বি কাঁকুড় green melon, *Cucumis utilissimus* (মালদা ৭ মুর্শিদা ২২)

কাঁক্‌ড়ি[২] kãkɾi দ্র কাংরা[২] (বাঁকুড়া ১১, ১২ মেদিনী ৩, ২৫) [এই কাঁক্‌ড়া দুই প্রকারের হয়। ১. বেলে কাঁক্‌ড়ি। খয়েরি রঙের দেখতে। ২. ক্ষেত কাঁকড়ি। এর রঙ অনেকটা সাদা। ধানজমিতে থাকে (বাঁকুড়া ১২)] ~ **গড়্ kãkɾi gɔɾ** বি কাঁকড়ার গর্ত a burrow of crab ; a hole in the ground dug by crabs (মেদিনী ২৫) ~ **ছানা kãkɾi cʰana** বি কাঁকড়ার বাচ্চা baby crabs, a young crab (মেদিনী ২৫) ~ **তলা kãkɾitɔla** দ্র কাক্‌ড়ি[১] (মেদিনী ১৫, ২৪) ~ **ধরা kãkɾi dʰɔra** বি বিবাহের একটি অনুষ্ঠান [বরের বাড়িতে সন্ধ্যাবেলা বর-কনে ছাঁদনাতলায় বসে। তার সঙ্গে বরের জামাইবাবুরাও বসে। তারপর বরের সর্বকনিষ্ঠা বোন সকলের পা ধুইয়ে দেয় আর পয়সা নেয়। এর নাম 'কাঁক্‌ড়ি ধরা] a ritual observed in marriage ceremony (মেদিনী ১৩) ~ **বেওন্ kãkɾi beon** দ্র কাক্‌ড়ি[১] (চব্বিশ ৪)

কাক্ ঢেনে মাচ্ kak ɖʰene mac বি একজাতীয় মাছ a variety of fish (মেদিনী ১৫)

কাক্‌ত kaktɔ বি বগল the armpit (মেদিনী ১৯, ২২, ২৬, ৩৪) তু কক্ষমূল

কাক্‌তল্ kaktɔl দ্র কাক্‌ত (চব্বিশ ১৯ মেদিনী ৮, ১৯) তু আ বা কক্ষমূল

কাক্‌তাল্ kaktal দ্র কাক্‌ত (মেদিনী ৩০)

কাক্‌তালি kaktali দ্র কাক্‌ত (কোচবি ১ মেদিনী ৩১)



কাক্‌রা[২]

কাক্‌তি[১] kakti দ্র কাক্‌ত (পদিনা ২)

কাক্‌তি[২] kakti বি একজাতীয় ছোট কাছিম a variety of small turtle (বাঁকুড়া ৫)

কাক্‌তুয়া kaktua বি কাতুকুতু titillation (মেদিনী ৩৪)

কাক্‌তুল্ kaktul দ্র কাক্‌তল্ (মেদিনী ২৮)

কাক্‌তোল্ kaktol দ্র কাক্‌তল্ (চব্বিশ ১৭) তু আ বা কক্ষমূল

কাক্‌ত্যারা kaktæra বিণ একচোখ কানা one-eyed (দার্জিলি ২)

কাক্‌দোলি kakdoli বি দ্র কাক্‌তল্ (মালদা ৩)

কাক্‌না বাঁধা kakna bãdʰa বি বিয়ের একটি আচার বিশেষ [বিয়ের দিন কনের হাতে একটি সুতো দিয়ে মহুল পাতা ও দূর্বাঘাস বেঁধে দেওয়া হয়, একে বলে 'কাক্‌না-বাঁধা'] a ritual observed in marriage ceremony (মেদিনী ৫)

কাঁক্‌নিদ্রা kãknidra বি অর্ধেক নিদ্রিত ও অর্ধেক জাগরিত অবস্থা a state of drowsiness (বীরভূ ১১) দ্র কাক্‌ঘুম্

কাঁক্‌বগল্ kãkbɔgɔl দ্র কাক্‌ত (পুরুলি ৯ বাঁকুড়া ৭ মেদিনী ১২, ২৯, ৩৬)

কাঁক্‌বগলি kãkbɔgɔli বি বগলের ফোঁড়া a boil in the armpit (বীরভূ ৮)

কাঁক্‌বগোল্ kãkbɔgol দ্র কাক্‌ত (বাঁকুড়া ৫, ৭)

কাক্‌ব দেওয়া kakbɔ deŏa বি মৃত ব্যক্তির আত্মার উদ্দেশ্যে আহার দেওয়া [হিন্দু প্রথায় আছে, মৃত্যুর পর শ্রাদ্ধের দিন পর্যন্ত একটি পরিষ্কার জায়গায় মৃতের আত্মার উদ্দেশ্যে অগ্নিকর্তা খাবার দেয়। এই প্রথার নাম 'কাক্‌ব দেয়া' a ritual observed after the death of a person [According to the Hindu ritual, food is offered to the departed soul till *shraddha* ceremony] (মেদিনী ২৭)

কাঁক্‌বিড়ালি kãkbiɽali দ্র কাঁক্‌বগলি (বীরভূ ৯, ১১)

কাঁক্‌বিড়্যালি kãkbiɽæli দ্র কাঁক্‌বিড়ালি (বীরভূ ৯)

কাক্‌বোল্ kakbol দ্র কাক্‌ব দেওয়া [হিন্দু প্রথায় আছে, মৃত্যুর চতুর্থ দিন থেকে শ্রাদ্ধের দিন পর্যন্ত বাড়ির বাইরে একটি স্থান পরিষ্কার করে সেখানে একটি বেনাগাছ বসিয়ে মৃতের আত্মার উদ্দেশ্যে প্রতিদিন সকালে একটি হাঁড়িতে প্রদীপ জ্বালিয়ে হবিষ্যি দিতে হয়। রাত্রে মুড়কি ও বাতাসা দিতে হয়। একেই বলে কাক্‌বোল] (মেদিনী ১৭)

কাক্‌বোলি kakboli বি মৃত ব্যক্তির আত্মার উদ্দেশ্যে দেওয়া আহার [মৃত্যুসংক্রান্ত অশৌচের সময় হিন্দুরা উঠোনের একপাশে একটি বাঁশ চারফালা করে পুঁতে তার উপরে একটি সরা রাখে। প্রতিদিন স্নানের পরে মৃতের স্ত্রী-পুত্র-পরিজন এই সরাতে কাঁচা দুধ ও কলা দেয়। এরই নাম 'কাক্‌বোলি'] a ritual of Hindu observed after death (চব্বিশ ১২)

কাক্‌ভোর্ kakbʰor বি প্রত্যুষ the dawn (হাওড়া ১,৮)

কাক্‌রা[১] kakra বি একধরনের পিঠে [চালের গুঁড়ো, গুড় আর জল দিয়ে মেখে গোলা করতে হয়। তারপর কড়ায় গরম ঘিয়ের মধ্যে ঐ গোলা এক হাতা করে দিতে হয়। ঠিক লুচির মতো হয়ে ফুলে ওঠে। একটু লালচে করে ভেজে নিতে হয়] a variety of Bengali pie দ্র কাঁক্‌ড়া পিঠা (মেদিনী ১২)

কাক্‌রা[২] kakra বি লোহার তৈরি একপ্রকার বড় কাঁটা [এই কাঁটা নোঙরের মতো দেখতে, এর দ্বারা কুয়োয় পড়ে যাওয়া বালতি ইত্যাদি তোলা হয়] a kind of hook made of iron (জলপা ৭)

কাক্‌রা[৩] kakra বি ছুতোরের ব্যবহৃত যন্ত্রবিশেষ [গোরুর গাড়ির চাকার হালের (লোহার গোল বেড়) নিচের আড়াআড়ি কাঠটিকে ঠিক মাপে কাটার জন্য এই যন্ত্রটি ব্যবহৃত হয়] a carpenter's tool (মালদা ১)

কাক্‌রা পিঠা kakra piɽʰa বি একপ্রকার পিঠা [তালের কাই বার করে, গরম করে তার সঙ্গে চালের গুঁড়ো ও মিষ্টি (গুড় বা চিনি) একসঙ্গে মাখা হয়। এই মণ্ড থেকে ছোট ছোট গোল্লা করতে হয়। তারপর এক একটি গোল্লা একটি ছোট কলাপাতায় রেখে আর একটি কলাপাতা উপরে দিয়ে হাতের চেটো দিয়ে চাপ দিতে হয়। তখন সেগুলি চ্যাপ্টা আকারের হয়ে যায়। এবার একটি মাটির সরা উনুনে বসিয়ে তাতে সর্ষের তেল বা ঘি দিয়ে তাতে ঐ গোলাগুলি ভাজতে হবে] a kind of Bengali pie, a preparation of palmyra fruit (মেদিনী ২০)

কাঁক্‌রি kãkri বি কাঁকুড় a green melon, *[Cucumis utilissimus]* (মালদা ২)

কাক্‌রে দেওয়া kakre deŏa ক্রি চেঁচে পুঁছে দেওয়া to scrape থালের্ মদ্‌দে হাত্‌টা কাক্‌রে দিলম্—থালার মধ্যে হাতটা চেঁচে পুঁছে দিলাম। (কোচবি ৩)

কাঁক্‌রেল্‌ kãkrel বি কাঁকরোল a kind of cucurbitaceous kitchen vegetable (হুগলি ১২)

কাঁক্‌রো kãkro বি একপ্রকার জরি [শোলার তৈরি টোপর প্রভৃতির সাজে কাজে লাগে] fine golden or silvery thread, mainly used for embroidery work on conical sole hat made of sponge wood (চব্বিশ ৮)

কাঁক্‌লা kãkla দ্র কাউয়াঠুঁটি (মুর্শিদা ২২)

কাঁক্‌লাস্‌ kãklas বি কাঁকড়া বিছা a scorpion, *Arachnida* (মুর্শিদা ১৭)

কাক্‌লি মাছ্‌ kakli mac^h দ্র কাউয়াঠুঁটি (চব্বিশ ৩৬)

কাক্‌লে মাছ্‌ kakle mac^h দ্র কাউয়াঠুঁটি (মুর্শিদা ২৪)

কাক্‌শিল্‌ মাছ্‌ kakʃil mac^h দ্র কাউয়াঠুঁটি (চব্বিশ ৩৬)

কাঁকই kãkɔĭ বি চিরুনি a comb (দার্জিলি ৪ মেদিনী ২৯ হুগলি ৮) < সং কঙ্কতিকা

কাকড়্‌[১] kãkɔɽ বি শিশির dew (মেদিনী ২০, ৩১) কাকড়্‌ পোড়্‌ছে--শিশির পড়ছে (মেদিনী ২০)

কাকড়্‌[২] kakɔɽ বি শশা a cucumber, *Cucunis sativus* (বাঁকুড়া ২)

কাঁকড়্‌[১] kãkɔɽ দ্র কাংরা[২] (দার্জিলি ২ মালদা ৬) বেলে কাঁকড়্‌--বালিতে বা বেলে মাটিতে থাকে এমন এক জাতীয় কাঁকড়া (মালদা ৬)

কাঁকড়্‌[২] kãkɔɽ দ্র কাকড়্‌[২] (পুরুলি ১৬)

কাঁকড়্‌ মাকড়্‌ kãkɔɽ makɔɽ বি চেঁচামেচি hue and cry কাঁকড়্‌ মাকড়্‌ লিঘিয়ে দিল--চেঁচামেচি লাগিয়ে দিল (মালদা ৮)

কাকর্‌[১] kakɔr দ্র কাকড়্‌[১] (মেদিনী ৮, ১৬, ৩০)

কাকর্‌[২] kakɔr বি ঢোলের গায়ের চামড়ার দড়ি যা বাঁধুনির কাজে লাগে leather strings with which the body of drum is bound (পদিনা ১০)

কাঁকর্‌ kãkɔr দ্র কাকড়্‌[১] (মেদিনী ২৫)

কাঁকর্‌ kãkɔr দ্র কাকর্‌[২] (বাঁকুড়া ১০)

কাকল্‌ kakɔl বি কাঁখ both sides of the waist (পদিনা ১২) < সং কক্ষ

★ **কাকা[১] kaka** ক্রি আঁচড়ানো [চুল] to comb (কোচবি ১, ৪, ৬ পদিনা ৪, ১০) মাতা কাকামু--মাথা আঁচড়াবো (কোচবি ১) মুই কাকাই--আমি চুল আঁচড়াই (কোচবি ৪) মাতা কাকাই--মাথা আঁচড়াই (কোচবি ৪) আয়, মাতা কাকামো--আয়, চুল আঁচড়াবো (কোচবি ৪) কাকায়--চুল আঁচড়ায় (কোচবি ৬) মাথা কাকা--চুল আঁচড়ানো (পদিনা ১০)

কাকা[২] kaka বি ছোট জায়ের বাবার প্রতি বড় জায়ের সম্বোধন uncle (বাঁকুড়া ১৬)

কাঁক্‌রো

কাঁকা[১] kãka বি, বিণ বোবা a dumb (মেদিনী ২০) তু কঁকা (সাঁও)

কাঁকা[২] kãka ক্রি (হাত) চাঁচা, চেঁচে নেওয়া to scrape হাত্‌ থালায় কেঁকে নিলো--হাত থালায় চেঁচে নিল (চব্বিশ ১) দ্র কাক্‌রে দেওয়া

কাকাইল্‌ kakail দ্র কাকল্‌ (বর্ধমা ২৬ বাঁকুড়া ১৪) বাচ্চা কাকাইলে লিয়া--বাচ্চা কাঁখে / কাঁকালে নেওয়া (বাঁকুড়া ১৪)

কাঁকাকাঁকি করা kãkakãki kɔra ক্রি আঁচড়ানো to comb thoroughly মাথাটা কাঁকাকাঁকি কোড়িয়া উল্‌ট্যা খোঁপা বাঁদি--চুল আঁচড়ে উল্‌টিয়ে খোঁপা বাঁধি (কোচবি ৪)

কাকাতো kakato বি খুড়তুতো born of a younger brother of one's father or father-in-law (জলপা ৭ পদিনা ২ মালদা ১১) কাকাতো ভেই--খুড়তুতো ভাই (পদিনা ২) কাকাতো বোহিন্‌--খুড়তুতো বোন (পদিনা ২) কাকাতো ভাই--খুড়তুতো ভাই (জলপা ৭ মালদা ১১)

★ **কাকানা kakana** দ্র কাকা[১] মাথা কাকানা--চুল আঁচড়ানো (দার্জিলি ৪)

★ **কাকানো kakano** দ্র কাকা[১] চুলি কাকাচি--চুল আঁচড়াচ্ছি মাতা কাকাচি--চুল আঁচড়াচ্ছি (পদিনা ৯) চুল্‌লা কাকাছে--চুলগুলো আঁচড়াচ্ছে (পদিনা ২)

★ **কাঁকানো kãkano** দ্র কাক্‌রে দেওয়া (চব্বিশ ৩৭)

কাকাবোলি kakaboli দ্র কাক্‌ব দেওয়া, কাক্‌বোল্‌ (মেদিনী ২৮)

কাকার্‌ বেটা ভাই kakar beṭa b^{h}aĭ বি খুড়তুতো ভাই cousin, son of father's younger brother (পদিনা ১)

কাকার্‌ বেটি বোন্‌ kakar beṭi bon বি খুড়তুতো বোন daughter of father's younger brother (দার্জিলি ৩)

কাকার্‌ ব্যাটা ভাই kakar bæṭa b^{h}aĭ দ্র কাকার্‌ বেটা ভাই (পুরুলি ৩) [অনুরূপভাবে পিসার ব্যাটা ভাই, জ্যাঠার ব্যাটা ভাই]



কাঁকেই

কাঁকাল্ kākal য় কাকল্, কাকাইল্ (বর্ধমা ২, ২১ বাঁকুড়া ৭ মুর্শিদা ১০ মেদিনী ৭, ১১ হাওড়া ১১) কাঁকালে ঘড়া নিয়েচে—কাঁখে কলসি নিয়েছে (বর্ধমা ১৪) কাঁকাল্ সেটে পরা—কোমর বেঁধে [কাপড়] পরা (হাওড়া ১০)

কাকালি kakali য় কাকল্, কাকাইল্ (চব্বিশ ৩৭)

কাকি kaki সম্বো ছোট জায়ের মায়ের প্রতি বড় জায়ের সম্বোধন aunt (বাঁকুড়া ১৬)

কাঁকি বাঁশ্ kāki bāʃ বি পোকা লাগা বাঁশ [সাধারণত একপ্রকার পিঁপড়ে এই বাঁশের ডগায় বাসা বেঁধে ডগার নরম অংশ খেয়ে নেয়] pest-eater bamboo (মুর্শিদা ১৭)

কাঁকিলা মাচ্ kākila mac য় কাউয়াঠুটি (বীরভূ ৪, ৯ মালদা ১০)

কাকিল্যার্ মাচ্ kakilaer mac য় কাউয়াঠুটি (মুর্শিদা ২৩)

কাকিশাশুড়ি kakiʃaʃuri বি খুড়শাশুড়ী aunt-in-law (জলপা ৭)

কাকুই kakuĭ য় কাঁকই (চব্বিশ ৩৭ বর্ধমা ৫ হুগলি ১১, ১৮)

কাঁকুই kākuĭ য় কাঁকই (চব্বিশ ১৪ বর্ধমা ২, ২৫ হাওড়া ১০ হুগলি ১)

কাঁকুড়ু kākuṛ য় কাকড়ু[২] (নদীয়া ১০ পুরুলি ৯ মেদিনী ৪, ৫, ৮, ১৫, ২০, ২১, ২৪, ২৫) [আদর্শ বাংলায় 'কাঁকুড়' এখানেও 'কাঁকুড়']

কাকুড়ু ব্যাটা kakuṛ baṭa বি পূজা বা ব্রতবিশেষ [ভাদ্র মাসের একাদশীর দিন এখানে একটা পূজা বা ব্রত হয়। তাতে একটা ডালসমেত কাঁকুড় লাগে। ঐ কাঁকুড়ের গায়ে চালের গুঁড়ো মাখানো হয় আর ডালে সিঁদুর লেপন করা হয়। এই জিনিসটিই 'কাকুড় ব্যাটা'] a folk worship of cucumber (মেদিনী ৫)

কাঁকুড়ি[১] kākuṛi য় কাকড়ু[২] (মেদিনী ২৫)

কাঁকুড়ি[২] kākuṛi য় কাঁকড়ু[১] (বীরভূ ৭, ১০, ১৩)

কাঁকুড়ে যাওয়া kākuṛe joā ক্রি সূক্ষ্ম ছিদ্র হওয়া বা ফেটে যাওয়া [কেবলমাত্র মাটির হাঁড়ির ক্ষেত্রে প্রযোজ্য। মাটির হাঁড়িতে রান্না হওয়ার সময় সূক্ষ্ম ছিদ্র দেখা যায় বা সামান্য ফাটা দেখা যায়, যাতে খুব কম পরিমাণে জল বেরিয়ে যায়, তাহলে বলা হয়—হাঁড়ি কাঁকুড়ে গ্যাছে] to crack, to have a fine hole [in an earthen pot] কাঁকুড়ে গ্যাছে, নোতুন্ এ্যাক্টা আন্‌তে হবে—ভাতের হাঁড়িটা ফেটে গেছে—নতুন একটা আনতে হবে (হাওড়া ১, ৮)

কাকুয়া kakua য় কাঁকই (মালদা ৯) < সং কঙ্কতিকা (দাস)

কাঁকুর[১] kākur য় কাকড়ু[২] (মেদিনী ১৭; ২০, ২৯)

কাঁকুর[২] kākur য় কাংরো[২], কাঁকড়ু[১] (বর্ধমা ২)

কাকুরি kakuri য় কাকড়ু[২] (মেদিনী ৩২)

কাকুলি kakuli য় কাকৃত (জলপা ৫ দার্জিলি ২, ৩ মালদা ৪)

কাঁকেটি kāketi বি চোরকাঁটা speargrass, love thorn [*Andropogon scioulatus, Chrysopogon scioulatus*] (মেদিনী ১৩)

কাকো[১] kako য় কাঁকই (পদিনা ৩)

কাকো[২] kako সর্ব কাউকে [not] to anybody বোদোসি কাকো সারাই না—লাজুক মেয়ে কাউকে দেখা দেবে না (পদিনা ৪)

কাঁকোই kākoĭ য় কাঁকই (কোচবি ৪, ৬ জলপা ১০ দার্জিলি ২,৩ পদিনা ২, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১৪, ১৭ পুরুলি ৪ বর্ধমা ২,২৫ বাঁকুড়া ১৬ মালদা ২, ৪ মুর্শিদা ২৪ মেদিনী ৫, ৯, ১২, ১৩, ২৯ হাওড়া ৩, ১০ হুগলি ৮) কাকোই দিয়ে কাকাবে—চিরুনি দিয়ে চুল আঁচ্‌ড়াবে (পদিনা ৩)

কাঁকোইড়ু kākoiṛ য় কাকড়ু[২] (পুরুলি ১৩, ১৫ বর্ধমা ৮)

কাকোড়ু kakoṛ য় কাকড়ু[২] (মেদিনী ১৩)

কাকোড়ু kākoṛ য় কাংরো[২], কাঁকড়ু[১] (পদিনা ২)

কাকোড়ু বাজি kakoṛ baji বি এক প্রকার ধানের নাম a species of paddy (মেদিনী ৩৪)

কাঁকোতি kākoti বি কোমরের ফোঁড়া a boil on the waist (পুরুলি ৭)

কাঁকোবাঁন্দা kākobānda বিণ যে নারীর একবার সন্তান হয়েছে the woman who has given birth to child only once (বর্ধমা ১২)

কাঁকোয় kākoĭ য় কাঁকই (পুরুলি ১৩)

কাঁকোয়া kākoa বি কৃষির কাজে ব্যবহৃত সরঞ্জাম বিশেষ [শক্ত মাটি খোঁড়ার কাজে প্রয়োজন হয়] a tool for digging hard soil, used by peasants (বাঁকুড়া ১৫)

কাকোর্ kakor য় কাংরো[২], কাঁকড়ু[১] (দার্জিলি ২, ৩ পদিনা ৯)

কাকোর্ পানি kakor pani বি ঠাণ্ডা জল cold water (মেদিনী ৮)

কাঁকোরিয়া kãkoria বি একপ্রকার ধান a species of paddy (হাওড়া ৩)

কাঁকোল্ kãkol দ্র কাকল্, কাকাইল্ (মুর্শিদা ১১)

কাঁক্কুড় kãkkuɽ দ্র কাকড়্[২] (বর্ধমা ৮)

কাক্কো kakko সর্ব কাকেও, কাহাকেও, কাউকেও [not] to anybody কাক্কো কোইবুনি কইলি--কাউকেও বলবি না বললাম (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬) দ্র কাকো[২]

কাক্কোর্‌বালি kakkorbali দ্র কাংকড় (বর্ধমা ৯)

কাখ্[১] kakʰ বি কোল lap ছেলে কাখে করা--ছেলে কোলে নেওয়া (মেদিনী ১০)

কাখ্[২] kakʰ বি কোমর waist (মেদিনী ৩৩)

কাঁখ্[১] kãkʰ দ্র কাংকুলি[২], কাক্[২] (জলপা ৫)

কাঁখ্[২] kãkʰ দ্র কাখ্[১] ছাটাকে কাঁখে ঘিন্--ছেলেটাকে কোলে তোলো (মেদিনী ৫)

কাঁখ্‌ড়া kãkʰɽa দ্র কাংরা[২] (কোচবি ১) ~ **বিছা kãkʰɽa bicʰa** বি কাঁকড়া বিছা a scorpion [*Arachinda*] (মেদিনী ৫)

কাঁখ্‌ড়ি kãkʰɽi দ্র কাংরা[২], কাংরি, কাক্‌ড়ি[২] (পুরুলি ৯ বাঁকুড়া ৭ মেদিনী ৫)

কাঁখ্‌না kãkʰna বি বিয়ের মাঙ্গলিক অনুষ্ঠানের উপকরণ বিশেষ [আমপাতা ও মহুয়া ফুলের পাতা একসঙ্গে করে সুতো দিয়ে বেঁধে 'কাঁখ্‌না' তৈরি করা হয়। বর যখন কনের বাড়িতে বিয়ে করতে আসবে তখন মেয়ের হাতের কব্জিতে তার জামাইবাবু বা ঐ জাতীয় সম্পর্কের কেউ 'কাঁখ্‌না' বেঁধে দেবে আর পুরোহিত বাঁধবে ছেলের হাতের কব্জিতে। অষ্টমঙ্গলার সময়ে পুকুরঘাটে বরের বৌদি কনের হাতের 'কাঁখ্‌না' খুলবে আর বরের হাতের 'কাঁখ্‌না' খুলবে 'বাগাল্' বা নিতবর। তারপর ওগুলো জলে ভাসিয়ে দেওয়া হয়] a ritual observed in Hindu marriage ceremony (মেদিনী ১৩, ৩৩)

কাঁখ্‌বগল্ kãkʰbɔgɔl দ্র কাক্‌ত (পুরুলি ১৭)

কাঁখ্‌বিড়ালি kãkʰbiɽali দ্র কাঁক্‌বগলি, কাঁক্‌বিড়ালি (পুরুলি ৪)

কাখ্‌রা পিঠা kakʰra piṭʰa বি একপ্রকার পিঠা [এই পিঠে তিন ভাবে প্রস্তুত হয়। (১) দেড় সের জলে আড়াইশো চিনি দিয়ে ফোটাতে হবে। চালের গুঁড়ো জলে গুলে ঐ ফুটন্ত রসে ঢেলে 'খোইল্-ডাং' নামক গোল লাঠি দিয়ে নেড়ে নেড়ে শক্ত মণ্ড তৈরি করতে হয়। তারপর ছোট ছোট লেচি কেটে লুচির মতো বেলে ঘিয়ে ভাজতে হবে। একে বলে 'সাদা কাখ্‌রা'। (২) একটি কাখ্‌রা বেলে তার উপরে চাঁছি অর্থাৎ ক্ষীর মাখিয়ে আর একটি কাখ্‌রা দিয়ে চাপা দিতে হবে। তারপর ধারগুলো টিপে টিপে মুড়ে দিতে



কাখড়

হবে। এরপর ঘিয়ে ভাজতে হবে। এর নাম 'চাঁছির্ কাখ্‌রা'। (৩) ছানা দিয়েও এইভাবেই কাখ্‌রা তৈরি করা যায়। তাকে বলে 'ছানার্ কাখ্‌রা'] a variety of rural sweet pie. [first a dough is made by boiling ground rice with sugar and then divided it into pieces, rolled and fried. Sometimes (dehydrated and thickened) milk is used as sweet karnel] (বাঁকুড়া ১)

কাখ্‌রে নেওয়া kakʰre neŏa ক্রি কোলে নেওয়া to take on lap ছুয়াটুকো কাখ্‌রে নে--ছেলেটাকে কোলে নে (মেদিনী ৮) কাখ্‌রে ঘিন্‌বে--কোলে নিয়ে ঘুরবে (মেদিনী ৬) দ্র কাখ্[১]

কাঁখ্‌লা kãkʰla দ্র কাউয়াঠুঁটি (মালদা ১)

কাঁখ্‌লি kãkʰli দ্র কাক্‌ত (দার্জিলি ১, ৩ পদিনা ৪, ১৩) কাখ্‌লিখান্ চুল্‌কাছে--বগলটা চুলকাচ্ছে (দার্জিলি ১)

কাঁখ্‌লোই kãkʰloĭ দ্র কাক্‌ত (দার্জিলি ৩)

কাখড়্ kakʰɔɽ বি চালকুমড়ো a green melon [*Benincasa cerifera*] (মেদিনী ১৫, ২৪, ৩৪)

কাখর্[১] kakʰɔr দ্র কাংরা[২], কাংরি, কাক্‌ড়ি[২] (মালদা ২)

কাখর্[২] kakʰɔr দ্র কাকল্ কাখর্ করা--কাঁখে নেওয়া (মেদিনী ২)

কাঁখর্[১] kãkʰɔr বি কাঁকর [এই 'কাঁখর্' কুমোরের সংগৃহীত মাটির সঙ্গে মিশে থাকে] grit [usually mixed with clay] (বাঁকুড়া ৯)

কাঁখর্[২] kãkʰɔr দ্র কাখড়্ (মেদিনী ৮, ২৭)

কাখলি kakʰɔli দ্র কাকল্ (পদিনা ১, ২)

কাখা kakʰa দ্র কাকল্ (মুর্শিদা ১৮)

কাঁখা[১] kãkʰa বি গাঁইতি a pick-axe (পুরুলি ১৫)

কাঁখা[২] kãkʰa দ্র কাকল্ (মালদা ৭)

কাঁখাইল্ kãkʰail বি পাঁজা a pile (মুর্শিদা ৩)

কাখারে kakʰare দ্র কাখ্‌রে নেওয়া (মেদিনী ৮)

কাঁখাল্ kãkʰal দ্র কাকল্ (মুর্শিদা ১৫)

কাঁখুড়্ kãkʰuɽ দ্র কাখড়্ (মেদিনী ২, ২১)

কাগ্‌দা

কাঁখুড়ি kãkʰuɽi দ্র কাংরা[২], কাংরি, কাক্‌ড়ি[২] (বীরভূ ৩)

কাঁখুড়ি পোড়া kãkʰuɽi poɽa বি কাঁকড়ার এক প্রকার রান্না [কাঁকড়ার খোলা ছাড়িয়ে, ধুয়ে একটা শিকে ফুঁড়ে পোড়াতে হবে। তারপর লঙ্কা, পেঁয়াজ, নুন দিয়ে শিলে বাটতে হবে। শেষে তেল মেশাতে হবে। বর্ষার সময় এই কাঁকড়া বেশি পাওয়া যায়] a preparation of roasted crab (বীরভূ ১৩)

কাঁখুয়া kãkʰua বি একপ্রকার গাঁইতি [একদিকে ফলা থাকে। এটি দিয়ে খুব শক্ত পাথুরে মাটি খোঁড়া হয়] a pick-axe (পুরুলি ৩ বাঁকুড়া ১৬ মেদিনী ২৫)

কাখুয়াড়্ kakʰuaɽ দ্র কাখড়্ (মেদিনী ৮, ২০)

কাখুর্ kakʰur দ্র কাখড়্ (চব্বিশ ১৯ মেদিনী ২, ৪, ৩৪)

কাখুরা kakʰura বি একপ্রকার মোটা আমন ধান a variety of coarse autumnal paddy (মেদিনী ৩৪)

কাখুরি kakʰuri দ্র কাংরা[২], কাংরি, কাঁখড়া (বর্ধমা ১৫ বীরভূ ৮) কাখুরির্ ছা--কাঁকড়ার বাচ্চা (বীরভূ ৮)

কাখুলি[১] kakʰuli দ্র কাংকুলি[২], কাক্[২] (মালদা ৪)

কাখুলি[২] kakʰuli দ্র কাক্[৩] (দার্জিলি ৩)

কাঁখোই kãkʰoĭ দ্র কাঁকই (মুর্শিদা ১৫ মেদিনী ৭, ১১, ১৭)

কাখোইকে kakʰoĭke দ্র কাকো[২], কাক্কো কাখোইকে বোলিস্ না--কাউকে বলিস না (বাঁকুড়া ১৮)

কাঁখো বোগোল্ kãkʰo bogol দ্র কাংকুলি[২], কাঁখ্[১] (বাঁকুড়া ৭)

কাখোয়ার্ kakʰoar দ্র কাখড়্ (মেদিনী ২০)

কাঁখোর্ kãkʰor দ্র কাখড়্ (চব্বিশ ১, ৭ মেদিনী ৩৫)

কাখোল্ kakʰol দ্র কাক্[৩] (মুর্শিদা ১১)

কাগ্[১] kag বি শিশি বা বোতলের ছিপি কিংবা ঢাকনি a cap or a cork (বীরভূ ১, ৪, ১৪ বর্ধমা ১৮ বাঁকুড়া ৭) < ইং cork

কাগ্[২] kag বি ফানেল, চুঙি a funnel (নদীয়া ৭ মুর্শিদা ৫, ১১, ১৯, ২৪)

কাগ্[৩] kag দ্র কাইয়া[১] (মেদিনী ৩২)

কাগ্ ঘুম্ kag gʰum বি হাল্কা ঘুম light sleep কাগ্ ঘুম্ ঘুমাচ্ছে--হাল্কা ঘুম ঘুমোচ্ছে (নদীয়া ১০)

কাগ্‌চোকো ঘুম্ kagcoko gʰum বি চোখ খুলে ঘুমানো to sleep with eyes open (বীরভূ ৫)

কাগ্‌চোখ্ kagcokʰ বিণ স্বচ্ছ কিংবা পরিষ্কার crystal clear কাগ্‌চোখের্ মত জল্--[পুকুরের] জলটা স্বচ্ছ (বাঁকুড়া ৯) < কাকচক্ষু

কাগ্‌জা kagja বি ১ কাগ্‌জি লেবু a variety of lemon having thin peel (বীরভূ ৪ মেদিনী ১১) ২ একধরনের লেবু [এটি কাগজি লেবুর থেকে বড়, দেখতে লম্বা, গন্ধ আছে] a variety of larger lemon (মেদিনী ১১, ১৫, ২৫ মুর্শিদা ১১, ১৭, ২৩)

কাগ্‌জোনি kagjoni বি কাকজ্যোৎস্না [জ্যোৎস্না রাতে হঠাৎ ঘুম ভেঙে গেলে যদি ভোর হয়েছে বলে মনে হয়, অথচ তখন গভীর রাত। সেই অবস্থাকে 'কাগ্‌জোনি' বলে] dim or faint moonlight (বাঁকুড়া ৭, ১২) দ্র কাক্‌জোনি

কাগ্ ডাক্‌তার্ kag ɖaktar বি হাতুড়ে ডাক্তার a quack doctor (হুগলি ৬) < ইং quack doctor.

কাগ্‌ড়ানো ধান্ kagɽano dʰan বি অঙ্কুরিত বীজধান [কাগ্‌ড়ানো ধান থেকে দুইভাবে বীজতলা করা হয়--প্রথমত 'রস্ কাগ্‌ড়ি'। ভিজে ভিজে ভাব থাকবে, এমন মাটিতে 'কাগ্‌ড়ানো' ধান ফেলা হলে বলা হয়, 'রস্ কাগ্‌ড়ি'। দ্বিতীয়ত 'ডুবো কাগ্‌ড়ি'। জল-কাদা মেশানো জমিতে কাগ্‌ড়ানো ধান ফেলা হলে বলা হয় 'ডুবো কাগ্‌ড়ি'। বীজধান ডুবে যায় বলে এমন নাম। 'ডুবো কাগ্‌ড়ি'র নামান্তর হচ্ছে--'পেকো' বা 'পেচ্‌কো'] grownpaddy saplings on soft bed (চব্বিশ ৮)

কাগ্‌ড়া বিছা kagɽa bicʰa (মেদিনী ৩২) দ্র কাঁখ্‌ড়া বিছা

কাগ্‌ড়ি kagɽi বি শুকনো জমিতে তৈরি ধানের বীজচারা grown paddy saplings on dry bed (চব্বিশ ১১, ১৫) ~ **তলা kagɽi tɔla** দ্র কাগ্‌ড়ি (চব্বিশ ২০) ~ **বিচ্ kagɽi bic** দ্র কাগ্‌ড়ি (চব্বিশ ২৭)

কাগ্‌দা kagda বি কাটারি a crescent-shaped chopper (পদিনা ৩)

কাগ্‌দোল্ kagdol দ্র কাক্‌ত (মালদা ১১)

কাগ্‌না kagna বি স্বর্ণালঙ্কার [চেন দিয়ে গাঁথা খিলযুক্ত বালা, হাতে পরা হয়] a gold-bangle of specific design (বর্ধমা ২)

কাগ্‌নি kagni দ্র কাগ্‌না (মুর্শিদা ১৬)

কাগ্‌বগল্ kagbɔgɔl দ্র কাক্‌ত (বাঁকুড়া ১৮)

কাগ্‌বেড়ালি kagbeɽali দ্র কাঁক্‌বগলি, কাঁকবিড়ালি (বাঁকুড়া ১৮)

কাগ্‌বোল্ kagbol দ্র কাক্‌ব দেওয়া ১ হিন্দুদের শ্রাদ্ধক্রিয়ার আচার [এই আচার অনুযায়ী মৃতব্যক্তির উদ্দেশে বাড়িতে বা শ্মশানে আহার্য বস্তু নিবেদন করা হয় মৃত্যুর পর থেকে শ্রাদ্ধের দিন পর্যন্ত। হিন্দুদের বিশ্বাস, ঐ খাবার কাক এসে খেয়ে গেলে ঐ উৎসর্গ সার্থক হয়। মনে করা হয়, মৃতব্যক্তির আত্মাটিই কাকের রূপ ধরে এসে খেয়ে যায়। এর শাস্ত্রীয় নাম 'কাক্‌বলি'। চলিত ভাষায় রূপান্তর 'কাগ্‌বোল্'। ২ অনেক সময় এই 'কাগ্‌বোল্' শব্দটি গালাগালি হিসেবে ব্যবহার হয়। 'কাগ্‌বোল্' জুটেনি তোর?--মৃতব্যক্তির উদ্দেশে নিবেদিত সামান্যতম আহার্যও জোটেনি তোর? (মেদিনী ৩৪) ৩ 'কাক্‌বলি' দেওয়ার রূপভেদ আছে। কোথাও কোথাও মৃত্যুর পঞ্চম দিন রাস্তার চৌমাথার মোড়ে একটি গাছতলায় সকালে খই-মিষ্টি এবং সন্ধ্যায় অগ্নিকর্তা একটি পাতায় দুইভাগে হবিষ্যান্ন দিয়ে আসে দুটি কাকের উদ্দেশে। এই হবিষ্যান্ন যে রান্না করে, সে রান্নার সময় কারোর সঙ্গে কথা বলে না] (মেদিনী ১৫, ২৮)

কাগ্‌ভাংগা বাঁশ্ kagbʰaŋga bãʃ দ্র কাঁকি বাঁশ (মালদা ১)

কাগ্‌মারা বাঁশ্ kagmara bãʃ দ্র কাঁকি বাঁশ, কাগ্‌ভাংগা বাঁশ্ (হাওড়া ৮)

কাগ্‌মুড়ো বাঁশ্ kagmuɽo bãʃ দ্র কাঁকি বাঁশ, কাগ্‌ভাংগা বাঁশ্ (মুর্শিদা ২৪ হাওড়া ৬)

কাগ্‌মোড়া বাঁশ্ kagmoɽa bãʃ দ্র কাঁকি বাঁশ, কাগ্‌ভাংগা বাঁশ্ (বর্ধমা ১৯)

কাগা ঘুম্ kaga gʰum বি চোখের পাতা আধখোলা অবস্থায় ঘুম to sleep with eyes half open [সাধারণত অসুস্থ বা দুর্বল অবস্থায় মানুষ এইভাবে ঘুমায়] ছ্যাওয়াটা কাগা ঘুম্ ঘুমাইসে--ছেলেটা হাল্কা ঘুম্ ঘুমাচ্ছে (কোচবি ৭) দ্র কাগ্‌চোকো ঘুম

কাগি kagi বিণ যে স্ত্রীলোকের একটি সন্তান হওয়ার পর আর কোনো সন্তান হয় না a woman, who has given birth to one child only (জলপা ১)

কাগুচে নেবু kaguce nebu দ্র কাগ্‌জা (চব্বিশ ১০)

কাঁগুরা kãgura বি একপ্রকার গাছ [ট্যাঁড়স গাছের মতো দেখতে। এই গাছের ছাল দিয়ে দড়ি তৈরি হয়। পাটের দড়ি বা বাবুই দড়ির মতো এই 'কাঁগুরা দড়ি' বেশ মজবুত] a plant used for making ropes (মেদিনী ৮)

কাঙ্ kaŋ দ্র কাং[৩] (দার্জিলি ২, ৩ পদিনা ১, ২, ১২) < সং স্কন্ধ

কাঙ্‌খা kaŋkʰa দ্র কাংখা (পদিনা ১, ৯ মেদিনী ২৪)

কাঙ্‌খাই kaŋkʰaĭ দ্র কাঁকই (পদিনা ৯)

কাচ্‌কার্ দাত্

কাঙ্‌জি পানি kaŋji pani দ্র কাংজি পানি (মেদিনী ২)

কাঙ্‌রা[১] kaŋra দ্র কাংরা[১] (জলপা ৭)

কাঙ্‌রা[২] kaŋra দ্র কাংরা[২], কাংরি, কাক্‌ড়ি[২] (চব্বিশ ১৫)

কাঙ্‌রা[৩] kaŋra দ্র কাংরা[৩] (বর্ধমা ৫)

কাঙ্‌রি kaŋri দ্র কাংরা[২], কাংরি, কাক্‌ড়ি[২], কাঙ্‌রা[২] (বর্ধমা ৯ হুগলি ৫)

কাঙ্‌লা kaŋla দ্র কাঁওল্ (বীরভূ ১১) < আ বা কামলা

কাঁঙ্‌লাই kaŋlaĭ দ্র কাঁইকুটারি (মুর্শিদা ১১)

কাঙ্‌শোল্ kaŋʃol দ্র কাংশুল্ (পদিনা ১)

কাঙুই kaŋuĭ দ্র কাঁকই (হুগলি ৫)

কাঙেই kaŋeĭ দ্র কাঁকই (চব্বিশ ৪)

কাঙেরা kaŋera বি কামরাঙা an edible sour fruit, *Averrhea carambola* (জলপা ৭)

কাঙোই[১] kaŋoĭ দ্র কাঁকই (চব্বিশ ৪)

কাঙোই[২] kaŋoĭ দ্র কাউ উয়ার্ কাঙোই নাই এ্যাকেড়ে--ওর কেউ নেই একেবারে (কোচবি ২)

কাঙোর্ kaŋor দ্র কাঁওল্, কাংলা[৩] (হাওড়া ১)

কাঙোল্ kaŋol দ্র কাঙোর্ (নদীয়া ৬)

কাঙোলিয়া kaŋolia বি কনিষ্ঠা [আঙুল] the little finger (মালদা ৯)

কাঙ্গোন্‌বালা kaŋgonbala দ্র কাগ্‌না (বর্ধমা ২)

কাঙ্ঘ্‌জোল্ kaŋgʰjol দ্র কাংঘ জোল্ (পদিনা ১)

কাঙ্ঘ kaŋgʰɔ দ্র কাং[১] (পদিনা ২)

কাচ্ kac বি কুঁচকি [পেট আর উরুর সংযোগস্থল] groin (দার্জিলি ৩ পদিনা ২, ৬, ৯, ১০, ১২, ১৪ মালদা ৪)

কাঁচ্[১] kãc কাঁচা green (not ripe) কাঁচ্ তেঁতুল্--কাঁচা তেঁতুল (হাওড়া ১, ২)

কাঁচ্[২] kãc বি চিম্‌নি a chimney (বর্ধমা ৪, ৯, ১০, ১৯)

কাঁচ্ কাগ্ kãc kag বি পাতিকাক a common crow (মুর্শিদা ২৪)

কাচ্‌কার্ দাত্ kackar dat বি মুখের সামনের দাঁত frontal teeth (পদিনা ১৪)



কাচ্ছু

কাচ্‌কি[১] **kacki** বি গমের খড় hay of wheat plant (বাঁকুড়া ৮ মুর্শিদা ১০)

কাচ্‌কি[২] **kacki** বি গম রাখার ঘর a room to store wheat (বর্ধমা ৭) ~ **লেবু kacki lebu** দ্র কাগ্‌জা ১ (বর্ধমা ৫)

কাঁচ্‌কি kãcki দ্র কাচ্‌কি[১] (বীরভূ ১, ৪, ৮)

কাচ্‌কে kacke ক্রি বিণ কাছে near, close কাচ্‌কে আয়--কাছে আয় (বাঁকুড়া ১ হুগলি ১২) তু 'জল্‌কে চল'

কাঁচ্‌কে kãcke দ্র কাচ্‌কি[১] (বীরভূ ৮, ১১)

কাচ্‌ খেলা kac khela বি খেলাবিশেষ [কাঁচের গুলির সাহায্যে এই খেলা হয়] a game of marble (কোচবি ১)

কাঁচ্‌গুটি kãcguṭi বি ছোট কাঁচের গুলি বা মার্বেল a marble [used for rural game] (মেদিনী ২৯)

কাচ্চা kacca দ্র কাচ্‌ (মালদা ৭)

কাচ্‌চিয়া kaccia বি কাস্তে a scythe (মালদা ৯)

কাচ্‌ছাড়ে দেওয়া kacchaṛe deŏa ক্রি আছ্‌ড়ে to wash clothes throwing to the ground with force কাচ্‌ছাড়ে দাও গা--কাপড় জলে আছ্‌ড়ে কেচে দাও (বর্ধমা ৯)

কাচ্ছু kacchu বি কাছিম [ছোট জাতের কচ্ছপ] a small turtle (মালদা ১১)

কাঁচ্‌জল্‌ kãcjol বি খুব পরিষ্কার জল crystal clear water.(মুর্শিদা ১৪, ১৬) দ্র কাগ্‌চোখ্‌

কাচ্‌ড়া kacṛa বি আছাড় act of falling flat on the ground (মেদিনী ২)

কাচ্‌ড়াই ফ্যালা kacṛaĭ phæla ক্রি ধাক্কা দিয়ে ফেলা to shove and cause to fall (পুরুলি ১৪)

কাচ্‌ড়া কাচ্‌ড়ি kacṛa kacṛi বি ধস্তাধস্তি a scuffle (পুরুলি ১৪) ~ **করা kacṛa kacṛi kora** ক্রি দুজনে জড়াজড়ি করে মারপিট করা to scuffle (মেদিনী ২৫)

কাচ্‌ড়ে কাচা kacṛe kaca দ্র কাচ্‌ছাড়ে দেওয়া কাপড় কাচ্‌ড়ে কাচে--কাপড় আছ্‌ড়ে কাচে (বর্ধমা ১২)

কাঁচ্‌থোড়্‌ kãcthoṛ বি ধানগাছের ডাঁটায় গজানো নতুন ফলনের থোড় [ধানগাছে ফলন আসার আগে গাছের ডাঁটায় থোড় আসে। সেই থোড়ই শীষ হয়ে গাছের ডগায় বের হয়। ধানগাছের সর্বশেষ স্তর এটি। এরপর আর পাতা বের হয় না ; 'কাঁচ্‌থোড়্‌' হৃষ্টপুষ্ট হয়েই থোড়ে পরিণত হয়] the ear of corn before it shoots from the culm stalk (চব্বিশ ১২ বর্ধমা ৭ বাঁকুড়া ৩, ৫)

কাচ্‌নি kacni বিণ কচি বাচ্চা a small baby; an infant (মালদা ৬)

কাঁচ্‌ পাখি kãc pakhi বি একজাতীয় ছোট আকারের পাখি [গায়ের রঙ নীল এবং সবুজ মিশ্রিত। সামান্য লম্বা ঠোঁট] a kind of bird (নদীয়া ৯)

কাচ্‌ পোয়াতি kac poati বি সদ্যপ্রসূতি [আঁতুড় ঘরে থাকাকালীন সময়ের প্রসূতি] a woman recently delivered of a child (পদিনা ৭) তু আ বা কাঁচা পোয়াতি

কাঁচ্‌ফল্‌ kãcphɔl বি কুঁচফল the red coloured small stony fruit used as a measure of weight by goldsmiths (মেদিনী ৩৩)

কাঁচ্‌বগলি kãcbɔgɔli দ্র কাঁক্‌বগলি (বীরভূ ৭)

কাঁচ্‌ মাচি kãc maci বি কানা মাছি a kind of fly (চব্বিশ ৩৭ নদীয়া ৯)

কাঁচ্‌ মাছি kãc machi বি কাঁঠালে মাছি a kind of fly specially likes jack-fruit (চব্বিশ ২১)

কাঁচ্‌মালা kãcmala দ্র কাঁচ্‌ফল্‌ (বর্ধমা ১, ১৮) ~ **গাচ্‌ kãcmala gac** বি কুঁচ ফলের গাছ the tree of a kind of seed (বর্ধমা ১)

কাচ্‌মিট্‌ঠি (আম্‌) kacmiṭṭhi (am) বিণ কাঁচামিঠে (আম) an unripe mango with sweet taste (মালদা ১)

কাচ্‌মিস্‌টি kacmisṭi দ্র কাচ্‌মিট্‌ঠি (মুর্শিদা ২২)

কাচ্‌রা kacra বিণ অপরিচ্ছন্ন dirty or uncleaned গা হাত্‌ আড়্‌ করে নাই, উ কাচ্‌রা বটে--গা হাত পরিষ্কার করে নি, ও নোংরা (বাঁকুড়া ১৮) দ্র আড়্‌[৮] ~ **চোখা kacra cokha** বিণ কটা চোখ যার a cat-eyed person (মালদা ১১)

কাচ্‌রিয়া kacria বিণ ঘর-দোর নোংরা করে রাখে এমন ব্যক্তি he who keeps room untidy (বাঁকুড়া ১৬)

কাঁচ্‌রে কথা kãcre kɔtha বি বাজে কথা, অশ্লীল কথা a slang word, a filthy word (বাঁকুড়া ১)

কাচ্‌লা kacla বি বীজতলা a seed bed (পদিনা ৫, ১০, ১৪)

কাঁচ্‌লি kãcli বি আঁচিল a mole (পুরুলি ১২ বাঁকুড়া ১ মুর্শিদা ১৯ হাওড়া ৩)

কাচা[১] **kaca** বি পুঁই [একপ্রকার শাক] a creeping plant used as a pot-herb (জলপা ৭)

কাচা[২] **kaca** বি কাছা [পুরুষেরা ধুতি পরার সময় যে অংশ পিছনের দিকে গোঁজে] the plaited end of the loin-cloth tucked behind the wearer between his legs (হুগলি ১৫)

কাচা[৩] **kaca** বি তাঁতের তৈরি ছোট মাপের মোটা কাপড় a coarse cotton cloth of small length made in hand-loom (বাঁকুড়া ১৯)

কাচা[৪] **kaca** বি দেওয়াল তৈরির মাটি প্রস্তুতের জন্য কাদার সঙ্গে মেশানো খড় ভূষি ইত্যাদি জিনিস] pieces of hay, husk and other materials which are mixed with clay to make a lump for wall (মুর্শিদা ১৭)

কাচা[৫] **kaca** বি উরু, উরত the thigh (মালদা ১১ মুর্শিদা ২)

কাচা[৬] **kaca** বিণ স্নাত [শুদ্ধ অর্থে] bathed and cleaned ও কাচা, ওকে ছুঁস্ না--ও স্নান করেছে [তুই অস্নাত বা অশুদ্ধ] ওকে ছুঁস না (মুর্শিদা ১৬)

কাচা[৭] **kaca** বি উত্তরীয় [হিন্দুদের বাবা-মা মারা গেলে ছেলে গলায় যে উত্তরীয় পরে] a scarf [worn around the neck by the Hindus after the death of father or mother] (মালদা ১১ মুর্শিদা ২৪) ~ **কাপড়্ kaca kapɔɽ** বি অশৌচকালীন পরিধেয় বস্ত্র specified dress worn by a man during the period of defilement caused by the death of a relative (মুর্শিদা ২৪) < সং কচ্ছ

কাচা[৮] **kaca** বি কুঁচকি a groin (মুর্শিদা ৬, ১১)

কাঁচা[১] **kãca** দ্র কাচা[২] (বর্ধমা ৬ হাওড়া ৮)

কাঁচা[২] **kãca** দ্র কাচা[৩] [দেড়-দু'হাত চওড়া এবং পাঁচ ছয় হাত লম্বা ধুতি বিশেষ] (বাঁকুড়া ৯, ১১)

কাঁচা[৩] **kãca** বি, বিণ কচি ছেলে a baby (পদিনা ৫) তু কচিকাঁচা (আ বা)

কাঁচা[৪] **kãca** বিণ পোড়ানো সোনার শক্ত অবস্থা [সোনা পুড়িয়ে হাতুড়ি দিয়ে পিটিয়ে লম্বা করা হয়। তারপর পোড়া সোনা 'কাঁচা' বা শক্ত হয়ে গেলে, তা আবার পুড়িয়ে লাল টকটকে করে হাতুড়ি দিয়ে পেটানো হয়। এভাবে সোনার পাত লম্বা করা হয়] the hard condition after cooling down of hot gold [a piece of hot gold after hammering into a plate or rod] (বর্ধমা ৫)

কাচাইড়ে দিয়া kacaĭɽe dia ক্রি আছড়ানো to throw down violently কাচাইড়ে দিলি ছেলিয়াটাকে--ছেলেটাকে আছাড় দিলি (পুরুলি ৮)



কাচা°

কাচা কঠাল্ kaca kɔʈʰal বি এঁচড় green jackfruit (পদিনা ৪)

কাঁচা কল kãca kɔlɔ বি কাঁচকলা a species of banana which is chiefly used in its green stage (জলপা ৭)

কাঁচাক্যালা kãcakæla দ্র কাঁচা কল (জলপা ৭)

কাঁচা গাই kãca gaĭ বি সদ্যপ্রসবিনী গাভী [এই সময় গরুর দুধ খাওয়া হয় না] a mother cow of a new born calf (কোচবি ৪)

কাচা গুয়া kaca gua বি কাঁচা সুপারি a green betelnut (জলপা ৭) < কাচা + সং গুবাক

কাঁচা ঘট্ পুজো kãca gʰɔʈ pujo বি একপ্রকার ব্রত [অগ্রহায়ণ মাসে অমাবস্যার পরের মঙ্গলবার এই পূজা হয়। মায়েরা সন্তানের মঙ্গলের জন্য এই পূজা করে। এজন্য সারাদিন উপোস করে থাকতে হয়। তারপর সূর্য অস্ত যাওয়ার ঠিক আগে সিদ্ধ ভাত খেতে হয়] a ritual observed by mother (নদীয়া ৬)

কাঁচা ঘুম্ kãca gʰum বি ঘুমের প্রথমাবস্থার তন্দ্রাচ্ছন্নতা not deep or sound sleep in the primary stage (পুরুলি ১৩)

কাচা ছেইলা kaca cheĭla বি নবজাত শিশু a new born baby (মুর্শিদা ১৫)

কাঁচা ছেইলি kãca cʰeĭli দ্র কাচা ছেইলা (মুর্শিদা ১৪)

কাঁচা ছেলে kãca cʰele দ্র কাচা ছেইলা (বর্ধমা ২, ৫, ১৪, ২১)

কাঁচা জল্ kãca jɔl বি না-ফোটানো জল unboiled water (মেদিনী ১১)

কাচা জোনান্হাক্ kaca jonanhak দ্র কাক্জোনি (পদিনা ৯)

কাঁচা ঝাল্ kãca jʰal বি কাঁচা লঙ্কা a green pepper (পদিনা ৫)

কাচাড়্[১] **kacaɽ** বি আছাড় a throw or fall to the ground with force কাচাড়্ খাওয়া--আছাড় খাওয়া

কাচাড়্[৪]

(বর্ধমা ৯, ১৮ বাঁকুড়া ৭ মেদিনী ৬, ১১, ১৪, ২৯, ৩৪) কাচাড়্ দিয়ে কাচা--আছাড় দিয়ে কাচা (হাওড়া ৩ হুগলি ১১)

কাচাড়্[২] kacaɽ বি পুকুর বা নদীতে জল এবং স্থলের সীমারেখা the line where land meets the water (নদীয়া ৭)

কাচাড়্[৩] kacaɽ বি নদীর পাড় বা তীর a shore, a bank of a river (মালদা ১১)

কাচাড়্[৪] kacaɽ বিণ শস্য মাড়াইয়ের কাজে নিযুক্ত ডানদিকের বলদ [গম বা ধান মাড়াই করার সময় কৃষকের ডানদিকে যে বলদ থাকে তাকে বলে কাচাড়্] a bullock operating on the right hand side of the peasant engaged in threshing (মুর্শিদা ১৯)

কাচাড়্[৫] kacaɽ বি পুকুর বা দিঘির পাড় an embankment of small or large pond (কোচবি ২)

কাচাড়ি[১] kacaɽi বি আড্ডা an assembly of idle talkers ~ **শুকান্ kacaɽi ʃukan** খাওয়া দাওয়া বিহীন আড্ডা [যে আড্ডায় ভোজন হয় না] an assembly of idle talkers without eating and drinking (জলপা ৭)

কাচাড়ি[২] kacaɽi দ্র কাচাড়্[১] (বর্ধমা ১৮)

কাচাঢাল্ kacaɖʰal বিণ গর্ভবতী pregnant (জলপা ৭)

কাঁচা তর্‌কারি kãca tɔrkari বি আনাজ green vegetables (বর্ধমা ১৮)

কাঁচা তাল্ kãca tal বি কচি তাল [নরম থাকার জন্য এই সময় তালশাঁস খাওয়া হয়] soft and juicy kernel of palm (পদিনা ১০) দ্র অপুরো তাল্

কাচা দেওয়া kaca deŏa ক্রি ঘরে মাটি দেওয়া to add fresh layer of clay on a mud-house (মুর্শিদা ৯)

কাঁচান্ ফসল্ kãcan pʰɔsɔl বি রবি শস্য a crop harvested in spring (মুর্শিদা ১২)

কাঁচা পুড়িয়া kãca puɽia বিণ কম পোড়া [মাটির পাত্র] half-burnt earthenware (মেদিনী ২০) দ্র আমা

কাঁচা পোয়াতি kãca poati দ্র কাচ্ পোয়াতি (কোচবি ৭ বর্ধমা ২১ মেদিনী ১৩, ৩৫ মুর্শিদা ১৬)

কাচার্[১] kacar দ্র কাচাড়্[১] কাচার্ খেলো--আছাড় খেল (বর্ধমা ১০ মেদিনী ২৯ হুগলি ৫)

কাচার্[২] kacar দ্র কাচাড়্[৩] (কোচবি ১, ৩, ৪)

কাচার্ গাছ্ kacar gacʰ দ্র কাচা[১] (পদিনা ৩)

কাচারি[১] kacari বি বিচার judgement ব্যাটাছানাজনে কাচারি করবে--পুরুষ মানুষরা বিচার করবে (মেদিনী ৩৪)

কাচারি[২] kacari বি নিন্দা condemnation, censure, reproach (কোচবি ১)

কাচারি[৩] kacari দ্র কাচাড়্[২] (নদীয়া ১)

কাচারি[৪] kacari দ্র কাচাড়ি[১] কাচারি করা--গল্প করা (পদিনা ১০)

কাচারি চিড়িয়া kacari ciɽia বি একজাতীয় শালিক পাখি [একে গুয়ে শালিকও বলে] a common small yellow-beaked singing black bird (পদিনা ২) তু ক্যাচাল--ঝগড়া + চিড়িয়া--পাখি

কাচারে গোরু kacare goru বি ধান মাড়াই করার সময় খুঁটির দিক থেকে দ্বিতীয় গরু [ধান মাড়াই করার সময় একাধিক গরু লাগে। একটি খুঁটির সঙ্গে দড়ি দিয়ে গরুগুলোকে পর পর বেঁধে দেওয়া হয়। খুঁটির দিক থেকে দ্বিতীয়টিকে 'কাচারে গোরু' বলে। প্রত্যেকটি গরুরই ভিন্ন ভিন্ন নাম আছে a bullock operating on the second right-hand side engaged in thrashing (মুর্শিদা ১৯)

কাচাল্[১] kacal ক্রি মাড়িয়ে দেওয়া to trample (মালদা ৯)

কাচাল্[২] kacal বি ঝগড়া, কলহ a quarrel (জলপা ১০)

কাচাল্[৩] kacal বি অঘটন, বিপাক, ঝামেলা unwanted incident, calamity, unfortune বাড়িৎ এ্যাক্‌টা কাচাল্ নাগিল্--বাড়িতে একটা অঘটন ঘটল (কোচবি ২ জলপা ৭)

কাচালিয়া kacalia বিণ ঝগড়াটে quarrelsome কাচালিয়া মায়্যা--ঝগড়াটে মেয়ে (দার্জিলি ২)

কাচালে কাচালে কাচা kacale kacale kaca ক্রি কচলে কচলে কাচা to wash repeatedly rubbing ও কাপড়্‌টা কাচালে কাচালে কাচ্‌চে--ও কাপড়টা কচ্‌লে কচ্‌লে কাচ্‌ছে (মেদিনী ২৯)

কাচা শাক্ kaca ʃak দ্র কাচা[১] কাচার্ গাছ্ (দার্জিলি ১ পদিনা ৯)

কাচা শোয়াদি kaca ʃoadi বিণ কাঁচা মিঠা having sweet and sour taste (জলপা ৭) দ্র কাচ্ মিট্‌ঠি (আম্)

কাচি[১] **kaci** দ্র কাইচা (কোচবি ১ চব্বিশ ১১, ১৫, ২১, ২৩ নদীয়া ১, ৩ মালদা ৮ মুর্শিদা ৯, ১৮)

কাচি[২] **kaci** বি ভূষি [চালুনিতে আটা চেলে যেটা অবশিষ্ট থাকে] husks, bran (মালদা ১১)

কাচি[৩] **kaci** বি চোখের পিচুটি the mucus of eyes (মালদা ৯)

কাচি[৪] **kaci** বি পোড়া ছাইয়ের পিণ্ড [কামারশালের জ্বালামুখের আগুনে কাঁচা কয়লা পুড়লে তার থেকে নির্গত আঠালো পদার্থের সঙ্গে পোড়া ছাই জড়িয়ে গিয়ে তৈরি হওয়া দলা] a hard lump of ash bound by sticky extracts from coal formed in the oven of blacksmith (মালদা ৩)

কাচি[৫] **kaci** বি মোটা দড়ি [শিউলি অর্থাৎ যারা খেজুর গাছ কেটে রস সংগ্রহ করে তাদের কোমরে বাঁধা মোটা দড়ি] rope (মালদা ১ হাওড়া ৩) < আ বা কাছি

কাঁচি[১] **kãci** দ্র কাচি[৩] (মালদা ২, ৭, ৮ মুর্শিদা ৬, ১১, ১৯)

কাঁচি[২] **kãci** বি কনেযাত্রী relatives and friends of a birde who attends the marriage-feast in bridegroom's house (বর্ধমা ৫)

কাঁচি[৩] **kãci** বি জয়নগরের মোয়া তৈরির কাজে ব্যবহৃত বিশেষ ধরনের রস [নলেন গুড় ও চিনি সম পরিমাণে মিশিয়ে এই রস তৈরি করা হয়] a good liquid solution of sugar juice (চব্বিশ ২৬)

কাঁচি[৪] **kãci** বি নিক্তি—একপ্রকার ওজন বিশেষ [ছোটখাটো জিনিসপত্রের ওজন মাপার জন্য এটি ব্যবহৃত হয়] a balance for minute and accurate weighing especially used by jewellers (মুর্শিদা ১৭)

কাঁচি[৫] **kãci** বি মাটির বাড়ির চালের কাঠামোর উপর থেকে নিচে যে কাঠটি নেমে আসে [একে 'রোয়াকাঠ্'ও বলে] a radial wooden or bamboo support of the roof of a mud-hut (চব্বিশ ২০, ৩১ হাওড়া ৮)

কাঁচি[৬] **kãci** বি কাঁচা সুতো (রেশমের) untreated (silk) thread (মুর্শিদা ১৭)

কাঁচি[৭] **kãci** বিণ কাঁচা unripe, uncooked, unmetalled etc কাঁচি রাস্তা—কাঁচা রাস্তা (বর্ধমা ৪, ২১)

কাঁচি[৮] **kãci** বি একপ্রকার দা বা কাটারি [ধান, গম, কলাই ইত্যাদি গাছ কাটার জন্য ব্যবহার করা হয়। এতে কাস্তের মতো 'পুরি' বা খাঁজ কাটা থাকে না] a variety of chopper used for cutting corn (নদীয়া ৬)

কাঁচি[৯] **kãci** বি কাঁচিকল বিশেষ [দুটি বাঁশ মাটিতে পুঁতে খানিকটা উপরে কাঁচির মতো বাঁধন দেওয়া হয়। আর একটি বাঁশ আড়াআড়িভাবে ঐ দুটি বাঁশের সঙ্গে বাঁধতে হয়। তারপর এর উপর কাঠ রেখে চেরাই করা হয়] a

কাচি[২]

make-shift apparatus made by typing two bamboos crossed as scissors to support log for sawing (বাঁকুড়া ১৩)

কাঁচি[১০] **kãci** বি মাছধরার জালের নিম্নাংশে লোহার কাঠি গাঁথার দড়ি [ঘাই বাঁধা দড়ির সঙ্গে লোহার কাঠি গলিয়ে জালে যে সুতো বাঁধা থাকে তাকে বলে 'পারা', ঘাই বাঁধার দড়িকে বলে 'উড়ুক্', জালের যে অংশে মাছ জমা পড়ে তাকে বলে ঘাড়্] the thread which strings (small) metal beads at the lower part of a fishing net (পুরুলি ১৫) [~ **করন্ kãci kɔrɔn**, ~ **কাটা kãci kaṭa**, ~ **দাও kãci dɔɔ**, ~ **মদ্ kãci mɔd** প্রভৃতি পৃথকভাবে দেওয়া হয়েছে]

★ **কাঁচি করন্ kãci kɔrɔn** বি বৌভাত marriage-feast at bridegroom's house (নদীয়া ৯)

কাঁচিকাটা kãcikaṭa বি শ্মশানে কাঠ দিয়ে চিতা সাজানোর পদ্ধতি [কাঁচির মতো করেই দুটি কাঠ চিতায় রাখা হয়] process of setting pieces of wood to make a pyre (বর্ধমা ২৩)

কাচিখুচা পিঠা kacik^{h}uca piṭ^{h}a বি একপ্রকার পিঠা [আতপ চালের গুঁড়োর সঙ্গে অল্প পরিমাণ আটা মিশিয়ে গরম জলে ঘন করে গুলতে হবে, সঙ্গে অল্প লবণও দিতে হবে। একটি বিশেষ মাটির পাত্রে এই পিঠা প্রস্তুত হয়। সেই পাত্রের মধ্যে ঢাকনা সহ চারটি খোপ থাকে। ঐ খোপগুলোতে সরষের তেল মাখিয়ে নিয়ে গোলা ঢালতে হয় এবং ঢাকনা বা সরা চাপা দিতে হয়। কয়েক মিনিট পরেই সিদ্ধ হয়ে গেলে নামিয়ে নিতে হবে। এই পিঠা গুড় বা চিনির রস সহযোগে খাওয়া হয়] a kind of Bengali sweet pie (চব্বিশ ২১)

কাচিটি kaciḍ^{h}i ক্রি কাচছি (কাপড়) (I am) washing আমি থাইসা থাইসা কাপোড়্ কাচিটি—আমি থুপে থুপে কাপড় কাচছি (মেদিনী ৩৪)

কাঁচি দাও kãci dɔ̃ɔ বি ধান কাটার কাস্তে [এর আর একটি বিশেষ ব্যবহার হল যে, শবদাহের পর স্নানান্তে এটি মুখাগ্নিকারীর হাতে দেওয়া হয়] a scythe (জলপা ১, ৭)

কাচুলি

কাচিম্ kacim বি ছোট ধরনের কচ্ছপ a variety of small turtle (বর্ধমা ২, ১২)

কাঁচি মদ্ kãci mɔd বি একপ্রকার দেশি মদ [এই মদ তৈরির প্রক্রিয়া হলো, অল্প সিদ্ধ ভাত একটি মাটির হাঁড়িতে রেখে তার সঙ্গে 'বাকর্' অর্থাৎ চালের গুঁড়ো ও বিভিন্ন শিকড়ের গুঁড়ো মেশানো হয়। এক সের চালের ভাতে ২৫ / ৩০ গ্রাম বাকর্ মেশানো হয়। এই মিশ্রণটি চট্‌কে নিয়ে হাঁড়ির মুখ সরা বা খড়ের পাকানো নুটি দিয়ে ঢেকে তিন চারদিন কোনো স্থানে রেখে দেওয়া হয়। তারপর কাপড়ে ছেঁকে নিতে হয়। এর রঙ সাদা। একে 'হাঁড়িয়া'ও বলে] a country liquor (বর্ধমা ২ বীরভূ ৭)

কাচিম্যা kacimæ বিণ পেটুক gluttomous (বীরভূ ৯)

কাচিয়া kacia দ্র কাইচা (পদিনা ৩, ৯, ১০ মালদা ১, ৯ মুর্শিদা ২১, ২৩) ~ **দাও kacia daŏ** দ্র কাইচা (দার্জিলি ৩)

কাচিয়ে যাওয়া kacie jaŏa ক্রি ১ কাঁচা থেকে যাওয়া [রান্নায় আধ-সিদ্ধ থেকে যাওয়া] to be partboiled ২ পণ্ড হয়ে যাওয়া to be fruitless (চব্বিশ ১০)

কাঁচি রাস্তা kãci rasta বি কাঁচা রাস্তা an unmetalled road (বাঁকুড়া ১১ মেদিনী ৩৪)

কাচি সরগ্ kaci sɔrɔg দ্র কাঁচি রাস্তা (পদিনা ৩) < কাচি + সড়ক

কাঁচিসো kãciso বিণ ছয় দাঁত সম্পূর্ণ উঠেছে এমন গরু [গরুর ছয়টি দাঁত উঠে গেলে পূর্ণবয়স্ক হয়] a cow whose six teeth have grown (মেদিনী ২৭)

কাচুইয়ে ছুয়া kacuĭe c^hua বি সদ্যজাত শিশু [কচি ছেলে] a young baby (কোচবি ৩)

কাচুয়া kacua দ্র কাচুইয়ে ছুয়া (কোচবি ৮ জলপা ১ পদিনা ৭, ১০, ১১)

কাচুয়ানি kacuani বিণ কচি মেয়ে a female baby (পদিনা ৪) দ্র কাচুইয়ে ছুয়া, কাচুয়া

কাঁচুল্ kãcul বি আঁচিল a mole (হুগলি ১৬)

কাচুলি kaculi বি হস্তরেখা a line on the palm (চব্বিশ ৩৭)

কাঁচুলি kãculi দ্র কাঁচুল্ (চব্বিশ ২১ বর্ধমা ১৮ হুগলি ৯, ১৬)

কাচের্ গোর্ kacer gor দ্র কাচ্ (পদিনা ১০)

কাচো[১] kaco বি কেঁচো an earthworm (চব্বিশ ৩৬)

কাচো[২] kaco বিণ কাঁচা green, unripe, raw (পদিনা ১, ১৩)

কাচোজোনাখি kacojonak^{h}i দ্র কাগ্‌জোনি (পদিনা ৪)

কাচোনি kaconi দ্র কাচুইয়ে ছুয়া (মালদা ৬)

কাচো পোয়াতি kaco poati দ্র কাচ্ পোয়াতি (পদিনা ৮)

কাঁচোল্ জোমি kãcol jomi বি নিচু জমি [এখানে ধান, পাট, কলাই ইত্যাদির চাষ করা হয়] an arable low land (হুগলি ৮, ৯,.১০, ১৬)

কাঁচোল্ দিক্ kãcol dik বি নিচু দিক the side of a piece of land which slopes down আমাদের্ জোমি কাঁচোল্ দিকে—আমাদের জমি নিচু দিকে (হুগলি ১০)

কাছ্ kac^h বি কাছি [হাতির গলায় বাঁধার দড়ি, মাহুত এই দড়ি ধরে থাকে] a rope (দার্জিলি ৩)

কাছ্‌কে kac^{h}ke ক্রি বিণ কাছে near to, close by কাছ্‌কে যেইছে—কাছে যাচ্ছে (বীরভূ ৯) ঠাকুরের্ কাছ্‌কে লিয়ে যাবা হোইল—ঠাকুরের কাছে নিয়ে যাওয়া হল (মেদিনী ২৪)

★ **কাছ্‌ড়ানো kac^{h}ɽano** ক্রি আছড়ানো to hit something forcefully on the ground, to throw down sonething violently কাপড়্‌গুলা কাছ্‌ড়ায়ে কাচ্‌চিয়্যা —কাপড়গুলো আছাড় দিয়ে কাচ্‌ছে (বাঁকুড়া ১৮)

কাছ্‌ড়ে কাচা kac^{h}ɽe kaca দ্র কাছ্‌ড়ানো (চব্বিশ ৪)

কাছ্‌নি কোরে পরা kac^{h}ni kore pɔra ক্রি কুঁচি দিয়ে কাপড় পরা to wear a *saree* by crimping the fringe (দার্জিলি ৪)

কাছ্‌পাকে kac^{h}pake দ্র কাছ্‌কে অর্ কাছ্‌পাকে থাকিস্ না—ওর কাছে থাকিস না (হুগলি ১২)

কাছ্‌ম্যা kac^{h}mæ বি উদুরী রোগ dropsy of the belly (বাঁকুড়া ১)

কাছা[১] kac^{h}a বি পাছা [গরুর এবং মানুষের] hip (বীরভূ ৫)

কাছা[২] kac^{h}a দ্র কাচাড়্[২] (বাঁকুড়া ১)

কাছা[৩] kac^{h}a ক্রি খাচ্ছো (you are) eating তুমি ভাত কাছা—তুমি ভাত খাচ্ছো (মেদিনী ২৫)

কাছা[৪] kac^{h}a বি চৌবাচ্চার গভীরতা [মাটি কেটে 'চুয়া' নামক যে চতুষ্কোণ গর্ত করা হয়, সেই গর্তের গভীরতা] the depth of a square hole dug on the earth (পুরুলি ৩)

কাছা[৫] kac^{h}a বি জানু the shank (মুর্শিদা ১৯)

কাছা[৬] **kac^{h}a** বি কোঁচা the plaited end of loincloth tucked at the front of the wearer (মেদিনী ৩৪)

কাছা[৭] **kac^{h}a** দ্র কাচা[৭] (নদীয়া ৭ বর্ধমা ১০)

কাছাড়্ kac^{h}aɽ বি আছাড় a fall force-fully on the ground (মেদিনী ৮, ৯, ১১ হাওড়া ২, ৮, ১০) কাছাড়্ খালো--আছাড় খেল (পুরুলি ৪) ছিলিয়াটা কাছাড়্ খেলেক্--ছেলেটা আছাড় খেল (বর্ধমা ১৮) কাছাড়্ দেওয়া--আছাড় দেওয়া (বাঁকুড়া ১১) কাছাড়ে মারাইন্ দিলো--আছড়ে মেরে দিল (মেদিনী ৫) কাছাড়ে দিয়ে কাচা--আছাড় দিয়ে কাচা (মেদিনী ১৭) দামি কাপোড়্ কাছাড়ে কাচ্‌বিনি--দামি কাপড় আছাড় মেরে কাচবি না (হাওড়া ১, ৮) কাছাড়া হয়--আছড়ানো হয় (হাওড়া ২) কাছাড়ে কাচা--আছড়ে কাচা (হাওড়া ১০) ~ **খাওয়া kac^{h}aɽ k^{h}aŏa** ক্রি আছাড়্ খেয়ে পড়ে যাওয়া to slip so as to fall (বর্ধমা ২০ বাঁকুড়া ১৫)

কাছাড়্ মাচ্ kac^{h}aɽ mac বি বড় শিঙিমাছ a large cat-fish (*Heteropnantes fassilis*) (পদিনা ২)

কাছাড়া kac^{h}aɽa বি মোটা দড়ি, কাছি thick rope. (মালদা ১১) দ্র কাচি[৫]

কাছাড়ি kac^{h}aɽi বি বৈঠকখানা a drawing-room (পদিনা ১০) তু কাছারি (দাস) ~ **করা kac^{h}aɽi kɔra** ক্রি আড্ডা দেওয়া to indulge in idle talk with others (জলপা ৭) দ্র কাচারি[৪]

কাছাড়ে দিয়া kac^{h}aɽe dia বি আছড়ানো to dash or beat with violence, to throw down violently নার্‌কেল্‌টা কাছাড়ে দাঅ--নারকেলটা আছ্‌ড়ে দাও (বাঁকুড়া ৪, ১৫) দ্র কাচ্‌ছাড়ে দেওয়া, কাছ্‌ড়ানো

কাছাড়ে দেয়া kac^{h}aɽe dea দ্র কাচাড়্[১] কাছাড়ে দে--কাপড়টা আছড়ে দে (পুরুলি ১৭)

★ **কাছানো kac^{h}ano** ক্রি [মেয়েদের] কুঁচি দিয়ে কাপড় পরা to wear a *saree* plated into a pendent tuck (দার্জিলি ৪)

কাছার্ kac^{h}ar বি কিনারা edge মুই তো কাছারত্ চোলি গেনু-- আমি কিনারায় চলে গেলাম (পদিনা ৩) তু আ বা কাছে

কাছারি ঘর্ kac^{h}ari g^{h}ɔr দ্র কাছাড়ি (জলপা ৭ পদিনা ১০)

কাছি[১] **kac^{h}i** বি একপ্রকার শক্ত দড়ি বা সুতো [খেওলা জালের নিচের অংশ 'ঘাই' বাঁধার সময় লোহার কাঠিগুলিকে গলিয়ে বাঁধার কাজে ব্যবহৃত শক্ত ধরনের সুতো বা দড়ি] strong thread [used to tie iron sticks in a fishing net] (পুরুলি ৮ বীরভূ ৮)

কাছি[১]

কাছি[২] **kac^{h}i** দ্র কাইচা (মুর্শিদা ১৫)

কাছিচে kac^{h}ice ক্রি কুঁচি দিয়ে কাপড় পরেছে has worn a *sharee* plated into a pendent tuck কাপড়্ কাছিচে--কুঁচি দিয়ে কাপড় পরেছে (দার্জিলি ৪) দ্র কাছানো

কাছি দোড়ি kac^{h}i doɽi দ্র কাছাড়া (মেদিনী ৭)

কাছিম্ kac^{h}im বি ছোট ধরনের কচ্ছপ [এর পিঠ গোলাকৃতি] a tortoise, a turtle (পদিনা ৯ বর্ধমা ১৮ বাঁকুড়া ৭ মেদিনী ৫, ৭, ৩২ হুগলি ৫)

কাছিয়ে আনা kac^{h}ie ana ক্রি সমাপ্ত করে আনা to conclude কাজ্‌টা কাছিয়ে আন্--কাজটা শেষ করে আন (বর্ধমা ৫)

কাছু[১] **kac^{h}u** দ্র কাছিম্ (পদিনা ২, ৩, ১০, ১২)

কাছু[২] **kac^{h}u** বিণ কচি very young কাছু ছোয়া--কচি ছেলে (কোচবি ২) দ্র কাচুইয়ে ছুয়া, কাচুয়া, কাচুয়ানি।

কাছুড়ে kac^{h}uɽe অস ক্রি ছুঁড়ে throwing ঠ্যাং হাত্ কাছুড়ে সাঁত্‌ড়াচ্ছে--ঠ্যাং হাত ছুঁড়ে সাঁতার দিচ্ছে (মেদিনী ৩)

কাছুয়া kac^{h}ua দ্র কাছিম্, কাছু ১ (মুর্শিদা ১১ মালদা ১, ২)

কাছুয়া ছাওয়া kac^{h}ua c^{h}aŏa দ্র কাচুইয়ে ছুয়া (কোচবি ১ জলপা ৬, ৩)

কাঁজ্ kãj বি কলার কাঁদি a cluster of banana (মুর্শিদা ২১)

কাজ্-করা বৌ kaj-kɔra boŭ বি ঝি [বিবাহিতা] a maid servant (esp. married) (জলপা ১৩)

কাজ্-কামাই kaj-kamaĭ বি কাজকর্ম work, labour, employment, service (কোচবি ৪)

কাজ্-কোর্‌নি kaj-korni বিণ কাজ করে জীবিকা নির্বাহ করে এমন মেয়ে a woman who earn her living by doing odd jobs (মেদিনী ৩৫)

কাজ্‌জা kajja বি ঝগড়া a quarrel (বীরভূ ১১)

কাজ্‌জি লেবু kajji lebu বি কাগ্‌জি লেবু a variety of lemon with a thin skin (কোচবি ২ জলপা ৭)



কাজল্‌তা

কাজ্‌জিয়া kajjia দ্র কাজ্‌জা (জলপা ৭)

কাজ্‌জুগ্‌ kajjug দ্র কাজ্‌-কামাই (পুরুলি ৬) ছেলিয়াটা ভালো কাজ্‌জুগ্‌ করে, সংসারে ওর মায়া আছে--ছেলেটা ভাল কাজকর্ম করে, সংসারে ওর মায়া আছে (বাঁকুড়া ৬)

কাজ্‌ড়্যা কাজ্‌ড়্যা কাচা kajɾæ kajɾæ kaca ক্রি থুপে থুপে কাচা to wash clothes by thumping lightly on the floor (মেদিনী ৩৪)

কাজ্‌পাট্‌ kajpaʈ দ্র কাজ্‌-কামাই (চব্বিশ ১৫)

কাজ্‌রম্ভা kajrɔmbʰa দ্র কাঁচা কল (মেদিনী ২৮)

কাঁজ্‌রি kãjri বিণ এঁটো not washed [place or utensils due to the food particles left over after eating] থালিখান্‌ কাজ্‌রি কোইরা দিলো--থালাটা এঁটো করে দিল (মালদা ১১)

কাজ্‌লা[১] kajla বি দোচরা পাখি [সারস জাতীয়] Ibis (মুর্শিদা ১১)

কাজ্‌লা[২] kajla বি গুঁজিকাঠ [শক্ত কাঠের তৈরি। কাঠ চেরাই করার সময় এই গোঁজ বা 'কাজ্‌লা' সাহায্য করে। কুড়ালের কোপে কাঠে যে ফাটলের সৃষ্টি হয়, তা ধরে রাখার জন্য এই কাঠের খিল বা 'কাজ্‌লা' আটকে দেওয়া হয়। এর ফলে করাত বা কুড়াল সহজভাবে চালানো সম্ভব হয়--না হলে কাঠের ফাঁকে তা আটকে যায়। একটি কুড়াল ও একটি 'কাজ্‌লা'র সাহায্যে কাঠ চেরাই করা হয়] a peg [used to keep the opening and fecilitate sawing wood] (পুরুলি ৩ বর্ধমা ৯ বাঁকুড়া ৩) ~ **ফাড়া kajla pʰaɾa** ক্রি কুড়াল ও কাজ্‌লার সাহায্যে কাঠ চেরাই করা to split a log with an axe and a peg (বর্ধমা ৯)

কাজ্‌লি kajli বি একজাতীয় আখ [ঈষৎ কালো রঙের এবং সরু] a kind of sugarcane (পদিনা ১৪) তু কাজলি[১] (দাস) ~ **মোরুশ্‌ kajli moruʃ** বি [কালো, লম্বা আকারের] একপ্রকার লঙ্কা a long and black chilli (কোচবি ৪)

কাজ্‌সাথ্‌ kajsatʰ বি কাজকর্ম [কাজটাজ] work, business কাজ্‌সাথ্‌ হয় নাই--কাজটাজ হয়নি (মেদিনী ৩২)

কাজন্‌নতা পানা kajɔnnɔta pana বি কচুরিপানা water-hyacinth (হুগলি ১২)

কাজল্‌ kajɔl বি ঝুল soot, condensed smoke (দার্জিলি ২)

কাজল্‌গুড়ি kajɔlguɾi বি একপ্রকার আমন ধান [এই ধান মোটা ও এর রঙ সাদা] a coarse autumnal paddy (মুর্শিদা ৬)

কাজল্‌তা kajɔlta বি কাজল-লতা a vessel shaped like a pair of hollow scissors for preparing collyrium (পদিনা ৬ মালদা ১১ মুর্শিদা ২৩)

কাজল্‌ন্যাতা kajɔlnæta দ্র কাজল্‌তা (চব্বিশ ৩৭)

কাজল্‌পাতা kajɔlpata দ্র কাজল্‌তা (মেদিনী ৮, ১১, ১২, ১৪, ৩৩)

কাজল্‌পাতি kajɔlpati দ্র কাজল্‌তা (বাঁকুড়া ১৮)

কাজল্‌লতা পাঁখ্‌ kajɔllɔta pãkʰ বি ফিঙে পাখি a black drongo, king crow *[Dicrurus ater]* (বর্ধমা ৮)

কাজল্‌ল্যাতা kajɔllæta দ্র কাজল্‌তা (চব্বিশ ৩৭)

কাজাক্‌-মজাক্‌ Kajal mɔjak বি ঠাট্টা-তামাশা jokes and leg pulling, fun, spont, taunt, jest (কোচবি ৮ জলপা ৩)

কাঁজাল্‌ kãjal বি কলার থোড় the spathe of a banana tree before it shoots from the stem (মালদা ১)

কাজি[১] kaji বিণ পরিশ্রমী, কর্মঠ hard-working, industrious (মেদিনী ১৬, ২০, ৩০)

কাজি[২] kaji বিণ উৎসাহী zealus, enthusiastic (মেদিনী ২৫)

কাজি[৩] kaji দ্র কাজ্‌জা কাজি করে--ঝগড়া করে (নদীয়া ১) কাজি লেইগ্যাছ্যা--ঝগড়া লেগেছে (মুর্শিদা ৯, ১৪) কাজি কচ্ছিস্‌ ক্যান্‌ এত--ঝগড়া করছিস কেন এত? (নদীয়া ৭) ভায়ে ভায়ে কাজি কইচ্ছে--ভাইয়ে ভাইয়ে ঝগড়া করছে (মুর্শিদা ২৪)

কাজি[৪] kaji বি বিচারক a judge (মেদিনী ১১) < আ কাজী

কাঁজি[১] kãji বি ভাতের ফ্যান ও আমানি [এটি গরুর খাদ্য] foamy water strained from boiling rice (বাঁকুড়া ৪)

কাঁজি[২] kãji বি ১ পচানো ফ্যান ও ভাত [ভাত ও ফ্যান কয়েকদিন ধরে পচিয়ে তৈরি পানীয়] a kind of sour gruel, the water in which boiled rice has been steeped till it becomes sour (হুগলি ৫) ২ এক প্রকার পানীয় [ভাতের ফ্যান দুই বা ততোধিক দিন রেখে তাতে নানাবিধ (লবণ, গরম মশলা, পিঁয়াজ, মরিচ,

লঙ্কা প্রভৃতি) মশলা দিয়ে পুনরায় ফুটিয়ে নিতে হয়। এই খাদ্যকে বলে কাঁজি] a rice gruel, a drink prepared by boiling fermented rice (মালদা ১) < সং কাঞ্জিকা

কাজিখ্যা **kajie** দ্র কাজি* (মুর্শিদা ১৭)

কাঁজি পাঁই **kāji pāi** বি একপ্রকার শীতল পানীয় [রাত্রের উদ্বৃত্ত ভাতে জল ঢেলে রেখে পরের দিন সকালে সেই জল একটি মাটির হাঁড়িতে ঢেলে রাখা হয়। এইভাবে চার-পাঁচদিনের পান্তার জল ঢেলে রাখলে যে টক জাতীয় পানীয় তৈরি হয়, গরমকালে তাই নুন দিয়ে খাওয়া হয়, তাতে শরীর ঠাণ্ডা হয়] a cold drink prepared by fermented rice gruel টুকু কাঁজিপাঁই দাও না—একটু পান্তাভাতের জলের সরবত দাও (মেদিনী ১, ১৯, ২২, ২৬) দ্র কাঁজি ২

কাজিমন্ ঠাকুর্ **kajiman tʰakur** বি একটি লৌকিক দেবতা a rural deity (হুগলি ১২)

কাজিয়া[১] **kajia** দ্র কাজ্জা, কাজি* (জলপা ১ মালদা ৯ মেদিনী ৪) ক্যানে ওঠে কাজিয়া নাগাছিস্—কেন ওখানে ঝগড়া করছিস (কোচবি ২) দুইটা চ্যারো কাজিয়া নাগাইসে—দুটো ছেলে ঝগড়া লাগিয়েছে, কুকুদুইটা কাজিয়া করে—কুকুর দুটো ঝগড়া করে (কোচবি ৪) খালি খালি আমার্ নগদ্ কাজিয়া করেন্ ক্যানে—বার বার আমার সঙ্গে ঝগড়া করেন কেন? (জলপা ৮) < আ কজিয়া (দাস)

কাজিয়া[২] **kajia** বি দিনমজুর a worker on daily wage basis, a day-labourer (পুরুলি ৫)

কাজিয়াল্ **kajial** দ্র কাঁজাল্ (মালদা ২ মুর্শিদা ১৪)

কাজিয়ে[১] **kajie** দ্র কাজ্জা, কাজি*, কাজিয়া[১] কাজিয়ে কোর্‌সিস্ ক্যানে—ঝগড়া করছিস কেন? (বীরভূ ১২)

কাজিয়ে[২] **kajie** বিণ চট্‌পটে, দক্ষ, কর্মনিষ্ঠ smart, efficient skilful (চব্বিশ ৩৩ বর্ধমা ৫) তু কাজী ২ (দাস)

কাজি লেবু **kaji lebu** দ্র কাগ্‌জা ১ (পদিনা ২)

কাজুক্ **kajuk** দ্র কাজিয়ে[২] (বীরভূ ১০)

কাজুন্তি **kajunti** দ্র কাজিয়ে[২] (বর্ধমা ২)

কাজুয়া **kajua** দ্র কাজিয়ে[২] (জলপা ৭ পদিনা ১০)

কাজের্ মাথায় **kajer mat^hate** ক্রি বিণ কাজের সময় while on work কাজের্ মাথায় অরা চোলে গ্যাছে—কাজের সময় ওরা চলে গেছে (বর্ধমা ৯)

কাজোল্ **kajol** বি কালি ink, black stain (জলপা ১) < সং কজ্জল ~ কল্‌মা **kajol kalma** বি এক ধরনের সরু ধান a variety of fine paddy (হুগলি ১০) দ্র কল্‌মা



কাজোল্‌পাতি খ্যালা

কাজোল্‌তা **kajolta** দ্র কাজল্‌তা (মালদা ১ মুর্শিদা ৫, ১৭)

কাজোল্‌তি **kajolti** দ্র কাজল্‌তা (মুর্শিদা ১৭)

কাজোল্‌দানি **kajoldani** দ্র কাজল্‌তা (কোচবি ৩)

কাজোল্‌দি **kajoldi** দ্র কাজ্ল্‌তা (মালদা ৩)

কাজোল্‌পাতা **kajolpata** দ্র কাজল্‌তা (মেদিনী ৩২)

কাজোল্‌পাতি খ্যালা **kajolpati k^hela** বি একপ্রকার গ্রামীণ খেলা [গ্রামের ছেলেমেয়েরা অঙ্গনে ছক কেটে এই খেলা খেলে। প্রতিযোগী দুইজন। খেলার উপকরণ: ছক ও চারটি গুটি, এর মধ্যে একটি গুটি বাঘ এবং তিনটি গুটি ছাগল বলে গণ্য হয়। খেলোয়াড়রা এবার ছাগল এবং বাঘ হিসেবে গুটি চালবে। ছকের নিচের দিকে বিশেষভাবে গুটি সাজিয়ে খেলা শুরু হয়। বাঘ ছাগলকে না খেয়ে শুধু একঘর করে চাল দেবে কিন্তু ছাগলকে ডিঙোতে পারবে না। আর ছাগল যে কোনো প্রকারে বাঘকে কোনঠাসা করে ফেলে বাঘের চাল দেওয়ার ঘর বন্ধ করে দেবে। বাঘের অবাধ যাতায়াতই হলো মূল বিষয়। ছকটি কাজললতার মতো বলে নাম হয়েছে কাজোল্‌পাতি খ্যালা] a kind of rural game (মেদিনী ১৬)

কাজোল্‌পাতিয়া **kajolpatia** দ্র কাজল্‌লতা পাঁখ্ (মেদিনী ২০)

কাজোল্‌পাতিয়া খ্যালা **kajolpatia k^hela** দ্র কাজোল্‌পাতি খ্যালা (মেদিনী ২০)

কাজ্জা **kajja** দ্র কাজ্জা (বীরভূ ১১) ~ করা **kajja kara** ক্রি ঝগড়া করা to quarrel (মুর্শিদা ৩)

কাজ্জি **kajji** দ্র কাগ্‌জা ১ (জলপা ৭)

কাজ্জিয়া **kajjia** দ্র কাজ্জা, কাজিয়া[১] (জলপা ৭)

কাট্[১] **kat** বিণ তেল চিট্‌চিটে (জিনিস) sticky and dirty কাপড়টা কাট্ হয়ে গিইছে—কাপড়টা তেল চিট্‌চিটে হয়ে গেছে (বাঁকুড়া ১৫) ~ কাঁধ্ **kat kād^h** বি শববাহক the persons who carry dead-body of the deceased to cremation ground (হুগলি ১)

কাট্[২] **kat** বি রুটি বেলার বেলুন a cylindrical roller used to roll chapatis etc. (হাওড়া ১)

কাট্‌খয়রা

কাট্[৩] **kat** বি কাটা আল [জমির আল কেটে জল নিকাশের পথ] a cut on balk for draining water (বীরভূ ১, ৮)

কাট্[৪] **kat** বি পান-বরজের ছয় সারি অর্থাৎ তিন পিলির একত্র নাম 'কাট্' a term to indicate three rows of betel leaf plant in plantation site (মালদা ৬)

কাট্[৫] **kat** বি মাটির ঘরের চালের কাঠামোর অংশ a part of frame of mud-house roof (হুগলি ১৯) ~ **রাঙি kat rani** বি একপ্রকার ধান [মোটা এবং লালচে রঙের এই আমন ধান জলা জমিতে হয়] a species of paddy (হাওড়া ৩)

কাট্উয়াক্ বোমি katuak bomi বি বমি [একদম জলের মতো বমি] bile vomitting (নদীয়া ১)

কাট্কা আউশ্ katka auʃ বি একজাতীয় আউশ ধান [কার্তিক মাসে কাটা হয়] a variety of paddy reaped in early autumn (মুর্শিদা ১৬)

কাট্ কাছিম্ kat kac^{h}im বি মাঝারি আকারের কাছিম [পিঠে হল্‌দে রঙের গোলাকৃতি ছোট ছোট দাগ থাকে] an yellow spotted turtle of small size (মুর্শিদা ১৮)

কাট্কাঁধ্ katkãd^h বি শববাহক the person who carry dead-body of the deceased to cremation ground (হুগলি ১)

কাট্কিরা katkira বি স্বর্ণকারের কাজে ব্যবহৃত সরঞ্জামবিশেষ [কাঁসার তৈরি ব্রাশের মতো দেখতে নক্সা করা ছাঁচ, ছয় ইঞ্চির মতো লম্বা। এর উপর রেখে সোনা, রূপা ইত্যাদির তারকে চ্যাপ্টা করা হয় এবং নক্সা কাটা হয়] a metal dice used by goldsmith (মালদা ১)

কাঁট্কিরা kãtkira বি ট্যাংরা মাছ a kind of fish *[Mystus tengra]* (মেদিনী ২০)

কাট্কিরি গাচ্ katkiri gac বি কণ্টিকারী গাছ [এই গাছের পাতা ঔষধ হিসাবে ব্যবহৃত হয়। পাতা ধুয়ে, থেঁতো করে জল এবং দুধ দিয়ে সেদ্ধ করে মিছরি দিয়ে খাওয়ালে জ্বর বা সর্দি ভাল হয়ে যায়] a thorny medicinal plant *[Solanum jacquini]* (বর্ধমা ৪)

কাট্-কুচুরি kat-kucuri বি কাঠের কুচি [ছুতোর যখন কাঠ কাটে, তখন যে কুচি বের হয়] thin slices or chips of wood scrapped off by the carpenter from the surface of wood (বাঁকুড়া ৭)

কাট্-কুটিয়া kat-kutia বিণ জড়সড় shrinked [out of fear] লোক্‌টা ভয়ে কাট্-কুটিয়া হই গেছে--লোকটা ভয়ে জড়সড় হয়ে গেছে (বাঁকুড়া ১২)

কাট্ কুরঙ্গে kat kurɔŋge বি একজাতীয় বিছা [লাল এবং কটা রঙের দেখতে, ঘাসের উপর ডিম পাড়ে, গরু এই ঘাস খাওয়ার পরে, গরুর গোবরের মধ্য থেকে এই বিছার জন্ম হয়] a species of reddish scorpion (বীরভূ ৮)

কাঁট্কে kãtke বি গরুর গলার ঘা [গরুর সারা গলায় ছোট ছোট ঘামাচির মতো একরকম ঘা হয়] a kind of sore like prickly-heat on the throat of cattle (বীরভূ ১০)

কাঁট্ কেয়ারি kãt keari দ্র কাট্‌কিরি গাচ্ (বাঁকুড়া ৭)

কাট্ কোই kat koĭ বি একজাতীয় কৈ মাছ [অনেকটা খল্‌সের মতো] a variety of fish (চব্বিশ ১১)

কাট্ খন্‌দা kat k^{h}ɔnda বি রবিশস্য crops harvested in spring (পদিনা ১০)

কাট্খয়রা katk^{h}ɔĕra বি কাঠঠোকরা পাখি a wood-pecker (হাওড়া ১০)

কাট্খুইর‍্যা katk^{h}uĭræ বি গরুর পায়ের উপক্ষুর an upper hoof of cattle (মুর্শিদা ১৯) দ্র আল্[৯]

কাট্খুরি katk^{h}uri দ্র কাট্‌খুইর‍্যা (মালদা ৯)

কাট্খুরা katk^{h}ura দ্র কাট্‌খয়রা (মেদিনী ৬)

কাট্খোড়ি katk^{h}ori বি জ্বালানি কাঠ firewood, fuel wood (পদিনা ১০)

কাট্খোলা katk^{h}ola বি বালিশূন্য মাটির খোলা [যাতে চাল ভাজা হয়] an earthen puffing pot without sand কাট্‌খোলা চাল্‌ভাজা--বালিশূন্য খোলাতে ভাজা চাল (পদিনা ৪)

কাট্চাঁদা katcãda বি কাঠের গোলা a storehouse of timber, log, etc. (মেদিনী ১৫)

কাট্চিটে katcite বিণ ভিতরে পরিপুষ্ট চাল নেই এমন ধান [কালো, শক্ত, ডেলার মতো হয়ে যায়] a paddy with undeveloped kernel (চব্বিশ ২৩ নদীয়া ৭ মুর্শিদা ১৮)

কাট্চোক্‌লা katcokla বি দারুচিনি cinnamon (মেদিনী ৫)

কাট্ ছাতু kat̪ cʰatu বি এক বিশেষ ধরনের ছত্রাক [সাধারণত বহুদিনের ভিজা পচনশীল কাঠের উপর সাদা রঙের কিংবা হালকা বাদামি রঙের ছত্রাক হয়] a white or light brown variety of mushroom that grows on damp or rotton wood (হুগলি ১১)

কাট্ছানা kat̪cʰæna বি গাভীর প্রথম দুধের ছানা [গরুর বাছুর হওয়ার পর প্রথম দিনের দুধটা ফুটিয়ে তৈরি একপ্রকার ছানা। এটা খাওয়া হয়] posset made of first milk of a cow after a calf is born (বাঁকুড়া ১৮)

কাট্জিয়ে kat̪jie বি লালচে ও কালো রঙের এক প্রকার কাঠ পিঁপড়া [কামড়ালে তীব্র জ্বালা করে] a species of small red and black ant living on trees (বর্ধমা ৪)

কাট্ঝুড়ি kat̪jʰuɾi বি ১ পাটকাঠি stalks of jute-plant ২ কুদরুম, [সরু ও লম্বা শশা জাতীয় ফল] শশা ইত্যাদির খোসা ছাড়ানোর কাজে ব্যবহৃত একপ্রকার কাঠি [সাধারণত বাঁশের চাঁচাড়ি অর্থাৎ পাতলা ছাল যা খুব ধারালো হয়, তা দিয়ে শশা বা ঐ জাতীয় ফলের খোসা ছাড়ানো হয়] a scraper [esp. a slip of bamboo] used to put off the skin of some fruits (পুরুলি ১৪)

কাট্ঝুরালি kat̪jʰurali বি মেঘলা আকাশে ঈষৎ ঝোড়ো আবহাওয়া a windy weather with cloudy sky (বর্ধমা ২৬)

কাট্টি[১] katti বি কাঠি a bit of stick (বর্ধমা ১৬)

কাট্টি[২] katti বি একপ্রকার কাটারি [এই কাটারি দিয়ে খেজুর রস বের করার জন্য গাছ কাটা হয়] a chopper [used to incise palm tree for extracting of juice] (মালদা ৪)

কাট্ঠুক্রা katt̪ʰukra দ্র কাট্খয়রা (মেদিনী ২৬) তু আ বা কাঠঠোক্রা

কাট্ঠুয়া জোঁদ্দা katt̪ʰua jõdda দ্র কাট্জিয়ে (মেদিনী ১৮)

কাট্ঠোগড়া katt̪ʰogɾa দ্র কাট্খয়রা (মেদিনী ৭)

কাট্ড়া[১] kat̪ɾa বি খাঁড়া a schimitar, a large sacrificial falchion used in immolating beasts (বর্ধমা ১)

কাট্ড়া[২] kat̪ɾa বি হাড়িকাঠ a wooden frame-work with a notch on its top to which the neck of a sacrificial victim is fixed at the time of immolation (পুরুলি ৫, ৯)

কাট্না katna বি ছেনি [একপ্রকার যন্ত্র, কাঠের কাজ করতে লাগে] a carpente's chisel (জলপা ৭)



কাট্ড়া[২]

কাট্নিধে katnidʰe বি হাল্কা ঘুম a light sleep লোক্টা কাট্নিধে জাল্চে [যাচ্ছে]—লোকটা হাল্কা ঘুম ঘুমোচ্ছে (বীরভূ ৯)

কাট্পাত্ kat̪pat বি কুড়িয়ে আনা কাঠকুটো small pieces of wood, twigs etc. 'কাল্ বিকেছে কাট্পাত্, আজ্ বলে কোথাকার্ হাট্' [যখন অবস্থা খারাপ ছিল, তখন ছোটখাটো কাজ করেছে। কিন্তু এখন অবস্থা ভালো হওয়ায়, সেই সব কাজ করতে অসম্মান বোধ করছে—প্রবাদ] (মেদিনী ২৯)

কাট্পাতান্ kat̪patan দ্র কাট্চিটে (পদিনা ১৪)

কাট্পানি kat̪pani বিণ কঠিন প্রাণ যার [অর্থাৎ যার জীবনীশক্তি বেশি বলে সহজে মরে না এমন] one who does not die easily (চব্বিশ ১৮)

কাট্পিম্ড়ে kat̪pimɾe দ্র কাট্জিয়ে (মেদিনী ১৭)

কাট্ পিঁয়াজ kat̪ pĩaj বি একটু লম্বা আকারের পিঁয়াজ [এগুলি এক-একটা ঝাড়ে দশ-পনেরোটা করে হয়] a variety of onion, tall in size, found ten to fifteen in a cluster (চব্বিশ ১৮)

কাট্পু kat̪pu ক্রি কাটবো (I shall) cut এ্যালায় মুই আসিত্র্যা কাট্পু—এখন আমি নখ কাটবো (কোচবি ৩)

কাট্ পেঁপুড়্ kat̪ pẽpuɾ দ্র কাট্জিয়ে (মেদিনী ১৬)

কাট্ ফড়িং kat̪ pʰɔɾiŋ বি একজাতীয় ফড়িং a species of grasshopper (হাওড়া ৬)

কাট্ ফরক্ kat̪ pʰɔrɔk বি স্কার্ট ফ্রক a skirt-frock (মেদিনী ৭)

কাট্ ফাড়াই kat̪ pʰaɾaĩ বি কাঠচেরাই splitting or cutting of wodden log (মেদিনী ৭)

কাট্ বমি kat̪ bɔmi দ্র কাট্উয়াক্ বোমি (নদীয়া ২)

কাট্ বরন্ kat̪ bɔrɔn বি ব্রণ [শক্ত] a tight pimple (মেদিনী ২৭)

কাট্ বাদোল্ kat̪ badol বি মেঘলা আবহাওয়া [বৃষ্টি না হয়ে যদি আকাশ মেঘলা মেঘলা হয়ে থাকে, সেই অবস্থা] cloudy weather without rain (বীরভূ ৫)

কাট্‌রা[১]

কাট্ বাঁস্ kat bãs বি একপ্রকার বাঁশ [এর ভিতরটা খুব কম ফাঁকা, খুব শক্ত এবং মোটা বলে এই বাঁশ দিয়ে ভালো খুঁটি তৈরি হয়] a variety of solid and strong bamboo (হুগলি ৫)

কাট্‌বিল্লি katbilli বি কাঠবিড়ালি a squirrel (চব্বিশ ২১)

কাট্ বেং kat beŋ বি কুনো ব্যাঙ [এই ব্যাঙ গাছের কোটরেও থাকে] a species of frog which seldom comes out of its hole and also inhabits in a hollow (বর্ধমা ৪)

কাট্‌বেটা katbeta বি ক্ষেত্রজ পুত্র a son born of one's wife by another man (হুগলি ৫)

কাট্ বোমি kat bomi দ্র কাট্‌উয়াক বোমি, কাট্ বমি (বর্ধমা ২৩ হুগলি ৪)

কাট্ বোরোন্ kat boron দ্র কাট্‌বরন্ (হাওড়া ১০)

কাট্ ব্যাঙ্ kat bæŋ দ্র কাট্ বেং (পুরুলি ৭ মুর্শিদা ২১)

কাট্‌মশোলা katmɔʃola দ্র কাট্‌চোক্‌লা (মুর্শিদা ২)

কাট্ মাচ্ kat mac বি জিওল মাছ a variety of fishes which can live a long time out of water (বীরভূ ৮ মুর্শিদা ১৭, ২২)

কাট্‌মালি katmali বি লবঙ্গ-লতিকা ফুল flower of *Luvunga scandens* [a creeper] (পুরুলি ৫)

কাট্‌মুদ্‌রা katmudra দ্র কাট্‌চিটে (বর্ধমা ১৫)

কাট্‌রা[১] katra বি বাঁশ বা কাঠের তৈরি এক বিঘৎ বা ছয় ইঞ্চি লম্বা টুকরা বিশেষ [মাঠে গরু বাঁধার জন্য যে দড়ি ব্যবহৃত হয়, সেই দড়ির মাঝখানে এই কাঠের বা বাঁশের টুকরাটি থাকে। এর দুইদিকে দুটো ছিদ্র থাকে। এই দুটি ছিদ্রে দড়ির দুইদিকের প্রান্তভাগ বাঁধা থাকে। এটি দেবার ফলে দড়িতে পাক হয় না ; দড়ি টেঁকসই হয়] a small piece of wood having a hole on each end [used to tie the cattle in the field (হাওড়া ১)

কাট্‌রা[২] katra দ্র কাট্‌ড়া[২] (পুরুলি ৯ বাঁকুড়া ৫, ১৬)

কাট্‌রা[৩] katra বি কলাই গাছের ভূষি [কলাই মাড়াই করার পরে, গাছগুলির শুকনো ডালপালা] dry shrubs, berbs and thickets left over after thrashing (চব্বিশ ২১ নদীয়া ১২) ~ **পোকা katra poka** বি চালের মধ্যের ছোট ছোট লাল রঙের পোকা very small reddish insects found in rice (চব্বিশ ৩৭) ~ **ব্যাঙ katra bæŋ** দ্র কাট্ বেং (মেদিনী ১৬) ~ **মাচ্ katra mac** দ্র কাট্ মাচ্ (চব্বিশ ১৮ নদীয়া ৪)

কাট্‌রি katri বি কলুর ঘানির উপরের অংশ [কাঠের অংশ, এক হাত লম্বা, একে পিঁড়িও বলে। ঘানি ছোট কিংবা বড় হলে এর আকার আয়তনও পরিবর্তিত হয়] the wooden upper part of the receptacle of the seed in an oil-mill (মালদা ১০)

কাট্‌লা[১] katla বি তরল পদার্থের তলানি the foul matter at the bottom of a liquid, anything that settles at bottom (মেদিনী ১৫)

কাট্‌লা[২] katla বি গোয়ালে গরুর প্রস্রাব ও অন্যান্য আবর্জনাযুক্ত পদার্থ urine and other waste materials of a cowshed (মেদিনী ৩৪)

কাট্‌লাহা katlaha ক্রি কেটেছি (I have) cut আমি চুল্ কাট্‌লাহা—আমি চুল কেটেছি (পুরুলি ৫)

কাট্‌লি katli বি মুরগি [যে এখনও ডিম পাড়েনি] a hen [which is yet to lay eggs] (বাঁকুড়া ৩ মেদিনী ২০)

কাট্‌শরা katʃɔra বি ঘোলের মধ্যে পড়ে থাকা মাখন [the resedue butter left after churnning] (মুর্শিদা ১৮)

কাট্ শিম্ kat ʃim বি একপ্রকার শিম [খুব বড়, লতানে গাছে হয়। লম্বা চার-পাঁচ ইঞ্চি, চওড়া দেড়-দুই ইঞ্চি, নরম অবস্থায় এর তরকারি হয়] a kidney-bean (বর্ধমা ২১ মেদিনী ১৭)

কাট্‌সার্ katsar বি তুঁতগাছের ছোট ছোট ডাল [যার পাতা রেশমকীট খেয়ে ফেলেছে] small leaf less twigs of mulberry (মালদা ২)

কাট্ সিম্ kat sim দ্র কাট্ শিম্ (বাঁকুড়া ১৪)

কাটা[১] kata বি পেরেক [লোহার] a nail (পদিনা ১০)

কাটা[২] kata বি শিরদাঁড়া the spine (পদিনা ১১)

কাটা[৩] kata বি দাঁড়িপাল্লা [জিনিসপত্র ওজন করার লোহার তৈরি সরঞ্জাম] a weighing balance (চব্বিশ ৩৭)

কাটা[৪] kata বি বঁড়শি [ছিপের] a fishing hook (পদিনা ৯ বর্ধমা ১৮ হাওড়া ৬)

কাটা[৫] kata বিণ ক্ষীণ, হাড় জিরজিরে lean and thin লোক্‌টা শুকিয়্যা এ্যাকেরে কাটা হোইসে—লোকটা শুকিয়ে একেবারে হাড় জিরজিরে হয়ে গেছে (কোচবি ১)

কাটা[৬] kata দ্র কাট্‌রা[১] (হাওড়া ২, ৬)

কাটা[৭] kata বি সংখ্যাবাচক শব্দ [আটশো টাকা। এটা সাংকেতিক শব্দ। কেবলমাত্র গরু কেনা-বেচার সময়

দালালরা এই শব্দ ব্যবহার করে। এই রকম সাংকেতিক শব্দ এক থেকে এক হাজার পর্যন্তও আছে] a symbolic word [to denote eight hundred rupees. Instead of sums from one to thousand such symbols are used in cattle-trade] (জলপা ৭) দ্র এ্যাক্‌দানা

কাটা[৮] **kaṭa** বি শিকার খোঁচানোর জন্য লোহার তৈরি অস্ত্র-বিশেষ [এতে তিনটি বা ততোধিক ফলা থাকে] a hunting implement with minimum three spurs (মুর্শিদা ১৬)

কাটা[৯] **kaṭa** বি লোহার আংটা বিশেষ [কোনো কিছু ঝুলিয়ে রাখার কাজে ব্যবহার করা হয়] a metal hook (দার্জিলি ৪)

কাটা[১০] **kaṭa** ক্রি কামড়ানো, হুল ফোটানো [মৌমাছি, বোলতা ইত্যাদির] to sting [of insect] মৌমাছি কাটেছে--মৌমাছি কামড়েছে (পদিনা ২) তু সাপে কাটা

কাটা[১১] **kaṭa** বি বাছুরের মুখে বাঁধার বাঁশের তৈরি মুখোস [বাছুর যাতে গাভীর দুধ না খেতে পারে সেজন্য এটা ব্যবহার করা হয়। এতে বাছুর দুধ খেতে পারে না, তবে ঘাস-পাতা খেতে পারে] a bamboo musk [used to prevent a calf from sucking] (হাওড়া ১ হুগলি ৪)

কাটা[১২] **kaṭa** বি হস্তচালিত তাঁত-যন্ত্রের অংশবিশেষ [দুই হাত লম্বা দুটি বাঁশের চটা দিয়ে তৈরি। এই অংশটির কাজ হলো সুতোর ঠিক পরেই তৈরি গামছার দুই পাড় টান টান করে রাখা। চটা দুটি মাঝখানে দড়ি দিয়ে বাঁধা থাকে। এটি তাঁতের মাঝখানে থাকে] part of a weaver's loom (চব্বিশ ৩৬)

কাটা[১৩] **kaṭa** বি কুনকে, কুন্‌কি [বেতের বোনা ধান চাল মাপার পাত্রবিশেষ। এটির বিভিন্ন রকম আকার হয়, কখনও বাটির মতো, কখনও ডালার মতো। মাপও বিভিন্ন রকম হয়, ছোট কিংবা বড়ো। আধ কিলো, এক কিলো, দুই কিলো, আড়াই কিলো, পাঁচ কিলো থেকে, এক মণ পর্যন্ত] a cane basket of different shapes and sizes used in measuring paddy, rice, seeds etc. (চব্বিশ ২১ নদীয়া ৬, ৭, ১০, ১৩ হুগলি ১৫)

কাটা (বুকের)[১৪] **kaṭa (buker)** বি (বুকের) পাঁজর the ribs (মুর্শিদা ২৩) তু কাটা[২]

কাটা[১৫] **kāṭa** বি চিরুনির দাড়া tooth of a comb কাকোইটার্ কাটালা ভাংগা--চিরুনিটার দাড়াগুলো ভাঙা (পদিনা ২) [লা=গুলো]

কাঁটা[১] **kāṭa** দ্র কাটা[১] (মালদা ৩৭ মুর্শিদা ১১)

কাঁটা[২] **kāṭa** দ্র কাটা[৪] (বর্ধমা ১৩, ১৫, ১৬, ১৮, ২০ বাঁকুড়া ১২, ১৬ মেদিনী ২৪ হাওড়া ১, ৩, ৮ হুগলি ৫)

কাটা[৯]

কাঁটা [৩] **kāṭa** দ্র কাটা[১০] (পুরুলি ১২)

কাঁটা[৪] **kāṭa** বি গরুর জিভের ঘা [চিকিৎসা--গরুর জিভে ঘা হলে রান্নাঘরের ঝুল সরষের তেল ও নুন দিয়ে মেখে জিভে লাগাতে হয়] a sore [usually on the tounge of cattle] (চব্বিশ ৯, ১৪)

কাঁটা[৫] **kāṭa** বি কুমোরের ব্যবহৃত বাঁশের তৈরি সরঞ্জাম [কাঁচা অবস্থায় মাটির তৈরি জিনিস (হাঁড়ি, কলসি প্রভৃতি) থেকে বাড়তি মাটি চেঁচে ফেলার কাজে ব্যবহৃত হয়] a potter's tool, made of bamboo slip, used to scrap excess mud (নদীয়া ৪)

কাঁটা[৬] **kāṭa** বি খেজুরডাঁটা sticks stripped off from palm-leaves [to make a broom] (বর্ধমা ২)

কাঁটা[৭] **kāṭa** বি মাছ ধরার জাল বোনার কাঁটা a weaving needle [used to knit fishing nets] (মেদিনী ২৪)

কাঁটা[৮] **kāṭa** বি মন্থন দণ্ড [ঘোল তৈরি করার সরঞ্জাম--একটি দণ্ড এবং দড়ি] a churning stick (নদীয়া ৫)

কাঁটা[৯] **kāṭa** বি ছুতোর মিস্ত্রীর কাজে ব্যবহৃত সরঞ্জামের অংশবিশেষ [কুর্‌সুদ্‌-এর অংশ] the pin of a marking gauge, a carpenter's tool (চব্বিশ ২৬)

কাঁটা[১০] **kāṭa** বি ১ নঙ্গর an anchor কাঁটা ফেলাই দিলে নাও থামে গেল--নঙ্গর ফেলে দিলে নৌকাটি থেমে গেল (মালদা ৭, ১১) ২ নঙ্গরের কাঁটা [নৌকার নঙ্গরের লোহার কাঁটা বা সরু মুখযুক্ত বাঁকানো দণ্ড। সংখ্যায় পাঁচটি থাকে] hook of an anchor (মালদা ৭)

কাঁটা[১১] **kāṭa** বি বিড়ি তৈরি করার সময় বিড়ির পাতাকে মোড়ার কাজে ব্যবহৃত লোহার সরু সরঞ্জাম [এই সরঞ্জাম পাঁচ ইঞ্চি লম্বা, সরু, মাথা মোটা এবং অপরদিক পাতলা এবং কিছুটা সূঁচালো] a tool used to fold and close the end of a rural slender cigarette called *biri* (মালদা ২)

কাটাই[১] **kataï** বি দা [তরকারি কাটার কাজে ব্যবহৃত হয়] a chopper (জলপা ৬)

কাঁটা ঘরা

কাটাই[২] **kaṭaĭ** বি মাছ-ধরার সরঞ্জাম বিশেষ [পাট কাঠিতে বঁড়শি বিঁধে তৈরি করা হয়] a fishing (tool) hook (জলপা ১) ~ **করা kaṭaĭ kɔra** ক্রি নির্বীর্য করা [গরু ইত্যাদিকে] to castrate the goat, cow etc. (হুগলি ৪)

★ **কাটাইন্ যাওয়া kaṭain jaŏa** ক্রি সন্ত্রস্ত হওয়া to become scared, terrified ডরে কাটাইন্ গেছে—ভয়ে সন্ত্রস্ত হয়ে গেছে (পুরুলি ৩)

কাটাইয়া kaṭaĭa বি শিয়ালকাঁটা a wild thorny plant, *Agremona mexicana* (মালদা ৭)

কাঁটা কুড়িয়া kãṭa kuṛiæ দ্র কাটাইয়া (মুর্শিদা ১১)

কাটা খুরিয়া kaṭa kʰuria বি কাঁটা নটে শাক [এক বা দেড় হাত উঁচু ঝোপের এই গাছ শাক হিসাবে খায়। সাদা বা লাল দুই রঙেরই হয়। গাছে কাঁটা থাকে] a thorny shrub [*Amarantus Spinasus*] (দার্জিলি ৩)

কাঁটা খুড়িয়া kãṭa kʰuṛia দ্র কাটাইয়া (মালদা ১১)

কাঁটা গাচ্ kãṭa gac দ্র কাটাইয়া (মুর্শিদা ১৫)

কাঁটাগুলিকা kãṭagulika বি একজাতীয় বনজ উদ্ভিদ [ঝোপ আকারের, ডাঁটা কাঁটাযুক্ত] a species of thorny plant forming a bush (বীরভূ ৯) তু কাঁটাগুল্ম

কাঁটা গোহিংলা kãṭa gohiŋla দ্র কাটাইয়া (মালদা ১)

কাঁটাঘরা kãṭagʰɔra বি পায়ের নিচের কড়া a corn on foot (মালদা ১)

কাটাঘুন্ডি kaṭagʰundi দ্র কাট্‌রা[১] (হাওড়া ৩)

কাটা চাল্ kaṭa cal বি পর্‌চালা বা আড়্‌চালা [মাটির বাড়ির মূল চাল ছাড়াও অতিরিক্ত একটি করে চাল চারদিকে লাগানো হয়, দেওয়ালের জলের ঝাপটা থেকে বাঁচানোর জন্য] an additional roof over the eaves to protect the wall from the water that falls in drops from the eaves of a house (বর্ধমা ২৬)

কাঁটা-জর্ kãṭa-jɔr বি তীব্র জ্বর [যে জ্বরে রোগী প্রলাপ বকে] high fever (চব্বিশ ২৭)

কাটাড়্ kaṭaṛ বি ঝুড়ি বোনার সময় বাঁশ কাটার কাজে ব্যবহৃত বিশেষ ধরনের দা [লোহার তৈরি, এক থেকে দেড় কিলোগ্রাম ওজন বিশিষ্ট। এর হাতল লোহার তৈরি] a chopper [used particularly to cut and shape bamboo slips] (বাঁকুড়া ১৬)

কাঁটাতার্ kãṭatar বি একরকম হুক [ইংরেজি U অক্ষরের মতো দেখতে] a U shaped hook (বীরভূ ৪)

কাটা দন্ kaṭa dɔn বি মাছ ধরার সরঞ্জাম বিশেষ ['দন্'-অর্থে দড়ি। একটি বড় নাইলনের দড়িতে কাঁটা বেঁধে সেই কাঁটাতে বঁড়শির মতো মাছের টোপ দিয়ে রাখা হয়। এই দড়িটি কড়ে আঙুলের মতো মোটা। এর দুহাত অন্তর একটা করে কাঁটা থাকে এবং কাঁটার সংখ্যা দুই হাজার। এটি নৌকো থেকে মাঝসমুদ্রে ফেলে দিয়ে দুই থেকে পাঁচ ঘণ্টা অপেক্ষা করে, টানা হয়। এতে আড়, ট্যাংরা, ভোলা, গুড়জালি ইত্যাদি মাছ ওঠে। a fishing line, a cord bearing fishing hook (মেদিনী ১৮)

কাটা দুদ্ kaṭa dud বি নষ্ট দুধ [যে দুধ দই না হয়ে, টক হয়ে যায়] curdled milk (চব্বিশ ২১)

কাটা দুয়ার্ ঘর্ kaṭa duar gʰɔr বি একপ্রকার মাটির ঘর [লম্বা একচাল না হয়ে মাঝে একটা চাল থাকে] a type of mud-house (হুগলি ১৬)

কাটান্[১] **kaṭan** বি ১ পুকুরের পাড়ের একটি স্থানে কেটে রাখা নালা [প্রয়োজন মতো এখান দিয়ে জল বাইরে বের করা এবং ঢোকানো হয়। এই নালা বা কাটানো অংশকে 'কাটান্' বলে। এই পথে পুকুরে নতুন জলের সঙ্গে মাছও ঢোকে] a small duct or drain (চব্বিশ ১৭, ১৯ পুরুলি ২, ৪ বাঁকুড়া ১, ১৭) কাটান্‌টো মু চেপি দিয়ে ভাল করে বাঁদাগা, না হলে গদ্‌গদায়ে জল বিঁরায়ে যাব্যে—নালার মুখ চেপে দিয়ে ভাল করে বেঁধে দিতে হবে, নইলে গল্ গল্ করে জল বেরিয়ে যাবে (বাঁকুড়া ১৭) ২ জমির জল নিকাশের জন্য আলে যে নালা বা গর্ত কাটা হয় [এই গর্ত ছোট হলে তাকে 'ভুলুক্' বলে] an opening for draining out or entering water of the land to a pond (পুরুলি ২, ৪, ৬ বাঁকুড়া ১৭)

কাটান্[২] **kaṭan** বি ১ কাটারি a chopper (মেদিনী ২৫) ২ খাঁড়া a large falchion [used in immolating sacrificial beasts] (বাঁকুড়া ৫)

কাটানি kaṭani বিণ বোকা a fool ছেলেটা এ্যাকেবারে কাটানি রে—ছেলেটা একেবারে বোকা রে (মুর্শিদা ১৪)

কাটা পর্‌চাল্ kaṭa pɔrcal বি মাটির বাড়ির বারান্দায় খড়ের ছাউনি a thatched roof on the veranda of a mud-house (বর্ধমা ১৯)

কাঁটাপাতাসি kãtapatasi বি একপ্রকার ছোট মাছ [আঁশ হীন। এর দুপাশে দুটি এবং পিঠে একটি কাঁটা আছে। নদীতে পাওয়া যায়] a species of small fish without scales (মুর্শিদা ১১)

কাঁটা পাল্লা kãta palla বি বিশাল আকারের দাঁড়িপাল্লা [পাট, ধানের বস্তা ইত্যাদি ওজন করা হয়। মন বা কুইন্টাল জিনিস ওজন করা যায়] a big pair of scales for weighing large quantity of paddy, jute etc. (বাঁকুড়া ১৩)

কাটা পিঁড়ে kata pĩre দ্র কাটা পর্‌চাল্ (বর্ধমা ২২)

কাঁটা পেরেক্ kãta perek দ্র কাটা[১] (মেদিনী ১৫)

কাটা পোনা kata pona বি এক থেকে তিন ইঞ্চি পর্যন্ত লম্বা বিভিন্ন মাছের বাচ্চা [শব্দটি মৎস্য ব্যবসায়ীদের। পুকুরে যখন চারা পোনা ছাড়া হয়, তখন তা ছোট ব্যাঙাচির মতো থাকে। কোনটা কি মাছের বাচ্চা, তা চেনাও যায় না। তখন এই মাছের বাচ্চা কেনা-বেচা হয় বাটি মেপে। মাপের একক হিসেবে বিভিন্ন মাপের বাটি থাকে। তারপর মাছের পোনাগুলো আস্তে আস্তে বড় হয়। চার পাঁচ ইঞ্চি যখন লম্বা হয়, তখন আর এগুলো বাটি মেপে কেনা-বেচা হয় না। গুন্‌তি করে কেনা বেচা হয়, ডজন কিংবা শ' হিসেবে। সেই সময় মাছগুলোকে আলাদা করে চেনা যায়, কোনটা কোন মাছের বাচ্চা—রুই, কাত্‌লা না বাটা ইত্যাদি। মাছের কারবারে নিযুক্ত পেশাভিত্তিক মানুষই এই শব্দটি ব্যবহার করে। সাধারণ মানুষ বাজারে বড় মাছ কেটে টুকরো করে বিক্রির সময় 'কাটাপোনা' বলে। ঐ শব্দটির সঙ্গে মৎস্য-ব্যবসায়ীদের ব্যবহৃত এই শব্দটির কোনো মিল নেই] small fishes varying from one and a half inch to form includes in size [a code word used by the fish mongers] (বাঁকুড়া ৯)

কাটা পোসাক্ kata posak বি স্কার্ট-ব্লাউজ a skirt-blouse (মেদিনী ২৯)

কাটা ফগ্ kata pʰɔg বি স্কার্ট-ফ্রক a skirt-frock (মেদিনী ১১)

কাঁটা ফল্ kãta pʰɔl বি একজাতীয় জংলা ফল [এই ফল লম্বা মতো হয়, গায়ে কাঁটা থাকে] a kind of wild fruit (বর্ধমা ২০)

কাটা বাজু kata baju বি অলঙ্কার বিশেষ [উপর হাতে পরা হয়। কার দিয়ে গাঁথা থাকে। রূপার বা সোনার তৈরি। দেড় ইঞ্চি চওড়া। নিচের দিকে কোনো ফলের মতো একটা নক্সা থাকে] an ornament for the arm (কোচবি ৩, ৪ দার্জিলি ২, ৩, ৪ পদিনা ৪)

কাঁটা বাঁশ্ kãta bãʃ বি ঘন গাঁটযুক্ত একপ্রকার বাঁশ [এঁকেবেঁকে উপরে ওঠে। প্রতি গাঁটে কঞ্চির মতো প্রচুর

কাটারি

মোটা মোটা কাঁটা থাকে। এই বাঁশ সাধারণত বেড়া বাঁধার কাজে লাগে] a nodose bamboo (পুরুলি ১৬ মেদিনী ২৯, ৩৪)

কাঁটা বেগুন্ kãta begun বি একপ্রকার বেগুন [সাদা কিংবা সাদা-কালো রঙের, কাঁটাযুক্ত, শীতকালে হয়] a variety of brinjal (চব্বিশ ২৭, ৩৩)

কাটা মগর্ kata mɔgɔr বি হাত-পা নেড়ে দাঁত কড়মড় [করা] gnashing or grinding one's teeth (দার্জিলি ৩)

কাঁটা মাদা kãta mada বি পারিজাত গাছ Indian coral tree (মুর্শিদা ১২)

কাটা মুখোশ্ kata mukʰoʃ বি গরুর মুখে বাঁধার জন্য খেজুর পাতা দিয়ে তৈরি মুখোশ a mask [made of palm leaves used to block the mouth of cow] (বর্ধমা ২০)

কাটামো katamo বি কাঠামো [ঘরের চালের বাঁশ-কাঠের তৈরি কাঠামো] a frame of a mud-house made of bamboo and wood (হুগলি ১৬)

কাটা মোই kata moĭ বি একপ্রকার মই [বাঁশ কেটে মইসিঁড়ি তৈরি করার সময় যদি দুটোরই চেলা করা দিক বাইরের দিকে থাকে তবে তাকে বলে কাটা মোই] a kind of ladder made of bamboo slips the sides of which are turned inside out (মালদা ১০)

কাটা যাওয়া kata jaŏa ক্রি গাল পুড়ে যাওয়া to have a burning sensation in the mouth (পদিনা ৩)

কাটার্ দাড়ি katar dari দ্র কাটা[৩] (মেদিনী ৩৪)

কাটারি katari বি বঁটি [এখানে 'দাও' অর্থে কাটারি] a kind of large kitchen knife fixed almost at right angle in a piece of wood on which one partly sits to cut fish, vegetables etc. (পদিনা ১০) ~ **ছুরি katari cʰuri** বি ছোট আকারের কাটারি [কাটারি বিভিন্ন আকারের হয় এবং তা বিভিন্ন উদ্দেশ্যসাধক। বাঁশের গাঁট ছোলার জন্য, খেজুর গাছে রস



কাঁটা সেজ্ গাছ্

দেবার জন্য প্রভৃতি] a small chopper (হাওড়া ২) ~ ভোগ্ **kaṭari bʰog** বি খুব সরু চালের ধান a kind of fine rice paddy (পদিনা ১)

কাটাল্[১] **kaṭal** বি সিদ্ধান্ত decision কাজের্ কাটাল্ কর—কাজের সিদ্ধান্ত কর (বাঁকুড়া ৭)

কাটাল্[২] **kaṭal** বিণ চালাক, কর্মনিপুণ clever, efficient গরুটা কাটাল্ বটে—গরুটা চালাক (বা কাজে নিপুণ) (পুরুলি ১৭)

কাটাল্কুশি kaṭalkuʃi বি ন্যাদোস মাছ [ছোট ভেট্‌কি মাছের মতো গড়ন। এই মাছ বেশি বড় হয় না। একটির সর্বাধিক ওজন দুশো গ্রামের মধ্যেই হয়। এটি নরম মাছ। ভেট্‌কির মতো শক্ত ও সুস্বাদু নয়] a type of fish exceedingly soft, *Nandus nandus* (চব্বিশ ২১)

কাটাল্ শাক্ kaṭal ʃak বি ইচঁড় a green jackfruit (দার্জিলি ২)

কাঁটা লাগা kãṭa laga ক্রি গায়ে কাঁটা দেওয়া [রোমাঞ্চিত হওয়া] to have gooseflesh (মেদিনী ২৮)

কাটালি[১] **kaṭali** বি ছোট, গোল ও খুব কাঁটাযুক্ত বেগুন a small, round shaped and thorny brinjal (পদিনা ১৫)

কাটালি[২] **kaṭali** বি কাঁটাপাতাযুক্ত বুনো গাছ বিশেষ [হলদে রঙের ফুল হয়] a wild plant having thorny leaves and yellow flowers (মালদা ৪)

কাঁটালি kãṭali বি একধরনের পিঁয়াজ [ছোট ছোট, লাল রঙের এই পিঁয়াজ অগ্রহায়ণে বোনা হয়, ফাল্গুন মাসে তোলা হয়] a kind of small and reddish onion (বর্ধমা ৯)

কাটালি খুরিয়া kaṭali kʰuria দ্র কাটা খুরিয়া (পদিনা ৯)

কাঁটালি পারা kãṭali para ক্রি রিপু করা to darn [torn clothes] কাঁটালি পেরেচি—রিপু করেছি [ছেঁড়া কাপড়ে] (বর্ধমা ২১ বীরভূ ৫)

কাটালিয়া kaṭalia বি কণ্টক, কাঁটা a thorn (জলপা ৭)

কাটালো kaṭalo ক্রি বিণ পাকাপোক্ত, বন্দোবস্ত to finalize, to settle কাজ্‌টো কাটালো করে এসেছি, কুন আর্ ভাব্‌নার্ নাই—কাজটা পাকাপোক্ত করে এসেছি, আর কোনো ভাবনা নেই (বাঁকুড়া ১৪)

কাটা লোইটা kaṭa loĭṭa দ্র কাটা খুরিয়া (মেদিনী ২৪)

কাঁটাশি মোচি kãṭaʃi moci বি একপ্রকার মাছি [সাধারণত এই মাছি গরুর গায়ে বসে। সাধারণ মাছির চেয়ে ছোট এবং সরু] the gadfly (চব্বিশ ৮)

কাঁটা শ্যাওলা kãṭa ʃæŏla বি ঝাঁজি a kind of shaggy fibrous rush or sedge growing in water, *Uticularia fasciculata* (বর্ধমা ৫)

কাটা সুতো kaṭa suto বি ছিপের সুতো a thread used in a fishing rod (বর্ধমা ১৮)

কাঁটা সেজ্ গাছ্ kãṭa sej gacʰ বি ফণিমনসা গাছ a thorny cactus, *Opunita dillenil* [উ অ] (নদীয়া ৪)

কাটি[১] **kaṭi** বি তালার চাবি a key of a lock (বর্ধমা ৬, ২০ হুগলি ১)

কাটি[২] **kaṭi** বি ছুরি a knife (পদিনা ৮)

কাটি[৩] **kaṭi** বি পুঁতি [যা দিয়ে মালা গাঁথা হয়] a bead, a little ball of glass pierced for stringing (কোচবি ৪)

কাটি[৪] **kaṭi** বি গমের খড় [শুধুমাত্র গমের ক্ষেত্রেই এই শব্দটি ব্যবহার হয়] dry stalks of wheat plant (নদীয়া ১)

কাটি[৫] **kaṭi** বি তাঁতের সরঞ্জামবিশেষ ["ব"-এর মধ্যে সুতোগুলোকে চেপে রাখার জন্য এই তিন / সাড়ে তিন হাত লম্বা বাঁশের সরু কাঠি ব্যবহৃত হয়] a part of loom (বীরভূ ১৩)

কাটি[৬] **kaṭi** বি জালের কাঠি [খ্যাপ্‌লা জালের নিচের দিকে যে অংশটিতে মাছ জমা হয় এই কাঠি সেখানে বাঁধা হয়। লোহার তৈরি একপ্রকার মাদুলির মতো। এর মধ্যে ছিদ্র থাকে। ছিদ্রের মধ্যে সুতো দিয়ে জালে বাঁধা হয়। এগুলিকে ঘাই বলে। এতে জাল ভারি হয় এবং মাছ সমেত জলের মধ্যে মাটিতে আটকে থাকতে পারে। এক একটি ঘাইতে পাঁচ-ছয়টি 'কাটি' বাঁধা হয়। একটি জালে অনেকগুলো ঘাই থাকে] metallic (usually of iron) weights fixed at the lower part of a fishing net (চব্বিশ ১৫, ৩৭ বর্ধমা ২)

কাঁটি[১] **kãṭi** দ্র কাটি[৬] (চব্বিশ ১১ বর্ধমা ১৬, ২২ বাঁকুড়া ৪ বীরভূ ৮)

কাঁটি[২] **kãṭi** দ্র কাটা[১] (বর্ধমা ৮)

কাটি আলু kaṭi alu বি রাঙা আলু [লাল মিষ্টি আলু] sweet patato, *Ipomaea batatas* (মালদা ১১)

কাটি ঘা[১] **kaṭi gʰa** বি সাপে-কাটা [এটি একটি সংস্কার বিশেষ। রাতে সাপের নাম করতে নেই। এজন্য রাত্রে কাউকে সাপে কামড়ালে বলা হয়, 'কাটি ঘা হয়েছে', দিনের বেলা সাপে কামড়ালে 'কাটি ঘা' বলে না] snake-bite (literally a bite, so named because none utter the word 'snake' at night due to superstition (চব্বিশ ১১, ২০, ২১ বর্ধমা ১২ বাঁকুড়া ১১)

কাটি ঘা[২] **kaṭi gʰa** বি বিষধর সাপকে সম্পূর্ণভাবে না মেরে যদি কেবল দু'একবার আঘাত করে ছেড়ে দেওয়া হয়, তবে এই ব্যাপারটিকে 'কাটি ঘা' বলে [লোকবিশ্বাস আছে যে, ঐ আহত সাপ পরে ফিরে এসে আঘাতকারীকে একসময় কামড়াবে] the incident of allowing an wounded venomnous snake to flee [popular belief is that the snake comes back and bites it's tormentor] (চব্বিশ ১১)

কাটিং **kaṭiŋ** বি জল চলাচলের জন্য সরু লম্বা নালা [ক্যানেলের পাশে থাকে] narrow water-passage [which runs parallel to a canal] (বর্ধমা ২৫)

কাঁটি জোলোই **kãṭi joloï** বি কাঁটা পেরেক [এগুলি ছাড়া চারকোণ বিশিষ্ট লোহার বড় পেরেক আছে, তার নাম 'জোলোই'। 'জোলোই'-এর মাথা বড়] a smooth and round nail (বর্ধমা ২৫)

কাটি তোলা হাতুড়ি **kaṭi tola hatuṛi** বি বিশেষ রকমের হাতুড়ি [এটি দিয়ে কাঠ থেকে লোহার পেরেক টেনে তুলে ফেলা হয়। এর এক মাথা বাঁকানো এবং চেরা থাকে] a claw hammer (বীরভূ ১৪)

কাটি দিহ্যে **kaṭi dihɛ** ক্রি কেটে দিয়েছে have /has cut ইনুর্‌টা কিতাব্যের্‌ পাত্‌লা কাটি দিহ্যে--ইঁদুরটা বই-এর পাতাগুলো কেটে দিয়েছে (জলপা ৭ পদিনা ৯)

কাটিন্[১] **kaṭin** বি আকৃতি (মুখের) shape (of face) মুক্‌টার্‌ কাটিন্‌ ভালো আছে--মুখটির আদল সুন্দর (বাঁকুড়া ১১) < ইং cutting

কাটিন্[২] **kaṭin** কাটান্‌[২] ২ (বাঁকুড়া ৫)

কাটিন্[৩] **kaṭin** বি জমির আলের গর্ত বা নালা [এক জমি থেকে অন্য জমিতে জল বের করে দেবার জন্য আলের গোড়ায় গর্ত করে দেওয়া হয়। এই গর্তকেই বলে 'কাটিন্‌'। অনেক সময় জলের পরিমাণ বেশি হলে আল উপ্‌চে পাশের জমিতে চলে যায়। পুরানো আল বা ভাঙা আল জল ধরে রাখতে পারে না। উপ্‌চে পড়া জল যেতে যেতে সেখানে একটা নালার সৃষ্টি হয়ে যায়, একেও 'কাটিন্‌' বলে] a hole or a drain [to facilitate the passage of water from one piece of agricultural land to the other] (মেদিনী ২৯)

কাটিন্‌[৩]

কাটি মালা **kaṭi mala** বি একপ্রকার হার [সোনার কাঠি আর চেন্‌ দিয়ে গাঁথা, চার বা পাঁচ নলি এই হার পেট পর্যন্ত দীর্ঘ হয়। দেখতে অনেকটা সীতাহারের মতো] a variety of necklace (জলপা ৬)

কাটিয়ারি **kaṭiari** বি শ্মশানবন্ধু those who carry a dead body to the crematorium (মালদা ১১)

কাটিয়া হাড়ি[১] **kaṭia haṛi** বি এক ধরনের মাটির হাঁড়ি [এতে দই পাতা হয়। এর মুখটা একটু বেশি বিস্তৃত] a round shaped earthen pot having wide mouth, used to curdle milk (জলপা ৭)

কাটিয়া হাড়ি[২] **kaṭia haṛi** দ্র কাটিয়ারি (মালদা ১১)

কাটুইল্‌ **kaṭuil** বি বাচ্চা মুরগি [যতদিন পর্যন্ত না মুরগি ডিম দেয়, তাকে 'কাটুইল্‌' বলে] a young hen [so long as it does not lay egg] (বাঁকুড়া ১৫)

কাটুয়া ডুড়া **kaṭua ḍuṛa** বি ছোট কিংবা মাঝারি কাছিম [কচ্ছপ] a turtle of small or medium size (কোচবি ১, ৩)

কাটুয়ের্‌ মুর্‌গি **kaṭuer murgi** দ্র কাটুইল্‌ (চব্বিশ ২৩)

কাটুর্‌ **kaṭur** দ্র কাটুইল্‌ (হুগলি ১৬)

কাটুরি ছা **kaṭuri cʰa** দ্র কাটুইল্‌ (বর্ধমা ১)

কাটুরে **kaṭure** দ্র কাটিয়ারি (বীরভূ ১৩)

কাটুল্‌ **kaṭul** দ্র কাটুইল্‌ (চব্বিশ ২১ নদীয়া ১১ পুরুলি ৩, ৯, ১২, ১৭ বাঁকুড়া ১ মেদিনী ৮, ১৬, ২০, ২৯, ৩৩ হুগলি ১২) কাটুল্‌ ছা--মুরগির বাচ্চা (মেদিনী ১৬)

কাঁটুল্‌ **kãṭul** বি হংসী [ডিম দেবার পূর্ব পর্যন্ত 'কাঁটুল্‌' বলে] the goose [so long as it does not lay egg] (বাঁকুড়া ৭ হুগলি ১২) দ্র কাটুইল্‌

কাটুল্‌ ঢাড়ি **kaṭul ḍʰaṛi** বি মুরগি [বড় অর্থে] a mature hen [which is yet to lay egg] (মেদিনী ৩৩)

কাটুলি **kaṭuli** দ্র কাটুল্‌ ঢাড়ি (বীরভূ ৩, ৮, ১৪)

কাটুলি রাম্‌পাখি **kaṭuli rampakʰi** দ্র কাটুল্‌ ঢাড়ি (বীরভূ ১০)

কাটোল শুপোরি

কাটো[১] **kaʈo** বি কাঁটা thorn (পদিনা ১, ৪, ১০) < সং কণ্টক

কাটো[২] **kaʈo** বি রূপার কাঁটা [মেয়েরা খোঁপায় পরে] a silver hair-pin (পদিনা ৪ মালদা ১১)

কাটোল্ kaʈol বি কাঁঠাল green jack-fruit (কোচবি ৪ জলপা ৬ পদিনা ১৪) < কাঠোয়াল (দাস)

কাটোল্ শুপোরি kaʈol ʃupori বি আনারস ananas (জলপা ৬)

কাঁঠ্ kãtʰ বিণ কৃপণ a miserly (পুরুলি ১৬)

কাঠ্ আলু katʰ alu বি একপ্রকার মিষ্টি আলু [ঝোপ জাতীয় এই গাছ বর্ষাকালে রোপণ করা হয়। এর মূল মাটির নিচে লম্বা হয়ে প্রবেশ করে। এই গাছের পাতা শিমুল পাতার মতো দেখতে। এই আলু সিদ্ধ করে খাওয়া হয়] a variety of sweet potato (মেদিনী ৩৪) দ্র কাটি আলু [অনুরূপভাবে কাঠ্ বাঁশ্, কাঠ্সুতো প্রভৃতি শব্দের জন্য কাঠের্ বাঁশ্, কাঠের্ মুড়ো প্রভৃতি দেখুন]

কাঠ্ কাছুয়া katʰ kacʰua দ্র কাটুয়া ডুড়া (মালদা ৯)

কাঠ্কিরি katʰkiri বি গরুর গলার ঘা sore on the throat of cow (বীরভূ ৮)

কাঠ্কুচ্রি katʰkuʧri বি কাঠের কুচি [কুড়ুল দিয়ে কাঠ ফাড়াই করার পর এই টুকরো কাঠ বের হয়] chips of wood (বাঁকুড়া ১৫)

কাঠ্কুড়্লি পাকি katʰkuɽli paki বি কাঠ্ঠোকরা পাখি a wood-pecker (মেদিনী ৩৪) দ্র কাট্খয়রা

কাঠ্কুরু katʰkuru বি কাঠপিঁপড়া a species of tree-living ant (বর্ধমা ১৫)

কাঠ্কেঁদুয়া katʰkẽdua দ্র কাট্ কাঁধ্ (বাঁকুড়া ১২)

কাঠ্খুর্ katʰkʰur দ্র কাট্ খুইর‍্যা (নদীয়া ১৩)

কাঠ্ খোল্সে katʰ kʰolʃe বি একজাতীয় খলসে মাছ a species of fish *[Colisa fasciata]* (মেদিনী ১৫)

কাঠ্ চাম্পা katʰ campa বি কাঠ চাঁপা [এই ফুলকে বিভিন্ন জায়গায় বিভিন্ন নামে পাওয়া যায়—গুলাচ্, কাঁঠচাঁপা, বৈশাখী, চাঁপা] a species of flower *[Plumeria aculifolia poir]* (মুর্শিদা ২৩)

কাঠ্চিটে katʰcite দ্র কাট্চিটে (চব্বিশ ৮)

কাঠ্ঠুক্রা katʰtʰukra দ্র কাঠ্কুড়্লি পাকি (মেদিনী ৩)

কাঠ্ঠুঁটি katʰtʰũti দ্র কাঠ্কুড়্লি পাকি (পুরুলি ৯)

কাঠ্ঠোট্কি katʰtʰõtki দ্র কাঠ্কুড়্লি পাকি (পুরুলি ২)

কাঠ্ড়া katʰɽa বি গরুর মুখের মুখোশ a mask usually made of rope or bamboo [used to tie the mouth of cattle] (মুর্শিদা ১৭)

কাঠ্ধুরি katʰdʰuri বি গোরুর গাড়ির কাঠামোর একটি কাঠ [দুই চাকার সংযোগকারী লৌহদণ্ডের উপরে এই কাঠ থাকে] a part of the frame of a bullock cart (মালদা ১১)

কাঠ্পোকা[১] **katʰpoka** দ্র কাঠ্কুরু (বর্ধমা ১, ২০)

কাঠ্পোকা[২] **katʰpoka** বি একপ্রকার কালো পোকা [এই পোকা জলে থাকে] a species of insect [lives in water] (বাঁকুড়া ৬)

কাঠ্ ফসল্ katʰ pʰɔsɔl বি গ্রীষ্মকালে যে সব ফসল হয় agricultural products of summer (মুর্শিদা ১২)

কাঠ্ ফাড়া কল্ katʰ pʰaɽa kɔl বি কাঠ কাটার যন্ত্র a sawing machine (বাঁকুড়া ৫)

★ **কাঠ্ ফেইলানো katʰ pʰeĩlano** ক্রি কাঠ ফাড়াই [চেলা] করা to chop wood (বাঁকুড়া ১৫)

কাঠ্বমি katʰbɔmi বি গা বমি বমি nausea (মুর্শিদা ৯)

কাঠ্ বাংলা পান্ katʰ baŋla pan বি এক জাতীয় পান a variety of betel-leaf (মালদা ৬)

কাঠ্বিড়্নি katʰbiɽni বি বোলতা a wasp (মালদা ৭)

কাঠ্বিড়ালি katʰbiɽali বি একপ্রকার বড় ধরনের ফোঁড়া [বগলে হয়] a large boil [usually forms in the armpit] (বাঁকুড়া ৮ হাওড়া ১)

কাঠ্বিল্লি katʰbilli বি কাঠবিড়ালি a squirrel (মুর্শিদা ৩, ১১)

কাঠ বোরোঁ katʰ borõ বি কাঠ ব্রণ a kind of pimple (মেদিনী ৬)

কাঠ্ ব্যাং katʰ bæŋ দ্র কাট্ বেং (বীরভূ ৯)

কাঠ্ ব্যাটা katʰ bæta বি যে ছেলের বিপিতা [সৎ বাবা] আছে a boy who has a step-father (মেদিনী ৯)

কাঠ্ ভবানি পান্ katʰ bʰɔbani pan বি একজাতীয় গোল পান a round-shaped betel leaf (মালদা ৬)

কাঠ্মা kathma বি কাঠামো [প্রতিমার কাঠামো, বাড়ির চালের কাঠামো ইত্যাদি] a structure or frame (of a thached roof etc.) (চব্বিশ ১৭, ২০ নদীয়া ৪ মেদিনী ১৪) আ বা কাঠামো

কাঠ্ মাছ্ katʰ macʰ দ্র কাট্ মাচ্ (মালদা ৫)

কাঠ্ মাছা katʰ macʰa দ্র কাট্ মাচ্ (বীরভূ ৯)

কাঠ্‌মুড়া[১] **kat^{h}muɽa** বি কাঠের গাঁট অংশ nodese portion of wood (বাঁকুড়া ৭)

কাঠ্‌মুড়া[২] **kat^{h}muɽa** বি কাঠের গুঁড়ির টুকরা a piece of the trunk of a tree (বাঁকুড়া ১৫)

কাঠ্‌রা kat^{h}ra দ্র কাট্‌রা[১] (হাওড়া ১)

কাঁঠ্‌রা কোয়া kãt^{h}ra koa বি কাঁঠালি কলা a variety of banana (মেদিনী ২৭)

কাঠ্‌রি kat^{h}ri দ্র কাট্ কাঁধ্ (নদীয়া ১)

কাঠ্‌রিয়্যা kat^{h}riæ বি ছুতার a carpenter (মেদিনী ২৪)

কাঠ্‌লাই kat^{h}laĭ দ্র কাঠ্‌কুরু (মালদা ৩)

কাঠ্ শিম kat^{h}ʃim দ্র কাট্ শিম্ (হাওড়া ১০)

কাঠ্‌শোলা kat^{h}ʃola বি একপ্রকার শক্ত শোলা [কাঠের মতো শক্ত] a kind of hard sponge (দার্জিলি ২)

কাঁঠল্‌পাতা মাচ্ kãt^{h}ɔlpata mac বি একপ্রকার মাছ [কাঁঠাল পাতার মতো চ্যাপ্‌টা। এর রঙ মেটে বালির মতো। গায়ে আঁশ আছে, কিন্তু রক্ত নেই। এই মাছের আর এক নাম 'হ্যাঙল্‌জিবা'] a species of fish [resembling the leaf of jack-fruit tree] (মেদিনী ১৫)

কাঠা[১] **kat^{h}a** দ্র কাট্‌রা[১] (হাওড়া ১, ৮)

কাঠা[২] **kat^{h}a** দ্র কাটা[১১] (হাওড়া ৩)

কাঠা[৩] **kat^{h}a** বি বিড়ির মাপের একক [এক বাণ্ডিল বা পঁচিশটা বিড়ির সমাহার] a bundle of twenty five native cigarettes [made of tobacco rolled in a tree-leaf] এ্যাক্ কাঠা বিড়ি—এক বাণ্ডিল বিড়ি (বাঁকুড়া ১৫ মেদিনী ৫, ১৩)

কাঠা[৪] **kat^{h}a** বি বড় আকারের সামুদ্রিক কচ্ছপ a large marine turtle (চব্বিশ ১১, ২০)

কাঠা[৫] **kat^{h}a** বি কাঠের থালা [একে 'বারকোষ'ও বলে। রেকাবির মতো দেখতে] a flat wooden plate (মেদিনী ২)

কাঠা[৬] **kat^{h}a** বি বাঁশের তৈরি ঝুড়ি [বিভিন্ন মাপের হয়। এক পোয়া, আধ পোয়া থেকে শুরু করে এক মণ পর্যন্ত মাপের হয়। ছোটগুলোতে মুড়ি, খই ইত্যাদি খাওয়া হয়। বড়গুলো দিয়ে ধান, চাল ইত্যাদি মাপা হয়] a basket made of bamboo or cane-slips [the bigs are used as a measuring-tool to measure rice, peglon-pulses etc. and the smalls are used as a dining-pot] (পদিনা ৯ মুর্শিদা ১০)

কাঠা[৭] **kat^{h}a** দ্র কাটা[১৪] (জলপা ৯ দার্জিলি ১, ৩ নদীয়া ১০ পদিনা ১, ২, ১৪ মালদা ৪ মুর্শিদা ১০, ১৭ মেদিনী ১১, ১৭, ২০ হুগলি ৯, ১২)

কাঠা[৮] **kat^{h}a** বি কলুর ঘানিগাছের উপর দিকে থাকা গাছের গুঁড়ির বেড়ি [ঘানির নিচের অংশে একহাত লম্বা একটি

কাঠা[৬]

গাছের গুঁড়ির ভেতরে গর্ত কাটা থাকে। এর নাম 'কোলহু'। ঘানির উপরদিকের কাষ্ঠখণ্ডের নাম 'কাঠা'। 'কোলহু'-র ভেতরের গর্তে মন্থনদণ্ড দিয়ে পিষে তেল বের করার কাজ চলে] the wooden handle of a pestle of the wooden griding-tree (মালদা ৯)

কাঠা[৯] **kat^{h}a** বি পানের বরোজকে শক্ত রাখার জন্য ব্যবহৃত দণ্ড [ঝড়ে যাতে না ভেঙে পড়ে সেজন্য এই ব্যবস্থা করা হয়] a strong bamboo support to protect (from wind etc) the shady plantation of betel-leaves (হাওড়া ৮)

কাঠাই[১] **kat^{h}aĭ** বি কাটারি a chopper (জলপা ৭)

কাঠাই[২] **kat^{h}aĭ** বি লোহার তৈরি ছোট দা [এই দা দিয়ে ঘাস, শাক ইত্যাদি কাটা হয়। দেখতে অনেকটা ক্ষুরের মতো। বাঁট আছে এবং এটা ভাঁজ করাও যায়। ফলাটা কাটারির মতো। একে কাটারিও বলে] a small folding chopper (জলপা ২, ৭)

কাঠাইড়্ kat^{h}aiɽ বি দুষ্ট গাভীকে দহন করার জন্য বাঁশের তৈরি বিশেষ ধরনের বেড়া [যে গাভী লাথি ছোঁড়ে, তাকে এই বেড়ায় আবদ্ধ করে রেখে দোহন করা হয়] a short bar usually of bamboo erected on the ground to control a naughty cow during milking (পুরুলি ১০)

কাঁঠাইন্ যাওয়া kãt^{h}ain jaŏa ক্রি দাঁত টকে যাওয়া to become irritated one's teeth by being acidified আমার্ দাঁত্‌টা কাঁঠাইন্ গেল্যে—আমার দাঁতটা টকে গেল (পুরুলি ৪)

কাঠা ঘর্ kat^{h}a g^{h}ɔr বি দুই চালওয়ালা ঘর a thatched hut with two slanting roofs (মেদিনী ১১)

কাঠাড়্ kat^{h}aɽ বি গরুর শুকনো খড় খাবার পাত্র [কাঠের তৈরি] an wooden manger (পুরুলি ১২ বর্ধমা ১৮)

কাঠাড়ি kat^{h}aɽi বি কাটারি [এতে তরিতরকারি কাটার কাজও হয়] a kind of chopper (জলপা ২) আ বা কাটারি



কাঠাপিড়ি বাড়ি

কাঠা পড়া kat^{h}a pɔra ক্রি টোল খাওয়া বা তুবড়ে যাওয়া [বাসনপত্র] to form a depression [of utensils] (মালদা ২)

কাঠাপিড়ি বাড়ি kat^{h}apiri bari বি দোতলা মাটির বাড়ি [বারান্দা থাকে না] a two storied mud-house (মুর্শিদা ১২)

কাঁঠা পুঁঠি kãt^{h}a pũt^{h}i বি একপ্রকার পুঁটিমাছ a tiny fresh-water fish (পুরুলি ৬)

কাঠা বাঁইক্ kat^{h}a bãik বি বাঁশের তৈরি বাঁক বিশেষ [দুপাশে ঝোলানো দড়ির জায়গায় এখানে দুটি বাঁশের বাখারি বাঁধা হয়। এতে ঘাস বা বীজ বহন করা হয়] a device made of bamboo [by which grass or seeds are carried on shoulder] (বীরভূ ১১)

কাঠামা kat^{h}ama দ্র কাটামো (মেদিনী ১৯)

কাঁঠায় যাওয়া kãt^{h}aɔ̆ jaɔ̆a ক্রি কাঠ হয়ে যাওয়া, কুঁকড়ে যাওয়া to become motionless like a log বিটি ছেলিয়াটা কাঁঠায় গেল্‌ছে—মেয়েটা কাঠ হয়ে গেছে বা কুঁকড়ে গেছে (পুরুলি ৪)

কাঠার[১] kat^{h}ar বি বাঁশের কঞ্চির তৈরি ত্রিকোণাকৃতি এক কাঠামো [এটি গরুর মুখে বেঁধে দিলে, গরু জমির শস্য বা ঘাস খেতে পারে না। আবার দুধ ও ঘাস উভয়ই খায় এমন বাছুরের মুখে এটি বেঁধে দেওয়া হয়, এতে বাছুর ঘাস খেতে পারে, তবে দুধ খেতে পারে না। যাতে বাছুর দুধ না খায়, সেইজন্য এটি পরানো হয়। উদ্দেশ্য অনুসারে বিভিন্ন আকারের হয়] a triangular frame of bamboo used as a mask of cattle (বর্ধমা ১৫, ১৮)

কাঠার[২] kat^{h}ar বি খোঁয়াড় a pound for stray cattle (পুরুলি ৬, ১৬)

কাঠার[৩] kat^{h}ar বি মৃতদেহকে শ্মশানে দাহ করতে নিয়ে যাওয়ার খাটিয়া বিশেষ [এটি বাঁশের তৈরিও হতে পারে আবার কাঠেরও হতে পারে] a wooden or bamboo-made bedstead to carry corpse to crematorium (বীরভূ ২)

কাঠার[৪] kat^{h}ar বি ১ গরুকে খেতে দেওয়ার স্থান the place for feeding cow (বর্ধমা ১৮) ২ গরুকে খেতে দেবার পাত্রবিশেষ [পোড়ামাটির তৈরি, গোলাকার, বড় মাপের। কাঠের তৈরিও হতে পারে] manger [large and round shaped, made either of clay or of wood] (পুরুলি ৫)

কাঠারি kat^{h}ari বি দা [অনেক রকম দেখতে হয়। কাজও ভিন্ন ভিন্ন] a chopper (জলপা ৭ মেদিনী ১৭, ২৭) ~ নাক্ **kat^{h}ari nak** বি খুব উঁচু নাক a portruding nose (মেদিনী ১০, ১৭) ~ ভোগ্ **kat^{h}ari b^{h}og** দ্র কাটারি ভোগ্ (পদিনা ১০)

কাঁঠাল্ kãt^{h}al বি আতা [এই অঞ্চলে আতা এবং কাঁঠাল দুটোকেই কাঁঠাল বলে] a jack fruit, a custard-apple (বীরভূ ৫)

কাঁঠাল্ কুচি মাছ্ kãt^{h}al kuci mac^{h} দ্র কাটাল্ কুশি (চব্বিশ ৩৬)

কাঁঠাল্ কুশি kãt^{h}al kuʃi দ্র কাটাল্ কুশি (চব্বিশ ২১)

কাঁঠাল্ খ্যালা kãt^{h}al k^{h}ela বি একটি গ্রামীণ খেলা [বালিকাদের সংঘবদ্ধ এই খেলায় একজন জ্যেষ্ঠ বালিকা গাছ হয়। সে দুই হাত মাথায় রেখে সোজাভাবে দাঁড়ায়। এবার তার দুই বাহুতে, গলায়, পিঠে কম বয়সের বালিকারা কাঁঠাল হিসাবে ঝোলে। এক বালিকা গৃহিণী হয়। সে গাছ পরিচর্চা করতে আসে এবং গাছে জল ঢালার অনুকরণ করে। এইসময় এক পায়ে নাচতে নাচতে একটা ছড়াও সে বলতে থাকে। ছড়াটি এইরূপ :

কাঁঠাল্ গাছে জল্ ঢালি হুড়্‌মুড়্ করে।

একটি কাঁঠাল থাকলে পরে নিয়ে যাব ঘরে।। (ইত্যাদি)

প্রতিদিন সে কাঁঠালগুলো [ঝুলে থাকা বালিকাদের মুখ] টিপে টিপে দেখে যায়—কাঁঠাল পাকলো কিনা। এমনি ভাণ কয়েকবার করার পর শেষবার যখন আসে তখন দেখে যে, চোরে সব কাঁঠাল চুরি করে নিয়ে গেছে। একজন চোর হয়, সে ইতিমধ্যে এসে চুরি করে নিয়ে যায়। গৃহিণীবেশী বালিকা চিৎকার চেঁচামেচি করে। অনেকে জড়ো হয়। তখন সবাই মিলে চোর খুঁজতে বের হয়] a kind of rural game of girls (নদীয়া ১)

কাঁঠাল্ বোথা kãt^{h}al bot^{h}a বি কাঁঠালের ভূতি medible pulp within a jack-fruit (বাঁকুড়া ১৮)

কাঁঠাল্ মুছি kãt^{h}al muc^{h}i বি কাঁঠাল গাছে পাতা গজানোর প্রাথমিক অবস্থা [এই অবস্থায় পাতাটি গোটানো থাকে ; তাই লম্বাকৃতি দেখায়। পরে গোটানো অংশটি খুলে গিয়ে পাতা বিকশিত হয়] the green and tender leaf of a jack-fruit tree (বাঁকুড়া ১৬)

কাঁঠালি পারা kãtʰali para দ্র কাঁটালি পারা কাপড়টায় কাঁঠালি পার্‌তে হবে—কাপড়টায় রিফু করতে হবে (বীরভূ ১২)

কাঁঠালু kãtʰalu বি কাঁঠাল a jack-fruit (মেদিনী ৩০)

কাঠালে katʰale বি কাঠুরে [বনে কাঠ সংগ্রহকারী] a wood-cutter (চব্বিশ ১১)

কাঠালে মাচ্ katʰale mac বি স্বাভাবিকভাবে [বিশেষভাবে চাষ না করে] জন্মানো মাছ naturally grown fish (মালদা ৯)

কাঠাহা সিম্ katʰaha sim বি গোলাকৃতি বড় জাতীয় কাছিম a large and round turtle (মুর্শিদা ১১)

কাঠি[১] katʰi বি চাবি a key (বীরভূ ১, ১০) [~ কোদাল্, ~ খেল্, ~ জাল্, ~ নাচ্, ~ মালা, ~ হার্ পৃথকভাবে পরে সন্নিবিষ্ট হয়েছে]

কাঠি[২] katʰi বি বড় ও মোটা লোহার পেরেক a thick and long iron nail (মালদা ১১)

কাঠি[৩] katʰi বি পাঁজর a rib (নদীয়া ৯)

কাঠি[৪] katʰi বি কাঁসর [ঢাকের সঙ্গে বাজানো হয়] a sort of musical instrument of bell-metal like a dish played on with a stick (বর্ধমা ৭)

কাঠি[৫] katʰi বি রোপণ করা ধানজমির ধানচারার পাশ থেকে যে অতিরিক্ত ধানচারা বের হয় an additional seedlings of paddy plant [it grows by the side of a transplanted plant] (মালদা ৩)

কাঁঠি[১] kãtʰi বি কোমর waist (মুর্শিদা ১৮) [~ দোড়ি পৃথকভাবে গ্রথিত হয়েছে]

কাঁঠি[২] kãtʰi বি কাঠি a small and thin stick (মেদিনী ৩৪)

কাঁঠি[৩] kãtʰi দ্র কাটি[৬] (চব্বিশ ৪ পুরুলি ৮)

কাঠিওর্ katʰior বি শ্মশানবন্ধু one who carries or accompanies a dead body to the cremation ground (পদিনা ১১)

কাঠি কোদাল্ katʰi kodal বি লোহার তৈরি বিশেষ ধরনের কোদাল [এটি দিয়ে পাথর বা কাঁকর যুক্ত মাটি কোপানো হয় বা টানা হয়। লোহার তৈরি এবং কাঠের হাতলযুক্ত] a forked spade (দার্জিলি ২)

কাঠি খেল্ katʰi kʰel বি গ্রামীণ কিশোরদের একপ্রকার খেলা [সাধারণত পুকুরে স্নানের সময় খেলাটি হয়। কয়েকজন ছেলে এক আঙুল মাপের একটি কাঠি নিয়ে জলের উপর চাপড়ায়। ফলে যে ঢেউ হয় তাতে সেই কাঠি প্রায় সময়ই ডুবে থাকে। কেউ তা দেখতে পায় না। এইভাবে খেলা চলতে চলতে কখনও যদি কাঠিটি ভেসে ওঠে তবে কেউ না কেউ তা দেখে ফেলে। পরপর সাতবার যদি একই খেলোয়াড় তা দেখতে পায়, তবে সে সাত পয়েন্ট পায় এবং অন্যদের একটা গেম দিল বলে ধরা হয়] a rural game in pond played by teen-agers at the bath-time (মেদিনী ৮)

কাঠুয়া

কাঠি জাল্ katʰi jal বি একপ্রকার মাছ ধরার জাল [একেবারে সমুদ্রের পাড়ে হাঁটু জলে এই জাল টানা হয়। জালটা ফাঁক করে রাখার জন্য এটাতে দেড়ফুট অন্তর দশ ইঞ্চি চওড়া কাঠি বাঁধা থাকে ; জালটা ছত্রিশ ইঞ্চি চওড়া হয়, ফলে কাঠির পিছনে থলির মতো হয়ে থাকে। এই জাল লম্বায় প্রায় আশি হাত হয়। পাড়ে মাছ দেখলেই এই জাল টানা হয়] a variety of fishing net (মেদিনী ১৮)

কাঁঠি দোড়ি kãtʰi doɽi বি খেওলা জালের [হাত জাল] জাল-কাঠি বাঁধার দড়ি a rope of fishing net that ties metal weights (মেদিনী ৩৪) দ্র অজ্‌ঘুনি জাল্

কাঠি নাচ্ katʰi nac বি একপ্রকার গ্রামীণ নাচ [সাধারণত নিম্নশ্রেণীর পুরুষরা মেয়ে সেজে মাদল ইত্যাদি বাজিয়ে পাড়ায় পাড়ায় দুর্গাপূজার সময় নাচে। এই নাচ স্থূলরুচি সম্পন্ন] a rural dance [performed by men dressed as women] (বাঁকুড়া ১৫)

কাঠি মালা katʰi mala দ্র কাটি মালা (জলপা ৭)

কাঠিয়ারি katʰiari দ্র কাট্ কাঁধ্ (মালদা ৩, ১১)

কাঁঠিলা কোলা kãtʰila kola দ্র কাঁঠ্‌রা কোয়া (মেদিনী ১৪, ১৭)

কাঠি হার্ katʰihar দ্র কাটি মালা (জলপা ৭)

কাঠুইর‍্যা katʰuĭræ দ্র কাট্ কাঁধ্ (বর্ধমা ২৩, ২৬)

কাঠুজ্জাতি katʰujjati বি, বিণ নাছোড়বান্দা a tenacious person (মালদা ১)

কাঠুড়ে katʰuɽe দ্র কাট্ কাঁধ্ (মুর্শিদা ১৭)

কাঠুয়া katʰua বি ১ কাঠের একপ্রকার পাত্র [কাঠের তৈরি, ছোট বাটির মতো] an wooden bowl (চব্বিশ ১৭ জলপা ৭ মেদিনী ৩৩) দ্র কাঠা[৫] ২ কাঠের একপ্রকার পাত্র [কাঠের তৈরি, বড় মাপের। এতে গরুর খোল দেওয়া হয়] a large wooden manger (মেদিনী ৯)

কাঠোত্

কাঠুয়া দুড়া kat^{h}ua duɽa দ্র কাটুয়া ডুড়া (জলপা ৪, ৭)

★ **কাঠুয়ানা kat^{h}uana** ক্রি কুঁক্ড়ানো to shrunk, recoiled ছেলিয়াটা ভয়ে কাঠুই গ্যাল—ছেলেটা ভয়ে কুঁকড়ে গেল (বাঁকুড়া ১৬)

কাঠুয়া নুটি kat^{h}ua nuṭi দ্র কাঠ্কুরু (জলপা ১০)

কাঠুয়া পিঁপ্ড়ি kat^{h}ua pĩpɽi দ্র কাঠ্কুরু (মেদিনী ৩১)

কাঠুয়া বিলাই kat^{h}ua bilaĭ বি কাঠবিড়ালি the squirrel (জলপা ৭)

কাঠুয়া ভাত্ kat^{h}ua b^{h}at বিণ শক্ত ভাত hard (under boiled) rice (মালদা ৯)

কাঠুয়াঁয় যাওয়া kat^{h}uãĕ jaŏa দ্র কাঠুয়ানা দাদু যে জাড়ে কাঠুয়াঁয় গ্যালে—দাদু যে শীতে কুঁকড়ে গেলো (বাঁকুড়া ১৮) ভয়ে গাটা কাঠুয়াঁয় গ্যাল—ভয়ে গাটা শিউরে উঠল (বাঁকুড়া ১৮)

কাঠুরি kat^{h}uri দ্র কাট্ কাঁধ্ (নদীয়া ৯)

কাঠুরিয়া kat^{h}uria দ্র কাট্ কাঁধ্ (বর্ধমা ১৩ বাঁকুড়া ৫ বীরভূ ৭)

কাঠুরে kat^{h}ure দ্র কাট্ কাঁধ্ (বাঁকুড়া ৭ বীরভূ ১১ মুর্শিদা ১৮)

কাঠুর‍্যা kat^{h}uræ দ্র কাট্ কাঁধ্ (পুরুলি ৩ বর্ধমা ১৮ বাঁকুড়া ৭)

কাঠুল্[১] kat^{h}ul দ্র কাঠুয়া নুটি (মালদা ৬)

কাঠুল্[২] kat^{h}ul বি হংসী the goose (বাঁকুড়া ৭, ১২)

কাঠুলা kat^{h}ula দ্র কাঠুয়া নুটি (জলপা ২, ৪)

কাঠুলা দুরা kat^{h}ula dura দ্র কাটুয়া ডুড়া (দার্জিলি ৩)

কাঠুলা নুটি kat^{h}ula nuṭi দ্র কাঠুয়া নুটি (জলপা ৭ দার্জিলি ২)

কাঠুলি মুর্গি kat^{h}uli murgi দ্র কাটুইল্ (বাঁকুড়া ১১)

কাঠের্ বাঁশ্ kat^{h}er bãs বি একপ্রকার শক্ত বাঁশ a species of strong bamboo (হুগলি ৫)

কাঠের্ মুড়ো kat^{h}er muɽo বি মোটা শুকনো গাছের ডালের কাটা টুকরো a stump, the part of a tree left in the ground after the trunk is cut down (বর্ধমা ২৩)

কাঠোইল্ kat^{h}oil দ্র কাটুইল্ (বাঁকুড়া ১২)

কাঠোত্ kat^{h}ot বি কুমোরের হাঁড়ি কলসি পিটাবার কাজে ব্যবহৃত কাঠের সরঞ্জাম [একটি এক বর্গফুট কাঠের মধ্যে একটি অর্ধ গোলাকৃতি গর্ত থাকে। ঐ গর্তে কাঁচা অবস্থায় হাঁড়ি কলসির তলা বসিয়ে পিটানোর কাজ চলে] a potter's tool for battering earthenware (পুরুলি ১০)

কাঠোতি kat^{h}oti বি কাঠের বাটির মতো পাত্র an wooden bowl (মালদা ৯) দ্র কাঠুয়া তু হি কটোতি

কাঠোয়া kat^{h}oa বিণ শক্ত, ঘন thick, condensed পানি দি কিরি কাঠোয়া করি গুল্তে হবে—জল দিয়ে ঘন করে গুলতে হবে (মেদিনী ৮)

কাঠোয়া দুরা kat^{h}oa dura দ্র কাটুয়া ডুড়া (দার্জিলি ১)

কাঠোয়া ব্যাং kat^{h}oa bæŋ বি কুনো ব্যাঙ a frog that lies hidden in some corner of a house during the day time (মালদা ৩)

কাঠোয়াল্ kat^{h}oal দ্র কাটোল্ (পদিনা ১০ মালদা ৬)

কাঠোল্[১] kat^{h}ol দ্র কাটোল্ কাঠোলের পাতা—কাঁঠাল পাতা (জলপা ২, ৭ পদিনা ৭, ১২ মালদা ২)

কাঠোল্[২] kat^{h}ol দ্র কাটুল্ (বাঁকুড়া ১২)

কাঁঠ্যা kãt^{h}æ দ্র কাটা[১১] (বীরভূ ১১)

কাঠ্যার্ kat^{h}ær দ্র কাটোল্ (মালদা ৯)

কাঁড্ kãd বি ধনুকের মূল দণ্ড [ছিলাকে 'খড়া' আর তীরকে 'চেড়িয়া' বলা হয়] the bent or curved rod of a bow, to which a string is fastend (মেদিনী ৩১)

কাড্বেল্ kaḍbel বি কয়েতবেল the elephant or wood apple (মালদা ৭)

কাড্রা kaḍra দ্র কাড্রাট্ (হুগলি ৪)

কাড্রোল্ সাপ্ kaḍrol sap বি একপ্রকার বিষধর সাপ [তিন চার হাত লম্বা, খুব সরু। এই সাপ ফণা ধরে না। এরা সাধারণত বাঁশ গাছে থাকে] a variety of venomous snake (মেদিনী ২৮)

কাড়্[১] kaɽ বি কার [চুল বাঁধার দড়ি] a cord used to dress hair (মেদিনী ২৪)

কাড়্[২] kaɽ বি ছিপের ডোর [সুতো] a string of fishing rod (চব্বিশ ২৭)

কাড়্[৩] kaɽ বি মন্থনদণ্ড [দই থেকে ঘোল তৈরি করার জন্য ব্যবহার হয়] churning rod (মুর্শিদা ১৮)

কাঁড়্[১] kãɽ বিণ রাশি, গাদা, স্তূপ a heap (মেদিনী ১৫) বাব্বা রে, এ্যাক্ কাঁড়্ ভাত্ নিয়ে বসেছে তো—বাবারে, এক কাঁড়ি ভাত নিয়ে বসেছে (বর্ধমা ৫) আমের্ কাঁড়্—আমের স্তূপ ; আম্ কাঁড়্ লিয়ে আছে—আম গাদা হয়ে আছে (মুর্শিদা ২)

কাঁড়্[২] **kãɾ** বি চুলের জট্ malted hair চুলে কাঁড়্ লেগেছে--চুলে জট পড়েছে (বাঁকুড়া ১১)

কাঁড়্[৩] **kãɾ** বি ঢেঁকির পাড়ের হিসাব [চারবার পাড় দিলে এক কাঁড়্ হয়] the [counting of] account of pedalling in an up and down motion [as a husking-pestle] (বাঁকুড়া ৬)

কাঁড়্[৪] **kãɾ** বি মৌমাছির হুল the sting of a bee (পুরুলি ৫)

কাঁড়্[৫] **kãɾ** বি কুমোরের চাকের উপরে রাখা মাটিকে টেনে উত্তোলন [কুমোরের চাকের উপরের মাটিকে প্রথমে হাত দিয়ে চেপে থালার মতো করা হয়। তারপর ঐ থালার দুদিকে হাত দিয়ে চেপে দুই আঙুলে করে উপরের দিকে টেনে তোলা হয়। এই টেনে তোলাই হলো 'কাঁড়্'] initial shaping of clay on the wheel by potter (বাঁকুড়া ১৫)

কাঁড়্[৬] **kãɾ** ১ বি মাটির বাড়ির কাঠামোর চালের কোণের অংশ a part of the angle formed by the four sides of a thatched roof (পুরুলি ৯, ১১) ২ রোয়া কাঠ [মাটির বাড়ির চাল কাঠামো করার সময় কিছু কাঠ চালের মাথা থেকে নিচের দিকে দেওয়া হয়। এগুলিকে বলা হয় 'কাঁড়' অর্থাৎ রোয়া কাঠ। এই কাঠগুলির উপর বাঁশের বাতা বাঁধা হয়। অর্থাৎ-এই 'কাঁড়' কাঠগুলিই চালের মূল কাঠামো। এইজন্য এগুলি শক্ত পাকা কাঠের হয়। কাঠের অভাবে পাকা বাঁশের হয়] wooden radials of a thatchd roof (পুরুলি ৫)

কাঁড়্[৭] **kãɾ** বি তীর an arrow (পুরুলি ১৭ বাঁকুড়া ৫, ১১) ধনুকের ছিলাকে 'পঁড়চ্' আর ধনুককে 'বাঁশ্' বলে (পুরুলি ৮) সাত্ কাঁড়ে বগ্ ওড়ে নাই--সাত বার তীর ছোঁড়াতেও বক উড়ে যায়নি (পুরুলি ১০) আগে সন্তান জন্মের অব্যবহিত পরে, তার নাড়ি কাটা হতো 'কাঁড়্' বা তীর দিয়ে। এখন ব্লেড পুড়িয়ে নাড়ি কাটা হয় (পুরুলি ১৪) তীর কাঠি যেমন বাঁশের বাখারি দিয়ে তৈরি হয়, তেমনি এখানে শরকাঠি দিয়েও তৈরি হয় (বাঁকুড়া ১৬)

কাঁড়্[৮] **kãɾ** বি ঢেঁকির আঁকশলী the spindle upon which the husking pedal moves (পুরুলি ৪, ৯ মেদিনী ৫, ২১, ২৫, ২৯, ৩২)

কাঁড়্ করা ক্রি kãɾ kɔra স্তূপীকৃত করা, এক জায়গায় জড়ো করা to bring togather, to heap (বর্ধমা ৭ মেদিনী ৩) দ্র কাঁড়্[১]

কাড়্ ঘা kaɾ gʰa বি বলদের কাঁধে ভারবহনজনিত ঘা [মোতিহারি দোক্তা বা তামাক ভিজিয়ে বা শুকনো তামাক গুঁড়ো করে এই ঘায়ে লাগালে, ঘা ভাল হয়ে যায়] a sore on the shoulder of an ox (চব্বিশ ৯, ১৮)

কাঁড়[৮]

কাড়্চা kaɾca বি কড়াই [রান্না করার পাত্র] a large tumbler-like cooking utensil (পদিনা ১০)

কাঁড়্-চিআঁড়ি kãɾ-ciãɾi বি তীর ধনুক bow and arrow (পুরুলি ৫) দ্র কাঁড়্[৭]

কাঁড়্টাক্ kãɾtak বিণ একরাশ a huge amount, a lot of, a heap of (মেদিনী ১৫) দ্র কাঁড়্[১]

কাঁড়্ ধনুক্ kãɾ dʰɔnuk বি রামধনু a rainbow (বাঁকুড়া ৬)

কাঁড়্ ধেনুক্[১] **kãɾ dʰenuk** দ্র কাঁড়্ ধনুক্ (পুরুলি ৯)

কাঁড়্ ধেনুক্[২] **kãɾ dʰenuk** দ্র কাঁড়্-চিআঁড়ি (পুরুলি ৯)

কাড়্পি কলো kaɾpi kɔlo বি এক জাতীয় বিচিযুক্ত কলা a variety of banana having seeds inside (জলপা ৭)

কাঁড়্বাঁশ্ kãɾbãʃ বি ধনুক [কাঁড়্ অর্থে তীর--দ্র কাঁড়্] a bow (পুরুলি ১০, ১৭ বর্ধমা ১৫ বাঁকুড়া ৫ মেদিনী ২৫)

কাঁড়্রো গাছ্ kãɾro gacʰ বি একপ্রকার গাছ [মাথা ধরলে, এই গাছের পাতায় ঘি মাখিয়ে আগুনে সেঁকে মাথায় বাঁধলে সেরে যায়। এছাড়া শরীরে রস হলে বা ঠাণ্ডা লেগে চোখ জুড়ে গেলে এই গাছের পাতা অনুরূপভাবে ওষুধ হিসাবে ব্যবহৃত হয়] a species of medicinal plant (মেদিনী ২৮)

কাঁড়্ শাপ্ kãɾ ʃap বি একপ্রকার বিষধর সাপ [ধূসর রঙের। এক-দেড় হাত লম্বা। লেজটা উপর দিকে তুলে ধরলে সাপটা গুটিয়ে গুটিয়ে একেবারে গোল হয়ে যায়] a species of venomous snake of grey colour (বাঁকুড়া ১১ বীরভূ ৭, ৮)

কাঁড়্সল্ kãɾsɔl বি একপ্রকার সাপ [একে অনেকে বলে কান্সুল্কি] a species of snake (মেদিনী ৫)

★ **কাড়্হা**[১] **kaɾha** ক্রি কেড়ে নেওয়া to take by force উ তো কাড়্হে নিল--সে তো কেড়ে নিল (পুরুলি ১৩)

কাড়্হা[২] **kaɾha** ক্রি আঁচড়ানো [চুল, মাথা] to comb মাথাটা কাড়্হি--মাথা আঁচড়াই, টেড়ি কাটি (পদিনা ৮) মাথাটা কাড়্হ লাম্--মাথা আঁচড়ালাম (মালদা ৬)



কাড়্হোল[২]

কাড়্হা[৩] **kɑrha** ক্রি কথা বলা to speak out আয়ে কাড়্হে না--কথা [রা] বলে না (মালদা ৮)

কাড়্হা[৪] **kɑrha** (ক্রি) নামানো, সরানো [উনুন থেকে] to bring down, to remove (বাঁকুড়া ১৬)

★ **কাড়্হাঁ** **kɑrhã** ক্রি তুলে রাখা to keep things properly কাড়্হিঁ রাখা হোয়--তুলে রাখা হয়। আলুটাকে ভাজি কাড়্হিঁ রাখা হোয়--আলু ভেজে তুলে রাখা হয় (মেদিনী ১২)

★ **কাঁড়্হা** **kãrha** ক্রি খোঁটা to take a small amount or portion with the tips of one's fingers কাঁটা কাঁড়্হা--কাঁটা খুঁটে তোলা [পুরুলি ১৭]

কাড়্হাই[১] **kɑrhaĭ** দ্র কাড়্চা (মালদা ১, ২, ৯)

কাড়্হাই[২] **kɑrhaĭ** বি বড়, ছড়ানো মুখওয়ালা একপ্রকার হাঁড়ি a large cooking utensil having wide mouth হাম্ড়া কাড়্হাই বোলি এর্ মুক্টা ছিত্রা তো--আমরা কড়াই বলি এর মুখটা ছড়ানো বলে (মুর্শিদা ১১)

কাড়্হান্ **kɑrhan** বি কাদা-চাষ পর্ব [প্রথম যখন ধান চাষের জমিতে কর্ষণ করা হয়, তখন জমি শুকনো থাকতে পারে, অল্প জলও থাকতে পারে। তবে জমিতে ধানচারা রোপণ করার মতো যখন জল জমে, কমপক্ষে তৃতীয়বার লাঙল কর্ষণ করার পরে, তখনই বলা হয় 'কাড়্হান্'] a phase of cultivation in the muddy-field (বীরভূ ৭) ~ **ছাতু** **kɑrhan cʰatu** বি একপ্রকার ছত্রাক [এই ছত্রাকের ডাঁটা লম্বা ও ছাতাটি বেশ বড়। এটি রান্না করে খাওয়া হয়] an edible mushroom (পুরুলি ১১)

কাড়্হে নেয়া **kɑrhe nea** দ্র কাড়্হা[৪] পিঠাগুলা কাড়্হে নিই--পিঠাগুলা (উনুন থেকে) নামিয়ে নিই (বাঁকুড়া ১৬)

কাড়্হোল্[১] **kɑrhol** বি শস্য [ধান, গম] মাড়াইয়ের সময় নাড়াচাড়া করার কাজে ব্যবহৃত বাঁশের আঁকশি a bamboo pole with a hook at the end by which corn is handled while threshing (পদিনা ১০) দ্র আখ্ওন্

কাড়্হোল্[২] **kɑrhol** বি জোয়ালের দুপাশে লাগানো এক হাত লম্বা কাঠ বা বাঁশের খণ্ড two piececes of wooden or bamboo pegs, one and a half feet long, used as parts of yoke (মালদা ৩)

কাড়ঙা মোরুস্ **kɑrɔŋa morus** বি বলের মতো বড় একপ্রকার লঙ্কা a capsicum (জলপা ৭)

কাড়া[১] **kɑra** বি বেগুন গাছের ফুল a flower of brinjal plant (জলপা ৭)

কাড়া[২] **kɑra** বি ঘুঁটে a dungcake, a cake of dried dung used as fuel (কোচবি ৩)

কাড়া[৩] **kɑra** ক্রি বাছা to select, to pick out কঁটা কাড়িকি খাও--কাঁটা বেছে খাও (মেদিনী ৩১)

কাড়া[৪] **kɑra** ক্রি শেষবার ঢেঁকিতে ধান ভানা [ঢেঁকিতে ধান ভেনে চাল তৈরি করার সময় মোট চারবার ভানতে হয়। শেষ বারের ভানাকে 'কাড়া' বলে] final round of husking rice by a husking pedal ধান্ কাড়া হচ্ছে--ধান শেষবার ভানা হচ্ছে (বর্ধমা ১৬)

কাড়া[৫] **kɑra** বি কড়াইয়ের হাতল a handle of a cooking pan (মালদা ৭)

কাড়া[৬] **kɑra** বি দরজার কড়া a metal ring affixed to a door (পদিনা ১০)

কাড়া[৭] **kɑra** বিণ কড়া, শক্ত hard জোমিটা হাল্ দ্যাওয়া যায় না, কাড়া হোই গিচে--জমিটায় হাল দেওয়া যায় না, শক্ত হয়ে গেছে (দার্জিলি ২, ৩)

কাড়া[৮] **kɑra** বি আটার গোল্লা [রুটি করার জন্য] a lump or ball of kneaded wheat মুই কাড়াং--আমি আটার গোল্লা করি (কোচবি ৩)

কাড়া[৯] **kɑra** বিণ কালা deaf (মেদিনী ৮)

কাড়া[১০] **kɑra** বিণ কালো রং black (মালদা ৯)

কাড়া[১১] **kɑra** বি মাছ ধরার একপ্রকার কৌশল a technique of fishing (চব্বিশ ১১)

কাড়া[১২] **kɑra** ক্রি চুল আঁচড়ানো to comb (পদিনা ৮) দ্র কাড়্হা[২]

কাড়া[১৩] **kɑra** ক্রি [হাই] তোলা to yawn হাই কাড়া--হাই তোলা, সে হাই কাড়্ল--সে হাই তুলল (মেদিনী ৫)

কাড়া[১৪] **kɑra** ক্রি নিঃশ্বাস নেওয়া to breathe নিকাস্ কাড়া--নিঃশ্বাস নেওয়া, মটা [মোটা, ভারি] নিকাড়্ কাড়্ল --ভারি নিঃশ্বাস বা দীর্ঘশ্বাস ছাড়ল (মেদিনী ৫)

কাড়া[১৫] **kɑra** বি বাঁশের তৈরি মুখোশ [বাছুরের মুখে আটকানোর জন্য] a bamboo-musk [used as a trap to keep the mouth of a calf closed] (হাওড়া ১)

কাড়া[১৬] **kara** বি ঝুল soot (মেদিনী ২)

কাড়া[১৭] **kara** ক্রি প্রথম ব্যবহার করা to start using of a thing এই আজ্‌কেই হাঁড়ি কেড়েছি--আজকেই মাটির হাঁড়িটা প্রথমবার ব্যবহার করতে শুরু করেছি (পুরুলি ১৭ বর্ধমা ২০ বাঁকুড়া ৪ হাওড়া ১, ৮)

কাড়া[১৮] **kara** বি লোহার আংটা [বাদ্যযন্ত্রে ব্যবহৃত হয়] an iron ring used to a musical instrument (জলপা ৭)

কাড়া[১৯] **kara** বি ছিদ্র a hole নিকাড়া হাঁড়ি--ছিদ্রহীন হাঁড়ি (মেদিনী ২৮)

কাড়া[২০] **kara** ক্রি টানা to draw out, to pull (বীরভূ ১১ মুর্শিদা ১৬ মেদিনী ১৫) পালুই থেকে আঁটি কাড়িস্ না--খড়ের গাদা থেকে খড়ের আঁটি টানিস্ না (মুর্শিদা ১৬) সান্ কাড়া--ঘোমটা টানা (বীরভূ ১১)

কাড়া[২১] **kara** বি ওলন যন্ত্রের কাষ্ঠনির্মিত অংশ [রাজমিস্ত্রীদের অন্যতম সরঞ্জাম ওলন] a piece of perforated wood attached to a plumb-line (চব্বিশ ১৪)

কাড়া[২২] **kara** বি হামাগুড়ি walking on all fours, crawling ছল্যাটা কাড়া হোছে--ছেলেটা হামাগুড়ি দিচ্ছে (পুরুলি ১৩)

কাড়া[২৩] **kara** বি কাটা to cut নখ্‌টা কাড়ে দে--নখটা কেটে দে (পুরুলি ১৭)

কাড়া[২৪] **kara** ক্রি পরিষ্কার করা to clean [গোয়াল, এঁটো কিংবা ছাই--এইসব পরিষ্কার করার ক্ষেত্রে ব্যবহার হয়] (পুরুলি ১৭ বর্ধমা ২, ২০ বাঁকুড়া ৪ মেদিনী ১, ৬, ১৫, ১৯, ২২, ২৬ হাওড়া ১, ৩, ৮, ১০ হুগলি ৫) গোল্ কাড়া --গোয়াল পরিষ্কার করা। এঁটো কাড়া--উচ্ছিষ্ট পরিষ্কার করা, ছাইগুলো কেড়ে নাও--ছাইগুলো পরিষ্কার করে ফেলো (বর্ধমা ২, ২০) অত বগ্‌বগ্ না করিয়্যা জেইগাটা কাড়িয়্যা দেনা--অত বকবক্ না করে জায়গাটা পরিষ্কার করে দে (মেদিনী ১, ৬, ১৫, ১৯, ২২, ২৬) আজ্‌কে গোল্ কাড়া হয় নে--আজ গোয়াল পরিষ্কার করা হয়নি (হাওডা ১) গোল্ কাড়া হয়নে এ্যাখুনো? -- এখনো গোয়ালঘর পরিষ্কার করা হয়নি? (হাওড়া ১, ৩, ৮, ১০)

কাড়া[২৫] **kara** বি পুং মহিষ [স্ত্রী মহিষকে 'মোষ' বলে] a male buffalo (পুরুলি ৯, ১৭ বর্ধমা ১৮ বাঁকুড়া ৪, ৭, ৮, ১০, ১২, ১৩, ১৯ মেদিনী ৭, ৯, ১৩, ২৯, ৩২, ৩৩ হুগলি ১, ৫) কাড়াগুলোকে গুয়াল্ থেকে বার করে দাও--মোষগুলোকে গোয়াল থেকে বার করে দাও (বাঁকুড়া ৪, ৭, ৮, ১০, ১২, ১৩, ১৯ মেদিনী ৭, ৯, ১৩) কাড়াইলা--কাড়াগুলা--মোষগুলো (মেদিনী ২৯, ৩২, ৩৩, হুগলি ১, ৫) ~ **গাড়ি kara gari** বি মোষের গাড়ি a buffalo-drawn cart (বর্ধমা ১৯) ~ **ছা kara c^ha** বি বাচ্চা পুং মহিষ a male buffalo calf (বর্ধমা ১৯)



কাঁড়া[৮]

কাড়া[২৬] **kara** ক্রি [কথা] বলা to speak out, to utter a word রা কাড়ে না--কথা বলে না বা নীরব থাকে (বীরভূ ১১ হাওড়া ১, ৮)

কাঁড়া[১] **kãra** বি পোড়ো ঘরের দেওয়াল the wall of a dilapidated house (মেদিনী ৩)

কাঁড়া[২] **kãra** ক্রি জমা করে রাখা to store (মেদিনী ৩)

কাঁড়া[৩] **kãra** ক্রি বিণ খোঁচানো to pick [the tooth] দাঁত্ কাঁড়া হয়--দাঁত খোঁচানো হয় (মেদিনী ১২)

কাঁড়া[৪] **kãra** বি লাটাই [ঘুড়ি ওড়ানোর] a spool [used by kite-flier] (মেদিনী ২৪)

কাঁড়া[৫] **kãra** বি গোটানো দড়ি a reeled rope (মেদিনী ১৫)

কাঁড়া[৬] **kãra** ক্রি চুলকানো to itch (মেদিনী ৮)

কাঁড়া[৭] **kãra** বি ইঞ্চি তিনেক লম্বা বাঁশের পাতলা বাখারি জাতীয় সরঞ্জাম [মাটির পাত্র চাকে তৈরি করার পরে সমান করার জন্য কুম্ভকার এটি ব্যবহার করে] a piece of perforated bamboo used by the potter (পুরুলি ৮)

কাঁড়া[৮] **kãra** বি মাছধরার জাল বোনার সময় জালে ফাঁস দেওয়ার সরঞ্জাম বিশেষ [সরু বাঁশের ফালি দিয়ে তৈরি, তিন-চার ইঞ্চির মতো লম্বা। এর দুই প্রান্ত সরু। এর মধ্যে সুতো জড়ানো থাকে] an implement usually of bamboo, used in the weaving of fishing net (বর্ধমা ১৭ হাওড়া ১০ হুগলি ৯)

কাঁড়া[৯] **kãra** ক্রি বকুনি দেওয়া to chide খুব্ কাঁড়্‌লাম্--খুব বকলাম (বর্ধমা ৫)

কাঁড়া[১০] **kãra** দ্র কাড়া[২৪] (বীরভূ ১১ মেদিনী ৩৫)

কাঁড়া[১১] **kãra** বি লাঙলের অংশ [জোয়ালের সঙ্গে লাঙল যুক্ত করার জন্য লাঙলের উপরের অংশে কাটা খাঁজ] a notch at the top of a plough [to fecilitate fixing of yoke] (মুর্শিদা ৯, ১৮)



কাড়াইল্

কাঁড়া[১২] **kãɾa** দ্র কাড়া[২৫] (পুরুলি ৫ বর্ধমা ১৫, ২৫ বীরভূ ৩, ৭, ১৪ মুর্শিদা ১০ মেদিনী ৫ হুগলি ১) ~ **গোরু kãɾa goru** বি এঁড়ে গোরু [এঁড়ে গোরু যখন গাড়ি টানে, তখন বলে 'কাড়ার্ গাড়ি'--গোরুর গাড়ি বলে না] a bull (বর্ধমা ৪)

কাড়াইল্ kaɾail বি পোয়াল [ধানের খড়] নাড়াচাড়া করার লাঠি a stick used to handle dry straw in a stack (কোচবি ৩)

কাড়াং ছাতু kaɾaŋ cʰatu বি এক ধরনের বড় ছত্রাক [এর ডাঁটাটা অনেকটা লম্বা হয়] a variety of large mushroom (বাঁকুড়া ১১)

কাড়াং দেওয়া kaɾaŋ deŏa ক্রি বপন করা ধানে লাঙল দেওয়া [এটি চাষের একটি বিশেষ পদ্ধতি] to plough a piece of land after sown seeds (মেদিনী ১৫)

কাড়া কাইচা kaɾa kaĭca বিণ অসুন্দর [চুল কাটা] rough, [hair cut] কাড়া কাইচা চুল কাটা হোইচে--খারাপ করে চুল কাটা হয়েছে (মেদিনী ২৫)

কাড়া কাউয়া kaɾa kaŭa দ্র কাউয়া (মালদা ৭)

কাড়ান্ kaɾan বি, বিণ চাষ উপযোগী বৃষ্টি sufficient and timely rain for cultivation কাড়ান্ লেইগেছে--চাষ উপযোগী বৃষ্টি শুরু হয়েছে। কাড়ান্টা এবছর ভালো--চাষ উপযোগী বৃষ্টিটা এবছর ভালো (মুর্শিদা ১৬)

কাঁড়ান্ kãɾan বি ধান গাছকে অধিক গুচ্ছ সমন্বিত করার কৌশল a method of growing paddy saplings in a cluster (মুর্শিদা ৯)

★ **কাড়ান kaɾanɔ** ক্রি ভেঙচানো to make face জিব্‌টা কাড়াচ্ছে--জিভ ভেঙচাচ্ছে। কালি মা জিব্‌টা কাড়ি রোইচে--মা কালী জিভ ভেঙ্‌চে [জিভ বের করে] রয়েছে (বাঁকুড়া ৪, ১৪)

★ **কাঁড়ান kãɾanɔ** দ্র কাঁড়া[৬] গা কাঁড়ায়টে--গা চুলকাচ্ছে। কাড়ায়ঠে--চুলকাচ্ছে (মেদিনী ১৬, ২০)

কাড়ানি kaɾani বি ধানের কুঁড়ো bran or husk of paddy (কোচবি ৩)

কাড়ানে kaɾane বিণ খুব জোরে কিংবা মুষলধারে [বৃষ্টি] in torrents কাড়ানে জল্--মুষলধারে বৃষ্টি (বীরভূ ৫) দ্র কাড়ান্

কাড়ানো[১] **karano** দ্র কাড়ান জিভ কাড়ানো--জিভ ভ্যাঙানো বাঁকুড়া ১৪)

★ **কাড়ানো**[২] **kaɾano** বি জমিতে প্রথমবার চাষ করা [আষাঢ় মাস নাগাদ, জমিতে জল জমার পরে প্রথম চাষ দেওয়া হয়] the first ploughing of land [in the rainy season, after water-logging first ploughing is done in parallal lines] (চব্বিশ ৭, ২৭, ৩৩) ~ **জোমি kaɾano jomi** বি একবার লাঙল করা হয়েছে এমন জমি a piece of land after first plughing (চব্বিশ ১৫)

★ **কাঁড়ানো**[১] **kãɾano** দ্র কাঁড়[৬] (বাঁকুড়া ১৫)

কাঁড়ানো[২] **kãɾano** ক্রি চালের উপরের লাল আস্তরণ পরিষ্কার করা to remove the inner red skin of paddy by husking চাল্‌গুলো মেশিনে কাঁড়াতে নিয়ে যা--চালগুলি মেশিনে পরিষ্কার করতে নিয়ে যা (চব্বিশ ১১)

কাড়া ভাত্ kaɾa bʰat বি শক্ত ভাত hard (less boiled) rice (মালদা ৯) দ্র কাড়া[৭]

কাঁড়ায়টে kãɾaĕte ক্রি চুলকাচ্ছে (is /are) itching আম্‌রা কোহি কাঁড়ায়টে--আমরা বলি চুলকাচ্ছে (মেদিনী ৮) দ্র কাঁড়ান

কাড়াল্ দেওয়া kaɾal deŏa ক্রি কথা দেওয়া [দিব্যি] to pledge, to promise মি যাম্ তোক্ কাড়াল্ দিছি--আমি যাব তোকে কথা দিয়েছি (পদিনা ২)

কাঁড়াল্ kãɾal দ্র কাড়াইল্ (নদীয়া ৫ বীরভূ ৪) দ্র আখ্‌ওন্

কাড়ালি kaɾali দ্র কাড়াইল্, কাঁড়াল্ (জলপা ২, ৭) ~ **দেওয়া kaɾali deŏa** ক্রি দিব্যি দেওয়া to sware, to affirm solemnly বাপ্ কাড়ালি কেনে--বাপের দিব্যি দিলি কেন? (বাঁকুড়া ১৩) দ্র কাড়াল্ দেওয়া

কাঁড়ালি kãɾali বি বক্‌না বাছুর she-calf উয়াদের্ কাঁড়ালিটা বেশ গাঁট্‌গুট্টা বটে--ওদের বাছুরটা (স্ত্রী) বেশ মোটাসোটা (বাঁকুড়া ১৩)

কাড়ালি খোড়ি kaɾali kʰoɾi বি একপ্রকার খড় [এই শুকনো খড় দিয়ে ঘর ছাওয়া হয়] a species of hay (দার্জিলি ৩)

কাড়াসিং kaɾasiŋ বি [কিশোরী মেয়েদের] চুল বাঁধার এক বিশেষ পদ্ধতি [কিশোরী মেয়েদের যখন চুল রাখা শুরু হয়, তখন মাথার দুপাশে গোড়া ধরে দুটো বিনুনি করা হয়। তারপর বাঁ পাশের বিনুনি ডান পাশে আর ডান পাশেরটি বাঁ

পাশে ঘুরিয়ে মাথার উপর তুলে একসঙ্গে বাঁধা হয়। এতে চুলের বৃদ্ধি দ্রুত হয় বলে ধারণা] a style to dress hair (বাঁকুড়া ১২) [কলকাতা, চব্বিশ পরগনা প্রভৃতি কিছু জেলায় একে 'বেড়াবিনুনি' বলে] < কাড়া = মহিষ, মহিষের শিং-এর মতো দেখতে বলে এমন নাম।

কাড়াহিঁচ্ড়া **kɔrahĭcɔra** বি টানাটানি pulling in opposite directions (মেদিনী ১৫) দ্র কাড়া[২৬]

কাড়ি[১] **kɔri** বি ছাদের কড়ি a beam of roof (বীরভূ ৯)

কাড়ি[২] **kɔri** বি [কড়ার] হাতল a handle [of a pan or cauldron] (পদিনা ২)

কাড়ি[৩] **kɔri** বি ধান কিংবা গমের খড়ের আঁটি a bunch of paddy or wheat plants (জলপা ৪, ৭ পদিনা ১০, ১১, ১২ মালদা ১, ২, ৪, ৯, ১০, ১১) কাড়ির্ পালা--খড়ের আঁটির স্তূপ (মালদা ৪)

কাড়ি[৪] **kɔri** বি স্তূপ [ধান, খড়, ইঁট ইত্যাদির] a heap, a stack (চব্বিশ ১৫ জলপা ৪ হাওড়া ১, ৮) উখিনে ইঁটের্ কাড়ি থেকে দুটো আধ্‌লা ইঁট্ লিয়ায়--ঐখানে ইঁটের স্তূপ থেকে দুটো আধখানা ইঁট নিয়ে আয় (হাওড়া ৮)

কাঁড়ি[১] **kãri** দ্র কাড়ি[৩] কাঁড়ির্ পালা--খড়ের আঁটির গাদা (মালদা ১, ২, ৪, ৬, ৮, ৯, ১০)

কাঁড়ি[২] **kãri** বি পাকাতালগাছের গুঁড়ির সার অংশ বা ভিতরের অংশ [এই গুঁড়ি দিয়ে কুমোরের চাকের ভিতরের অংশটি তৈরি করা হয় এবং মাটির বাড়ির কাঠামোয় ব্যবহৃত হয়] the pith or core of the trunk of a palm-tree (বর্ধমা ৬ বীরভূ ৯ মুর্শিদা ১৭ হুগলি ১) < সং কাণ্ড

কাঁড়ি[৩] **kãri** ১ দ্র কাড়ি[৪] চালের কাঁড়ি--চালের স্তূপ (মুর্শিদা ২৩) ধান ঝাড়ার পর এক জায়গায় কাঁড়ি করা হয় --ধান ঝাড়ার পরে এক জায়গায় স্তূপীকৃত করা হয় (হাওড়া ১, ৩, ৮) ২ বিণ প্রচুর, রাশিকৃত huge, a large quantity গতোরে যেমন খাটে, খায়ও তেমনি কাঁড়ি কাঁড়ি--যেমন খাটে খায়ও তেমন প্রচুর (হাওড়া ১, ৮) কাঁড়ি কাঁড়ি খাবি আর্ কাজ্ কোর্‌বিনি--বেশি বেশি খাবি আর কাজ করবি না? (মেদিনী ১৫) এক্ কাঁড়ি কাপোড়্--প্রচুর কাপড় (মেদিনী ৩৪)

কাঁড়ি[৪] **kãri** বি জমায়েত a gathering লোক্ কাঁড়ি হোচ্চে--লোক জড়ো হচ্ছে (চব্বিশ ২৭ মেদিনী ২৬)

কাঁড়ি[৫] **kãri** বি স্ত্রী মহিষ [যার বাচ্চা হয়নি। বাচ্চা হয়েছে এমন স্ত্রী মহিষকে 'মোশ্' বলে। 'কাঁড়া' পুরুষ মহিষকে বলে] she-buffalo (বর্ধমা ১৫ বীরভূ ৭, ১৪) ~ **ছা** **kãri cʰɔ** বি বাচ্চা মহিষ (স্ত্রী) a young female buffalo (বর্ধমা ১৯)



কাঁড়ি[৬]

কাঁড়ি[৬] **kãri** বি ঢেঁকির গড় বা গর্ত [বড় একখণ্ড কাঠ বা পাথর খুঁড়ে খুঁড়ে ঐ গর্ত তৈরি করা হয়। ঢেঁকির আঁক্‌শলীকে এখানে 'কাঁড়্' বলে] a hole formed by digging a block of wood or stone used as receptacle of corn into which the mouth of a husking pedal falls to thrash grains (পুরুলি ৪, ৯ মেদিনী ৫, ২৫, ২৯, ৩৩) দ্র কাঁড়্[৮]

কাঁড়ি করা **kãri kɔra** ক্রি জড়ো করা to assemble (চব্বিশ ১৫ মুর্শিদা ১৭ মেদিনী ৩৫)

কাঁড়ি হওয়া **kãri hɔõa** ক্রি স্তূপীকৃত হওয়া be amassed (চব্বিশ ২৭) দ্র কাড়ি[৪], কাঁড়ি[৩]

কাড়িয়া[১] **kɔria** বি ছাইগাদা [গোবর বা ছাই জড়ো করা হয়, এমন জায়গা] an ash pit (কোচবি ১, ২, ৩)

কাড়িয়া[২] **kɔria** বি জৈব সার [গোবর পাতা, ছাই ইত্যাদি জিনিস কোনো বড় গর্তে ফেলে রেখে, তাকে পচিয়ে এই সার তৈরি হয়] compost manure (কোচবি ৪)

কাড়িয়া[৩] **kɔria** বিণ কালো [রং, মানুষ ইত্যাদি] dark-skinned (man), black complexioned, black colour (মালদা ৯ মেদিনী ৩০) কাড়িয়া চুটি--কালো পিঁপড়ে (মালদা ৯)

কাড়িয়া[৪] **kɔria** বি যে খড় ঝাড়াই হয়েছে, কিন্তু গরু দিয়ে মাড়ানো হয়নি [এতে কিছু ধান লেগে থাকে] hay stalkes winnowed but not thrashed by the cow (কোচবি ৪)

কাড়িয়া[৫] **kɔria** বি কড়াই a cauldron (পদিনা ১০)

কাড়িয়া[৬] **kɔria** বি বাঁশের তৈরি পাত্র বিশেষ [বাঁশের অংশবিশেষ অর্থাৎ একটি পাব দিয়ে তৈরি হয়। একপ্রান্তে গাঁট থাকে অপর প্রান্ত ফাঁপা। বাঁশ যেমন সরু কিংবা মোটা হয় পাত্রও তেমন বিভিন্ন মাপের বা আকারের হয়। বালতির বিকল্প হিসেবে দুধ দোওয়ার কাজে ব্যবহার হয়। নুনদানি, দই রাখার পাত্র বা ফুলদানি হিসেবেও ব্যবহার হয়] a bamboo-made pot (জলপা ১, ৭ মালদা ৫, ১১) দ্র কঁকোয়া তু আ বা কেঁড়ে



কাত[১]

কাড়িয়া চুটি kaɾia cuʈi বি কালো পিঁপড়া a black ant (মালদা ৯) দ্র কাড়িয়া[৩]

কাড়িয়্যা লুয়া kaɾiæ lua ক্রি পরিষ্কার করে নেওয়া to clean টকার্ গুগা কতখঁলু পড়িয়াছ্যে কাড়িয়্যা লিয়ে ক'ত--ছেলের পায়খানাটা কতক্ষণ থেকে পড়ে আছে, পরিষ্কার করে নিতে বলতো (মেদিনী ২৬) < কাড়া + লুয়া (নেওয়া) দ্র কাড়া[২৪]

কাড়ুয়া kaɾua বি ঘটক a matchmaker (পদিনা ১১)

কাড়ুয়ান্ kaɾuan বি ধানের কুঁড়ো [হাঁস, গরু প্রভৃতিতে খায়] the powdery crust of rice beneath the husk (মালদা ১১)

কাঁড়ুয়ান্[১] kãɾuan বি লোমফোঁড়া a boil in a hair follicle (মেদিনী ২০)

কাঁড়ুয়ান্[২] kãɾuan বি চর্মরোগ বিশেষ [চুলকানি] itches. (মেদিনী ২০)

কাঁড়ুয়ানি kãɾuani দ্র কাঁড়ুয়ান্[২] (মেদিনী ৮)

★ **কাঁড়ুয়ানো kãɾuano** ক্রি, ক্রি বিণ চুলকানো, কুটকুট করা to itch, repeated inflammatory itching sensation গাটা কাঁড়ুয়াছে--গাটা চুলকাচ্ছে (পুরুলি ১১) ওল্ খাঁয়ে গলা কাঁড়ুয়াছে--ওল্ খেয়ে গলা কুটকুট করছে (পুরুলি ১২)

কাড়ুলি kaɾuli বি বক্না বাছুর the female-calf (পুরুলি ৭ বাঁকুড়া ১৭)

কাড়ুলে kaɾule দ্র কাড়ুলি (বাঁকুড়া ১৭)

কাড়োজ্ kaɾoj বি দাদন advance payment of money ; money given on loan (কোচবি ২) < সং কর্জ

কাড়োন্ করা kaɾon kɔra ক্রি তুকতাক করা to cast a spell over [a person with a view to harming him, to enchant one by occult force] (কোচবি ১)

কাড়োয়া[১] kaɾoa দ্র কাড়ুয়া (জলপা ১, ২, ৪, ৭, ৮,৯)

কাড়োয়া[২] kaɾoa বি কেন্নো a centipede (কোচবি ৩)

কাড়োল্[১] kaɾol বি জোয়ালের দুপ্রান্তে স্থিত এক হাত পরিমাণ লম্বা দণ্ড [এগুলি বাঁশ কিংবা কাঠ দিয়ে তৈরি হয়] wooden or bamboo-made pegs on both sides of a yoke (মালদা ৩)

কাড়োল্[২] kaɾol বি একপ্রকার আঁকশি [একটি সরু লম্বা লাঠির মাথায় দুহাত লম্বা একটি আঁকশি বাঁধা থাকে। ঢেঁকিতে ধান ভানার সময় এইটি দিয়ে ধান গড়ের মধ্যে ঠেলে দেওয়া হয়] a small hooked poker to handle paddy while husking in a husking pedal (পদিনা ১১) দ্র কাড়াইল্

কাড়োল্[৩] kaɾol দ্র কাড়াইল্ (মালদা ১১)

কাঁড়োল্[১] kãɾol দ্র কাড়াইল্ (মালদা ১, ২ মুর্শিদা ১৫, ১৯)

কাঁড়োল্[২] kãɾol বি মাছ ধরার সরঞ্জাম বিশেষ [তিন-সাড়ে তিন হাত লম্বা বাঁশের সরু লাঠির গায় বাঁকানো লোহার সূঁচালো শিক বাঁধা থাকে। পুকুরের পাড়ের কাদা জায়গায় এটা টানা হয়। তখন পাঁকাল প্রভৃতি মাছ ঐ কাঁটায় বিঁধে যায়। এইভাবে মাছ ধরা পড়ে] a fishing tool made of a thin bamboo-pole with a sharp hook at one end (বীরভূ ৯)

কাড়োশ্ kaɾoʃ বি একপ্রকার বিষধর সাপ [এই সাপ ফণাহীন। তবে বিষ আছে। কালো রঙের উপরে সাদা ছিটে দাগযুক্ত। দুহাত লম্বা। আঙুলের মতো মোটা। কামড়ালে ক্ষতস্থান ফুলে ওঠে] a variety of venomous snake (মেদিনী ৩৫)

কাঢ়া[১] kaɾʰa বি [বাঁশ, কলা ইত্যাদি] গাছের চারা a young plant (of banana, bamboo etc.) (মেদিনী ১৩)

কাঢ়া[২] kaɾʰa ক্রি ১ ছিনিয়ে নেওয়া to snatch ২ টেনে নেওয়া to draw ৩ উদ্বোধন করা to inagurate ৪ কথা বলা to utter a word (মুর্শিদা ১৭)

কাঢ়ান্ kaɾʰan বি বর্ষা rain (মুর্শিদা ২১)

কাঢ়ি দেওয়া kaɾʰi deŏa ক্রি জাল টেনে মাছ ধরা to catch fish by casting a net (মুর্শিদা ১৭)

কাত্[১] kat বি মাটির দেওয়াল a mud-wall কাতের্ ঘর্--মাটির দেওয়ালের বাড়ি (চব্বিশ ১৯ বর্ধমা ২৩ বাঁকুড়া ১, ৩, ৮ মেদিনী ২৯, ৩৪ হাওড়া ১, ৩, ৮)

কাত্[২] kat বি গরুর একপ্রকার অসুখ [এই কাত্ দুইপ্রকার--১ ঝিন্ কাত্--এই রোগে গরুর গলা ফুলে যায়, গরু ঝিমিয়ে থাকে, কিছু খায় না। ডুমুর পাতা সিদ্ধ করে বা থেঁতো করে রস খাওয়ালে সুস্থ হয়। ২ বজ্বজা কাত্--এতে গরুর পায়ে ঘা হয়। সেই ঘায়ের পচনক্রিয়ায় গরুর সর্বাঙ্গ অসাড় হয়ে যায়] a kind of cattle disease (মেদিনী ১৮, ২৭)

কাত্[৩] **kat** বি বাঁশের বাতা bamboo slips (বর্ধমা ২)

কাত্[৪] **kat** বি দারুচিনি cinnamon *[Cinnamonum Zeylanicum]* (মুর্শিদা ২৪)

কাত্[৫] **kat** বি ১ মাছ ধরার 'ছাঁক্‌নি জালে' ব্যবহৃত গোলাকৃতি বাঁশের বাতা [জালটি এই গোল বাঁশের বাতার সঙ্গে দড়ি দিয়ে বাঁধা থাকে। ভিন্ন ভিন্ন জায়গায় এই জালের ভিন্ন নাম। ছাঁক্‌নি জাল (মেদিনী ২৪ বর্ধমা ২২ হাওড়া ১, ৮) চাভি জাল--(বীরভূ ৯) চাটুনি জাল (হুগলি ১) চাট্‌নি জাল (হুগলি ৪) a ring-shaped frame of bamboo slips [to which fishing net is tied] (বর্ধমা ২২ বীরভূ ৯ মেদিনী ২৪ হাওড়া ১, ৮ হুগলি ১, ৪, ৯) ২ ঘুনি জালের মুখের গোলাকৃতি বেড়ে বাঁধা বাঁশের সরু বাতা [এটা মোটা বাঁশ থেকে কেটে পাত্‌লা করা বলে বাতা বলা যায়] a ring-shaped frame of bamboo slips [to which a fishing net is tied] (বর্ধমা ২০) ৩ মাছ ধরার সরঞ্জাম 'পলো'-র গায়ে থাকা পাঁচটি গোলাকার বাতা a ring-shaped frame of bamboo slips (বর্ধমা ২০)

কাত্[৬] **kat** বি একপ্রকার ছুরি [পাত্‌লা লোহার পাত, দুই ইঞ্চির মতো চওড়া, পৌনে এক হাত লম্বা, এর এক দিক ধারালো। এই সরঞ্জাম দিয়ে শোলা কাটা হয়] a sharp and thin steel knife [used to cut pith] (বীরভূ ১৪) < সং কর্ত্তন

কাঁত্[১] **kãt** দ্র কাত্[১] (চব্বিশ ১৭ পুরুলি ১০, ১৫ বাঁকুড়া ১৫ বীরভূ ১১ মেদিনী ১৪, ২৯, ৩৪, ৩৫ হুগলি ৫) কাঁত্ টেট্‌রি দাঁড়ায় আছে--দেওয়ালে হেলান দিয়ে দাঁড়িয়ে আছে (মেদিনী ২৫) বার্‌সেতে কাঁত্ ধোসে গ্যাচে--বর্ষায় মাটির দেওয়াল ধসে গেছে (হাওড়া ১, ৩, ৮, ১০) ২ বি ভাঙা মাটির দেওয়াল [ভাল দেওয়ালকে 'দেয়াল'-ই বলে] broken earthen wall (বর্ধমা ২, ৬, ১৬)

কাঁত্[২] **kãt** বি লোকসান loss কাঁত্ পড়ে গ্যালো--লোকসান হয়ে গেল (বাঁকুড়া ১৫)

কাঁত্[৩] **kãt** বি মোরগ-লড়াইয়ের সময়, মোরগের পায়ে যে ছুরি জাতীয় অস্ত্র বেঁধে দেওয়া হয় [মোরগকে এখানে 'ষাঁড়া' বলে। মোরগের বাঁ পায়ে এই অস্ত্র বাঁধা হয়] a very sharp and pointed knife tied to the left leg of a cock during cock-fight (পুরুলি ১৩)

কাত্‌কা katka বি সরু নালা [চাষের উঁচু জমির চারদিকের নর্দমা, এর অন্য নাম 'খানা'] a drain around a high agricultural field (চব্বিশ ৩১) তু সাঁও খত্

কাঁত্‌কা[১] **kãtka** বি সারগর্ত [যে গর্তে সার তৈরির জন্য গোবর, পচা পাতা ইত্যাদি জমানো হয়] a pit [used



কাঁত্[৩]

for the preparation of compost manure] (চব্বিশ ৩১)

কাঁত্‌কা[২] **kãtka** দ্র কাত্‌কা (চব্বিশ ৩৩)

কাঁত্‌কাটা kãtkaṭa বি নরম মাটির দেওয়াল সমান করার জন্য ব্যবহৃত দুহাত লম্বা বাঁশের বাতা] a bamboo stick [used as a tool to level soft mud wall] (মেদিনী ২৫)

কাত্‌কিয়ার্ katkiar বি ছুরি-বাঁধনদার [মোরগ-লড়াইয়ের সময় মোরগের পায়ে ছুরি বেঁধে দেয় যে ব্যক্তি] the man, who ties the knife to the legs of cocks in a cock-fight (পুরুলি ১০)

কাত্‌কুত্ katkut বি কাতুকুতু titillation (পদিনা ২) < সং কুতু কুতুক (দাস)

★ **কাত্‌কুতানো katkutano** ক্রি কাতুকুতু দেওয়া to titillate উ কাত্‌কুতাছে--কাতুকুতু দিচ্ছে (পদিনা ২)

কাত্‌কুতি katkuti দ্র কাত্‌কুত্ (পদিনা ১, ২)

কাত্‌ড়া katṛa বি মাটির ছোট ভাঁড় a small earthen cup (মুর্শিদা ২৩)

কাত্‌তা katta বি খড়্গ a large falchion [servering the heads of sacrificial animals] < সং কর্ত্তরী (মালদা ১১)

কাত্‌তি katti বি কাতান a large and sharp knife used in pruning date-palm tree (জলপা ৯ পদিনা ১১)

কাত্‌তিক্ kattik বি বাংলা সপ্তম মাসের নাম the seventh month of the Bengali calender (মেদিনী ৫, ৩২)

কাত্‌তিগ্ kattig দ্র কাত্‌তিক্ (বর্ধমা ৫)

কাঁত্‌থোড়্ kãtt^{h}oṛ বি ধানগাছের গর্ভ আসার প্রথম অবস্থা [একে 'কাঁচ্‌থোড়্'-ও বলে। দ্বিতীয় অবস্থাকে 'থোড়্' বলে] the ear of corn before it shoots from the culm (বাঁকুড়া ৫)

কাত্ মাইল্ ফুল্ kat mail p^{h}ul বি কড়িফুল, নয়নতারা ফুল a kind of flower (কোচবি ৬)



কাত্‌রা[১]

কাত্ মেরে শোয়া kat mere ʃoa ক্রি পাশ ফিরে শোয়া to lie sidewise (হুগলি ৯)

কাত্‌রা[১] katra বি কাঠের খুঁটি [যার উপর ঢেঁকি বসানো থাকে] wooden posts [on which husking pedals are fixed] (পদিনা ১০, ১১ ১৪ মালদা ৪, ৮)

কাত্‌রা[২] katra বি ভাঁড় [ছোট বড় বিভিন্ন মাপের হয় এবং বিভিন্ন প্রয়োজনে কাজে লাগে। যেমন--দই বসানো, খেজুর ইত্যাদি গাছের রস নেওয়া প্রভৃতি] a pitcher-shaped earthen pot দোহির্ কাত্‌রা--দইয়ের ভাঁড় (মালদা ২ মুর্শিদা ৫, ১৩, ২৩)

কাঁত্‌রা kãtra দ্র কাত্‌রা[২] (মুর্শিদা ১৯)

★ **কাত্‌রানো katrano** ক্রি চিৎকার করে গোঁঙানো to moan অর্ বেগ হোইচ্যে, কাতরাইচ্যে--ওর কষ্ট হচ্ছে, তাই গোঁঙাচ্ছে (মুর্শিদা ২৩)

কাত্‌রি[১] katri বি নোয়া, লোহা [হিন্দু বিবাহিতা মেয়েদের বিয়ের চিহ্নস্বরূপ হাতে পরতে হয়। পাতলা এবং সরু চুড়ির মতো দেখতে] thin iron bangles [worn by married women only as a mark of marriage] (জলপা ৩ পদিনা ৮ মালদা ৭, ৯, ১১) তু সাঁও কাতরি (ক্যাম্প)

কাত্‌রি[২] katri বি ঘানি সংলগ্ন কাঠের পাটাতন wooden platform attached to oil-mill (কোচবি ৬ পদিনা ৪)

কাত্‌রি উঠা katri ut^{h}a ক্রি ভীত কণ্ঠস্বরে ডাকা to call in a frightend voice টকাটা কাত্‌রি উঠ্‌ছে--ছেলেটা ভীত কণ্ঠস্বরে ডেকে উঠছে (মেদিনী ৬)

কাত্‌রি পাটা katri pata বি রাজমিস্ত্রীর সরঞ্জামবিশেষ [একটি চৌকোণা কাঠ] a tool of mason--a square piece of wood (চব্বিশ ১৪)

কাত্‌লা[১] katla বি ছুতার মিস্ত্রীর লোহার তৈরি একটি সরঞ্জামবিশেষ an iron tool of carpenter (হাওড়া ১, ৮)

কাত্‌লা[২] katla বি ঝিনুক [পুকুরে থাকে। আমের খোসা ছাড়াতে, দুধের চাঁচি চাঁচার কাজে লাগে] oyster-shell [it is used as a scraper or a peeler] (বাঁকুড়া ১৫ মেদিনী ১৩)

কাত্‌লাখোলা katlak^{h}ola দ্র কাত্‌লা[২] (বাঁকুড়া ৫)

কাত্‌লা শামুক্ katla ʃamuk বি একপ্রকার শামুক [লম্বা আকারের। বাড়িতে চরে বেড়ায়। এর খোলা দিয়ে চুন তৈরি হয়] a species of snail [lime is made by burning its shell] (মেদিনী ৯)

কাত্‌লি katli বি নিমকি a variety of salty snacks (বর্ধমা ৫)

কাত্‌ল্যা katlæ দ্র কাত্‌লা[২] (মেদিনী ৩২)

কাত্‌ল্যায়া katlæa দ্র কাত্‌লা শামুক্ (মেদিনী ৩৩)

কাতা[১] kata দ্র কাত্‌লা[২] (মেদিনী ১২)

কাতা[২] kata বি কাতান a large sharp knife used in pruning date-palm tree (মালদা ১, ৬)

কাতা[৩] kata বি নারকেলের ছোবড়া দিয়ে তৈরি দড়ি [কোথাও কোথাও (হাওড়া ১, ৮) একে 'কাতাদোড়ি'ও বলে] a rope made of coconut-coir (চব্বিশ ৩৭) [সং কৃৎ (কর্ত্তন) >, হি কতা, ওড়িয়া কতা (সূতা)] (দাস)

কাতা[৪] kata বি অংশ, জমির অংশ [একই জমিকে চাষের সুবিধার জন্য যে বিভিন্ন ভাগ বা অংশ করা হয়] a part or section of an arable land (so devided to facilitate tilling) (বর্ধমা ৫) তু সাঁও কাঠা (অংশ)

কাতা[৫] kata বি পুকুর অথবা নদীর জলের ধারের জলশূন্য ঢালু জায়গা dry slope of a pond or river (বাঁকুড়া ১৫ মেদিনী ১২, ১৫)

কাত্যা katæ দ্র কাত্[৫] (বাঁকুড়া ১)

কাঁতা kãta বি কাঁথা cotton wrapper made of old and used cloth by stitching together কাঁতা বিচোন্ নেয়া হলো--কাঁথা বিছানো হল (হাওড়া ৬)

কাতাড়্ ধান্ katar d^{h}an বি একপ্রকার ধান [আশ্বিন-কার্তিক মাসে হয়] a variety of paddy (কোচবি ৪)

কাতাড়ি katari বি ঘানিগাছের নিচের দিকে একহাত চওড়া তিন-চার হাত লম্বা কাঠের পাটাতন [এর উপরে মানুষ বসে বা পাথর চাপিয়ে গরু চালনা করা হয়] the part of a wooden oil-mill on which a heavy weight is placed or a man sits while operating (চব্বিশ ৩৭)

কাতাড়ি katari দ্র কাত্‌ড়া (মুর্শিদা ১৭)

কাতাদোড়ি katadori দ্র কাতা[৩] (হুগলি ১৬ মেদিনী ৩৫)

কাতান্ katan দ্র কাত্‌তা (মেদিনী ৪, ৭, ৯ হাওড়া ২, ১০) < সং কর্ত্তন

কাতানি katani বি একপ্রকার কাঁচি [সোনা রূপার পাত বা তার কাটার জন্য স্বর্ণকারের ব্যবহৃত কাঁচি goldsmith's scissors (জলপা ৭)

কাঁতার্ kãtar বি নদীর গভীর অংশ the deep portion of river-bed মাছ্গুলো কাঁতারে আছে--মাছগুলো নদীর গভীরে আছে (বীরভূ ১৪)

কাতার্ দোড়ি katar doɾi দ্র কাতা[৩] (চব্বিশ ১, ৩৭)

কাতারি[১] katari দ্র কাত্রা[২] দইয়ের কাতারি--দইয়ের ভাঁড় (মুর্শিদা ২২)

কাতারি[২] katari বি কাতুরি, টিন-কাটার বড় কাঁচি a tool or knife or scissors for parting tin-plate (পদিনা ১০)

কাতারি[৩] katari বি আখ মাড়াই করার সরঞ্জামের অংশ a part of the juice-extracting mechine (cider-press) (মুর্শিদা ১৭)

কাতারি[৪] katari দ্র কাতানি (বর্ধমা ৫ বীরভূ ১১)

কাতারি[৫] katari বি ছোট হাঁড়ি [একটা দড়ি দিয়ে বেঁধে ঘরে ঝুলিয়ে রাখা হয়। এতে নানারকম জিনিস রাখা হয়] a small earthenware [which is kept hanging to hold variety of small household articles, food etc.] (মুর্শিদা ১৯) দ্র কাত্রা[২]

কাতারি[৬] katari বি বাঁট a kind of large knife fixed almost at right angle in a piece of wood (পদিনা ১০) < সং কর্ত্তরী

কাতারি[৮] katari বি আখ the sugarcane (মালদা ১, ২, ৯)

কাঁতারি kãtari দ্র কাত্রা[২] (মুর্শিদা ২২)

কাতি[১] kati বি 'খোমক্' নামক বাদ্যযন্ত্র বাজানোর সরঞ্জামবিশেষ [এটি মহিষের শিং দিয়ে তৈরি] a tool with which *k^homok* [a musical instrument] is played (কোচবি ৮)

কাতি[২] kati বি মাটির গোল চাক্তি [গ্রাম্য খেলার সরঞ্জাম বিশেষ--মাটির হাঁড়িকলসি ভাঙার টুকরো কেটে গোল করে নিয়ে খেলা করে] a small mud-disc [used as dice in rurel games] (বাঁকুড়া ১৬)

কাতি[৩] kati ১ বি মাটির বাড়ির উঠোন থেকে দাওয়ায় ওঠার ধাপবিশেষ steps [leading from the courtyard to the verandha of a mud-house] (পদিনা ১, ৪) ২ মাটির বাড়ির ছাঁচতলা [যেখানে চালের জল পড়ে] thatch-eaves (পদিনা ২) দ্র অগুর্

কাতি[৪] kati বি মাটির দেওয়াল a mud-wall (হুগলি ১৫) দ্র কাত্[১]

কাতি[৫] kati বি একপ্রকার ধারালো দা [খেজুর, তাল প্রভৃতি গাছ কেটে রস বার করার জন্য এই দা ব্যবহৃত হয়। এটা দেখতে খুব চক্চকে পাতলা এবং কাটারির আধখানার

কাতারি[৮]

মতো। তবে বিভিন্ন জেলায় এর আকৃতি বিভিন্ন রকম। শোলা কাটার কাজে ব্যবহৃত ছুরি আকারে ছোট। মুর্শিদাবাদেই আছে, ঠিক কাস্তের মতো। তবে কাটা কাটা দাঁত নেই। (মুর্শিদা ২৩) a sharp and thin bladed chopper [used for trimming palm or date tree to extract juice] (দার্জিলি ১ পদিনা ১, ২, ১০, ১১ মালদা ৮ মুর্শিদা ১৭) কাতি শিল্তি চোখাম্--কাটারিটা শিলেতে ধার দেব (দার্জিলি ১) [সং কর্ত্তরী, প্রা কত্তরী, হি কাতী, বাং কাতি] (দাস)

কাতি[৬] kati বি একপ্রকার পাতলা তীক্ষ্ণধার ছুরি [এই ছুরি শোলা কাটার জন্য ব্যবহার করা হয়। এর অপর নাম 'অস্ত্র'। শাক-সবজি কাটার ক্ষেত্রেও এইপ্রকার ছুরি ব্যবহৃত হয়] a very sharp thin bladed knife [used for cutting cork or the like materials] (চব্বিশ ১১, জলপা ১, ৫, ৭ দার্জিলি ৩ পদিনা ২, ৯)

কাতি[৭] kati বি কামারশালের হাপরের অংশবিশেষ a part of blacksmith's blower (চব্বিশ ২১)

কাতি[৮] kati বি একপ্রকার বঁটি,[সাধারণ বঁটির মতো দেখতে নয়। এটি তরকারি কাটার কাজে ব্যবহৃত হয়। 'ডাঠি' অংশটি কাঠের তৈরি। এটি পা দিয়ে চেপে ধরতে হয়। 'লেন্' অংশটি মূল কাতির শেষপ্রান্ত--লোহার তৈরি। এই অংশ মাটিতে পুঁতে দেয়। এখানে বঁটিরও চল আছে। বঁটিকে বলে 'বৈঠ'] a variety of kitchen-knife (দার্জিলি ৪)

কাঁতি[১] kãi বি কুমোরের পনের যেদিক দিয়ে জ্বালানি দেয়, তার ওপর থাকা কাঠের ভর wooden weight used to block the hole for igniting plotter's furance (নদীয়া ১১)

কাঁতি[২] kãti বি কামারশালায় যেখানে আগুন জ্বলে সেই জ্বালমুখ ও হাপরের মাঝের উঁচু জায়গা the elevated place between the blower and the fire-place in a smithy (চব্বিশ ৭)

কাঁতি[৩] kãti বি ডাবা [যাতে গরুকে খাবার দেওয়া হয়] যে গর্তে বসানো হয় the pit [in which large tub of fodder is placed for cows to eat] (বর্ধমা ৬)

কাত্যা

কাঁতি[৪] **kãti** বি ১ মাটির দেওয়ালের বাইরে পৃথক মাটি দিয়ে তৈরি চওড়া ভিত বা ঠেক [যা দেওয়ালকে ঠেস দিয়ে ধরে রাখে] the plinth of a mud-house (চব্বিশ ৩১ নদীয়া ২) ২ মাটির বাড়ির চারপাশের চালবিহীন নিচু পাঁচিল the boundary-wall of low height around a mud-house (চব্বিশ ২৭) ৩ মাটি দিয়ে তৈরি ছোট দেওয়াল [এ দিয়ে সীমানা ভাগ করা হয় অথবা আড়াল দেওয়া হয়] a low mud-wall [used as a divider or boundary] (নদীয়া ৯, ১১) ৪ মাটির দেওয়াল [মাটির চাপ বসিয়ে বসিয়ে দেড়/দুই হাত উঁচু, সরু দেওয়াল তৈরি করা হয়, ফসলের জমি কিংবা বাগানবাড়ির চারপাশে, তাকে সংরক্ষিত রাখার জন্য। কখনও কখনও তাতে কাঁটা গাছের ডালপালা গেঁথে দেওয়া হয়। বাড়ির পাশে পাঁচ/ছয় হাত উঁচু দেওয়াল থাকলে তাকে পাঁচিলই বলে] a low mud-wall, two to three feet high [sometimes bushes are allowed to develop on it] (চব্বিশ ৮, ১৫) ৫ মাটির দেওয়াল [মাটির বাড়ির বারান্দার পাশে প্রাচীরের মতো, বেড়ার মতো বাড়ির মূল দেওয়ালের সঙ্গে থাকে] a boundary wall of mud, connected with the main wall of the house (নদীয়া ৬) < কাঁথ (দাস)

কাতিক্ katik বি কার্তিক মাস the seventh month of Bengali calendar (কোচবি ৩ জলপা ২ পদিনা ২ মেদিনী ৮)

কাতি খ্যালা kati kʰæla বি গ্রাম্য খেলা বিশেষ [প্রায় পিটু খেলার মতো ছয় / সাত জন করে খেলোয়াড় নিয়ে দুই দলে ভাগ হয়ে খেলা হয়। সাতটি বা নয়টি (সব সময় বিজোড়) গোল টালিভাঙাকে চাক্‌তি করে নেয় এবং একটি ছোট রবারের বল দিয়ে খেলা হয়] a kind of rural game (বাঁকুড়া ১৬ মেদিনা ১২) সাঁও কাতি (Campbell)

কাতিশালি katiʃali বি ১ একপ্রকার ধান [কার্তিক মাসে এই ধান হয়। ঠিক পূজার সময় এই ধান হয় বলে, মেদিনীপুর জেলায় একে বলে 'দুর্গাভোগ' ধান] a variety of autumnal paddy (জলপা ১) < কার্তিক + শালি ২ একপ্রকার ধান [এই ধান কার্তিক মাসের শেষে অথবা অগ্রহায়ণ মাসের প্রথমে ওঠে। এই ধানে নবান্ন হয়। নবান্ন উৎসবে এই ধানের চিঁড়ে কুটে দৈ, কলা, মিষ্টি দিয়ে মেখে সব ঠাকুরকে নিবেদন করা হয়। একে 'উজাল্'ও বলা হয়] a variety of autumnal paddy (কোচবি ৪) দ্র উজাল্

কাতিসা katisa বি প্রাকৃতিক দুর্যোগ [ভাদ্রমাসে এই দুর্যোগ হয়] a natural calamity [flood] (usually occurs in August or September) (পদিনা ১, ৩)

কাতুড়ি katuɽi বি স্বর্ণকারের কাঁচি goldsmith's scissors (বীরভূ ৯) < সং কর্ত্তরী

কাঁতুড়ি kãtuɽi বি আখ মাড়াই করার সরঞ্জামের অংশবিশেষ [আখশালে আখ মাড়াই করার সময় যে আট / দশ হাত লম্বা কাঠের গুড়ির প্রান্তভাগে গোরুগুলো বাঁধা থাকে] a part of wooden mill for extracting juice from sugarcane (বর্ধমা ২)

কাতুর্ katur বি কাতুকুতু tickling কাতুর্ দিয়েচ্চে-- কাতুকুতু দিচ্ছে (চব্বিশ ১৪)

কাতুরি katuri বি একপ্রকার কাঁচি [সাঁড়াশির মতো দেখতে। এ দিয়ে তামা বা পিতলের পাত কাটা হয়] metal-cutter scissors (হাওড়া ৩) দ্র কাতুড়ি

কাঁতুরি kãturi দ্র কাঁতুড়ি (বীরভূ ১)

কাতে পাওয়া kate paŏa ক্রি খেতে পাওয়া to eat কাতে পাই নাই--খেতে পাইনি (মেদিনী ২৫)

কাত্তান্ kattan দ্র কাতান্ (হুগলি ১, ৫)

কাত্তিক্ kattik দ্র কাতিক্ (বর্ধমা ৫ মেদিনী ৫)

কাত্তিক্ শাল্ kattik ʃal দ্র কাতিশালি (হুগলি ১২)

কাত্যা katæ বি ছাক্‌নি জালের বেড়ি [প্রায় ২/৩ হাত গোলাকার মাছ ধরার জালকে বাঁশের বাখারি দিয়ে গোল করে বাঁধা থাকে] a ring of bamboo used for fishing net (বাঁকুড়া ১)

কাথ্[১] **katʰ** বি গরুর অসুখ বিশেষ। [এই অসুখ হলে গরুর জ্বর হয় এবং শরীর থেকে পায়ে জ্বর চলে যায়। তখন ইঁট গরম করে পায়ে দিলে, সেরে যায়] a type of cattle disease (চব্বিশ ৭)

কাথ্[২] **katʰ** বি মাটির দেওয়াল the wall of a mud-house (বাঁকুড়া ১৮)

কাঁথ্[১] **kãtʰ** বি তলানি [চা, সরবৎ ইত্যাদির] the deposit at the bottom [of a tea-cup etc.] (বাঁকুড়া ১১)

কাঁথ্[২] **kãtʰ** দ্র কাঁতি[২] (পুরুলি ৮)

কাঁথ্[৩] **kãtʰ** বি ১ বি ঘুঁটে দেওয়ার মাটির দেওয়াল [মাটির দেওয়ালকে এখানে দেওয়ালই বলে] the portion of a mud-wall where dung-cakes are pasted for

drying (বর্ধমা ২০ মুর্শিদা ১৭) ২ দ্র কাথ্[২] (পুরুলি ৩ বাঁকুড়া ৭, ১২ বীরভূ ৮ মেদিনী ৭, ১৩, ১৮, ১৯, ২০, ২২, ২৬, ২৮, ২৯, ৩২, ৩৪, ৩৫ হাওড়া ৮ হুগলি ১) কাঁথ্ ঠেসে বসেছি--দেয়ালে ঠেস দিয়ে বসেছি (বাঁকুড়া ১৫) কাঁথ্টা লেপে দিতে হবে--দেওয়ালটাতে প্রলেপ দিতে হবে (মেদিনী ১২) কাঁথে পিট্ দিয়া দাঁড়াইসি না--দেওয়ালে পিঠ দিয়ে দাঁড়াস না (মেদিনী ২৬) কাঁথের্ উপর্ আউজি আছু কেনে--দেওয়ালে ঠেস দিয়ে আছিস কেন (মেদিনী ১৯, ২২, ২৬)

কাঁথ্রা kãtʰra বি পুরনো ভাঙা মাটির দেওয়াল an old and broken mud-wall (বীরভূ ১১) তু কাঁথড়া (দাস)

কাথা kathʰa বি কথা words, speech এইলা কাথা তুই মোক্ আগোত্ কোইস্ নাই ক্যানে--এ কথা তুই আমাকে আগে বলিসনি কেন? (কোচবি ৮) গাত্ পড়ি কথা কয়--গায়ে পড়ে কথা বলে (জলপা ৩, ৪) ফাকোতে কথাগিলা উঠিছে--কথাগুলো [শুধু শুধু] গুজব হিসেবে রটেছে (জলপা ৭) তোর্ তো কালি আশিবার্ কাথা ছিলো, কিতায় নি আশিলো?--তোর তো কাল আসবার কথা ছিল, এলি না কেন? (দার্জিলি ২) আমাদের বিচে এই কাথা বলে--আমাদের মধ্যে এই কথা বলে (দার্জিলি ৪)

কাঁথা kãtʰa বি কমলালেবুর কোয়ার গায়ের সাদা আঁশ বা শুঁয়া white fibres on the outer wall of a pod of orange, lemons, etc. (পুরুলি ১৫ মেদিনী ৫)

কাঁথা টিপা kãtʰa ʈipa ক্রি কাঁথা সেলাই করা to sew a cotton wrapper made of patchwork (বাঁকুড়া ১৫)

কাথান্ kathʰan বিণ ঘন thick কাথান্ ডাল্--ঘন ডাল (মালদা ১১) আ কাতার

কাঁথা বোড়া kãtʰa boɽa বি একপ্রকার সাপ [লাল রঙের ডোরাকাটা, প্রায় আড়াই হাত লম্বা, সরু। এই সাপের ফণা নেই। বিষ আছে] a variety of poisonous hoodless snake (চব্বিশ ১৯)

কাথি kathʰi বি মাটির বেদি [মাটির ঘরের একদিকে মাটি দিয়েই তৈরি ছোট উঁচু স্থান, এর উপর হাঁড়ি, বাসন ইত্যাদি রাখা হয়] a small raised area on which kitchen utensiles are kept (পদিনা ১৪) < কাঁথ

কাঁথি[১] kãtʰi বি একপ্রকার ধানের গোলার পায়া [এই গোলার নাম 'হামার'। মাটি ও বাঁশ দিয়ে তৈরি] leg-like part of a wicker corn-bin [where paddy is kept] (মেদিনী ৩৪)

কাঁথি[২] kãtʰi বি ১ কিনারা, শেষ প্রান্ত edge, brim (পদিনা ১০ মালদা ১১) [তু মেদিনীপুর জেলার কাঁথি স্থানটির নাম জনপদের শেষ প্রান্তে--এই সূত্র ধরে হতে পারে। এর পরই

কাঁথি[১]

সমুদ্র শুরু] ২ নদীর কিনারা river-side ৩ দেওয়ালের প্রান্ত বা দেওয়াল সংলগ্ন অংশ the edge of an wall (মুর্শিদা ১৭)

কাঁথি[৩] kãtʰi মাটির বাড়ির ভিত [এটা সমতল থেকে এক-দেড় হাত উঁচু হয়] plinth of a mud-house (নদীয়া ৪ মেদিনী ২৫)

কাঁথি[৪] kãtʰi দ্র কাঁতি[২] (চব্বিশ ৩৭ পুরুলি ১৫ বাঁকুড়া ১৪ বীরভূ ৯)

কাঁথুড়ি kãtʰuɽi বি ধানগাছের থোড় an ear of paddy corn about to be sprouted (চব্বিশ ১২) দ্র কাঁচ্থোর্ < কাঁচা + থোড়

কাঁথুড়্যা kãtʰuɽæ বি মাটির দেওয়াল তৈরির কারিগর the builder of mud-wall (বাঁকুড়া ৫)

কাঁথুয়া kãtʰua দ্র কাঁথুড়্যা (চব্বিশ ১৭ বাঁকুড়া ৫ মেদিনী ১৩, ২৫)

কাঁথোয়া kãtʰoa দ্র কাঁথুড়্যা (মেদিনী ৮, ১৫)

কাদ্ kad দ্র কাত্[১] (মেদিনী ২১)

কাঁদ্[১] kãd বি অংশ a part, a fraction (মেদিনী ৭)

কাঁদ্[২] kãd বি কাঁদি a cluster এ্যাক্ কাঁদ্ ডাব্--এক কাঁদি ডাব (বীরভূ ৯) কলার্ কাঁদ্--কলার কাঁদি (বীরভূ ১১ মুর্শিদা ১১)

কাঁদ্কাট্ kãdkaʈ বি শববাহক [প্রধানত যে চারজন লোক শ্মশানে মৃতদেহ বহন করে নিয়ে যায় তারাই 'কাঁদ্কাট্'। তবে কখনো কখনো অর্থ প্রসারিত হয়ে শবযাত্রীদেরও বোঝায়] bearer of deadbody [usually from persons carry a deadbody on their shoulder] (বর্ধমা ৯, ১২ হাওড়া ১, ৮ হুগলি ৪) < কাঁধ + কাঠ

কাঁদ্কাটা kãdkaʈa দ্র কাঁদ্কাট্ (বর্ধমা ৫)

কাঁদ্কাটো kãdkaʈo দ্র কাঁদ্কাট্ (বর্ধমা ১৫)

কাঁদ্কাঠ্ kãdkaʈʰ দ্র কাঁদ্কাট্ (বর্ধমা ২৩)

কাঁদ্কেইঠা kãdkeïʈʰa দ্র কাঁদ্কাট্ (মেদিনী ২৮)

কাঁদ্কেটো kãdkeʈo দ্র কাঁদ্কাট্ (বর্ধমা ২)



কাদ্দু[১]

কাঁদ্খাঁট্ kãdkʰãʈ দ্র কাঁদ্কাট্ (হুগলি ১২)

কাদ্খুলি kadkʰuli বি বিবাহের আনুষঙ্গিক অনুষ্ঠান বিশেষ [বউভাতের পরের দিন এই অনুষ্ঠানে বর-কনে ও আত্মীয়স্বজনরা সকলে মিলে পুকুরে পরস্পরকে কাদা মাখানো হয়] a ritual performed as a part of marriage ceremoney (মেদিনী ৩১)

কাঁদ্ঘেটে kãdgʰeʈe দ্র কাঁদ্কাট্ (হুগলি ১৫)

কাঁদ্ড়া[১] kãdɽa বি কাঁদুনে বাচ্চা, ছিঁচ্কাঁদুনে a lachrymose baby (বাঁকুড়া ১৬)

কাঁদ্ড়া[২] kãdɽa বি মাটির বাড়ির পিছন দিকের দেওয়াল এবং ছাঁচতলার মাঝের সরু অংশ narrow space between back-wall and eaves of mud-house (বীরভূ ৫)

কাঁদ্ড়ি kãdɽi বিণ উচ্ছিষ্ট food particles left-over after eating (মুর্শিদা ২, ৪)

কাদ্দ kaddɔ বি কাদা, কর্দম mud, clay (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কাদ্দা kadda বি একপ্রকার দা [কাঠ, বাঁশ ইত্যাদি এই দিয়ে কাটা হয়] a variety of chopper (বীরভূ ৪)

কাদ্দু[১] kaddu বি লাউ pumpkin (মালদা ১, ৯) [প্রা কদু, হি কদ্দু (দাস)]

কাদ্দু[২] kaddu দ্র কাদ্দ (মালদা ১১) < সং কর্দম

কাঁদ্ধ kãddʰɔ বি কাঁধ shoulder (মেদিনী ৩১)

কাঁদ্না kãdna বি কান্না act of weeping (পুরুলি ১৪)

কাঁদ্নিয়া kãdnia দ্র কাঁদড়া[১] (বাঁকুড়া ১৮)

কাদ্ন্যা নাঙোল্ kadnæ naŋol বি কাদায় ব্যবহৃত লাঙল [চাষের জমিতে দুই ধরনের লাঙল ব্যবহৃত হয়। শুখা মরশুমে ব্যবহৃত হয় 'ধুলোচে লাঙল্', বর্ষায় ব্যবহৃত হয় 'কাদ্ন্যা লাঙল্'। কাদায় ব্যবহৃত হয় বলে এইরূপ নাম। এই লাঙল তুলনায় কম ভারি, তবে ফাল বড়] a plough used in rainy season or in mud (মুর্শিদা ১৩)

কাঁদ্ বাড়ুই kãd baɽuĭ দ্র কাঁথুড়্যা (হুগলি ১)

কাদ্ব্যাল্ kadbæl বি কয়েতবেল a shelled fruit with sour pulp akin to the wood-apple *Teronia Elephantum* (মালদা ২) তু আ বা কয়েত বেল > কৎবেল

কাঁদ্রা kãdra দ্র কাঁদ্ড়া[১] (মালদা ২)

কাদ্রাভাঙা kadrabʰaŋga বিণ আধভাঙা [দেওয়াল] partly broken [mud-wall] কাদ্রাভাঙা দেয়াল্—আধভাঙা দেওয়াল (বর্ধমা ২)

কাঁদ্রুয়া kãdrua দ্র কাঁদ্ড়া[১] (বাঁকুড়া ১)

কাঁদ্রো kãdro ক্রি কাঁদছো [you are] weeping তুমি কাঁদ্রো কেনি—তুমি কাঁদছ কেন? (মেদিনী ৬)

কাদ্লা[১] kadla বি কাত্লা মাছ a carp fish *[Catla Catla]* (বর্ধমা ২১ মেদিনী ৭)

কাদ্লা[২] kadla বি নরম কাদা [কুমোর চাকে কাজ করার সময় একটি মাটির পাত্রে জল রাখে। ঐ পাত্রের নাম 'চাখ্লা হাঁড়ি'। 'চাখ্লা হাঁড়ির' কানায় কিছুটা নরম কাদা রাখে। চাকে মাটির পাত্র তৈরির সময় কাদা অতিরিক্ত হলে, তা এখানে জমিয়ে রাখে। আবার যখন চাকে পাত্র তৈরির সময় একটু কাদার প্রয়োজন হয়, তখন এখান থেকে নিয়ে নেয়। সাধারণত এই সব নরম কাদাকেই 'কাদ্লা' বলা হয়] soft clay [which potter keeps as a ready stock while making pots on a wheel] (মেদিনী ২০)

কাঁদ্হোল্ kãdhol দ্র কাড়্হোল্[১] (মুর্শিদা ১৮)

কাদ kadɔ দ্র কাদ্দ (দার্জিলি ৩, ৪)

কাঁদর্ kãdɔr বি বড় খালের মতো [তবে ছোট নদীর মতো নয়। গ্রামের নিকাশি জল এখানে জমা হয়। এই জল সেচের কাজে লাগে। এখানে ঠাকুরও বিসর্জন হয়] a canal-like water outlet (বীরভূ ৮, ১১) তু কাঁদর (দাস)

কাদা[১] kada বি বাসনের [থালা, কলসি, হাঁড়ি ইত্যাদির] প্রান্তদেশ বা কানা brim of a kitchen utensil (চব্বিশ ৩৯)

কাদা[২] kada বি মাটির সরা [চাল ইত্যাদি ধোয়ার কাজে ব্যবহার হয়] a shallow earthen plate (কোচবি ২)

কাদা[৩] kada বি শেষ পর্যায়ের ধানজমি কর্ষণ [প্রথমবার জমি কর্ষণ করার পর কয়েকদিন রেখে দেওয়া হয়। এই প্রথমবারের জমি কর্ষণকে বলা হয় 'আগো চেরা' বা 'আগো কাটা'। এই কর্ষণ যদি লম্বালম্বিভাবে করা হয়, তবে দ্বিতীয় চাষ দেওয়া হবে আড়াআড়িভাবে। এরপর তৃতীয় চাষ হবে আবার লম্বালম্বি। জমিতে যদি স্থায়ী জল থাকে এবং ভাল পলি পড়ে থাকে, তবে তৃতীয় চাষেই জমিতে ধান রোপণ করার উপযুক্ত কাদামাটি তৈরি হয়ে যায়। তখন এই তৃতীয়

চাষকেই 'কাদা' বলা হবে। যদি দেখা যায় যে, তৃতীয় চাষের পরে জমিতে রোপণ করার উপযুক্ত কাদামাটি তৈরি হয়নি, তবে চতুর্থ চাষ দিয়ে কাদা করা হয়। এই চতুর্থ চাষ তখন হবে আড়াআড়ি। কাদা করা শেষ হলে, তখন জমি সমান করার জন্য মই দেওয়া হয়] [~ আফর্, ~ উয়ার্, ~ করা, ~ করা জোমি প্রভৃতি শব্দের অন্তর্ভুক্তি ক্রম অনুসারে পরে আছে] final round of ploughing a piece of paddy-field [ploughing is done in alternative round, either vertically or horizontally; the third or the fourth round is considered final, when the soil becomes sufficiently soft for cultivation] (বাঁকুড়া ১৩ হাওড়া ১, ৮, ১০ হুগলি ৬, ১০, ১৬)

কাঁদা[১] kãda দ্র কাদা[১] (চব্বিশ ২৩ নদীয়া ১, ৩, ৪, ৬, ৭ বর্ধমা ১৪) থালার্ কাঁদা--থালার কানা (নদীয়া ৬)

কাঁদা[২] kãda বি বাঁশের তৈরি ঝুড়ির প্রান্তদেশ brim of a bamboo-basket (নদীয়া ৭) দ্র কাদা[১]

কাঁদা[৩] kãda বি জালের পিছনদিকের প্রান্তে যে সরু জায়গায় মাছ এসে জমা হয় the narrow space at the back-side of the fishing net where fishes are collected (মেদিনী ২৩) দ্র কাদা[১]

কাঁদা[৪] kãda বি নদী বা পুকুরের পাড় বা কিনারা [জল ও স্থলের সংযোগ এলাকা the bank of a river or a pond (নদীয়া ১, ৪, ৫, ৯ মালদা ১১) পুকুরে কাঁদায় কাঁদায় জল্--পুকুরের কানায় কানায় জল (নদীয়া ৯)

কাদা আফর্ kada aphɔr বি কাদাজমিতে তৈরি ধানের চারা young paddy plants grown in a muddy field (বর্ধমা ২৬) দ্র আফর্[২]

কাদাইড়া kadaĩɽa বিণ ঘোলাটে, কর্দমাক্ত muddy, unclear পানিটা খুব্ কাদাইড়া হোইএ্যা গ্যাল্হ্যে--জলটা খুব ঘোলাটে হয়ে গেছে (মালদা ১১)

কাঁদাইল্ kãdail বি শস্য নাড়াচাড়া করার কাজে ব্যবহৃত লাঠি [এই লাঠির মাথায় একটা লোহার শিক বাঁকানো অবস্থায় শক্ত করে বেঁধে রাখা হয়। গরু যখন পোয়াল মাড়াই করে, তখন এই লাঠির বাঁকানো শিকের সাহায্যে পোয়াল উল্টে পাল্টে দেওয়া হয়] a hooked pole used to handle corn (বর্ধমা ৫) দ্র আখ্ওন্

কাদা উয়ার্ kada uar বি কুমোরের কাদামাটি তৈরি করার গর্ত [পনের মধ্যে কাঁচামাটির জিনিসপত্র সাজাবার পর পোয়াল, খড়ের কুচি অথবা শুকনো ডালপালা বিছানো হয়। তার উপর পাতলা করে কাদা লেপা হয়। বাইরের একটি গর্ত থেকে এই কাদা তৈরি করে নেওয়া হয়] the pit, in which potter prepares his clay (বর্ধমা ৯)

কাঁদাইল্

কাদা করা kada kɔra ক্রি [ধানচারা রোপণের জন্য জমিতে] শেষ পর্যায়ের কর্ষণ করা to plough final round (চব্বিশ ১৪, ১৫ পুরুলি ২, ৬, ১৪, ১৫, ১৭ বর্ধমা ৯ মেদিনী ২৯ হাওড়া ৬ হুগলি ৮, ১২) দ্র কাদা[৩]

কাঁদা করানো kãda kɔrano ক্রি কাঁদানো to make somebody weep খুঁচ্য়েঁ কাঁদা করালি ক্যানে--খুঁচিয়ে কাঁদালি কেন? (মেদিনী ১৩) কাঁদা কোরেছি--কাঁদিয়েছি (মেদিনী ৩৩)

কাদা কাড়া kada kaɽa ক্রি শেষ পর্যায়ের বা তৃতীয় বার জমি কর্ষণ করা দ্র কাদা[৩] (চব্বিশ ৪)

কাদাখাল্ kadakʰal দ্র কাদা উয়ার (বর্ধমা ২ বাঁকুড়া ৬)

কাদাখেকো kadakʰeko বি হাজা [অতিরিক্ত জল ঘাঁটার ফলে হাতে এবং পায়ের আঙুলের ফাঁকে সাদা ঘা জাতীয় চর্মরোগ হয়] a type of skin disease caused by fungus (due to excessive contact with water) (বীরভূ ৩, ৮, ১০, ১৪)

কাদাগোচি kadagoci বি কুঁচেমাছ [দেখতে অনেকটা সাপের মতো। দু-তিন হাত লম্বা। পুকুরের পাড়ের দিকে, কম জলে, পাঁকের মধ্যে থাকে এরা। এই মাছ কেউ কেউ খায়] a snake-like fish that lives in mud under shallow water *(Amphipnous cuchia)* (বীরভূ ৮)

কাদাচাপ্ kadacap বি একপ্রকার আউস ধান [এই ধান মোটা এবং কালচে রঙের] a variety of coarse and blackish paddy that grows in rainy season (মুর্শিদা ৬)

কাদা চাস্ kada cas দ্র কাদা[৩] (চব্বিশ ৭, ৩৩)

কাদা চিংড়ি kada ciŋɽi বি চিংড়ি পোনা [চিংড়ি মাছের বাচ্চা আকারে খুব ছোট, কাদার সঙ্গে প্রায় লেগে থাকে। খুব অল্প ঘোলা কাদাজলে চিংড়ির বাচ্চা থাকতে ভালোবাসে। তাই এদের কাদা চিংড়ি বলে] tiny or very young shrimp (হাওড়া ২)

কাঁদাড়্

কাদা জাম্ kada jam বি কালো জাম [ছোটো আকারের এই জাম আষাঢ় মাসে পাকে] Indian blackberry *(Eugenia jambolana, Syzygium cuminii)* (বর্ধমা ২ মেদিনী ১১)

কাঁদাড়্ kadaɽ বিণ অসমানভাবে বোঝা চাপানোর ফলে গোরুর গাড়ির একদিকের ভারি হওয়া অবস্থা excess load on the one side of a bullock-cart due to uneven loading (বীরভূ ১৪)

কাদাড়ে[১] kadaɽe বি, বিণ কাদা-মাটি কাটার মজুর [মাটির দেওয়াল গড়ার কাজের সুবিধার জন্য নিচ থেকে কাদামাটি কেটে অন্য শ্রমিকের হাতে হাতে এগিয়ে দেয় এই মজুর] a helper, who supplies clay while building a mud-wall (হুগলি ১৯)

কাদাড়ে[২] kadaɽe বি কৃষিকাজে কাদায় ব্যবহৃত মই [রোপণ করার আগে, কাদাচাষ করার পরে জমির কাদাকে সমান করার জন্য যে মই দেওয়া হয়, তাকে 'কাদাড়ে' বা 'কাদাড়ে মোই' বলা হয়। জমির ধুলোমাটি সমতল করার জন্য যে মোই দেওয়া হয়, তাকে 'ধুলোচে মোই' বলে] a ladder used in muddy agricultural field (হাওড়া ১, ৮) ~ **লাঙোল্ laŋol** দ্র কাদ্‌ন্যা নাঙোল্ (মেদিনী ১৭ হাওড়া ১, ৮)

কাদাড়ে খেলো kadaɽe kʰelo বি কাদার মধ্যে ভাল বল খেলতে পারে এমন খেলোয়াড় a player who plays football better in muddy-field (হাওড়া ১, ৮)

কাদা থাসা kada tʰasa ক্রি মাটি চট্‌কে নরম করা [বাড়ি তৈরির জন্য] to make soil soft by kneading (বর্ধমা ২)

কাদান্ kadan দ্র কাদা[৩] (বীরভূ ১১, ১৪) ~ **করা kadan kɔra** ক্রি ধান রোপণ করার জন্য জমিতে শেষবারের লাঙল করা [ধান রোপণ করার জন্য জমিতে একাধিক বার লাঙল করতে হয়, যাতে জমির মাটি কাদার মতো নরম হয়। প্রতিবার লাঙল করার এক একটি ভিন্ন নাম হয়। যেমন, জাবাড়্ ধরা, খিলেন্ ভাঙা, কাদান্ করা, ত্যার্ করা। এই নাম ভিন্ন ভিন্ন জেলায় ভিন্ন ভিন্ন] to plough final round (বর্ধমা ৭) দ্র কাদা[৩]

কাঁদানিয়া kadania বিণ কাঁদুনে lachrymose (মেদিনী ৩১)

★ **কাদানো kadano** ক্রি ধানজমিতে মাটিকে রোপণের উপযুক্ত করার জন্য শেষ চাষ দেওয়া [ধানজমিতে, মাটি অনুযায়ী কোথাও তিনবার বা কোথাও চারবার লাঙল দিতে হয়। প্রতিবার চাষেরই ভিন্ন ভিন্ন নাম আছে। অন্য তিনবারের চাষের নাম যথাক্রমে উগুলা, সামালা এবং জাবড়ানো] final round of ploughing to prepare a piece of agricultural land (বীরভূ ২, ১৪) দ্র কাদা[৩]

কাদাপাটা kadapaṭa বি মাটির বাড়ির দরজা বা জানালার চৌকাঠের উপর কালো কাঠ বা বাঁশ [যার উপর আবার দেওয়াল গাঁথা হয়] a wood or bamboo support over the door of a mud-house to hold the upper portion of the wall, lintel (পুরুলি ১৬ বর্ধমা ৪, ২৬ বাঁকুড়া ৭ বীরভূ ৮, ১০ মেদিনী ৯, ১৩) < কাদা + পাটা

কাদা বাড়ুই kada baɽuĭ দ্র কাদাড়ে[১] (বর্ধমা ২৫)

কাদাভাড়ি kadabʰaɽi বি মাটির দেওয়ালের কাদা-মাটি তৈরির গর্ত [মাটি কুপিয়ে জল ঢেলে কাদামাটিকে চট্‌কে অল্প জলে কয়েকদিন ভিজিয়ে রাখতে হয়। আবার দু-তিন দিন পর কোদাল দিয়ে কুপিয়ে মাটি উপর-নিচ করে জল দিয়ে চট্‌কে ভিজিয়ে রাখতে হয়। জল শুকিয়ে গেলে সেই কাদা-মাটি দিয়ে মাটির দেওয়াল তৈরি হয়। চৌবাচ্চার থেকে বড় প্রশস্ত জায়গায় এই কাদামাটি তৈরি করা হয়] a pit, where mud is prepared for mud-wall (পুরুলি ৬)

কাদা ভাত্ kada bʰat বি গলাভাত over boiled rice (চব্বিশ ৩৯ বর্ধমা ৬)

কাদা মাচ্ kada mac বি একপ্রকার মাছ [সাপের মতো দেখতে। সরু মুখ। এর কাঁটা দেখতে ঠিক সাপের শিরদাঁড়ার মতো। এই মাছ তেশিরে অর্থাৎ তিনটে শিরযুক্ত। এই মাছ খেলে গায়ে রক্ত হয়] a kind of fish resembling snake (বর্ধমা ৪, ২১ বীরভূ ১০, ১৩ মুর্শিদা ১৪, ২০) দ্র কাদাগোচি

কাঁদামুন্দা kãdamunda বি কান্নাকাটি weeping (পদিনা ৯)

কাঁদার্ kãdar বি বাড়ির পিছনদিক (বর্ধমা ৬) back side of a house দ্র কাঁদ্‌ড়া[২]

কাদার্ ওড়া kadar oɽa দ্র কাদা উয়ার্ (হাওড়া ২)

কাঁদারি kãdari দ্র কাঁদ্‌কাট্ (বীরভূ ১০) ~ **জোমি kãdari jomi** বি ডাঙার কাছাকাছি জলা জমির উঁচু দিক an elevated area close by the table-land (বর্ধমা ৬) দ্র কাঁদা[৪]

কাঁদাল্[১] **kãdal** বি মাটির বাড়ির পিছন দিক back side of a mudhouse (মেদিনী ১৫, ২৪, ৩৪ হাওড়া ১০) দ্র কাঁদ্ড়া[২]

কাঁদাল্[২] **kãdal** দ্র কাঁদাইল্ (নদীয়া ৬, ৭)

কাঁদাল্[৩] **kãdal** বি মাটির বাড়ির দরজার সামনের একটুখানি গড়ানে জায়গা the slope in front of the door of a mud-house (মেদিনী ২৫) ~ **কাছি kãdal kac^{h}i** বি বড় জালের মোটা দড়ি বা কাছি [বেড়্ জাল নামক বড় মাছ ধরার জালের অংশবিশেষ। যারা এই দড়ি টেনে নিয়ে যায় তাদের বলে 'কাঁদালে'] thick rope (হাওড়া ১০) [= কাঁধে করে নিয়ে যেতে হয় যে কাছি]

কাঁদাল্ছি kãdalc^{h}i ক্রি কাঁদিয়েছি (I have) made somebody weep ওক্যে এ্যাক্ চড়্যে কাঁদাল্ছি—ওকে এক চড়ে কাঁদিয়েছি (মুর্শিদা ১০) দ্র কাঁদা করানো

কাঁদালে kãdale বি 'বেড়্জাল' নামক মাছ ধরার বড় জালের দড়ি টানার মজুর [কাঁধে করে দড়ি টেনে নিয়ে যায় বলে এই রকম নাম] puller of a large fishing net (হাওড়া ৮, ১০) দ্র কাঁদাল্কাছি

কাদা সিঁধা kada ʃid^{h}a বি নখকুনি whitlow কাদা সিঁধেছে—নখকুনি হয়েছে (হুগলি ১৯) < কাদা ঢুকে যাওয়া অর্থে

কাদা হরে kada hɔre বি কাদামিশ্রিত জল muddy water (হাওড়া ১০)

কাদা হাজা kada haja বি একপ্রকার হাজা [এই হাজা একটানা অনেকটা স্থান জুড়ে হয়। কাদা ব্যবহারজনিত হাজা] a type of fungus-infection, chilblain (চব্বিশ ৪)

কাদা হোড়্ kada hoɽ বি জমি চাষ করার পরের ঢলঢলে কাদা [অর্থাৎ জমিতে বেশি জল না থাকা অবস্থা] muddy but ploughed field (having not-too-soft mud) (চব্বিশ ১১) < হোড়্ এর মৌলিক অর্থ পিচ্ছিল কাদা

কাঁদি[১] **kãdi** বি চতুর্দিকে আলবিশিষ্ট জমি agricultural field surrounded by balk এড়্ দিয়ে ঘিরা জোমি—আল দিয়ে ঘেরা জমি (হুগলি ৫)

কাঁদি[২] **kãdi** বি আলুচাষের সারিবদ্ধ আল raised earthen row for planting patato in a field (কোচবি ১)

কাঁদি[৩] **kãdi** দ্র কাঁদ্কাট্ (নদীয়া ৫)

কাঁদি উঠা kãdi uɽ^{h}a ক্রি কেঁদে ওঠা to start crying (মেদিনী ২০)

কাঁদি কাঁদি kãdi kãdi অস ক্রি কাঁদতে কাঁদতে weeping চ্যাংরাটা কাঁদি কাঁদি বাড়ি গেল—ছেলেটা কাঁদতে কাঁদতে বাড়ি গেল (কোচবি ৪) তু কাঁদিয়া কাঁদিয়া

কাদিমা

কাদিমা kadima বি মিষ্টি কুমড়ো sweet pumpkin (মালদা ২, ৯) তু হি কদ্দু

কাঁদিয়া মাছ্ kãdia mac^h বি মাগুর মাছের মতো একপ্রকার মাছ [দশ-পনের সের ওজন হয়, কাদায় থাকে] a variety of big cat-fish (চব্বিশ ১৯)

কাঁদিয়েন্ kãdien ক্রি কাঁদবেন (You) weep আপনারা কাঁদিয়েন্ না —আপনারা কাঁদবেন না (মুর্শিদা ২)

কাদু kadu বি কাদা mud (চব্বিশ ১৯ পদিনা ১ মেদিনী ২০, ৩৪)

কাঁদুক্ kãduk বি পান বরজের দরজা—পাটকাঠির বেড়া দিয়ে তৈরি [an enclosing door made of stalks jute plant, used to close the entrance of a plantation of betel-leaf] (হাওড়া ৮)

কাদু করানি kadu kɔrani দ্র কাদা করা (মালদা ১১)

কাদুখোচা kaduk^{h}oca বি কাদাখোঁচা পাখি a snipe-a kind of bird (চব্বিশ ৩৬)

কাঁদুড়া [ছানা] kãduɽa [c^{h}ana] বি কাঁদুনে ছেলে a lachrymose [boy] (মেদিনী ২৫)

কাঁদুড়ি kãduɽi বি ষাঁড়ের পিঠের কুঁজ a hump [on bull's back] (পুরুলি ১৬)

কাঁদুড়িয়া [ছুয়া] kãduɽia [c^{h}ua] দ্র কাঁদুড়া [ছানা] (মেদিনী ৩১)

কাঁদুনিয়া kãdunia দ্র কাঁদুড়া [ছানা] (মেদিনী ১৮)

কাঁদুমাদু kãdumadu বিণ কাঁদো-কাঁদো [ভাব] about to weep (বাঁকুড়া ১৩)

কাদুয়া kadua বিণ ঘোলা muddy, unclear কাদুয়া জল্ —ঘোলা জল (মালদা ৩, ৫) তু আ বা কাদাজল

কাদুয়ানি kaduani বি কাঁদুনে মেয়ে lachrymose girl (পদিনা ২) দ্র কাঁদুনিয়া

কাদুরা kadura দ্র কাঁদুনিয়া (পদিনা ২)

কাঁদুরা kãdura দ্র কাঁদুনিয়া (পদিনা ১০, ১১ মেদিনী ২৫)

কাঁদুরি kãduri বি ১ কাঁধ [মানুষের] shoulder [of a man] (বর্ধমা ১২ হুগলি ৮) ২ দ্র কাঁদুড়ি (হুগলি ৫)

কাদোখোচ্চা

কাঁদুল্ kãdul দ্র কাঁদার্ (চব্বিশ ১৭)

কাদুলি kaduli দ্র কাঁদুরি[১] (বর্ধমা ২৩ হুগলি ৪)

কাঁদেবেসে kãdebese দ্র কাঁদ্‌কাট্, কাঁদি[৩] (নদীয়া ৭)

কাদো[১] kado বি কাদা, মাটি mud, soil (কোচবি ৮ জলপা ৭, ৯ পদিনা ২, ৫, ৮ মালদা ২, ৭ মেদিনী ৫, ৬, ৮, ১৫, ১৮, ২৭, ২৮, ৩৫) কাদোত্ লাগি যাওয়া--গরুর গাড়ি কাদায় বসে যাওয়া (পদিনা ২) কাদোত্ ফাঁসে যাওয়া--গরুর গাড়ি কাদায় বসে যাওয়া (পদিনা ২) কাদোয় বোসিছে--কাদায় বসে গেছে (মেদিনী ৮) কাদায় ঢুকিছে--কাদায় ঢুকে গেছে (মেদিনী ৮) < সং কর্দম

কাদো[২] kado দ্র কাদা[৩] (জলপা ১, ৭, ৮)

কাঁদো kãdo বি বড় খাল wide canal (বর্ধমা ৪) তু আ বা কাঁদর (দাস)

কাদোঅলা kadoɔla বিণ পঙ্কিল muddy (জলপা ৭)

কাদোইল্ kadoil দ্র কাঁদাইল্ (মুর্শিদা ৬)

কাদো করা kado kɔra ক্রি শেষবার জমি কর্ষণ করা to plough final round (মেদিনী ২) দ্র কাদা[৩]

কাদো-কিচোড়্ kado-kicoɽ বিণ কর্দমাক্ত muddy সড়ক্‌টা কাদো-কিচোড়্ হোং গেল্--রাস্তাটা কর্দমাক্ত হয়ে গেছে (পদিনা ২)

কাদো খেল্ kado k^{h}el বি কাদা নিয়ে একপ্রকার খেলা [ফাল্গুন মাসে 'দোল' পূজার সময় এই খেলা হয়। মাটি দিয়ে রাধাকৃষ্ণের মূর্তি তৈরি করে, তার সামনে ছেলেমেয়েরা কাদা মাখে। মেয়েরা মেয়েদের কাদা মাখায় এবং ছেলেরা ছেলেদের] a play [as a part of rural worship] of smearing mud on each other's body (দার্জিলি ৩)

কাদোখোচ্চা kadok^{h}occa দ্র কাদুখোচা (পদিনা ১০)

কাঁদোড়্[১] kãdoɽ বি ঝোপ-জঙ্গল bush (মেদিনী ২৯)

কাঁদোড়্[২] kãdoɽ বি একপ্রকার সাপ [দু-তিন হাত লম্বা ও সরু, গায়ে কালোর উপর সাদা দাগ যুক্ত এই সাপ জঙ্গলে থাকে] a variety of snake (নদীয়া ৪)

কাঁদোড়্[৩] kãdoɽ বি বড় খাল বা খালের মতো জলাশয় বিশেষ [সাধারণত কোনো বন-জঙ্গল থেকে এর উৎপত্তি হয়। তারপর খালের আকৃতি ধারণ করে নদীতে মেশে। জঙ্গলের জল 'কাঁদোড়্' দিয়েই বের হয়] a canal-like water- outlet (বর্ধমা ১, ২ বীরভূ ১১) দ্র কাঁদর্

কাদোপাটা kadopaṭa দ্র কাদা পাটা (মেদিনী ১৩)

কাদো পুকুর্ kado pukur বি কাদা ও ঘোলা জলের পুকুর a pond of muddy water (মেদিনী ১৪)

কাদোমান্দো kadomando দ্র কাঁদুমাদু (মালদা ৬)

কাঁদোমোদো kadomodo দ্র কাঁদুমাদু ছেল্যেটা কাঁদোমোদো হোইয়্যে গ্যাছ্যে--ছেলেটা কাঁদো কাঁদো হয়ে গেছে (মুর্শিদা ২২)

কাঁদোর্ kãdor দ্র কাঁদোড়্[৩] (বর্ধমা ২ বীরভূ ৫, ৮, ১১, ১৪ মুর্শিদা ৩) ~ **জোমি kãdor jomi** বি উর্বর ও ভাল জমি [এই জমিতে সহজে জল জমে যায়] a fertile and good agricultural land (মালদা ১০, ১১)

কাঁদোল্ kãdol দ্র কাঁদোড়্[৩] (বর্ধমা ১৯)

কাদোলা kadola দ্র কাদ্‌দু[২] (পদিনা ১৪)

কাঁদ্যা kãdæ বি কাস্তে a sickle (পদিনা ১৪)

কাদ্যেইড়া kadɛĭɽa বিণ ঘোলাটে muddy জল্‌টা কাদ্যেইড়া হোইয়্যে গ্যালা--জলটা কাদাকাদা / ঘোলাটে হয়ে গেল (মুর্শিদা ২২)

কাঁধ্‌কাটি kãd^{h}kaṭi দ্র কাঁদ্‌কাট্ (হুগলি ৬)

কাঁধ্‌কাঠ্ kãd^{h}kaṭ^{h} দ্র কাঁদ্‌কাট্ (হাওড়া ১, ৬, ৮, ১০)

কাঁধ্‌কাঠি kãd^{h}kaṭ^{h}i দ্র কাঁদ্‌কাট্ (চব্বিশ ১৮)

কাঁধ্‌কাঠিয়া kãd^{h}kaṭ^{h}ia দ্র কাঁদ্‌কাট্ (মেদিনী ২০)

কাঁধ্‌কাঠুরি kãd^{h}kaṭ^{h}uri দ্র কাঁদ্‌কাট্ (বর্ধমা ১৩)

কাঁধ্‌কেটো kãd^{h}keṭo দ্র কাঁদ্‌কাট্ (বর্ধমা ২০)

কাঁধ্‌ঘেটে kãd^{h}g^{h}eṭe দ্র কাঁদ্‌কাট্ (বর্ধমা ২৩)

কাঁধ্‌চটা kãd^{h}cɔṭa বি গরুর কাঁধের ঘা a sore on cattle's shoulder (বীরভূ ১১)

কাঁধ্‌ফুলা kãd^{h}p^{h}ula দ্র কাঁধ্‌চটা (মেদিনী ২০)

কাঁধ্‌লাই kãd^{h}laĭ বি কাঁধের বোঝা a load which is being borne on shoulder (পুরুলি ৯)

কাঁধা[১] kãd^{h}a দ্র কাঁদা[৪] পুকুরের্ কাঁধায় জল্ নেই--পুকুরের পাড়ের অংশে জল সরে গেছে (চব্বিশ ১৮ নদীয়া ৫)

কাঁধা[২] kãd^{h}a দ্র কাঁদোড়্[৩] (বীরভূ ৯)

কাঁধা কাঁধা kãd^{h}a kãd^{h}a ক্রি বিণ আশেপাশে hither and thither ঘরের্ কাঁধায় কাঁধায় ঘুরছ্যে--ঘরের আশেপাশে ঘুরছে (মুর্শিদা ২২)

কাঁধাল্ kãd^{h}al দ্র কাঁদাইল্ (মুর্শিদা ২০, ২৪)

কাঁধালে পরা kãd^{h}ale pɔra ক্রি মালকোঁচা দিয়ে কাপড় পরা [পুরুষদের] to tuck one's loin-cloth tightly between one's legs (পুরুলি ৩)

কাঁধি[১] **kãdʰi** বি থোকা a bunch এ্যাক্ কাঁধি আম্—এক থোকা আম (মেদিনী ৮) তু আ বা কাঁদি [কলা]

কাঁধি[২] **kãdʰi** দ্র কাঁদ্‌কাট্ (চব্বিশ ১২ হাওড়া ৩)

কাঁধিছাড়া **kãdʰicʰaɽa** বি শববহনকারীদের নিমন্ত্রণ [মুসলমান সম্প্রদায়ের একটি সামাজিক অনুষ্ঠান। মুসলমান সমাজে কেউ মারা যাবার চারদিন পরে, যারা কবরে মাটি দিতে গিয়েছিল তাদের বাড়িতে নিয়ে এসে খাওয়ানো হয়। একে 'কাঁধিছাড়া' বলে] a ritual observed by the muslims after four days of entombing of a deceased (বীরভূ ৯)

কাঁধু **kãdʰu** দ্র কাঁদুড়ি (পুরুলি ৯)

কাঁধুড়া **kãdʰuɽa** বি বলদের কাঁধে জোয়াল লাগিয়ে তাতে লাঙল ঝুলিয়ে দেওয়ার ব্যবস্থা an arrangement of putting an yoke on the shoulders of bullocks and fixing a plough to it (পুরুলি ১১)

কাঁধুড়েয়া **kãdʰuɽea** দ্র কাঁদ্‌কাট্ (বাঁকুড়া ৭)

কান্[১] **kan** বি ১ তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্রের অংশবিশেষ [এই অংশে তার টান দিয়ে গুটানো হয়] a part of musical instrument by which its strings are either tightened or loosened (জলপা ৭) ২ লোহা-কাটা করাতের একপ্রকার নাট [এটি স্ক্রু-এর মতো প্যাঁচ ঘুরিয়ে টাইট দেওয়া হয়] fly-nut of a hack saw (হাওড়া ৩)

কান্[২] **kan** বি ১ কড়াইয়ের হাতল handle of a cauldron (জলপা ১ পদিনা ২, ৯, ১৪ দার্জিলি ১, ২) ২ লোহার আংটা, কামারশালের হাপরকে যা উঁচু করে রাখে a kind of ring used on bellows in a smith (হুগলি ১১)

কান্[৩] **kan** বি সূত্রধরের কম্পাসের অংশবিশেষ [কাঠের গুঁজি বা গোঁজা] a peg of carpenter's compass (বর্ধমা ৫)

কান্[৪] **kan** বি মাছের কানকো the gill of fish (চব্বিশ ২১ পদিনা ৯)

কান্[৫] **kan** বি [কলার] কাঁদি a cluster of bananas কলার্ কান্-কলার কাঁদি (পদিনা ৫)

কান্[৬] **kan** বি কানে পরার সোনার অলঙ্কারবিশেষ [পুরো কান ঢাকা] an ornament of ear (বাঁকুড়া ৩) [~ আড়া, এ্যাঠা দেওয়া, কট্‌কটানো ইত্যাদি 'কান' সহযোগে উচ্চারিত শব্দ ক্রমানুসারে পরে অন্তর্ভুক্ত হয়েছে]

কান্ আড়া **kan aɽa** ক্রি আড়ি পাতা to eavesdrop লুকিয়ে কান্ আড়্‌ছে—লুকিয়ে কথা শুনছে (বাঁকুড়া ১২) কান্ আড়িয়ে শুন্‌চে—আড়ি পেতে শুনছে (বাঁকুড়া ৮) কান্ আড়াঁই শুন্‌চে—আড়ি পেতে শুনছে (বাঁকুড়া ৮, ১২)



কাঁধুড়া

কান্ এ্যাঠা দেওয়া **kan ætʰa deŏa** ক্রি কানমলা দেওয়া to pull one's ear (as punishment) কান্ এঠেই দিল্—কান মলে দিল (পদিনা ২)

★ **কান্ কট্‌কটানো** **kan kɔtkɔtano** ক্রি কান কট্‌কট্ করা to ache in ear-drum কান্ কট্‌কটাচ্ছে—কান কট্‌কট্ করছে (মেদিনী ১২)

কান্‌কাটারি **kankaɽari** বি কেন্নো an ear-wig (মেদিনী ৩৩) [কানে ঢোকে বলে এমন নাম]

কান্‌কপাটি মারা **kankɔpaɽi mara** ক্রি কর্ণমূলে চড় মারা to slap on one's root of the ear (পুরুলি ৮)

কান্‌কা **kanka** বি কোনো পাত্রের কানা [হাঁড়ি, কলসি, ঘটি, থালা ইত্যাদির] the brim of an utensil (পুরুলি ৫) < সং কর্ণ

কান্‌কাইছা **kankaïcʰa** দ্র কান্[৪] (জলপা ৪)

কান্‌কাঠিয়া **kankatʰia** দ্র কাঁদ্‌কাট্ (মালদা ১)

কান্‌কাঠুরে **kankatʰure** দ্র কাঁদ্‌কাট্ (বাঁকুড়া ১২)

কান্‌কাশি[১] **kankaʃi** দ্র কান্[৪], কান্‌কাইছা (দার্জিলি ২, ৩)

কান্‌কাশি[২] **kankaʃi** বি জুলপি [ছেলেদের এবং মেয়েদের] whisker, lovelock (দার্জিলি ১) তু আ বা কান + কেশ

কান্‌কি **kanki** দ্র কান্‌কা কান্‌কি ফাটা—হাঁড়ির মুখটা ফাটা (মেদিনী ২৫)

কান্ কিট্‌কিট্ করা **kan kiɽkiɽ kɔra** দ্র কান্ কট্‌কটানো (মেদিনী ৩২)

কান্‌কি মারা **kanki mara** ক্রি চোখ টেপা to wink (পদিনা ২)

কান্‌কুটারি[১] **kankuɽari** দ্র কান্‌কাটারি (বর্ধমা ১৮, ২০ বীরভূ ১০, ১১, ১৪ মুর্শিদা ৩)

কান্‌কুটারি[২] **kankuɽari** বি দোপাটি ফুল *Impatiens balsamira;* balsam; lady's slipper (বীরভূ ১১)

কান্‌কুটু **kankuɽu** বি কানের খোল, কানের ময়লা ear-wax (বীরভূ ৩)

কান্‌কুটুরি **kankuɽuri** দ্র কান্‌কাটারি, কান্‌কুটারি[১] (বীরভূ ১১)

কান্‌খা[৩]

★ **কান্ কুড়ানা kan kuɽana** ক্রি কান সুড়সুড় করা to tickle; to have a creeping sensation in the ear (মেদিনী ২)

কান্‌কুড়ো[১] kankuɽo বি মাছের ফুলকো the gill of fish (চব্বিশ ১৫)

কান্‌কুড়ো[২] kankuɽo দ্র কান্[৪], কান্‌কাইছা (চব্বিশ ২৭)

কান্‌খুড়ো kankʰuɽo দ্র কান্[৪], কান্‌কাইছা (হুগলি ৯)

কান্‌কুয়া[১] kankua দ্র কান্‌কুটু (চব্বিশ ১৭, ১৯ পুরুলি ৪, ৯ বর্ধমা ৮, ১৮ বাঁকুড়া ৭, ১৮ মেদিনী ৭, ১২, ১৬, ২০, ২৫, ৩০)

কান্‌কুয়া[২] kankua দ্র কান্[৪], কান্‌কাইছা (বর্ধমা ১৮, ২৬ মেদিনী ১৯, ২৬)

কান্‌কুরো kankuro দ্র কান্[৪], কান্‌কাইছা (চব্বিশ ২৭)

কান্‌কুল্ কাঁটা kankul kãṭa বি একপ্রকার ছোট কুল জাতীয় ফল। গুল্ম জাতীয় গাছ। এতে প্রচুর কাঁটা থাকে a variety of small jujube or plum [its plant is bushy and thorny], *Zizypus oenoplia* (মেদিনী ২১) তু আ বা শিয়াকুল

কান্‌কুসি kankusi বি একপ্রকার রোগ [এতে গাল ফুলে যায়] mumps--a disease of swelling-cheek (মালদা ১১)

কান্‌কের্ kanker সর্ব কাদের whose কান্‌কের্ পাস্‌নু লিয়াইলু—কাদের কাছ থেকে নিয়ে এলি? (মেদিনী ২৬)

কান্‌কো kanko দ্র কান্‌কুটু (নদীয়া ৭ মুর্শিদা ৯)

কান্‌কোট্‌ড়ি kankoṭɽi দ্র কান্‌কুটু (মেদিনী ৫)

কান্‌কোটারি kankoṭari দ্র কান্‌কাটারি, কান্‌কুটারি[১] (পুরুলি ৬ বর্ধমা ৫ বীরভূ ৮ মুর্শিদা ১০)

কান্‌কোপাটি kankopaṭi বি কর্ণমূল [কানের ঠিক পাশে, জুলফির উপরের স্থানটি] the root of the ear (বর্ধমা ১৮)

কান্‌কোয়া kankoa দ্র কান্‌কুটু (মেদিনী ৮)

কান্‌খগ্‌টা kankʰɔgṭa বি কানখোঁচানো কাঠি an ear-pick (জলপা ১০)

কান্‌খয়া kankʰɔa দ্র কান্‌কুটু (মেদিনী ৩৪)

কান্‌খা[১] kankʰa দ্র কান্[৪], কান্‌কাইছা (বীরভূ ৪ মুর্শিদা ২, ৩, ১০, ১৭)

কান্‌খা[২] kankʰa বি কড়াইর হাতল handle of a cauldron (পদিনা ৪)

কান্‌খা[৩] kankʰa দ্র কান্‌কা (পদিনা ২ পুরুলি ৫ বাঁকুড়া ১৫ বীরভূ ৪ মালদা ১, ৯ মেদিনী ৫, ১২, ১৩) কান্‌খা উঠ্‌ঠা থারি--কানা-ওঠা থালা (মালদা ৯) কান্‌খা তুলা থালা--কানা-তোলা থালা (মেদিনী ১৩) [যদি হাঁড়ি-কলসির মুখের গোল অংশ মূল পাত্র থেকে বিচ্ছিন্ন কিন্তু কানাটি অটুট থাকে, তবে তাকে বলে 'অগ্‌রা'] (পুরুলি ৮)

কান্‌খি kankʰi দ্র কান্‌কুটু (মুর্শিদা ৫)

কান্‌খুইয়া kankʰuia দ্র কান্‌কুটু (মেদিনী ৬)

কান্‌খুচ্‌কি kankʰucki বি নরুন [নাপিতের নখ কাটার সরঞ্জাম। এর পিছন দিকের সূঁচালো অংশ দিয়ে কানের শুকনো ময়লা খুঁচিয়ে বার করা হয়] a sharp nail cutter which is also used as an ear-pick (বাঁকুড়া ১৮)

কান্‌খুড়া kankʰuɽa দ্র কান্[৪], কান্‌কাইছা (চব্বিশ ৪ মালদা ৭)

কান্‌খুড়ো kankʰuɽo দ্র কান্[৪], কান্‌কাইছা (চব্বিশ ৩১, ৩৭ হুগলি ১)

কান্‌খুয়া kankʰua দ্র কান্‌কুটু (মেদিনী ১১, ১৫, ২৮, ৩৪ হুগলি ৫)

কান্‌খুয়্যা kankʰuæ দ্র কান্‌কুটু (মেদিনী ২)

কান্‌খুরা[১] kankʰura দ্র কান্[৪], কান্‌কাইছা (মালদা ৭)

কান্‌খুরা[২] kankʰura দ্র কান্‌কুটু (চব্বিশ ১৭ মেদিনী ১৯)

কান্‌খুলা kankʰula দ্র কান্‌কুটু (মেদিনী ২৪, ২৭)

কান্‌খুস্‌কি kankʰuski দ্র কান্‌খুচ্‌কি (বাঁকুড়া ৩)

কান্‌খে kankʰe দ্র কান্‌কুটু (মুর্শিদা ১৮)

কান্‌খেগো kankʰego দ্র কান্‌কুটু (বর্ধমা ২১)

কান্‌খো kankʰo দ্র কান্[৪], কান্‌কাইছা (পদিনা ১)

কান্‌খোইড়্‌কা[১] kankʰoĩɽka বিণ অধিক শ্রবণশক্তিসম্পন্ন লোক a man of sharp-ear (বাঁকুড়া ১২)

কান্‌খোইড়্‌কা[২] kankʰoiɽka দ্র কান্‌খগ্‌টা (মেদিনী ১৯, ২২, ২৬)

কান্‌খোখো kankʰokʰo দ্র কান্‌কুটু (বীরভূ ৮)

কান্‌খোগো kankʰogo দ্র কান্‌কুটু (মুর্শিদা ১৬)

কান্‌খোড়্‌কা kankʰoɽka বিণ যে ব্যক্তি আড়ি পেতে কথা শোনে a habitual eavesdropper (বাঁকুড়া ১১)

কান্‌খোড়ু kankʰoɽu দ্র কান্‌কুটু (মেদিনী ১০)

কান্‌খোঁয়া kankʰõa দ্র কান্‌কুটু (বর্ধমা ৪ মেদিনী ৩৪)

কান্‌খোর্‌ kankʰor দ্র কান্‌কুটু (চব্বিশ ১৭)

কান্‌ খোলান্‌ বাড়ি kan kʰolan baɽi বি বাহির বাড়ির উঠোন the courtyard of out-house (কোচবি ১)

কান্‌ গলা kan gɔla ক্রি কানে পুঁজ হওয়া, ব্যথা হওয়া to have an infection in the ear-drum (বীরভূ ৭, ১১, ১৪) কান্‌ গলেচে --কানে ব্যথা হয়েছে (বীরভূ ১১)

কান্‌গলি kangɔli বি, বিণ গালাগালি [যার কান পচে গেছে --অর্থাৎ কালা] rotten-ear (man, used as a sware word) ওরে কান্‌গলি--ওরে কালা! (বর্ধমা ৫)

কান্‌গুঁজি kangũji দ্র কান্‌কুটু (মালদা ৯)

কান্‌গুড়ি kanguɽi দ্র কান্‌কোপাটি (চব্বিশ ৪ মেদিনী ২৮)

কান্‌গুঁতো kangũto দ্র কান্‌কোপাটি (হাওড়া ৬)

কান্‌গুয়া kangua দ্র কান্‌কুটু (পুরুলি ৯, ১৭ বাঁকুড়া ৫, ১৬ মুর্শিদা ২২ মেদিনী ৯, ১২, ১৮, ২২, ২৩, ২৫, ৩২)

কান্‌গুয়্যা kanguæ দ্র কান্‌কুটু (মুর্শিদা ১৭)

কান্‌গেঠা kangetʰa দ্র কাঁদ্‌কাট্‌ (মেদিনী ১৫)

কান্‌ঘুয়া kangʰua দ্র কান্‌কুটু (বীরভূ ১১)

কান্‌চটা kancɔta দ্র কাঁধ্‌চটা (বীরভূ ১০)

কান্‌চটি kancɔti বি একজাতীয় মাছ [ফোলুই মাছের মতো দেখতে] a variety of fish (মালদা ৫)

কান্‌চা[১] kanca দ্র কাঁদ্‌ড়া[২] (কোচবি ৩)

কান্‌চা[২] kanca বি ধারাটি বা ধারি [দেওয়ালের শেষ অংশ যা মাটিতে লেগেছে। এই অংশকে শক্ত করার জন্য--যে অতিরিক্ত মাটি ঢালুভাবে অর্থাৎ উপর থেকে দেওয়ালের গায়ে লাগানো হয়] the earthen support at the lower portion of an earthen wall of a mud house (কোচবি ৪ জলপা ৭)

কান্‌চা[৩] kanca বিণ কাঁচা green, not ripe (জলপা ৭)

কান্‌চাপ্‌টি kancapti বি ফোলুই-মাছ *Notopterus notopterus;* a kind of fish (মালদা ১১)

কান্‌চাল্‌ kancal দ্র কাঁদ্‌ড়া[২], কান্‌চা[১] (চব্বিশ ৩১ মেদিনী ২৮)

কাঁন্‌চি kãnci বি কাঁচি scissors (বাঁকুড়া ১৪) ~ **ঢাকা kanci ɖʰaka** বি মাটির দেওয়ালের সর্বশেষ স্তর [দেওয়াল স্তরে স্তরে নির্মিত হয়। শেষ স্তরের দুই প্রান্ত ঈষৎ চাপা হয়] topmost layer of mud wall (mud walls are made layer by layer) (পুরুলি ৩) ~ **পাতা kanci pata** ক্রি আড়িপাতা to eavesdrop লোক্‌টা কান্‌চিপাতি শুন্‌ছে--লোকটা আড়ি পেতে শুনছে (মুর্শিদা ১৭) ~ **পাতানি kanci patani** বিণ চুপি চুপি কারোর কথা শোনে এমন স্ত্রীলোক a habitual eavesdropper woman (মুর্শিদা ১৭)

কান্‌চুল্‌ kancul বি ঝুলকালি soot (জলপা ৯ পদিনা ২, ৩) < সং কজ্জল



কান্‌চাপ্‌টি

কান্‌চে kance অস ক্রি কাঁদছে is / are weeping মেয়েটা কান্‌চে--মেয়েটা কাঁদছে (হুগলি ৮)

কান্‌চোইড়ি kancoĭɽi দ্র কান্‌কাশি[২] (বাঁকুড়া ৫, ১৮)

কান্‌ছা kancʰa বি জলের উপর পতিত প্রতিবিম্ব [সাধারণভাবে ছায়াকে 'ছিয়া' বলে] shadow fallen on water (পদিনা ১৩)

কান্‌ছিত্‌ kancʰit ক্রি কাঁদছিস is / are weeping তুই কান্‌ছিত্‌ ক্যানো, কি হইএ্যাছে--তুই কাঁদছিস কেন, কি হয়েছে? (মুর্শিদা ২২) তুই খাহাছিত্‌--তুই খাচ্ছিস (মুর্শিদা ২২)

কান্‌ছিয়া[১] kancʰia বি পান বরোজের চারপাশের চারটি আড়াআড়ি লম্বা বাঁশের বাতা four long horizontal bamboo slips around the fancing of a betel-leaf plantation (মেদিনী ৩৫)

কান্‌ছিয়া[২] kancʰia বি কনিষ্ঠা [আঙুল] small finger (পদিনা ২)

কান্‌ছোয়া kancʰoa বি ছায়া shadow (জলপা ৩) দ্র কান্‌ছা

কান্‌জ্‌ড়ি kanjɽi বি এঁটো food particles left over after eating কান্‌জ্‌ড়িটা ধো--এঁটোটা ধো [ধুয়ে নাও] (মালদা ৫)

কান্‌জল্‌ kanjɔl বি থোড় [কলাগাছের] the spathe of a banana tree (পদিনা ১ মালদা ২, ৬)

কান্‌জিপানি kanjipani বি পান্তা ভাতের আমানি [অনেকে বহুদিন যাবৎ একটা মাটির পাত্রে আমানি রেখে দেয়। পেট গরম হলে এটি খাওয়া উপকারী। খুব টক স্বাদের এই জল দিয়ে লাউ, বড়ি, মাছ ইত্যাদি সহযোগে টক রান্না করেও খাওয়া হয়] the water, in which cooked rice has been overnight soaked (মেদিনী ২) তু সাঁও কাঁজি (campbell)

কান্‌জিয়া kanjia বি কামাই absence, cessation আজ্‌ নিন্দ্‌ কান্‌জিয়া হইল্‌--আজ ঘুম কামাই হলো (কোচবি ৩)

কান্‌জিয়াল্‌ kanjial দ্র কান্‌জল্‌ (পদিনা ১১)



কান্‌জুতি[৩]

কান্‌জুতি[১] kanjuti বি হাতে চালানো তাঁতের একটি অংশ [লোহার শিকের প্রান্তে এটি থাকে। এটিও লোহার তৈরি এবং এর উপর 'ম্যাড়া' বারবার আঘাত করে। এর মধ্যেও লোহার শিক আছে] a part of hand operated loom (চব্বিশ ৩৬)

কান্‌জুতি[২] kanjuti বি বিশেষ এক ধরনের দড়ি [যারা খেজুর বা তালগাছের রস বের করে তাদের কোমরে একপ্রকার থলি বাঁধা থাকে। তাকে 'ঠুঙি' বলে। এই থলির মুখে থাকে এক ধরনের দড়ি--কান্‌জুতি] a special type of rope used by *siuli* [a man whose profession is to incise the date-palm or palm tree in order to obtain its juice (বর্ধমা ১৯)

কান্‌জুতি[৩] kanjuti বি জোয়ালের দড়ি [যা গরুর গলায় বাঁধা হয়] a piece of rope attached to yoke [which ties the bullocks] (বর্ধমা ২ বীরভূ ২ মুর্শিদা ১৮)

কান্‌জুল্ kanjul দ্র কান্‌চুল্ (পদিনা ৯, ১৩)

কান্‌জুস্ kanjus বিণ কৃপণ miserly (মালদা ১, ২ মুর্শিদা ১১)

কান্‌জোত্ kanjot বি জোয়ালের দুই প্রান্তের দুটি ছিদ্র বা খাঁজ [এতে দড়ি বাঁধা হয়] two holes on either side of a yoke (মুর্শিদা ৯)

কান্‌জোতি kanjoti দ্র কান্‌জুতি[১] (চব্বিশ ৩৬)

কান্‌ঝ্ kanjʰ বি কাঁদি [কলার] cluster (মালদা ১১)

কান্‌ঝাপ্‌টা kanjʰapta বি স্বর্ণনির্মিত অলঙ্কারবিশেষ [সোনার চেন দিয়ে, সিঁথির উপর দিয়ে কপালে পরা হয়। নাম ঝাপ্‌টা। দেখতে অনেকটা ত্রিকোণ বিশিষ্ট। ছোট মাপ, এর সঙ্গে অতিরিক্ত অংশ কানে পরা হয়, তাই 'কান্‌ঝাপটা' বলা হয়] a golden ornament (বাঁকুড়া ৭)

কান্ ঝাপ্‌সা লাগা kan jʰapʃa laga ক্রি কানে তালা লাগা to be deafened temporarily (পদিনা ১২)

কান্ ঝাঁপা kan jʰãpa বি কুকুরের এক প্রকার রোগ [এতে কুকুরের কান ঝুলে যায়] a disease of dogs (চব্বিশ ১৭)

কান্‌ঝুড়ি kanjʰuri বি কানখুস্‌কি [কান খোঁচানো কাঠি] an ear-pick (মেদিনী ২২)

কান্ ঝুর্ ঝুর্ খেল্ kan jʰur jʰur kʰel বি একপ্রকার গ্রামীণ খেলা [মিউজিক্যাল চেয়ারের মতো। মুখে বলে 'কান ঝুর্ ঝুর্ কানের পোকা লিবি গো'। এখানে চেয়ারের পরিবর্তে গোল দাগ দিয়ে ঘর কাটা হয়। যতজন খুশি খেলতে পারে। শুধু খেলোয়াড়দের সংখ্যার থেকে একটি ঘর কম থাকে] a kind of rural game like musical chair (পুরুলি ৯)

কান্‌টা[১] kanta বি বাড়ির পিছন দিক সংলগ্ন জায়গা [এখানে হাত-মুখ ধোয়া, নোংরা জল ফেলা হয়, বাঁশঝাড় ইত্যাদি থাকে] open space at the back side (নদীয়া ৩, ৬, ৭ বীরভূ ৪ মালদা ১৯ মুর্শিদা ২, ৩, ১৫) কান্‌টায় দাঁড়িয়ে আছে--বাড়ির পিছন দিকে দাঁড়িয়ে আছে (মুর্শিদা ২) কান্‌টায় ম্যালা ব্যাঙের্ ছাতা আছে, তুলে নিয়ে আইগ্যা--বাড়ির পিছনে বা আশেপাশে অনেক ব্যাঙের ছাতা আছে, তুলে নিয়ে আয় (মুর্শিদা ৩)

কান্‌টা[২] kanta বি পুকুরের পাড় bank of a pond (জলপা ৬)

কান্‌টা[৩] kanta দ্র কান্‌কা (কোচবি ১, ৪, হাওড়া ১০) ~ **লাগানো kanta lagano** দ্র কান্‌আড়া কান্‌টা লাগিয়ে দাড়িং আছে--আড়ি পেতে দাঁড়িয়ে আছে (মুর্শিদা ৩)

কান্‌টাই kantaĭ বি কড়াই [রান্নার পাত্র] a cauldron--a cooking utensil (কোচবি ৪) ~ **ঘুসে যাওয়া kantaĭ gʰuse jaŏa** ক্রি অল্পের জন্য লক্ষভ্রষ্ট হওয়া to miss a target by a very small margin (পুরুলি ৯) তু আ বা কান ঘেঁষে যাওয়া

কান্ টানা kan tana বি জালের সাহায্যে মাছ ধরার একপ্রকার প্রক্রিয়া [অনেক সময় খিয়ে জালকে দুজন লোক পুকুর কিংবা নদীতে দুদিকে ধরে গড়ানোভাবে টানে এবং এইভাবে মাছ ধরার নাম 'কান্ টানা'। খিয়ে জাল একজন লোকই বিশেষ পদ্ধতিতে ছুঁড়ে মাছ ধরে। তবে কখনো কখনো দুইজনে একটি জালের দুই প্রান্ত ধরে টেনে মাছ ধরে] a process of catching fish (হাওড়া ৮) দ্র অজ্‌ঘুনি জাল্

কান্‌টাহা kantaha বি অগ্রদানী ব্রাহ্মণ a brahmin who receives offerings on behalf of a dead person's soul and consequently is socially degraded (মালদা ১, ৭) দ্র অগ্নদানি

কান্‌টাহার্ kantahar দ্র কান্‌টাহা (কোচবি ১, ৪)

কান্‌টে kante বিণ যে ছেলে খেলায় চুরি করে a boy who is a habitual foul player--a sharper (নদীয়া ১১)

কান্‌টেমি **kanteme** বি [খেলায়] জোচ্চুরি [খেলাধুলার সময় কিছু ধূর্ত ছেলের স্বভাব] swindling in game (নদীয়া ৪, ১১) দ্র কান্‌টে

কান্‌টোইয়া **kantoia** বি ফণিমনসা গাছ a variety of thorny cactus *[Opuntia dillenii]* (মুর্শিদা ১১) < সং কণ্টক + (ইয়া)

কান্‌ঠা[১] **kanthā** বি কড়াই-এর হাতল handle of a cauldron (পদিনা ৭, ১০) দ্র কান্‌[২] ১

কান্‌ঠা[২] **kanthā** বি গোরুর গলায় বাঁধা দড়ি the rope tied around the neck of a cow (মালদা ১১)

কান্‌ঠা[৩] **kanthā** বি প্রস্রাবখানা [সাধারণত এটি বাড়ির পিছন দিক অর্থাৎ 'কান্‌টা'য় হয় বলে এমন নাম। যে কোনো স্থানে হলেই এখন 'কান্‌ঠা' বলা হয়, শব্দার্থ পরিবর্তনের সূত্রে] a urinal (মুর্শিদা ৫)

কান্‌ঠা[৪] **kanthā** দ্র কান্‌টা[১] (নদীয়া ৬ বীরভূ ৮, ১১ মালদা ২ মুর্শিদা ২০, ২১) কান্‌ঠা দিয়ে চোর্ মেইরে দিলেক্ দোড়্—বাড়ির পিছন দিক দিয়ে চোর দৌড় মেরে দিল (বীরভূ ১১) ~ লাগা **kanthā lagā** দ্র কান্‌টা লাগানো লোক্‌টার্ কান্‌ঠা লাগা স্বভাব্—লোকটার আড়িপাতা স্বভাব (মুর্শিদা ২৪)

কান্‌ঠি খেল্ **kanthi khel** বি গ্রামীণ গুটিখেলা বিশেষ [দুজন খেলোয়াড়ের প্রত্যেকে দুটি করে গুটি নিয়ে খেলে এবং একে অপরের চাল বন্ধ করে। ছকের সাহায্যে খেলা হয়] a rural game played by two players with two granular objects for each one and a drawn checker-board on earth (পদিনা ৪)

কান্‌ঠে[১] **kanthe** দ্র কান্‌টে (নদীয়া ১ বীরভূ ৯)

কান্‌ঠে[২] **kanthe** বি বাড়ির উপকণ্ঠ vicinity of a house (বীরভূ ৯) দ্র কাঁধা কাঁধা

কান্‌ঠেমি **kanthemi** দ্র কান্‌টেমি কান্‌ঠেমি কোরিস্ না—খেলায় জোচ্চুরি করিস্ না (নদীয়া ৪ বীরভূ ৯) দ্র কান্‌টে

কান্‌ঠো **kantho** বি গলার কণ্ঠার হাড় the collarbone (হাওড়া ৮)

কান্‌ঠোল্ **kanthol** বি জোয়ালের অংশবিশেষ [এই অংশে জোয়ালের দড়ি ও বলদের গলার দড়ি টান দিয়ে রাখে] peg of an yoke (পদিনা ৩)

কান্‌ডা **kanda** বি কাঁঠালের ভুতি inedible inner substances of jack-fruit (পদিনা ১০)

কান্‌ডারি পোকা **kandari poka** বি একজাতীয় পোকা [গায়ের রঙ লাল। এই পোকার অনেকগুলো পা থাকে। পচা খড়ে এদের জন্ম হয়] a species of insect (বর্ধমা ১৬)



কান্‌ঠি খেল্

কান্‌ডি **kandi** বি আঁটি [ধান বা খড়ের] a bundle [of paddy or straw] কান্‌ডি খেড়—আঁটি খড় (পদিনা ৪, ৬ মালদা ৪)

কান্‌ডুয়ান্ **kanduan** বি ধান কোটার সময় যে লাল মিহি গুঁড়ো বের হয় [চালের উপরে যে পাতলা লাল আবরণ থাকে, সেইটিই ধান কোটার সময় গুঁড়ো হয়ে বের হয়] thin reddish skin of rice (পদিনা ১১)

কান্‌ডুয়াল্ **kandual** দ্র কান্‌ডুয়ান্ (পদিনা ১, ১০, ১৫)

কান্‌ডুল্ **kandul** বি ঝুড়ি, চ্যাঙাড়ি [ঘন বুনানি বিশিষ্ট] a thickly knitted wicker basket (পদিনা ১)

কান্ ডোলি দেওয়া **kan doli deoa** ক্রি কান মলে দেওয়া to pull one by the ear, to punish somebody by twisting ears (পদিনা ১১)

কান্‌ঢা **kandha** দ্র কান্‌টা[১] ঘরের্ কান্‌ঢায়ে যা—ঘরের পিছনে যা (মুর্শিদা ১৬)

কান্‌ঢাকা **kandhaka** বি কানের অলঙ্কারবিশেষ [সোনার তৈরি এই অলংকারে পুরো কান ঢাকা থাকে। ঠিক কানের মতো দেখতে কানের উপরে পরা হয়। মাথার চুলের সঙ্গে সোনার চেন দিয়ে আটকানো থাকে] an ornament [worn on ears] (মুর্শিদা ১৬) দ্র কান্[৬]

কান্‌তা **kanta** দ্র কান্‌টাই কান্‌তাইত্ ভাত্ আছে—কড়াইতে ভাত আছে (দার্জিলি ২) ~ ঘর্ **kanta ghar** বি দোচালা মাটির বাড়ি a mud house having thatched roof with two slapes on either side (বাঁকুড়া ১) তু সাঁও কান্‌ধা (campbell)

কান্‌তাই **kantai** দ্র কান্‌টাই (জলপা ২, ৭ দার্জিলি ২, ৩ পদিনা ২, ৯) [চ্যাপ্‌টা ধরনের মাটির কড়াই এখানে প্রচলিত। এটি রুটি তৈরির কাজে ব্যবহৃত হয়] (জলপা ৭)

কান্‌তালি লাগা **kantali lagā** দ্র কান্ ঝাপ্‌সা লাগা (পদিনা ২)

কান্‌তি **kanti** দ্র কান্‌টাই (মালদা ৯ মুর্শিদা ১১, ১৭)

কান্‌তুনি **kantuni** বি ঝি maid servant আমার্ ঘরের্ কান্‌তুনি আইল নি ক্যান্—আমার বাড়ির ঝি এল না কেন? (মেদিনী ২০)



কান্‌দ্‌ ফোলি

কান্‌দ্‌ kand বি ১ কাঁধ shoulder (চব্বিশ ১০ মেদিনী ১১) < সং স্কন্ধ ২ দ্র কাঁধ্‌চটা (মেদিনী ১২, ২৫)

কান্‌দ্‌ কাটা kand kaṭa দ্র কাঁদ্‌কাট্‌ (বীরভূ ৫)

কান্‌দ্‌ কেটো kand keṭo দ্র কাঁদকাট্‌ (বর্ধমা ৪, ২০)

কান্‌দ্‌ ফোলি kand pʰoli বি মই-এর সব থেকে উপরের ধাপ highest step of a ladder (বর্ধমা ৭)

কান্‌দ্‌ ফোলে kand pʰole বি জোয়ালের অংশবিশেষ--বাঁশের খণ্ডাংশ [জোয়ালের দুইদিকে বলদ জুড়ে নেবার পর এই 'ফোলে' লাগানো হয়] a bamboo-made part of a yoke (বর্ধমা ২৫)

কান্‌দ্‌রা kandra দ্র কাঁদুড়া [ছানা], কাঁদুনিয়া কান্‌দ্‌রা ছাওয়া--কাঁদুনে ছেলে (দার্জিলি ৪ বাঁকুড়া ১৬)

কান্‌দ্‌রি kandri দ্র কান্‌জ্‌ড়ি উ গেলেশে পানি দিস্‌ না, সুরভি কান্‌দ্‌রি কোরেছে--ও গ্লাসে জল দিস না, সুরভি এঁটো করেছে (মুর্শিদা ২, ১৫)

কান্‌দ্‌রিয়া kandria দ্র কাঁদুড়া [ছানা], কাঁদুনিয়া বড্ড কান্‌দ্‌রিয়া--খুব কাঁদুনে ছেলে, কান্‌দ্‌রিয়ানি--কাঁদুনে মেয়ে (পদিনা ৩)

কান্‌দর্‌ kandɔr দ্র কাঁদোড়্‌[৩] (বর্ধমা ১০, ১৫)

কান্‌দা[১] kanda ক্রি কিচিরমিচির [কিচির-মিচির করা অর্থে] to chirp পোখিগুলা কান্‌দে রে--পাখিগুলো কিচিরমিচির করছে (কোচবি ২)

কান্‌দা[২] kanda দ্র কান্‌কা, কান্‌টা[৩] (জলপা ৭ চব্বিশ ২১)

কান্‌দা[৩] kanda বি কান্না act of weeping (জলপা ৬, ৭ পদিনা ৭, ১০, ১২) ছোয়াল্‌টা কান্‌দ্যে কান্‌দ্যে যাছে--ছেলেটা কাঁদতে কাঁদতে যাচ্ছে (পদিনা ৭)

কান্‌দা[৪] kanda বি এঁচোড় green jack fruit (পদিনা ৫, ১০, ১২, ১৪) তু সাঁও কান্‌ঠাড়্‌

কান্‌দা[৫] kanda বি মূল বা কন্দ root শিমূল্‌ কান্‌দা--শিমূলের মূল [শিমূলের মূলকে টুকরো টুকরো করে কেটে সিদ্ধ করে জিরে, ধনে, পাঁচফোড়ন, পেঁয়াজ সব দিয়ে রান্না করা হয়। এই ব্যঞ্জন সারা বছরই খাওয়া হয়] (জলপা ৭)

কান্‌দাইল্‌ kandail দ্র কাঁদাইল্‌ (মুর্শিদা ৫)

কান্‌দা করানো kanda kɔrano ক্রি কাঁদানো to make somebody weep (মেদিনী ১৩) ~ **কাটা kanda kaṭa** ক্রি জমির আলের ঘাস কেটে পরিষ্কার করা to clean a balk by weeding grasses (কোচবি ৩)

কান্‌দাড়্‌ kandaṛ দ্র কাঁদাড়্‌ [মালবোঝাই গোরুর গাড়ির সম্মুখভাগের অধিক ভারি হওয়া অবস্থা। পিছন দিক ভারি হলে বলে খাপ্‌ছাড়্‌'। গোরুর কাঁধে অধিক চাপ পড়ে বলে এই রকম বলা হয়] (বাঁকুড়া ৩৩)

কান্‌দানা kandana বি একপ্রকার শিশুরোগ, যাতে শিশু সবসময় কাঁদে] children's disease, that makes a child weep regular (জলপা ৭)

কান্‌দার্‌ kandar বিণ উর্বর [জমি] fertile [land] (পদিনা ১০)

কান্‌দারুয়া kandarua বি কান্নাকাটি weeping (পদিনা ১৩)

কান্‌দাল্‌ ভিটা kandal bʰiṭa বি লঙ্কা এবং ধান দুই-ই হয় এমন কৃষিজমি a piece of arable land which produces both paddy and chilly (পদিনা ৬)

কান্‌দালু kandalu বি মিষ্টি আলু, রাঙা আলু sweet potato *[Impomea batata]* (জলপা ১, ৯)

কান্‌দি[১] kandi বি কাঁদি a cluster কলা কান্‌দি--কলার কাঁদি (বর্ধমা ২ মেদিনী ৩৪) < সং স্কন্ধ

কান্‌দি[২] kandi বি সারি [আলু অথবা তামাক গাছের গোড়ায় মাটি দেওয়ার পদ্ধতি। আলু বা তামাক গাছ লাগানোর সময় ক্ষেতের মধ্যে আলের মতো পাশাপাশি সারি করে ঝুরঝুরে মাটি উঁচু করা হয়। তারই মধ্যে আলু বা তামাক লাগানো হয়। এই সারি দেওয়া উঁচু মাটিকে 'কান্‌দি' বলে] a row [the process of preparing soil for planting potato and tobacco plants] (কোচবি ৪ জলপা ৩)

কান্‌দুইটে kanduĭṭe দ্র কাঁদ্‌কাট্‌ (বীরভূ ১০)

কান্‌দুডু kandudu ক্রি কাঁদছিস is / are crying তুই কান্‌দুডু কেনি--তুই কাঁদছিস কেন? (মেদিনী ৩৪)

কান্‌দুড়িয়্যা kanduṛiæ দ্র কাঁদুড়া [ছানা], কাঁদুনিয়া, কান্‌দ্‌রা এটা চ্যাংরা বড় কান্‌দুড়িয়্যা--এই ছেলেটা খুব কাঁদুনে (কোচবি ৪)

কান্‌দুইড়্যে kanduĭṛɛ দ্র কাঁদ্‌কাট্‌ (বীরভূ ১০)

কান্‌দুড়্যা kanduṛæ দ্র কাঁদুড়া [ছানা], কান্‌দ্‌রা (পদিনা ৫)

কান্‌দুনিয়া kandunia দ্র কাঁদুড়া [ছানা], কাঁদুনিয়া (পদিনা ১০)

কান্‌দুনে kandune দ্র কাঁদুড়া [ছানা] (বর্ধমা ১৯)

কান্‌দুরা kandura দ্র কাঁদুড়া [ছানা], কাঁদুনিয়া কান্‌দ্‌রা (পদিনা ৩, ৬) কান্‌দুরা ছোয়া--কাঁদুনে ছেলে (পদিনা ৩)

কান্‌দুরি kanduri বি কাঁদুনে মেয়ে a girl, who is given to crying (পদিনা ৬)

কান্‌দুল্ kandul দ্র কাঁদাইল্ (চব্বিশ ২৩)

কান্‌দেছে kandechᵉ ক্রি ডাকছে [ব্যাঙের ডাক] [frog is] croaking দ্র কান্‌দা[১] ব্যাঙ কান্‌দেছে—ব্যাঙ ডাকছে (জলপা ৭)

কান্‌দেসে kandese ক্রি কাঁদছে (is) crying (জলপা ৯)

কান্‌দোঘাটি kandoghᵃʈi বি বিবাহোত্তর একটি অনুষ্ঠানবিশেষ [ফুলশয্যার দিন সকালে পুকুরের ধারে একটা গর্ত করে, তাতে বর সাতবার জাঁতি লুকোয়। বৌ খুঁজে বের করে। এরপর বৌ কাজলপাতা [কাজল লতা] লুকোয়, বর খুঁজে বের করে। এরপর বর-কনে দুজন দুজনকে কাদা মাখায়। অন্যেরাও কাদা মাখে। তারপর সকলে স্নান করে নেয়। এই অনুষ্ঠানের মাধ্যমে বর-কনের জড়তা কেটে যায়] a ritual related to marriage (মেদিনী ১২) তু দ্র কাদো খেল্

কান্‌দোর্[১] kandor বি দুটি বসতির মধ্যবর্তী জমি [যেমন পাড়া গ্রাম ইত্যাদি] land between two habitations (পদিনা ২)

কান্‌দোর্[২] kandor বি নিচু জমি [এতে জল জমে থাকে। ফলে ভালো ধান হয়] low land (পদিনা ৭, ১০, ১২)

কান্‌দোর্[৩] kandor দ্র কাঁদর্ (বর্ধমা ৪)

কাঁন্‌দোর্ kãndor দ্র কাঁদর্ (বীরভূ ১১)

কান্‌দোল্ kandol বি কানের দুল an ear-drop or earring (মেদিনী ১৩)

কান্‌দ্রা ছোয়া kandra cʰoa দ্র কাঁদুড়া [ছানা], কান্‌দুরা (দার্জিলি ৩)

কান্‌দ্‌রি kandri দ্র কান্‌দুরি (দার্জিলি ৩)

কাঁন্‌ধ্[১] kãndʰ দ্র কান্‌দি[১] (পদিনা ১০)

কাঁন্‌ধ্[২] kãndʰ দ্র কাঁধ্‌চটা, কান্‌দ্[২] গোরুটার্ কাঁন্‌ধ্ হোঁইছে —গরুটার কাঁধে ঘা হয়েছে (মেদিনী ৫, ৯)

কান্‌ধ্‌কাঠারি kandʰkaʈʰari দ্র কাঁদ্‌কাট্ (বর্ধমা ৮)

কান্‌ধ্‌কেটো kandʰkeʈo দ্র কাঁদ্‌কাট্ (বর্ধমা ১)

কান্‌ধা kandʰa দ্র কান্‌কা, কান্‌টা[৩] (মুর্শিদা ৫, ২২) কান্‌ধাতে হাত্‌টা মুইছে লে—থালার কানায় হাতটা চেঁচে নে (মুর্শিদা ২২)

কাঁন্‌ধা kãndʰa দ্র কাঁধ্‌চটা, কান্‌দ্[২] কান্‌ধ্[২] (মালদা ২)

কান্‌ধাশি kandʰaʃi বি ঢাকি বা ঢুলির কাঁধে ঝোলানো ঢাকের দড়ি string of a drum (বর্ধমা ৭) < স্কন্ধ + রশি

কান্‌থি kandʰi দ্র কান্‌দি[২] (মালদা ৮) ~ **করা kandʰi kɔra** ক্রি নালা তৈরি করা to cut a canel or drainage (মালদা ৪)

কান্‌ধাশি

কান্‌ধুইনা kandʰuĭna বি রান্নার বাসন-কোসন পরিষ্কার করার কাপড়-টুকরো [রান্না করা ভাতের হাঁড়ি ধরা বা পরিষ্কার করার জন্য ব্যবহৃত ছেঁড়া কাপড়। পাটের আঁশও কখনও কখনও ব্যবহার করা হয়] a celean piece of worn cloth used in kitchen to hold utensils (মালদা ৭)

কান্‌ধুরি kandʰuri বি গরুর কাঁধের কুঁজ a hump on the shoulder of bullock (পুরুলি ১৬)

কান্‌থোইনা kandʰoĭna দ্র কান্‌ধুইনা (মালদা ২, ৯)

কান্‌ন kannɔ ক্রি বিণ কানে in the ear কান্‌ন দুল্‌টা ঘিনি দে—কানে দুলটা পরিয়ে দে (মেদিনী ২)

কান্‌নহা[১] kannɔha দ্র কাঁধ্‌চটা, কান্‌দ্[২], কাঁন্‌ধ্[২] (মালদা ১)

কান্‌নহা[২] kannɔha দ্র কাঁদুড়া [ছানা], কান্‌দ্‌রা কান্‌দুরা কান্‌নহা ছুয়া—কাঁদুনে ছেলে (মালদা ১১)

কান্‌না[১] kanna দ্র কাঁধ্‌চটা, কাঁন্‌ধ্[২] (মালদা ৭)

কান্‌না[২] kanna দ্র কান্‌কা (বর্ধমা ৯, ২১)

কান্‌না[৩] kanna বি বাঁশের গাঁট knot or node of bamboo (মালদা ২)

কান্‌না[৪] kanna বি খুঁটির উপরের অংশে কেটে তৈরি করা খাঁজ a notch, made by cutting at the top of a pole (মালদা ৯)

কান্‌না[৫] kanna বি বাঁশের বা কঞ্চির সরু ফালি, যা কুমোরের সরঞ্জামবিশেষ [কুমোরের চাকে মাটির জিনিস গড়ার সময় মাটিকে উপরদিকে টেনে তোলার কাজে ব্যবহৃত ইঞ্চি তিনেক লম্বা বাঁশের কঞ্চির লম্বালম্বি অর্ধেক ফালি বা টুকরো] a potter's tool for shaping earthenware (মালদা ১১) ~ **পির্ kanna pir** বি কাঁদুনে ভূত a crying goblin চ্যাংড়াটাক্ কান্‌না পির্ ধর্‌য্যাচে—ছেলেটাকে কাঁদুনে ভূতে ধরেছে (মালদা ৫) ~ **মাচ্ kanna mac** দ্র কান্‌চাপ্‌টি (পদিনা ২)

কান্‌নাই কাটি kannaĭ kaʈi বি ঘুড়ির উপরের দিকের ধনুকের মতো বাঁকানো কাঠি the bow-like stick of a kite (হাওড়া ৩)



কান্নি[১]

কান্ নাগি দিয়ে শোনা kan nagi die ʃona ক্রি আড়ি পেতে শোনা, কান লাগিয়ে (পেতে) শোনা to eavesdrop (পদিনা ৫)

কান্নাগুলি পড়া kannaguli pɔɽa ক্রি (অনেকে মিলে) কান্নাকাটি শুরু হওয়া to start of crying in a chorus (মেদিনী ৭)

কান্নি[১] kanni বি নৌকার পাল বাঁধার মোটা দড়ি [নৌকার পালের উপর এবং নিচের দিকের লম্বা বংশদণ্ড দুটির সঙ্গে পালকে বাঁধার কাজে এই দড়ি ব্যবহৃত হয়] the hawser or rope, which ties a sail with a boat (মালদা ৭)

কান্নি[২] kanni বি ভূতবিশেষ [কোনো বাচ্চা যদি ক্রমাগত কাঁদতে থাকে, কিছুতেই না থামে, তবে তাকে 'কান্নিতে ধরেছে' বলা হয়। এটি একটি লোকসংস্কার] a goblin [according to popular befief it posseses a child who frequently weeps] (দার্জিলি ১)

কান্নি[৩] kanni দ্র কান্দ্‌রা ছাওয়াটা কান্নি হোঙ্ গ্যাহ্যে— ছেলেটা কাঁদুনে হয়ে গেছে (পদিনা ৯)

কান্নি[৪] kanni বি ভার [কেবলমাত্র ঘুড়ি ওড়ানোর প্রসঙ্গেই শব্দটি ব্যবহৃত হয়। ঘুড়ি উড়বার সময় টাল খেলে অর্থাৎ একপাশে কাত হয়ে পড়লে, যে পাশে টাল খায়, তার অপর পাশে ভার দিতে হয়। কাগজের টুকরো, সুতো বা ন্যাকড়ার টুকরো নিয়ে ঘুড়ির কাঠামোর কাঠিতে জড়িয়ে দেওয়া হয়। তাহলে ঘুড়ির টাল খাওয়া বন্ধ হয়] weight [the word used particularly in the game of flying kite] (চব্বিশ ৭)

কান্নিক্ kannik দ্র কান্নি[৪] (হাওড়া ১) ~ **কাটি kannik kaṭi** দ্র কান্নাই কাটি (হাওড়া ৩)

কান্নি ছোয়া kanni c^{h}oa দ্র কাঁদুড়া [ছানা], কান্দ্‌রা (পদিনা ২)

কান্নুড়ি kannuṛi বি কানের অসুখবিশেষ [কানের ঘা] a sore in ear (বাঁকুড়া ১৮)

কান্নে kanne বিণ কাঁদুনে-prone to weep (চব্বিশ ২১) ~ **মারা kanne mara** বিণ, আকাশে ঘুড়ির অবস্থান বিশেষ [ঘুড়ি যখন কোনো একদিকে খুব বেশি কাত হয়ে পড়ে। আর যখন হাওয়ায় ভেসে থাকে তখন বলে 'চিল্‌লে-মারা'] specific position of a kite in the sky (চব্বিশ ৩৩)

কান্নো ছেলে kanno c^{h}ele দ্র কাঁদুড়া [ছানা], কান্দ্‌রা (চব্বিশ ২১)

কান্পচা kanpɔca বি কানের অসুখবিশেষ [কানে পুঁজ হওয়া] an infection in the ear (মালদা ৯)

কান্ পাকি যাওয়া kan paki jaŏa ক্রি কান ধরে যাওয়া [কথা শুনে শুনে কান ঝালাপালা হওয়া] to be annoyed or tired of hearing কান্‌টা আমার্ পাকি গ্যাল—কান্‌টা আমার ধরে গেল [কথা শুনে শুনে] (মেদিনী ১৭)

কান্ পাখি kan pak^{h}i বি একপ্রকার পাখি [বড় ঠোঁট, ময়ূরের মতো গায়ের রঙ। বিলে থাকে] a peacock like bird (নদীয়া ১০)

কান্পাঘুনিয়া kanpag^{h}unia দ্র কান্ ডোলি দেওয়া (মেদিনী ২)

কান্পাট্‌টি[১] kanpaṭṭi বি কানপাটি the flap of the ear (মালদা ৩)

কান্পাট্‌টি[২] kanpaṭṭi দ্র কান্[৪], কান্‌কাইছা (পদিনা ২)

কান্পাত্ kanpat বি কানের পাতা an auricle of ear (মেদিনী ১৮)

কান্পাশা kanpaʃa বি অলঙ্কার বিশেষ [কানে পরা হয়। লম্বা, বড় ঝোলা দুল] an ornament for ear (কোচবি ৩ মেদিনী ২৭)

কান্পাশি kanpaʃi দ্র কান্[৪], কান্‌কাইছা (জলপা ১)

কান্পিতেছি ভুত্ kanpitec^{h}i b^{h}ut বি একপ্রকার ভূত [লোকবিশ্বাস, সন্তান প্রসবের সময় যেসব মহিলা মারা যায়, তারা এই ভূত হয়] a spectre [according to popular belief an woman, died while delivering a child, becomes this type of spectre] (বীরভূ ১৪)

কান্পেঁচ্ kanpẽc বি তাঁতের অংশবিশেষ [তাঁতের মাকুকে ছোটানোর জন্য 'মেড়া' বা মাকু তাঁতের ভিতরের দিকে যে কাষ্ঠখণ্ডে আঘাত করে, তাকে বলে 'কান্‌পেঁচ্'। এটি 'বাক্সোপাটার' ভিতরের দিকে থাকে] a part of hand-operated loom (বীরভূ ২) দ্র কান্‌প্যাঁচ্

কান্পেট্‌টি kanpeṭṭi বি পাগ্‌ড়ি turban (কোচবি ৪)

কান্পোট্‌টি kanpoṭṭi দ্র কানপাট্‌টি[১] (পদিনা ৯)

কান্পোটি kanpoṭi দ্র কান্‌পাট্‌টি[১] (পদিনা ১৩)

কান্প্যাঁচ্ kanpæ̃c বি তাঁতের অংশবিশেষ [তাঁতের 'ম্যাড়া' বা মাকু ছোটানোর কাজে ব্যবহৃত ছোট দুটি কাষ্ঠখণ্ড, দুটি লোহার শিকে গাঁথা থাকে। তাঁতের ভিতর বা 'শানা'র দিকে

ঐ শিক দুটিকে দুটি লোহার প্যাঁচ্ দিয়ে গাঁথা থাকে। একে বলে কান্‌প্যাঁচ্] a part of hand-operated loom. (বাঁকুড়া ৭) দ্র কান্‌পেঁচ্

কান্‌ফলি kanpʰɔli বি গরুর গাড়ির অংশ বিশেষ [বাঁশের কাঠামোর সামনের অংশ, যা দুই পাশের মূল বাঁশ দুটিকে যুক্ত করে রাখে] a part of a bullock-cart (মুর্শিদা ১৫)

কান্‌ফা kanpʰa দ্র কান্‌কাইছা (পদিনা ১০ বীরভূ ৯)

কান্‌ফাসা kanpʰasa বি কানের দুল [গোল ফুলের মতো, তলায় ঝুমকো] an earring (জলপা ৭) দ্র কান্‌পাশা

কান্‌ফাল্যা kanpʰalæ দ্র কান[৪], কান্‌কাইছা (মুর্শিদা ২২)

কান্ ফিন্‌দা kan pʰinda ক্রি কান বিঁধানো to prick a hole on ear-lobe [for wearing ornament] কান্ ফিন্‌দবা হবে--কান বিঁধানো হবে (পদিনা ১৫)

কান্‌ফুটুয়া kanpʰuʈua দ্র কান্‌কুটু (বাঁকুড়া ১২)

কান্‌ফুটো kanpʰuʈo দ্র কান্‌পচা কান্ ফুটে গেল্‌ছে--কানে পুঁজ হয়েছে (বীরভূ ৮)

কান্ ফুড়া kan pʰuɽa দ্র কান্ ফিন্‌দা (বর্ধমা ১৮, ২৬)

কান্ ফুড়ানো kan pʰuɽano দ্র কান্ ফিন্‌দা (চব্বিশ ১৭)

কান্ ফুরানো kan pʰurano দ্র কান্ ফিন্‌দা (মেদিনী ২৭)

কান্‌ফুল্ kanpʰul বি মাকড়ি, দুল, কানের ফুল variety of earrings (পুরুলি ৯ বাঁকুড়া ৩ মেদিনী ২৫)

কান্‌ফুস্‌কি খ্যালা kanpʰuski kʰæla বি একপ্রকার গ্রামীণ খেলা [প্রধানত এই খেলা ছেলেদের হলেও মেয়েরাও পৃথকভাবে খেলে থাকে। ১০/১২ জন ছেলে দুই দলে বিভক্ত হয়ে যায়। প্রতি দলে একজন অধিনায়ক হয়। সে তার দলের সব খেলোয়াড়দের একটি করে গুপ্ত নাম দিয়ে থাকে। দুই দল মুখোমুখি সারিবদ্ধ ভাবে বসে, তবে দুইদলের মাঝে প্রায় ১৫/২০ হাত খোলা জায়গা থাকে। দুই দলের খেলোয়াড়রা সারিবদ্ধভাবে বসে যাবার পর একদলের অধিনায়ক অপর দলের খেলোয়াড়দের পিছনে যায়। ধরা যাক, 'ক' এবং 'খ' দল। 'ক'-দলের অধিনায়ক 'ক' এবং 'খ'-দলের অধিনায়ক 'খ'। 'ক'-অধিনায়ক 'খ'-দলের সারির পিছনে যাবে এবং 'খ'- দলের যে-কোনো একজন খেলোয়াড়ের দুই চোখ টিপে ধরে তার দলের অর্থাৎ 'ক'-দলের একজন খেলোয়াড়কে গুপ্ত নাম অনুসারে ডাকবে। সে খুবই সন্তর্পণে এসে চোখ টিপে-থাকা ছেলেটির মাথায় আস্তে টোকা মেরে চলে যাবে এবং সে তার বসার জায়গায় ঠিকঠাক বসে গেলে--'ক'-অধিনায়ক তখন টিপে-থাকা চোখ ছেড়ে দেবে। এবার যার মাথায় টোকা মারা হয়েছে তাকে সঠিক নাম বলতে হবে কে টোকা মেরেছে। সে কোনোভাবেই তার দলের কোনো খেলোয়াড় বা অধিনায়কের কাছ থেকে কোনো প্রকার



কান্‌ফোলি[১]

ইঙ্গিত পাবে না। যদি ঠিক বলতে পারে তবে সে দাঁড়িয়ে একটা লাফ দিয়ে সামনের দিকে অর্থৎ বিপক্ষের খেলোয়াড়রা যেখানে বসে খেলা শুরু করেছে সেই দিকে এগিয়ে যাবে। আর যদি ঠিক না বলতে পারে তবে যে টোকা মেরেছিল সে একটা লাফ দিয়ে সামনের দিকে আসবে। এই সঙ্গে যে টোকা মেরেছিল তার গুপ্তনাম বদলে দেওয়া হবে। কেননা এখন তার নামটি প্রকাশ্যে এসে পড়েছে। 'খ'-দলের অধিনায়ক এবার যাবে ক-দলের একজন খেলোয়াড়ের চোখ টিপতে। এইভাবে যে-দলের সকল খেলোয়াড় প্রথম বিপক্ষ দলের লাইনটি--যেখানে বসে খেলা শুরু করেছিল, ঐভাবে লাফিয়ে, সেই লাইন অতিক্রম করবে সেই দল বিজয়ী হবে।] a kind of rural game (হাওড়া ১, ৮)

কান্‌ফুসফুসায়ি kanpʰuʃpʰuʃai ক্রি কানে কানে কথা বলা to whisper (মেদিনী ১৫)

কান্‌ফুসি kanpʰusi বি কানাকানি [একের কথা অপরকে বলা] a whispering secret ; discussion about somebody to other (পুরুলি ১০)

কান্‌ফেটি kanpʰeṭi বি জুলফি love-lock (পুরুলি ২)

কান্‌ফোঁকা kanpʰõka বি প্রসবের পরে আঁতুড়ঘরে অনুষ্ঠেয় একপ্রকার লোকাচার [ধাইমা মুখে রসুন চিবিয়ে সদ্যোজাত শিশুর দুই কানে ফুঁ দেয়--উদ্দেশ্য শিশুটি যাতে কালা না হয়] a ritual performed after child-birth, in order to prevent the baby from any possibility of becoming deaf (মেদিনী ২৫)

★ **কান্ ফোড়ানো kan pʰoɽano** দ্র কান্ ফিন্‌দা (চব্বিশ ১৫, ২০, ৩৩ পদিনা ১০, ১৪ বর্ধমা ২, ১৫) কান্ ফোড়ুই--কান বিঁধাই (বর্ধমা ২)

কান্‌ফোলি[১] kanpʰoli বি গরুর গাড়ির কাঠামোর অংশ [গরুর গাড়ির বসার পাটাতনের (মাচান) সামনের দিকে বাঁশের বাঁধন যাতে আলগা না হয়, তার জন্য যে কাঠের টুকরো দেওয়া হয়] a part of bullock-cart (নদীয়া ১১)

কান্‌বিয়েনি

কান্‌ফোলি[২] বি জোয়ালের অংশবিশেষ a part of bullock-cart (মুর্শিদা ২১)

কান্‌বালা[১] **kanbala** বি কানের অলঙ্কার বিশেষ [সোনার তৈরি এই কানের দুল বিভিন্ন আকারের হয়] an ornament for ear (কোচবি ৩ জলপা ৭ হুগলি ১৮)

কান্ বিদা kan bida দ্র কান্ ফিন্‌দা (বর্ধমা ২৩)

কান্ বিদানা kan bidana দ্র কান্ ফিন্‌দা (হুগলি ৬)

কান্ বিদোনা kan bidono দ্র কান্ ফিন্‌দা (হুগলি ৯)

কান্ বিন্‌দানো kan bindano দ্র কান্ ফিন্‌দা (পদিনা ১২)

কান্ বিন্‌দে দিয়া kan binde dia দ্র কান্ ফিন্‌দা (হুগলি ১)

কান্‌বিয়েনি kanbieni বি মেয়েদের চুল বাঁধার এক বিশেষ পদ্ধতি [মাথার পিছনে চুল দুভাগ করে দুটো গোড়া ধরে বিনুনি করে একটা এপাশে আর একটা ওপাশে বাঁধা অথবা মাথার উপরে তুলে বাঁধা হয়। তাহলেই পিছন থেকে দেখতে মালার মতো লাগবে] a style of hair-do of girls (মুর্শিদা ১৫) [কলকাতা এবং চব্বিশ পরগনা, হাওড়ার কোথাও কোথাও একে 'বেড়াবিনুনি' বলে]

কান্ বেড়ে শোনা kan beɽe ʃona দ্র কান্ নাগি দিয়ে শোনা (চব্বিশ ৩৩)

কান্ বেন্‌দা kan benda দ্র কান্ ফিন্‌দা (বর্ধমা ২৫)

কান্ বেনানি kan benani বি মেয়েদের চুল বাঁধার এক বিশেষ পদ্ধতি [মাথার পিছনে চুল দুভাগ করে দুটো গোড়া ধরে বিনুনি করে প্রতিটাকে ভাঁজ করে সেই বিনুনিরই গোড়ায় তুলে ফিতে দিয়ে বাঁধা হয়। দেখতে কলার মতো লাগে] a style of hair-do of girls (মেদিনী ২৯) [কলকাতা, হাওড়া, চব্বিশ পরগনার কোথাও কোথাও একে 'কলা বিনুনি' বলে]

কান্ ভাঁঙানি kan bʰãŋani ক্রি বিণ কু-পরামর্শ earwigging (বর্ধমা ১০)

কান্‌ভার্ kanbʰar বিণ বধির ['বধির'-এর যথার্থ প্রতিশব্দ 'ঠশা'। কিন্তু এই শব্দটির ব্যঙ্গাত্মক ব্যঞ্জনা থাকায় শিষ্ট প্রয়োগে বলা হয় কান্‌ভার্] deaf [used in polite sense] (পদিনা ১০)

কান্ ভির্ ভিরা kan bʰirbʰira দ্র কান্ ঝাপ্‌সা লাগা (দার্জিলি ৩)

কান্‌মন্‌তর্ খ্যালা kanmɔntɔr kʰæla দ্র কান্‌ফুসকি খ্যালা (মেদিনী ৭)

কান্ মলান্ দেওয়া kan mɔlan deŏa দ্র কান্ ডোলি দেওয়া (চব্বিশ ২১)

কান্ মাচ্ kan mac দ্র কাঁদিয়া মাছ্ (চব্বিশ ২২)

কান্ মুড়া kan muɽa দ্র কান্ ডোলি দেওয়া (মেদিনী ২০, ২১, ২৮)

কান্‌মুড়ি দেওয়া kanmuɽi deŏa দ্র কান্ ডোলি দেওয়া (মেদিনী ১৬)

কান্‌মুতো kanmuto দ্র কান্‌কো পাটি, কান্‌গুঁতো (বর্ধমা ২, ২০ হাওড়া ১, ৮ হুগলি ৮)

কান্‌মুথা kanmutʰa দ্র কান্‌কোপাটি, কান্‌গুঁতো (পদিনা ১৩ বাঁকুড়া ১৮ মেদিনী ২৯)

কান্‌মুথো kanmutʰo দ্র কান্‌কোপাটি, কান্‌গুঁতো (মুর্শিদা ২ বাঁকুড়া ১২, ১৫, ১৮) কান্‌মুথোয় চড়ালে--কানের গোড়ায় চড় মারল (মুর্শিদা ২)

কান্‌মুয়া kanmua দ্র কান্ ডোলি দেওয়া (মেদিনী ২৮)

কান্‌মুহা kanmuha বিণ কাঁদো কাঁদো [ভাব] a look like crying কান্‌মুহা হোলা স্যা নেই হোতো, সাচ্‌চা বাত্ বোল্--কাঁদো কাঁদো হয়ে থাকলে চলবে না, সত্যি কথা বল্ (মালদা ৯) [< কান = কান্না, মুহা = মুখ শব্দজ]

কান্ মোচ্‌রা kan mocra দ্র কান্ ডোলি দেওয়া (পদিনা ১)

কান্ মোচড়্ kan mocɔɽ বি গরুর কানে দড়ি বাঁধার পদ্ধতি a method of tying rope to the ears of a cow (জলপা ৪)

কান্ মোড়া kan moɽa দ্র কান্ ডোলি দেওয়া (চব্বিশ ২১, ২৪)

কান্‌মোল্ kanmol দ্র কান্ মোচড়্ (মালদা ১১)

কান্‌র kanrɔ ক্রি বিণ কানে in the ear কান্‌র দুল্‌টা ভারি দে--কানে দুলটা পরিয়ে দে (মেদিনী ২)

কান্‌লো kanlo ক্রি বিণ কানে কানে [secret talking] in whispers কান্‌লো চুপ্‌চুপ্‌কি কথা--কানে কানে ফিস্‌ফিস্ কথা (মেদিনী ৩০)

কান্‌শা kanʃa দ্র কান্[৪], কান্‌কাইছা (বর্ধমা ২৬)

কান্‌শাপ্‌টা kanʃapta বি মাফলার comforter ; an woolen scarf worn round the necks ; a muffler (পদিনা ১০) < ইং muffler

কান্‌শিকা kanʃika বি একপ্রকার গাছ a type of tree [মাথা ব্যথা হলে এই গাছের পাতার রস নাক দিয়ে টানলে মাথা ব্যথা সেরে যায়] (জলপা ৭)

কান্‌শিড়া kanʃiɽa র কান্‌কোপাটি, কান্‌গুঁতো কানশিড়াটায় পাঁজে চড়া—ঠিক কানের পাশে চড় মার্‌ (মেদিনী ৩২)

কান্‌শিরা kanʃira র কান্‌[৪], কান্‌কাইছা (বর্ধমা ২৬)

কান্‌শিরা kanʃire র কান্‌কোপাটি, কান্‌গুঁতো (বাঁকুড়া ৫)

কান্‌শিসা গাচ্‌ kanʃisa gac বি তিল জাতীয় বুনো গাছ an wild tree akin to sesame *[Sisamum indicum]* (কোচবি ১)

কান্‌ত্থা[১] kanʃukʰa র কান্‌[৪], কান্‌কাইছা (পদিনা ১২)

কান্‌ত্থা[২] kanʃukʰa র কান্‌কোপাটি, কান্‌গুঁতো (পদিনা ১২)

কান্‌তুঁটি kanʃũti র কান্‌বিয়েনি (বাঁকুড়া ১২)

কান্‌তর্‌কি kanʃurki বিণ খুব আস্তে বলা কথাও শুনতে পায় এমন ব্যক্তি a man of sharp hearing (পদিনা ১২)

কান্‌তল্‌কা kanʃulka বি একপ্রকার তীব্র বিষধর সাপ [উত্তরবঙ্গে এই সাপ বেশি দেখা যায়। এক বিঘৎ লম্বা বিষধর, ঘরের চালে থাকতে ভালোবাসে] a small venomous snake [usually lives in thatch of house, found in North Bengal] (মালদা ২, ৭)

কান্‌তল্‌কি kanʃulki র কান্‌তল্‌কা (জলপা ১, ৪, ৬)

কান্‌তুলি kanʃuli বি জোয়ালের অংশবিশেষ [জোয়ালের দুইদিকের এই অংশ দুটিতে দড়ি বাঁধা থাকে, যার এক প্রান্ত বলদের গলায় বাঁধা হয়] pegs of an yoke (মুর্শিদা ১১)

কান্‌শোবা kanʃoba র কান্‌কোপাটি, কান্‌গুঁতো (বীরভূ ১১)

কান্‌শোলি kanʃoli র কান্‌তুলি (মালদা ১)

কান্‌শ্যাকা kanʃaka র কান্‌কাইছা (পদিনা ৫)

কান্‌সবা kansoba র কান্‌কোপাটি, কান্‌গুঁতো কান্‌সবায়ে চড়ালে—কানের গোড়ায় চড়মারল (মুর্শিদা ২)

কান্‌সারা kansara র কান্‌[৪], কান্‌কাইছা (বর্ধমা ১৩, ১৮, ২৬)

কান্‌সিড়া kansiɽa বি একপ্রকার ঘাস [পুকুর পাড়ে হয়। এই ঘাস এবং হিঞ্চে শাক সিদ্ধ করে কুঁড়োর সঙ্গে জল মিশিয়ে গরুকে খাওয়ালে গরু বেশি দুধ দেয়] a kind of grass [used as a herbal medicine to increase milk of a cow] (মেদিনী ৬, ১৯, ২১, ২৬, ৩৫)

কান্‌সুর্‌কি kansurki র কান্‌তল্‌কা (জলপা ১)

কান্‌সুসা kansusa বিণ কানের পাতা খুব বড় এমন ব্যক্তি a man with a large flap of ear (মুর্শিদা ২৩)

কান্‌সোড়া kansoɽa র কান্‌[৪], কান্‌কাইছা (পুরুলি ১৬)



কান্‌তুলি

কান্‌সোপা kansopa র কান্‌কোপাটি, কান্‌গুঁতো (মুর্শিদা ২৩)

কান্‌হল্‌ kanhol র কান্‌তুলি, কান্‌শোলি (পদিনা ২, ৮)

কান্‌হা kanha বি কাঁধ shoulder (মালদা ৮)

কান্‌হু kanhu বি গুড় তৈরি করার কারিগর [এই কারিগরের সহকারীকে বলা হয় নিম্‌ কান্‌হু] the skilful worker who prepares molasses (মুর্শিদা ২২)

কানর্‌[১] kanar বিণ কানের of ear কানর্‌ অন্‌তি—কানের [অন্তি একপ্রকার অলংকার] (জলপা ৭)

কানর্‌[২] kanar বি মাঠ field (পদিনা ৮)

কানা[১] kana ক্রি কাঁদা to cry (মালদা ১০, ২৪)

কানা[২] kana বিণ পোকা লাগা worm-eaten কানা বেগুন্‌—পোকা লাগা বেগুন (হুগলি ৮)

কানা[৩] kana বি সুঁচের ছিদ্র eye of a needle (মেদিনী ৩৩)

কানা[৪] kana বি হুঁকোর মুখ mouth or nozzle of a hubble-bubble (মালদা ১১)

কানা[৫] kana বি ছেঁড়া ন্যাকড়া tattered cloth (মেদিনী ৭, ১২, ১৫, ২৭, ৩৪, ৩৫ হাওড়া ১০) কানা কাপোড়্‌—ছেঁড়া কাপড় (হাওড়া ১০)

কানা[৬] kana ১ র কাদা[১] (পদিনা ১৪ চব্বিশ ১৪, ১৬, ১৭ মেদিনী ১১ হাওড়া ৩ হুগলি ৮) ২ মাটির কলসির ভাঙা টুকরো pieces of broken earthen-pitcher (বর্ধমা ৫ বীরভূ ৯)

কানা[৭] kana বি কিনারা [পুকুরের জলের] প্রান্তভাগ edge of [water in a pond] (পদিনা ১৪ বর্ধমা ৯) র কাঁদা[৪]

কানা[৮] kana বিণ স্রোতহীন মজা নদী a silted up river কানা দামোদর্‌—মজা দামোদর নদী (হুগলি ৪)

কানা[৯] kana বি ক্ষেতের অসমাপ্ত কাজ [বীজ ফুরিয়ে যাওয়া বা রাত্রি হওয়ার কারণে ক্ষেতের কোনো রোপণ কার্য অসমাপ্ত থাকলে, তাকে বলে 'কানা'] partly unfinished work of transplantation (হুগলি ৪)



কানাচ্[৬]

কানা[১০] **kana** বি গর্ত বা ছিদ্র (দার্জিলি ৪ পদিনা ৩, ৪, ৯, ১৫ বাঁকুড়া ১৩, ১৫ মালদা ১১ মেদিনী ৩, ৭, ৮, ৯, ১২, ১৩, ১৭, ২৫, ২৯, ৩৫) হাঁড়িটা কানা হয়ে গেছে—হাঁড়িটা ফুটো হয়ে গেছে (বাঁকুড়া ১৩) কানা দিয়ে ইপাহার্ থেকে উপাহার্ দ্যাখ্যা যাহা—গর্ত দিয়ে এপার থেকে ওপার পর্যন্ত দেখা যাচ্ছে (মালদা ১১) বাল্তিটা কানা হয়্য গ্যালাহ্য—বালতিটা ফুটো হয়ে গেল (মালদা ১১) কানা কোরে দিলম্—ফুটো করে দিলাম (মেদিনী ৩) কানা হোই গ্যালা—গর্ত বা ফুটো হয়ে গেল (মেদিনী ৮) পাতাটা কানা—পাতাটা ফুটো বা ছেঁড়া (মেদিনী ৯) কানা হওয়া—বাসনে ফুটো হওয়া (মেদিনী ১৩, ১৭) কানা করে দিল—ফুটো করে দিল (মেদিনী ২৫) ~ **কঁচা kana kõca** বিণ পোকা লাগা বা পচা সব্জি worm-eaten or rotten vegetable (বাঁকুড়া ৫) ~ **করা kana kɔra** ক্রি ছিদ্র করা to make a hole, to drill a hole (পদিনা ২)

কানাকাটি kanakaṭi বি দেশলাই কাঠি match-stick (বর্ধমা ২)

কানা কানা kana kana ক্রি বিণ কানায় কানায় full to the brim জল্ উপ্রে গ্যাল কানা কানা—জল উপ্চে গেল কানায় কানায় (পদিনা ৬)

কানা কুকুরি kana kukuri বিণ রাতকানা night-blind, nyctalopic (জলপা ৭)

কানাখুর্ kanak^{h}ur বি উপক্ষুর্ [গরুর ক্ষুরের উপরে থাকে] an upper hoof of cattle (নদীয়া ৯) বর্ধমা ২ বাঁকুড়া ১৯) দ্র আল[৯]

কানাংলা kanaŋla বি চুক্লিখোর [একের কথা অপরকে অতিরঞ্জিত করে লাগায়, এমন স্ত্রী বা পুরুষ] a tale-bearer, back biter (পদিনা ১০)

কানাচ্[১] **kanac** দ্র কাতা[৫] (বাঁকুড়া ১১)

কানাচ্[২] **kanac** বি তাল বা খেজুর রসের কলসির মুখে বাঁধা দড়ি [খেজুর গাছে হাঁড়ি বা কলসি পাতার জন্য হাঁড়ি বা কলসির মুখে বিশেষ ধরনের দড়ি বাঁধা হয়] the rope tied at the neck of the pitcher, used for collecting juice of palm-tree (হাওড়া ৩, ১০)

কানাচ্[৩] **kanac** দ্র কাতি[৪] (বর্ধমা ৬)

কানাচ্[৪] **kanac** বি একপ্রকার নালা [পুকুর বা বাঁধ থেকে জল নির্গমনের জন্য নালা কাটা হয়] a duct cut for outflow of water from a pond or a water-catchment (বাঁকুড়া ৫)

কানাচ্[৫] **kanac** দ্র কাঁদার্ (চব্বিশ ২৩, ২৪ নদীয়া ৫ হাওড়া ১০ হুগলি ১৬)

কানাচ্[৬] **kanac** বি পাত্রের কানা [হাঁড়ি, কল্সি ইত্যাদির] (হাওড়া ১) তু আ বা কানা < সং কর্ণ

কানাচ্ পাতা kanac pata ক্রি আড়ি পাতা to eavesdrop (নদীয়া ৫ চব্বিশ ১ বর্ধমা ৬) কানাচ্ পেতে কি শোন্চো?—আড়ি পেতে কি শুনছো? (নদীয়া ৫)

কানাচি[১] **kanaci** দ্র কানাচ্ পাতা কানাচি দিয়ে কতা শুন্চে—আড়ি পেতে কথা শুন্ছে (বর্ধমা ২, ৬)

কানাচি[২] **kanaci** দ্র কাঁদার্ (চব্বিশ ১১ নদীয়া ৫)

কানাচি[৩] **kanaci** দ্র কান্[৪], কান্কাইছা (বর্ধমা ১২, ১৫, ১৬ মেদিনী ১৭ হাওড়া ৬)

কানাচি[৪] **kanaci** দ্র কানাচ্[২] (হাওড়া ৩)

কানাচি[৫] **kanaci** দ্র কাদা[১] (নদীয়া ৪)

কানাচি দিয়ে শুনা kanaci die ʃuna দ্র কানাচ্ পাতা আমি কানাচি দিয়ে সব শুনে ফেললাম—আমি আড়ি পেতে সব শুনে ফেললাম (মুর্শিদা ১৬)

কানাচি দেয়া kanaci dea দ্র কানাচ্ পাতা, কানাচি দিয়ে শুনা (বর্ধমা ৫)

কানাচি পাতা kanaci pata দ্র কানাচ্ পাতা (বর্ধমা ২)

কানাছি kanac^{h}i দ্র কান্[৪], কান্কাইছা (বাঁকুড়া ৮)

কানাজিঁয়া kanaĵia বি একজাতীয় কাঠপিঁপড়া a species of ant living on trees (মেদিনী ১৫)

কানাডিঙা kanaḍiŋa বি একজাতীয় কালো পিঁপড়া [সারিবদ্ধভাবে চলে। সাধারণত জঙ্গলে থাকে। বিষ আছে। কামড়ালে ভীষণ জ্বালা করে] a variety of jungle-living venomous black ant (মেদিনী ৯)

কানাডিঙে পিঁম্ড়ে kanaḍiŋe pĭmṛe বি একধরনের পিঁপড়ে [ডেঁয়ো পিঁপড়ের মতোই দেখতে। কালো রঙ, তবে বেশি মোটা নয়। বর্ষাকালে এগুলি খুব বেশি দেখা যায়। কামড়ালে খুব জ্বালা করে] a variety of ant (হুগলি ৫)

কানাডে kanaḍe দ্র কানাডিঙে পিঁম্ড়ে (বাঁকুড়া ৮)

কানাড়া kanaṛa বিণ অন্তঃসত্ত্বা pregnant মেয়েটা কানাড়া হোইল্চে—মেয়েটি অন্তঃসত্ত্বা হয়েছে (বীরভূ ১১)

কানাড়ি পাতা kanaṛi pata দ্র কানাচি পাতা (চব্বিশ ৯)

কানাত্[১] kanat দ্র কাদা[১], কানা[৬] (হাওড়া ১০)

কানাত্[২] kanat ক্রি বিণ কানে in the ear কানাত্ অন্তি পরেসে—কানে অন্তি [নামক অলংকার] পরেছে (জলপা ৭)

কানা নোটে kana noṭe বি একপ্রকার সাদা রঙের ছোট নটে শাক a variety of edible herb (হাওড়া ৩)

কানা নাঠি kana naṭʰi বি একপ্রকার মাছ ধরার সরঞ্জাম [বাঁশের তৈরি] a fishing trap made of bamboo (জলপা ৫)

কানা পাইসা খ্যালা kana paĭsa kʰæla বি ছেলেদের একপ্রকার গ্রামীণ খেলা [মাটিতে একটি ছক কেটে দুই বা ততোধিক ছেলে একক মুন্সিয়ানায় খেলে। উপকরণ খুচরো পয়সা। অ আ দাগে দাঁড়িয়ে একে একে উভয়েই গ ঘ দাগের দিকে নির্দিষ্ট মূল্যের পয়সা ছোঁড়ে। যার পয়সা গ ঘ দাগের যত কাছে থাকে সে প্রথম দান পায়। সে দুটি মুদ্রাই তুলে এনে অ আ দাগে দাঁড়িয়ে ক খ রেখা অতিক্রম করে লম্বা ঘরটির মধ্যে ছুঁড়ে দেবে। এবার নিজের একটি পৃথক সমমূল্যের মুদ্রা দিয়ে আগের ছুঁড়ে দেওয়া দুটি মুদ্রার একটিকে মারবে। যদি ঠিক মারতে পারে তবে সেটি তার হয়ে গেল। এবার দ্বিতীয়টিকে মারবে। ঠিক লাগলে নিয়ে নেবে। যদি কোনোবার না লাগে তবে তৎক্ষণাৎ দ্বিতীয় প্রতিযোগী ঐভাবে মারবে। প্রথমের দুটি পয়সাই অধিগত হয়ে গেলে পুনরায় খেলা হবে নতুন করে। কে কত বেশি পয়সা উপার্জন করতে পারল—এই খেলায় সেটাই দেখা হয়]



a kind of rural game with coin (জলপা ৯)

কানা পিঁপ্‌ড়ে kana pĭpṛe দ্র কানাডিঙে পিঁম্‌ড়ে (চব্বিশ ১, ১৮, ৩৭)

কানাপুক্‌র‍্যা kanapukræ বিণ পোকায় খাওয়া জিনিস worm-eaten (মুর্শিদা ৬)

কানা পুট্‌ঠি kana puṭṭʰi বি ছোট জাতের পুঁটিমাছ a variety of tiny fresh-water fish (মুর্শিদা ২৩)

কানা পুঁঠি kana pũṭʰi দ্র কানা পুট্‌ঠি (মুর্শিদা ২৩)

কানাফেটিয়া ভাত্ kanapʰeṭia bʰat বি আধসেদ্ধ ভাত half boiled rice (জলপা ৮)

কানা বক্ kana bɔk বি একজাতীয় বক [সাধারণ বক অপেক্ষা ছোট। ধূসর বর্ণের সঙ্গে সাদা ছিট থাকে গায়ে। জলাশয় বা পুকুরের ধারে শিকার ধরার জন্য বসে থাকে।

কানামাচি খ্যালা

সাধারণত এরা রাতেই শিকার ধরে। একে 'কোঁচ্ বক্'ও বলে] a variety of heron (হাওড়া ১)

কানা বগ্ kana bɔg দ্র কানা বক্ (বাঁকুড়া ৩, ২৪)

কানা বগ্‌লা kana bɔgla দ্র কানা বক্ (মালদা ৪)

কানা বাঁস্ kana bãs বি যে বাঁশের ডগা নষ্ট হয়ে গেছে a bamboo with rotten tip (বর্ধমা ৬)

কানা বোগ্‌লি kana bogli দ্র কানা বক্ (মুর্শিদা ১১)

কানা মাচি kana maci বি ডাঁশ মাছি the gadfly, the gnat (পুরুলি ৪)

কানামাচি খ্যালা kanamaci kʰæla বি একপ্রকার খেলা [অনেকজন মিলে খেলা হয়। একজনকে চোর খেলোয়াড় করা হয়। তার চোখ কাপড় দিয়ে বেঁধে দেওয়া হয়। চোখ বাঁধা অবস্থায় ঐ খেলোয়াড় অন্যদের ধরবার চেষ্টা করে। যাকে সে ছুঁতে পারবে সে তখন চোর হবে, এর চোখ খুলে দেওয়া হবে] blind-man's buff (জলপা ৪, ৭ মেদিনী ৩)

কানা মাঠি বাঁশ্ kana maṭʰi bãʃ বি গাঁট চাঁচা হয়ে গেছে এমন বাঁশ a thoroughly scraped bamboo এই বাঁশের্ কানাটা মেঠে দে—এই বাঁশের গাঁটটা চেঁচে দে (মালদা ৬)

কানামুড়ি[১] kanamuṛi বি উনুনের মুখ the mouth of an oven (বাঁকুড়া ১৮)

কানামুড়ি[২] kanamuṛi বি মাটির হাঁড়ি, কলসি প্রভৃতির মুখের ভাঙা অংশ a broken brim of earthenwares (বাঁকুড়া ১৮)

কানা মেটুলি (সাপ্) kana meṭuli (sap) বি একপ্রকার নির্বিষ সাপ [সাধারণত জলে থাকে। গায়ের রঙ কালো ও হলুদ মেশানো। মাথা ও লেজের দিক সরু। তুলনায় পেট বেশ মোটা। লম্বা একহাত মতো] a variety of non-venomous snake (হাওড়া ১, ৮ হুগলি ৯, ১১)

কানাড়ি পাতা kanaṛi pata দ্র কানাচি পাতা (চব্বিশ ১২)

কানারি পেতে শোনা kanari pete ʃona দ্র কানাচি পাতা (চব্বিশ ১৪)



কানি গুদুড়ি

কানালি জোমি kanali jomi বি চাষের সেরা জমি [এখানের ভূপ্রকৃতি ঢালু বলে চাষের জমিকে সরু সরু আল দিয়ে স্তরে স্তরে বিন্যস্ত করা হয়। তবেই চাষের উপযোগী জল জমিতে থাকতে পারে। ঢালু ভূখণ্ডের উপরের অংশের নাম 'বাইদ্'। তার নিচের অংশের নাম 'খাঁড়্' এবং সর্বনিম্নের অংশের নাম 'সোল্' জমি। এই তিন অংশের মধ্যে মাঝের অংশটির সাধারণত একটা অংশ উৎকৃষ্ট হয়। এই উৎকৃষ্ট অংশের নাম 'কানালি জোমি'] a fertile piece of agricultural land (পুরুলি ৩, ৫, ৯ বর্ধমা ৮ বাঁকুড়া ১, ৬)

কানাশ্ kanaʃ দ্র কান্[৪], কান্‌কাইছা (পুরুলি ৯)

কানাশি[১] kanaʃi দ্র কান্[৪], কান্‌কাইছা (বর্ধমা ৪ বাঁকুড়া ১৭ মেদিনী ৭)

কানাশি[২] kanaʃi বি একপ্রকার ফাঁসযুক্ত দড়ি [কলসি বা ভাঁড় ঝুলিয়ে ধরার জন্য এই দড়ি কলসি বা ভাঁড়ের গলায় পরিয়ে দেওয়া হয়। তাল-খেজুর গাছে কলসি পাতার সময়ও এই দড়ি ব্যবহার করা হয়। কানায় থাকে বলেই নাম 'কানাশি'] the rope tied at the neck of the pitcher (হাওড়া ৩) দ্র কানাচ্[২]

কানাস্ kanas দ্র কানাচ্[৪] (বাঁকুড়া ৭)

কানাসি[১] kanasi দ্র কান্[৪], কান্‌কাইছা (পুরুলি ৬ বর্ধমা ১৯ বাঁকুড়া ১১ হুগলি ৪)

কানাসি[২] kanasi দ্র কাদা[১] (হাওড়া ১০)

কানি[১] kani বি ন্যাক্‌ড়া, ছেঁড়া কাপড়ের টুকরো a piece of tattered cloth (চব্বিশ ৪, ১৫ পদিনা ৫, ৭, ১২ পুরুলি ১০, ১৩, ১৬ বর্ধমা ২, ৫, ৮, ৯, ১২, ১৩, ১৫, ১৯, ২০, ২৩ বাঁকুড়া ৭ বীরভূ ৩, ৪, ৫, ১১ মুর্শিদা ১১, ১৬, ১৭ মেদিনী ১৮, ২০, ২৪, ২৭, ২৯, ৩০, ৩২, ৩৪ হাওড়া ১, ৩, ৮ হুগলি ৫, ৮, ১০) ~ **চুনি kani cuni** বি ন্যাক্‌ড়া-ট্যাক্‌ড়া a piece of tattered cloth and like materials (মুর্শিদা ১৭ হুগলি ৬)

কানি[২] kani বি কিনারা edge (পদিনা ৭, ১০, ১২)

কানি[৩] kani বি নতুন ছিট্‌কাপড় new cotton printed dress-materials (বীরভূ ১০)

কানি[৪] kani বি ধানের আঁটি a bunch of paddy-plant (পদিনা ১৫)

কানি[৫] kani বি কোণ [চোখের, ঘরের, কাপড়-গামছা প্রভৃতির] corner of [an eye, cloth, room etc] (কোচবি ২, ৪, জলপা ৭)

কানি[৬] kani বি চোখের মণি pupil of an eye (মেদিনী ২০)

কানি[৭] kani বিণ কানা মহিলা a blind woman (পুরুলি ৯)

কানি[৮] kani বি থালার কানা বা প্রান্ত brim of a plate (জলপা ৭ মেদিনী ১, ৬, ১০, ২০, ২২, ২৬) কানি উঁচু থালা—উঁচু প্রান্ত বা কানাযুক্ত থালা (মেদিনী ১)

কানি[৯] kani বি আলুগাছের সারির দুপাশের গোড়ায় দুদিকে তুলে দেওয়া মাটি raised soil in the row of potato plantation (হুগলি ৯)

কানি[১০] kani বি কড়ে [আঙুল], কনিষ্ঠা little finger কানি লেঙ্গুল্—কড়ে আঙুল (জলপা ৮) কানি আংলি—কড়ে আঙুল (মালদা ১) কানি আঙুল্—কড়ে আঙুল্ (মুর্শিদা ১৫)

কানি আড়া kani aɽa ক্রি উঁকি মারা to peep কানি এড়ে দেখছে—উঁকি মেরে দেখছে (বাঁকুড়া ১২)

কানি খালি kani kʰali বি গরুর দাঁতের পাটির কোণের ছোট দাঁত [গরুর দাঁতের পাটির কোণে একটি দাঁত ছোট থাকলে তাকে 'কানি খালি' বলে। অল্প বয়সের জন্য এখনো কোণের দাঁত ওঠেনি বা ঈষৎ উঠেছে তাই কোণটি খালি] a small tooth of cow [so named, if a tooth is found smaller than the others of the row] (হাওড়া ১০)

কানি খিল্ kani kʰil বি গোরুর গাড়ির চাকার সরু লোহার খিল [গোরুর গাড়ির দুই চাকাকে লৌহদণ্ডের দুপাশে আটকাবার জন্য চাকার বাইরে লোহার সরু খিল গোঁজা থাকে। দেখতে বাংলা ৭ সংখ্যার মতো] a small peg of bullock cart [which keeps the wheels tied to the axel] (বাঁকুড়া ১৫)

কানি গুদুড়ি kani guduɽi বি গুয়ে শালিক pied-myna (পদিনা ১০)

কানিচুনি kanicuni দ্র কানি[১] (মুর্শিদা ১৭ হুগলি ৬)

কানিছিটা kanicʰiṭa বি নোংরা ন্যাকড়া dirty tattered cloth (বীরভূ ৩)

কানি ছিঁড়া kani cʰiɽa দ্র কানি[১] (মেদিনী ২৫)

কানি ছ্যাঁড়া kani cʰæ̃ɽa দ্র কানি[১] (মেদিনী ১৪, ৩৩)

কানিডগা kanidɔga বি রোয়া ধানগাছের গা থেকে গজানো নতুন চারা new sprouts grown from a transplanted paddy plant (হুগলি ১৫)

কানি নগুল্ kani nɔgul বি কড়ে আঙুল little finger (কোচবি ১)

কানি নেঙ্গুল্ kani neŋgul দ্র কানি নগুল্ (জলপা ১০)

কানি পুঠি kani puʈʰi বি একপ্রকার ছোট পুঁটি মাছ a variety of tiny fresh-water fish [*Barbus putino*] (দার্জিলি ২) দ্র কানা পুঠি

কানি বগ্‌লা kani bɔgla দ্র কানা বক্, কানা বগ্‌লা (মুর্শিদা ২)

কানি বগ্‌লাই kani bɔglai দ্র কানা বক্, কানা বগ্‌লা (মালদা ১১)

কানি বশা kani bɔʃa বি নখকুনি whitlow, a painful ingrowing nail (জলপা ৬)

কানি বোগ্‌লা kani bogla দ্র কানা বক্, কানা বগ্‌লা (মুর্শিদা ২২)

কানি বোগা kani boga দ্র কানা বক্ (জলপা ৭)

কানি মাটি kani maʈi বি আলুচাষের প্রথম অবস্থার মাটি denomination of the primary condition of soil related to potato cultivation (বাঁকুড়া ৯)

কানিমুড়ি kanimuɽi বি জলে ডুবুডুবু অবস্থা [জলে প্রায় ভর্তি] almost full of water to the brim বর্ষায় পুকুর্‌টা কানিমুড়ি হয়ে গেছে—বর্ষায় পুকুর্‌টা কানা পর্যন্ত জলে ভর্তি হয়ে গেছে (নদীয়া ৫)

কানিয়া kania বি কনে, নতুন বউ bride, newly-married bride (মালদা ৯) < সং কন্যা

কানিয়্যা kaniæ দ্র কানিয়া (মুর্শিদা ১১)

কানি লেই kani leĭ বি একধরনের নেহাই [কামারশালের লোহার তৈরি সরঞ্জাম] an anvil, stithy (বর্ধমা ২০ মেদিনী ২৭)

কানি সাঁতার্ kani sãtar বি কাত সাঁতার swimming sidewise (বর্ধমা ৬)

কানি হাতুড়ি kani hatuɽi বি একপ্রকার ছোট হাতুড়ি [এর একদিক সরু হয়] a small hammer (মেদিনী ৫)

কানিহাস্ kaniha∫ বি খোঁয়াড় pound for stray cattle (পুরুলি ৫)

কানুই kanuĭ বি বাঁশের কঞ্চি a bamboo twig (পুরুলি ৪)

কানুতি kanuti বি কানমলা act of pulling one's ear কানে কানুতি দিয়ে লিয়ে যাবো—কানে কানমলা দিয়ে নিয়ে যাব (বর্ধমা ৫)

কানুনিয়া kanunia বি চুলকানি itching sensation (মেদিনী ২)

কানুয়া kanua বি একপ্রকার মাটির ঘটি [এতে শুধু দুধই মাপা হয়। আধপোয়া কিংবা আড়াই লিটার পরিমাণ দুধ ধরে এতে] an earthen pitcher used to measure milk (মেদিনী ২)



কানের্ ফেসা

কানে ব্যাংটা দেওয়া kane bæŋʈa deŏa ক্রি গরুর কানে দড়ি বাঁধা to tie a rope in the ears of cow (হাওড়া ১০)

কানে মোড়া kane moɽa দ্র কান্ ডোলি দেওয়া (নদীয়া ৬)

কানের্ খুয়া kaner kʰua বি কানের ময়লা ear-wax (মেদিনী ২৮)

কানের্ খোটি kaner kʰoʈi দ্র কানের্ খুয়া (পদিনা ২)

কানের্ তোল্ kaner tol বি কানের পাতা বা লতি the lobe or flap of the ear (মেদিনী ২৯)

কানের্ দুল্‌দুলি kaner dulduli দ্র কানের্ তোল্ (মালদা ১১)

কানের্ পাত্‌না kaner patna দ্র কান্‌পাত্ (মেদিনী ৩)

কানের্ পাতি kaner pati দ্র কানের্ তোল্ (বীরভূ ১)

কানের্ পেটি kaner peʈi দ্র কানের্ তোল্ (বর্ধমা ২, ২৫)

কানের্ পেতি kaner peti দ্র কানের্ তোল্ (বর্ধমা ৪ মেদিনী ৭)

কানের্ ফুল্ kaner pʰul দ্র কান্‌কুড়ো[১] (পদিনা ৯)

কানের্ ফেসা kaner pʰesa বি কানে পরার অলঙ্কার [বাচ্চা মেয়েদের কান ফুটো করার পর প্রথম এই পেতলের বা সোনার রিং পরিয়ে দেওয়া হয়] an earring (মেদিনী ১৪)

কানের্ বালি kaner bali বি কানে পরার অলঙ্কার an ornament worn in ear (মালদা ৯)

কানের্ বিদ্ kaner bid বি কর্ণকুহর ear-hole (বর্ধমা ৯)

কানের্ মুর্‌কি kaner murki বি কানের গর্তের উপরের ছোট পাতা a part of outer-ear (বর্ধমা ২)

কানের্ মোনি kaner moni দ্র কানের্ তোল্ (পদিনা ২, ৭)

কানের্ হাঁড়ি kaner hãɽi দ্র কানের্ বিদ্ (বর্ধমা ৯, ২৫ হাওড়া ১০)

কানে রস্ kane rɔs বি কানের একপ্রকার অসুখ [কানে ব্যথা হয়। সাধারণত কানে জল ঢুকলে এটি হয়। নীলের বড়ি



কানোন্

দিয়ে কানের পাশে রঙ করে দিলে বেদনার উপশম হয়] a disease in ear (মেদিনী ২৮)

কানোই kanoĭ বি চাকশালে মাটির গামলার তলায় জমে থাকা কাদা clay sedimented in the water-bowl of potter (মালদা ৬)

কানোচ্ kanoc বি শিঙিমাছ [বড় আকারের] a variety of cat-fish *[Heteropnantes fossilis]* (পদিনা ৭, ১২)

কানোড়্ kanoɽ বি কাজ work, duty কানোড়্ যাচ্ছি—কাজে যাচ্ছি (পদিনা ২)

কানোন্ kanon বি জোয়ালের অংশবিশেষ [লোহার বা বাঁশের সরু লাঠি] a part of an yoke (পদিনা ২)

কান্যা kanæ অ জন্য for হামার্ কান্যা লি আসিস্—আমার জন্য নিয়ে আসিস্ (মালদা ৫)

কান্দ্ kand দ্র কান্দ্ ১ কান্দ্ ২ (চব্বিশ ১০ মেদিনী ১১, ১২, ২৫)

কান্দ্রা kandra দ্র কাঁদুড়া [ছানা], কাঁদুনিয়া, কান্দ্রা (বাঁকুড়া ১৬)

কাপ্[১] kap বি শোলার ছিপি a stopper made of spongewood (পদিনা ১০)

কাপ্[২] kap বি ছড়া a cluster এ্যাক্ কাপ্ কলা—এক ছড়া কলা (বীরভূ ৩)

কাপ্[৩] kap বি কাপট্য, ভান, ছলনা pretence কাপ্ মেরে শুয়ে আছে—ভান করে শুয়ে আছে (চব্বিশ ১২ মুর্শিদা ২৪)

কাপ্[৪] kap বিণ বাণ্ডিল a bundle এ্যাক্ কাপ্ বিড়ি দাও—এক বাণ্ডিল বিড়ি দাও (কোচবি ২)

কাপ্[৫] kap বি শোলার বাণ্ডিল [শোলার পাত জড়িয়ে জড়িয়ে তৈরি করা হয়] a bundle of spongewood (চব্বিশ ১১)

কাপ্[৬] kap বি কাঁপুনি tremor, trembling কাপ্ হইয়েছে—কাঁপুনি হয়েছে (চব্বিশ ৩৭) < কম্পন

কাপ্[৭] kap বি কৌতুক, রসিকতা fun, joke আর্ কাপ্ দিস্ না—আর রসিকতা করিস না। লোক্টা কাপ্ দিচ্ছে—লোকটা (সং সেজে) কৌতুক করছে (মুর্শিদা ১৭) তু সাঁও কাপ (campbell)

কাপ্কলা kapkɔla দ্র কাপ্[৩] (বাঁকুড়া ১২)

কাপ্টি kapṭi বি পাটকাঠি stalk of jute plant used as fuel (মেদিনী ৮)

কাপ্টি খাওয়া kapṭi kʰaŏa ক্রি ধান বপনের পরে ধানের উপরে আলগা মাটি বৃষ্টির ফলে জমে শক্ত হয়ে যাওয়া hardening of loose soil over sown seeds at seed-bed (জলপা ১)

কাপ্টে kapṭe বিণ কৃপণ a miser ঢের্ ঢের্ কাপ্টে দেখেছি, তোর্ মত দেখিনি—ঢের ঢের কৃপণ দেখেছি, তোর মতো দেখিনি (নদীয়া ৯ বর্ধমা ৫ মুর্শিদা ১৪) তু আ বা কিপ্টে

কাপ্ড়া[১] kapɽa বি কাপড় cloth (জলপা ৬, ৯ পদিনা ২) কাপ্ড়াখানত্ মোলি পোড়ে গ্যাহা—কাপড়খানা ময়লা হয়েছে (পদিনা ২) কাপ্ড়ালা ডাঙায়ে ধোয়ে শুকা দিবেন—কাপড়গুলো পিটিয়ে ধুয়ে শুকোতে দেব (পদিনা ২) ~ **গালা kapɽa gala** ক্রি কাপড় নিঙড়ানো to squeeze out (পদিনা ২)

কাপ্ড়া[২] kapɽa বি গলকম্বল [গরু, মোরগ প্রভৃতির গলার ঝুলন্ত অংশ] dewlap (of cows), wattle (of cock) (মেদিনী ৩)

কাপ্ড়ি[১] kapɽi দ্র কাপ্ড়া[২] (বীরভূ ৫ মেদিনী ৯)

কাপ্ড়ি[২] kapɽi বি মাটির তৈরি পাত্র বিশেষ [এতে রস জ্বাল দেওয়া হয়] earthen ware [in which extracted juice of palm tree is boiled to make molasses] (চব্বিশ ২৭)

কাপ্না কাটা kapna kaṭa ক্রি বাক্যবাণে জর্জরিত করা [কথার মাধ্যমে তীব্র আঘাত দেওয়া] to hit somebody by tormenting language ওকে এ্যাক্বারে কাপ্না কেটে দিচ্ছে—ওকে একেবারে বাক্যবাণে জর্জরিত করে দিচ্ছে (চব্বিশ ৩১)

কাপ্পেন্ kappen দ্র কাপ্টে (নদীয়া ২) < কৃপণ

কাপ্রা kapra বি আছাঁটা চাল unhusked rice (মেদিনী ১৫)

কাপ্রাঙ্গা kapraŋga বি কামরাঙা an edible sour fruit [*Averrhoa carambola*] (পদিনা ৮)

কাপ্সা kapsa বিণ ধূলিমলিন [দেহ] dirty [body] (পুরুলি ৪)

কাপড়্[১] kapɔɽ দ্র কাপ্ড়ি[১] (মেদিনী ২৯)

কাপড়্[২] kapɔɽ বি পোশাক, কাপড় dress (পদিনা ২, ৩, ৯) টিল্টিলিয়া কাপ্ড়ালা পিন্চ্যে—টিলেঢালা পোশাক পরেছে (পদিনা ২) কাপ্ড়াখান্ ছিরিয়্যে গেল—কাপড়টা

ছিঁড়ে গেল (পদিনা ৩) কাপড়্খান্ অশার্ দেও--কাপড়টা মেলে দাও (পদিনা ৯) দ্র কাপ্ড়া[১]

কাপড়্ছানা kapɔɽchana বি কুঁড়াজালি [চিংড়ি মাছ ধরার একপ্রকার জালবিশেষ। বাঁশের দুটি বাতা (লম্বা প্রায় ছয়-সাত ফুট) নেওয়া হয়। এই দুটি বাতার মাঝখানে বাঁকিয়ে চতুর্মুখী করা হয়। এবার মাঝে যেখানে দুটি বাতার সংযোগ হয়েছে, সেখানে একটি বাঁশের লম্বা লাঠির মাথা রেখে তিনটিকে একত্রে শক্ত করে বাঁধা হয়। বাতার যে চারটি মুখ হয়েছে, সেখানে ঐ মাপে চারকোণ বিশিষ্ট একটি পাত্লা কাপড় (অনেকে মশারির কাপড় ব্যবহার করে) বেঁধে দেওয়া হয়। এবার দুটি বাতা ও লম্বা লাঠির মাথা যেখানে বাঁধা হয়েছে, সেখানে ঐ লম্বা লাঠির মাপে একটি শক্ত দড়িও বাঁধা হয়। দড়িটি লাঠির অপর প্রান্ত যেখানে আছে, সেখান পর্যন্ত থাকে। এবার পুকুর-ডোবা বা ঐ জাতীয় স্থির জলে চিংড়ি মাছ ধরার জন্য কাপড়-বাঁধা বাতার খাঁচাটি জলে অর্ধেক ডুবিয়ে রাখা হয় এবং লাঠির প্রান্তভাগটি কিনারের মাটিতে অল্প পরিমাণে গেঁথে দেওয়া হয়। আর দড়ির প্রান্তভাগটি লাঠির প্রান্তভাগের কাছে একটি ছোট কাঠিতে বেঁধে কিনারের মাটিতে পুঁতে দেওয়া হয়। এরপর চিংড়ি মাছের খাবার হিসেবে কুঁড়ো-মাখা দেওয়া হয়। সাধারণত দশ-পনের মিনিট পরে দড়ির গোছটি তুলে, দড়ি ধরে আস্তে আস্তে জলের উপর থেকে তোলা হয়। এই সময় পায়ের পাতা দিয়ে লাঠির প্রান্তভাগটি চেপে রাখা হয়। মাছগুলি তুলে নিয়ে পুনরায় জালটি ঐ স্থানে ঐভাবে পেতে দেওয়া হয়] a kind of small fishing-net (চব্বিশ ১১)

কাপন্ kapɔn বি (মুসলমানদের) মৃতদেহ ঢাকা দেওয়ার নতুন বস্ত্র a shroud (মুর্শিদা ১৭) < আ কফন, কাফন

কাঁপর্ খুঁটি kãpɔr khũṭi বি কামারশালের হাপরের অংশবিশেষ a part of furnace of a smithy (চব্বিশ ৩৭)

কাপা[১] kapa বি ফানেল [তেল ইত্যাদি বোতলে বা পাত্রে ঢালার জন্য ব্যবহৃত টিনের তৈরি সরঞ্জাম] a funnel (চব্বিশ ৭)

কাপা[২] kapa বি উত্তরবঙ্গে ব্যবহৃত মেয়েদের বস্ত্রবিশেষ [এটি বিশেষ ধরনের ছোট শাড়ি। লম্বা সাড়ে তিনহাত, চওড়া আড়াই হাত। এই শাড়ি মেয়েরা বুকের উপর গিঁট দিয়ে বেঁধে পরে। জলপাইগুড়িতে একে বলে 'ফোতা' আর শিলিগুড়িতে 'পাটানি'] women's wear used mainly in the northern part of Bengal (পদিনা ৩, ১৩, ১৫ মালদা ৭) দ্র কাপা (দাস)

কাঁপা[১] kãpa দ্র কাপা[১] (চব্বিশ ৩৭ নদীয়া ১১)



কাপড়্ছানা

কাঁপা[২] kãpa বি লাটাই bobin (চব্বিশ ৩১)

কাঁপা[৩] kãpa বি বৃহদাকার ঘেরাটোপ বিশেষ [একাধিক ধানভর্তি বস্তা রাখার জন্য কাঠ ও দড়ি দিয়ে তৈরি। ধানভর্তি বস্তা 'কাঁপা'র মাঝখানে রেখে আটকে দেওয়া হয়। দড়ির অংশে বস্তাটি রেখে 'ডাঙি' বা কাঠটির সঙ্গে দড়ি দিয়ে বেঁধে দেওয়া হয়। এইভাবে একাধিক বস্তা 'কাঁপা'-য় রেখে সম্পূর্ণ 'কাঁপা'টি বলদের পিঠে চাপানো হয়] a net to hold a number of sacks full of paddy (মেদিনী ১১, ২০)

কাঁপা[৪] kãpa বি ছোট খুঁটি বিশেষ [ধান ঝাড়াই করার পাটাতন রাখার জন্য বাঁশের ছোট ছোট খুঁটির মাথায় খাঁজ কাটা হয়। এই খাঁজে লাঠি রেখে তার উপর 'আগড়্' অর্থাৎ পাটাতন রাখা হয়] a small bamboo pole used to fixe platform for thrashing paddy (চব্বিশ ১১)

কাঁপা[৫] kãpa বি হাপর a furnace [of a smith] (চব্বিশ ৩৭)

কাঁপা কল্ kãpa kɔl বি বাঁশের তৈরি একপ্রকার সরঞ্জাম [দুটি বাঁশের ডগার দিক একে অপরের সঙ্গে আড়াআড়িভাবে যুক্ত করা থাকে। কৃষক, কুম্ভকার প্রমুখের কাজে ব্যবহৃত হয়] an equipment made of two long bamboos (চব্বিশ ৭)

কাঁপা কাঠি kãpa kaṭhi দ্র কাপ্টি (মেদিনী ৮)

কাপাট্ kapaṭ বি কাঠের দরজা wooden door (কোচবি ৩ দার্জিলি ৪ বর্ধমা ১৯ বীরভূ ৩ মালদা ১) তু আ বা কপাট

কাপাড়ি kapaɽi বি বাঁশের পাতলা বাতা বা চটা a thin and flat bamboo slip (দার্জিলি ৩)

কাপা তুলা kapa tula বি কার্পাস তুলা cotton [of *Gossypium herbaceum*] (মেদিনী ২০)

কাপানি kapani দ্র কাপ্[৬] (জলপা ১)

কাঁপানি kãpani দ্র কাপ্[৬] (মেদিনী ২৮)



কাঁপি[৪]

কাপার্ kapar বি কপাল forehead (মালদা ৯)

কাঁপার্ খুঁটি kãpar kʰũṭi দ্র কাঁপর্ খুঁটি (চব্বিশ ৩৭)

কাপাল্ kapal দ্র কাপার্ (জলপা ৭ পদিনা ২ মালদা ৭)

কাপাল্ চিতে গোরু kapal cite goru বি কপালে সাদা দাগওয়ালা কালো গরু a black cow having a white patch on its forehead (বীরভূ ১৩)

কাপালি[১] kapali বি দরজায় শিকল লাগাবার লোহার রিং an iron ring, used to hold the shackles of a door (মালদা ৯)

কাপালি[২] kapali বি খেজুর গাছের মাথার অংশ [রস সংগ্রহের প্রয়োজনে যে অংশ দা দিয়ে চেঁচে দেওয়া হয়] topmost part of a date-palm tree [this part is scrapped for extraction of juice] (চব্বিশ ১৮)

কাপালি[৩] kapali বি মাটির বাড়ির কপাটের উপরে লাগানো কাঠ [এর উপর আবার দেওয়াল তোলা হয়] wooden lintel of a mud-house (মালদা ১১)

কাপাশ্গুটি kapaʃguṭi বি নিত্কনে the best-maid (পুরুলি ৪)

কাপাশ্তুলো kapaʃ tulo দ্র কাপা তুলা (পুরুলি ৯ মুর্শিদা ১৩)

কাপাস্ কানি kapas kani বি একধরনের ধান [অগ্রহায়ণ মাসে ফলে] an autumnal paddy (মেদিনী ৩৩)

কাপি kapi বি আঁকড়া [বলদের ঘাড়ে দেওয়া জোয়ালের সঙ্গে লাঙলের ইশের সংযোগ রক্ষাকারী একপ্রকার আংটা, যা বাঁশ বা কাঠের তৈরি] a kind of hook made of bamboo or wood used in ploughing (চব্বিশ ১৯) ~ **দোড়ি kapi doṛi** বি আঁকড়ার দড়ি a rope of a hook (চব্বিশ ১৯) তু সাঁও কাপি

কাঁপি[১] kãpi বি 'বেংতি' জালের বাঁশ [একপ্রকার মাছ ধরার জালের নাম 'বেংতি'। এই জাল আড়াআড়িভাবে স্থির রাখার কাজে ব্যবহৃত হয়। ছ ফুট লম্বা একটি বাঁশ। 'বেংতি' জাল নদীতে বা বড় খালে স্রোতের মধ্যে পাতা হয়] six feet long bamboo, used to keep the net steady in river (চব্বিশ ১৫)

কাঁপি[২] kãpi বি প্রথম রোপণ করা ৮/১০টি গুচ্ছ [ধানচারা গুচ্ছ গুচ্ছ করে রোপণ করা হয়। একজন প্রথমে ৮/১০টি গুচ্ছ সারিবদ্ধভাবে রোপণ করে। সেই রোপণ করা গুচ্ছকেই অনুসরণ করে রোপণের কাজ চলে। ঐ যে প্রথম ৮ / ১০টি গুচ্ছ প্রথম রোপণ করা হলো, সেটাই 'কাঁপি'। কাঁপি বিস্তৃত হয়ে হয় 'পাই'। কয়েকটি 'পাই' রোপণ করা হলে জমি সম্পূর্ণ রোয়া হয়] a unit of [first transplanted 8 to 10 bunches] paddy plants (হাওড়া ৮)

কাঁপি[৩] kãpi বি সুতো পাক দেওয়ার সরঞ্জাম [চাকতির মতো দেখতে] a tool for spinning thread (মেদিনী ১৫)

কাঁপি[৪] kãpi বি বাঁশের আঁকড়া বিশেষ [খেজুরগাছ কেটে রস সংগ্রহের জন্য শিউলির কোমরের পেছনে যে বাঁশের আঁকড়া ঝোলানো থাকে কলসি বা হাঁড়ি বয়ে নিয়ে যাওয়ার সুবিধার্থে] a bamboo-made hook (চব্বিশ ৪) দ্র কাপি

কাঁপি বাঁশ্ kãpi bãʃ দ্র কাঁপি[১] (মেদিনী ২৩)

কাঁপিয়্যা kãpiæ অস. ক্রি কেঁপে কেঁপে trembling (মেদিনী ২৬)

কাপুড়ি kapuṛi দ্র কাপ্ড়া[২] (বর্ধমা ৪ বীরভূ ১২)

কাপুর্ kapur বি কর্পূর camphor (মালদা ৯)

কাপুরি kapuri দ্র কাপ্ড়া[২] (বর্ধমা ২০)

কাপেট্ kapeṭ দ্র কাপ্টে (নদীয়া ৬)

কাপোড়্ kapoṛ দ্র কাপ্ড়া[২] (মেদিনী ৬, ১৬, ১৯)

কাপোড়্ উসা kapoṛ usa ক্রি কাপড় সিদ্ধ করা to boil cloth (মুর্শিদা ১৯)

কাপোড়্ খিচা kapoṛ kʰica ক্রি কাপড় কাচা to wash cloth (পদিনা ৮)

কাপোড়্ মট্ kapoṛ mɔṭ বি কাপড়ের পুঁটলি small baggage tied to a piece of cloth (মেদিনী ১৩)

কাপোড়িয়া kapoṛia বি কাপড় বিক্রেতা seller of cloths and fabrics (জলপা ৮)

কাপোড়ে হওয়া kapoṛe hɔõa ক্রি ঋতুস্রাব হওয়া to menstruate (বর্ধমা ২৬)

কাপোড়ের্ টেপ্ kapoṛer ṭep বি কাপড়ের শেষপ্রান্ত বা খুঁট [যেখানে অনেক সময় পয়সা ইত্যাদি বেঁধে রাখা হয়] fringe of a cloth (বর্ধমা ২৩)

কাফ্নাই kapʰnaĩ বি মুসলিমদের মৃতদেহ আচ্ছাদনের কাপড় [মৃতদেহ ঢাকার জন্য একটি নতুন সাদা কাপড়

ব্যবহার করা হয়। এই কাপড়ে একটি গর্ত করে শবের মাথা গলিয়ে সারা শরীর ঢেকে দেওয়া হয়] the cloth used for covering a deadbody ; a shroud (বীরভূ ৪)

★ **কাফ্‌নানো kap^{h}nano** ক্রি শবদেহে কাপড় পরানো to dress deadbody (হাওড়া ৩)

কাফ্‌লা kap^{h}la বি দল group (মুর্শিদা ২০)

কাফন্ kap^{h}ɔn বি মুসলমানদের মৃতদেহকে নববস্ত্র পরিধান করানোর অনুষ্ঠান a ritual of covering a deadbody with a new cloth practised by the Muslims (চব্বিশ ২৭ বর্ধমা ৫ মেদিনী ৭ হুগলি ৫) < আ কফন

কাফি kap^{h}i বিণ যথেষ্ট enough (মালদা ৭)

কাফিয়াত্ kap^{h}iat বি কৈফিয়ৎ a cause shown, an explanation তেরা কুন কাফিয়াৎ নাই সুনেঙ্গা--তোর কোন কৈফিয়ৎ শুনবো না (মালদা ৯)

কাফির্ kap^{h}ir দ্র কাপ্‌টে (নদীয়া ১)

কাফুন্ kap^{h}un দ্র কাফ্‌নাই (বীরভূ ৪ মুর্শিদা ২)

কাফের্ kap^{h}er বি গিরগিটি [প্রসঙ্গত উল্লেখ্য যে, মুসলমানরাই কেবল এই শব্দটি ব্যবহার করেন যেহেতু কারবালা প্রান্তরের ঘটনার সঙ্গে গিরগিটির একটা যোগ ছিল। এইজন্য গিরগিটিকে 'শয়তান'ও বলে থাকে।] a chameleon (মুর্শিদা ২০ হুগলি ১১) তু আ কাফির

কাফেল্ kap^{h}el দ্র কাফের্ (হুগলি ১১)

কাব্‌জা kabja বি মণিবন্ধ wrist (পদিনা ৮) তু আ বা কব্জি

কাব্‌জি kabji বি কাগজি লেবু a variety of lemon with thin skin (বর্ধমা ৭)

কাব্‌টি kabṭi দ্র কাপ্‌টি (মেদিনী ২০)

কাব্‌ড়া[১] kabṛa বিণ একাধিক রঙ মেশানো [অনেক গরু ছাগলের গায়ে এরূপ একাধিক রঙ দেখা যায়] multi-coloured কাব্‌ড়া গোরু--বহুবর্ণ মিশ্রিত গরু (পুরুলি ২, ৫, ১১, ১২, ১৬ বাঁকুড়া ১৫) [~ **লোইটে** পৃথকভাবে পরে সন্নিবেশিত হয়েছে]

কাব্‌ড়া[২] kabṛa দ্র কাপ্‌ড়া[২] (মেদিনী ২৮)

কাব্‌ড়াইটে kabṛaïte বিণ ১ কাল্‌চে blackish কাব্‌ড়াইটে সাদা--কাল্‌চে সাদা (বর্ধমা ১৪) ২ দ্র কাব্‌ড়া[১] (নদীয়া ৬)

কাব্‌ড়া লোইটে kabṛa loïte বি একপ্রকার নটে শাক [লাল রঙের এই নটের গায়ে সাদা ছোপ থাকে] a white spotted red edible plant [a variety of *Amarantus*] (পুরুলি ৮) দ্র কাব্‌ড়া[১]



কাবাই মাচ্

কাব্‌ড়ি kabṛi বি পোড়ামাটির পাত্র [এতে গুড় জ্বাল দেওয়া হয়] an earthen pot [used for boiling tree-extracts to make molasses] (হুগলি ১৮)

কাব্‌রা[১] kabra বি শ্বেতী বা ধবল [একপ্রকার রোগ] lukodarma (পুরুলি ৫)

কাব্‌রা[২] kabra দ্র কাব্‌ড়া[১] কাব্‌ড়া গোরু--বহুবর্ণমিশ্রিত গরু (মালদা ১১ মেদিনী ২৫)

কাব্‌রাইটে kabraïte বিণ বিভিন্ন রঙের মিশ্রণ ছাপা ছাপা having patches of different colour কাব্‌রাইটে গোরু--ছাপা ছাপা রঙের গরু (নদীয়া ৬)

কাব্‌রা কাব্‌রা kabra kabra দ্র কাব্‌রাইটে (মালদা ৫ মেদিনী ৫)

কাব্‌রি[১] kabri বি কামারশালের মাটির গামলা [এতে জল থাকে] an earthen basin used in smithy (বর্ধমা ৬)

কাব্‌রি[২] kabri দ্র কাপ্‌ড়া[২] (মেদিনী ৩৫)

কাব্‌লা মটোর্ kabla mɔṭor বি কাবলি মটর a kind of large pea (বাঁকুড়া ৪)

কাবা[১] kaba বি কাক a crow (চব্বিশ ১৯ মেদিনী ৬, ১৬, ২১, ২৬, ৩০, ৩৪)

কাবা[২] kaba বি বাঁশের মইয়ের ধাপ step of a bamboo-ladder (মালদা ৭)

কাবাই মাচ্ kabaï mac বি কইমাছ a variety of fish *[Anabus scandens]* (মালদা ৯)

কাবাং kabaŋ বি গোলমাল loud and confused noise (মেদিনী ১৫)

কাবাট্ kabaṭ বি দরজা door (মেদিনী ২৪) তু আ বা কপাট

কাঁবাটিয়া kãbaṭia ক্রি বিণ কোনদিকে where, to which direction (মেদিনী ২০) < কাঁ (=কোন্) + বাট্ (= পথ বা দিক) + ইয়া

কাবাড়্ kabaṛ বি ১ ধানের আঁটি বিশেষ [কেবলমাত্র একটি আঁটি] (মুর্শিদা ৫) ২ চার আঁটি খড় বা বা ধানের সমষ্টি a bundle of paddy plant (মালদা ১১)



কাবু[১]

কাবাড়ি kabaṭi বি ১ বাঁশের বাতা বা বাখারি [বাঁশ চেরাই করলে, চেরাই করা অংশগুলোকে 'কাবাড়ি' বলে। একটা বাঁশ থেকে চার, পাঁচ বা আটটি কাবাড়ি তৈরি করা যায়] bamboo slips [a bamboo may be splitted in to four, five or eight long pieces to make slips] (নদীয়া ৩ বীরভূ ৪, ৮, ১১ মুর্শিদা ২) ২ গরুর গাড়ির মাচান বা পাটাতন [সরু সরু লম্বা বাঁশের টুকরো দিয়ে তৈরি হয়] the chassis of a bullock cart made out of bamboo slips (নদীয়া ৭, ৯)

কাবানো kabano ক্রি সঙ্গম করানো [ছাগল ইত্যাদি পশুর ক্ষেত্রে প্রযোজ্য] to make cow and ox mate (বাঁকুড়া ৩) তু সাঁও কাবাঃব্ (campbell)

কাবাব্ চিনি kabab cini বি একপ্রকার মশলা [দেখতে অনেকটা লবঙ্গের মতো। বোঁটা আছে, কিন্তু গোলাকৃতি। রান্নায় দিলে সুগন্ধ হয়] cubeb (মুর্শিদা ২) [আ কবার্ = চিনি]

কাবার্[১] kabar বি শেষ finish, the end মাস্ কাবার্-- মাসের শেষ (মেদিনী ১৫)

কাবার্[২] kabar বি ধানের শীষের পরিমাপ [তিন কচ্ (মুঠি) ধানের শীষে এক কাবার্ হয়] a measure of cornstalk of paddy (বীরভূ ৯)

কাবারি[১] kabari বি ধান ঝাড়ার বাঁশের মাচান বা পাটা 'চেলি'-র অংশবিশেষ [মাচানের চওড়ার দিকের বাঁশগুলোকে মাচান বলে। সংখ্যায় এগুলো বিজোড় হবে] a platform made out of bamboo slips, used for thrashing corn (চব্বিশ ২৭)

কাবারি[২] kabari বি ১ দ্র কাবাড়ি[১] (দার্জিলি ৪ নদীয়া ৩, ৪, ৬, ৯ পদিনা ১৪ বর্ধমা ৫, ২২ বীরভূ ১১ মুর্শিদা ২, ১৪, ১৭) ২ বাতাবিশেষ [এটি চালের কাঠামোর উপরে থাকে। আর বাতা থাকে কাঠামোর নিচে] a part of the frame of thatched roof (নদীয়া ৬) ৩ প্রায় আড়াই হাত লম্বা ছোট চ্যাপ্টা বাঁশের লাঠি [ঝিনুক থেকে চুন তৈরির সময় এটি দিয়ে নাড়ানো হয়] a bamboo stick (পদিনা ১৪)

কাবাস্ kabas বি কাপাস [একপ্রকার তুলো] a variety of cotton [*Gassypium herbaceum*] কাবাস্ তুলো-- কার্পাস তুলো (চব্বিশ ২৭, ৩৬ বর্ধমা ৫ মেদিনী ৬, ২৭ হুগলি ৫, ১০, ১৫, ১৬) দ্র কাপা তুলা, কাপাশ্ তুলো

কাবি kabi বি রেকাবি [থালা] a small saucer (বর্ধমা ৯)

কাবিজ্ kabij বি পাত্‌লা করে গোলা মাটি [মুখোশে বা প্রতিমার গায়ে কাপড় আঁটতে এই মাটি লাগানো হয়] diluted mixture of clay and water (পুরুলি ১২)

কাবিল্ kabil বি পণ্ডিত a pundit, a scholar (পদিনা ২, ৩) তু আ কাবিল ~ **কলা kabil kola** বি একপ্রকার কলা [এই কলা পাকলেও সবুজ থাকে। ছোট গাছে অনেক বড় কাঁদি হয়] a variety of banana it remains green after being ripe (মেদিনী ২৮)

কাবিল্ প্যায়রা kabil pæĕra বি একপ্রকার পায়রা [এই জাতীয় পায়রার মাথায় ঝুঁটি ও পায়ে পালক থাকে] a variety of pigeon [it has a crest and feather in legs] (হাওড়া ১০)

কাবিশ্ kabiʃ বি একপ্রকার হলুদ রঙ [কুমোরের শুকনো মৃৎপাত্রে ব্যবহৃত রঙ] yellow colour (পুরুলি ১০) ~ **নাতা kabiʃ nata** বি কাবিশ্ রঙ করার ন্যাতা a piece of cloth used to paint by potter (পুরুলি ১০) ~ **মাটি kabiʃ maṭi** বি কুমোরশালে মৃৎপাত্রে লাগাবার জন্য ব্যবহৃত রঙিন মাটি [চার-পাঁচ ফুট মাটির নিচে হলুদ রঙের এই বিশেষ মাটির স্তর থাকে। চৈত্র-বৈশাখ মাসে মাটি শুকনো হলে, সাধারণত পুকুরধারে গর্ত করে এই রঙিন মাটি সংগ্রহ করা হয়। এই মাটি জলে গুলে তলানি পলিমাটি বাদ দিয়ে রোদে শুকিয়ে নেওয়া হয়। দশ-পনেরো দিন রোদে শুকালে এই মাটির রঙ হলুদ বা 'কাবিশ্' হয়। শুকনো 'কাবিশ্' মাটি দীর্ঘদিন ঘরে রেখে ব্যবহার করা যায়। জরুরি প্রয়োজনে এই মাটি গরম জলে ফুটিয়ে দ্রুত রঙ তৈরি করা যায়। মৃৎপাত্রে 'কাবিশ্' মাটি লাগালে পোড়ানোর পরে পাত্রের রঙ খুব সুন্দর হয় বলেই কুমোর 'কাবিশ্' মাটি ব্যবহার করে] yellow soil used as colour in a pottery (পুরুলি ৫, ১০)

কাবু[১] kabu বি পায়রার বাসা pigeon's nest (মেদিনী ১০) তু ফা কাবুক

কাবু[২] kabu বি জবাই a method of slaying an animal in slaughter (মেদিনী ৬)

কাবু করা kabu kora ক্রি জব্দ করা to defeat, to bring under control কি রকম্ তোক্ কাবু কোর্‌নু-- তোকে কি রকম জব্দ করলাম? (মালদা ১১) তু তুর্কী কাবু

কাবু রাখা kabu rakʰa ক্রি শক্ত রাখা to infuse strength in দেয়াল্‌কে হাঁসিয়া মাটি কাবু রাখে--দেয়ালকে 'হাঁসিয়া মাটি' [দেয়ালের গোড়ায় যে মাটি গেঁথে দেওয়া হয়] শক্ত করে রাখে (মেদিনী ২০)

কাবুল্‌তি kabulti বি মানত a vow to god (মালদা ৯) তু আ কবুলিয়ৎ

কাবুল্‌ রম্ভা kabul rɔmbʰa দ্র কাবিল্‌ কলা (চব্বিশ ১৯)

কাবেল্‌ kabel দ্র কাফের্‌ (হুগলি ১৯)

কাবোচ্‌ kaboc বি কাগজ paper (কোচবি ৪)

কাবোস্‌ kabos দ্র কাবোচ্‌ (কোচবি ১)

কাভাত্‌ লাগা kabʰat laga ক্রি হৈ হট্টগোল করা to make a confused loud noise সবাই কথা বইল্লে কাভাত্‌ লাগিং দিবে--সবাই কথা বললে হৈ হট্টগোল লেগে যাবে (মুর্শিদা ৩)

কাম্‌ kam বি ১ কাজ work কাম্‌ কর্‌বা গেনু হোইল্‌ নি--কাজ করতে গেলাম, হল না। কাম্‌টা আধ্‌রা থাকিল্‌--কাজটা অর্ধেক হয়ে থাকল (পদিনা ১, ৯) ২ আনুষ্ঠানিক কাজ ceremonial work (কোচবি ২ পদিনা ৪) কাম্‌ড হোই গ্যাল্‌--কাজটা শেষ হলো (পদিনা ৪) < সং কর্ম

কাম্‌করানি kamkɔrani বি ঝি, চাকরানি maid-servant (মালদা ১)

কাম্‌কোড়ি kamkoɽi দ্র কাম্‌করানি (জলপা ৯)

কাম্‌কোরি kamkori দ্র কাম্‌করানি (মালদা ৩)

কাম্‌খান্‌ kamkʰan বি কাজটি the work উয়ায় মোক্‌ কাম্‌খান্‌ কর্‌বার্‌ মোজ্‌বুর্‌ করে দিল্য--ও আমাকে কাজটা করতে বাধ্য করল। কাম্‌খান্‌ অভি হয়নি--কাজটা এখনও হয়নি (পদিনা ৮)

কাম্‌ঘাত্‌তুক্‌ kamgʰattuk বিণ যে কাজে কামাই করে a habitual absentee at work (জলপা ১)

কাম্‌চি[১] kamci বি কঞ্চি a bamboo twig (মালদা ২, ৯)

কাম্‌চি[২] kamci বি কাঁচি a barber's scissors (বাঁকুড়া ৩)

কাম্‌চিনি kamcini বি কলাই [একপ্রকার বাসনপত্রের প্রলেপন বিশেষ] enamel কাম্‌চিনির্‌ বাসোন্‌--কলাইয়ের বাসন (বাঁকুড়া ৮)

কাম্‌চুন্‌নি kamcunni বিণ অলস মেয়ে a lazy woman (পদিনা ২)

কাম্‌চুরিন্‌ kamcurin বি পাড়াবেড়ানি [মেয়ে] a girl, who rarely remains in home, always roams in the locality (মালদা ৩)



কাম্‌ড়া[৪]

কাম্‌চোত্‌রা kamcotra বি ফাঁকিবাজ deceitful (মেদিনী ৯)

কাম্‌চোর্‌ kamcor বিণ অলস লোক a lazy man (পদিনা ২) দ্র কাম্‌চুন্‌নি

কাম্‌ছে kamcʰe ক্রি কাজ আছে have / has work (to do) (পদিনা ২) [< কাম + আছে]

কাম্‌ঠা kamtʰa বি ধনুক a bow (মুর্শিদা ১৬)

কাম্‌ড kamdɔ বি কাজটা the work কাম্‌ড হোই গ্যাল্‌--কাজটা শেষ হয়েছে (পদিনা ৪)

কাম্‌ড়া[১] kamɽa ক্রি কামড়ানো to bite কুকুর্‌টা কামেড়ে ধরেছে--কুকুরটা কামড়ে ধরেছে। কুকুর্‌টা কাম্‌ড়াইল্‌--কুকুরটা কামড়ে দিল (জলপা ৩)

কাম্‌ড়া[২] kamɽa ক্রি রোপণ করা to transplant (চব্বিশ ১৭)

কাম্‌ড়া[৩] kamɽa বি ঘর room (মেদিনী ৩৫)

কাম্‌ড়া[৪] kamɽa বি নৌকার ছাউনি, চাল [এটি ত্রিপল, চট কিংবা হোগ্‌লা দিয়ে নির্মিত এবং দুই চালবিশিষ্ট হয়] portable covering of a boat (হাওড়া ১০)

কাম্‌ড়াইসে kamɽaĭse ক্রি চুলকাচ্ছে, কুটকুট করছে itches (জলপা ৭)

★ **কাম্‌ড়ান[১] kamɽanɔ** ক্রি চুলকানো to itch (মেদিনী ৬, ১২, ১৩, ১৯, ৩৫) গা কাম্‌ড়াচ্ছে--গা চুলকাচ্ছে, গা কাম্‌ড়ার্‌হে--গা চুলকাচ্ছে (মেদিনী ৩৫) কাম্‌ড়ি দে--চুল্‌কে দে (মেদিনী ১২, ৩৫) এক্‌টু কাম্‌ড়িয়ে দে--একটু চুল্‌কে দে (মেদিনী ৬, ১৯)

কাম্‌ড়ান[২] kamɽanɔ ক্রি যন্ত্রণা হওয়া to ache হাত্‌ পা খুব্‌ কাম্‌ড়াইছে--হাত-পায়ে খুব যন্ত্রণা হচ্ছে (মুর্শিদা ১৬)

কাম্‌ড়ানা[১] kamɽana দ্র কাম্‌ড়ান[১] (মেদিনী ২১)

কাম্‌ড়ানা[২] kamɽana বি ঘামাচি prickly heat (মেদিনী ২৯)

কাম্‌ড়ানো[১] kamɽano দ্র কাম্‌ড়ান[১] (বর্ধমা ৮ বাঁকুড়া ৫, ৬, ৭, ১৮ মেদিনী ১৮, ১৯, ২৫, ২৮) গা কাম্‌ড়াইলে--গা চুল্‌কোলে (বাঁকুড়া ৬) ওর গাটা কাম্‌ড়াচ্ছে--ওর শরীর

কাম্‌দেব্‌ ঠাকুর্‌

চুলকাচ্ছে (বাঁকুড়া ৭) ও হাত্‌টা কাম্‌ড়াচ্ছে--ও হাতটা চুলকাচ্ছে (বাঁকুড়া ১৮) কাম্‌ড়াঠে--চুলকাচ্ছে। আমার গাটা কাম্‌ড়ে দ্যাও--আমার গাটা চুলকে দাও (মেদিনী ১৯) পিঠ্‌টা কাম্‌ড়ে দাও--পিঠটা চুলকে দাও (মেদিনী ২৫)

কাম্‌ড়ানো[২] **kamɾano** দ্র কাম্‌ড়ান[২] হাত্‌-পাগোলা কাম্‌ড়াইছে--হাত-পাগুলো যন্ত্রণা করছে (মুর্শিদা ৯)

কাম্‌ড়াল্‌ **kamɾal** বিণ কর্মঠ industrious উ খুব্‌ কাম্‌ড়াল্‌ লোক্‌--সে খুব কর্মঠ (মুর্শিদা ২)

কাম্‌ড়াল্‌ছে **kamɾalcʰe** ক্রি কামড়েছে has bitten কুকুরে কাম্‌ড়াল্‌ছে--কুকুরে কামড়েছে (মুর্শিদা ১০)

কাম্‌ড়ি[১] **kamɾi** দ্র কাপ্‌ড়া[২], কাপ্‌ড়ি[১] (মুর্শিদা ১২)

কাম্‌ড়ি[২] **kamɾi** বি একপ্রকার ঘা [গরুর কাঁধে হয়] a kind of sore on the shoulder of cattle (মেদিনী ১৫) দ্র আউস্‌

কাম্‌ড়ি[৩] **kamɾi** বি লাঙলের লোহার ফাল আটকাবার কাজে ব্যবহৃত লোহার খিল বা গুঁজি the peg, which fixes a ploughshare to a plough (মালদা ৩)

কাম্‌ড়ি[৪] **kamɾi** বি গোরুর গাড়ির চাকাতে 'হাল' [লোহার গোল] বেড় লাগাবার কাজে ব্যবহৃত লোহার বাঁকানো খিলযুক্ত সরঞ্জাম a hooked iron bar [used as a tool to fix an iron ring over the rim of a bullock-cart] (নদীয়া ১২)

কাম্‌ড়ি[৫] **kamɾi** বি ১ তাঁতযন্ত্রের অংশবিশেষ [তাঁতের 'কোল্‌লড়াজে'-এর বাঁদিকে যে খিল থাকে, যা 'কোল্‌লড়াজ্‌'কে টেনে কাপড়কে সমান করে জড়াতে সাহায্য করে। [অন্যান্য জায়গায় কাঠের 'কাম্‌ড়ি' থাকে, এখানে লোহার 'কাম্‌ড়ি'] a part of loom (বাঁকুড়া ৭) ২ তাঁতযন্ত্রের অংশবিশেষ ['ললিখাঁড়ি'কে আটকে রাখার কাজে ব্যবহৃত বাঁকানো দুটি লোহার পাত] a part of loom (মেদিনী ৩৩)

কাম্‌ড়ি **kamɾi** বি দড়ির একপ্রকার বাঁধন [গোরুর গাড়ির মাঝখানে দড়ির সঙ্গে ছোট লাঠি পাকিয়ে একপ্রকার বাঁধন দেওয়া হয়। চাপকাটের উপর গাড়ির কাঠামোকে এই দড়ি দিয়ে বেঁধে রাখা হয়] a tie of rope used in a bullock-cart (হুগলি ১১)

কাম্‌ড়ি দুআ[১] **kamɾi dua** ক্রি কামড়ে দেওয়া to bite (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) কাম্‌ড়ি দেউঠি কেনি?--কামড় দিচ্ছিস কেন? (মেদিনী ৬) কাম্‌ড়াইসিনা--কামড় দিস্‌ না (মেদিনী ১৯) কাম্‌ড়িবু বল্যা ভয় দেখাউঠু কেনি--কামড়াবি বলে ভয় দেখাচ্ছিস কেন? (মেদিনী ২৬)

কাম্‌ড়ি দুআ[২] **kamɾi dua** ক্রি চুলকে দেওয়া to scratch পিঠ্‌টা কাম্‌ড়ি দেনা--পিঠটা চুলকে দে না (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কাম্‌ড়ি মারা **kamɾi mara** ক্রি সুড়সুড় করা to titillate গাটা কাম্‌ড়ি মার্‌ছে--শরীরটা সুড়সুড় করছে (মেদিনী ৩৪)

কাম্‌তুনি **kamtuni** বি নিত্‌কনে the best maid (মেদিনী ২০)

কাম্‌দেব্‌ ঠাকুর্‌ **kamdeb tʰakur** বি কোচবিহার জেলার লোকদেবতা [এই দেবতার কোনো মূর্তি বা প্রতিকৃতি নেই। একটি বাঁশকে নতুন কাপড় পরিয়ে উঠানের এক কোণে পুঁতে রাখা হয়। প্রতি বৃহস্পতিবার ফুল আর সিঁদুর দিয়ে পূজা করা হয়। প্রতি বৈশাখ মাসে পুরানো বাঁশটিকে নদীতে বিসর্জন দিয়ে আবার একটি নতুন বাঁশ পুঁতে তাকে পূজা করা হয়] a folk-god worshipped in Coochbehar district (কোচবি ১)

কাম্‌ধেনু গাই **kamdʰenu gaĭ** বি এই গাভীর বাছুর হয় না, তবে দুধ দেয় [এই এলাকায় কখনও কখনও এইরকম গাভী দেখা যায়] a cow of rare type which gives milk even without given birth to a calf (বীরভূ ১১)

কাম্‌নি[১] **kamni** বিণ কর্মদক্ষ [মেয়ে] skilful and able girl in work (পুরুলি ১৩)

কাম্‌নি[২] **kamni** বি কনের সহায়িকা [এই মেয়ে কনের সঙ্গে শ্বশুরবাড়ি যায় এবং কনের ব্যক্তিগত কাজকর্ম করে দেয়] bride's maid (মেদিনী ৮)

কাম্‌নিয়া ঘট্‌ **kamnia gʰɔt** বি গাজন উৎসবের মূল ঘট a small and origin earthen pot of the festival of worshipping Shiva in the month of *Chaitra* of the Bengali Calendar (মেদিনী ১৬)

কাম্‌নিয়া পাতর্‌ **kamnia pater** বি গাজনের উৎসবের মূল সন্ন্যাসী [এই উৎসবে আবশ্যিকভাবে তেরোজন সন্ন্যাসী থাকে, ইনি তার মধ্যে অন্যতম। ইনি পূজার শেষে ঘট পুঁতে দেন] the principal ascetic of the Hindu festival *Gajan* (মেদিনী ১৬)

কাম্‌নিয়ার্‌[১] **kamniar** বিণ কর্মপটু efficient (পদিনা ৩, ১২)

কাম্‌নিয়ার্‌[২] **kamniar** বি মাটির দেওয়াল তৈরির মিস্ত্রি a builder of mud-wall (পদিনা ৪)

কাম্‌ফা kamp^{h}a বি মাছের কানকো gill of fish (পদিনা ১০)

কাম্‌বা kamba ক্রি জমি নিড়ানো [ধানজমির আগাছা পরিষ্কার করা] to weed out (পদিনা ১৩ মালদা ৩) আজ্‌ হামার্‌ ভুঁইখান্‌ কাম্‌বা হোবে--আজ আমার জমিটা নিড়াতে হবে (পদিনা ১৩)

কাম্‌বাইয়ে kambaĭe বিণ ঝগড়াটে quarrelsome (নদীয়া ৪)

কাম্‌বাটুদ্‌ kambaʈud বি একজাতীয় আখ a variety of sugarcane (পদিনা ১৪)

কাম্‌বার্‌ kambar বি মুসলমান সমাজে মৃত্যুর চল্লিশ দিনের মধ্যের অনুষ্ঠান [এদিন শবযাত্রীদের খাওয়ানো হয়] a muslim ritual observed within forty days after death of a person (বীরভূ ৪)

কাম্‌বেইয়ে[১] **kambeĭe** দ্র কাম্‌বাইয়ে (নদীয়া ৬)

কাম্‌বেইয়ে[২] **kambeĭe** বি চরিত্রহীন মেয়ে a morally corrupted girl (নদীয়া ৩)

কাম্‌বোল্‌[১] **kambol** বি পাটের তৈরি চট বিশেষ [এই চট অতিথি ও আত্মীয়-স্বজনদের বসতে দেওয়া হয়] rag (বর্ধমা ১৬)

কাম্‌বোল্‌[২] **kambol** বি পাণ্ডু রোগ jaundice (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) তু আ বা কাম্‌লা

কাম্‌মর্‌ধন্‌নি kammɔrd^{h}ɔnni বি ঘুন্‌সি [বাচ্চাদের কোমরে বাঁধার লাল অথবা কালো কার অর্থাৎ সুতো, কখনও কখনও এর সঙ্গে মাদুলি বা তামার পয়সা বাঁধা হয়] a black or red thread worn round the waist of a baby (মালদা ৭)

কাম্‌মার্‌ kammar বি কোমর waist (মালদা ২)

কাম্‌মার্‌ধানি kammard^{h}ani দ্র কাম্‌মর্‌ধন্‌নি (মালদা ৯)

কাম্‌মি kammi বিণ কম less, a small amount জিনিস্‌ট কাম্‌মি হ্যায়--জিনিসটা কম আছে (মালদা ৯)

কাম্‌ম্যার্‌ kammær দ্র কাম্‌মার্‌ (মালদা ৯)

কাম্‌রি[১] **kamri** বি মাটির বাড়ির রোয়াক outer verandah of a mud-house (মালদা ২)

কাম্‌রি[২] **kamri** দ্র কাম্‌ড়ি (হুগলি ১১)

কাম্‌লা[১] **kamla** বি মজুর [শব্দটি দিনমজুর, ক্ষেতমজুর, ঘরামি ইত্যাদি ব্যাপক অর্থে ব্যবহৃত] wage-labourer (কোচবি ২, ৩ পদিনা ১০ জলপা ১, ২, ৬, ৭, ১০)

কাম্‌লা[২] **kamla** বি কাজগুলো works কাম্‌লা যাঁহায় কোরুক্‌ তো, লেকিন্‌ আচ্ছা নেই হয়--কাজগুলো যেই



কাম্‌নিয়ার্‌[২]

করুক না কেন, ভাল হয়নি (পদিনা ২, ৩) তুই গোটাই কাম্‌লা খুব্‌ জোল্‌দি কোর্‌বার্‌ চাহেছ--তুই সব কাজই খুব তাড়াতাড়ি করতে চাইছিস (পদিনা ৯) [লা = গুলো]

কাম্‌লা[৩] **kamla** দ্র কাম্‌বোল্‌[২] (বীরভূ ৩)

কাম্‌লা[৪] **kamla** বিণ অলস lazy (চব্বিশ ২৭)

কাম্‌লা কাম্‌লা kamla kamla বিণ মেঘলা মেঘলা [একবার মেঘ করছে, পরক্ষণেই রোদ উঠছে এমন অবস্থা] partly cloudy আকাশ্‌টা কাম্‌লা কাম্‌লা কোর্‌চে--আকাশটা মেঘলা মেঘলা করছে (বর্ধমা ৯, ১৬)

কাম্‌লাকিশান্‌ kamlakiʃan দ্র কাম্‌লা[১] (জলপা ৮)

কাম্‌লি kamli বি স্ত্রী-মজুর a female wage-labourer (জলপা ১)

কাম্‌লিয়া kamlia বি স্বর্ণকার goldsmith (মেদিনী ২)

কাম্‌ল্যা[১] **kamlæ** দ্র কাম্‌লিয়া (মেদিনী ১৩)

কাম্‌ল্যা[২] **kamlæ** দ্র কাম্‌লা[১] (জলপা ১)

কাম্‌হাই kamhaĭ বি অনুপস্থিতি absence (মুর্শিদা ১৭) তু আ বা কামাই

কাম্‌হার্‌ kamhar বি কামার blacksmith (জলপা ৯ পদিনা ৮ পুরুলি ৫ মুর্শিদা ২ মেদিনী ২৯) < আ বা কর্মকার

কাম্‌হারিন্‌ kamharin বি কামারনি, কামারের স্ত্রী wife of a blacksmith (পুরুলি ৫)

কামট্‌ kamɔʈ বি একপ্রকার হাঙর জাতীয় জলচর প্রাণী shark-like aquatic animal (চব্বিশ ২৭)

কামা kama বি ক্ষৌরকর্ম অনুষ্ঠান [হিন্দুদের জন্ম ও মৃত্যুর পর অশৌচান্তক ক্ষৌরকর্মের অনুষ্ঠান] act of ritualistic shaving (পুরুলি ৩৩)

কামাই[১] **kamaĭ** বি একপ্রকার খরিফ শস্য [এ থেকে পায়েস, রুটি, ছাতু ইত্যাদি তৈরি হয়] an autumnal crop (মুর্শিদা ২৩)

কামাই[২] **kamaĭ** বি কাজ work আম্‌ড়া এঠি কামাই কোড়িত্‌ ধোচ্চি--আমরা এখানে কাজ করছি (কোচবি ২ জলপা ১)



কামাত্ বাড়ি

কামাই[৩] **kamaĭ** বি রোজগার, উপার্জন act of earning (কোচবি ২, ৪ জলপা ৪, ৭ নদীয়া ২ পদিনা ১২) হাম্ড়া কামাই কোরি খাই—আমরা রোজগার করে খাই (কোচবি ৪)

★ **কামাই**[৪] **kamaĭ** ক্রি পরিষ্কার করা to weed out ধান্লা কামাই দে—ধানগুলো পরিষ্কার করে দে [আগাছা তুলে] (পদিনা ৯)

কামাইদার্ **kamaĭdar** বি উপার্জনশীল ব্যক্তি an earning person (জলপা ৪, ৭)

কামাই ফ্যালা **kamaĭ pʰæla** ক্রি কামাই করা to absent oneself from (কোচবি ৩)

কামাইল্[১] **kamail** দ্র কাম্লা[১] (পদিনা ৪, ৬, ১১) তু সাঁও কামিন্

কামাইল্[২] **kamail** বিণ পরিশ্রমী industrious (মালদা ৬)

কামাড্ ছাতু **kamaɽ cʰatu** বি একপ্রকার ছত্রাক [কালো রঙের বড় জাতের এই ছত্রাক বনে জন্মায়] a variety of mushroom (পুরুলি ৮) দ্র কামার্ ছাতু

কামাত্ বাড়ি **kamat baɽi** বি খামার বাড়ি [চাষবাস দেখাশুনার জন্য ফসলের মাঠে একটি বাড়ি থাকে। এখানে গরু, চাষের সরঞ্জাম এবং মজুরও বাস করে। এই বাড়িকে বলে খামার বাড়ি। এখানেই রান্না করে খাওয়াও হয়] farmhouse (পদিনা ২)

কামাদ্ বাড়ি **kamad baɽi** দ্র কামাত্ বাড়ি (মালদা ১)

কামান্[১] **kaman** বি ঘুড়ির কাঠামো বা কাঠি frame of a kite (কোচবি ৪)

কামান্[২] **kaman** বি ছাতার কল ও শিকসহ কাঠামো the metallic framework of an umbrella (জলপা ৬, ৭)

কামান্[৩] **kaman** বি ক্ষৌরকর্ম [জন্ম এবং মৃত্যু সম্বন্ধীয়। শ্রাদ্ধের আগের দিন এবং বাচ্চা জন্মানোর সঙ্গে সঙ্গে, পাঁচ দিনে, সাত দিনে, নয় দিনে অথবা একুশ দিনে (বিভিন্ন জায়গায় বিভিন্ন দিনে) এই ক্ষৌরকর্ম হয়। এর বিভিন্ন স্থানে বিভিন্ন নামও আছে] act of shaving as a part of ritual (পদিনা ৬ বর্ধমা ৪, ২০)

কামান **kamanɔ** দ্র কামান্[৩] [বাচ্চা জন্মানোর সাত কিংবা নয়দিন পরে বাচ্চা এবং বাচ্চার মায়ের নখ কাটা অনুষ্ঠান] (পদিনা ৮)

কামান্-জমান্ **kaman-jɔman** দ্র কামান্[৩] (বাঁকুড়া ৪) তু আ বা ভাত-টাত, কাপড়-চোপড়

কামান্নি **kamanni** দ্র কামান্[২] (মালদা ১)

কামানি[১] **kamani** বি তুরপুন চালানোর ধনুক [বিশদ বিবরণ দ্রষ্টব্য কামানি[৫]] the bow of a carpenter (বীরভূ ৯)

কামানি[২] **kamani** দ্র কামান্[১] (পদিনা ৬)

কামানি[৩] **kamani** বি সন্তান প্রসবের অব্যবহিত পর প্রসূতির শরীরের শীতল অবস্থা [এই অবস্থায় বাইরে থেকে গরম সেঁক দেওয়া হয়] hypothermia of mother immediately after child-birth (দার্জিলি ৩)

কামানি[৪] **kamani** দ্র কামান্[৩], কামান [বাচ্চা জন্মানোর পঞ্চমদিনের অনুষ্ঠান] (দার্জিলি ৩)

কামানি[৫] **kamani** বি কাঠে ছিদ্র করার সরঞ্জামবিশেষ [ধনুকের মতো বাঁকানো একটি কঞ্চির সঙ্গে সুতো বাঁধা থাকে। ঐ সুতোর সঙ্গে 'ছক'কে লাগিয়ে ঘোরালেই গর্ত হবে। একে 'ডাড়ি' কিংবা 'কামানি' বলে (বাঁকুড়া ১১)। এই সরঞ্জামের আবার রকমফের আছে। সেক্ষেত্রে দেখা যায় দেড় হাত লম্বা একটি লাঠির দুই প্রান্তে শক্ত দড়ি জড়ানো থাকে। কাঠে ছিদ্র করার সময় তুরপুনকে ঘোরানোর জন্য এই 'কামানি' সরঞ্জামের প্রয়োজন] a (carpenter's) drill (মালদা ১, ৩)

কামানি[৬] **kamani** দ্র কামান্[২], কামান্নি (পদিনা ২)

কামানি শোম্জে যাওয়া **kamani ʃomje jaŏa** বি প্রসূতির চিকিৎসা [প্রসবের সময় প্রসূতির যদি ঠাণ্ডা লাগে তাহলে মাথা ঘুরে যায়, পড়েও যেতে পারে। এই অবস্থায় সরষের তেল খুব ফুটিয়ে, কালো কচুর ডাঁটি দিয়ে মাথায় চেপে চেপে মাখিয়ে দিতে হয়। একে বলে 'কামানি শোম্জে যাওয়া'] conventional rural treatment of a pregnant woman by smearing hot mustard oil on head (পদিনা ৬) দ্র কামানি[৩]

কামানো[১] **kamano** ক্রি ১ চেঁচে দেওয়া [খেজুর গাছে রস দেবার জন্য মাথার বিশেষ অংশ চেঁচে দেওয়া হয়] to scrap topmost part of a date-palm tree for extraction of juice (বর্ধমা ৪) ২ গোড়া খুঁড়ে দেওয়া [ঝোপ বা আগাছা প্রয়োজনীয় গাছের গোড়ায় জন্মালে তা চেঁচে পরিষ্কার করে দেওয়া হয়] to loosen lapsoil around a tree গাছের্ লোগোত্ কামায়ে দিনু—গাছের গোড়া খুঁড়ে দিলাম (পদিনা ২)

কামানো[২] **kamano** দ্র কামান্[৩] [মৃত্যু সম্বন্ধীয় অনুষ্ঠান। মৃত্যুর একমাস পরে বাড়ির সকলের ক্ষৌরকর্ম] (বর্ধমা ১৫)

কামায়ে দেওয়া kamae deŏa দ্র কাম্‌বা মোর্ পাটাখান্ কামায়ে দে—আমার [জমির] পাট নিড়িয়ে দে (দার্জিলি ৩)

কামার্ kamar বি ঘরামি one who builds huts professionally (হুগলি ৮)

কামার্ কাওয়া kamar kaŏa বি দাঁড়কাক a raven (পুরুলি ২)

কামার্ কোয়া kamar koa দ্র কামার্ কাওয়া (পুরুলি ৪)

কামার্ ছাতু kamar cʰatu বি একপ্রকার ছত্রাক [মাটিতে জন্মায়। আকারে বড়। এটি রান্না করে খাওয়া হয়] an edible mushroom (পুরুলি ১১)

কামার্ পুঁটি kamar pũṭi বি একপ্রকার পুঁটি মাছ [কই মাছের মতো দেখতে। কিন্তু আকারে ছোট। কালো রঙ। গায়ে কই মাছের মতো শক্ত কাঁটা থাকে না] a kind of fresh-water fish (মেদিনী ৫)

কামারিন্ kamarin বি কামার-বৌ wife of blacksmith (পুরুলি ১২)

কামারে জুলি kamare juli বি বড় পেরেক, a large nail (পদিনা ৮)

কামাল্ kamal দ্র কাম্‌নিয়ার্[২] (পদিনা ৪)

কামালি[১] **kamali** ১ বি ঝি, চাকরানি a maid (জলপা ১, ৭) ২ বিণ কর্মপটু চাকরানি, an efficient maid. (কোচবি ১ জলপা ১)

কামাস্‌শাল্ kamasʃal বি কামারশালা a smithy আমি এ্যাখন্ কামাস্‌শাল্ যাচ্ছি--আমি এখন কামারশালা যাচ্ছি (মেদিনী ৩)

কামা-সিনান্ kama-sinan বি জন্ম বা মৃত্যু সম্বন্ধীয় অনুষ্ঠান [জন্ম বা মৃত্যু হওয়ার পর প্রথমে নাপিতের ক্ষৌরকর্ম হয়। পরে স্নান করার অনুষ্ঠান হয়। এই দুটো অনুষ্ঠান মিলে কামা-সিনান্ বলে] act of ritualistic shaving and bathing after incidents of death or birth (পুরুলি ৩৩) < কামা + সিনান

কামি[১] **kami** দ্র কামার্ (কোচবি ১)

কামি[২] **kami** বি বাঁশের বাতা [এই দিয়ে বেড়া বাঁধা হয়] bamboo slips (কোচবি ২ জলপা ১)

কামি[৩] **kami** বি পরিশ্রমী মহিলা an industrious woman মেয়েট্যা বড় কামি আছে--মেয়েটা খুব পরিশ্রমী (পুরুলি ১৫)

কামি ছোয়া kami cʰoa বি কাঁদুনে ছেলে lachrymose (পদিনা ২)

কামারে জুলি

কামিজ্ kamij বি জামা shirt উয়ার্ কামিজ্‌টা মোর্ মান্দি--ওর জামাটা আমার মতো (পদিনা ২) তু আ কুমিস্

কামিন্ kamin বি ১ মহিলা শ্রমিক [দিনমজুর। যে কোন কাজে শ্রমদানকারী। রাজমিস্ত্রীর কাজে, ক্ষেতের কাজে কিংবা অন্য কোনো কাজে সাহায্যকারী] a female daily-labourer (পুরুলি ৩, ৫, ৯ বর্ধমা ৮ মেদিনী ৩, ৭, ১১) ২ স্থায়ী স্ত্রী মজুর [বাড়িতে কাজ করে এমন চাকরানি। এরা চাষের সব কাজ করে, শুধু লাঙল করে না। পারিশ্রমিক হিসেবে টাকার পরিবর্তে চাল বা ধান নেয়। এদের পারিশ্রমিক বছরে সর্বাপেক্ষা বেশি তিন আড়া অর্থাৎ দশ মণ ধান। এছাড়া কালীপূজায়, বর্ষাকালে এবং শীতকালে তিনবার কাপড় পায়] a house-hold maid-servant [who usually does all domestic and agricultural works except ploughing, is paid on yearly basis by paddy and receives clothes three times per year] (মেদিনী ২৫) ৩ দাসী বা চাকরানি a maid-servant (বাঁকুড়া ৫, ৭, ১১ মেদিনী ৭, ২৯)

কামিলা kamila বি স্বর্ণকার goldsmith (মেদিনী ৬, ২৯, ৩১) তু কামিল (সংসদ)

কামিলা ঠেঁটেরা kamila tʰẽṭera দ্র কামিলা (মেদিনী ৩৩)

★ **কামিলুয়া kamilua** ক্রি কামিয়ে নেওয়া to shave মাথাটা কামি লে--মাথাটা কামিয়ে নে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কামিল্যা kamilæ দ্র কামিলা (মেদিনী ১৩)

কামিশ্‌টি kamiʃti দ্র কাম্‌নিয়ার্[১] (মুর্শিদা ৩)

কামিহার্ kamihar বি পাঁজর ribs (জলপা ১)

কামুড়্[১] **kamuɽ** বি চুলকানি itches (মেদিনী ১৯, ২২, ২৬ ৩৪) কামুড়ের্ জ্বালায় সারা গায়ে জালা ধরিয়াল--চুলকানির জ্বালায় গোটা শরীরে জ্বালা ধরে গেল (মেদিনী ২২) গা-টা গায় কির্‌কম্ কামুড়্ হইছ্যে দ্যাখ্--সারা শরীরে কেমন চুলকানি হয়েছে দেখ (মেদিনী ২৬) অত কাম্‌ড়াউঠু কেনি?--এত চুলকাচ্ছিস কেন? (মেদিনী ১৯) পিট্‌টা টুকু

কামুড়ি

কাম্‌ড়ি দে--পিঠ্‌টা একটু চুলকে দে (মেদিনী ১৯, ২২, ২৬) গায়ে তেল্ বুলি নিলে আর্ কামুড়্ হবে নি--গায়ে তেল মেখে নিলে আর চুলকানি হবে না (মেদিনী ৩৪)

কামুড়্[২] **kamuɽ** বি কামড় bite প্যায়রাটায় কামুড় দও--পেয়ারাটায় কামড় দাও (মেদিনী ৬, ২৬)

★ **কামুড়ানো kamuɽano** ক্রি কামড়ানো to bite কুকুর্‌টা কামুড়ি ধরিচে--কুকুরটা কামড়ে ধরেছে (জলপা ৩, ৭)

কামুড়ি kamuɽi বি লাঙলের অংশ বিশেষ [লাঙলের ফাল কাঠের যে অংশে সংযুক্ত হয় সেখানে লোহার একটি খিল থাকে। পেরেকের মতো দেখতে। এটাকেই 'কামুড়ি' বলা হয়] an iron peg of a plough that holds the main part with the ploughshare (দার্জিলি ৩, ৪)

কামুড়িয়্যা kamuɽiæ দ্র কাজিয়ে[২], কাজুয়া উ খুব্ কামুড়িয়্যা--সে খুব কাজের (মুর্শিদা ২)

কামুয়া kamua দ্র কাজিয়ে[২], কাজুয়া (পদিনা ১০)

কামুল্ kamul বি মহিলা-কর্মী female labourer (মেদিনী ৮)

কামুলে kamule বিণ ঢিলা loose (চব্বিশ ৭)

কামেলা[১] **kamela** দ্র কামিলা (মেদিনী ৮)

কামেলা[২] **kamela** দ্র কাজুয়া চ্যাংরাটা খুব্ কামেলা--ছেলেটা খুব কর্মতৎপর (মালদা ১১ জলপা ৪)

কামোডি মাছ্ kamodi mac^{h} দ্র কামট্ (চব্বিশ ৪)

কামোড়্ kamoɽ বি প্রসব-বেদনা labour-pain কামোড়্ উঠেছে--প্রসব-বেদনা উঠেছে (বীরভূ ৯)

কামোদ্ kamod বি একজাতীয় আমন ধান [সরু, কালোরঙের দেখতে] a fine dark autumnal paddy (মালদা ১১)

কামোন্ kamon ক্রি বিণ কেমন how কামোন্ ভাবে আছো --কেমন আছো? (হুগলি ৫)

কামোল্ kamol বি কম্বল a rag (পদিনা ৬)

কায়[১] **kaĕ** সর্ব কে who (কোচবি ১, ৪, ৫ জলপা ৩, ৭ দার্জিলি ২, ৩) কায় আসিল রে?--কে আসল রে? (কোচবি ৫) তোক্ কায় আট্‌কে থুইসে?--তোকে কে আটকে রেখেছে? (কোচবি ৪) তোক্ ইঠে কায় আশিবা কোহোইল্--তোকে এখানে কে আসতে বলল? (দার্জিলি ২) কায় হেলেচে--কে সাঁতার দিচ্ছে? (দার্জিলি ৩) এ্যাটা কাথা কবার্ তুই কায়?--একথা বলার তুই কে? (জলপা ৭)

কায়[২] **kaĕ** সর্ব কি nothing কায় জানি--কি জানি (জলপা ১)

কায়[৩] **kaĕ** সর্ব কেউ হামাক্ তো কায় নাই--আমার তো কেউ নেই (কোচবি ১, ৪)

কায়[৪] **kaĕ** ক্রি বিণ কোথায় where, not কায় চাবি লাইছো তুমি--কোথায় চাবি নিয়ে এসেছো তুমি? (মেদিনী ৩৪)

কায়জা kaĕja বি ঝগড়া quarrel (মেদিনী ১২) < কাজিয়া

কায়দা[১] **kaĕda** বি কাস্তে scythe (পদিনা ১১, ১৪)

কায়দা[২] **kaĕda** ক্রি বিণ সামনে in front of কায়দায় আসা--সামনে আসা (বীরভূ ৪) কায়দের্ দিকে--সামনের দিকে (বীরভূ ৩)

কায়না[১] **kaĕna** বি বউ a married woman (পদিনা ২) < কন্যা

কায়না[২] **kaĕna** বি চোখের মণির কালো অংশ pupil of an eye (পদিনা ২)

কায়বার্ kaĕbar বিণ ঝগড়াটে quarrelsome (বর্ধমা ৬)

কায়্‌বোগ্‌লি kaĕbogli বি বগলের ফোঁড়া [বগলে উঁচু ফোঁড়ার মতো হয়। এতে খুব ব্যথা হয় এবং ফোলা থাকে] a painful boil in the armpit (বর্ধমা ২) তু কাঁক বগলি

কায়া[১] **kaĕa** বি দেহ body (বর্ধমা ২৩) তু কা আ তরুবর (চর্যা ১ নং)

কায়া[২] **kaĕa** বি ঘোড়ার ডিম an absurd thing, a mare's nest (মালদা ৩)

কায়ুম্ পাকি kaum paki বি ডাহুক পাখি chinese white-breasted water-hen (মালদা ৩)

কায়েত্ kaet বি কায়স্থ a name of the Hindu caste (মেদিনী ৭)

কায়েম্ পাখি kaem pak^{h}i দ্র কায়ুম্ পাখি (মুর্শিদা ২৪)

কায়ো kaĕo ক্রি বিণ কোথাও some where (মেদিনী ১৫, ১৭)

কায়োই মাচ্ kaoĭ mac বি কই মাছ the walking fish, *Anubas scandens* (মালদা ৯)

কাঁয়্যা kãæ বিণ খেলায় জোচ্চুরি করে এমন ছেলে the boy, who cheats in games (বাঁকুড়া ১৫)

কার্ kar বি কালো, সরু অথচ শক্ত সুতো [কবচ বা মাদুলি ইত্যাদি ধারণের জন্য বাঁধা হয়] a black cotton cord [used for tying a talisman] (হাওড়া ৬, ১০)

কার্কা karka বি বজ্র thunder (মালদা ৭) < কড়্কড়্

কার্খায়া karkʰaĕa বি চালের উপরের লাল আবরণের গুঁড়ো [ঢেঁকিতে প্রথমবার ধান কুটলে উপরের তুষ বেরিয়ে যায়, তারপর দ্বিতীয়বার কুটলে এই লাল আবরণের গুঁড়ো বেরিয়ে আসে] ground red thin inner cover of paddy (মালদা ৯)

কার্ ঘা kar gʰa বি বলদের কাঁধের ঘা a type of sore found on the shoulder of bullock (চব্বিশ ১৪ হুগলি ১৫) < কাউর্ + ঘা

কার্ঘে kargʰe সর্ব কাদের whose কার্ঘে বাড়্তে এস্সে? —কাদের বাড়িতে এসেছে? (মালদা ১১)

কার্চুকালি karcukali বি শুকনো সর্দি [নাকের ভিতর জমে থাকা] dried phlegm (হুগলি ৯)

কার্ছু karcʰu বি লোহার বড় গোলমুখওয়ালা হাতা a large round iron ladle (মালদা ৯) তু সাঁও কাড়ছু

কার্ছুল্ karcʰul দ্র কার্ছু (মালদা ৯)

কার্জি karji বি কাগজি লেবু a variety of lime with a thin papery skin (কোচবি ৪ জলপা ৬)

কার্তান্ kartan বি কাটারি a chopper (মেদিনী ২০) তু কাতান

কার্তি karti বি একপ্রকার ছুরি [এই ছুরির ফলা প্রায় ছয় ইঞ্চি লম্বা] a kind of knife (দার্জিলি ২)

কার্তিক্ শাল্ kartik ʃal বি একপ্রকার আমন ধান [কার্তিক মাসে পাকে, সরু শালি ধান] a kind of fine paddy (পদিনা ১০)

কার্দা karda বি একপ্রকার দা a variety of chopper (পদিনা ৩)

কার্ দেওয়া kar deŏa ক্রি নির্বীর্যকরণ করা to castrate গোরুটাকে কার্ দেওয়া হোলো—গরুটাকে নির্বীর্য করা হল (বীরভূ ১২)

কার্বং karbɔŋ বি বগলের ফোঁড়া a boil in the armpit (বর্ধমা ১২)

কার্বাড়ি karbaṭi বি সাহায্যকারী স্বেচ্ছাসেবক [বিভিন্ন অনুষ্ঠানে ক্রিয়াকর্মে যেসব ছেলেদের কাজ করতে ডাকা হয়] a male helping-hand (মেদিনী ৩৪)

কার্বার্ karbar বি [বিবাহের] সম্বন্ধ relation, a marriage proposal উকিল্টা হামার্ঘে কার্বার্ লাগাই দিলা—ঘটকটা আমাদের সম্বন্ধ লাগিয়ে দিল (মালদা ১১)



কার্শাল্লা

কার্বারি karbari দ্র কার্বাড়ি (মেদিনী ৩৪)

কার্ম্যান্কার্ karmænkar সর্ব কাদের, কাহাদের whose ইগা কার্ম্যান্কার্ জিনিস্—এগুলো কাদের জিনিস (মেদিনী ৮)

কার্লা karla বি করলা, উচ্ছে a fruit of *Momordica muricata* (মেদিনী ২৯) তু সাঁও কারলা

কার্শাল্লা karʃalla বি অলংকার বানানোর ছাঁচ [কাঁসার তৈরি] a dice of goldsmith made out of bell-metal (জলপা ৭)

কার্সুত্ karsut দ্র কার্ (পদিনা ৩)

কার্ হয়ে শোয়া kar hoe ʃoa ক্রি পাশ ফিরে শোয়া বা কাত্ হয়ে শোয়া to lie down sidewise, to turn one's side while lying (পদিনা ৪)

কার্হা karha বি আনদ্ধ জাতীয় একপ্রকার বাদ্যযন্ত্র [দুটি কাঠি দিয়ে বাজানো হয়] a variety of drum [musical instrument] (পুরুলি ১৩) তু আ বা কাড়া-নাকাড়া

কার্হান্ karhan বি কাদা-চাষ পর্ব [প্রথমে যখন জমিতে লাঙল দিয়ে কর্ষণ করা হয়, তখন জমি শুকনো থাকতে পারে কিংবা অল্প জলও থাকতে পারে। তবে জমিতে রোপণ করার মতো কাদা-জল হয় তৃতীয়বার বা শেষবার লাঙল কর্ষণ করার পর, তখনই বলা হয় 'কার্হান্'] the third or final round of tilling to make the soil muddy (মুর্শিদা ১০, ২০, ২৩)

কার্হিনা লাঙল্ karhina laŋɔl বি কাদামাটি কর্ষণের জন্য নির্দিষ্ট লাঙল [শুকনো জমি কর্ষণের জন্য একপ্রকার লাঙল এবং জল-কাদায় জমি কর্ষণ করার জন্য পৃথক লাঙল থাকে] a type of plough used especially for muddy soil (মুর্শিদা ১০)

কার্হুয়া ঠাকুর্ karhua tʰakur বি ঘটক a match-maker (দার্জিলি ১)

কার্হোটি করা karhoṭi kora ক্রি হ্যাংলামি করা to show extreme greed for food বারে বারে খাবার্

কারা[৪]

জোন্যে কার্‌হোটি কোরিস কেয়া?—বারে বারে খাওয়ার জন্যে হ্যাংলামি করিস কেন? (কোচবি ২)

কার্‌হোয়া karhoa দ্র কার্‌হুয়া ঠাকুর (দার্জিলি ২, ৩ পদিনা ৮)

কার্‌হোল্ karhol বি জোয়ালের দুই প্রান্তের সংলগ্ন দুটি দণ্ড two pegs fixed at either end of an yoke (মালদা ১১)

কারর্ karɔr সর্ব কারুর, কাহারও someother's কারর্ চিরু লিয়ে আচ্‌ড়ুবেনি--কারুর চিরুনি দিয়ে আঁচড়াবে না (মেদিনী ১০)

কারা[১] kara বি একপ্রকার দড়ি [এই দড়ি দিয়ে মাটির বাড়ির চাল বাঁধা হয়] a type of rope (কোচবি ৩)

কারা[২] kara বিণ চড়া [রোদ] strong, severe আজ্ ধুপ্‌টা খুব্ কারা--আজ রোদটা খুব চড়া (মালদা ৫) তু আ বা কড়া (তীব্র)

কারা[৩] kara ক্রি চুল আঁচড়ানো to comb (পদিনা ২)

কারা[৪] kara বি বাঁশের তৈরি বাঁক [সাধারণত সাড়ে তিনহাত লম্বা হয়] a bamboo pole [three and a half cubit long, used for carrying load on shoulder] (পদিনা ১৩)

কারা[৫] kara বি তাগিদ urgency কাজের্ কারা আছে--কাজের তাগিদ আছে (দার্জিলি ১)

কারাং কারাং karaŋ karaŋ ক্রি বিণ কড়মড় sound of munching hard thing কুকুরে কারাং কারাং করে খায়--কুকুরে কড়মড় করে খায় (দার্জিলি ৪)

কারাকে karake সর্ব কাদেরকে বা কাহাদিগকে whom কারাকে কারাকে দিলি--কাদেরকে কাদেরকে দিলি (মালদা ১১) কারাকে দিবু--কাদেরকে দেবো (মুর্শিদা ২২)

কারাট্‌রা karaṭra বি কাঠের ছোট্ট সরঞ্জাম [গরুর দড়িকে শক্ত রাখার জন্য এবং প্রয়োজনে বাড়ানো কমানোর জন্য দড়ির মাঝে কাঠের বা বাঁশের তৈরি বিশেষ সরঞ্জাম। এর দুই প্রান্তে দুটি ছিদ্র থাকে। তাতে দড়ি বাঁধা হয়। এতে দড়ি সহজে ছেঁড়ে না। বা পাক খায় না। অন্যত্র একে 'কাঠ্‌রা' বলে (হাওড়া ১, ৮)] a piece of wood having holes at both ends used for joining two pieces of rope (মেদিনী ১১)

কারাত্‌খানা karatkʰana বি কয়েদখানা বা জেলখানা a prison (বীরভূ ১)

কারান্ ছাতু karan cʰatu বি বিশেষ জাতের ছত্রাক [সাধারণত এই ছত্রাক রান্না করে খাওয়া হয়। মাটি থেকে একটু উঁচুতে মোটা শিকড়ের উপর দাঁড়িয়ে থাকে। ব্যাঙের ছাতার মতো দেখতে, রঙ সাদা। এগুলো বিশেষ বিশেষ মাটিতে জন্মায়। অনেকে বিশেষ পদ্ধতিতে চাষও করে] a variety of edible mushroon (বাঁকুড়া ১১)

কারান্ দেওয়া karan deŏa ক্রি বীজধান রোপণের পর লাঙল দিয়ে চষা to plough after sowing seeds of paddy (হুগলি ৪)

কারাবাজু karabaju বি একপ্রকার গহনা [উপর হাতে পরা হয়] an ornament [worn on the upper part of hand] (জলপা ৩)

কারালি খেরি karali kʰeri বি ঘর ছাওয়ার সামগ্রী [উলুখড় ও কাশফুল গাছের সমষ্টি] materials for roofing a mud house (দার্জিলি ৩)

কারা সিং বিনন্ kara siŋ binɔn বি বিশেষ একপ্রকার কেশবিন্যাস [কানের উপর দু'পাশে বিনুনি করা হয়] a kind of hair style (মেদিনী ৭) [কারা = মহিষ; মহিষের শিং-এর মতো দেখতে হয়]

কারি[১] kari বি খড় the straw, the hay (পদিনা ১, ৬)

কারি[২] kari বি ভুসা কালি the soot (পুরুলি ৪)

কারিকর্ karikɔr বি কারিগর a craftsman (হাওড়া ১, ৮ হুগলি ১৫)

কারিয়া বাশ্ karia baʃ বি একজাতীয় খুব মোটা বাঁশ a variety of stout thick bamboo (দার্জিলি ২)

কারুয়া karua দ্র কার্‌হুয়া ঠাকুর্ (পদিনা ১, ১৩) ~ **তেল্ karua tel** বি সরিষা তেল mustard oil (মালদা ৯)

কারুয়ান্ karuan বি কুঁড়ো বা কুঁড়া husk (মালদা ৩)

কারুল্ karul বি বক্‌না বাছুর a female young cow that has not yet calved (পুরুলি ১৫)

কারুহা karuha দ্র কার্‌হুয়া ঠাকুর্ (পদিনা ৩ দার্জিলি ২)

কারের্ karer সর্ব কাহারো, কারোর somebody else's কারের্ দোকানে নেই--কারোর দোকানে নেই (চব্বিশ ২৭)

কাঁরোঁ kãrõ ক্রি বীজধান ছড়ানো to scatter paddy-seeds (মেদিনী ১৯)

কারোঠিয়া শোয়া karoṭʰia ʃoa ক্রি কাত হয়ে শোয়া to lie sidewise (মালদা ৯)

কারোঠোয়ে সোঁয়া **karot^{h}oe soa** দ্র কারোঠিয়া শোয়া কারোঠোয়ে সুঁয়েছে—কাত হয়ে শুয়েছে (মেদিনী ১২)

কারোয়া[১] **karoa** দ্র কার্‌হুয়া ঠাকুর্‌ (জলপা ৩, ৭ দার্জিলি ৪) ~ **তেল karoa tel** বি সরষের তেল mustard oil (মালদা ২) তু কড়ুয়া তেল (দাস)

কারোয়া[২] **karoa** বি কড়াই [রান্না করার পাত্র] a cauldron (কোচবি ৪) তু সাঁও কারাহি

কারোয়ালি **karoali** ক্রি বিণ ঘটকালি negotiation for marriage by a matchmaker (দার্জিলি ৪) তু কারোয়া[১]

কাল্‌[১] **kal** বি তীব্র বিষধর কালো কেউটে সাপ a venomous black cobra (জলপা ৭)

কাল্‌[২] **kal** বি লাঙলের ফাল ও হাতলের মধ্যবর্তী অংশ the portion between ploughshare and the handle of a plough (বর্ধমা ৬)

কাল্‌ আঁধার্‌ **kal ãd^{h}ar** বি আধো অন্ধকার somewhat dark, half-dark (বর্ধমা ৪)

কাল্‌কা **kalka** বি, ক্রি বিণ গতকাল, আগামীকাল yesterday, tomorrow (জলপা ২ মেদিনী ১৩) ~ **ঠুনু kalkat^{h}unu** ক্রি বিণ কাল থেকে from yesterday / tomorrow (মেদিনী ১৩)

কাল্‌কাচন্‌দা গাছ্‌ **kalkacɔnda gac^h** বি কালকাসুন্দা গাছ a negro coffee tree (বাঁকুড়া ১৩)

কাল্‌কাটা **kalkata** বি কাস্তের ধারালো অংশ the sharp edge of a scythe (মালদা ৮)

কাল্‌কাঠি **kalkat^{h}i** বি [ছিপের] ফাৎনা the float of a fishing line (বর্ধমা ২১)

কাল্‌কাঠুনু **kalkat^{h}unu** ক্রি বিণ কাল থেকে from yesterday / tomorrow কাল্‌কাঠুনু গটাই কথা তোকে কোহিমু বোলি ভাবিটি—কাল থেকে তোকে একটা কথা বলব বলে ভাবছি (মেদিনী ১৩) দ্র কাল্‌কা

কাল্‌কাত্‌ কোরে খাওয়া **kalkat kore k^{h}aõa** ক্রি ঢোক গিলে খাওয়া to drink by gulping (দার্জিলি ২)

কাল্‌কর্‌ **kalkɔr** দ্র কাল্‌কা কাল্‌কর্‌ গেলে জিগ্‌গেস্‌ কর্‌বে—কাল গেলে জিজ্ঞাসা করবে (চব্বিশ ৮)

কাল্‌কি **kalki** বি আগুনের ধোঁয়া বা কালি soot or smut কাল্‌কি মোর্‌ গতরত্‌ লাগ্‌ গ্যালে—আমার শরীরে আলোর শিখার ধোঁয়াটা লেগে গেল (মালদা ১১) দ্র কারি[২]

কাল্‌কুট্‌টা **kalkutta** বিণ খুব কালো, কালো কুচ্‌কুচে jet-black (মালদা ৯)

কাল্‌ কেঁচো **kal kẽco** বি একজাতীয় কেঁচো [কলাগাছের পচা আবর্জনা বা ঐ জাতীয় নোংরার মধ্যে এরা থাকে। লম্বায় বেশ বড়, মোটা এবং কালো রঙের দেখতে] a variety of dark-coloured earth-worm *[Bumbricus terrestris]* (চব্বিশ ১)

কাল্‌[২]

কাল্‌কের্‌নু **kalkernu** ক্রি বিণ কাল থেকে from yesterday কাল্‌কের্‌নু গটাই কথা তোকে কোহিমু বোলি ভাবটি—কাল থেকে তোকে একটা কথা বলব বলে ভাবছি (মেদিনী ৮) [কাল্‌কের = কাল, নু = থেকে]

কাল্‌গহমা **kalgɔhɔma** দ্র কাল্‌[১] (দার্জিলি ৩, ৯)

কাল্‌চার্‌ আউশ্‌ **kalcar auʃ** বি মোটা জাতের আউশ ধান a variety of coarse paddy that ripens before autumn (হাওড়া ২)

কাল্‌চিটে পড়া **kalciṭe pɔṛa** ক্রি কালশিটে পড়া to grow haematoma (হাওড়া ৬)

কাল্‌চিয়া **kalcia** বিণ কালচে blackish, darkish (বাঁকুড়া ১৮)

কাল্‌চুন্‌ **kalcun** দ্র কাল্‌কি (মালদা ১১)

কাল্‌ছিয়া **kalc^{h}ia** দ্র কাল্‌চিয়া (পদিনা ৪)

কাল্‌ছুন্‌ **kalc^{h}un** বি উনানের আগুন তোলার কাজে ব্যবহৃত লোহার হাতা iron ladle [used for raising up fire from an oven] (মালদা ২)

কাল্‌জিরা **kaljira** বি কালোজিরা a variety of spice, *L. nigella sativa* (কোচবি ৪ জলপা ৩ পদিনা ১১)

কাল্‌টা **kalta** বি লাঙলের ফালের নিচের কাঠ the wooden portion below the ploughshare (নদীয়া ১০)

কাল্‌টি বাচ্চা **kalṭi bacca** বি মুরগির বাচ্চা a chicken [a young hen] (মেদিনী ৩২) তু সাঁও কালট্‌

কাল্‌টে **kalṭe** দ্র কাল্‌চিয়া (বীরভূ ১১)

কাল্‌ঠা **kalṭ^{h}a** দ্র কাল্‌চিয়া (মুর্শিদা ২)

কাল্‌ড্রাইশ্‌ **kaḍraiʃ** বি ঢোঁড়া [সাপ] a non-venomous water-snake (জলপা ২)

কাল্‌তানি **kaltani** বিণ খুব ময়লা extremely dirty (মুর্শিদা ১৮)

কাল্‌ ধর্‌শে **kal d^{h}ɔrʃe** ক্রি কড়া ধরছে, কড়া পড়ছে [ক্রমান্বয়ে চাপ পড়ার ফলে শরীরের ত্বকের যে কোনো অংশ কালো ও শক্ত হয়ে যায়] to grow corn [on foot etc] (বীরভূ ১০)

কাল্‌পেনি জল্‌

কাল্‌ধানি পড়া kald^{h}ani pɔɽa দ্র কাল্‌চিটে পড়া কাল্‌ধানি পড়েছে--কালশিটে পড়েছে (বীরভূ ১২)

কাল্‌না kalna বি মাথা (মাছের) the head of a fish বড় মাছের্‌ কাল্‌নাটা হামাক্‌ দে--বড় মাছের মাথাটা আমাকে দে (মালদা ৩)

কাল্‌পাটি kalpaʈi বি রগ the flat portion of either side of human face above cheekbone (মেদিনী ৩১)

কাল্‌পুর্‌শা kalpurʃa বি একপ্রকার ভূত, ব্রহ্মদৈত্য [লোকবিশ্বাস, অবিবাহিত ব্রাহ্মণ যুবক মরলে এই ভূত হয়] an evil spirit [common folk-believes that young bachelor Brahmin turns into this spirit after death] (মেদিনী ২০)

কাল্‌পুশ্‌শা ভূত্‌ kalpuʃʃa b^{h}ut দ্র কাল্‌পুর্‌শা (মেদিনী ২০)

কাল্‌পেনি জল্‌ kalpeni jɔl বি বৃষ্টি ও বন্যার যে জল কৃষিকার্যের জন্য সংরক্ষিত করা হয় [গ্রীষ্মকালে বা শীতকালে জলাভাব ঘটলে চাষের প্রয়োজনে ঐ সংরক্ষিত জল ব্যবহার করা হয়] flood or rain water stored up for irrigation in dry season (হুগলি ৪)

কাল্‌পোস্‌ kalpos বি কালবোস মাছ a species of large fresh-water flat fish with reddish eyes, the rudd (মেদিনী ১৫)

কাল্‌বাইশা মাচ্‌ kalbaĭʃa mac দ্র কাল্‌পোস্‌ (পদিনা ২)

কাল্‌বাউশ্‌ kalbauʃ দ্র কাল্‌পোস্‌ (পদিনা ১০)

কাল্‌বাগুশ্‌ kalbaguʃ দ্র কাল্‌পোস্‌ (বাঁকুড়া ৭)

কাল্‌বাবুশ্‌ kalbabuʃ দ্র কাল্‌পোস্‌ (মালদা ১১)

কাল্‌বোচ্‌ (মাছ্‌) kalboc (mac^h) দ্র কাল্‌পোস্‌ (মেদিনী ৭)

কাল্‌বোয়াস্‌ kalboas দ্র কাল্‌পোস্‌ (মেদিনী ৫)

কাল্‌ভুতা kalb^{h}uta দ্র কাল্‌কুট্‌টা (মালদা ৬)

কাল্‌ভুতুঙ্গা kalb^{h}utuŋga দ্র কাল্‌কুট্‌টা কাল্‌ভুতা লোক্‌টা খুব্‌ কাল্‌ভুতুঙ্গা--লোকটা একেবারে কালো কুচকুচে (মালদা ৬)

কাল্‌মুড়ো kalmuɽo বিণ অপয়া ill-omened, inauspicious কাল্‌মুড়ো, তোর্‌ মুখ্‌ দেখ্‌তে ইচ্ছে করে নে--অপয়া, তোর মুখ দেখতে ইচ্ছা হয় না (হাওড়া ১১)

কাল্‌মুহা kalmuha দ্র কাল্‌মুড়ো (মেদিনী ২৫)

কাল্‌ম্যাগা kalmæga বি কালমেঘ [তিক্ত স্বাদের পাতা, যকৃৎ রোগের ঔষধ] a bitter medicinal plant, *Andrographis paniculate* (বীরভূ ৭)

কাল্‌রাত্তির্‌ kalrattir বি কালরাত্রি [হিন্দু বিবাহের পরের দিনের রাত্রি] the first night after marriage, considered to be inauspicious (মেদিনী ২৫)

কাল্‌রু kalru ক্রি বিণ কাল থেকে from tomorrow / yesterday (মেদিনী ১৩) [উড়িয়া প্রভাব]

কাল্‌লা[১] kalla দ্র কার্‌লা (চব্বিশ ২১ বর্ধমা ৪ বাঁকুড়া ৩, ৭, ১১, ১২, ১৩ মেদিনী ২, ৫, ৬, ৮, ১৬, ২০, ২৫, ২৯)

কাল্‌লা[২] kalla দ্র কাল্‌না (চব্বিশ ৪)

কাল্‌লা[৩] kalla দ্র কাল্‌টা (চব্বিশ ১৪ হাওড়া ৩)

কাল্‌লা[৪] kalla বি গলা the throat (কোচবি ২ পদিনা ৭, ১০, ১২) কাল্‌লা ছাঁটি দেওয়া হবে--গলা কেটে ফেলা হবে (কোচবি ২)

কাল্‌লেগে kallege সর্ব কার জন্য for whom কাল্‌লেগে এ্যাত কোর্‌বি--কার জন্য এত করবি? (মেদিনী ৩৪) < কার + লেগে (< লাগিয়া)

কাল্‌শা kalʃa দ্র কাল্‌টা (হাওড়া ১, ১০)

কাল্‌শাঁজি kalʃãji বি গোধূলি the twilight (চব্বিশ ১৪ বর্ধমা ২২)

কাল্‌শান্‌জি kalʃanji বি প্রত্যূষ the dawn (পদিনা ৪, ৬) তু কালসন্ধি

কাল্‌শান্‌ঝি kalʃanj^{h}i দ্র কাল্‌শান্‌জি (জলপা ৩)

কাল্‌শাঁন্‌ঝিয়া kalʃãnj^{h}ia দ্র কাল্‌শাঁজি (পদিনা ৪)

কাল্‌শানি kalʃani বি কালশিটে lividity of the skin caused by a bruise or hard beating কাল্‌শানি পোড়েচে--কালশিটে পড়েচে (নদীয়া ১১) দ্র কাল্‌চিটে পড়া

কাল্‌শিরে kalʃire দ্র কাল্‌শানি (চব্বিশ ১৪ হাওড়া ১, ৮)

কাল্‌শোইজ্‌জা kalʃoijja বি অশুভ শয্যা [বিবাহের ঠিক পরের দিন বর কনে এক শয্যায় একসঙ্গে থাকে না] the bed, on which the newly wedded couple as a ritual do not lie together in the first night after marriage (মুর্শিদা ২২) দ্র কাল্‌রাত্তির্‌

কাল্‌শোন্‌ধে kalʃond^{h}e দ্র কাল্‌শাঁজি (চব্বিশ ১৪ মুর্শিদা ১২)

কাল্‌সা kalsa বি, বিণ কালো black complexioned কাল্‌সা মতো--কালো মতো (হাওড়া ৮) তু আ বা কাল্‌চে

কাল্‌সাঁই kalsãĩ দ্র কাল্‌শান্‌জি (পদিনা ২)

কাল্‌সাঁজি kalsãji দ্র কাল্‌শাঁজি (বর্ধমা ১৪ হুগলি ১০, ১৫)

কাল্‌সাঁঝ kalsãjʰ দ্র কাল্‌শান্‌জি (চব্বিশ ১২ নদীয়া ৬ মেদিনী ১২)

কাল্‌সানি ধান্‌ kalsani dʰan বি একজাতীয় মোটা কালো ধান a variety of coarse dark-skinned paddy (মালদা ১)

কাল্‌সার্‌ kalsar বিণ কাল্‌চে blackish (হাওড়া ১০) দ্র কাল্‌সা

কাল্‌সি kalsi বি কলসি a pitcher (মালদা ৯)

কাল্‌সোইন্‌জা kalsoinja দ্র কাল্‌শাঁজি (বর্ধমা ১৮)

কাল্‌সোইন্‌জে kalsoinje দ্র কাল্‌শাঁজি (বর্ধমা ৬)

কাল্‌সোইন্‌দা kalsoinda দ্র কাল্‌শাঁজি (বাঁকুড়া ৬)

কাল্‌সোইন্‌ধা kalsoindʰa দ্র কাল্‌শাঁজি (কোচবি ৩ বাঁকুড়া ৭)

কাল্‌সোন্‌দে kalsonde দ্র কাল্‌শাঁজি (বাঁকুড়া ৭ বীরভূ ১০)

কাল্‌হা kalha বিণ ঠাণ্ডা cold (নদীয়া ২ পুরুলি ১২ বাঁকুড়া ৬, ১২ বীরভূ ৩ মেদিনী ২৯) পখুরের্‌ জল্‌টা খুব্‌ কাল্‌হা--পুকুরের জলটা খুব ঠাণ্ডা (বাঁকুড়া ৬, ১২) কাল্‌হা পানি--ঠাণ্ডা জল (নদীয়া ২) তোর্‌ গা অত্‌ত কাল্‌হা ক্যেনি?--তোর গা এত ঠাণ্ডা কেন? (মুর্শিদা ২) জল্‌টা দমে কাল্‌হা--জলটা খুব ঠাণ্ডা (মেদিনী ২৯)

কাল্‌হান্‌ kalhan বি ঠাণ্ডা [বর্ষার সময় জলে ভিজে ঠাণ্ডা লেগে যাওয়া অবস্থা] common cold due to getting wet in rain (মুর্শিদা ২)

কাল্‌হোন্‌ kalhon বি জোয়ালের অংশবিশেষ peg of an yoke (পদিনা ২)

কাল কট্‌কট্‌ kalɔ kɔʈkɔʈ দ্র কাল্‌কুট্‌টা (পদিনা ২)

কালনা kalɔna দ্র কার্‌লা (বর্ধমা ১৯)

কাল নুনিয়া kalɔ nunia বি একপ্রকার আমন ধান [কাল্‌চে রঙের এই ধানের চাল দিয়ে পায়েস রান্না হয়] a variety of dark-skinned fine paddy (জলপা ১)

কালা[১] kala বিণ বোবা [বধিরকে বলে বোহির্‌যা] dumb, mute (পদিনা ১০, ১১ বীরভূ ৯ মালদা ১১ মুর্শিদা ২, ১৭)

কালা[২] kala দ্র কাল্‌হা (চব্বিশ ১১, ২৭ নদীয়া ২, ১০ বর্ধমা ২৫ বাঁকুড়া ১২, ১৮ মেদিনী ১৭ হাওড়া ১০ হুগলি ৮) কালা পানি--ঠাণ্ডা জল (বর্ধমা ৫) কালা পোড়েচে--শীত পড়েছে (বর্ধমা ২) ভাত্‌ খুব্‌ কালিয়ে গিয়েচে--ভাত্‌ খুব ঠাণ্ডা হয়ে গেছে (বর্ধমা ২০) হাত্‌ পা জাড়ে কালা হোইং গেল্‌ছে--হাত পা শীতে ঠাণ্ডা হয়ে গেছে (বীরভূ ৭) ~ জল্‌ **kala jɔl** বিণ ঠাণ্ডা জল cold water (বর্ধমা ৫ মেদিনী ৯) ~ **লাগা kala laga** ক্রি ঠাণ্ডা লাগা to catch cold (হুগলি ৯)



কালা[১১]

কালা[৩] kala বি বর্শার ফলা [মাছ ধরার সরঞ্জাম] blade of a fishing tool (চব্বিশ ১১ হাওড়া ১০)

কালা[৪] kala বি আগাছা বিশেষ, একপ্রকার ঘাস [ধানজমিতে হয়। বর্ষাকালে এগুলির প্রকোপ বেশি হয়। রং সবুজ, একহাত উঁচু, সরু ও লম্বা। প্রায় ১২-১৪টা গাছ একসঙ্গে হয়ে ঝাড়ের মতো দেখায়। জলে ডুবে থাকে] a grass-like weed (হাওড়া ১ হুগলি ৬, ১৬)

কালা[৫] kala বি বঁড়শির সূঁচালো অংশ pointed part of a fish-hook (বর্ধমা ২২ নদীয়া ২)

কালা[৬] kala বি নৌকার নোঙরের মাথায় বাঁকানো ইস্পাতের কাঁটা [এগুলি মাটি আঁকড়ে নদীর পাড়ে বা নদীর মাঝখানে নৌকাকে স্থিরভাবে থাকতে সাহায্য করে] five steel hooks of an anchor (চব্বিশ ১৫ হাওড়া ১০)

কালা[৭] kala বি চোখের মণি pupil of an eye (পদিনা ৬)

কালা[৮] kala বি ধান চারা young paddy plant এ্যাক্‌ কালা--একটা ধান চারা। দু কালা--দুটো ধানচারা (চব্বিশ ১১) তু কল্‌--অঙ্কুর

কালা[৯] kala বি 'জুতির্‌ বাঁশ' নামে একপ্রকার মাছ ধরার অস্ত্রের সূচিমুখ sharp, pointed head of pulse or a fishing tool দ্র কালা[৩] (চব্বিশ ২১)

কালা[১০] kala বি কলাই a variety of *Leguminous seeds* (পদিনা ৩)

কালা[১১] kala বি তাল, খেজুর প্রভৃতি গাছ কাটার (রসের জন্য) বিশেষ ধরনের দা a chopper [for scraping tree to extract juice] (মালদা ৮)

কালা[১২] kala বি কচ্ছপ মারার সরঞ্জাম বিশেষ a spear for catching turtles (চব্বিশ ২১) দ্র কালা[৯]

কালা[১৩] kala দ্র কাল্‌চিয়া (কোচবি ২ জলপা ৯ দার্জিলি ২ পদিনা ৩, ১০, ১৪) ~ **কুট্‌কুটা kala kuʈkuʈa** দ্র কাল্‌কুট্‌টা (জলপা ৭) ~ **ঠিন্‌ঠিন্‌ kala tʰinʈʰin** দ্র কাল্‌কুট্‌টা (দার্জিলি ২)



কালা বগ্‌লা

কালা[১৪] **kala** বি, বিণ ময়লা dirt, dirty (মেদিনী ৭) ['কালা' সহযোগে উচ্চারিত শব্দাবলী পরে ক্রম অনুসারে সন্নিবেশিত হয়েছে]

কাঁলা kãla বিণ কানা one eyed (মেদিনী ৬)

কালাই kalaĭ দ্র কালা[১০] (জলপা ২, ৭ দার্জিলি ৩ পদিনা ৬ মালদা ১) ~ **ছিম্‌ড়ি kalaĭ chĭmɽi** বি কড়াইশুঁটি a pea-pod (মালদা ৪)

কালা উশুদ্‌ kala uʃud বি কালাশৌচ the period of mourning that lasts for a year due to death of any of one's parents or an equally reverened kinsman (হুগলি ৪)

কালা কন্‌কুনে kala kɔnkune দ্র কাল্‌হা, কালা[২] (চব্বিশ ৩১)

কালা কুট্‌কুটা kala kuʈkuʈa দ্র কাল্‌চিয়া, কালা[১৩] (জলপা ৭)

কালা কুর্‌কুট্‌ kala kurkuʈ বি এক ধরনের লাল-কালো মিশ্রিত রঙের ক্ষুদে পিঁপড়ে a small red and black ant (মেদিনী ২৮)

কালা কেইশি kala keĭʃi বি চামর fly-whisk made of animal hair (জলপা ৭)

কালা কেশাড়ি kala keʃaɽi বি কেশতিয়া বা কেশুত গাছ a plant, *Eclipta alba* (জলপা ৭)

কালা কোচু kala kocu বি একপ্রকার কচু [এর কালো রঙের ডাঁটাই কেবল খাদ্য হিসেবে ব্যবহৃত হয়] a blackish arum plant [with edible stalk] (জলপা ৭ পদিনা ১)

কালা ঘাস্‌ kala ghas দ্র কালা[৪] (হাওড়া ৩)

কালাছুঁচ্‌ kalachũc দ্র কালা উশুদ্‌ (বাঁকুড়া ১৮)

কালাছুঁত্‌ kalachũt দ্র কালা উশুদ্‌ (বাঁকুড়া ১১)

কালা জমি kala jɔmi বি আনাজ বা সব্‌জি চাষের ক্ষেত [সাধারণত এই ক্ষেত ধানচাষের জমির চেয়ে উঁচু হয়] field suitable for the growing of vegetable (মেদিনী ৩, ১৪)

কালা জিরা kala jira বি কালোজিরা a kind of spice, *Nigella sativa* (মেদিনী ২০)

কালা ঠিন্‌ঠিন্‌ kala thinthin দ্র কাল্‌হা, কালা[২] (দার্জিলি ২)

কালা দাগ্‌ kala dag বি পানের একপ্রকার রোগ [পানগাছের গায়ে কালো দাগ হয়] a disease of betel leaf plant (হাওড়া ১০)

কালান্‌দারি kalandari বি মেঘ করার ফলে সৃষ্ট অন্ধকার darkness due to accumulation of cloud মেগ্‌ কোরে দিন্‌টা কালান্‌দারি হোই গ্যাচে--মেঘ করে দিনটা অন্ধকার হয়ে গেছে (বীরভূ ৫) কি কালান্‌দারি করেছে কোলের্‌ মানুশ্‌ চিন্‌তে পার্‌চে না--কি অন্ধকার করেছে কোলের মানুষ চিনতে পারছে না (বীরভূ ৫) তু আ বা কালো + আঁধারি

কালানি বেলা kalani bela দ্র কাল্‌শান্‌জি (মেদিনী ১৫)

কালা নুনিয়া kala nunia দ্র কাল নুনিয়া (জলপা ৭)

কালানো kalano ক্রি [তরকারি] সাঁতলানো, কষা to singe lightly with spices in oil [a cooking process] (মেদিনী ৩৪)

কালা বগ্‌লা kala bɔgla বি একপ্রকার বক [কোঁচ বক] a pond heron (মালদা ২)

কালা ভাত্‌ kala bhat বি পান্তা ভাত rice, which is left over night in water (বাঁকুড়া ৬) < কালা = ঠাণ্ডা (জলে ভেজা) + ভাত

কালা ভুত্‌ kala bhut বি এক বিশেষ ধরনের ভূত [এখানকার লোকবিশ্বাস যে, এই ভূত শ্মশানচারী, সাধারণত অন্তঃসত্ত্বা স্ত্রীলোককে ধরে তার বুকের উপর বসে রক্তপান করে। যাকে এই ভূত ধরে সে রাত্রে স্বপ্ন দেখে--তাকে যেন ভূত খাওয়াচ্ছে এবং রোগী বকবক করে। ওঝা ডেকে এই ভূত তাড়ানো হয়] a type of evil spirit [believed to possess pregnant women and suck blood from their breast] (কোচবি ৬)

কালাম্‌ আম্‌ kalam am বি ফজলি আম a species of large mango (মালদা ২)

কালা মাইট্যা kala maĭʈæ বি বাড়ির লাগোয়া ছোট জমি [এখানে সাধারণত সব্‌জি চাষ করা হয়] a kitchen-garden (মেদিনী ৩৪) দ্র কালা জমি

কালা মাছ্‌ kala mach বি জিওল মাছ a species of fish, that can be kept alive for long in the vessel (মেদিনী ২৮)

কালা মাটি kala maʈi দ্র কালা মাইট্যা (মেদিনী ৩৪)

কালা মেটাল্ **kala metal** বি কালো রঙের এঁটেল মাটি [এই লাল বা কালো রঙের এঁটেল মাটিই কুমোরের কাজে ব্যবহার হয়] blackish clayey soil [usually used by potters] (মেদিনী ২৯)

কালামের্ সাজন্ **kalamer sajɔn** বি গুণিনের মন্ত্রাদি an incantation of a sorcerer (চব্বিশ ১১)

কালালি **kalali** বি কসাই a butcher (পদিনা ৩)

কালাশি **kalaʃi** বি মাছের ফুলকো the gills of fish (চব্বিশ ৩৪)

কালাস্ সাপ্ **kalas sap** বি একধরনের বিষধর সাপ [রং কালো, সাদা ও লাল ডোরাযুক্ত] a kind of venomous snake (চব্বিশ ৩৭) তু আ বা কাল্‌সাপ

কালি[১] **kali** বি ভুসাকালি soot (পদিনা ৫ হাওড়া ৩) ২ ঝুল soot caught in cobweb (চব্বিশ ২১ পদিনা ১০)

কালি[২] **kali** বি ১ এক একটি ধানগাছের চারা (চব্বিশ ২০, ৩৭ হাওড়া ৩) দ্র কালা[৮]

কালি[৩] **kali** বি মাছ ধরার সরঞ্জামবিশেষ--কোঁচ a kind of fishing tool (চব্বিশ ২১ বর্ধমা ৫)

কালি[৪] **kali** বি রোপণ করা ধানচারা থেকে জন্মানো নতুন ধানগাছ a sprouted young paddy plant (চব্বিশ ২৭)

কালি[৫] **kali** বি পানগাছের ক্ষতিকারক একপ্রকার পোকা [কালোজিরার মতো দেখতে ছোট ছোট কালোরঙের পোকাগুলি পানপাতার পিছনে বা তলায় ডিম পেড়ে পানের ক্ষতি করে থাকে। জল কম হলে বা বরোজের মধ্যে আবর্জনা জমলে এই পোকার সৃষ্টি হয়] a pest that damages betal-leaf plant (বাঁকুড়া ৩) দ্র কালা দাগ্

কালি[৬] **kali** দ্র কালাস্ সাপ্ (বাঁকুড়া ১২)

কাঁলি **kãli** অস ক্রি [মাছ] ছাড়িয়ে peeling off [scales of fish] মাছ্‌টা কাঁলি লেত--মাছটা ছাড়িয়ে ফেলতো (মেদিনী ২৪) মাছ্‌তো কাঁলিতে কোউঠু, কাঁটা ফুট্যালে তখঁ কি হবে?--মাছ তো ছাড়াতে বলছিস, কাঁটা ফুটে গেলে তখন কি হবে? (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কালি কোচু **kali kocu** দ্র কালা কোচু (বীরভূ ৫)

কালিকা **kalika** ক্রি বিণ কালকে yesterday (কোচবি ৬ জলপা ২) মুই কালিকা ভাত্ খাইসং--আমি কাল ভাত খেয়েছি (কোচবি ৬)

কালি খেলা **kali kʰela** ক্রি উদ্দামনৃত্য করা [ঢাকের বাজনার সঙ্গে কালীমূর্তির মতো নৃত্য করা] to dance wildly [to the tune of drums] (কোচবি ৮)

কালিগর্ **kaligɔr** বি কারিগর a workman, machanic (মুর্শিদা ২২)

কালি তোলা

কালি চুল্ **kali cul** বি খোলা চুল [গালি হিসেবে প্রযোজ্য] loosened dishevelled hair (পদিনা ৪) [কালী মূর্তির মতো আলুলায়িত কেশ অর্থে]

কালিচুশা কাগজ্ **kalicuʃa kagɔj** বি ব্লটিং পেপার blotting paper কালিচুশা কাগোজ্‌খান্ কালি নি চুচ্‌ছে--ব্লটিং পেপারে কালি শোষণ করছে না (মালদা ৩)

কালিচোশা **kalicoʃa** বি কলমে কালি ভরার ড্রপার dropper [for filling a pen with ink] (পদিনা ১০)

কালিজি **kaliji** বি কলিজা, মেটে [পাঁঠার, খাসির] the liver [of a goat, sheep etc.] (মালদা ২)

কালি তোলা **kali tola** ক্রি কুম্ভকারের চাকে মৃৎপাত্র নির্মাণকালের একটি প্রক্রিয়া [এই প্রক্রিয়া চলাকালীন দুহাত দিয়ে চাকের মাটি টেনে তুলে পাত্রের আকার দেওয়া হয়] the process of shaping an earthen ware by using two hands on the mound of clay on potter's wheel (বর্ধমা ৬)

কালিদল্ **kalidɔl** বি বিশেষ ধরনের পাখি [চড়ুই পাখির মতো দেখতে কালো ডানা, সাদা পেট, ঠোঁট সরু] a species of sparrow (বাঁকুড়া ১২)

কালিদুয়াত্ **kaliduat** বি দোয়াত an ink-pot (মেদিনী ১৬)

কাঁলি দেওয়া **kãli deŏa** ক্রি [মাছ] ছাড়ানো to peel off [a fish] (মেদিনী ৬) দ্র কাঁলি

কালিদোয়া **kalidoa** দ্র কালিদল্ (বাঁকুড়া ১১)

কালিপ্ **kalip** বি ছাদ ঢালাই করার জন্য নির্মিত কাঠের পাটাতন wooden structure to support newly cast reinforced concrete roof (পুরুলি ৩ বীরভূ ৮)

কালিপাংসি মাছ **kalipaŋsi macʰɔ** দ্র কাল্‌পোস্ (মেদিনী ৩০)

কালি পোকা **kali poka** দ্র কালি[৫] (হাওড়া ৮)

কালিফল্ গাচ্ **kalipʰɔl gac** বি সেঁকুল, শিয়াকুল গাছ a kind of thorny plant and its berry, *Zizyphus oenoplia* (হাওড়া ১)

কালু কাঁটা

কালি বাংলা kali baŋla বি একপ্রকার পান a variety of betel-leaf (মেদিনী ২৮ হাওড়া ৮)

কালি বাছুর্ kali bacʰur বি বকনা বাছুর a she-calf (চব্বিশ ১৫)

কালি বাঙাল্ পান্ kali baŋal pan দ্র কালি বাংলা (হাওড়া ৩, ৬)

কালি ময়না kali mɔena বি কোকিল a cuckoo (মেদিনী ৩৪) তু আ বা কালো ময়না

কালিমুহি kalimuhi বি গ্রাম্যদেবতা বিশেষ a folk god [এই দেবতার অধিষ্ঠান ক্ষেত্র 'কোইম্' নামক একপ্রকার গাছের নিচে। দেব বিগ্রহ হিসেবে কয়েকটি মাটির হাতি-ঘোড়া থাকে। রোজ পূজা হয় না, কেবল মকর-সংক্রান্তির দিন পূজা হয়] (মেদিনী ৮)

কালিয়া kalia বিণ কালো black (মেদিনী ৮, ১৬, ২০, ২৫)

কালিয়া বিসোর্ kalia bisor দ্র কাল্ম্যাগা (মেদিনী ২৪)

★ **কালিয়ে যাওয়া kalie jaŏa** ক্রি ঠাণ্ডায় অবশ হয়ে যাওয়া to numb with cold হাত-পা ঠাণ্ডায় কালিয়ে গেছে--হাত-পা ঠাণ্ডায় অবশ হয়ে গেছে (বর্ধমা ৫) দ্র কালা[২]

কালিয়্যা kaliæ দ্র কালিয়া (মেদিনী ১৮)

কালিরাই ধান্ kaliraĭ dʰan বি একজাতীয় কালো রঙের ধান a variety of blackish paddy (মালদা ১, ৮)

কালিশাজি kaliʃaji দ্র কাল্শান্জি (পদিনা ১৪)

কালুকাঁটা kalukãʈa বি শিয়ালকাঁটা a wild thorny plant, *Argemone mexicana* (বাঁকুড়া ১৫)

কালুভ্যালা ফল্ kalubʰæla pʰɔl বি একপ্রকার ঔষধি ফল [এই ফলের তেল 'হাজা'য় লাগালে সেরে যায়] a variety of medicinal fruit used as a cure for sore caused by water (মেদিনী ৩২)

কালুয়া[১] kalua বি রাতের আহার [প্রাতরাশকে বলে 'পানি খাওয়া' এবং মধ্যাহ্ন ভোজনকে বলে 'ব্যাসিয়াম্'] a night's meal, a supper (পুরুলি ৫)

কালুয়া[২] kalua দ্র কালিয়া কালুয়া গাই--কালো গাই (মালদা ১১)

কালু রায় kalu raĕ বি এক লৌকিক দেবতা [এর বাহন বাঘ। লোকবিশ্বাস, কোনো বিপদে পড়ে মানত করলে এই দেবতার পূজা দেওয়া হয়। শনি বা মঙ্গলবার দিনের বেলা সাধারণত এই পূজা হয়] a folk-god whose riding animal is tiger (মেদিনী ১০)

কালেজি kaleji দ্র কালিজি (মালদা ৭)

কালেভোবে kalebʰobe ক্রি বিণ কখনো-সখনো [কালেভদ্রে] rarely (বাঁকুড়া ৫) তু আ বা কালেভদ্রে

কালেল্লে kalelle ক্রি বিণ কাল থেকে from yesterday (মেদিনী ২০) দ্র কাইলেন্নু

কালো ইঁচুটি kalo ĩcuʈi বিণ ময়লা চট্চটে excessive dirty কাপড়্খ্যান্ কালো ইঁচুটি হোই গ্যাল--কাপড়টা ময়লা চট্চটে [তীব্র] হয়ে গেল (মুর্শিদা ২)

কালো খোরিস্ kalo kʰoris বি কালো গোখরো (সাপ) a black cobra (মেদিনী ৯)

কালো গেয়ের্ দুদ্ kalo geer dud বি তালগাছের রস juice of palm tree (বর্ধমা ১০) [এই শব্দটি তির্যক ও ব্যঙ্গার্থে ব্যবহৃত হয়]

কালো জোঁক্ kalo jõk দ্র কাল্কুট্টা লোক্টা জ্যান কালো জোঁক্--লোকটা ভীষণ কালো কুচকুচে (মুর্শিদা ১৬) সাদৃশ্যার্থে--জোঁক

কালো ঠোরিয়া বোগ্লা kalo ʈʰoria bogla বি একপ্রকার বক, কাঁক্ বক a pond heron (মেদিনী ৩৪) তু দ্র কালা বগ্লা

কালো ড্যামি kalo ɖæmi বি চোখের তারা pupil of an eye (বর্ধমা ১৩)

কালোড়্ গোরু kaloɽ goru বি বন্ধ্যা গাই a sterile cow, a barren (চব্বিশ ১৯)

কালোন্ kalon বি গরুর গাড়ির জোয়ালের অংশ বিশেষ [এর সঙ্গে দড়ি জড়িয়ে বলদের গলায় বাঁধা হয়] a peg of an yoke (পদিনা ২)

কালো পারা kalo para বিণ কালো মতো blackish (বর্ধমা ২৫)

কালো পুত্লা kalo putla দ্র কালো ড্যামি (মেদিনী ২৯)

কালোবাইশ্ kalobaiʃ দ্র কাল্পোস্ (পদিনা ৭)

কালোবিছা kalobicʰa বি একধরনের বিছা [কালো রঙের তেঁতুল বিছার মতো] shaped like a pond of tamarind a variety of black scorpion (মেদিনী ৭)

কালো বেগুন্ kalo begun বি কাঁটাহীন, লম্বা, সুডৌল আকারের কালোরঙের বেগুন [বেগুন পাঁচপ্রকার। কাঁটা, আউশে, পোউশে, নুড়কি, কালো] a variety of dark, well-shaped brinjal (চব্বিশ ৭)

কালো বোবা kalo boba বিণ জনমানবশূন্য, খাঁ খাঁ utterly empty ঘর্‌টা কালো বোবার মত হয়ে আছে—ঘরটা খাঁ খাঁ করছে (বর্ধমা ১৬)

কালো মাটি kalo maṭi বি এক বিশেষ ধরনের মাটি [এতে বালির ভাগ বেশি] a blackish soil (পদিনা ২)

কালো মিল্‌মিল্‌ kalo milmil দ্র কাল্‌কুট্‌টা (পদিনা ৯)

কালোমেঘা kalomegʰa দ্র কাল্‌ম্যাগা (হুগলি ১৫)

কালো মেহে kalo mehe বি একপ্রকার সরু ধান [এই ধানে খৈ হয়] a variety of fine paddy (পদিনা ১০) তু আ বা মিহি (সরু)

কালোর্‌ kalor বি কলার [জামার] collar (পদিনা ২) < ইং collar

কাল্যা লুড়্‌কি kalæ luṛki বি একরকম বেগুন [কালো ছোট আকারের] a variety of brinjal (মেদিনী ৩৩)

কাশ্‌[১] kaʃ বি ঠোঁটের দুই প্রান্ত both ends of lips (হুগলি ১৫)

কাশ্‌[২] kaʃ বি ১ কফ, শ্লেষ্মা phlegm (নদীয়া ৭, ১১) ২ কাশি, হাঁচি cough, sneezing (দার্জিলি ৪) গলালে কাশ্‌ উট্‌ছে—গলা থেকে কফ উঠছে (নদীয়া ১১) < সং কাশ

কাশ্‌[৩] kaʃ বি লাঙল চালানোর ফলে সৃষ্ট দুটি সীতার মধ্যবর্তী স্থান space between two furrows (পদিনা ৫)

কাশ্‌কেল্‌ kaʃkel বি গাঙধাড়া মাছ a kind of fish, *[Belona caucila]* (চব্বিশ ৩৬)

কাশ্‌টি[১] kaʃṭi বি কাছা the part of the loin-cloth which the wearer tucks behind him between his legs (কোচবি ২ জলপা ২) < সং কচ্ছ

কাশ্‌টি[২] kaʃṭi বি ছোট কাপড় a small piece of cloth (মালদা ১১)

কাশ্‌ দাঁত্‌ kaʃ dãt বি কশের দাঁত a molar tooth (হুগলি ৯)

কাশ্‌পুঁটা kaʃpũṭa দ্র কাশ্‌[২] (নদীয়া ১৩)

কাশ্‌মল্‌লা kaʃ molla বি জিওল গাছ [এই গাছের কাঠ খুব হালকা। এই কাঠ পুড়িয়ে ছাই নিয়ে বাজি তৈরির মশলায় মেশানো হয়] *Odina wodier* (হাওড়া ৩)

কাশ্‌মোল্‌লা kaʃmolla দ্র কাশ্‌মল্‌লা [পুরানো কাশ্‌মোল্‌লা গাছের শিকড়ের ছোট টুকরো কোমরে পরলে বাতের ব্যথা সারে] (হাওড়া ১০)

কাঁশ্‌লা[১] kãʃla বি স্বর্ণকারের কাজে ব্যবহৃত ছাঁচ জাতীয় সরঞ্জাম বিশেষ [এক বর্গ ইঞ্চি মাপের কাঁসা এবং পিতলের মিশ্রণে তৈরি এই সরঞ্জামের ছ'টি পিঠ থাকে। ঐ ছয় পিঠে নানা মাপের অর্ধগোলাকৃতি গর্ত থাকে। সোনা-রূপোর গুলি তৈরির জন্য গরম অবস্থায় এতে ফেলা হয়] a goldsmith's tool (বর্ধমা ৫ বীরভূ ১১)

কালো মেহে

কাঁশ্‌লা[২] kãʃla বি লাঙলের ফালের নিচের কাঠ wooden part of a plough (মেদিনী ৫)

কাশন্‌ kaʃɔn বি কাশি cough (দার্জিলি ৩)

কাশর্‌ kaʃɔr বিণ ভূরিভোজন-পটু surfeit [person] (চব্বিশ ৩৭)

কাশা kaʃa বি বাটির চেয়ে বড় আকারের মাটির পাত্র বিশেষ a variety of small size earthen pot like basin (পদিনা ১০) < সং কাংস্য

কাঁশা kãʃa দ্র কাশা (পদিনা ১০ মালদা ১০)

কাঁশাই kãʃaĭ দ্র কালালি (পুরুলি ১২)

কাশাইকর্‌ kaʃaĭkɔr দ্র কালালি, কাঁশাই (পদিনা ১৪)

কাশারি[১] kaʃari বি আদালত a court (কোচবি ২) < কাছারি

কাশারি[২] kaʃari বি কাঁসা-পিতলের বাসন তৈরির কারিগর বা ব্যবসায়ী a brazier or trader of utensils made of brass or bell-metal (বর্ধমা ২৩) আ বা কাঁসারি

কাশি[১] kaʃi বি কফ্‌ কাশি [গরুর কাশি হলে পান খাওয়ার জন্য ব্যবহৃত চুন শিঙে দিলে কিংবা লঙ্কার ধোঁয়া নাকে দিলে সেরে যায়] cough (নদীয়া ১ পদিনা ৮)

কাশি[২] kaʃi বি কাশগাছ a tall species of grass, *Saccharum spontaneum* (পদিনা ২)

কাশি[৩] kaʃi বি কাস্তে a scythe, a sickle (জলপা ৭)

কাশি[৪] kaʃi বি কাঁসর a dish made of bell-metal used as a musical instrument (কোচবি ২)

কাশি[৫] kaʃi বি গামলা-জাতীয় পাত্র a kind of basin made of bell-metal (চব্বিশ ৩৭) দ্র কাশা < সং কাংস্য

কাশি কলাই kaʃi kɔlaĭ বি একপ্রকার কালো কড়াই বা কলাই [যা থেকে বিউলির ডাল হয়] a blackish leguminous seed, that yields pulses (চব্বিশ ২১)

কাঁশোল্

কাঁশি খোলা kãʃi kʰola বি প্রান্ত বা কানা-উঁচু মাটির থালা [পূজার সময় ফল-ফুল রাখা হয়] earthen plate with raised brim (চব্বিশ ১৫) দ্র কাশা

কাশিয়া kaʃia ১ দ্র কাশি[২] (কোচবি ৪ জলপা ৭) ২ খড় straw (কোচবি ৩) ৩ একপ্রকার ঘাস [জমির বিভাজনের জন্য নিশানা দিতে এই ঘাস লাগানো হয়। এই ঘাস জলে ডুবে থাকলেও মরে না] a variety of grass [planted to mark the division of land] (দার্জিলি ৩)

কাশির্ কুম্ড়ো kaʃir kumɽo বি লাল, গোল কুম্ড়ো a variety of round-shaped red pumpkin (হুগলি ১) তু কাশির পেয়ারা

কাশেক্ kaʃek বি এক ক্রোশ a measure of distance, a little more than two miles (মেদিনী ১৫) < সং ক্রোশ + এক

কাশো kaʃo দ্র কাশন্ ওর্ কাশো হইচে—ওর কাশি হয়েছে (দার্জিলি ৪)

কাঁশোর্ আলু kãʃor alu বি শাঁকালু a kind of white esculent fruit shaped almost like a conch-shell, *Pachgrhizus anglulatus* (মালদা ২)

কাঁশোল্ kãʃol বি ঢেঁকিতে ধান ভানার গর্ত বা গড় a hole on the earth where paddy is kept while husking by a pedal (মেদিনী ১৫)

কাস্ kas বি কাঁখ waist কাসে নেই—কাঁখে নিই (কোচবি ৪)

কাস্টি kasṭi বি ১ লেংটি a short piece of loin-cloth worn by Indian wrestlers etc. (পদিনা ১) দ্র কাশ্টি[২] ২ দ্র কাশ্টি[১] (কোচবি ৩)

কাস্টি kasṭi বিণ কৃপণ miserly কাস্টি লোক্—কৃপণ লোক (বীরভূ ৯)

কাঁস্টে দুধ্ kãsṭe dudʰ বি গাঁজলা দুধ [গাভী প্রসব হবার পরে প্রথম কিছুদিন খুব ঘন আঠালো দুধ দেয়। সেটাই গাঁজলা দুধ] frothy milk (নদীয়া ১০)

কাস্ঠ দেবির্ পুজা kastʰɔ debir puja বি কাষ্ঠদেবীর পূজা [নতুন নৌকা জলে ভাসানোর পূর্বে নৌকাটিতে এই দেবীর পূজা করা হয়। নৌকাটিই হয় সেই দেবীর রূপক] worship of goddess of wood [the worship is done on a new boat on the eve of its floating] (হাওড়া ১০)

কাস্তালি kastali বি বগল armpit (কোচবি ১)

কাস্তে kaste বিণ বাদ্লা [একনাগাড়ে কয়েকদিনের বৃষ্টি] days of continual raining (নদীয়া ৩)

কাস্তে কাটানো ছেনি kaste kaṭano cʰeni বি খুব ছোট ছেনি [যা দিয়ে কাস্তেতে ধার দেওয়া হয়] a very small chisel [used for sharpening scythe] (হুগলি ১১)

কাস্তে চোরা kaste cora বি একপ্রকারের পাখি [সাধারণত সাদা রঙের হয়। তবে অন্য রঙেরও হয়, সংখ্যায় কম। জলে থাকে, মাছ প্রভৃতি খায়। ডাহুকের মতো আকৃতি, শুধু ঠোঁট কাস্তের মতো বাঁকা] a white Ibis (নদীয়া ৪)

কাস্তে দুধ্ kaste dudʰ দ্র কাঁস্টে দুধ্ (নদীয়া ১১)

কাস্তে পুরা পিঠা kaste pura pitʰa বি এক ধরনের পিঠা [প্রস্তুতপ্রণালী 'আস্কে পিঠা'র মতো। গরম জলে অল্প আটা ও নুনসহ আতপচালের গুঁড়ো গুলতে হবে। এরপর পিঠা করার নির্দিষ্ট ছাঁচের চারটি খোপে তেল মাখিয়ে গরম করে তার ভিতর গোলা দিয়ে ঢেকে দিতে হবে। একটু পরেই এগুলো তুলে নিলে পিঠা সম্পূর্ণ হবে। এই পিঠা চিনির রস, গুড়ের রস বা দুধে ফুটিয়েও খাওয়া হয়] variety of sweet pie (চব্বিশ ২১)

কাস্তে বঁটি kaste bõṭi বি খড় কাটার বঁটি [কাস্তের দাঁতের মতো এর ফলায় দাঁত থাকে] a teethed knife with pedal [used for chopping straws] (চব্বিশ ১, ২১, ৩৭)

কাস্তের্ পুড়ি kaster puṭi বি কাস্তের দাঁত [করাতের মতো] tooth of scythe (হুগলি ১২)

কাস্তে হেঁশো kaste hẽʃo বি একধরনের কাস্তে [এ দিয়ে পাট কাটা হয়। এই কাস্তের দাঁত থাকে না] a variety of steel-sickle [used for cutting jute plants] (মেদিনী ৮ হুগলি ১)

কাস্লা kasla বি বীজক্ষেত বা বীজতলা [যেখানে ধান ফেলে বীজচারা তৈরি করা হয়] seed-bed [prepared for growing saplings] (পদিনা ৭, ১০, ১২)

কাঁস্লা kãsla দ্র কাঁশ্লা[১] (মালদা ১)

কাসা[১] kasa বি বাসন kitchen utensils বাসি কাসা—বাসি বাসন [অর্থাৎ আগের দিনে খাওয়া এঁটো বাসন। সমস্ত বাসন-কোসনের মধ্যে কিছু বাসন পিতল-কাঁসার তৈরি হলেও সমস্ত বাসনগুলিকেই 'কাসা' বলা হয়] (মেদিনী ২০)

কাসা[২] **kasa** বি পুইঁশাক Indian spinach (জলপা ৭, ৯) [~ দই পরে পৃথকভাবে গ্রথিত হয়েছে]

কাঁসা kãsa বি উঁচু কানা-বিশিষ্ট কাঁসার থালা a high brimmed plate made of bell-metal (বাঁকুড়া ৭, ১২, ১৩) [~ তেলি পরে পৃথকভাবে গ্রথিত হয়েছে] সং কাংস্য

কাসাই[১] **kasaĭ** বি কুশঘাসের সুগন্ধি মূল [দেখতে আদার মত। কোনো জলাশয়ের ধারে জন্মায়। এই গাছে কোনো ফল হয় না। বিবাহের অনুষ্ঠানে স্ত্রী-আচারের কাজে ব্যবহৃত হয়] a kind of holy grass, *Poaciliaris* (মালদা ৪) ~ ভাজানো **kasaĭ bʰajano** ক্রি বিবাহানুষ্ঠানের স্ত্রী-আচার বিশেষ। 'কাসাই' নামক দ্রব্যের ব্যবহার করা [বিয়ের অনুষ্ঠানের আগে শুকনো 'কাসাই' ভেজে 'ছামে' (হামান-দিস্তায়) কুটতে হয়। তারপর আটার মতো চেলে যে গুঁড়োটা পাওয়া যায় তাতে একটু তেল, জল এবং হলুদ দিয়ে মেখে কলাপাতায় রাখতে হয়। গায়ে হলুদ দেওয়ার সময় পাঁচজন গুরুজন এটি পাঁচবার করে বর কনের মুখে লাগাবে, তারপর গায়ে মাখাবে] to use aromatic root in marriage ceremony (পদিনা ৮ মালদা ৪)

কাসাই[২] **kasaĭ** বি কসাই a butcher (মালদা ২)

কাঁসাই গাচ্ kãsaĭ gac দ্র কাসাই[১] (মালদা ১১)

কাঁসা তেলি kãsa teli বি একপ্রকার জলজ উদ্ভিদ [শালুকের মতো দেখতে, পাতাগুলোও শালুকের মতো] a type of sadge growing in water, a type of water-hyacinth (বর্ধমা ৫)

কাসা দই kasa dɔĭ বি বিশেষ গ্রামীণ পদ্ধতিতে প্রস্তুত একপ্রকার দই [মহিষের দুধ জ্বাল না দিয়ে কাঁচা অবস্থায় একটি মাটির হাঁড়িতে রাখা হয়। প্রতিদিন ঐ হাঁড়িতে অল্প করে দুধ রেখে দু-তিন দিন পরে হাঁড়ির তলায় সূচ দিয়ে সামান্য ছিদ্র করে একটি শোলার খিল আটকে রাখা হয়। দই জমে গেলে খিলটি খুলে দিলে জল বাইরে পড়ে যাবে, হাঁড়িতে কেবল দই থাকবে। দশ-বারো দিন পরে এই দই খাওয়া হয়। এর উপরে যে ছাতা পড়ে তাকে বলে 'ছানি'। দইয়ের মুখের উপর থেকে 'ছানি' ফেলে দিয়ে একটু দুধ দিয়ে উপরটা লেপে দিলে ভাল দই হয়। এই দই একদম চুনের মতো হয়] a rural process of preparing curd (কোচবি ৬)

কাঁসান্ kãsan বি কলঙ্ক rust থালাটাতে কাঁসান্ লেগেছে—থালাটিতে কলঙ্ক লেগেছে (পুরুলি ১২)

কাসার্ kasar সর্ব কাদের (কাহাদের) কাসার্ কহ্যে আন্‌ব কোহ্লু—কাদের জন্য আনবো বললি? (মালদা ১১) তু কাসু (দাস)



কাসি[৪]

কাসি[১] **kasi** দ্র কাশি[২] (পদিনা ২, ৮) এইলা কাসি খেড়্—এইগুলো কাশ গাছের খড় (পদিনা ২)

কাসি[২] **kasi** বি কাশি cough কাসিয়্যা কাসিয়্যা দম্ ফাটিয়্যাল—কেসে কেসে দম ফেটে গেল (মেদিনী ১৫, ১৯, ২২, ২৬)

কাসি[৩] **kasi** বি কাঁসার ছোট থালা [জলখাবার দেওয়ার জন্য ব্যবহৃত হয়] (বাঁকুড়া ১২ মেদিনী ১১)

কাসি[৪] **kasi** বি ধান কাটার দা a scythe, a sickle (কোচবি ১) ~ দাউ **kasi daŭ** দ্র কাসি[৪] (জলপা ৯)

কাসিন্দি kasindi বি কাসুন্দি a pickle made of green mango tamarind and mustard [সরষে ধুয়ে শুকিয়ে ঢেঁকিতে কুটে গুঁড়ো করে চালুনিতে চালতে হবে। হাঁড়িতে ফুটন্ত জলে ভাজা লঙ্কা, গোলমরিচ, তেজপাতা, জিরে, গরমমশলা, ধনে, এলাচ, দারুচিনি, হলুদ, তেল, নুন এবং সরষে গুঁড়ো দিতে হবে। এরপর কাঁচা আমের টুকরো পরিমাণ মতো দিয়ে নাড়তে হবে। কিন্তু এটি ফোটানো হবে না। কয়েকদিন পরে কাঁচা আমের টুকরোগুলি তুলে নিতে হবে। বাকি জিনিসটি রোদে দিতে হবে] (মেদিনী ১৯, ২২, ২৬ হাওড়া ১০) তু কাসন, কাসন্দি (দাস) সং কাসর্মদ

কাসিম্ kasim বি কচ্ছপ a turtle, a tortoise (মেদিনী ১১) < সং কাছিম

কাসুন্ kasun দ্র কাসিন্দি (পদিনা ১২)

কাসুন্ডি kasundi দ্র কাসিন্দি (মেদিনী ১১)

কাসুন্দি ঘাঁটা kasundi gʰãṭa ক্রি পুরোনো অপ্রীতিকর প্রসঙ্গ খুঁচিয়ে তোলা to poke the unpleasant past (জলপা ৭)

কাসুয়া kasua বিণ কচি tiny (baby) কাসুয়া ছোয়া—কচি ছেলে (কোচবি ৩)

কাসুলা kasula বিণ খুব কাশে এমন ব্যক্তি a patient of chronic cough (জলপা ৬, ৭)

কাসেদ্ kased বি ঘটক [মুসলমান ধর্মাবলম্বীদের] a match-maker (পুরুলি ১৭) দ্র কারপুয়া ঠাকুর



কাহন্

কাসের্ চিনি kaser cini বি একপ্রকার লালচে রঙের চিনি [আখের গুড় থেকে গ্রামীণ প্রথায় তৈরি। পূজায় এবং গ্রামীণ ভেষজ চিকিৎসায় ব্যবহৃত হয়। আনারস গাছের ডগের নরম পাতার রস, চুনের জল, 'কাসের চিনি', তাল গুড়, কেয়াপাতার রস একত্রে মিশিয়ে খেলে পেট ব্যথা সারে] a kind of sugar (চব্বিশ ২১)

কাঁসো kãso দ্র কাঁশোল্ (মেদিনী ৩৪)

কাসোর্ kasor বি কাঁসা bell-metal কাসোরের্ থালা-কাঁসার থালা (পদিনা ১) < সং কাংস্য

কাহ্ড়ান্ kahɽan বি ধানচারা জন্মানো জমিতে লাঙল চাষ [সাধারণত ডহর্ জমিতে অর্থাৎ যেখানে দীর্ঘদিন বেশি জল স্থায়ী থাকে এমন জমিতে গ্রীষ্মের শেষদিকে বা বর্ষার প্রথমেই বীজধান ছড়িয়ে দেওয়া হয়। এই জমিতে রোপণ হয় না। এই ছড়ানো বীজধান থেকেই ধানচারা জন্মায়। এই ধানচারা চার-ছয় ইঞ্চি বড় হলে জমিতে একবার অগভীরভাবে এবং পাতলা করে লাঙল চালানো হয়। এতে অতিরিক্ত ধানচারা মারা হয় এবং প্রয়োজনীয় ধানচারাগুলির গোড়ায় মাটি পড়ে, যাতে ধানচারা শক্ত-পোক্ত হয়ে ওঠে। এই লাঙল চাষ দেবার নাম 'কাহ্ড়ান্' এবং ধান চাষ পদ্ধতির নাম 'বুনন্'] a kind of tilling paddy field (মেদিনী ৩২)

কাহ্র্যে kahrɛ সর্ব কাদের, কাহাদের whose তুই কাহ্র্যে ম্যায়াঝি--তুই কাদের মেয়ে (মেদিনী ৩৪) আ বা কাদের, কাহাদের

কাহ kahɔ সর্ব কেউ, কেহ someone (জলপা ৩, ৯) কাহ কয় পাহুরেচি--কেউ বলে সাঁতার কাটছি (জলপা ৩, ৭, ৯ দার্জিলি ৩) তু আ বা কেহ

কাঁহ kãhɔ ক্রি বিণ কোথাও somewhere কাঁহ যাবা হয়নি --কোথাও যাওয়া হয়নি (মেদিনী ২০)

কাহন্ kahɔn বি [খড়] পরিমাপের একক [৮০টি আঁটি খড়ে এক কাহন্] a measuring unit for straw (হুগলি ১২) [দ্র কহন, কাহণ সংসদ]

কাহরা kahɔra বিণ ঝগড়াটে quarrelsome (মুর্শিদা ২)

কাঁহয় kãhɔĕ দ্র কাহ (জলপা ৭)

কাহা[১] kaha ক্রি বিণ কই, কোথায় an interogative participle (জলপা ৭ মালদা ১৩) তুই কাহা কোহ্লু--তুই কই বললি? (মালদা ১১)

কাহা[২] kaha সর্ব কে who কাহা জানে--কে জানে (জলপা ২)

কাঁহা kãha ক্রি বিণ কোথায় where কাঁহা যাহিস্--কোথায় যাচ্ছিস? (পুরুলি ৫)

কাঁহাঁ kãhã দ্র কাহা[১] (মেদিনী ২০)

কাহাক্ kahak সর্ব কাহাকে, কাকে whom কাহাক্ সারাহিস্--কাকে বল্‌ছিস? (মালদা ৪) কাহাক্ ঢুর্যেহে?--কাকে খুঁজছে? (মালদা ৫)

কাহাক্‌রক্ kahakrɔk সর্ব কাদেরকে whom কাহাক্‌রক্ ঢুর্যেছ্যে?--কাদেরকে খুঁজছে? (মালদা ৫)

কাহাক kahakɔ সর্ব কাউকে to anyone কাহাক নি কহব হব্যে--কাউকে বলতে হবে না (পদিনা ৩)

কাহাগ্‌রক্ kahagrɔk দ্র কাহাক্‌রক্ (মালদা ৫)

কাহাঘো kahag^{h}o সর্ব কাদের whose এইটা কাহাঘো--এইটা কাদের (মুর্শিদা ২৩)

কাঁহাটাল্ kãhaṭal বি কাঁঠাল jackfruit (মুর্শিদা ২৩)

কাঁহাতক্ kãhatɔk ক্রি বিণ কতক্ষণ how long (মেদিনী ৬, ১৫, ১৯, ২২, ২৬) কাঁহাতক্ আর্ সোজ্‌জ করবু?--কতক্ষণ আর সহ্য করবি? (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কাঁহাপের্ kãhaper বিণ কোথাকার of what place তু কাঁহাপের্ ছেলে--তুই কোথাকার ছেলে (মালদা ১)

কাহাবা kahaba বিণ ঝগড়াটে quarrelsome (woman) [কেবল মেয়েদের ক্ষেত্রে প্রয়োগ হয়] (বর্ধমা ২ বীরভূ ৭) দ্র কাহরা

কাহাবানি kahabani দ্র কাহাবা (মালদা ৬)

কাহার্[১] kahar বি ১ শববাহক those who carry a corpse to crematorium (বর্ধমা ২, ২০) ২ শবযাত্রী those who follow a corpse to crematorium (বীরভূ ৩)

কাহার্[২] kahar ক্রি বিণ কার, কিসের in what, in which কাহার্ / কহ্যে লিয়্যে এ্যাত্‌ত্যে বোকিহিস্--কার / কিসের জন্য এত বকছিস্ (মালদা ১১)

কাহার্[৩] kahar সর্ব কার whose এইলা কাহার্ জিনিস্--এইগুলো কার জিনিস্? (পদিনা ৯) কাহার্ কাছ্ থেক্যি আন্‌লি--কার কাছ থেকে আন্‌লি (মুর্শিদা ২৩)

কাহার্[৪] kahar বি পাল্‌কিবাহক a palanquin-bearer (মেদিনী ৩৪ মুর্শিদা ১৬) [কেবল 'কাহার্' জাতি পালকি বয় না। মুণ্ডা, সাঁওতাল প্রভৃতি জাতিরাও পাল্‌কি বয়--এদেরকেও বলে 'কাহার্'] (মালদা ৩)

কাহারি kahari সর্ব কাহারো, কারও anybody's ছোঁড়া এ্যাক্‌টাও কাহারি কথা শুন্যা না, খুব্ হ্যাইন্‌ঠ্যা--ছেলেটা কারও একটা কথা শোনে না, খুব গোঁয়ার (মুর্শিদা ২৩)

কাহারে kahare সর্ব কাদের, কাহাদের whose তুমি কাহারে বৌ গ, মু-টা টুকু তুল দেখি--তুমি কাদের বৌ গো, মুখটা একটু তোলো দেখি (মেদিনী ২৬, ৩৪)

কাহারো কাহারো kaharo kaharo সর্ব somebody's কারো কারো, কারুর কারুর কাহারো কাহারো হাত্ থরে--কারুর কারুর হাত কাঁপে (মেদিনী ২০)

কাহালি kahali বি ছড়া cluster [of something like banana etc.] এ্যাক্ কাহালি কল--এক ছড়া কলা (পুরুলি ৪)

কাঁহালে kãhale ক্রি বিণ কোথা থেকে from where কাঁহালে আওয়েহিস্?--কোথা থেকে আসছিস্? (পুরুলি ৫)

কাহি[১] kahi বি ঠোঁট ও আঙুলের ছোপ [সিগারেট বা বিড়ির ধোঁয়া থেকে এই ছোপ পড়ে] stain on finger and lips due to smoking (মুর্শিদা ১৭)

কাহি[২] kahi বি পুর [পিঠার ভেতরে থাকে] soft inner core of a sweetmeat or a pie (মুর্শিদা ২২)

কাহি[৩] kahi বি ১ ছাই ash (পদিনা ৪) ২ কাঠকয়লা charcoal (পদিনা ৪)

কাঁহি kãhi বি তেঁতুল বিচি a stone of tamarind (মুর্শিদা ১৫)

কাহিনা kahina বি কনুই an elbow (মালদা ১১)

কাহি বুলা kahi bula ক্রি ডেকে ডেকে ফেরা to move about calling (somebody) মা মা কোরি কাহি বুল্‌বে--[মাকে না পেলে শিশু] মা মা করে ডেকে ডেকে ঘুরবে (মেদিনী ২০)

কাহিল্ kahil বি, বিণ ১ পীড়িত sick (পুরুলি ১৩ মুর্শিদা ১৬, ১৭) ২ মুমূর্ষু অবস্থা moribund (বীরভূ ৭) উ জাড়ে কাহিলায়ে গেছে--ও শীতে পীড়িত হয়ে পড়েছে (পুরুলি ১৩) শিত্যে খুব্ কাহিল্ হোইয়্যে গ্যেছে--শীতে খুব জব্দ হয়ে গেছে (মুর্শিদা ১৬) তু আ কাহিল

কাহিলা kahila বি, বিণ সবসময় রোগে ভোগে এমন ব্যক্তি a man of delicate health (পদিনা ১)

কাহিলায়ে যাওয়া kahilae jaŏa ক্রি কাহিল হয়ে যাওয়া to be feeble উ জাড়ে কাহিলায়ে গেছে--সে শীতে কাহিল হয়ে পড়েছে (পুরুলি ১৩)

কাহুট্যাল্ kahuʈæl বি বিবাদ a quarrel (মুর্শিদা ১৭)

কাহে[১] kahe দ্র কাঁহা (মেদিনী ৮, ৩২) তু হি কাঁহা

কাহে[২] kahe ক্রি বিণ কেন why এতেক্ কাঁদেহিস্ কাহে?--এত কাঁদছিস্ কেন? (পুরুলি ২)

কাহোন্

কাহেলা kahela বি, বিণ রোগা thin (কোচবি ৮)

কাহো kaho দ্র কাহ (জলপা ৯) মড়াকে তিন্ জাগায় বান্দিয়া কাহো ব্রাহ্মন্ আনে--মৃতদেহকে [খাটে] তিন জায়গায় বেঁধে কেউ ব্রাহ্মণ আনে [নিয়ম পালনের জন্য] (কোচবি ৪) উয়ার্ কাহোই নাই--ওর কেউই নেই (জলপা ৭) তু আ বা কেহ

কাহোই kahoĭ দ্র কাহ আজি বাড়িৎ কাহোই নাই, এই বাদে বাড়িটা খাং খাং হিয়াসে [হড়েছে]--আজ বাড়িতে কেউ নেই, তাই বাড়িটা খাঁ খাঁ করছে (জলপা ৭)

কাহোন্ kahon বি খড় বিচালির পরিমাপ a unit to measure [of straw] [প্রাচীন পদ্ধতি। কুড়ি আঁটিতে এক তড়পা, চার তড়পায় বা কুড়ি গণ্ডায় এক পোন। ষোল পোনে এক কাহন] (বাঁকুড়া ৭ হাওড়া ৩) দ্র কাহন্

কি ki অস ক্রি করে doing, making, performing, accomplishing etc. ক্যার্ কাটাই কি চাঁহি আছে দ্যাক্--ড্যাব্ ড্যাব্ করে তাকিয়ে আছে দেখ্ (মেদিনী ২০)

কিঁআ kĩa ১ অস ক্রি কিনে purchasing অত্‌গা জিঁইস্ কিঁআ লিয়াস্‌সু কেনি--এতগুলো জিনিস কিনে এনেছিস কেন? ২ বিণ কেনা purchased এ্যাগা সব্ কিঁআ জিঁইস্--এগুলো সব কেনা জিনিস (মেদিনী ৬, ৯, ২২, ২৬)

কিঁইবি kĩibi ক্রি কিনবি will purchase ম্যালা যায়া কি কিঁইবি--মেলায় গিয়ে কি কিনবি? (মেদিনী ৩৬)

কিউনি kiŭni দ্র কাহিনা (বাঁকুড়া ১০) [সং কফোণি, হি কোহনী, ওড়ি কহণি] (দাস)

কিংকির্যে kiŋkirɛ ক্রি বিণ কেমন করে how কিংকির্যে কোর্‌লু--কেমন করে করলি (পদিনা ৭, ১০, ১২) তু আ বা কি করে

কিং কুইন্ খ্যালা kiŋ kuin kʰæla বি গ্রামীণ খেলা বিশেষ [৮/১০ জন ছেলে প্রত্যেকে পৃথকভাবে খেলে। এদের মধ্যে যে কেউ একজন চোর হয়। চোরের হাতে একটি ছোট বল থাকে। সে বল ছুঁড়ে যে-কোনো একজনকে মারলে সেও চোরের দলে হয়ে যায়। এইভাবে চোরের দল বড় হয়ে যায়। যে শেষে থাকে, যাকে শেষ পর্যন্ত মারা



কিং খ্যালা

যাচ্ছে না—সে হয় 'কিং' এবং তার পূর্বে যাকে মারা হয়েছে সে হয় 'কুইন্'] a rural game (মেদিনী ১৬)

কিং খ্যালা **kiŋ kʰaela** বি গ্রামীণ খেলা বিশেষ [ছেলেদের একপ্রকার প্রাঙ্গণের খেলা। উপকরণ হিসেবে থাকে একটি চামড়ার বল। সাধারণত পাঁচ থেকে সাতজন ছেলে এতে অংশগ্রহণ করে। প্রাঙ্গণের উপর প্রায় হাতখানেক ব্যাসের বৃত্ত আঁকা হয়, প্রত্যেক খেলোয়াড় ঐ বৃত্তের দাগে একটি করে পা ছুঁইয়ে রাখে। এবার একজন বলটিকে বৃত্তের মাঝে ফেলবে। যার পায়ে বলটির ছোঁয়া লাগবে সে হবে চোর। এই চোর এখন অন্যদের শরীরে বলটি ছুঁড়ে মারবে। যার শরীরে এই বল লাগবে সে এখন চোরের দলভুক্ত হয়ে যাবে। চোরেদের কাজ হল বল ধরে 'অ-চোর'দের শরীরে ছুঁড়ে মারা এবং তাদের দল ভারি করা। আর 'অ-চোর'দের কাজ হল শরীর বাঁচিয়ে চলা। চোরেদের ছোঁড়া বল যখন কারো শরীরে লাগে না, তখন 'অ-চোরেরা' দু-হাতের তালু মুঠো করে বলটি ধরে নিজেদের মধ্যে দেওয়া নেওয়া করে এবং খুব সতর্ক থাকে যাতে চোরেরা এসে না ঐ বল ধরে ফেলে। কিন্তু যেহেতু তারা হাত মুঠো করে বল ধরে, সেজন্য তারা বল বেশি দূরে ছুঁড়তে পারে না এবং রাখতেও পারে না। ফলে ক্রমান্বয়ে চোরের সংখ্যাই বেশি হয়। যে খেলোয়াড় শেষ 'অ-চোর' থাকে সে হয় 'কিং'। 'অ-চোরেরা' বল ধরার সময় মুঠো থেকে কব্জি পর্যন্ত কেবল ব্যবহার করতে পারে] a kind of rural game (মেদিনী ১১) দ্র কিং কুইন্ খ্যালা

কিঁক্ড়ি **kikri** বি দুধের চাঁচি dreg of milk [that covers the walls of the boiling pot] (পদিনা ৫)

কি কি হোয়া **ki ki hoa** বি [হুক্কা হুয়া] শেয়ালের ডাক yelp of fox (কোচবি ২)

কিগা **kiga** ক্রি বিণ কি [কোনো দ্রব্যাদি] what [kind of things] (মেদিনী ১৫) মাথার কর‍্যা কিগা লিয়া জাঅঠ গো—মাথায় করে কি [কোন্ জিনিসগুলো] নিয়ে যাচ্ছ গো? (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কিচ্কানো **kickano** ক্রি খিঁচানো to make faces at দাঁত্ কিচ্কানো—দাঁত খিঁচানো (বাঁকুড়া ৭)

কিচ্কিচ্ কালা **kickic kala** বিণ কুচকুচে কালো [রং] jet black [colour] (পদিনা ৪)

কিচ্কিচা কাল **kickica kala** দ্র কিচ্কিচ্ কালা (জলপা ৭)

কিচ্কিন্দা **kickinda** বি ঝগড়াঝাঁটি quarrel এখানে খুব কিচ্কিন্দা হচ্ছে—এখানে খুব ঝগড়াঝাঁটি হচ্ছে (মেদিনী ২৫)

কিঁচ্চট্ **kiccot** বি গোমূত্র-গোমূত্র ইত্যাদি urine of cow, cow-dung etc. (মালদা ১১)

কিচ্চা[১] **kicca** বি গাথা, গল্প, কাহিনী art of narration [of story etc.] (জলপা ৪, ৭) তু হি কিস্সা

কিচ্চা[২] **kicca** বি কেচ্ছা, কুৎসা story slander, calumny (জলপা ৭)

কিচ্চি **kicci** বি [চোখের] পিঁচুটি the concrete rheum of the eye (মালদা ৭, ৯)

কিচ্ছু **kicchʊ** ক্রি বিণ কিছুই anything at all (মেদিনী ১৫) আমি ত কিচ্ছু দ্যাখ্‌তে পাইঠিনি—আমি তো কিছুই দেখতে পাচ্ছি না (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কিচ্ছা **kicchʰa** বি রূপকথা fairy-tales (কোচবি ২) তু হি কিস্সা

কিচ্নি **kicni** বিণ ১ প্যাঁচালো full of angularity বিটি ছেলাটা খুব কিচ্নি—মেয়েটা খুব প্যাঁচালো (মুর্শিদা ২) ২ ঝগড়াটে quarrelsome (মুর্শিদা ২) তু ঝগড়াটে (দেশি)

কিচ্মিচ্ কুল্ **kicmic kul** বি একজাতীয় ছোট কুল [এই কুল শুকিয়ে গেলে কিস্মিসের্ মতো দেখতে হয়] a variety of jujube (পুরুলি ১২)

কিচ্মিচি **kicmici** বি একধরনের বাবলা গাছের সুস্বাদু ফল। [গাছ ও ফল বাবলা গাছের মতো দেখতে। সবুজ রঙের খোসার মধ্যে অনেকগুলো ফল পর পর সাজানো থাকে। শাঁসটা সাদারঙের, বিচি সবুজ। পাকতে শুরু করলে শাঁস লালচে হয়, বিচি কালো রঙের হয়] a variety of tasteful fruit (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কিচ্লায়ে দেয়া **kicloe dea** ক্রি খিমচে দেওয়া to clutch with the nails (পদিনা ৯)

কিচট্ **kicot** বি গোয়ালে জমা [গরুর গোবর ও প্রস্রাবসহ] আবর্জনা the refuse of a cowshed (মালদা ৫) দ্র কিঁচ্চট্

কিচাড়্ **kicor** দ্র কিচ্চি (মুর্শিদা ২১)

কিচানা **kicana** দ্র কিচ্কানো (মেদিনী ২৫) আ বা খিঁচানো

কিচানো **kicano** দ্র কিচ্কানো (বাঁকুড়া ১)

কিচি **kici** ক্রি বিণ কিছু some আউ কিচি কোইলানি—আর কিছু বলল না (মেদিনী ১৮)

কিচিমিচি **kicimici** বিণ কাঁচুমাচু embarrassed [face] (মেদিনী ১২)

কিছ্ kicʰɔ দ্র কিচি তুই কিছ না জানিস্--তুই কিছু জানিস না (জলপা ৭)

কিছিম্ kicʰim বি প্রকার variety দুই কিছিম্--দুই প্রকার (দার্জিলি ৪)

কিজ্জি kijji বি শ্যাওলা algae, moss (মালদা ১)

কিজ্ঝি kijjʰi বি [আমের গায়ের] কালো দাগ black spots [on mango] (মালদা ১)

কিজ্মিসি kijmisi বি কিস্মিস্ a kind of dried grape, currant (বর্ধমা ৪)

কিট্[১] kiṭ বি কৃমি a worm (বীরভূ ৮)

কিট্[২] kiṭ বিণ [বাছাইয়ের পর পড়ে থাকা] অবশিষ্ট that which is left behind after a part is taken away; the remainder আম্টা কিট্ হোয়ে গেলো--আমটা বাছাই হয়ে পড়ে থেকে গেল (মুর্শিদা ২২)

কিট্কিট্[১] kiṭkiṭ ক্রি বিণ কট্কট্ [যন্ত্রণা] sense of severe pain ঘা-টা খুব্ কিট্কিট্ কোর্বা ধর্যেহ্যে--ঘা-টা খুব কট্কট্ করতে শুরু করেছে (মালদা ১১)

কিট্কিট্[২] kiṭkiṭ ক্রি বিণ কুট্কুট্ sense of itching (মেদিনী ১৭) কিট্কিটায় কুটাচ্ছে (পুরুলি ৫) পিট্টা কিট্কিট্ কর্ছে, টুকু ঘস্যা দে না--পিঠটা কুট্কুট্ করছে, একটু ঘসে দে না (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) কান্ কিট্কিট্ কোর্ছে, কাম্ড়াব--কান কুট্কুট্ করছে, চুলকাবো (মেদিনী ৩)

কিট্কিট্[৩] kiṭkiṭ বি কাতুকুতু titillation (চব্বিশ ৮)

কিট্কিট্ করা kiṭkiṭ kɔra ক্রি [দাঁত] কিড়মিড় করা to grind one's teeth (পদিনা ২)

কিট্কিটা kiṭkiṭa বি, বিণ খিটখিটে peevish (পদিনা ১০)

কিট্কিটানি kiṭkiṭani দ্র কিট্কিটা (মেদিনী ১৫)

কিট্কিটি kiṭkiṭi বি টিকটিকি the small house-lizard, *Hemidactylus* (জলপা ১)

কিট্কিটি মুড়ি kiṭkiṭi muṛi বি ভালো ফোলেনি এমন মুড়ি rice not fully parched, half-parched rice (নদীয়া ৭)

কিটকিটে[১] kiṭkiṭe দ্র কিট্কিটা (মেদিনী ১৭)

কিট্কিটে[২] kiṭkiṭe বিণ কৃশ somewhat thin ছেলেটা কিট্কিটে পারা--ছেলেটা রোগা মতো (বীরভূ ৭)

কিট্কিট্যা kiṭkiṭɛ বিণ খুব শক্ত too much hard (মালদা ৭)

কিট্ঠা kiṭṭʰa বি, বিণ কৃপণ a miser, miserly (মালদা ৯)

কিটা kiṭa ক্রি বিণ কোন্টা which one (মেদিনী ৬, ১৫, ১৯, ২১, ২২, ২৬) কিটা ফেলি দিতে হবে?--কোন্টা ফেলে দিতে হবে? কিটা লিয়া যাইতে কোইল?--কোন্টা নিয়ে যেতে বললো? (মেদিনী ৬, ১১, ২২, ২৯)



কিট্কিটি

কিঁটাই[১] kĩṭaĩ বি চুলকানি itching (মেদিনী ১৫, ২৯) এমন কিঁটাই হঁইছে না, কাম্ড়ি কাম্ড়ি ঘা হয়্যাল--এমন চুলকানি হয়েছে না, চুলকে চুলকে ঘা হয়ে গেল (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) গা-টা কাম্ড়ি মার্ছে, কিঁটাইচি--শরীরটা কুট্কুট্ করছে, চুলকাচ্ছি (মেদিনী ৩৪)

কিঁটাই[২] kĩṭaĩ দ্র কিট্ঠা (মেদিনী ১৫)

কিঁটাই ওল্ kĩṭaĩ ol বি কুট্কুটে ওল an arum that cause itching (মেদিনী ২৪)

কিটানা kiṭana ক্রি চুলকানো to scratch by fingers হাত্ কিটানা--হাত চুলকানো মাথা কিটানা--মাথা চুলকানো (মেদিনী ১৪) যে লোক্টা কান্ কিট্যাচ্চে, অর্ কাচে যাও--যে লোকটা কান চুলকাচ্ছে, তার কাছে যাও (হাওড়া ১০)

কিটানি kiṭani দ্র কিট্ঠা (মেদিনী ৩৪)

কিটানো kiṭano দ্র কিটানা (মেদিনী ২৯, ৩৪)

কিটি kiṭi সম্বো কিরে! hallo! কিটি, কোথায় গেইচিলি?--কিরে, কোথায় গিয়েছিলি (বর্ধমা ৫)

কিটিকিটি kiṭikiṭi ক্রি বিণ সুড়সুড় slight itching কান্ কিটিকিটি কোর্চে--কান সুড়সুড় করছে (মেদিনী ৩৪)

কিটিবিলি kiṭibili দ্র কিটকিট[৩] (হুগলি ১)

কিটিমিটি করা kiṭimiṭi kɔra দ্র কিট্ কিট্ করা দাঁত্ কিটিমিটি কচ্ছে--দাঁত কিড়মিড় করছে (বর্ধমা ২০)

কিটির্ কিটির্ করা kiṭir kiṭir kɔra ক্রি সুড্সুড্ করা, কুটকুট করা to feel repeated itching sensation কান্টা কিটির্ কিটির্ কোত্তাসে--কানটা সুড়সুড় করছে (কোচবি ৪)

কিটে kiṭe দ্র কিটি কিটে, কোথায় গেইছিলি?--কিরে, কোথায় গিয়েছিলি? (বর্ধমা ৫)

কিটোনো kiṭono ক্রি ১ কামড়ানো to bite ২ চুলকানো to itch গা কিটোচ্ছে--গা চুলকাচ্ছে ৩ কুটকুট করা to feel or cause to feel repeated itching sensation গলাটা কিটোচ্চে--গলাটা কুটকুট করছে (হাওড়া ১০)

কিডা[১] kiḍa সর্ব কে who কিডা আইএচে?--কে এসেছে? (নদীয়া ৩)

৩	৪	৫
২	৬	৬
১	৮	৭

কিত্‌কিত্‌ খ্যালা

কিডা[২] **kidɑ** সর্ব কি [কি টা] which কিডা বল্‌বো—কি [টা] বলবো (নদীয়া ১৩) < কোন্‌টা

কিড়্‌কিটি **kirkiti** য় কিট্‌কিট্‌* (হুগলি ৫)

কিড়্‌কিড়্‌ দেওয়া **kirkir deɔ̃ɑ** ক্রি কাতুকুতু দেওয়া to titillate, to tickle বগোলে কিড়্‌কিড়্‌ দিলে হাস্‌বে নে এমুন্‌ লোক্‌ 'দেকিনি—বগলে কাতুকুতু দিলে হাসবে না, এমন লোক দেখিনি (হাওড়া ৩)

কিড়্‌কিড়ি **kirkiri** য় কিট্‌কিট্‌*, কিড়্‌কিটি (হুগলি ৮)

কিড়্‌কিড়ে মুড়ি **kirkire muri** য় কিট্‌কিটি মুড়ি (নদীয়া ১০)

কিড়্‌মি **kirmi** য় কিট্‌[১] (মেদিনী ১৪ হাওড়া ১০) < সং কৃমি

কিড়া **kirɑ** বি শপথ, দিব্যি an oath, a swearing (বর্ধমা ১৮) < আ বা কিরা

কিঁড়া **kirɑ** বি খুঁটি বা খুঁটো [গরু, ছাগলের দড়িতে বাঁধার জন্য ব্যবহৃত] a peg [used for tying a domestic animal] (মেদিনী ৮) < সং কীলক

কিড়ালো **kirɑlo** বি চিৎকার a shout লোক্‌টা খুব্‌ কিড়ালো করেহেক্‌—লোকটা খুব চিৎকার করে (মালদা ১১)

কিড়িং কিড়িং খ্যালা **kiriŋ kiriŋ kʰælɑ** য় কিং খ্যালা (চব্বিশ ৩৭)

কিড়িকিড়ি **kirikiri** য় কিড়্‌কিটি (চব্বিশ ১)

কিড়িচ্‌ **kiric** বি একপ্রকার অস্ত্র [দেখতে তরবারির মতো। তবে বাঁকানো নয়, সোজা] a daggar, a sword like arms (বীরভূ ৯) তু সাঁও কিরিচ (campbell)

কিঁড়ি দুয়া **kiri duɑ** ক্রি বন্ধ করে দেওয়া to shut কপাট্‌টা কিঁড়িয়া দে—দরজাটা বন্ধ করে দে (মেদিনী ৬, ৮, ১৯, ২২, ২৬)

কিড়িয়া **kiriɑ** বি শ্রাদ্ধানুষ্ঠান funeral ceremony (জলপা ৭) < ক্রিয়া

কিড়িয়্যা দেওয়া **kiriæ deɔ̃ɑ** য় কিঁড়ি দুয়া (মালদা ৩ মেদিনী ৬, ১৯, ২২, ২৬) কপাট্‌টা কিডিয়্যা দে—দরজাটা বন্ধ করে দে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) তু সং কীলক

কিড়ে **kire** য় কিড়িয়া (কোচবি ৪)

কিড়্যা **kiræ** বি বাদল পোকা winged white ant (মালদা ১)

কিত্‌কিত্‌ খ্যালা **kitkit kʰælɑ** বি এক প্রকার গ্রামীণ (বালিকাদের) খেলা [সাধারণত আঙিনাতে এই খেলা হয়। তবে প্রাঙ্গণেও এই খেলা হয়ে থাকে। ছয় থেকে বারো বছর বয়সী মেয়েরা এই খেলায় অংশ গ্রহণ করে থাকে। উপকরণ হিসাবে থাকে অনুরূপ একটি ছক ও আধুনির আকারের একটি মাটির চাকতি। (ছকে চিহ্নিত সংখ্যাগুলি ছকের অঙ্গ নয়। এখানে কেবলমাত্র বোঝানোর সুবিধার্থে ব্যবহার করা হয়েছে) এটি দলগত খেলা নয়। প্রতিযোগীরা একক হিসাবেই খেলায় অংশগ্রহণ করে। খেলার পদ্ধতি হলো যে কোনো একজন খেলোয়াড় তার একটি চাকতি নিয়ে ১নং ঘরের নিচের দিকের বাইরে থেকে দাঁড়িয়ে চাকতিটি ১নং ঘরে ফেলে। তারপর দম নিয়ে (দম নেবার সুর 'কিৎ কিৎ') ৫নং ঘর পর্যন্ত এক পা দিয়ে ঠেলে নিয়ে যায় চাকতিটিকে। অবশ্য এমনভাবে নিয়ে যেতে হবে, যাতে কোনো দাগে কোনো পা এবং চাকতিটি না লাগে। যদি পা অথবা চাকতি দাগে পড়ে তবে সে 'মরা' (বাতিল) হয়ে যায়। এক দমে এক পায়ে চাক্‌তিটিকে ঠেলে ৫নং ঘর অতিক্রম করে বিশ্রাম ঘরে গিয়ে বিশ্রাম নেয়। তারপর ৬নং ঘরে চাক্‌তি ফেলে একই পদ্ধতিতে ১০নং ঘর অতিক্রম করতে হবে। এর পর পুনরায় ১নং ঘরে চাকতি ফেলে পূর্বের পদ্ধতি অনুসারেই আসা-যাওয়া করতে হয়। এমনি করে যতবার সে সব ঘর অতিক্রম করে বিনা বাধায় ফিরতে পারে ততই তার পাটি হয়। যতক্ষণ না 'মরা' হয়, সে ততক্ষণ খেলা চালিয়ে যায়। যে প্রতিযোগী যতবেশি পাটি করে সেই জয়লাভ করে] a kind of rural game for girls (জলপা ৭)

কিত্‌কার্‌ **kitkar** কিসের [made] of what তোর্‌ কিত্‌কার্‌ ঘ্যার্‌ ছ্যাও—তোর কিসের [কি দিয়ে] বাড়ি ছাওয়া (মালদা ৯)

কিত্‌কিত্‌ **kitkit** য় কিট্‌কিট্‌* কিত্‌কিত্‌ দিয়া অত হাসাইস্নি, দম্‌ আট্‌কি যাবে—কাতুকুতু দিয়ে এত হাসাস্‌ না, নিঃশ্বাস আটকে যাবে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কিত্‌কিত্‌ খ্যালা **kitkit kʰælɑ** য় কিত্‌কিত্‌ খেলা (মেদিনী ২১, ২৮, ২৯ হাওড়া ১, ৮)

কিত্তা **kittɑ** বি চারিদিকে আল দিয়ে ঘেরা জমি a piece of land surrounded by balk (পদিনা ৭, ১০, ১২)

কিত্তিনিয়া **kittiniɑ** বি কীর্তনীয়া he, who sings the devotional songs of the Vaisnava (কোচবি ৪)

কিত্তিনিয়া পোকা **kittiniɑ pokɑ** বি ঝিঁঝি পোকা a cricket (জলপা ১০)

কিত্‌লি kitli বি কেট্‌লি a kettle (পদিনা ১)

কিতহনে kitɔhɔne ক্রি বিণ কেন why বোইসা আছিস্ কিতহনে--বসে আছিস কেন? (মালদা ৮)

কিতা[১] kita ক্রি বিণ কি কারণে why এ্যাতলা লোক্ এঠে কিতা জড়ো হোইচে--এত লোক এখানে কেন জড় হয়েছে? (দার্জিলি ২)

কিতা[২] kita দ্র কিত্‌তা (হুগলি ৫)

কিতা[৩] kita ক্রি বিণ কেমন how, of what sort কিতা হোইচি?--কেমন হয়েছে? (মেদিনী ৩১)

কিতায়[১] kitaĕ দ্র কিতা[১] (জলপা ১) কিতায় গাছটাত্ বস্যে আছিস্?--কেন গাছের ওপর বসে আছিস? (দার্জিলি ২) কিতায় খারা দিয়াছিস্--কেন দাঁড়িয়ে আছিস? (দার্জিলি ২)

কিতায়[২] kitaĕ ক্রি বিণ কোথায় where (দার্জিলি ২)

কিতিকিতি kitikiti দ্র কিট্‌কিট্[৩] (চব্বিশ ২১ নদীয়া ৪, ১২ বর্ধমা ২৫ মেদিনী ৬, ১৯, ২২ ২৬)

কিতিঘর্ kitig^{h}ɔr বি অশৌচের বাড়ি [পিতামাতার মৃত্যুজনিত হিন্দুদের অশৌচ-পালনরত পরিবার] one's house where ritual restrictions are being observed due to death of one's parent (বাঁকুড়া ৭)

কিতিবিলি kitibili দ্র কিট্‌কিট্[৩], কিতিকিতি (চব্বিশ ১ নদীয়া ১৩) এ্যায় কিতিবিলি দিস্ না--এই কাতুকুতু দিস না (নদীয়া ১৩)

কিতিমিতি kitimiti দ্র কিট্‌কিট্[৩] (নদীয়া ৪)

কিতুল্ kitul দ্র কিট্‌কিট্[৩], কিতিকিতি (চব্বিশ ২৪, ৩৭)

কিদার্ kidar বি কিনার (মেদিনী ১৫)

কিদে কিদে kide kide ক্রি বিণ কিছু-কিছু some কিদে কিদে দেয়--কিছু কিছু দেয় (হাওড়া ৬)

কিন্‌কিন্[১] kinkin ক্রি বিণ মিন্‌মিন্ act of speaking in a low voice কিন্‌কিন্ কোরে কতা বলা--মিন্‌মিন্ করে কথা বলা (হাওড়া ১০) তু ক্ষীণ

কিন্‌কিন্[২] kinkin ক্রি বিণ, কন্‌কন্ a twinging or painful sensation পেট্ কিন্‌কিন্ করা--পেট কন্‌কন্ করা (চব্বিশ ৩১)

কিন্‌কিনা kinkina বি কনুই an elbow (কোচবি ২)

কিন্‌তন্ kintɔn ক্রি বিণ কিরকম how, of what sort কিন্‌তন্ কোরে যাব--কিরকম করে যাবো? (মালদা ৮)

কিন্‌তুক্ kintuk অ কিন্তু but (জলপা ৭ বর্ধমা ৫)

কিন্‌নি kinni দ্র কিড়্‌মি (মালদা ৯)

কিন্‌হার্ kinhar বি পাড় [নদী, পুকুরের] bank [of river etc.] (মালদা ১১) তু ফা কিনারা

কিন্‌হারা kinhara দ্র কিন্‌হার্ (মালদা ১১)



কিদার্

কিন kinɔ সর্ব বিণ কোনোকিছু anything আমানে কিন বুজ্‌তে পারি নি--আমরা কোনোকিছু বুঝতে পারি না (মেদিনী ৩৪)

কিনা kina দ্র কিন্‌কিনা (চব্বিশ ৯)

কিনাবিকা kinabika বি বেচাকেনা buying and selling তড়তড়্যা কিনাবিকা হবে নাই--তাড়াতাড়ি বেচাকেনা [শেষ] হবে না (বাঁকুড়া ১৬)

কিনার্ kinar দ্র কিন্‌হার্ (জলপা ৬)

কিনারা kinara বি কানা [থালার] brim, edge (বর্ধমা ২১)

কিনাস্ kinas বি [মাছের] ফুলকা gill [of fish] (বাঁকুড়া ১)

কিনি[১] kini ক্রি বিণ কেন why এত অস্থির্ হোউঠু কিনি--এত অস্থির হচ্ছিস কেন? (মেদিনী ২১)

কিনি[২] kini অস ক্রি কিনে buying কুন্‌লা কিনি আউলু--কোন্‌গুলো কিনে আন্‌লি (পদিনা ১০)

কিনু kinu দ্র কিন্‌কিনা (চব্বিশ ১৪, ৩৭)

কিনুয়া kinua বি ক্রেতা a buyer যেগুলা কিনুয়া আছিস্ সেগুলা থাক্--যে ক্রেতাগুলো আছে (আছিস) সেগুলো থাকুক (মালদা ১১)

কিনে kine দ্র কিন্‌কিনা (চব্বিশ ৯, ১৪, ২৭, ৩৭)

কিনে মোচর্ kine mocɔr বি রাস্তার মোড় বা বাঁক crossing or turning of a road কিনে মোচরে দোকান্ আছে, যা রে ছাবাল্--রাস্তার মোড়ে দোকান আছে, যা রে ছেলে (চব্বিশ ২৭)

কিনেয়া kinea দ্র কিনুয়া (পুরুলি ৫)

কিনেরা kinera বি কানা [হাড়ি বা কলসির] brim of [pitcher etc.] (বর্ধমা ২১) দ্র কিনারা

কিনো kino দ্র কিন্‌কিনা (চব্বিশ ২৩, ৩৬)

কিনোইয়া kinoĭa দ্র কিনুয়া (পুরুলি ৪)

কিপ্‌টা kipta দ্র কিট্‌ঠা (নদীয়া ৯ পুরুলি ১২)

কিপ্‌টি kipti দ্র কিট্‌ঠা (নদীয়া ৭)

কিপ্‌টে kipte দ্র কিট্‌ঠা (হাওড়া ১০)



কির্‌খি

কিপ্‌টেন্‌ kipten দ্র কিট্‌ঠা (নদীয়া ১১, ১২)

কিপ্‌ট্যা kiptæ দ্র কিট্‌ঠা (মেদিনী ১৫)

কিপ্‌ড়া kipɽa বি ছোট্ট লাল পিঁপড়া a variety of small red ant (জলপা ৪)

কিপ্‌পোস্‌ kippos দ্র কিট্‌ঠা (মুর্শিদা ২৩)

কিপ্‌সিল্‌ kipsil বি ক্যাপসুল capsule (জলপা ১) < ইং capsule

কিপোন্‌ kipon দ্র কিট্‌ঠা (মেদিনী ১৬) < কৃপণ

কিফ্যাৎ kipʰæt বি লাভ, সুলভ profit, easily obtainable, cheap (মুর্শিদা ১৭)

কিবা[১] kiba ক্রি বিণ কেন why তুই কিবা নি খাচিস্‌ গে--তুই খাচ্ছিস না কেন, তুই কিবা নি যাছিত্‌ রে--তুই যাচ্ছিস না কেন (পদিনা ৩) কিবা আইস্‌চি--কেন এসেছিস (পদিনা ১৩) তু আ বা কেনই বা, কেন বা

কিবা[২] kiba সর্ব কি what ইটা কিবা--এটা কি (মালদা ৪, ৮)

কিবা[৩] kiba অ 'ইয়ে' অর্থে [কোনো ভাব যথাযথ প্রকাশের ভাষা না পেলে 'ইয়ে' বা ঐরূপ কোনো অর্থহীন শব্দ উচ্চারিত হয়] meaningless word used in place of words forgotten কিবা এক্‌টা কথা কোবার্‌ চাইস্‌--ইয়ে, কি যেন একটা কথা বলতে চাস্‌ (জলপা ৩)

কিবানি kibani দ্র কিবা[৩] কিবানি কবার্‌ চান্দাল্‌--ইয়ে, কি যেন বলতে চাইছিলাম [ভুলে গেলাম] (জলপা ৩)

কিম্‌ (কোরে) kim kore ক্রি বিণ কি করে how (মুর্শিদা ৫)

কিম্‌পট্‌ kimpɔt দ্র কিট্‌ঠা (পুরুলি ৪)

কিম্‌রানো kimrano দ্র কিটানা গা কিম্‌রানো--গা চুলকানো (বাঁকুড়া ১৩)

কিয়া[১] kia দ্র কিড়িয়া (মেদিনী ২৭) < ক্রিয়া

কিয়া[২] kia বি কেয়া [ফুল] screw-pine *[Pandanus Fasciculatus, p. odoratissimus]* (পুরুলি ১৪) < সং কেতকী

কিঁয়া kĩa ক্রি কেনা to buy জিঁইস্‌টা কিঁয়া লিয়াইস্‌ব--জিনিসটা কিনে নিয়ে আসবে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কিয়াকাঁটা kiakãta বি শীতকাঁটা, রোমাঞ্চ [শীতের কারণে] gooseflesh [due to cold] (বাঁকুড়া ১২)

কিয়াপন্‌শ kiapɔnʃɔ বি আনারস the ananas, a pine-apple (মেদিনী ৩০)

কিয়ার্‌ kiar বি চারিদিকে আল দিয়ে ঘেরা জমি a piece of land surrounded by bulk (পদিনা ৭, ১০, ১২ মালদা ৪) দ্র কিত্‌তা

কিয়ারি kiari বি সরু আল [ধানজমিতে জল আটকে রাখার জন্য স্থানে স্থানে তৈরি সরু আল] narrow balk [to hold water in a paddy field] (নদীয়া ১)

কিয়েরি kieri বি খুব বড় জমি [দৈর্ঘ্যে ও প্রস্থে কমপক্ষে ছয় বিঘা জমি] a large piece of agricultural land (বীরভূ ১১)

কিয়্যের্‌ kiɛr বি একটুকরো জমি a piece of land (মালদা ৪)

কির্‌কম্‌ kirkɔm ক্রি বিণ কেমন how কির্‌কম্‌ আছু ক'--কেমন আছিস্‌ বল্‌। তুমানে কির্‌কম্‌ কর্‌্যা যাব--তোমরা কেমন করে যাবে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬) আ বা কি রকম

কির্‌কিচানি kirkicani দ্র কিট্‌কিট্‌[৩] (হাওড়া ১০)

কির্‌কিট্‌ খেল্‌ kirkit kʰel বি ক্রিকেট game of cricket (মেদিনী ১৭) < ইং cricket

কির্‌কিটা kirkita বি অলঙ্কার তৈরির এক বিশেষ ধরনের ধাতব ছোট ছাঁচ a small die [used for making ornaments] (জলপা ৭)

কির্‌কিটানি kirkitani দ্র কিট্‌কিট্‌[৩] (মেদিনী ৩)

কির্‌কিটি kirkiti দ্র কিট্‌কিট্‌[৩] (মেদিনী ১১ হুগলি ৫)

কির্‌কিতানি kirkitani দ্র কিট্‌কিট্‌[৩] (মেদিনী ১১)

কির্‌কিতি kirkiti দ্র কিট্‌কিট্‌[৩] (হাওড়া ১, ৮ হুগলি ৫)

কির্‌কিনি kirkini দ্র কিট্‌কিট্‌[৩] (হাওড়া ৩)

কির্‌কির্‌ kirkir দ্র কিট্‌কিট্‌[৩] (হাওড়া ৫, ৮ হুগলি ১৯)

কির্‌কির্‌ত্‌ kirkirt দ্র কিট্‌কিট্‌[৩] (হুগলি ১৮)

কির্‌কিরানি kirkirani দ্র কিট্‌কিট্‌[৩] (মেদিনী ১২)

কির্‌কিরে kirkire বি স্বর্ণালঙ্কার তৈরির ছাঁচ [কাঁসার বা ইস্পাতের মোটা পাত। ছাঁচের কাজে এটি ব্যবহৃত হয়] a die used for making gold ornament (বর্ধমা ৫) দ্র কির্‌কিটা

কির্‌কিরে পোকা kirkire poka দ্র কিত্‌তিনিয়া পোকা (নদীয়া ১২)

কির্‌কেট্‌ kirket দ্র কির্‌কিট্‌ খেল্‌ (মেদিনী ১৪)

কির্‌খি kirkʰi বি ডাল ঘাঁটা কাঁটা [কাঠের তৈরি] a wooden stirrer with blades (মালদা ৪)

কির্‌তুনিয়া **kirtunia** বি কীর্তনীয়া a singer or the controlling voice in a chorus in Vaisnava songs (পদিনা ৪) য় কিত্‌তিনিয়া

কির্‌পন্‌ **kirpon** য় কিট্‌ঠা (চব্বিশ ১০ বর্ধমা ২, ২১)

কির্‌পিন্‌ **kirpin** য় কিট্‌ঠা (চব্বিশ ১০, ১৪, ২১, ৩১, ৩৭ দার্জিলি ২, ১০ পুরুলি ১৩ বর্ধমা ৭, ১৮ বাঁকুড়া ১৬ মালদা ৬ মুর্শিদা ২, ১১, ২২ মেদিনী ৫, ১৭ হাওড়া ১, ৮ হুগলি ৮)

কির্‌পিনি **kirpini** য় কিট্‌ঠা (নদীয়া ২)

কির্‌পুনিয়া **kirpunia** য় কিট্‌ঠা (মেদিনী ৬)

কির্‌পো **kirpō** য় কিট্‌ঠা (মেদিনী ৮)

কির্‌পোন্‌ **kirpon** য় কিট্‌ঠা (বর্ধমা ৬ মেদিনী ১৭)

কির্‌মি **kirmi** য় কিট্‌[১], কিড়ুমি (চব্বিশ ৯, ৩৬ জলপা ৭ নদীয়া ১৩ হাওড়া ১, ৩ হুগলি ১১)

কির্‌মিন্‌নায় **kirminnay** ক্রি বিশ ক্রমান্বয়ে gradually (নদীয়া ১৩)

কির্‌মিরা **kirmira** ক্রি (দাঁত) টকে যাওয়া (tooth) to become irritated by being acidified (পদিনা ১০)

কির্‌মিশ্‌টি **kirmiʃti** য় কিট্‌ঠা (মেদিনী ১৫)

কির্‌শান্‌ **kirʃan** বি স্থায়ী কৃষিমজুর agricultural labourer [who works on permanent basis] (মুর্শিদা ১৯) < কৃষাণ

কির্‌শিনি করা **kirʃini kora** ক্রি অন্যের জমিতে তারই লাঙল দিয়ে চাষ করে দেওয়া [এর জন্য পারিশ্রমিক বাবদ উৎপন্ন ফসলের তিনভাগের একভাগ প্রাপ্য] to plough a piece of land with the land-owner's implements (বর্ধমা ২)

কির্‌শেন্‌ **kirʃen** ১ য় কির্‌শান্‌ (বর্ধমা ৯) ২ এক বছরের চুক্তিতে কারো বাড়িতে কাজ করে এমন মজুর a labourer who works on yearly contract (বর্ধমা ৯, ১৬)

কির্‌শ্যান্‌ **kirʃsan** বি ক্ষেতমজুর an agricultural labourer (মালদা ৭)

কির্‌সান্‌ **kirsan** য় কির্‌শেন্‌ ২ (নদীয়া ৪ মুর্শিদা ১৯)

কির্‌সানি **kirsani** বি ভাগচাষী [চাষের জমিতে চুক্তিতে খেটে এই কৃষাণ বা মুনিষ উৎপন্ন ফসলের ১/৩ ভাগ পেয়ে থাকে, বাকি ২/৩ ভাগ মনিবের চুক্তি অনুযায়ী চাষের জমি, গাড়ি, গরু ও অন্যান্য উপকরণ সবই যেহেতু মনিব দেবে, সেহেতু কির্‌সানিকে ধান দেওয়া হয়, খড় দেওয়া হয় না] a share-cropper (বর্ধমা ১৯)

কিরম্‌ **kirom** ক্রি বিশ কিরকম how (হাওড়া ১০) ~ কোরে **kirom kore** ক্রি বিশ কেমন করে কিরম্‌ কোরে এই কথাটা কোহিলি—কি করে (কেমন করে) এই কথাটা বললি (পদিনা ৬)



কিরিচ্‌

কিরা[১] **kiro** য় কিড়া (জলপা ৭ পুরুলি ৫, ১২) মুই কিরা কাট্‌চুং—আমি শপথ নিচ্ছি (কোচবি ২) [তু হি. কিরিয়া < সং ক্রিয়া] সংসদ

কিরা[২] **kiro** য় কিড়িয়া, কিরা[১] (বর্ধমা ১৩ বাঁকুড়া ১২ মেদিনী ৬, ১৯, ২২, ২৬) < সং ক্রিয়া

কিরা[৩] **kiro** বি অশৌচ scriptural impurity due to birth or death of one's relative (বর্ধমা ৮)

কিঁরা **kiro** য় কিড়া, কিরা[১] আমি তোর্‌ কিঁরা কাটিয়া কোইঠি ভাই, কিচ্ছু কোইনি—আমি তোর দিব্যি কেটে বলছি ভাই, কিছুই বলিনি (মেদিনী ৬, ৯, ২২, ২৬)

কিরি **kiri** বি (কমলালেবু ইত্যাদির) কোয়া any of the juicy divisions of a fruit containing the seed (মেদিনী ৩৪)

কিরিকিরি **kirikiri** য় কিট্‌কিট্‌[৩] (বর্ধমা ৯)

কিরিচ্‌ **kiric** বি কামারশালে জ্বালমুখে আগুন খোঁচাবার কাজে ব্যবহৃত লোহার বাঁকানো শিক (১½ হাত লম্বা) fire-poker of blacksmith (পুরুলি ৪)

কিরিন্‌ **kirin** য় কিট্‌[১], কিড়ুমি (পদিনা ১০)

কিরিনি **kirini** য় কিট্‌[১], কিড়ুমি, কিরিন্‌ (মালদা ৮)

কিরিমিরি **kirimiri** য় কিট্‌কিট্‌[৩] (হুগলি ১০)

কিরিয়া **kiria** য় কিড়িয়া, কিয়া[১], কিরা[২] (দার্জিলি ৩)

কিরি লাগা **kiri laga** ক্রি দিব্যি দেওয়া to aware তোর্‌ কিরি লাগ্যে, তুই আর্‌ কথা বোলিস্‌ না—তোর দিব্যি দিলাম, তুই আর্‌ কথা বলিস না (মুর্শিদা ৫) য় কিড়া, কিরা[১]

কিরে[১] **kire** য় কিড়া, কিরা[১] (চব্বিশ ১১)

কিরে[২] **kire** য় কিড়িয়া, কিরা[১] (বর্ধমা ১৫)

কিয়্যা **kiro** য় কিড়া, কিরা[১] (মুর্শিদা ১৭) আমার্‌ কিয়্যা, এ কাজ্‌টা কর্‌বি নাই—আমার দিব্যি, এ কাজটা করবি না (পুরুলি ১২) তোর্‌ মার্‌ কিয়্যা, তুই আমার্‌ দরে আইস্‌বুনি—তোর মায়ের দিব্যি, তুই আমার দুয়ারে [বাড়ি] আসবি না (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কিল্‌কান্‌দি **kilkandi** বি কনুই থেকে মনিবন্ধ পর্যন্ত হাতের অংশ forearm (কোচবি ৬)



কিল্লা[১]

কিল্‌কানি **kilkani** বি কনুই elbow (জলপা ৬, ৭ দার্জিলি ১, ২, ৪ পদিনা ১৩ মালদা ৪) তু সং কফোণি

কিল্‌কিল্‌ **kilkil** দ্র কিল্‌কানি (কোচবি ২)

কিল্‌কিল্‌ খ্যালা **kilkil kʰaɽa** ক্রি একধরনের গ্রামীণ খেলা [চার-পাঁচজন ছেলের হাতে একটা করে গোলাকার চাকতি বা 'বাটুম্‌' থাকে। এই চাকতিটা হাঁড়ি বা টালিভাঙা থেকে তৈরি। একটি দাগ থেকে প্রথমে একজন চাকতিটিকে সাত-আট হাত দূরে ছুঁড়ে দেয়। অপরজনকে আহ্বান জানায় ঐ চাকতিকে তার চাকতি দিয়ে মারতে বা ঐ চাকতির এক বিঘতের মধ্যে ফেলতে। এই আহ্বান করার সময় বলে নেয় যে, যদি কেউ পারে তবে সে ঐ আহ্বানকারীর পিঠে নির্দিষ্টসংখ্যক কিল ঘুসি মারবে, আর না পারলে সে ঐ সংখ্যক কিল খাবে] a rural outdoor game (হুগলি ১৬)

কিল্‌কিলা **kilkila** বি খিল্‌খিল্‌ হাসিতে অভ্যস্ত মেয়ে a girl, who giggles habitually (বাঁকুড়া ১৫)

কিল্‌কুড়ুনি **kilkuɽuni** দ্র কিল্‌কানি (চব্বিশ ১৫)

কিল্‌কেনি **kilkeni** দ্র কিল্‌কানি (কোচবি ২)

কিল্‌খানি **kilkʰani** দ্র কিল্‌কানি (জলপা ৪ পদিনা ৫)

কিল্লা[১] **killa** বি [গো-মহিষ বেঁধে রাখার] বাঁশের খুঁটি a bamboo peg (জলপা ৭)

কিল্লা[২] **killa** বি ১ কুমোরের চাকের আল্‌ অর্থাৎ সূঁচালো শক্ত কাঠ [যে সূঁচালো কাঠটির ওপর চাক দাঁড়িয়ে থাকে বাবলা কাঠের গুঁড়ির ঠিক মাঝখানের শক্ত কাঠ দিয়ে এটা তৈরি হয়] wooden spindle of potter's wheel (পদিনা ১০ মালদা ১১) ২ [কলাই ভেঙে ডাল তৈরির] জাঁতার মাঝে কাঠের খিল বা পিন বিশেষ [এরই কেন্দ্রে উপরকার পাথরটা ঘোরে] post of a grinding stone (মালদা ১)

কিল্লি[১] **killi** বি গরুর গাড়ির চাকাকে লৌহদণ্ডের সঙ্গে আটকাবার কাজে ব্যবহৃত লোহার খিল (½ হাত লম্বা) an iron peg [that holds a cartwheel with its axle] (মালদা ১১)

কিল্লি[২] **killi** দ্র কিল্লা[২] (মুর্শিদা ৬)

কিল্লে **kille** বি স্বর্ণকারের কাজে ব্যবহৃত হাঁচ বিশেষ [১ এটি কাঁসার তৈরি। ছয় পিঠে নানা আকৃতির অর্ধগোলাকৃতি ফুটো আছে। এর উপর সোনা রেখে বিভিন্ন আকৃতির অলঙ্কার তৈরি করা হয়। ২ ঐ নামে আর একরকম আকৃতির হাঁচ আছে—যা একই কাজে ব্যবহৃত হয়] a goldsmith's die (বর্ধমা ৫) দ্র কির্‌কিটা, কির্‌কিরে

কিল্লো **killo** বি কেন্নো a species of centiped (মালদা ৬)

কিল্ল্যা **killæ** দ্র কিল্লা[২] ২ (মুর্শিদা ৬ মালদা ৭)

কিল **kil** বি কিল a fist আমি কিল দিলাম্‌—আমি কিল মারলাম (বাঁকুড়া ১৩)

কিলা[১] **kila** দ্র কিল (মেদিনী ৫)

কিলা[২] **kila** বি খুঁটি a post (দার্জিলি ২)

কিলা[৩] **kila** বি দিনের বেলায় গরুকে বেঁধে রাখার স্থান the place for tying cattle in the day time (মালদা ৫)

কিলা[৪] **kila** বি [গরু-মহিষের খড়-বিচালি খাওয়ার] বেতের ঝুড়ির 'চাঙি' অংশ a part of cane-made manger (পদিনা ২)

কিলা **kilā** ক্রি বিণ কিনা whether সে আইস্‌সে কিলা আগু দেখিয়্যা আয়—সে এসেছে কিনা আগে দেখে আয় (মেদিনী ২২)

কিলাই দেওয়া **kilāi deɔ̆a** ক্রি ঘুসি মারা to fist তু ছানাটাকে কিলাই দিলি ক্যানে রে—তুই ছেলেটাকে কিলিয়ে [মারলি] ঘুসি দিলি কেন রে? (মেদিনী ২৯) তু কিলান [দাস]

কিলাইন্‌ দেওয়া **kilain deɔ̆a** দ্র কিলাই দেওয়া (বর্ধমা ২)

কিলান্‌ **kilan** দ্র কিল কিলান্‌ দি—কিল দিই (মেদিনী ১৩)

★ কিলানো **kilano** দ্র কিল কিলাচ্ছি ক্যানে—কিল মারছিস কেন (মুর্শিদা ২) কিলাইলো—কিল মারলো (মেদিনী ২৫)

কিলা শাপ্‌ **kila ʃap** বি খরিশ, কেউটে ইত্যাদি বিষধর সাপ বিশেষ a cobra (বর্ধমা ২৬)

কিলিং দেওয়া **kiliŋ deɔ̆a** দ্র কিলাই দেওয়া (বীরভূ ৮, ১১)

কিলিকাটি **kilikaṭi** দ্র কিট্‌কিট্‌[৩] (হুগলি ১১)

কিলিকিটি **kilikiṭi** দ্র কিট্‌কিট্‌[৩] (বর্ধমা ৬ হুগলি ১৫)

কিলিকিতি **kilikiti** দ্র কিট্‌কিট্‌[৩] (বর্ধমা ১২, ২৫ হুগলি ১৫, ১৬)

কিলিকিলি **kilikili** দ্র কিট্‌কিট্‌[৩] (হুগলি ১, ৫, ৯)

কিলি **kili** দ্র কিল (মেদিনী ৭, ৯)

কিলি দেওয়া **kili deɔ̆a** দ্র কিলাই দেওয়া (মেদিনী ৭)

কিলিন্ kilin দ্র কিল (বীরভূ ৮)

কিলি মারা kili mara দ্র কিলাঁই দেওয়া (মেদিনী ৯)

কিলুকুতু kilukutu দ্র কিট্‌কিট্‌[৩] (চব্বিশ ২১)

কিলুনো kiluno দ্র কিলাঁই দেওয়া (বর্ধমা ২০)

কিলে kile বি কাঠের তৈরি হাতল বিশেষ [জাঁতার যে অংশটা ধরে ঘোরানো হয়] the wooden handle of a grindstone (মুর্শিদা ১৯)

★ **কিলেই দেওয়া kileĭ deŏa** দ্র কিলাঁই দেওয়া কিলেই দিল--কিল মারল (মেদিনী ১২)

কিলেনো kileno দ্র কিলাঁই দেওয়া (বর্ধমা ৪)

কিল্যা kilæ দ্র কিল্‌লা[১] (মুর্শিদা ১১)

কিশ্‌কিন্‌দা kiʃkinda বি এক রকমের আনাজ a kind of vegetable (জলপা ৩)

কিশ্‌টি kiʃti দ্র কিট্‌ঠা (মালদা ২)

কিশ্‌টে kiʃte দ্র কিট্‌ঠা (চব্বিশ ২০)

কিশ্‌টো তিল্ kiʃto til বি কালো তিল black sesame (বাঁকুড়া ১২) < সং কৃষ্ণ +

কিশ্‌নোচুড়া kiʃnocura বি উপর-হাতে পরার অলঙ্কার বিশেষ--অঙ্গদ, [সোনা বা রূপার তৈরি এই গহনাটি মুকুটের মতো দেখতে] a crown like ornamental armlet made of gold (চব্বিশ ১৫) < কৃষ্ণের চূড়া বা মুকুট (সাদৃশ্যার্থে)

কিশ্‌নোচুড়া পাক্ kiʃnocura pak বি বৌ কথা কও, বেনে বউ পাখি a kind of singing bird, *Oriolus æanthornus* (বীরভূ ৪)

কিশ্‌শানি kiʃʃani বি মজুরি wages (কোচবি ৪)

কিশ্‌শ্যান্ kiʃʃæn বি ঘরামি a hut-builder (কোচবি ৩)

কিশাইট্ kiʃait দ্র কিট্‌ঠা (মুর্শিদা ১১)

কিশান্[১] kiʃan বি একপ্রকার ভাগচাষ [এই কিষাণপ্রথার ভাগচাষে উৎপন্ন ফসলের তিন ভাগ হয়। চাষী নেয় একভাগ, জমির মালিক নেয় দু-ভাগ। 'তে ভাগা' চাষ] a system of share-cropping (বীরভূ ১৪)

কিশান্[২] kiʃan বি জমিতে লাঙল দেয় যে a plougher, a ploughman (নদীয়া ১) ~ **খাটা kiʃan kʰata** ক্রি মাঠের কাজ করা, মজুরি খাটা to work as an agricultural labourer (হুগলি ১২)

কিশানি ধোকা kiʃani dʰoka ক্রি দিন মজুরির বিনিময়ে অন্যের জমিতে কাজ করা to work as an agricultural labourer (কোচবি ৭)

কিশিম্ kiʃim বি ধরন manner, method (পদিনা ৩)

কিশিমিশ্ kiʃimiʃ বি কিশ্‌মিশ্ dried grapes (মেদিনী ২৫)

কিশ্‌নোচুড়া পাক্

কিশেন্ খাটা kiʃen kʰata ক্রি চাষের কাজে বারোমাস বাঁধা কাজ করা to work as an agricultural labourer throughout an year for the same employer (বর্ধমা ২৩)

কিস্ kis সর্ব কি what আউ কিস্ চাও--আর কি চাও (মেদিনী ১৮)

কিস্‌কিস্ কালো kiskis kalo বি কুচকুচে কালো jet black (মালদা ৬)

কিস্‌কিসানো kiskisano ক্রি দাঁত কড়মড় করা to gnash teeth দাঁত্ কিস্‌কিসাচ্চে--দাঁত কড়মড় করছে (বাঁকুড়া ৭)

কিস্‌কে kiske ক্রি বিণ কি জন্য, কেন, কি কারণে why (পুরুলি ৮) তুই কিস্‌কে যাবি--তুই কি জন্য যাবি (পুরুলি ৬) কিস্‌কে আলি--কি জন্য এলি (বাঁকুড়া ৭) কিস্‌কে যাব --কেন যাবো (বীরভূ ৪) কিস্‌কে আল্‌ছিস্--কেন এসেছিস (মুর্শিদা ১৭, ২৩) কিস্‌কে দুব সুঁই--কি কারণে দেব, শুনি? কিস্‌কে বেসি ভাগ্ লুব কও--কি কারণে বেশি ভাগ নিবি বলতো (মেদিনী ৬, ৯, ২২, ২৬)

কিস্‌ক্যে kiskɛ দ্র কিস্‌কে কিস্‌ক্যে হুড়্যেলি--কেন গুতোলি (মুর্শিদা ২৩) ছেলাগুল্ কিস্‌কে দৌড়ছ্যে--ছেলেগুলো কেন দৌড়াচ্ছে (মুর্শিদা ২৩)

কিস্‌ক্যেলে kiskɛle দ্র কিস্‌কে ম্যালাগুলি লোক্ কিস্‌ক্যেলে আল্‌ছ্যে--এতগুলো লোক কেন এসেছে (মুর্শিদা ২৩) তু হি কিস্‌কে লিয়ে

কিস্‌টি kisti দ্র কিট্‌ঠা (মুর্শিদা ২৩)

কিস্‌টো কোকিল্ kisto kokil দ্র কিশ্‌নোচুড়া পাক্ (মুর্শিদা ২৩) < কৃষ্ণ +

কিস্‌টোচুড়া kistocura বি ১ সোনার তৈরি কানের দুল বিশেষ a gold earring (মেদিনী ৩৩ হুগলি ৫) ২ অঙ্গদ, উপর হাতের গহনা an armlet (বাঁকুড়া ১)

কিস্‌টো পাকি kisto paki দ্র কিশ্‌নোচুড়া পাক্ (বীরভূ ৯)

কিস্‌তাব্ kistab বি প্রস্রাব urine (কোচবি ৪)

কিস্‌তি টুপি kisti tupi বি একপ্রকার টুপি [নৌকার মত দেখতে। মুসলমানদের বিবাহে বর এই টুপি পরে। টুপির



কুই[৪]

দুধার পিচবোর্ডের তৈরি ও মাঝে সুতো বা মস্‌লিনের কাপড় দেওয়া থাকে। জরির কাজ করা এই টুপি বিভিন্ন রঙের হয়] a variety of cap [usually worn by muslim grooms on wedding day] (বর্ধমা ৫)

কিস্‌নোলবা কলো kisnolɔba kɔlo বি একজাতীয় কলা a variety of banana (জলপা ৭)

কিস্‌পোত্ kispot দ্র কিট্‌ঠা (মেদিনী ৮)

কিস্‌মিস্ করা kismis kɔra দ্র কিস্‌কিসানো (বর্ধমা ১৯)

কিস্‌সা kissa দ্র কিচ্‌চা[২] (জলপা ৬)

কিস kisɔ দ্র কিতহনে, কিস্‌কে কিস তুই ইরকম্ কোর্‌লো—কেন তুই এমন করছিস (মালদা ১১)

কিসক্ kisɔk দ্র কিস্‌কে তুই কিসক্ আসিনু—তুই কিজন্য এলি (আসলি) (মালদা ৪)

কিসাইট্ kisait দ্র কিট্‌ঠা (মুর্শিদা ১১)

কিসান্ kisan বি ১ বাঁধা মজুর [যে সারা বছরের চুক্তিতে কাজ করে] a paramental agricultural worker (নদীয়া ১) ২ কৃষিমজুর [এরা দৈনিক মজুরির ভিত্তিতে কাজ করে। বছরের মজুরির চুক্তিতে কাজ করে যারা তাদের বলে 'নাগাড়ে কিসান্'] a daily agricultural labourer (হাওড়া ১০) দ্র কিশেন্ খাটা

কিসিম্ kisim বি প্রকার, রকম type, variety দুই কিসিম্ বলে—দুই রকম বলে (পদিনা ৩) তু আ কিস্‌ম্

কিসুর্ আলু kisur alu বি শাঁকালু a white esculent fruit shaped almost like a conch-shell *Pachyrhizus angulatus* (পদিনা ১১)

কিসে kise ক্রি বিণ কিছুতে by any means তোর্ কিসেতেও আঁট্‌বেক্ নাই—তোর কিছুতেই কুলোবে না (বাঁকুড়া ১৩)

কিসেন্ kisen বি কৃষক a peasant, an agricultural labourer (বর্ধমা ১৪) ~ **জন্ kisen jɔn** বি জনমজুর an agricultural labourer (হুগলি ১০)

কিহন্‌না kihɔnna দ্র কিল্‌লো (মালদা ১১)

কিহেই kiheĭ সম্বো কি হে hallo (মেদিনী ৩১)

কু[১] ku বি কুল [এক প্রকার ফল] a jujube (মেদিনী ২৬)

কু[২] ku বি আমের কুসি soft inner core of the stone of mango (নদীয়া ১১)

কু[৩] ku বি চিতা funeral pyre কু সাজিচি, তোরা মোড়া লি আয়—চিতা সাজিয়েছি, তোরা মড়া নিয়ে আয় (হাওড়া ১, ৮) ~ **ঘাট্ ku gʰɔt̪** বি আঘাটা [পুকুরের ঘাট ব্যতীত অন্য যে-স্থান ওঠানামার কাজে ব্যবহৃত হয়] a place of approach to the water of a pond but not a proper *ghat* (হুগলি ৬)

কুঅ kuɔ বি কুয়াশা mist (বীরভূ ৮) < সং কুজ্ঝটিকা

কুই[১] kuĭ বি কুয়া well (পদিনা ১, ৬, ১১, ১৫) < সং কূপ

কুই[২] kuĭ বি ধামা a rattan basket (মেদিনী ৩০) < সং কুঞ্চী

কুই[৩] kuĭ বি একপ্রকার কলসি [এতে মুড়ি রাখা হয়] a pitcher for keeping puffed rice (মেদিনী ৮)

কুই[৪] kuĭ বি একপ্রকার হাতা [টিন বা তালআঁটি কেটে তৈরি এই হাতা মুদির দোকানে তেল তোলার কাজে লাগে] a kind of small ladle (চব্বিশ ৩৭) < সং কুপিকা, কুপি [দাস, সংসদ]

কুই[৫] kuĭ দ্র কুঅ কুই জেপেসে—কুয়াশা চেপে পড়েছে (নদীয়া ১)

কুই[৬] kuĭ বি কুলকুচি act of swilling one's mouth with water (মেদিনী ৩৪)

কুই[৭] kuĭ দ্র কু[৩] কুই সাজানো হোচ্চে—চিতা সাজানো হচ্ছে (হাওড়া ৩, ৮, ১০)

কুঁই[১] kũĭ দ্র কুই[১] (পদিনা ৬)

কুঁই[২] kũĭ বি [তেল তোলার] পলা a kind of iron-spoon (পদিনা ১০) দ্র কুই[৪]

কুঁই[৩] kũĭ বি কনুই the elbow (মেদিনী ২৭)

কুঁই[৪] kũĭ দ্র কু[২] (নদীয়া ৪, ৯ বর্ধমা ৫ বীরভূ ১৩)

কুইউ[১] kuĭu দ্র কুই[১] (নদীয়া ১)

কুইউ[২] kuĭu দ্র কুঅ (নদীয়া ১)

কুইউ[৩] kuĭu দ্র কু[২] আম্ কুইউ—আমের কুসি (নদীয়া ১)

কুইও kuĭo দ্র কু[২] আম্ কুইও—আমের কুসি (মুর্শিদা ১৪)

কুঁইও kũĭo দ্র কু[২], কুইও (মুর্শিদা ১৬, ২৪)

কুইকানি kuĭkani বি নখকুনি a whitlow (পদিনা ১৫)

কুইচ্‌চা মুর্‌গি kuĭcca murgi বি ডিম পাড়া শেষ করে 'তা' দেওয়ার প্রস্তুতি নিচ্ছে এমন মুরগি a hen, that has stopped laying egg and prepares for sitting on it মুর্‌গিটা কুচ্ চিয়েচে—মুরগিটা ডিমে তা দেবার প্রস্তুতি নিয়েছে (মুর্শিদা ১৪, ২২)

কুইচ্‌তে kuĭcte অস ক্রি [মাটি] কুচি কুচি করতে to break [soil] into small pieces মাটি প্রথমে কুইচ্‌তে হয়—মাটি প্রথমে খুঁচিয়ে খুঁচিয়ে ছোট ছোট করে ভাঙতে হয় (চব্বিশ ৮)

কুইচা kuĭca বি কুঁচে মাছ [সরু মুখবিশিষ্ট এই মাছ সাপের মতো দেখতে] a variety of fish akin to the eel, *Amphipnous cuchia* (বাঁকুড়া ১)

কুঁইচা[১] kũĭca বি কেঁচো earthworm (বীরভূ ৪) < সং কিঞ্চলুক, কিঞ্চুলুক

কুঁইচা[২] kũĭca বি বেতের তৈরি একপ্রকার পাত্র [ধান বা চাল মাপার জন্য ব্যবহৃত হয়] ratten basket [used for measuring paddy, rice etc.] (মেদিনী ৩০) দ্র কুই[২]

কুঁইচা[৩] kũĭca দ্র কুইচা (মেদিনী ৫) ~ **লাগা kũĭca laga** ক্রি ডিম পাড়ার পর মুরগির ডিমে তা দেওয়ার জন্য প্রস্তুত হওয়া to prepare [of a hen] for sitting on egg মুর্‌গিটার্‌ কুঁইচা লেগেছে--মুরগিটার ডিমে তা দেওয়ার প্রস্তুতি এসেছে (মালদা ৯) < দ্র কুইচ্‌চা মুরগি

কুইচে[১] kuĭce দ্র কুইচা (নদীয়া ৩)

কুইচে[২] kuĭce অস ক্রি কুঁচি দিয়ে [শাড়ি পরা] to wear a *sharee* by pleating (চব্বিশ ২১) < আ বা কুঁচিয়ে

কুঁইচে kũĭce অস ক্রি খুঁচিয়ে poking কুঁইচে দে--খোঁচা মার্‌ (মেদিনী ৫) দ্র কুইচ্‌তে

কুইচ্যে লাগা kuĭcɛ laga দ্র কুঁইচা লাগা (মুর্শিদা ১৯)

কুইট্‌লা kuĭʈla বিণ ঝগড়াটে a quarrelsome কুইট্‌লা মায়া--ঝগড়াটে মেয়ে (মেদিনী ২৫) তু আ বা কুটিলা

কুইটু kuĭʈu বিণ ঢেঁকিতে কোটা হয়েছে এমন চাল [ধান একবার কোটা হলে 'এ্যাক্‌ কুইটু চাল্‌' এবং দুইবার কোটা হলে 'দু কুইটু চাল্‌' বলা হয়] rice, husked in husking pedal (বাঁকুড়া ৫)

কুইঠা kuĭʈʰa বি মাটির ঘরের মাচা [যা সাধারণত বাঁশের তৈরি হয়] bamboo-shelf of a mud-house এই ঘরে কুইঠা পাইড়্‌তে হবে--এই ঘরে মাচা তৈরি করতে হবে (মুর্শিদা ৫) ~ **পাড়া kuĭʈʰa paɾa** ক্রি মাচা তৈরি করা to build a bamboo-shelf (মুর্শিদা ৫)

★ **কুইড়্‌ ক্যালা kuĭɾ kæla** ক্রি ডিমে তা দেওয়া to sit on egg মুর্‌গিটা কুইড়্‌ ক্যাল্‌ছে--মুরগিটা ডিমের উপর বসে তা দিচ্ছে (বীরভূ ৪)

কুঁইড়্‌সে লাগা kũĭɾse laga ক্রি উদ্ভিদের একপ্রকার রোগ [এই অসুখে গাছের পাতা কুঁচ্‌কে যায়] shrinking of foliage due to some disease বেগুনের্‌ ভুঁইয়ে কুঁইড়্‌সে লেইগেছে--বেগুনের মাঠে রোগ ধরেছে (মুর্শিদা ১৩)

কুইড়া kuĭɾa বিণ অলস lazy (বীরভূ ১১ মালদা ১০) তু দেশি কুঁড়ে, সাঁও কুড়্‌হিয়া

কুইড়ি kuĭɾi দ্র কুইড়া (নদীয়া ১)

কুইড়্যা[২]

কুইড়ে কাইড়ে kuĭɾe kaĭɾe অস ক্রি খুঁড়ে টুঁড়ে [to do something] by digging and other supplimentary ways শিকড়্‌ট কুইড়ে কাইড়ে উঠা--শিকড়টা খুঁড়ে টুঁড়ে তোল্‌ (পুরুলি ৮)

কুইড়ে নেওয়া kuĭɾe neŏa ক্রি কুড়িয়ে নেওয়া to pick up (হাওড়া ৩) [বেরিয়ে > বেইরে, ছাড়িয়ে > ছাইড়ে, এগিয়ে > এইগ্‌গে--এই অঞ্চলের এটি বিশেষত্ব, অপিনিহিতি]

কুইড়ে লাগা kuĭɾe laga ক্রি এঁড়ে লাগা [কল্পিত অপদেবতার দোষে] শিশুর শরীরের স্বাভাবিক বৃদ্ধি বাধাপ্রাপ্ত হওয়া stunning of physical growth of a child [believed to be caused by imaginary goblin] ছেলেটার্‌ কুইড়ে লেগেচে--ছেলেটার বাড়্‌ নেই, দোষ লেগেছে (বর্ধমা ৫)

কুইড়্যা[১] kuĭɾæ বি কুঁড়েঘর a hut (মালদা ১১) আ বা কুঁড়ে, কুঁড়িয়া [সং কুটীর]

কুইড়্যা[২] kuĭɾæ বি গরুকে খাবার দেওয়ার কাজে ব্যবহৃত ছোট মাটির গামলা a small earthen manger (বীরভূ ৭)

কুইড়্যামো kuĭɾæmo বি আলস্য laziness (মুর্শিদা ১৭)

কুইনা[১] kuĭna দ্র কুঁই[৩] (পদিনা ১১ বীরভূ ৭)

কুইনা[২] kuĭna বি কনে bride (বর্ধমা ১৮) < সং কন্যা

কুঁইনা kũĭna দ্র কুঁই[৩] (বীরভূ ৫)

কুইনি kuĭni দ্র কুঁই[৩] (বর্ধমা ৫ মেদিনী ৭)

কুইনিটা kuĭniʈa দ্র কুঁই[৩] (বাঁকুড়া ১১)

কুইনে kuĭne দ্র কুঁই[৩] (বর্ধমা ২, ৫ মুর্শিদা ২)

কুইনো kuĭno দ্র কুঁই[৩] (নদীয়া ৬ বর্ধমা ৫ মুর্শিদা ১২)

কুইন্যা kuĭnæ দ্র কুঁই[৩] (বীরভূ ১১)

কুইয়া[১] kuĭa দ্র কুইট্‌লা (পুরুলি ১৪ মেদিনী ৩২) ছেল্যাটা বড় কুইয়া বটে--ছেলেটা খুব ঝগড়াটে (পুরুলি ১৪)

কুইয়া[২] kuĭa বিণ হিংসুটে envious (বাঁকুড়া ১২)

কুইয়া[৩] kuĭa ক্রি বারবার লোভীর মতো চাওয়া to ask greedily for something (বাঁকুড়া ১৩)



কুইলা[৩]

কুঁইয়া[১] kũĭa দ্র কু[২] (কোচবি ৮ মালদা ১১)

কুঁইয়া[২] kũĭa দ্র কুই[১] (মেদিনী ১৫)

কুইয়ে kuĭe বিণ অপয়া ill-omened (বর্ধমা ১)

কুঁইয়ে kũĭe দ্র কু[২] (নদীয়া ৪) ~ **সাপ্ kũĭe sap** বি তেলিঙ্গা সাপ [কালো রঙের, কেঁচোর মতোই আকৃতিবিশিষ্ট বিষধর এই সাপ সর্বদাই লাফায়] a variety of small blackish snake like earthworm (নদীয়া ৪)

কুইয়ো kuĭo দ্র কুঅ (বর্ধমা ৭) ~ **খোয়া বাঁশ্ kuĭo k^{h}oa bãʃ** দ্র কইয়ো খোয়াবাঁশ্ (মুর্শিদা ১০)

কুঁইয়ো[১] kũĭo দ্র কু[২] (মুর্শিদা ১২, ১৪)

কুঁইয়ো[২] kũĭo দ্র কুই[১] (মুর্শিদা ১৪)

কুইয়্যা kuĭæ বিণ কৃপণ a miser (বাঁকুড়া ১৬)

কুঁইয়্যা kũĭæ দ্র কু[২] (বীরভূ ৮ মুর্শিদা ২০)

কুইরা খাওয়া kuĭra k^{h}aŏa ক্রি খুঁটে খাওয়া to eat by picking বাওইটা কুইরা খেইছ্যে--চড়াইটা খুঁটে খাচ্ছে (মুর্শিদা ২৩) < আ বা কুড়িয়ে +

কুইর‍্যা kuĭræ দ্র কুইড়া[১] [সাধারণত বাগানবাড়ি বা খামারবাড়ির ক্ষেত দেখার জন্য এই কুঁড়েঘর তৈরি করা হয়] a thatched hut (বর্ধমা ১৮)

কুইল্ kuil দ্র কু[১] কুইল্টা লদ্-লুধা পেকে গেইন্ছে--কুলটা পেকে খুব নরম হয়ে গিয়েছে (বর্ধমা ১৮) ~ **আঠি kuil aṭ^{h}i** বি পায়ের তলায় সৃষ্ট যন্ত্রণাদায়ক কড়া painful corn (বাঁকুড়া ৫) [কুল আঁটির মতো শক্ত হয় ঐ কড়া। সম্ভবত এই কারণেই 'কুইল্ আঠি' নাম] ~ **হুড়া kuil huṭa** দ্র কুইল্ আঠি (বর্ধমা ২৬)

কুইলা[১] kuĭla বি কয়লা coal (দার্জিলি ২)

কুইলা[২] kuĭla বিণ কালো black কুইলা গোরু--কালো গোরু (বাঁকুড়া ১৬ মেদিনী ২৫)

কুইলা[৩] kuĭla বি কোকিল the cuckoo (পুরুলি ৯)

কুইলা[৪] kuĭla বিণ শুষ্ক dry কুইলা আম্--শুক্নো আম (মালদা ২) ~ **কাটা শাক্ kuĭla kaṭa ʃak** বি একপ্রকার শাক [এর বিভিন্ন নাম--যেমন, কুলে কাঁটা, কুলে খাড়া, কোলিকা, কুলিকা। জলাভূমিতে জন্মায়। মূল বহু শাখাযুক্ত, কাণ্ড চতুষ্কোণ, শাখা গ্রন্থিযুক্ত। পাতা রোমযুক্ত, চ্যাপ্টা, সরু, লম্বা ও শাখার গ্রন্থি থেকে জোড়া-জোড়া বের হয়। ফুল নীলবর্ণের। রাঙা কুলে খাড়া এবং কাজ্লি আক্--এই দুই প্রকারের হয়। এই শাক পাণ্ডুরোগে পথ্য হিসাবে উপকারী] *Asteracantha longifolia, Barleria lon, Rualialon, Hygrophila spinosa* (উ. অ.) (বাঁকুড়া ১৩) ~ **খাড়া kuĭla k^{h}aṭa** দ্র কুইলা কাটা শাক [এটি স্তন্যদুগ্ধ বর্ধনকারী ভেষজ হিসাবেও পরিচিত] (পুরুলি ৯)

কুঁইলা kũĭla বি কুকাপাখি coucal, *Centropus sinensis* (পুরুলি ৯ বাঁকুড়া ৫, ১৮)

কুইলাঠি kuĭlaṭ^{h}i দ্র কুইল্ আঠি (বীরভূ ৮)

কুইলি[১] kuĭli দ্র কুইলা[৩] (পুরুলি ৯, ১৪ মেদিনী ২, ৩০, ৩১, ৩২)

কুইলি[২] kuĭli দ্র কুঁইলা (পুরুলি ৮)

কুইলি[৩] kuĭli দ্র কু[২] (মেদিনী ৮, ১২)

কুইলি[৪] kuĭli দ্র কুইলা[২] (স্ত্রী) কুইলি গাইটা আস্ছে--কালো রঙের গাই গরুটা আসছে (পুরুলি ১২)

কুইলো kuĭlo বি কুলো a vessel made of bamboo slips for winnowing grains etc. (চব্বিশ ২১ বীরভূ ২ মুর্শিদা ১৪)

কুইল্যা[১] kuĭlæ দ্র কুইলো কুইল্যাখান্ লিয়ে আয়--কুলোখানা নিয়ে আয় (মুর্শিদা ২, ১৫)

কুইল্যা[২] kuĭlæ দ্র কুইলা[২] ['কুইল্যা' শব্দ ব্যাপকভাবে প্রচলিত থাকলেও নির্দিষ্ট কিছু মানুষ ব্যতীত সবাই 'কুইল্যা' শব্দটি সর্বদা ব্যবহার করে না। গুরুজন-স্থানীয় মানুষের নাম 'কালো' থাকায় নির্দিষ্ট সম্পর্কিত কিছু মানুষ 'কালো' শব্দ উচ্চারণ করে না। তারা 'কুইল্যা' (কয়লা) শব্দ ব্যবহার করে। তাদের থেকে এই শব্দটি বিস্তার লাভ করেছে ব্যাপকভাবে] (পুরুলি ৯, ১২ বাঁকুড়া ১২) ~ **কাটা kuĭlæ kaṭa** বি আফিং গাছ opium plant, *Papaver somniferum* (বর্ধমা ৮) ~ **খাড়া kuĭlæ k^{h}aṭa** দ্র কুইলা খাড়া (পুরুলি ১২)

কুইশ্লিয়ান্ kuiʃlian বি ধাত্রী [প্রসবের সময় যে বাচ্চা ধরে] a midwife (বাঁকুড়া ৭)

কুইশোর্ kuĭʃor বি আখ the sugarcane (মালদা ১) < তু হি কুশিয়ার

কুইস্স্যা kuissæ বি একপ্রকার মাছ [এই মাছের গায়ে আঁশ আছে, সাদা রঙের হয় এবং সাধারণত এক কেজি-দেড় কেজি পর্যন্ত ওজনের হয়] a kind of fish (কোচবি ১)

কুঁইহেঁ kũĭhẽ দ্র কু[২] (বীরভূ ৯)

কুইহো kuĭho দ্র কুই[১] (মুর্শিদা ২৪)

কুঁইহ্যা[১] kũĭhɛ দ্র কুই[১] (বীরভূ ৯)

কুঁইহ্যা[২] kũĭhɛ দ্র কুঅ (বীরভূ ৪)

কুঁইহ্যা[৩] kũĭhɛ দ্র কু[২] (বীরভূ ৯)

কু-উ ku-u অ কুকুরকে কাছে ডাকার বিশেষ শব্দ--যা এক বিশেষ স্বরভঙ্গিতে উচ্চারিত হয় a sound to call a dog (বাঁকুড়া ৮)

কুউয়া[১] kuua দ্র কুঅ (পদিনা ৭)

কুউয়া[২] kuua বি কাক the crow (পদিনা ২) < কাউয়া তু হি কৌয়া]

কুউহা kuuha দ্র কুঅ (পদিনা ২)

কুও[১] kuo দ্র কুঅ (বর্ধমা ৫)

কুও[২] kuo দ্র কু[৩] (হাওড়া ২)

কুও[৩] kuo বি মইয়ের পাদানি step of a ladder made of bamboo (হাওড়া ১০)

কুও[৪] kuo বি ডোবা a small pool (চব্বিশ ২৩) < কূপ (= গর্ত)

কুও[৫] kuo বি কাঁঠালের কোয়া a pod (of jack fruit) (বাঁকুড়া ৪)

কুওনি kuoni দ্র কুঁই[৩] (মেদিনী ১৫ হাওড়া ১০)

কুঁওনি kũoni দ্র কুঁই[৩] (মেদিনী ১০)

কুংকা kuŋka ক্রি বিণ কখন when কুংকা আশ্‌লু--কখন এলি? তুই কুংকা আশ্‌লু গে--আপনি কখন এলেন? (পদিনা ১১)

কুংকুরা kuŋkura বি একপ্রকার পাট [এই পাটের থেকে মাছ ধরার ফাঁদ, জাল ইত্যাদি বোনার উপযোগী সূতা প্রস্তুত হয়] a variety of jute [thread made of this jute is used to weave fishing net etc.] (জলপা ৭)

কুংগা kuŋga দ্র কুংকা হাটত্ কুংগা যাবে?--হাটে কখন যাবে? (মালদা ৪)

কুংড়া kuŋɽa বি মুরগি hen (মেদিনী ২৭) < সং কুক্কুট .

কুংড়িয়ে যাওয়া kuŋɽie jaŏa ক্রি কুঁক্‌ড়ে বা কুঁচ্‌কে যাওয়া to shrink হাত পা-গুলো জলে ভিজে কুংড়িয়ে গেল--হাত-পা-গুলো জলে ভিজে কুঁক্‌ড়ে গেল (বাঁকুড়া ৮)

কুংনি kuŋni দ্র কুঁই[৩] (বর্ধমা ৭)

কুঁক্ kũk বি ১ পাঁজর the ribs (মুর্শিদা ২ হাওড়া ১, ৮, ১০) ২ বুক chest কুঁকের্ বেতাটা উঠেচে--বুকের ব্যথাটা উঠেছে (হাওড়া ১) ~ **টানা kũk ʈana** ক্রি হেঁচ্‌কি তোলা to hiccup (হুগলি ৫)

কুঁক্‌কুইয়া খরাবা kũkkuĭa kʰɔraba বি ভর দুপুরবেলা middle hours of noon কুঁক্‌কুইয়া খরাবায় আমাহারে কইচ্চা টকাগা গেড়িয়াঘাটে ঝাঁপা ঝুঁএঠে--ভর দুপুরবেলা আমাদের ছোট্ট ছেলেগুলো পুকুরঘাটে সাঁতার কাটছে (মেদিনী ২৬)

কুক্‌কো পাখি

কুক্‌কুড়ি kukkuɽi অস ক্রি গুটিসুটি মেরে, কুঁক্‌ড়ে coweringly (মেদিনী ৩১)

কুক্‌কুড়িয়া খরা kukkuɽia kʰɔra বিণ দুপুরের খট্‌খটে রোদ scorching sun of noon (মেদিনী ৬) দ্র কুঁক্‌কুইয়া খরাবা

কুক্‌কো পাখি kukko pakʰi বি কুকোপাখি the coucal, *Centropus sinensis* (চব্বিশ ১০)

কুক্‌চা[১] kukca বিণ ডিম দেবার পর মুরগির এক বিশেষ অবস্থা [অনেক সময় ১০-১২টি ডিম দেবার পরে মুরগির শরীর গরম হয়ে ওঠে। তখন নিস্তেজ হয়ে চুপচাপ মুরগি ঘরে বা বাইরের নির্জন কোনো স্থানের খড়ের উপর বা ধুলোর স্তূপের উপর বসে থাকে। খাওয়াও কমে যায়। তখন দু-চারদিন মুরগিকে স্নান করাতে হয় এবং নাকের ফুটোয় পালক গেঁথে দেওয়া হয়। এরপর মুরগিটি স্বাভাবিক হয়ে ওঠে, সতেজ ও চঞ্চল হয় এবং পুনরায় নিয়ম-মাফিক ডিম দিতে থাকে] a natural period of fatigue of a hen after laying ten to twelve eggs (মুর্শিদা ২০)

কুক্‌চা[২] kukca বিণ কোঁকড়ানো (চুল) curled [hair] (বাঁকুড়া ৭ মেদিনী ২৯) < সং কুঞ্চিত ~ **পড়া kukca pɔɽa** ক্রি কোঁচকানো to shrink (চব্বিশ ৩৯)

কুঁক্‌চা[১] kũkca দ্র কুক্‌চা[২] (পুরুলি ৯ মেদিনী ২৯)

★ **কুঁক্‌চা[২] kũkca** দ্র কুংড়িয়ে যাওয়া কাপড়্‌টা কুঁক্‌চাই গেইয়েচে--কাপড়টা কুঁচ্‌কে গেছে (নদীয়া ১১)

কুক্‌চানা kukcana দ্র কুক্‌চা[২] (মেদিনী ১০)

কুঁক্‌চানা kũkcana দ্র কুক্‌চা[২] (মেদিনী ৯, ২৯)

কুক্‌চি[১] kukci দ্র কুক্‌চা[১] (নদীয়া ১ মুর্শিদা ৫, ১৮)

কুক্‌চি[২] kukci বি কুঁচকি the groin (চব্বিশ ৯, মুর্শিদা ১৮)

কুঁক্‌চি kũkci দ্র কুংড়িয়ে যাওয়া, কুঁক্‌চা[২] নুগাটা কুঁক্‌চি গ্যালা-কাপড়টা কুঁচ্‌কে গেল (মেদিনী ৮)

কুক্ বসন্ত

কুঁক্চু (চুল্) kũkcu (cul) দ্র কুক্চা[২] (মেদিনী ২৫)

কুক্চে kukce দ্র কুঁক্চা[২] (মেদিনী ১৫)

কুক্টি kukʈi বি ফড়িং the grasshopper, dragon fly (odonata) (জলপা ৭, ১০)

কুক্ড়া[১] kukɽa বি মোরগ the cock (চব্বিশ ৩৭ বাঁকুড়া ১, ৭ মেদিনী ৮, ১৬, ১৮, ২০) কুক্ড়াটা বাবায়টে--মোরগটা ডাকছে (মেদিনী ২০) মুরগি বোঝাতেও 'কুক্ড়া' ব্যবহৃত হয়। প্রকৃত শব্দ 'কুক্ড়া সাড়ি' অর্থে মুরগি ; 'কুক্ড়া সাড়া' অর্থে মোরগ। -'সাড়া'-'সাড়ি' অংশ আর না বলে কেবল 'কুকড়া' ব্যবহৃত হয় উভয় অর্থেই। যেমন, কুক্ড়া ডিম্ দ্যায়ঠে--মুরগি ডিম দিয়েছে (মেদিনী ২০) ~ ছা--মুরগির ছানা (মেদিনী ৮), ~ ছুঁয়া--মুরগির ছানা (মেদিনী ১৮) ~ ডিম্--মুরগির ডিম (মেদিনী ১৬), ~ ঢাড়্--মুরগি (বাঁকুড়া ১৬ মেদিনী ৩২) ~ ভাড়ি--মুরগির ঘর (মেদিনী ২০) ~ সাড়া--মোরগ (মেদিনী ৩৩) ~ সাড়ি--মুরগি (মেদিনী ৩৩) দ্র কুংড়া < সং কুক্কুট

কুক্ড়া[২] kukɽa দ্র কুক্চা[২] (পুরুলি ১৩) ~ **ডাকা kukɽa ɖaka** বি দীর্ঘসূত্রতা dilatoriness (বাঁকুড়া ১৮)

কুঁক্ড়া[১] kũkɽa দ্র কুক্ড়া[১] (মেদিনী ৪, ৬, ১৫, ১৮, ২০) কুঁকড়া ডিমাল্ হয়েছে--মুরগি ডিম দিচ্ছে (মেদিনী ২০)

কুঁক্ড়া[২] kũkɽa দ্র কুক্চা[১] (বীরভূ ৯)

কুঁক্ড়া[৩] kũkɽa বি ঘাড় ছোট এমন ব্যক্তি, ঘাড়ে-গর্দানে a short-necked man (পুরুলি ১৪)

কুঁকড়া[৪] kũkɽa দ্র কুক্চা[২] (মেদিনী ১৪, ৩০, ৩৪) কুঁক্ড়া চুড়া--কোঁক্ড়া চুল (মেদিনী ৩০) কুঁক্ড়া পাতা--কোঁচ্কানো পাতা (পুরুলি ১২)

★ **কুঁক্ড়ানো kũkɽano** ক্রি গুটানো to fold (legs), to coil সুতাটা কুঁক্ড়া--সুতোটা গুটা (পুরুলি ১২) ঠ্যাং কুঁক্ড়ানো--পা গুটানো (মেদিনী ২৫) আ বা কোঁকড়ান সং কুঞ্চন (দাস)

কুক্ড়ি[১] kukɽi দ্র কুংড়া (বাঁকুড়া ৭) তু কুক্ড়া[১]

কুক্ড়ি[২] kukɽi বি ফুলের কুঁড়ি a bud (চব্বিশ ৩৭)

কুঁক্ড়ি[১] kũkɽi দ্র কুক্ড়ি[২] (চব্বিশ ১২ নদীয়া ৪, ৬)

কুঁক্ড়ি[২] kũkɽi দ্র কুক্কুড়ি কুঁক্ড়ি ঘুমাচ্ছে--গুটিসুটি মেরে ঘুমাচ্ছে (মেদিনী ১২) কুঁক্ড়ি বোসেছ কেনে--কুঁক্ড়ে বসেছ কেন (মেদিনী ৮) ~ কি বসা--কুঁক্ড়ে বসা (মেদিনী ৩০) ছাটা ভয় কুঁক্ড়ি হয়ি গেছে--ছেলেটা ভয়ে কুঁকড়ে গেছে (বাঁকুড়া ১৮) কুঁক্ড়িয়া বসা--কুঁক্ড়ে বসা (মেদিনী ৩৫) ~ **জাগা kũkɽi jaga** দ্র কুক্চা[১] (মেদিনী ২৪) ~ **মাচ্ kũkɽi mac** বি একপ্রকার ছোট মাছ [আঁশহীন রূপালি রঙের মাছ, তিন-চার ইঞ্চি লম্বা হয়, নদীতে পাওয়া যায়] a kind of river fish (মুর্শিদা ১১)

কুঁক্ড়ুইনা kũkɽuĩna দ্র কুক্চা[২] কুঁক্ড়ুইনা চু--কোঁক্ড়ানো চুল (মেদিনী ২)

কুঁক্ড়ে kũkɽe দ্র কুক্কুড়ি (মেদিনী ২৫)

কুক্ড়ো kukɽo দ্র কুক্ড়া[১] কুক্ড়ো পাখিৎ খায়--মুরগিতে খায় (চব্বিশ ২১)

কুঁক্ড়ো[১] kũkɽo দ্র কুক্ড়া[১] (নদীয়া ১০)

কুঁক্ড়ো[২] kũkɽo দ্র কুক্চা[২] কুঁক্ড়ো চুল্--কোঁক্ড়ানো চুল (মেদিনী ৯)

কুক্তি kukti বি ১ দ্র কুক্টি (কোচবি ২ জলপা ৭, ৮ পদিনা ৯) ২ পঙ্গপাল a swarm of locusts (কোচবি ২)

কুক্ন্যাকুক্নি খ্যালা kuknæ kukni kʰæla বি লুকোচুরি খেলা hide and seek game (বাঁকুড়া ৪) [একদল লুকিয়ে থাকে, অপরদল তাদের খুঁজে বের করে। যারা লুকিয়ে থাকে তাদের কেউ একবার 'কুক্' শব্দ করে খোঁজার দলকে খুঁজে বের করতে ইঙ্গিত দেয়, বিভ্রান্ত করে। এই 'কুক্' শব্দ ধ্বন্যাত্মক হয়ে 'কুক্ন্যাকুক্নি' হয়েছে। এই খেলার রকমফের আছে। তু দ্র কুক্লি খ্যালা]

কুক্বসন্ত kukbɔsɔntɔ বি বসন্ত বউরি পাখি the blue throated barbet (বাঁকুড়া ১১)

কুঁক্রি [হওয়া] kũkri [hɔ̆ɔa] ক্রি নিচু [হওয়া] to bent down কুঁক্রি হোইয়্যা লি ল্যা--নিচু হয়ে নিয়ে নে [তুলে নে] (মুর্শিদা ২২)

কুঁক্রি[২] kũkri দ্র কুক্ড়ি[২] (নদীয়া ৪)

কুক্রো kukro বি কুকুর the dog কুক্রো ভুকুচু--কুকুর ডাকছে (মেদিনী ৮) < সং কুক্কুর

কুক্লি kukli দ্র কুইলা[৩] (পদিনা ২) ~ **খ্যালা kukli kʰæla** বি একপ্রকার গ্রাম্য লুকোচুরি খেলা [এই খেলায় একজন 'চোর' হয়। অন্যেরা (তিন-পাঁচজন) বিভিন্ন স্থানে লুকোতে যায়। এরা লুকোতে যাবার আগে এই চোরকে বলে দেবে কোনো একটি গাছের পাতা আনতে। চোর যে-গাছের পাতা আনতে যাবে সেই গাছের দূরত্ব একটু বেশি হতে হবে, যাতায়াতে যেন পাঁচ-সাত মিনিট লেগে যায়। এই সময়ের মধ্যে অন্যেরা লুকিয়ে পড়বে। এবার চোর

সেই নির্দিষ্ট গাছের পাতা এনে একে একে সব লুকানো খেলোয়াড়কে খুঁজে বের করবে। চোর যখন অন্যদের খুঁজে বের করছে, সেই সময় লুকানো খেলোয়াড়দের উদ্দেশ্য হলো চোরের চোখ এড়িয়ে সন্তর্পণে লুকানো স্থান থেকে বেরিয়ে এসে চোরকেই পিছন দিক থেকে ধরে ফেলা। এটি ঐ লুকানো খেলোয়াড়দের যে-কেউ করতে পারে। যদি কেউ তা করতে পারে তবে চোরকে পুনরায় সেই নির্দিষ্ট গাছের পাতা আনতে আবার যেতে হবে এবং অন্যেরা পুনরায় লুকাবে। চোর মুক্তি পাবে তখনই, যখন সে সব খেলোয়াড়কে খুঁজে বের করতে পারবে। সব খেলোয়াড়কে খুঁজে বের করার পর যে-খেলোয়াড়কে প্রথমে চোর খুঁজে পেয়েছিল সে এখন 'চোর' হবে। স্থানবিশেষে সব খেলোয়াড়কে খোঁজার রীতি নেই। প্রথমে চোর যাকে খুঁজে পাবে সেই হবে 'চোর'। তখন সবাই লুকানো স্থান থেকে বেরিয়ে আসবে। (হাওড়া ১, ৮) a rural hide and seek game (মুর্শিদা ১৭) ~ **পদা kukli pɔda** বি আমের খোসায় কালো বা বাদামি দাগ a spot on green mango (নদীয়া ২)

কুক্‌লি কুক্‌লি হাসা kukli kukli hasa ক্রি খিলখিল করে হাসা to giggle (নদীয়া ৬)

কুক্‌লিয়ে দ্যাখা kuklie dækʰa ক্রি উঁকি মেরে দেখা to peep (বর্ধমা ২৩)

কুক্‌লুকানি kuklukani বি উঁকি a peep কুক্‌লুকানি দ্যায় --উঁকি দেয় (মেদিনী ৩৫) ~ **খ্যালা kuklukani kʰæla** দ্র কুক্‌লি খ্যালা, কুক্‌ন্যাকুক্‌নি খ্যালা (মেদিনী ৩, ৭)

কুক্‌সা (চুল) kuksa (cul) দ্র কুক্‌চা[২] (বর্ধমা ১৩, ২৬)

কুক্‌সিমা kuksima বি একপ্রকার জংলিগাছ [এর পাতা থেঁতো করে কপালে লাগালে মাথা ধরা সারে] a kind of bushy plant (বর্ধমা ৮)

কুক্‌সুয়া kuksua দ্র কুক্‌চা[২] (বাঁকুড়া ১)

কুকচ্‌চা kukɔcca দ্র কুই[৬] (মেদিনী ২৮, ৩৪)

কুকর্‌ kukɔr দ্র কুক্‌রো কুকর্‌টা বড় ভুঁকেঠে--কুকুরটা খুব ডাকছে (মেদিনী ৮) আঁড়িয়া কুকর্‌--পুং কুকুর, মরদ্‌ কুকর্‌--সাহসী কুকুর, মাইচা কুকর--ভীতু কুকুর (মেদিনী ১৩) ~ **মাছি kukɔr mach̪i** বি এঁটুলি [গরু ও কুকুরের গায়ে জন্মানো একজাতীয় এঁটুলি, রক্ত খায়, এর রং লাল্‌চে কালো] a variety of tick (মেদিনী ৮)

কুকাটা করা kukaʈa kɔra ক্রি [লোকের] অনিষ্ট করা to herm (বাঁকুড়া ১২)

কুকাব্‌ kukab বিণ ঘুট্‌ঘুটে deeply কুকাব্‌ অন্ধোকার্‌--ঘুট্‌ঘুটে অন্ধকার (হাওড়া ১, ৮)

কুকি

কুকাম্‌কাজ্‌ kukamkaj বি অপকর্ম a mischief (জলপা ৭)

কুঁকার্‌ ব্যারাম্‌ kũkɔr bæram বি গরুর যকৃৎ-এর একপ্রকার রোগ a liver-disease of the cow (বীরভূ ৯)

কুকি kuki বি আনারস গাছের কচি পাতা [বাচ্চাদের কৃমি হলে এই পাতার রসের সঙ্গে চুনের জল মিশিয়ে খাওয়ানো হয়] green, soft and fresh leaves of the pineapple (মালদা ৩) ~ **পাত্‌ kuki pɔt** বি গাছের ডগের নরম পাতা newly sprouted soft leaf (পদিনা ২) দ্র কোঁকের্‌ পাতা < সং কুক্ষি

কুকু kuku দ্র কুক্‌রো কুক্‌ উয়াক্‌ পিটা হ্যা--ওকে কুকুরে তাড়া করেছে (পদিনা ৪)

কুকুট্‌ kukuʈ দ্র কুক্‌রো কুকুট্‌টা মোক্‌ পিটাই ছোড়িহ্যা--কুকুরটা আমাকে তাড়িয়ে নিয়ে যাচ্ছে (পদিনা ৮) কুকুট্‌টা ন্যাক্‌রাছ্যে--কুকুরটা ন্যাক্‌রা করছে (মুর্শিদা ১০)

কুকুড়া সাড়া kukuɽa saɽa দ্র কুক্‌ড়া[১] (মেদিনী ৩৩)

কুঁকুড়ি[১] kũkuɽi ১ দ্র কুক্‌চা[২] (বীরভূ ৮) ২ দ্র কুক্‌কুড়ি (বীরভূ ১৪)

কুকুয়া kukua বি বাঁশের একপ্রকার খুঁটি [এই খুঁটির গোড়া মাটিতে পোঁতা হয় এবং এতে হরিণ ধরার জাল টাঙানো হয়] a bamboo-post (জলপা ২)

কুকুর্‌ আলু kukur alu বি খাম আলু *Dioscorea angunia* (মালদা৩)

কুকুর্‌ কাঁটা kukur kãʈa বি চোরকাঁটা love thorn, *Chrysopogon acicularis* (পুরুলি ৪)

কুকুর্‌ চালি দাত্‌ kukur cali dat বি গজদাঁত an extra tooth growing in front of another (পদিনা ৯)

কুকুর্‌ দাঁত্‌ kukur dãt দ্র কুকুর্‌ চালি দাত (বর্ধমা ৫, ৬, ৯, ১০, ২৫ মালদা ১, ৭, ৯ মেদিনী ৫, ৭ হুগলি ১)

কুকুর্‌ দাতা kukur data দ্র কুকুর্‌ চালি দাত্‌ (মুর্শিদা ১১)

কুকুর্‌ দেঁতো kukur dẽto বিণ গজদাঁত বিশিষ্ট ব্যক্তি a man with an extra tooth (বীরভূ ১৩)

কুকুর্ সুমা

কুকুর্ মাছি kukur mac^{h}i দ্র কুকর্ মাছি (জলপা ৭, ৯ নদীয়া ১ পদিনা ২ মেদিনী ৩১, ৩২)

কুকুর্ শুঁকা kukur ʃũka বি বনতুলসী a jungle basil, Ocimum adscendens (নদীয়া ৫)

কুকুর্ সুকুর্ kukur sukur দ্র কুঁক্ড়ি[২] (কোচবি ৩)

কুকুর্ সুমা kukur suma বি হাতিশুঁড় গাছ [এটি জঙ্গলে হয়। দুই-আড়াই ফুট উঁচু, প্রচুর শাখা-প্রশাখা থাকে। এই গাছের পাতার রস চোখের অসুখে ভাল কাজ দেয়] a bushy plant, *Heliotropicum indicum* (মালদা ৫)

কুকুরা kukura দ্র কুক্ড়া[১] [সাধারণভাবে 'কুকুরা' শব্দে স্ত্রী-পুং উভয়কেই বোঝায়। তবে নির্দিষ্ট করার সময় স্ত্রীলিঙ্গ বোঝাতে 'মাই' এবং পুং বোঝাতে 'ওঁড়িয়া' (< এঁড়িয়া) ব্যবহৃত হয়] কুকুরা বুগোউচি--মুরগি ডাকছে (মেদিনী ১৮, ৩১)

কুকুরে মাছি kukure mac^{h}i দ্র কুকর্ মাছি (চব্বিশ ২৩ মেদিনী ৭)

কুকুরো kukuro দ্র কুক্রো কুকুরো বুগোউচি--কুকুর ডাকছে (মেদিনী ১৮)

কুকুলি kukuli দ্র কুই[৬] (দার্জিলি ৩)

কুকো (চুল্) kuko (cul) দ্র কুক্চা[২] (বর্ধমা ১৫)

কুকো (মাচ্) kuko (mac) বি একপ্রকার মাছ [ছোট মাছ, মাথা চ্যাপ্টা, লেজের অংশ সরু, গা কালো] a kind of fish (হাওড়া ৮)

কুখ্ড়্যা kuk^{h}ɾæ দ্র কুঁক্ (মুর্শিদা ১৮)

কুঁখা kũk^{h}a বি কোমর the waist (বীরভূ ১১) তু আ বা কাঁখ, কাঁকাল

কুখানিয়া kuk^{h}ania বিণ কুক্ষণ an evil hour (মালদা ৯)

কুখা পাখি kuk^{h}a pak^{h}i দ্র কুক্কো পাখি (মুর্শিদা ২৪)

কুঁখি kũk^{h}i দ্র কুঁখা (মেদিনী ১৫, ৩৪)

কুখুড়া kuk^{h}uɾa বি মুরগির ছোট বাচ্চা a chicken (বাঁকুড়া ১৫) দ্র কুঁকড়া[১], কুঁকড়ো [সং কুক্কুট]

কুখে kuk^{h}e দ্র কুইলা[৩] (মুর্শিদা ২০)

কুঁখে kũk^{h}e দ্র কুঁইলা (মুর্শিদা ১৮)

কুগ্জা kugja ক্রি বিণ কুঁজো humpback কুগ্জা হোয়ে চলা--কুঁজো হয়ে চলা (বাঁকুড়া ১১) < সং কুব্জ

কুগ্জি kugji বি [গরু বাঁধার] খোঁটা peg for tying cow (দার্জিলি ১)

কুঁগ্ড়া kũgɾa দ্র কুক্ড়া[১] (মেদিনী ৩৪)

কুঁগ্ড়ে যাওয়া kũgɾe jaŏa দ্র কুংড়িয়ে যাওয়া চাম্ড়াটা কুঁগ্ড়ে গেছে--চামড়াটা কুঁচ্কে গেছে (মেদিনী ৩৪ হাওড়া ৮)

কুগ্নো kugno দ্র কুঁই[৩] (বীরভূ ৭) ~ **কুগ্নি খ্যালা kugno kugni k^{h}æla** বি একপ্রকার গ্রামীণ খেলা। [দুই দলে বিভক্ত হয়ে লুকোচুরি খেলা] act of playing at hide and seek, dividing the players into two teams (বাঁকুড়া ৪)

কুগ্রানো kugrano দ্র কুক্চা[২] কুগ্রানো চুল্--কোঁক্ড়ানো চুল (হুগলি ১৬)

কুচ্[১] kuc বি কচু arum (মেদিনী ৩০)

কুচ্[২] kuc বি সাপের খোলস a fell (of snake) (কোচবি ২) দ্র আঁচড়্[২]

কুচ্[৩] kuc বি আখের গায়ে লেগে থাকা সাদা মিহি গুঁড়া পদার্থ chalky powder found on the sugarcane (মালদা ১)

কুচ্[৪] kuc বি গরুর পিঠের কুঁজ hunch of a bullock. (জলপা ৪, ৭ মালদা ৬) ~ **বগ্ kuc bɔg** বি মেটে বক a brown back pond heron (চব্বিশ ১০, ৩৬) [কোঁচবক *Ardeola grayi* (জী.অ.) < সং ক্রৌঞ্চ

কুঁচ্ kũc বি শাড়ির কুঁচি বা ধুতির কোঁচা loose pleated frontal part of *dhoti or shari* (দার্জিলি ৪ বর্ধমা ১, ১৩ মেদিনী ৮, ১৪, ২০ হাওড়া ১০) < সং কুঞ্চিত

কুচ্করম্ kuckɔrɔm ক্রি বিণ কিছুই না nothing (মেদিনী ১৫)

কুচ্কা kucka দ্র কুক্চা[২] (চব্বিশ ২১)

কুঁচ্কা kũcka দ্র কুক্চা[২] কুঁচ্কা চুল্--কোঁক্ড়া চুল (মেদিনী ৬)

কুচ্কাই kuckaĭ দ্র কুক্চা[২] কুচ্কাই চুল্--কোঁকড়া চুল (পদিনা ১০) ~ **বসা kuckaĭ bɔsa** ক্রি কুঁকড়ে বসা to sit in a shrinking manner (পদিনা ১০)

কুঁচ্কানা kũckana দ্র কুক্চা[২] চাম্ড়াটা কুঁচ্কানা হোইয়া গ্যাচে--চামড়াটা কোঁচকানো হয়ে গেছে (মেদিনী ৩৩)

কুঁচ্কানো kũckano ক্রি হাঁস বা মুরগির হঠাৎ ডিম দেওয়া বন্ধ করা to stop laying egg suddenly by a hen or a goose মুর্গিটা কুঁচ্কাল্ছে--মুরগিটা ডিম দিতে দিতে বন্ধ করে দিয়েছে (বীরভূ ৯)

কুঁচ্‌কি[১] **kũcki** বি কুঁচফল wild jamica, crab's eye (বীরভূ ২)

কুঁচ্‌কি[২] **kũcki** দ্র কুকুর্ কাঁটা (বীরভূ ৫)

কুঁচ্‌কি[৩] **kũcki** বি কামারশালার কাজে ব্যবহৃত সরঞ্জাম [খেজুর গাছের ডাঁটার গোড়ার দিকটিকে পিটিয়ে বা থেঁতো করে চোঁচ বের করা হয়। ফলে সেটি তখন ব্রাশের মত দেখতে হয়। এটি সর্বদা একটি মাটির গামলায় জলে ডুবিয়ে রাখা হয়। এর সাহায্যে পনের আগুন নিবানো হয় বা আঁচ কমানো হয় এবং গরম লাল লোহা ঝেড়ে ময়লা বের করে দেওয়া হয়] a brush made out of the stem of date-palm leaf used by blacksmith to sprinkle water in fire or to wipe clean hot iron (নদীয়া ১২)

কুঁচ্‌কি[৪] **kũcki** বি কুঁচকির ফোলা রোগ [এই রোগে মধু ও চুন একত্রে লাগাতে হয় অথবা চটের উপর শাঁখ ঘষে ঘষে গরম হলে ঐ স্থানে সেই তাপ দিতে হয়] a kind of disease--swelling of groin (নদীয়া ৪ মুর্শিদা ৮) তু হি কুচকি

কুঁচ্‌কুঁচিয়া **kũckũcia** দ্র কুক্‌চা[২] কুঁচ্‌কুঁচিয়া চু--কোঁক্‌ড়ানো চুল (মেদিনী ২)

কুঁচ্‌কে **kũcke** অস ক্রি কুঁচি দিয়ে [to wear a *shari*] by pleating কুঁচ্‌কে পরা--(শাড়ি) কুঁচি দিয়ে পরা (চব্বিশ ৩৭ বর্ধমা ৯)

কুচ্‌কে বসা **kucke bɔsa** ক্রি ডিমে তা দেওয়া to sit on egg (মুর্শিদা ১৭) দ্র কুক্‌চা[১]

কুচ্‌কে নেওয়া **kucke neŏa** ক্রি কুচি কুচি করা বা কুচিয়ে নেওয়া to cut into small pieces আলু কুচ্‌কে নেওয়া হোলো--আলু কুচিয়ে নেওয়া হল (চব্বিশ ১৮) দ্র কুইচ্‌তে

কুঁচ্‌কে লাগা **kũcke laga** ক্রি শট্‌কা লাগা বা আচমকা ব্যথা হওয়া to feel pain for sudden spasm of muscle ঘাড়ে কুঁচ্‌কে লেগেছে--ঘাড়ে ব্যথা হয়েছে (বীরভূ ১৪)

কুচ্‌কো **kucko** বি কপালের ভাঁজ বা বলিরেখা wrinkle (হাওড়া ৮) < সং কুঞ্চিত

কুচ্‌চা[১] **kucca** বি বেতের তৈরি ছোট ডালা বিশেষ [এক সের পরিমাণ ধান বা চাল পরিমাপ করার কাজে লাগে] a small ratten basket for measuring paddy or rice (মেদিনী ১৮)

কুচ্‌চা[২] **kucca** বি কুমারশালে হাঁড়ি-কলসি ইত্যাদির কানায় কাটা নক্‌শা [এগুলির মাঝামাঝি অংশে কাটা নক্‌শাকে বলে 'ছাপ'] designs on the brim of an earthenware done by potter ~ করা **kucca**



কুঁচ্‌কি[১]

kɔra ক্রি পরচর্চা বা পরনিন্দা করা to slander (বাঁকুড়া ১) তু কেচ্ছা, আ কিস্‌সা আ বা কুৎসা

কুচ্‌চিয়্যা **kucciæ** দ্র কুঁইচা[১] (বীরভূ ১১)

কুচ্‌চে **kucce** অস ক্রি কুচিয়ে cutting in small pieces (হুগলি ১৬) দ্র কুইচ্‌তে, কুচ্‌কে নেওয়া

কুঁচ্‌চ্যা **kũccæ** দ্র কুঁইচা[১] (মুর্শিদা ২)

কুচ্‌ছ গাওয়া **kucc^{h}ɔ gaŏa** দ্র কুচ্‌চা করা আমার নামে কুচ্‌ছ গাচ্চে পাড়ায় পাড়ায়--আমার নামে পাড়ায় পাড়ায় কুৎসা করছে (নদীয়া ৬) তু আ কিস্‌সা

কুচ্‌ছা **kucc^{h}a** বি কুৎসা slander উ লুকাঁয় লুকাঁয় আমার্ নামে কুচ্‌ছা কর্‌ছে--ও গোপনে আমার নামে কুৎসা রটাচ্ছে (মেদিনী ৫) দ্র কুচ্‌চা করা

কুচ্‌ছিরি **kucc^{h}iri** বিণ কদাকার ugly (মেদিনী ২)

কুচ্‌ছো গাওয়া **kucc^{h}o gaŏa** দ্র কুচ্‌চা করা (নদীয়া ৯ মুর্শিদা ১২)

★ কুচ্‌ড়ানো **kucɾano** ক্রি ১ হাত কচ্‌লানো to rub one hand on the other (মেদিনী ২১) ২ ভয়ে পেট গুড়্‌গুড়্ করা mental despondency কুচ্‌ড়ায়েঠে--(ভয়ে) পেট গুড়্‌গুড়্ করছে (মেদিনী ২১)

কুচ্‌ড়া মাটি **kucɾa mati** বি কুমারশালে কাজ করার সময় চাকের নিচে পড়া কাদামাটি excess clay that drops below the potter wheel (পুরুলি ১০) < কুচো +

কুচ্‌ড়ি[১] **kucɾi** বি কুচো small piece কয়লা কুচ্‌ড়ি--কয়লার কুচো (বর্ধমা ৮)

কুচ্‌ড়ি[২] **kucɾi** বি খড়ের মোটা দড়ি পাকিয়ে তৈরি বীজধান রাখার আধার [এতে দুই থেকে পাঁচ মণ ধান রাখা যায়। এর থেকে বেশি ধান রাখার জন্য বড় আকারের যে আধার তৈরি করা হয় তাকে বলে 'পুড়্‌উয়া'] a container made of straw-rope to hold 70 to 200 kilograms of paddy-seed (পুরুলি ৯, ১১, ১৪, ১৭)

কুঁচ্‌ড়ি নেচুর্ **kũcɾi necur** দ্র কুকচা[২] কুঁচ্‌ড়ি নেচুর্ চুল্--কোঁকড়া চুল (চব্বিশ ৮)



কুঁচ্‌তে

কুচ্‌ড়্যা kucɾæ বিণ দড়কচা half-burn নেমুটা নাড়্‌তে নাড়্‌তে কুচ্‌ড়্যা হয়ে গ্যালো—লেবুটা নাড়তে নাড়তে দড়কচা হয়ে গেল (মালদা ৯)

কুঁচ্‌তে kũcte বি খেজুর পাতার ঝাঁটা broom made out of date-palm leaves (চব্বিশ ২০)

কুঁচ্‌ দিয়ে পরা kũc die pɔra ক্রি কুঁচি দিয়ে (শাড়ি) পরা to wear a *shari* by pleating (চব্বিশ ৪ বর্ধমা ২ মেদিনী ১৭, ২৮)

কুঁচ্‌ দুবা kũc duba বি দ্র কুক্‌চা[২], কুঁচ্‌ড়ি নেচুর্‌ কুঁচ্‌ দুবা চু—কোঁকড়া চুল (মেদিনী ৩৪)

কুচ্‌নিয়া kucnia বি কোচ-স্ত্রী (কোচ সম্প্রদায়) an woman of koc community (মালদা ১১)

কুঁচ্‌ পোড়ে যাওয়া kũc poɾe jaŏa ক্রি কুঁচ্‌কে যাওয়া to become folded (বর্ধমা ১৮)

কুচ্‌রি[১] kucri দ্র কুচ্‌ড়ি[১] (মেদিনী ৯)

কুচ্‌রি[২] kucri বি জ্বালানি হিসাবে ব্যবহৃত কাঠের টুকরো বা চেলা কাঠ pieces of fire-wood (পুরুলি ১১, ১৪ বাঁকুড়া ৭, ১৮)

কুচ্‌রিয়্যা kucriɛ দ্র কুচ্‌চে (মেদিনী ৮)

কুচ্‌রিত্‌ kucrit বিণ ময়লা dirty কাপড়্‌টা কুচ্‌রিত্‌ হয়া গেইসে—কাপড়টা ময়লা হয়ে গেছে (কোচবি ৯)

কুচ্‌লা[১] kucla বি একপ্রকার গাছ [এর শিকড় মদ তৈরির কাজে লাগে] a species of tree [It's root is used in the process of distilling wine] (বর্ধমা ১৮)

কুচ্‌লা[২] kucla ক্রি থেঁত্‌লে দেওয়া to smash পায়ে কুচল্যে দিলে—পা থেঁত্‌লে দিল (মুর্শিদা ২২)

কুচ্‌লি নারি kucli nari বি বিবাহের এক বৎসরের মধ্যে স্বামী মারা গিয়েছে এমন নারী an woman who lost her husband within an year of marriage (বাঁকুড়া ১৫)

কুচ্‌লে kucle দ্র কুইচা (হাওড়া ১০)

কুচা[১] kuca দ্র কুচ্‌ড়ি[১] (পুরুলি ৪, ৫ বাঁকুড়া ৩, ১৩ মেদিনী ৩৩)

কুচা[২] kuca দ্র কুচ্‌লে (বাঁকুড়া ১২)

কুচা[৩] kuca বি চালুনিতে চালগুঁড়ি চালার পর পড়ে থাকা মোটা দানা the coarse grain of ground rice that remains on sieve after straining (নদীয়া ৬)

কুচা[৪] kuca বি খুচরো পয়সা small coins (মেদিনী ১৫)

কুচা[৫] kuca বিণ টুকরো a piece (মেদিনী ১৫) ~ **কাঠ kuca kat^h** দ্র কুচ্‌রি[২] (পুরুলি ৯, ১২) ~ **কাপ্‌ড়া kuca kapɾa** বি রঙ উঠে স্থানে স্থানে ফ্যাকাশে হয়ে গিয়েছে এমন জামাকাপড় partially faded clothings (বাঁকুড়া ১৮)

কুঁচা[১] kũca দ্র কুচ্‌চা[১] (মেদিনী ৩০)

কুঁচা[২] kũca বি ধুতির কোঁচা the loose pleated frontal part of *dhoti* (বর্ধমা ৬)

কুঁচা[৩] kũca বি মুরগির ডিমে তা দেওয়ার অবস্থা [এই সময় মুরগি চুপচাপ বসে থাকে] condition of a hen when it sits on the egg মুর্‌গিটার্‌ কুঁচা লেগেছে—মুরগিটার কুরুক্‌ লেগেছে অর্থাৎ ডিম পাড়ার পর বিশ্রাম নিচ্ছে (মালদা ২) মুরগিটা কুচাচে—[একই অর্থ] (মালদা ৬) তু কুইচ্‌চা মুর্‌গি, কুঁইচা লাগা

কুচাইলা kucaĭla বিণ পরনিন্দুক slanderer (বাঁকুড়া ৬) তু আ বা কুচক্রী

কুচান্‌ kucan বি কুঁচি pleat কুচান্‌ দিয়ে পরা—[শাড়ি] কুঁচি দিয়ে পরা (বীরভূ ৭) তু কুঁচা[২]

কুঁচানা kũcana ক্রি কুচি করা to cut into pieces (মেদিনী ১৭) দ্র. কুচ্‌কে নেওয়া, কুইচ্‌তে

★ **কুচানো kucano** ক্রি ভাঁজ করা to fold কাগজ্‌টা কুচা—কাগজটা ভাঁজ কর্‌ (পদিনা ৯)

কুচালা kucala ক্রি কচ্‌লানো to squeeze কুচাল্‌ছি—কচ্‌লাচ্ছি (বীরভূ ৩) তু হি কুচলানা (দাস)

কুচি[১] kuci বি কাস্তের দাঁত [এর অপর নাম 'পুড়ি'] the teeth of a scythe (পুরুলি ৩, ১৭)

কুচি[২] kuci সর্ব গুচ্ছ [ধানচারা রোপণের সময় ধানচারার সংখ্যাবাচক শব্দ] a cluster [used to indicate number of paddy-plants to be transplanted] দু কুচিও দেওয়া হয়, তিন্‌ কুচিও দেওয়া হয়—দুটি চারাও দেওয়া হয়, তিনটি চারাও দেওয়া হয় (বাঁকুড়া ৩)

কুচি[৩] kuci দ্র কুচা[৫] এ্যাক্‌ কুচি কাগজ্‌—এক টুকরো কাগজ (নদীয়া ৬)

কুচি[৪] kuci বি ফুলের কুঁড়ি a bud (পদিনা ২)

কুচি[৫] kuci ক্রি মাটি কোপানো to spade soil (চব্বিশ ১৭) দ্র কুইচ্‌তে

কুচি[৬] **kuci** দ্র কুঁচ্‌কি[৩] (বীরভূ ১১) ~ **কাটা পিনা kuci kaṭa pina** কুঁচি দিয়ে শাড়ি পরা wear *a sari* by pleating (পদিনা ২) ~ **নিচা kuci nica** বি কুচো চিংড়ি shrimp (দার্জিলি ৩) ~ **পিন্‌ধা kuci pindʰa** দ্র কুচি কাটা পিনা (পদিনা ৩)

কুঁচি[১] **kũci** বি বেনাঘাসের গুচ্ছ বা নারকেল পাতার কাঠির গুচ্ছ বা বাঁশের সরু কাঠির গুচ্ছ দিয়ে তৈরি ঝাঁটা বিশেষ। এটি দিয়ে মুড়ি ভাজা হয় [সাধারণত মুড়ি ভাজার জন্য বাঁকুড়া-বর্ধমানে বেনাঘাসের, পুরুলিয়া-মেদিনীপুরে বাঁশের কাঠির এবং চব্বিশ পরগনা-হাওড়া-হুগলিতে নারকেল কাঠির ঝাঁটা হয়] a broom made of long grass or thin sticks (চব্বিশ ৭ পুরুলি ৯, ১৭ বর্ধমা ২, ১০, ১৬, ১৮ বাঁকুড়া ১৫ বীরভূ ২, ৩ মালদা ২ মুর্শিদা ৩ মেদিনী ১৫, ২০, ২৫, ৩৪ হাওড়া ১০ হুগলি ১৫) < সং কুর্চ্চিকা (দাস)

কুঁচি[২] **kũci** দ্র কুঁচ্‌কি[৩] (চব্বিশ ৭ বীরভূ ৯, ১১)

কুঁচি[৩] **kũci** দ্র কুঁচা[২] (বর্ধমা ১৫ মেদিনী ১৮)

কুঁচি[৪] **kũci** দ্র কুঁইচা[১] (বর্ধমা ২০ বীরভূ ৩)

কুঁচি[৫] **kũci** বি চাবি key (মেদিনী ৮, ১৩, ৩৫) আ বা কুঁজি, কুঁজিকাঠি, সং কুঞ্চিকা, হি কুঞ্জী (সংসদ)

কুঁচি[৬] **kũci** বি বেনাগাছের ফুল flower of verbena (হুগলি ১)

কুঁচি [৭] **kũci** বি খড়্‌কে কাঠি [যেখানে যে উপকরণ সুলভ, সেখানে এটি সেই জিনিস দিয়ে তৈরি হয়, যথা—বাঁশ, নারকেল পাতার কাঠি ইত্যাদি] a kind of small stick for nibbling (মেদিনী ৭, ২৫)

কুঁচি[৮] **kũci** দ্র কুচি[৪] (বীরভূ ১৪)

কুঁচি[৯] **kũci** দ্র কুইচা (মুর্শিদা ১৮) ~ **করা kũci kɔra** অস ক্রি কুঁচি দিয়ে [শাড়ি পরা] [to wear a *shari* by] pleating কুঁচি করা পরা—কুঁচি দিয়ে শাড়ি পরা (মেদিনী ১২) ~ **কাট্‌টি kũci kaṭṭi** দ্র কুঁচি[১] (বর্ধমা ২০) ~ **কাঠি kũci kaṭʰi** দ্র কুঁচি[১] (চব্বিশ ১৫ নদীয়া ৪, ১০ বর্ধমা ৫ হুগলি ৮) ~ **কোরি পরা kũci kori pɔra** দ্র কুচি কাটা পিনা (মেদিনী ১৮) ~ **খাড়ি kũci kʰari** বি চাবির রিং key-ring (মেদিনী ৮) দ্র কুঁচি[৫] ~ **নেওয়া kũci neŏa** দ্র কুঁইচা লাগা preparation of a hen for sitting on egg (নদীয়া ৭)

কুচিকুচি খেল্‌ kucikuci kʰel বি মেয়েদের গ্রামীণ খেলা বিশেষ [প্রতিযোগী দুইজন। একটা হাতখানেক লম্বা ধুলোর বাঁধ তৈরি করে। একজন একটি গুটি (কাঠি বা পাথরের টুকরো) নিয়ে ঐ বাঁধের মধ্যে যে কোনো স্থানে ঢুকিয়ে দেয়। কোথায় রাখলো তা প্রতিযোগীকে দেখায় না। এর

কুচিয়ায় রাখা

গুটি রাখার কৌশল এমনই যেন গোটা বাঁধের মধ্যেই রাখা হলো। দ্বিতীয় প্রতিযোগী দুই হাতের তালুকে পরপর রেখে বাঁধের যেখানে গুটিটি লুকানো আছে সেখানে তালু দুটি স্থাপন করে। অর্থাৎ ঐ স্থানের মধ্যেই গুটিটি আছে। যদি থাকে তবে এবার দ্বিতীয় প্রতিযোগীটি ঐ কৌশলেই গুটি লুকাবে। আর যদি দ্বিতীয় প্রতিযোগীর দেখানো নির্দিষ্ট স্থানে গুটি না থাকে তবে যে খোলোয়াড় গুটি লুকিয়েছিল সে-ই একবার জিতলো। এভাবে দেখা হয় কে বেশিবার জিতেছে] a rural game of girls (পদিনা ৪ হাওড়া ১, ৮)

কুচিমুচি বসা kucimuci bɔsa ক্রি হাঁটু গেড়ে বসা to sit on knees (মুর্শিদা ১১)

কুচিয়া[১] kucia দ্র কুইচা (কোচবি ১ জলপা ১, ৭ দার্জিলি ৩ পদিনা ২ পুরুলি ৫ বাঁকুড়া ৬ মালদা ১১)

কুচিয়া[২] kucia দ্র কুচ্‌রি[২] কুচা কাঠ্‌ (পুরুলি ১১) ~ **থোয়া kuci thoa** ক্রি [বিছানা ইত্যাদি] গুটিয়ে রাখা to keep (bed) by rolling into a bundle (দার্জিলি ৩) ~ **রাখা kucia rakʰa** দ্র কুচিয়া থোয়া (দার্জিলি ৩)

কুচিয়ায় রাখা kuciaĕ rakʰa ক্রি ভাঁজ করে রাখা to keep by folding কাপ্‌ড়াখান্‌ কুচিয়ায় রাখ্‌—কাপড়টা ভাঁজ করে রাখ (পদিনা ২)

কুচু kucu বি (শাড়ির) কুঁচি pleat of *shari* (কোচবি ৩ পদিনা ১১)

কুচুক্‌কুরে kucukkure বিণ কুচুটে a crook, conspirator (বর্ধমা ১৫ বীরভূ ৩) তু আ বা কুচক্রী

কুচুড়ি kucuṛi বি ধান, চাল বা বীজধান রাখার ছোট মরাই বিশেষ [খড়ের দড়ি দিয়ে তৈরি এই মরাইকে একস্থান থেকে অন্যস্থানে সরানো যায়। দরজাবিহীন এই মরাই থেকে প্রয়োজনে শাবল দিয়ে ফুটো করে ধান ইত্যাদি বার করা হয়। এটি ঘরের মধ্যেই থাকে] a small barn made of straw rape, where corns are preserved (বর্ধমা ১, ৮, ১৩, ১৮, ২৬ বাঁকুড়া ১৪ বীরভূ ৮) দ্র কুচ্‌ড়ি[২] ~ **নারি kucuṛi nari** বি বিবাহের



কুচোল্ মাচ্[১]

দিনে স্বামী মারা গিয়েছে এমন নারী a woman who lost her husband on the date of marriage (বাঁকুড়া ১৫) ~ **হওয়া kucuṭi hɔ̆a** ক্রি ভেঙে যাওয়া to be broken হাত্‌টা কুচুড়ে গ্যালো--হাতটা ভেঙে গেল (বীরভূ ১০)

কুচুয়া[১] kucua দ্র কুচ্‌রি[২] (বাঁকুড়া ৩, ১২)

কুচুয়া[২] kucua দ্র কুচানো (দার্জিলি ২)

কুচুয়াল্ kucual দ্র কুচুক্‌কুরে (বাঁকুড়া ১২)

কুচুরি kucuri দ্র কুচুড়ি (বর্ধমা ৮ বাঁকুড়া ১৪)

কুচুলি kuculi বি ডুমুর fig (জলপা ৪, ৭)

কুচে kuce দ্র কুঁইচে কুচে দিল--খুঁচিয়ে দিল (মেদিনী ১৩)

কুঁচে[১] kũce অস ক্রি, থেঁত্‌লে smashing কুঁচে গ্যালো--থেঁতলে গেল (বর্ধমা ২৫ হুগলি ৮)

কুঁচে[২] kũce দ্র কুঁইচা[১] (বর্ধমা ২, ৪, ১০ ১৯, ২০ বাঁকুড়া ১০ বীরভূ ১৩, ১৪ মুর্শিদা ১৬)

কুঁচে[৩] kũce বি বড় কৃমি large worm (বীরভূ ৮)

কুঁচে[৪] kũce দ্র কুইচা (চব্বিশ ৮, ১১ মেদিনী ৭ হুগলি ১০) ~ **দেওয়া kũce deŏa** ক্রি ঠুকে দেওয়া to hit against something তার মাথা ধোরে কুঁচে দিলাম্--তার মাথা ধরে ঠুকে দিলাম (মুর্শিদা ৪)

কুঁচো kũco বি ভাগ a part or division (হুগলি ৪)

কুচোক্‌কুরে kũcokkure দ্র কুচুক্‌কুরে (নদীয়া ৯)

কুঁচোট্ kũcoṭ দ্র কুচুক্‌কুরে (মুর্শিদা ২)

কুচো প্যানা kuco pæna বি গুঁড়ি পানা, জলজ উদ্ভিদ বিশেষ small water-wart (চব্বিশ ২১)

কুচো মাচ্ kuco mac দ্র কুইচা (মুর্শিদা ৫)

কুঁচোল্ kũcol বি কোঁচড় the lap cloth (মুর্শিদা ১৪) দ্র অঁটা তু সং ক্রোড়

কুচোল্ মাচ্[১] kucol mac বি কুচো মাছ বা ছোট মাছ small fishes (বর্ধমা ২৫)

কুচোল্ মাচ্[২] kucol mac বি জিওল মাছ the species of fish, that can be kept alive in home for a long time (বর্ধমা ৯)

কুচ্যা[১] kucæ দ্র কুঁইচা[১] (মুর্শিদা ১০)

কুচ্যা[২] kucæ দ্র কুচ্‌রি[২] (বাঁকুড়া ১৫)

কুছা kuchɑ দ্র কুঁচোল্ (মুর্শিদা ৫, ৯, ১৪, ১৮)

কুঁছা kũchɑ দ্র কুঁচোল্ কুছাতে মুড়্‌হি লিবে--কোঁচড়ে মুড়ি নেবে (বীরভূ ৯)

কুছান kuchɑnɔ ক্রি [মাছ ধরার জন্য জাল ছোঁড়ার পর ধীরে ধীরে] জাল গুটিয়ে নেওয়া to draw a fishing net close after throwing into water (জলপা ৩)

কুছিরি kuchiri বিণ কদাকার, কুশ্রী ugly (জলপা ২) তু আ বা কুশ্রী

কুছু kuchu বি, ক্রি বিণ কিছু some মোর্ তান্যে তো কুছু ভাব্‌বার্ নি হোবে--আমার জন্য কিছু ভাবতে হবে না (পদিনা ২, ৮ মেদিনী ৭) তু হি কুছ্, আ বা 'কুছ্'পরোয়া

কুছোল্ kuchol দ্র কুঁচোল্ (মুর্শিদা ২)

কুঁজ্[১] kũj বি গোরুর পিঠের কুঁজ hump on the back of a cow (পদিনা ৮) < সং কুব্জ

কুঁজ্[২] kũj বি গাছের কাণ্ডের উঁচু স্থান humped places on the trunk of a tree (বীরভূ ৯)

কুজ্‌গোল্ kujgol বি গরু বাঁধার খোঁটা peg to tie a cow (দার্জিলি ২)

কুজ্‌ঝুটি অন্ধকার্ kujjhuṭi ɔndhɔkar বি ঘন অন্ধকার densely dark (হাওড়া ১০) < সং কুজ্ঝটিকা

কুজ্‌ঝোটি পাখি kujjhoṭi pakhi বি একপ্রকার সবুজ রঙের পাখি, কাঠঠোকরার মতো দেখতে a kind of bird like the woodpecker (নদীয়া ১০)

কুজ্‌বগ্ kujbɔg বি মেটে রঙের একশ্রেণীর বক brown back pond heron (মেদিনী ৭) দ্র কুচ্ বগ্

কুজ্‌বগ্‌লা kujbɔglɑ দ্র কুজ্‌বগ্ (মুর্শিদা ১৭)

কুঁজ্‌বগ্‌লা kũjbɔglɑ দ্র কুজ্‌বগ্ (চব্বিশ ১৯)

কুঁজ্‌বট্ kũjbɔṭ দ্র কুজ্‌বগ্ (নদীয়া)

কুঁজ্‌বোগ্‌লা kũjboglɑ দ্র কুজ্‌বগ্ (মেদিনী ৩৪)

কুজ্‌মাছি kujmachi বি একপ্রকার ধূসর রঙের এবং সাধারণ মাছির থেকে বড় আকারের মাছি [গরু-ছাগল বা মানুষকে এই মাছি কামড়ালে খুব ব্যথা হয়] a gnat (চব্বিশ ২৩)

কুঁজ্‌রো kũjro বিণ কুটিল [যে একের কথা অন্যকে বলে ঝগড়া বাধায়] crooked (বর্ধমা ২২ হাওড়া ৭)

কুঁজ্‌লে বগ্ kũjle bɔg বি সাদা-কালো রঙের বক বিশেষ a kind of pond-heron (চব্বিশ ২৭) দ্র কুজ্‌বগ্

কুঁজ্‌লে বাছুর্ kũjle bachur বি কচিবাছুর a small calf (বীরভূ ৫)

কুজন্ kujɔn বি বায়ুর গতির বিপরীতমুখী নদীস্রোত current of river against the flow of wind (চব্বিশ ৮)

কুজা[১] **kujɑ** বি জলের কুঁজো pitcher (দার্জিলি ২ পদিনা ১, ১০ মেদিনী ৩, ১৯, ২২, ২৬) তু ফা কুজা

কুজা[২] **kujɑ** বিণ কুব্জ hunchbacked (male) (পদিনা ৯ মেদিনী ১৬) [স্ত্রী-কুজি] < সং কুব্জ

কুজি[১] **kuji** বিণ কুব্জা hunchbacked (woman) (মেদিনী ৬) (পুং-কুজা) আ বা কুঁজী

কুজি[২] **kuji** বি একপ্রকার ছোট ডানাওলা বিষযুক্ত কালো পিঁপড়ে a small venomous black ant (বর্ধমা ৪)

কুজি[৩] **kuji** বি বাঁশের কঞ্চির বোনা মাছ ধরার সরঞ্জাম বিশেষ [এটি স্রোতের জলে পেতে মাছ ধরা হয়] fishing trap made of bamboo slip [it is placed in the current to catch fish] (মালদা ৯) ~ **ঘর্ kuji gʰɔr** বি ছোটঘর small room (চব্বিশ ৮) ~ **টাকোয়া kuji ʈɑkoɑ** বি একপ্রকার ছোট শামুক [এই শামুক হাঁসের খাদ্য] a variety of small snail (জলপা ২) ~ **ট্যাংড়া kuji ʈɑŋɾɑ** বি একপ্রকার বড় ট্যাংরা মাছ [সাধারণত নদীতে পাওয়া যায়। ওজনে চার-পাঁচ কিলোগ্রাম হয়] a variety of large catfish [found in rivers, weighs about four to five kilograms] (মুর্শিদা ১১) ~ **মাছি kuji macʰi** বি একপ্রকার মাছি [লম্বাটে, ছাই রঙের এই মাছি আকৃতিতে ছোট হলেও ডাঁশের মতোই কামড়ায়। এই মাছি গরুকে কামড়ালে গরু খুব জোরে ছুটে পালায়] a species of small gnat-like fly (বর্ধমা ২) দ্র কুজ্‌মাছি

কুঁজি[১] **kũji** বি মাঠে ধান পাহারা দেবার জন্য নির্মিত অস্থায়ী কুঁড়েঘর [ছয়-সাত হাত লম্বা, তিন হাত উঁচু ও তিন হাত চওড়া এই ঘর দুই-চালা বিশিষ্ট। ঘরটির চাল খড়ের এবং এর ভিতরেও খড় বিছানো থাকে। ফলে ঘরের মধ্যে শীতবোধ হয় না] a small thatched hut in agricultural field [used for guarding crops] (চব্বিশ ২৭, ৩৩)

কুঁজি[২] **kũji** দ্র কুজা[১] (মুর্শিদা ১৭)

কুঁজি[৩] **kũji** বিণ কুমন্ত্রণাদাতা wicked counsellor (মেদিনী ১৭) [মহাকাব্য রামায়ণে দাসী মন্থরা রানী কৈকেয়ীকে কুমন্ত্রণা দিয়েছিল। সেই দাসী কুব্জা ছিল। এ থেকেই কুমন্ত্রণাদাতা ও 'কুঁজি' সমার্থক হয়েছে] ~ **কুইঠা kũji kuĭʈʰɑ** বিণ আপাতদৃষ্টিতে নিরীহ কিন্তু প্রকৃতপক্ষে ধূর্ত ও শয়তান এমন ব্যক্তি overtly simple but covertly crooked person (মুর্শিদা ১৩) ~ **কেইঠা kũji keĭʈʰɑ** দ্র কুঁজিকুইঠা (মুর্শিদা ১৩) ~ **গেরে kũjɨ gere** বিণ খুঁতখুঁতে fastidious (নদীয়া ৪) ~ **মাছি kũji macʰi** দ্র কুজিমাছি (নদীয়া ১ বর্ধমা ৯) ~ **য়ে kũjie** অস ক্রি কুঁজে হয়ে [যাওয়া] becoming hunchbacked কুঁজিয়ে গিইচে—কুঁজো হয়ে গিয়েছে (বর্ধমা ৪)

কুজি[৩]

কুজিং কুজিং চলা kujiŋ kujiŋ cɔlɑ ক্রি কুঁজো হয়ে চলা to walk stooping (বীরভূ ৮)

কুঁজু kũju বি মাটির ছোট হাঁড়ি small earthen pot (মুর্শিদা ১১) আ বা কুঁজো, ফা কুজা

কুজুড়ে kujuɾe বি কাঁচা আনাজের ব্যবসায়ী [যারা হাটে তরিতরকারি বিক্রি করে] a seller of green vegitables (বীরভূ ৮)

কুজুর্‌গুন্যা kujurgunæ দ্র কুচুক্‌কুরে (বাঁকুড়া ১৭)

কুঁজো বক্ kũjo bɔk দ্র কুজ্‌বগ্ (চব্বিশ ৮)

কুজ্যা kujæ দ্র কুঁজ্[১] (পদিনা ১০)

কুট্[১] **kuʈ** বি পাণ্ডুরোগ বা জণ্ডিস jaundice (বাঁকুড়া ১৭)

কুট্[২] **kuʈ** বি শ্বেতী বা ধবল রোগ lukoderma (চব্বিশ ৩৩ হাওড়া ৩)

কুট্[৩] **kuʈ** বি কুষ্ঠ leprosy (হুগলি ১) < সং কুষ্ঠ

কুট্[৪] **kuʈ** বি গুটির এক বিন্দু চিহ্নিত তল [লুডো খেলার সময় ছয়তল বিশিষ্ট গুটি নিক্ষেপের পর এক বিন্দু চিহ্নিত তল্‌টি উপরে থাকা অবস্থায় গুটি স্থির হলে তাকে 'কুট' বলা হয়। অনেক জায়গায় একে 'পুট' বা 'কুট' বলে] a single pointed surface of a playing dice (হাওড়া ১, ৮) ~ **খাওয়া kuʈ kʰɑŏɑ** ক্রি ফুটো হওয়া [গেঞ্জিতে] to get a hole কুট্ খেইসে—ফুটো হয়েছে (কোচবি ৪) ~ **পিম্‌ড়ে kuʈ pimɾe** বি একধরনের লাল পিঁপড়ে [গাছে থাকে] a tree-living red ant (হাওড়া ১০) তু কাঠ পিঁপড়ে

কুট্‌কার্ kuʈkar বিণ কোথাকার from where অঁএ কুট্‌কার্—ও কোথাকার (পদিনা ১০)

কুট্‌কুটা kuʈkuʈɑ দ্র কুচুক্‌কুরে (মেদিনী ৬)

কুট্‌কুটিয়া[১] **kuʈkuʈiɑ** বিণ খিট্‌খিটে peevish (মেদিনী ২, ১৮)

কুট্‌কুটিয়া[২] **kuʈkuʈiɑ** দ্র কুঁজি[৩] গেরে (বাঁকুড়া ১৫)

কুট্‌রা[২]

কুট্‌কুটি লাগা kuṭkuṭi lagɑ ক্রি গলা ধরে যাওয়া বা গলা কুট্‌কুট্‌ করা [ওল বা ওই জাতীয় কিছু খেলে এমন হয়] itching sensation inside the throat বাপ্‌রে গলায় কুট্‌কুটি লেগেছে--বাবা! গলা ধরে গেছে (মুর্শিদা ১৭)

কুট্‌কুটে[১] kuṭkuṭe দ্র কুট্‌কুটিয়া[১] (চব্বিশ ৩৩, ৩৭)

কুট্‌কুটে[২] kuṭkuṭe বিণ একের কথা অন্যকে বলে ঝগড়া বাধায় এমন ব্যক্তি a go-between, who act as an informer to break quarrel (বর্ধমা ১৮)

কুট্‌কুটে[৩] kuṭkuṭe বিণ দজ্জাল wayward কুট্‌কুটে মাইয়া--দজ্জাল মেয়ে (পুরুলি ৩)

কুট্‌কে kuṭke ক্রি বিণ কোথায় where কুট্‌কে যাবু কি কোর্‌বু--কোথায় যাবি কি করবি (মেদিনী ২০) < সং কুত্র

কুট্‌কের্‌ kuṭker দ্র কুট্‌কার্‌ কুট্‌কের্‌ জিনিস্‌--কোথাকার জিনিস (পদিনা ৭, ১০, ১২)

কুট্‌কোনা kuṭkonɑ বি চুলকানি itches (মেদিনী ৩)

কুট্‌টি kuṭṭi বি গৃহস্থের বাড়ি থেকে ধান নিয়ে একেবারে চাল তৈরি করে গৃহস্থকে পৌঁছে দেয় এমন মহিলা a husking woman [who carries corn from owner's house and bring back to him after husking] (মালদা ১১) তু গুণময় মান্না লিখিত 'কটা-ভানারি' গ্রন্থে 'কটা-ভানারি' শব্দটি। এর অর্থ, যে মহিলা ধান কাটা, ভানা ইত্যাদি কাজ করে ~ **খড়্‌ kuṭṭi kʰɔr** বি কুচো খড় small pieces of straw (মেদিনী ২৯) ~ **পুট্‌টি kuṭṭi puṭṭi** ক্রি বিণ কুচিকুচি (torn into) small pieces কাগজটা কুট্‌টি পুট্‌টি কর্‌য়ে দিল--কাগজটা কুচি কুচি করে দিল (মুর্শিদা ২২) তু আ বা কুটিকুটি

কুট্‌টিয়েনা kuṭṭienɑ বিণ একচিম্‌টি, সামান্য একটু a little bit, a pinch [of something] (পদিনা ১২)

কুট্‌টো kuṭṭo বি কুটি, খড়কুটো small chips of straw etc. (মালদা ১১)

কুট্‌ঠিয়া kuṭṭʰiɑ বিণ অলস idle (মেদিনী ৩১)

কুট্‌ঠ্যে kuṭṭʰɛ ক্রি বিণ ঠায়, বহুক্ষণ একভাবে স্থির থাকা অবস্থা (to stand) still for a long time সে কুট্‌ঠ্যে হয়া দাঁড়্‌য়া আছে--সে ঠায় দাঁড়িয়ে আছে (মেদিনী ৩৪)

কুট্‌ত্যে kuṭṭɛ ক্রি বিণ কোথা থেকে from where কুট্‌ত্যে আলি--কোথা থেকে এলি (পদিনা ১০)

কুট্‌না kuṭnɑ বিণ কূটবুদ্ধিসম্পন্ন [যে ব্যক্তি অপরের মধ্যে ঝগড়া বাধিয়ে দেয়] a crook [who breaks quarrel between others] (নদীয়া ১১ পুরুলি ৪ মালদা ১১ মুর্শিদা ৩ মেদিনী ১৫ হাওড়া ১০) < কুট্টিনী

কুট্‌নানি kuṭnɑni দ্র কুট্‌না ওই বাড়ির্‌ বুড়িটা কুট্‌নানি--ওই বাড়ির বুড়িটা কুট্‌নি (নদীয়া ৭)

কুট্‌নি[১] kuṭni বিণ কূটবুদ্ধিসম্পন্না, কলহপ্রিয়া, হিংসুটি মেয়ে crooked girl, quarrelsome girl, jealous girl (নদীয়া ১১ পুরুলি ৪ বর্ধমা ৬, ১৬ মালদা ১০ মুর্শিদা ৩ মেদিনী ১৪, ১৫ হুগলি ১৯) < সং কুট্টনী

কুট্‌নি[২] kuṭni বি নারকেল-কুরুনি coconut-scrapper (কোচবি ৪)

কুট্‌নু kuṭnu ক্রি কাট্‌লাম (I have) cut মাছের আঁশ্‌ ছুলে নিনু, নিয়ে কুট্‌নু--মাছের আঁশ ছাড়িয়ে নিলাম, তারপর কাট্‌লাম (হাওড়া ১০)

কুট্‌নো কাটা kuṭno kɑṭɑ ক্রি কাঁচা আনাজ কাটা to chop green vegitables [কেবলমাত্র আনাজপাতি অর্থে 'কুটনো' শব্দটি কিন্তু ব্যবহৃত হবে না] (চব্বিশ ২১ মেদিনী ১৭ হুগলি ৮) < সং কুট্টন, প্রা কুট্‌নো (দাস)

কুট্‌নো বাছা kuṭno bacʰɑ দ্র কুট্‌নো কাটা (চব্বিশ ৩৭)

কুট্‌রা[১] kuṭrɑ বিণ টুকরো piece কাঠ্‌টা দু কুট্‌রা হয়ে গ্যালো--কাঠটা দু টুকরো হয়ে গেল। এ্যাক্‌ কুট্‌রা মাংস দে --এক টুকরো মাংস দে ~ **কুট্‌রা kuṭrɑ kuṭrɑ** বিণ টুকরো টুকরো, খণ্ডখণ্ড story pieces (বাঁকুড়া ১১, ১৫, ১৬)

কুট্‌রা[২] kuṭrɑ বি আধলা [ইঁট] a half [brick] দু-কুট্‌রা ইঁট্‌--দু-আধ্‌লা ইঁট (বাঁকুড়া ১৫)

কুট্‌রি[১] kuṭri বি খুপরি ঘর small cage-like room (মেদিনী ৭) আ বা কুঠরি

কুট্‌রি[২] kuṭri বি গরু দ্বারা ধান মাড়াই করার পরে পড়ে থাকা খড়ের টুকরো small pieces of straw left after threshing of corn (বাঁকুড়া ১২) তু আ বা কুটা (খড়ের টুকরো, খড়কুটো)

কুট্‌রি[৩] kuṭri বি তলানি residue (of liquid) (বাঁকুড়া ১৮)

কুটা[১] kuṭɑ বি খড় straw কুটাগা খুব ড্যাঁগা--খড়গুলো খুব লম্বা (মেদিনী ২, ৪, ৬, ৮, ১৬, ১৮, ২০) ~ **গাদা kuṭɑ gadɑ** বি খড়ের গাদা heep of straw (মেদিনী ৮)

কুটা[২] **kuṭa** বি বাঁশ থেকে চেঁচে বার করা নরম পাতলা আঁশ thin skin of bamboo (মেদিনী ২৯)

★ কুটা[৪] **kuṭa** ক্রি টেপা to massage পা কুটেচ্ছে--পা টিপছে (বাঁকুড়া ৭)

★ কুটা[৫] **kuṭa** ক্রি শান দেওয়া to sharpen কাচিটাক্ কুটি নিতে হবে--কাস্তেটাকে শান্ দিতে হবে (কোচবি ২)

কুটা[৬] **kuṭa** বি খুঁটি, খুঁটা a post (চব্বিশ ১৭)

কুটা[৭] **kuṭa** সর্ব কোন্‌টি which one ইটা কুটা--এটা কোন্‌টা? (মালদা ৮) ~ **মশলা kuṭa mɔʃla** বি গুঁড়া মশলা grounded spices (মালদা ১) আ বা কোন্‌টা

কুটানো[১] **kuṭano** ক্রি আড়ামোড়া ভাঙা to straighten limbs in order to drive out lethargy (বাঁকুড়া ৩)

কুটানো[২] **kuṭano** ক্রি (হাত-পা ইত্যাদি) কুট্‌কুট্ করা বা চুলকানো to itch পা-হাত কুটাচ্চে খুব্--হাত-পা কামড়াচ্ছে বা কুট্‌কুট্ করছে খুব (মেদিনী ২৯) কুটায়--কুট্‌কুট্ করে (মেদিনী ২৯, ৩৭)

কুটানো[৩] **kuṭano** ক্রি (কামারশালায়) কাস্তের খাঁজগুলি কাটা to make the teeth of a scythe (বীরভূ ৯, ১১)

কুটানো[৪] **kuṭano** ক্রি (হাত-পা ইত্যাদি) ব্যথা করা বা ম্যাজম্যাজ করা to pain (মেদিনী ২১, ২২)

কুটাবাটা **kuṭabaṭa** দ্র কুটা[২] (পুরুলি ৩)

কুটাশি **kuṭaʃi** বি কামারশালে ব্যবহৃত ছোট হাতুড়ি [এটি একহাতে ধরে লোহা পিটানো হয়] small hammer used by blacksmith (পুরুলি ৫)

কুটি[১] **kuṭi** বি মলদ্বার rectum (পদিনা ১ মালদা ৪)

কুটি[২] **kuṭi** বি কুমোরের চাকের গর্ত [চাকের বাহুর বা গোল বেড়ের মাঝে কাঠের এই খাঁজে বা গর্তে লাঠি আটকিয়ে চাক ঘোরানো হয়] hole on a potter's wheel (বর্ধমা ২, ২৯ বীরভূ ৭)

কুটি[৩] **kuṭi** বি খড়ের টুকরো কিংবা কুচোনো খড় [যা গোখাদ্য বা বাসনমাজার নুটি হিসাবে ব্যবহৃত হয়] chopped straw (জলপা ৪ পুরুলি ৬ বর্ধমা ৯, ১২, ২২ বাঁকুড়া ৪ হুগলি ১১) তু হি কুট্টি (দাস)

কুটি[৪] **kuṭi** ক্রি বিণ কোথায় where কুটি যাছি--কোথায় যাচ্ছিস? (পদিনা ৭, ১০, ১২) দ্র কুট্‌কে

কুটি[৫] **kuṭi** বি ঋণ loan কুটি নিতে হবে--ধার নিতে হবে (কোচবি ১)

কুটি[৬] **kuṭi** বি দড়ির রোঁয়া hairy fibre on a rope (মেদিনী ৭)

কুটি[৭] **kuṭi** দ্র কুটা[২] (বাঁকুড়া ১২ মেদিনী ৭)



কুটি[৮]

কুটি[৮] **kuṭi** বি একশ্রেণীর আখ a variety of sugar-cane (বর্ধমা ২)

কুটি[৯] **kuṭi** বি টুকরো a piece এ্যাক্ কুটি মাছ্--এক টুকরো মাছ (বীরভূ ৮ মালদা ১০)

কুটি[১০] **kuṭi** বি মাটির তৈরি একপ্রকার পাত্র [এতে শীতবস্ত্র বা কাপড়চোপড় রাখা হয়। বীজ ধান রাখার জন্যও এরূপ পাত্র তৈরি হয়, তবে সেগুলির আকৃতি ভিন্ন] earthen storage-pot (নদীয়া ২, ৭)

কুটি[১১] **kuṭi** বি শুকনো সরষে কলাই জাতীয় গাছ [যা জ্বালানি হিসাবে ব্যবহৃত হয়] dry plants [used to make fire] সোইর্‌সার্ কুটি--সরষের শুকনো গাছ। কালাইয়ের কুটি--কলাইয়ের শুকনো গাছ (মালদা ৪)

কুটি[১২] **kuṭi** বি মুরগি থাকার মাটির ঘর poultry pen (মুর্শিদা ১৪) ~ **আক্ kuṭi ak** দ্র কুটি[৮] (বর্ধমা ২) ~ **উঠা kuṭi uṭʰa** ক্রি খুঁটে তোলা to pick by nibbling (পদিনা ১) ~ **কুটি kuṭi kuṭi** ক্রি বিণ বিশদভাবে, খুঁটিনাটিসহ in details কুটিকুটি কোরে বলা হচ্চে--একটি একটি করে খুঁটিয়ে বলা হচ্ছে বা পইপই করে বলা হচ্ছে (বাঁকুড়া ১১) ~ **ঠ্যাঙ্গা kuṭi ṭʰæŋga** বিণ সরু পা বিশিষ্ট পুরুষ a man with thin leg (মেদিনী ১১) স্ত্রী--কুটি ঠ্যাঙ্গি ~ **চিপ্‌পা kuṭi cippa** বিণ কৃপণ a miser (মালদা ৪) ~ **চুল্ kuṭi cul** বি চূর্ণ কুন্তল locks (of hair) (হুগলি ৫) ~ **পাটি kuṭi paṭi** দ্র কুটি[৭] (বাঁকুড়া ১) ~ **মাড়া kuṭi maṛa** ক্রি ছিটানো ধানের শীষ গরু দিয়ে মাড়াই করা [এই প্রক্রিয়ায় খামারের মাঝখানে একটি খুঁটি পুঁতে তার সঙ্গে গরুগুলিকে পাশাপাশি বেঁধে চালনা করা হয়। ফলে গরুর খুরের চাপে শীষ থেকে ধানগুলি আলাদা হয়ে যায়] (হুগলি ১) ~ **মারা[১] kuṭi mara** বি বাবুই ঘাসের দড়ি পাকানোর পর দড়ির আঁশ ছাড়ানোর পদ্ধতি [দড়িটা ঘরের 'সরদল্'-এর সঙ্গে লাগিয়ে দুই মাথাকে পরস্পর প্যাঁচ খাইয়ে নেওয়া হয়। এরপর এই প্রান্তদুটি ধরে একজন সজোরে টানতে থাকে] the process of trimming off extra

কুটিস্ পাক্

fibre after making a grass-rope (মেদিনী ৭) ~ **মারা**[২] **kuṭi mara** দ্র কুটিমাড়া (বর্ধমা ২৩) ~ **মুখ্ kuṭi mukʰ** বি মুখে একটুকরো খড় বা কাঠি রেখে পূজার জন্য মৌনভাবে ভিক্ষা করার পদ্ধতি the custom of begging alms with a piece of straw in mouth to collect means for worshiping God (চব্বিশ ৮) ~ **লাগা kuṭi laga** ক্রি খাওয়ার সময় গরুর বিষম লাগা [প্রচলিত বিশ্বাস এই যে গরুর এরূপ বিষম লাগলে বৈদ্য এসে গরুর গায়ে হাত দিয়ে মন্ত্র বললে আটকানো খাবার নাক দিয়ে বেরিয়ে যায়] choking of throat of a cow while eating (জলপা ২ হাওড়া ১)

কুঁটি kũṭi দ্র কুটি[৩] (হাওড়া ১, ৮ হুগলি ১২) ই জলটা খেওনি, কুঁটি পোড়েচে--এ জলটা খেয়ো না, খড়কুটো পড়েছে (হাওড়া ১, ৮)

কুটিমে kuṭime বি অবেলা বা অসময় improper time কুটিমে ক্যাবার্ মুনায় দিলি--অসময়ে দরজা বন্ধ করে দিলি (পদিনা ২) < কু + time + এ

কুটিয়্যে kuṭiɛ দ্র কুট্‌রা[১] এ্যাক্ কুটিয়্যে মাংস--এক টুকরো মাংস (বাঁকুড়া ১৭)

কুটিরি kuṭiri বি গরুর খাদ্য হিসাবে কুচি কুচি করে কাটা খড় small pieces of straw used as fodder (চব্বিশ ৪) < দ্র কুটি[৩]

কুটিস্ পাক্ kuṭis pak বি লালমুনিয়া পাখি red munia (পুরুলি ১৪)

কুটু kuṭu বিণ ঢেঁকি দ্বারা একবার কোটা a single round husking of corn in a husking pedal এ্যাক্ কুটু হইল--একবার কোটা হল [চার 'কুটু'তে 'কাড়্' হয়] (বাঁকুড়া ৬)

কুটুনি[১] **kuṭuni** বিণ কুমন্ত্রণা দেয় এমন স্ত্রীলোক an woman who gives bad advice (জলপা ৯) < সং কুট্টনী

কুটুনি[২] **kuṭuni** দ্র কুট্‌নি[২] (কোচবি ৬)

কুটুনি[৩] **kuṭuni** বিণ [নারকেল] কোরা অবস্থা state of being scrapped নারিকেল্‌টা কুটুনি হয়্যা গ্যালো--নারকেলটা কোরা হয়ে গেল (কোচবি ৬)

কুটুম্ kuṭum বি আত্মীয়-স্বজন kith and kin (চব্বিশ ১ পুরুলি ১২ বাঁকুড়া ১৮ মুর্শিদা ১১ মেদিনী ২৫ হুগলি ১১) < কুটুম্ব ~ **খাওয়া kuṭum kʰaŏa** নিমন্ত্রণ invitation কুটুম্ খাওয়ার্ গেছে--নিমন্ত্রণ খেতে গেছে (জলপা ৬) ~ **গোলো kuṭum golo** দ্র কুটুম্ (বীরভূ ১১) ~ **তালি করা kuṭum tali kɔra** ক্রি লৌকিকতার মাধ্যমে নিমন্ত্রণ রক্ষা করা to show customary courtesy in response to an invitation (মালদা ২) ~ **দা kuṭum-da** সম্বো জামাইবাবুর প্রতি সম্বোধন an address to brother-in-law (হাওড়া ১০) ~ **পাখি kuṭum pakʰi** বি 'খোকা হোক' পাখি [কালো ও হলুদ মিশ্রিত রঙের এই পাখি 'গৃহস্থের খোকা হোক' বলে ডাকে। এর অন্যান্য নাম বেনে বৌ, বসন্ত বউড়ি, হল্‌দে বসন্ত] a type of bird, Indian Barbet (জী. অ.) (নদীয়া ৪) ~ **বাটুম্ kuṭum baṭum** দ্র কুটুম্ (মেদিনী ১৩) ~ **সাক্ষেত্ kuṭum sakkʰet** দ্র কুটুম্ (চব্বিশ ৩১)

কুটুমাতি খোরাক্ kuṭumati kʰorak বি বৌভাত a ceremony of eating rice cooked by newly wedded bride and served by herself to the kith and kin of bridegroom (পদিনা ১১)

কুটুমাল্ kuṭumal বি আত্মীয়তা (পদিনা ৪)

কুটুমালি[১] **kuṭumali** দ্র কুটুমাল্ (পদিনা ১৩ মালদা ৪)

কুটুমালি[২] **kuṭumali** বি কুটুম্ববাড়ি house of an honourable relative হামি কুটুমালি যাছি--আমি কুটুম্ববাড়ি যাচ্ছি (পুরুলি ১১)

কুটুয়া[১] **kuṭua** বি কৌটো a container (পদিনা ১ মালদা ৪)

কুটুয়া[২] **kuṭua** বি বাঁশ চাঁচার ফলে বেরিয়ে আসা পাতলা পাতলা অংশ thin slips those come out of scrapping bamboo (বাঁকুড়া ১৬)

★ **কুটুয়া**[৩] **kuṭua** দ্র কুটু কুটুয়া হসে--কোটা হচ্ছে (পদিনা ২)

কুটুরা কুটুরি kuṭura kuṭuri বি কুটি [খড়কুটো ইত্যাদি] very small pieces of straw etc. (জলপা ৭) দ্র কুটি[৩]

কুটুরি[১] **kuṭuri** বি বড় পাথরবাটি large store-bowl (বীরভূ ৮)

কুটুরি[২] **kuṭuri** দ্র কুটুরা কুটুরি (বর্ধমা ২০ বীরভূ ১)

কুটুরি[৩] **kuṭuri** বি ঝাঁট দিয়ে জড়ো করা ধুলোময়লা sweepings (বর্ধমা ২০) ~ **পুয়াল্ kuṭuri pual** বি

পাটাতনে ধান ঝাড়ার সময় ছিট্‌কে পড়া টুকরো খড় [এগুলি পরে গরু দিয়ে মাড়াই করা হয়] strewen pieces of corn-stalks while threshing (বাঁকুড়া ৭) দ্র কুট্‌রি[২]

কুটুরে ব্যাঙ্ kuṭure bæŋ বি কুনোব্যাঙ Common frog (চব্বিশ ২০)

কুটুলি kuṭuli বি ছোট্ট গোলাকার ফুলের আকৃতি বিশিষ্ট নাকের গহনা small flower-shaped ornament worn on nose (মালদা ৮)

কুটে[১] kuṭe বি কুষ্ঠরোগগ্রস্ত ব্যক্তি a lepar (বর্ধমা ২৩ বীরভূ ১৩)

কুটে[২] kuṭe বিণ অলস an idle man (বর্ধমা ৬, ১৯, ২০, ২২, ২৩ বাঁকুড়া ৪ বীরভূ ৫ হুগলি ১২, ১৬, ১৯) [কুষ্ঠরোগাক্রান্ত ব্যক্তি = কুটে, হাতে যেন কুষ্ঠ হয়েছে তাই কাজ করে না—এরূপ গালি অর্থে শব্দটির অর্থবিকৃতি ঘটে 'অলস' অর্থ এসেছে] ~ **গোরু kuṭe goru** বি ভালোভাবে কাজ করে না—এমন বলদ an inefficient bullock (হুগলি ১৫) ~ **ব্যাঙ্ kuṭe bæŋ** দ্র কুটুরে ব্যাঙ্ (চব্বিশ ১৫) ~ **-মো kuṭe-mo** বি আলস্য laziness কুটেমো করা—কুঁড়েমি করা (হুগলি ১২)

কুটে[৩] kuṭe ক্রিবিণ কোথায় where (নদীয়া ১) দ্র কুট্‌কে

কুঁটে kũṭe দ্র কুটে[২] (হুগলি ১১)

কুটো[১] kuṭo বি গাছের কাণ্ডের খণ্ডাংশ small pieces of tree-trunk (মুর্শিদা ১২)

কুটো[২] kuṭo দ্র কুটু (মেদিনী ১, ২৭) ~ **করা kuṭo kɔra** ক্রি চিঁড়ে, ধান ঢেঁকিতে কোটা [চালকে ঢেঁকিতে ভানা হলে বলা হয় 'কাড়া'] to chip and smash rice to prepare fast-food (বর্ধমা ৪ বীরভূ ১)

কুটোনি kuṭoni বি চুলকানি itches (হাওড়া ১)

কুট্যা kuṭæ দ্র কুট্‌রা[১] এ্যাক কুট্যা মাংস--এক টুকরো মাংস (বাঁকুড়া ৭)

কুঠ্‌নু kuṭʰnu ক্রি বিণ কোথা থেকে from where (মেদিনী ২০) [নু = থেকে]

কুঠা[১] kuṭʰa দ্র কুটে[১] (মেদিনী ২৮)

কুঠা[২] kuṭʰa দ্র কুটে[৩] কুঠা যাইছা—কোথায় যাচ্ছ? (মুর্শিদা ২৬)

কুঠা[৩] kuṭʰa বি ধান রাখার মাটির পাত্র earthen storage-pot দ্র কুটি[১১] (মুর্শিদা ১৪)

কুঠা[৪] kuṭʰa বি মাটির বাড়ির চালের নিচে কাঠ, বাঁশ বিছিয়ে তৈরি করা আচ্ছাদন false ceiling of a mud-house (মুর্শিদা ১৮)

কুঠামারা kuṭʰamara বি গাছের গুঁড়ির একপ্রকার রোগ [এই রোগে গাছের বৃদ্ধি হ্রাস পায়] a disease that attacks tree-trunks (মেদিনী ১৫)

কুঠি[৪]

কুঠি[১] kuṭʰi দ্র কুটে[৩] এইলা কুঠি পালো—এগুলো কোথায় পেল? কুঠি গেছ্‌লু?—কোথায় গিয়েছিলি? কুঠি থুলু—কোথায় রাখলি? (পদিনা ৬, ১০)

কুঠি[২] kuṭʰi দ্র কুটি[২] (বাঁকুড়া ৬)

কুঠি[৩] kuṭʰi বি হাঁস-মুরগি থাকার মাটির ঘর earthen pen for hen or goose (পদিনা ১৫ মালদা ১১)

কুঠি[৪] kuṭʰi বি ছোট ঘর a small room (মেদিনী ২০)

কুঠি[৫] kuṭʰi বি খড়ের পাকানো দড়ি দিয়ে তৈরি ছোট ধানের গোলা small barn made of straw-rope for preservation of paddy (বীরভূ ১১ মুর্শিদা ১৮)

কুঠি[৬] kuṭʰi বি মাটির বড় জালা [সাধারণত এতে ধান, চাল ইত্যাদি শস্য রাখা হয়] large earthenware used for preservation of paddy (পদিনা ৭ বীরভূ ৯ মুর্শিদা ১৫) দ্র কুটি[১০]

কুঠি[৭] kuṭʰi বি মাটির তৈরি ধানের গোলা [কাদামাটি, পাট ও সরু খড়ের মিশ্রণ তৈরি করা হয়। এই কাদাকে চাপড়ে এক একটি বৃত্তাকার স্তর তৈরি করে প্রতি স্তরের মধ্যে দড়ি দেওয়া হয়। দড়িটি প্রথম স্তর থেকে শেষ স্তর পর্যন্ত টান রাখে। দেওয়াল তৈরির নিয়মেই এটি তৈরির সময় একটি স্তর শুকিয়ে গেলে তবে পরবর্তী স্তর দেওয়া হয়। এই গোলায় ধান ছাড়াও বীজধান, পাটের বীজ, চাল, কলাই প্রভৃতি শস্য রাখা হয়। এর আকৃতি বিভিন্ন প্রকার, কোথাও চৌবাচ্চার মতো চতুষ্কোণ, আবার কোথাও বৃহৎ জালার মতো। কোথাও দুই সরু প্রান্তবিশিষ্ট পেটমোটা লম্বাটে গড়ন] (দ্র কুটি[১০]) barn made out of mud (পদিনা ৩, ৬, ১০ বীরভূ ৯ মালদা ১, ৯ মুর্শিদা ১৫, ১৯, ২২)

কুঠিকার্ kuṭʰikar বিণ কোথাকার of which place কুঠিকার্ লোক্—কোথাকার লোক (পদিনা ৬)

কুঠিয়া[১] kuṭʰia দ্র কুটে[২] (মেদিনী ২, ৬, ১৬, ১৮, ২০)

কুঠিয়া[২] kuṭʰia দ্র কুট্[২] (বাঁকুড়া ১, ১১) ~ **লাগা kuṭʰia laga** দ্র কুঁইড়্‌সে লাগা (মেদিনী ১৯)

কুঠিয়্যা kuṭʰiæ দ্র কুটে[২] (মেদিনী ১৬, ৩০)

কুঠুরি kuṭʰuri বি ঘর room (জলপা ৭ বর্ধমা ২৬)



কুড়্কুট্

কুঁঠে kũtʰe ক্রি বিণ কোথায় where কুঁঠে যাচ্ছিস্ রে--কোথায় যাচ্ছিস রে? (মুর্শিদা ১৯)

কুঁঠ্যা kũtʰæ বি পানের একজাতীয় রোগ [এই রোগে পান কুঁচকে ছোট হয়ে যায় এবং বাড়ে না] a disease of betel-leaf plant (মেদিনী ৩৫) দ্র কুঁ ইড়্সে লাগা, দ্র কুঠিয়া[২]

কুড্ডাকুডি kuḍḍɑkuḍi বি লাফালাফি frisking (পদিনা ৯)

কুড্নি kuḍni দ্র কুটুনি[১] (বর্ধমা ২৩)

কুড্নেমি করা kuḍnemi kɔrɑ ক্রি একের কথা অন্যকে বলে ঝগড়া বাধানো (চব্বিশ ৮) < সং কুট্টনী

কুঁডা kũḍɑ ক্রি চুলকানো to scrap (মেদিনী ৩১)

কুড়্[১] kuɽ বি গোবর বা আবর্জনা ফেলার গর্ত a garbage pit জবরা কুড়্--আস্তাকুঁড় (বাঁকুড়া ১৬, ১৮) < সং কুণ্ড

কুড়্[২] kuɽ বি [ধুতির বা শাড়ির] আঁচলের খুঁট fringe of a cloth (মেদিনী ৩৪)

কুঁড়্[১] kũɽ দ্র কুড়্[২] (চব্বিশ ৪)

কুঁড়্[২] kũɽ দ্র কুড়্[১] (বাঁকুড়া ৭)

কুঁড়্[৩] kũɽ বি শ্রাদ্ধের পরদিনের পালনীয় নিয়মভঙ্গ অনুষ্ঠান [এইদিন অগ্নিকর্তা একটি ভাঁড়ে দই হলুদ ইত্যাদি নিয়ে বাড়ির ভিতরের উঠানে বৃত্তাকারে ঘুরতে থাকে, সেইসঙ্গে কীর্তন গান হয়। এরপর হরিধ্বনি দিয়ে ভাঁড়টিকে মাটিতে ফেলে ভেঙে দেওয়া হয়। তখন সকলে সেই দই-হলুদ মাটি থেকে তুলে গায়ে মাখে এবং ব্রাহ্মণ ও গুরুজনদের পায়ে লাগায়। এরপর সকলে স্নান করে শুদ্ধ হয়। এতে অশৌচান্ত ঘটে] concluding ceremony on the final day of scriptural prohibition after death of closed relative (বাঁকুড়া ৬)

কুড়্কড়ি kuɽkɔɽi বি জল না দেওয়ার ফলে শক্ত হওয়া বাসি ভাত (হুগলি ১৯) boiled rice, left overnight without water and dried আ বা কড়কড়ে ভাত

কুড়্কাই kuɽkɑĭ বি কাতুকুতু titill ation (চব্বিশ ৩১)

কুড়্কি[১] kuɽki বিণ ডিম পাড়ার পর মুরগি যখন চুপ করে বসে বিশ্রাম নেয় সেই অবস্থা state of rest of a hen after laying egg (মেদিনী ৩৪)

কুড়্কি[২] kuɽki বি ফুলের কুঁড়ি a bud (নদীয়া ৪) < সং কুড়মল

কুড়্কুচা kuɽkucɑ বি কুলকুচি to wash by rolling water inside mouth (মেদিনী ১৬)

কুড়্কুট্ kuɽkuṭ বি লাল পিঁপড়ের ডিম [এটি মাছধরার টোপ হিসাবে ব্যবহৃত হয়] egg of red-ant [used as fishing bait] (মেদিনী ১৩) ~ **ডোরা kuɽkuṭ ḍorɑ** বি একধরনের লালপিঁপড়ে [এরা গাছের পাতা দিয়ে গাছে বাসা করে থাকে। ছোট শিশুর সর্দিকাশি এমন কি হুপিংকাশি হলেও এই পিঁপড়ের ডিম সিদ্ধ করে সেই জল খাওয়ালে ভালো হয়ে যায়] a variety of tree living red ant (বর্ধমা ৪) [দ্র কুড়্কুট্]

কুড়্কুটে পোঁকা kuɽkuṭe põkɑ দ্র কুড়্কুট্ ডোরা (বর্ধমা ২০)

কুড়্কুড়া ছাতু kuɽkuɽɑ cʰɑtu বি একপ্রকার ছোট কালো ছত্রাক [এগুলি মাঠে জন্মায়] a variety of black-mushroom (পুরুলি ৩)

কুড়্কুড়া ব্যাং kuɽkuɽɑ bæŋ বি কুনো ব্যাঙ a common frog (মুর্শিদা ১১)

কুড়্কুড়ি kuɽkuɽi বি একপ্রকার গোলাকার সাদা এবং শক্ত আবরণ বিশিষ্ট নরম ছত্রাক [এগুলি মাটির নিচে জন্মায়] a variety of white soft mushroom having stiff skin (বাঁকুড়া ১১)

কুড়্কুড়িয়া kuɽkuɽiɑ বি বামন a dwarf (বাঁকুড়া ১)

কুড়্কুড়ে ব্যাং kuɽkuɽe bæŋ দ্র কুড়্কুড়া ব্যাং (হাওড়া ১০)

কুড়্কুড়্যা (ভাত্) kuɽkuɽæ (bʰɑt) বি, বিণ কড়্কড়ে ভাত a few hours before boiled rice which is now hard and glutinous (বাঁকুড়া ১৩)

কুড়্কুত্ ডিম্ kuɽkut ḍim দ্র কুড়্কুট্ (মেদিনী ৩৪)

কুড়্কো মুর্গি kuɽko murgi বি ডিমে তা দিচ্ছে বা দিতে চাইছে এমন মুরগি [এই অবস্থায় মুরগি চুপচাপ বসে থাকে] a hen that sits or prepares to sit on egg (মুর্শিদা ১২) দ্র কুড়্কি[১]

কুঁড়্খা মুর্গি kũɽkʰɑ murgi দ্র কুড়্কো মুরগি (বীরভূ ৪)

★ **কুঁড়্খালা kũɽkʰɑlɑ** ক্রি ডিমে তা দেওয়ার ইচ্ছা করা to be desirous to sit upon egg for hatching মুরগিটো কুঁড়্খেল্ছে, ডিম্ ঘাঁইস্বে--মুরগিটা ডিমে তা দিতে চাইছে (বীরভূ ৪) দ্র কুড়্কি[১]

কুড়্গে রাকা kuɽge rɔkɔ ক্রি কুড়িয়ে রাখা to pick up and keep জিনিসগুলো ছোড়্গে পোড়ে আচে, কুড়্গে রাক্—জিনিসগুলো ছড়িয়ে পড়ে আছে, কুড়িয়ে রাখ্ (চব্বিশ ৯)

কুড়্চি[১] kuɽci বি খুব শক্ত ও মসৃণ একপ্রকার কাঠ [পুরুলিয়ার জঙ্গলে লভ্য এই কাঠ দিয়ে অস্ত্রের হাতল তৈরি করা হয়] a variety of very hard and smooth wood [found in the woods of Purulia, hilts of arms are made out of it] (পুরুলি ৫)

কুড়্চি[২] kuɽci বি ধানের খোসা [অর্থাৎ তুষ ও কুঁড়ো। এগুলি সিদ্ধ করে একপ্রকার গো-খাদ্য প্রস্তুত হয়] husk of paddy (বাঁকুড়া ১৫ মেদিনী ৮) < সং কণ্ডন

কুড়্চি kurci দ্র কুড়্কি[১] (মুর্শিদা ২১)

কুড়্ড়ো kuɽɽo বিণ কুচি small pieces কুড়্ড়ো কোরে কাটা—কুচি করে কাটা (বাঁকুড়া ৯) কুড়্ড়ো কুড়্ড়ো—কুচি কুচি (বাঁকুড়া ১৮)

কুড়্তালিন্ kuɽtalin দ্র কুট্টি (মালদা ১১)

কুড়্তি kuɽti বি কুলথ বা কুর্তিকলাই [এই কলাই ডাঙা জমিতে জন্মায়, ফুল হলুদবর্ণ, পৌষমাসে পাকে। এর অন্য প্রকারভেদ—ঠাক্রি কলাই] harsegram, *Dolichos biflorus* (মেদিনী ৮)

কুড়্নি kuɽni বি খুন্তি a cooking spud (বাঁকুড়া ১৮)

কুড়্মা kuɽmɔ বিণ অলস lazy (চব্বিশ ১২) < কুঁড়ে

কুড়্লি বেং kuɽli beŋ দ্র কুড়্কুড়া ব্যাং (মালদা ৭)

কুড়্শুনি kuɽʃuni বি ধাত্রী a midwife (মেদিনী ৮)

কুড়্হক্ kuɽhɔk বি ছত্রাক mushroom (বীরভূ ৯)

কুড়্হা kuɽhɔ ক্রি ঝাঁট দেওয়া to sweep ঘট্টা ঝ্যাঁটা দিয়্যে কুড়্হাই দে—ঘরটা ঝাঁটা দিয়ে ঝেঁটিয়ে দে (মালদা ১১) ~ **বগ্ kuɽhɔ bɔg** দ্র কানা বগ্ (পুরুলি ১১)

কুঁড়্হা[১] kũɽhɔ বি বাঁশ, কলাগাছ ইত্যাদির অঙ্কুর sprout bamboo, banana tree etc. (মুর্শিদা ৫, ১০, ১৭, ২১) তু আ বা কুঁড়ি

কুঁড়্হা[২] kũɽhɔ বি ছাতু ground pulses or gram (পুরুলি ২, ১২) তু আ বা কুঁড়া (= ভূষি)

কুঁড়্হা[৩] kũɽhɔ দ্র কুড়্চি[২] ভুঁসাটা-কুঁড়্হা—ভুষিটা হল ধানের কুঁড়ো (মেদিনী ১২)

কুঁড়্হা[৪] kũɽhɔ বি কানের গহনার আঁকশি hook of ear-ring (মুর্শিদা ১৯)

কুঁড়্হা[৫] kũɽhɔ দ্র কুড়্মা (মেদিনী ১৩) তু আ বা কুঁড়ে

কুড়্হাই দেওয়া kuɽhaĭ deŏɔ দ্র কুড়্হা, ভুস্রোটি ধিরি হোইচ্যে, কুড়্হাই দে আবর্জনা জমা হয়েছে, ঝেঁটিয়ে পরিষ্কার করে দে (মালদা ১১)

কুঁড়্হা[৪]

কুঁড়্হা কুঁড়্হা kũɽhɔ kũɽhɔ ক্রি বিণ ঝিরঝির drizzle কুঁড়্হা কুঁড়্হা জল্ পোইড়্চ্যে—ঝিরঝিরে বৃষ্টি হচ্ছে (মেদিনী ৯)

কুড়্হাড়ি kuɽhaɽi বি কুড়াল an axe (মেদিনী ৩১)

কুঁড়্হায়ে kũɽhae অস ক্রি কুড়িয়ে picking up কুঁড়্হায়ে নিলম্—কুড়িয়ে নিলাম (মেদিনী ৩৩)

কুড়্হার্ kuɽhar দ্র কুড়্হাড়ি (পুরুলি ৪, ৯, ১৩ বাঁকুড়া ৫ মেদিনী ২০, ২৯)

কুড়্হাল্ kuɽhal দ্র কুড়্হাড়ি (মালদা ১, ৬)

কুড়্হালি kuɽhali দ্র কুড়্হাড়ি (পদিনা ২ মালদা ১১)

কুড়্হি kuɽhi দ্র কুঁড়্হায়ে বোইটা গুঁড়ি হোইয়্যে কুড়্হি লিলম্—বইটা নিচু হয়ে কুড়িয়ে নিলাম (মুর্শিদা ২)

কুড়্হিজ্যাঁ kuɽhijɔ̃ দ্র কুড়্মা তুই কঠিন্ কুড়্হিজাঁ রে—তুই খুব অলস রে (মেদিনী ৯)

কুঁড়্হি kũɽhi দ্র কুড়্মা (পুরুলি ৫, ১০, ১৪ মালদা ৮ মেদিনী ৮, ১২, ২০)

কুড়্হিয়া kuɽhiɔ দ্র কুড়্মা (পদিনা ১, ২, ৩ মালদা ৬ মেদিনী ২৫) স্ত্রী কুড়্হিয়ানি

কুড়্হিয়ে kuɽhie দ্র কুঁড়্হায়ে কুড়্হিয়ে লে—কুড়িয়ে নে (মুর্শিদা ২)

কুড়্হেই kuɽheĭ দ্র কুঁড়্হায়ে (মেদিনী ৮)

কুঁড়্হ্যা kũɽhæ দ্র কুড়্মা (পুরুলি ১২)

কুড়ল্[১] kuɽɔl দ্র কুড়্হাড়ি (বাঁকুড়া ৪ মেদিনী ৬ হাওড়া ১)

কুড়ল্[২] kuɽɔl বি কুমোরের চাকের বাইরের বৃত্তাকার বেষ্টনী [বাঁশের বাখারি বৃত্তাকারে দড়ি দিয়ে বেঁধে তার উপর বাবুই ঘাসের দড়ি বা নারকেল দড়ি পাক দিয়ে জড়িয়ে এর গায়ে কাদামাটি লেপন করা হয়] outer ring of a potter's wheel (পুরুলি ১৬ বাঁকুড়া ৬)

কুড়ল্[৩] kuɽɔl বি হাতদেড়েক লম্বা পাতলা ও বাঁকানো বাঁশের ফালি [এটির দুই প্রান্ত দুই হাতে ধরে কুমোর মাঠ থেকে আনা মাটিকে কুচি কুচি করে কাটে। এইভাবে মাটিতে মিশ্রিত কাঁকর, পাথর প্রভৃতি বেছে ফেলা হয়] a potter's tool [made out of two feet long



কুড়া[৭] ডাং

bamboo slip, used for removing grits from clay] (পুরুলি ৯) দ্র কুইচ্‌তে

কুড়ল্[৪] **kuɽɔl** বি বাঁশের বাখারির গোল বেড়ি [ছাঁকনি জাল নামক মাছ ধরার জালের প্রান্তে এটি বাঁধা থাকে] a ring of bamboo slip at the mouth of fishing net (বাঁকুড়া ১৮)

কুঁড়ল্ **kũɽɔl** দ্র কুড়ল্[২] (বীরভূ ১৪)

কুড়া[১] **kuɽa** দ্র কুঁডা মোর্ পিঠিখান্ কুড়াছে--আমার পিঠটা চুলকাচ্ছে (পদিনা ২)

কুড়া[২] **kuɽa** ক্রি কোপানো বা খনন করা to dig কোদালে কোরে মাটি কুড়ুঅ--কোদাল দিয়ে মাটি কোপাও (বর্ধমা ৮) মাটিটা কুড়্--মাটিটা খোঁড়্ (বাঁকুড়া ৭) ডোবা কুড়িয়েচে--গর্ত খুঁড়েছে (পুরুলি ৬, ৯ বর্ধমা ৮ বাঁকুড়া ৭, ৯, ১১, ১৩, ১৮)

কুড়া[৩] **kuɽa** বি ডালা, ঢাকনা the lid (মেদিনী ২১)

কুড়া[৪] **kuɽa** বি রান্নার কড়াই a cauldron (হুগলি ৫)

কুড়া[৫] **kuɽa** দ্র কুড়্হা (পদিনা ২)

কুড়া[৬] **kuɽa** ক্রি [হাত] চাঁচা to clean by scrapping হাত্ কুড়্লাম্--[থালার কানায়] হাত চেঁচে নিলাম (বাঁকুড়া ১)

কুড়া[৭] **kuɽa** ক্রি চাষের জমিতে মাটি দেওয়া to add soil to a piece of agricultural field বেগুন্ কুড়্ছে--বেগুন ক্ষেতে মাটি দিচ্ছে (বীরভূ ৩) ~ **ডাং kuɽa ɖaŋ** বি গ্রামীণ খেলা বিশেষ [আট-দশজন ছেলে দুই দলে বিভক্ত হয়। প্রতিদলে সমান সংখ্যক খেলোয়াড় থাকে। উপকরণ হিসাবে থাকে একটি ডাং এবং একটি কড়ে। বাবলা বা ঐ জাতীয় গাছের ডাল--প্রায় একহাত লম্বা--এটাই হলো 'ডাং'। ঐ 'ডাং' হাতের মুঠিতে যেন ভালভাবে ধরা যায়। আর 'কড়ে' হলো ঐ ডাঙের দৈর্ঘ্যের অর্ধেক এবং আঙুলের থেকে একটু মোটা এবং দুইপ্রান্ত সরু। দুইভাবে খেলা হয়। প্রথম খেলাটি এইরূপ : প্রাঙ্গণের একপ্রান্তে ঐ ডাঙের সমান তিনটি দাগ কাটা হয় সমান্তরালভাবে এবং কড়ের সমান দাগ দুইদিকে আড়াআড়ি কেটে খেলার ঘর তৈরি হয়। এবার যে-দল দান নেবে সেই দলে একজন এই ঘরের সামনে দাঁড়িয়ে একহাতের মধ্যে ডাং ধরে এবং সেই ডাঙের উপর কড়েটিকে ক্রশ (+) চিহ্নের মতো রেখে একটু নাচিয়ে নিয়ে খুব জোরে মারে। বিপক্ষের খেলোয়াড়রা চারিদিকে ছড়িয়ে থাকে। তারা যদি ঐ মেরে দেওয়া কড়েটিকে মাটিতে পড়ার আগে লুফে নিতে পারে তবে দানপক্ষের ঐ খেলোয়াড় 'মোর' হয়--অর্থাৎ তার দান চলে যায়। এরপর দ্বিতীয় কোনো খেলোয়াড় আসবে (ক্রিকেট খেলার মতো)। আর যদি না লুফে নিতে পারে তবে ঐ খেলোয়াড় ঘরের মাঝের দাগটিতে ডাংটি রাখবে। যেখানে কড়েটি পড়েছে সেখান থেকে বিপক্ষের কোনো খেলোয়াড় কড়েটি এমনভাবে ছুঁড়বে যাতে ডাঙে লাগে। যদি লাগে তবে দানপক্ষের খেলোয়াড়টি 'মোর'। যদি না লাগে তবে যেখানে কড়েটি পড়েছে· সেখানে ডাং নিয়ে গিয়ে দানপক্ষের খেলোয়াড়টি কড়ের যে-কোনো প্রান্তে ঠোকা মেরে ওপরে তুলে ঐ তোলা অবস্থায় জোরে মারে। যখন সে ঠোকা মেরে কড়েটিকে ওপরে তুলতে পারবে না বা ওপরে তোলা অবস্থায় জোরে মারতে পারবে না তখন তার দান চলে যাবে। এ পর্যন্ত সে কড়েটিকে মেরে যতদূর নিয়ে গেছে সেখান থেকে ডাং দিয়ে মেপে আসে দাগকাটা ঘর পর্যন্ত। প্রতি কুড়ি ডাঙে এক 'খিলি' হয়। দানপক্ষের সবাই মোট কত 'খিলি' করেছে তার প্রতিযোগিতাতেই খেলার জয় পরাজয় নির্ধারিত হয়। দ্বিতীয় প্রকার খেলাটিতেও ঐ কড়ে ডাং থাকে। তবে যে-প্রান্ত থেকে খেলা শুরু হয় সেখানে ছকটি থাকে না। সেখানে কড়েটির মাপে একটি লম্বা গর্ত থাকে। ঐ গর্তে আড়াআড়ি কড়েটি রেখে ডাং দিয়ে কড়েটিকে ছুঁড়ে দেয়। বাকি নিয়ম-কানুন আগের খেলাটির মতো] a kind of rural game (হাওড়া ১)

কুঁড়া[১] **kũɽa** বি ধানের তুষ [এটি সবজির খোসা, ভাতের ফেন ইত্যাদির সঙ্গে সিদ্ধ করে গরুকে খেতে দেওয়া হয়] husk of paddy (চব্বিশ ৪ মেদিনী ১, ৩, ১৯, ২২, ২৫, ২৬, ৩৩) দ্র কুড়্চি[২]

কুঁড়া[২] **kũɽa** দ্র কুঁডা গাতোর কুঁড়্ছি--গা চুলকাচ্ছি (পদিনা ২ বর্ধমা ২৬ বাঁকুড়া ৫ বীরভূ ১১ মেদিনী ২ হুগলি ৫)

★ কুঁড়া[৩] **kũɽa** ক্রি খোঁচানো to poke কুঁড়িস্ না--খোঁচাস্ না (বর্ধমা ১৩)

কুঁড়া[৪] **kũɽa** বি ছাতু ground pulse or gram ছলার্ কুঁড়া--ছোলার ছাতু (পুরুলি ১১) ~ **ভুসুরি kũɽa bʰusuri** বি শালিক পাখির মতোই দেখতে ধূসর রঙের একপ্রকার পাখি a kind of bird, *Sturnus contra* (মেদিনী ৮) ~ **মেটাল্ kũɽa meṭal** বি দোঁয়াশ্ মাটি loamy soil (মেদিনী ৯)

কুঁড়াই গুড়্ kũɾɔĭ guɾ বি আখের গুড় molasses made of sugarcane juice (মেদিনী ২১)

কুড়াইট্ kuɾɔit বি কুঠার an axe (বাঁকুড়া ৬)

কুড়াইড়্ kuɾɔiɾ দ্র কুড়াইট্ কুড়াইড়্ দিয়া টাড়া হয়--কুড়ুল দিয়ে কাটা হয় (বাঁকুড়া ৫)

কুড়াট্ kuɾɔt দ্র কুড়াইট্ বুঁচা কুড়াইট্--ভোঁতা কুড়াল (বাঁকুড়া ১১, ১৬, ১৮ মেদিনী ২৪)

কুড়াড়্ kuɾɔɾ দ্র কুড়াইট্ (বর্ধমা ২৬)

কুড়ার্ kuɾɔr দ্র কুড়াইট্ (পুরুলি ৩ বাঁকুড়া ৭, ১৯ মেদিনী ২৯)

কুড়ি[১] kuɾi বিণ অলস lazy (মেদিনী ১৩, ২০) তু আ বা কুঁড়ে

কুড়ি[২] kuɾi বি ১ মাটির বড় পাত্র [গামলা বা হাঁড়ি বা জালার আকৃতিবিশিষ্ট হয়। এতে গরুকে খেতে দেওয়া, ধান ভিজানো প্রভৃতি কাজ করা হয়] a large earthen pot (বাঁকুড়া ৬, ৭, ১২, ১৪) ২ মাটির তৈরি লম্বাটে পাত্র [এর সাহায্যে লবণ মাপা হতো] an elongated earthen pot [used to measure salt] (চব্বিশ ১১) ৩ মাটির তৈরি কড়াইবিশেষ [মালসার মতো আকৃতিবিশিষ্ট এই কড়াইতে পিঠে তৈরি করা হয়] a flat plate-like earthen pot (হুগলি ৮) ৪ কুয়া থেকে জল তোলার পাত্র বিশেষ a kind of pail used to lift water from well (বাঁকুড়া ১১)

কুড়ি[৩] kuɾi বি কুষ্ঠরোগ leprosy (বীরভূ ৭) < সং কুষ্ঠ

কুড়ি[৪] kuɾi বি চাল, চিঁড়া প্রভৃতি পরিমাপের একক বিশেষ [আট পাইতে এক 'কুড়ি' হয়। পাই = ষোল মুঠা পরিমাণ] a unit of measuring rice etc (মেদিনী ২৫)

কুড়ি[৫] kuɾi বি [তাসের] গোলাম Jack [of cards] (জলপা ৪)

কুড়ি[৬] kuɾi বি ডোবা small pond (পদিনা ৫)

কুড়ি[৭] kuɾi অস ক্রি কুড়িয়ে picking up কুড়ি লও--কুড়িয়ে নাও (মেদিনী ৯) ~ **আঙুল্ kuɾi aŋul** বি কনিষ্ঠাঙ্গুলি the little finger (মেদিনী ৫) ~ **কাজুলি আক্ kuɾi kajuli ak** বি একজাতীয় লাল রঙের সরু আখ a kind of reddish sugarcane (বীরভূ ৮) ~ **ক্যাড়ি kuɾi kæɾi** অস ক্রি কুড়িয়ে কাড়িয়ে drawing together (কোচবি ৪) ~ **দোন্ kuɾi don** বি ছয় মণ পরিমাণ a measure of weight--near about 200 k.g. (জলপা ৭) ~ **বুড়ি খ্যালা kuɾi buɾi k^{h}æla** বি একপ্রকার লুকোচুরি খেলা [পাঁচ-সাতজন ছেলেমেয়ে প্রত্যেকে পৃথকভাবে এই খেলায় অংশ নেয়। একজন চোর হয়। চোরকে দূরের একটা গাছ থেকে পাতা আনতে বলা হয়। ইতিমধ্যে বাকি খেলোয়াড়রা বিভিন্নস্থানে লুকিয়ে



কুড়াইট্

পড়ে। চোর পাতা এনে লুকিয়ে থাকা খেলোয়াড়দের খুঁজে বের করবে। যাকে চোর দেখতে পাবে তার নাম ধরে বলবে 'অমুক কুড়িবুড়ি'। চোর বলার পূর্বে যদি অপর কোনো লুকিয়ে থাকা খেলোয়াড় চোরকে ছুঁয়ে দেয় তবে চোর পুনরায় নতুন করে পাতা আনতে যাবে। অর্থাৎ সে চোর অবস্থা থেকে মুক্ত হলো না। আর চোর যদি সব লুকিয়ে থাকা খেলোয়াড়কে 'কুড়িবুড়ি' করে অর্থাৎ দেখতে পায় তবে চোর মুক্ত হয়ে যাবে এবং প্রথম যাকে 'কুড়িবুড়ি' করা হয়েছে সে এখন চোর হবে] a kind of hide and seek game (মেদিনী ৩)

কুঁড়ি[১] kũɾi দ্র কুড়ি[২] (পুরুলি ৪, ৬, ৭, ৮, ৯, ১১, ১৬ বাঁকুড়া ৩, ৫, ৬, ৯, ১৬)

কুঁড়ি[২] kũɾi দ্র কুড়ি[১] (নদীয়া ৭)

কুঁড়ি[৩] kũɾi দ্র কুড়ি[৬] (পদিনা ৭, ১০, ১২)

কুঁড়ি[৪] kũɾi বি তরকারি রান্নার মাটির কড়াইবিশেষ [দ্র কুড়ি[২]] an earthen tumbler-like cooking utensil (বর্ধমা ১৬)

কুঁড়ি[৫] kũɾi বি জল তোলার টিনের পাত্র বিশেষ a tin-pot used to fetch water (বাঁকুড়া ৩) দ্র কুঁয়া দাঁড়া

কুঁড়ি[৬] kũɾi বি মাটির খুরি বা ভাঁড় a small earthen pot (মেদিনী ৪, ৮) ~ **জমি kũɾi jɔmi** বি খুব নিচু জমি low-lying land (বীরভূ ৮)

কুড়িং kuɾiŋ অস ক্রি কুড়িয়ে picking up মুরগিটা কুড়িং গেলেক্--মুরগিটা কুড়িয়ে খাচ্ছে (বীরভূ ৭)

কুড়িয়া[১] kuɾia বি ১ মাঠের ফসল পাহারা দেবার জন্য তৈরি অস্থায়ী কুঁড়েঘর a temporary thatched hut used to guard the crop of a field (মালদা ১) ২ কুঁড়েঘর hut (মালদা ৪)

কুড়িয়া[২] kuɾia দ্র কুড়ি[১] (কোচবি ৪ পদিনা ২, ৯, ১০, ১১, ১২ বর্ধমা ২৬ মেদিনী ১৭, ৩৪) স্ত্রী কুড়িয়ানি ~ **পাথর্বাটি kuɾia pat^{h}ɔrbati** বি মাঝারি আকারের পাথরবাটি a stone-cup of medium size (মেদিনী ২৫)

কুঁড়িয়া[২]

কুঁড়িয়া kũɾia দ্র কুড়িয়া[১] (মুর্শিদা ১১ মেদিনী ৬)

কুড়িয়াবেছো kuɾiabec^{h}o ক্রি চুলকাচ্ছে is itching আং কুড়িয়াবেছো--গা চুলকাচ্ছে (মালদা ৯) [আং < অঙ্গ]

কুড়িয়ে kuɾie বি কুষ্ঠরোগী a leper (কোচবি ৮) দ্র কুড়ি[৩] ~ **খাওয়া kuɾie k^{h}aŏa** ক্রি খুঁটে খাওয়া to take slightly with the beaks পাখি চাল্ কুড়িয়ে খাচ্ছে--পাখি চাল খুঁটে খাচ্ছে (চব্বিশ ১ নদীয়া ৬)

কুড়িয়্যা[১] kuɾiæ বি উঁচু কানাযুক্ত এবং থালার থেকে অনেক বড় আকারের পাথরের কাঁসি a dish of stone used as a kitchen utensil (বাঁকুড়া ৫)

কুড়িয়্যা[২] kuɾiæ দ্র কুড়ি[১] তোর্ মতো কুড়িয়্যা টকাকে দিয়া কুন কাজ হবে নি--তোর মতো কুঁড়ে ছেলেকে দিয়ে কোনো কাজ হবে না (মেদিনী ১৭, ১৯, ২৬) ~ **ঘর্ kuɾiæ g^{h}ɔr** দ্র কুড়িয়া[১] (মেদিনী ১৯, ২২, ২৬)

কুঁড়িয়্যা[১] kũɾiæ দ্র কুড়ি[১] কুঁড়িয়্যা ছাল--কুঁড়ে ছেলে (মেদিনী ১৪) ~ **বিদ্দি kũɾiæ biddi** বিণ আলস্য idleness কুঁড়িয়্যা বিদ্দি কোর্ছে--কাজে কুঁড়েমি করছে (বর্ধমা ১৩)

কুঁড়িয়্যা[২] kũɾiæ দ্র কুড়ি[২] ১ [এটি গরুর জাব্না খাবার পাত্র। একে 'দোনা' বা 'পাত্না'ও বলে] (বীরভূ ১১)

কুড়িশ্ kuɾiʃ বি হাতুড়ি জাতীয় একপ্রকার সরঞ্জাম [মাটির চাঙড়্ ভাঙার কাজে লাগে] a kind of hammer used to grind a large lump of soil (মালদা ৩)

কুড়িহা kuɾiha দ্র কুড়ি[১] (মেদিনী ৮)

কুড়ুইকে মুর্গি kuɾuĭke murgi দ্র কুড়্কো মুর্গি (নদীয়া ২) দ্র কুড়্কি[১]

কুড়ু কুড়ু kuɾu kuɾu সম্বো হাঁসকে ডাকার জন্য বিশেষ ধরনের মৌখিক শব্দ an oral sound specially used to call a duck (মেদিনী ১২, ২৫)

কুড়ুক্ kuɾuk দ্র কুড়্কি[১] [মুরগি দশ-বারটি ডিম দেবার পরে শরীর গরম হয়ে ওঠে। তখন মুরগি নিস্তেজ হয়ে চুপচাপ তার ঘরে বসে থাকে। এইসময় তাকে দুই-চারদিন স্নান করাতে হয় এবং নাকের ছিদ্রে পালক গেঁথে দেওয়া হয়। এরপর মুরগি সতেজ ও চঞ্চল হয়ে পুনরায় নিয়মমাফিক ডিম দিতে থাকে] (হুগলি ১৮) ~ **জাগানো kuɾuk jagano** ক্রি (মুরগির) ডিমে তা দেওয়া to sit upon eggs (as by a hen), to hatch (মেদিনী ৩৪) ~ **নেওয়া kuɾuk neŏa** দ্র কুড়্কি[১] (হাওড়া ৮, ১১)

কুঁড়ুক্ মুর্গি kũɾuk murgi দ্র কুড়্কো মুর্গি (বর্ধমা ২৫ হাওড়া ৮)

কুঁড়ুক্ লাগা kũɾuk laga দ্র কুড়ুক্ নেওয়া (বীরভূ ১১)

কুড়ুক্ লিয়া kuɾuk lia দ্র কুড়ুক্ নেওয়া মুর্গিটা কুড়ুক্ লিচ্ছে--মুরগিটা ডিমে তা দেওয়ার ইচ্ছা প্রকাশ করছে (বাঁকুড়া ১০)

কুঁড়ুকে মুর্গি kũɾuke murgi দ্র কুড়্কো মুরগি (নদীয়া ৯)

কুড়ুট্ kuɾut দ্র কুড়াইট্ (বর্ধমা ১৫)

কুড়ুন্ kuɾun দ্র কুড়্কি[১], কুড়ুক্ মুর্গিটা কুড়ুন্ লিয়েচে--মুরগিটা ডিমে তা দিচ্ছে (বাঁকুড়া ১০)

কুড়ুপ্ লেওয়া kuɾup leŏa দ্র কুড়্কি[১] (বাঁকুড়া ১০)

কুড়ুয়া[১] kuɾua দ্র কুঁড়া[১] (বাঁকুড়া ৭)

কুড়ুয়া[২] kuɾua বি তক্তপোষের পায়া a leg or foot of a plain rectangular cot without any arrangement for hanging curtains (হুগলি ১)

কুড়ুয়ার্ kuɾuar দ্র কুড়াইট্ (বাঁকুড়া ১)

কুঁড়ুয়াহোই kũɾuahoĭ ক্রি চুলকাচ্ছে is itching হামার্ পিঠ্টা কুঁড়ুয়াহোই--আমার পিঠটা চুলকাচ্ছে (পুরুলি ৯)

কুঁড়ুরা kũɾura ক্রি কোপানো to dig (as with a pick-axe) গাঁইতি দিয়ে মাটি কুঁড়ুরা হয়--গাঁইতি দিয়ে মাটি কোপানো হয় (বাঁকুড়া ১৬)

কুঁড়ুল্ kũɾul দ্র কুড়ল্[৪] (বাঁকুড়া ১৫)

কুড়ুল্ কুদালে মেঘ্ kuɾul kudale meg^{h} বি সাদা, নীল, ছাই প্রভৃতি মিশ্রিত রঙের খণ্ড খণ্ড মেঘ বিশেষ cloud separated into pieces according to variegated in colours (বর্ধমা ৯, ১৬)

কুড়ুলি[১] kuɾuli দ্র কুড়াইট্ (হুগলি ৫)

কুড়ুলি[২] kuɾuli বি কুণ্ডলী কুড়ুলি বাঁধা হয়ে আছে--কুণ্ডলী পাকিয়ে আছে (বর্ধমা ৯)

কুড়ুশ্ kuɾuʃ বি সাপের খোলস a fell (কোচবি ৪)

কুড়ে kuɾe বি গরুর খাবার পাত্র হিসাবে ব্যবহৃত মাটির গামলা বিশেষ an earthen basin which is used as a manger of a cow (বীরভূ ৭)

কুড়েট্ kuɾet দ্র কুড়াইট্ (মেদিনী ৩৪)

কুঁড়ে দিয়া kũɾe dia দ্র কুড়া[২] (পুরুলি ১৪ বীরভূ ১১ মেদিনী ২১)

কুঁড়ে বগ্ kũɾe bɔg দ্র কানা বক্ (হুগলি ১০)

কুড়েয়্যা kuɾeæ দ্র কুড়ি[১] (মেদিনী ৯, ৩৩)

কুঁড়েল্ kuɾel দ্র কুড়াইট্ (কোচবি ৩)

কুঁড়ে লাগা kũɾe lagɑ ক্রি এঁড়ে লাগা [যে সন্তানের বৃদ্ধি স্বাভাবিক নয়] to suffer from constitutional indigestion or from rickets (বর্ধমা ৫)

কুড়ো[১] kuɾo বি নৌকার দাঁড় বা বৈঠার বাঁশের হাতল the handle of an oar or a scull, made of bamboo (চব্বিশ ২৭)

কুড়ো[২] kuɾo দ্র কুড়্মা (মেদিনী ৩৩) ~ **বক্ kuɾo bɔk** বি একপ্রকার বক [আড়াইশো–তিনশো গ্রাম ওজনবিশিষ্ট এবং মেটে রঙের এই বকের মাংস মানুষের খাদ্য] a kind of mud-coloured heron, whose flesh is eatable to man; *Butorides javanaica* (জী. অ.) (চব্বিশ ৩৭)

কুঁড়ো kũɾo দ্র কুঁড়া[১] (মুর্শিদা ১৬ মেদিনী ৭, ১৩ হাওড়া ৮) ~ **জাউলি kũɾo jɑŭli** বি চিংড়ি মাছ ধরার সরঞ্জামবিশেষ [ছয়-সাত ফুট লম্বা দুটি বাঁশের বাতা অর্ধ-গোলাকৃতি করে মাঝামাঝি অংশে সংযোগ করা হয় এবং ঐ স্থানে একটি বাঁশের লাঠির একপ্রান্ত রেখে তিনটিকেই একত্রে শক্ত করে বাঁধা হয়। এর সঙ্গে লাঠির মাপে একটি দড়িও বাঁধা হয়। দুটি বাতার চারটি প্রান্তে একটি চতুষ্কোণ পাতলা কাপড় বা মশারির কাপড়ের খণ্ড চারপ্রান্ত বেঁধে দেওয়া হয়। এবার পুকুর, ডোবা বা ঐ জাতীয় স্থির জলে অথবা ধানজমিতে কাপড় বাঁধা বাতার খাঁচাটি জলে অর্ধেক ডুবিয়ে রাখা হয় এবং লাঠির প্রান্তভাগটি পাড়ের মাটিতে সামান্য গেঁথে দেওয়া হয়। দড়ির প্রান্তটি একটি ছোট কাঠিতে বেঁধে পাশেই মাটিতে পুঁতে দেওয়া হয়। কাপড়ের উপর চিংড়ি মাছের খাবার হিসাবে কুঁড়ো মাখা খাদ্য দেওয়া হয়। দশ-পনেরো মিনিট পরে দড়ির প্রান্তটি মাটি থেকে তুলে ধীরে ধীরে জলের উপর থেকে কাপড়টি টেনে তোলা হয় দড়ি ধরে। এই সময় পা দিয়ে লাঠির প্রান্তটি চেপে রাখা হয়। খাদ্যের লোভে আসা চিংড়ি মাছগুলিকে তুলে নিয়ে পুনরায় একই পদ্ধতিতে ঐ স্থানে জালটি পাতা হয়] a small fishing-net (বর্ধমা ১৬ হাওড়া ১, ৮) ~ **জালি kũɾo jɑli** দ্র কুঁড়ো জাউলি (বর্ধমা ১৬) [তু দ্র বুড়ো আংলা–অবন ঠাকুর] ~ **শাজা kũɾo ʃɑjɑ** বি গোখাদ্য বিশেষ [জল ও ধানের কুঁড়োর মিশ্রণ] a mixture of rice powder and water, given to cattle as their food (বর্ধমা ৯)

কুড়োক্ লেয়া kuɾok leɑ দ্র কুড়ুক্ নেওয়া (বর্ধমা ২)

কুড়োল্[১] kuɾol বি কুলো, ঝুড়ি প্রভৃতির প্রান্তে মোটা বাঁশের বাতার উপরে যে সরু বাঁশের কাঠি বা বাখারি বাঁধা থাকে [এই প্রসঙ্গে দ্র কুড়ল্[৪]] a ring of bamboo slip at the mouth of a winnowing platter or a basket (মালদা ১১)



কুঁড়ো জাউলি

কুড়োল্[২] kuɾol দ্র কুড়াইট্ (মেদিনী ২৭)

কুঁড়োল্ kũɾol দ্র কুড়ল্[৩] (বীরভূ ১৪)

কুড়্যা kuɾæ দ্র কুড়্মা (মেদিনী ২১, ২৯)

কুঁড়্যা[১] kũɾæ বি নিচু জমি [যেখানে সাধারণত জল জমে থাকে] low-lying land (মেদিনী ৩৪)

কুঁড়্যা[২] kũɾæ দ্র কুঁজি[১] (মুর্শিদা ১৭ মেদিনী ৩)

কুঁড়্যা[৩] kũɾæ দ্র কুড়ে (বীরভূ ৭, ১১)

কুড় করা kudʰ kɔrɑ ক্রি তাচ্ছিল্যভরে উপেক্ষা করা to ignore with disregard (মেদিনী ১৫)

কুড়ার্ kuɾʰɑr দ্র কুড়াইট্ (পুরুলি ৯)

কুঁড়ি kũɾʰi বি আখ মাড়াইয়ের সময় যে মৃৎপাত্রে রস জমা হয় the earthenware in which the juice of sugarcane is assembled at the time of threshing (মুর্শিদা ১৭)

কুড়িয়ে খাওয়া kuɾʰie kʰɑŏɑ দ্র কুড়িয়ে খাওয়া মুর্গিটা কুড়িং কুড়িং খেছে–মুরগিটা খুঁটে খুঁটে খাচ্ছে (মুর্শিদা ১৭, ২৩)

কুড়িয়া kuɾiæ দ্র কুড়্মা (মেদিনী ২৫)

কুড়োল্ kuɾʰol দ্র কুড়াইট্ (মুর্শিদা ১৭)

কুড়্যা kuɾʰæ দ্র কুড়্মা (মুর্শিদা ১৭)

কুড়্যেই kuɾʰɛĭ অস ক্রি ঝেঁটিয়ে পরিষ্কার করে sweeping with the broom ঝাটি দিয়্যে কুড়্যেই দে–ঝাঁট দিয়ে পরিষ্কার করে দে (মালদা ৫)

কুত্ kut বি ঝাঁপ a jump কুত্ দিয়ে ওঠা–লাফিয়ে ওঠা (পদিনা ১) কুত্ দিয়ে পড়া–ঝাঁপ দিয়ে পড়া বা ঝাঁপিয়ে পড়া (পদিনা ২) ~ **তিকে kut tike** ক্রি বিণ কোথা থেকে from where কুত্তিকে আইচেন্কা–কোথা থেকে এসেছেন? (কোচবি ১) < কোথ্ থেকে < কোথা থেকে ~ **থা kuttʰɑ** কোথা where কুত্থা থেকে আলিস্ তু?–কোথা থেকে এলি তুই? (মেদিনী ২৯) ~ **থিক্যে kut tʰikɛ** দ্র কুত্তিকে (পদিনা ৭, ১০, ১২)

কুত্কুকাঁয়ি kutkukãi দ্র কুড়্কাই (মেদিনী ১৫)



কুত্‌কুত্‌ খ্যালা

কুত্‌কুত্‌ খেল্‌ kutkut k^{h}el মেয়েদের একপ্রকার গ্রামীণ খেলা বিশেষ [একধরনের এক্কা-দোক্কা খেলা। এই খেলায় দম নিয়ে খেলা হয় এবং মেয়েরা খেলে। খেলার ছকটি এইরূপ :

১	২	৩/৫	৪	৫/৮	৬	৭

দুই বা ততোধিক কিশোরী এই খেলায় অংশ নেয়। প্রত্যেকে পৃথকভাবে একক দায়িত্বে খেলায় অংশ নেয়। উপকরণ হিসাবে থাকে একটা গোল চাক্‌তি (মাটির হাঁড়ি কলসি ভাঙা) এবং প্রায় সাতফুট লম্বা একটা ছক। ১নং ঘরের বাইরে দাঁড়িয়ে একজন খেলোয়াড় চাক্‌তিটি ১নং ঘরে ফেলে। তারপর মুখে 'কিৎকিৎ' শব্দে দম নিয়ে একপায়ে চাকতিটি ঠেলে ২নং ঘরে নিয়ে যায়। এইভাবে ৭নং ঘর অতিক্রম করে বাইরে চাক্‌তিটি নিয়ে যাবে। এর মধ্যে সে 'কিৎ কিৎ' শব্দের দম ছেড়ে দিতে পারবে না এবং এক পায়েই চলতে হবে। আর সেই পায়েই চাক্‌তি ঠেলে নিয়ে যেতে হবে। তবে ৩ এবং ৫নং ঘরে দুই পা ফেলতে পারে। চাক্‌তি ঠেলে নিয়ে যাবার সময় কোনো দাগে যেন চাক্‌তি আটকে না যায়। চাক্‌তি কোনো দাগে আটকে গেলে বা 'কিৎকিৎ' শব্দের দম শেষ হয়ে গেলে ঐ খেলোয়াড়ের তৎক্ষণাৎ দান চলে যায়। এরপর দ্বিতীয় জন খেলা শুরু করে। ক্রমান্বয়ে সবার খেলা হয়ে গেলে প্রথম জন যেখানে শেষ করেছিল সেখান থেকে সে দ্বিতীয় পর্যায়ের খেলা শুরু করবে] a rural game of girls (পদিনা ৪)

কুত্‌কুত্‌ খেলা kutkut k^{h}elɑ দ্র কুত্‌কুত্‌ খেল্‌ [ছকটি বিভিন্ন স্থানে বিভিন্ন ধরনের হয়] (কোচবি ১)

কুত্‌কুত্‌ খ্যালা kutkut k^{h}ælɑ দ্র কুত্‌কুত্‌ খেল্‌ [এর ছকটি বিভিন্ন স্থানে বিভিন্ন ধরনের হয়] (নদীয়া ৪)

কুত্‌কুতনি kutkutɔni দ্র কুড়ুকাই (মেদিনী ৩৪)

কুত্‌কুতা kutkutɑ দ্র কুড়ুকাই (মেদিনী ২৭)

কুত্‌কুতানি kutkutɔni দ্র কুড়ুকাই (চব্বিশ ১৭ মেদিনী ৬, ১৭, ১৯, ২৮, ৩৪, ৩৫) ~ **দেওয়া kutkutɔni deɔ̃ɑ** ক্রি কাতুকুতু দেওয়া to titillate (মেদিনী ১৫)

কুঁত্‌কুঁতানো kũtkũtɔno দ্র কুত্‌কুতানি দেওয়া (চব্বিশ ১৭)

কুত্‌কুতি kutkuti দ্র কুড়ুকাই (কোচবি ৩, ৪ জলপা ৯, ১০ দার্জিলি ৪ পদিনা ১; ৯, ১৪, ১৫ মালদা ২ মুর্শিদা ২৩ মেদিনী ১, ৫, ৬, ১৬, ১৯, ২২, ২৬) ~ **দেওয়া kutkuti deɔ̃ɑ** দ্র কুত্‌কুতানি দেওয়া (মেদিনী ১, ৫, ৬, ২২)

কুত্‌কুতিয়া kutkutiɑ দ্র কুড়ুকাই সে কুত্‌কুতিয়া দোউচি —সে কাতুকুতু দিচ্ছে (মেদিনী ১৮)

কুত্‌কের্‌ kutker দ্র কুট্‌কার্‌ কুত্‌কের্‌ জিনিস্‌—কোথাকার জিনিস (পদিনা ৭, ১০, ১২)

কুত্‌ড়া গুড়ু kutɽɑ gur বি আখশালে গুড়ের নিকৃষ্টতম কালো অংশ the most inferior and black portion of molasses (বর্ধমা ৬)

কুত্‌তা[১] kuttɑ বি কুকুর a dog (মেদিনী ১৬, ৩৫) ~ **মাছি kuttɑ mɑɔ^{h}i** বি কুকুরের গায়ের এঁটুলি পোকা a variety of Diptera (মেদিনী ৩৩) তু হি কুত্তা

কুত্‌তা[২] kuttɑ বি পুরুষের জামা a garment for jents (বীরভূ ৯) < কুর্তা

কুত্‌তানি kuttɔni বি স্ত্রী-কুকুর a bitch (জলপা ৭)

কুত্‌তি kutti ক্রি বিণ ১ কোথায় where কিরে কুত্‌তি যাইশ্‌, এ্যাক্‌বে খ্যালায় যাবো—কিরে কোথায় যাস, একসাথে খেলতে যাব (কোচবি ১) হোত্‌তি কুত্‌তি দেক্‌চিস্‌—ওখানে কোথায় খুঁজছিস্‌? (জলপা ২) ২ কোথা থেকে from where কুত্‌তি এয়েচেন্‌—কোথা থেকে এসেছেন? (মেদিনী ১১) ~ **কলাই kutti kɔlɑi** বি কুলথ কলাই [বিউলি কলাইয়ের মতো একপ্রকার চ্যাপ্টা আকারের কলাই। এই ডাল সিদ্ধ করে ঘি ও রসুন দিয়ে শিশুজন্মের তিনদিন পরে প্রসূতিকে খেতে দেওয়া হয়] a kind of pulse or vetch; *Horsegram ds piloeus* (উ. অ.) (বীরভূ ১৪)

কুত্‌তিন্‌ kuttin দ্র কুত্‌তানি (পদিনা ৪ মালদা ৫, ১১)

কুত্‌তিনা kuttinɑ দ্র কুত্‌তি ১ তুই এটা কুত্‌তিনা পালু?—তুই এটা কোথায় পেলি? (পদিনা ৭, ১০, ১২)

কুত্‌তেল্‌ kuttel বি উচ্ছ্বাস passion (মেদিনী ১৫)

কুত্‌তো kutto বি ব্লাউজ a blouse (চব্বিশ ২৭) দ্র তু কুত্‌তা[২]

কুত্‌থি[১] kutt^{h}i বি আঁটি a bundle (মালদা ৭)

কুত্‌থি[২] kutt^{h}i দ্র কুত্‌তি কলাই (পুরুলি ১১ বাঁকুড়া ৭ মেদিনী ৫)

কুত্‌থি ডাল্‌ kutt^{h}i dɔl দ্র কুত্‌তি কলাই (মেদিনী ৩২)

কুত্‌নি[১] kutni বি ছোট লাল পিঁপড়ে a type of small red ant (পদিনা ৩)

কুত্‌নি[২] kutni দ্র কুত্‌তানি (দার্জিলি ৩ মালদা ১১)

কুঁত্ বেল্ kũt bel বি কয়েত বেল a shelled-fruit with sour pulp akin to the wood-apple; *Teronia elephantum* (উ. অ.) (মেদিনী ৮)

কুত্রি কুত্রি kutri kutri ক্রি বিণ টিপে টিপে, ঠেসে ঠেসে, ঠেলেঠুলে pressing to load a thing কুত্রি কুত্রি পুরিয়া লে—ঠেসে ঠেসে ভর্তি করে নে। ওউটুকু যেগিয়ায় কির্‌কম্ কুত্রি কুত্রি বুস্‌ল দ্যাখ্—এইটুকু জায়গায় কেমন ঠেলেঠুলে বসল দেখ (মেদিনী ২৬)

কুত্রি দেওয়া kutri deŏa দ্র কুত্‌কুতানি দেওয়া (মেদিনী ২০)

কুত্‌লা গুড় kutla guɽ দ্র কুত্‌ড়া গুড় (বর্ধমা ৬)

কুত্‌লি kutli বিণ কতগুলি how many (কোচবি ২)

কুতা[১] kuta দ্র কুত্‌তি ১ তুই কুতা যেছিস্—তুই কোথায় যাচ্ছিস (বাঁকুড়া ৬ বীরভূ ৫)

কুতা[২] kuta দ্র কুত্‌তো (মুর্শিদা ১২) ~ **থানি kuta tʰani** দ্র কুত্‌তি ২ (মেদিনী ১৪)

কুতায় kutae দ্র কুত্‌তি কুতায় গেইলি?—কোথায় গিয়েছিলি? (নদীয়া ৩, ৪, ৭)

কুতি kuti দ্র কুত্‌তি তোম্‌রা কুতি যাবেন্?—তোমরা কোথায় যাবে? (জলপা ২) কুতি যাছি—কোথায় যাচ্ছিস? (পদিনা ৭, ১০, ১২) তুমি কুতি কুতি যাবে?—তুমি কোথায় কোথায় যাবে? (মুর্শিদা ২৪) ~ **মাড়া kuti maɽa** ক্রি পোয়াল খড় মাড়াই করা to thresh the straw (বর্ধমা ১৬)

কুঁতি kũti ক্রি বিণ ঠেসে [দ্র কুত্‌রি কুত্‌রি] খুব্ কুঁতি খেয়েচে—খুব ঠেসে খেয়েছে (নদীয়া ২)

কুতিন্ kutin দ্র কুত্‌তানি (মালদা ৪)

কুতিবার্ ধরা kutibar dʰɔɽa ক্রি গোঙানো, কাতরানো to groan কুতিবার্ ধোর্‌চে—(জ্বরের কষ্টে) কোঁকাচ্ছে (কোচবি ৪)

কুতুকুতু kutukutu দ্র কুড়্‌কাই (বর্ধমা ২, ৪, ২০, ২১ বীরভূ ৩, ৮) তু আ বা কাতুকুতু

কুতুড়া কুতুড়ি kutuɽa kutuɽi বিণ টুকরো টাকরা the pieces etc. (জলপা ৭)

কুতুড়ি kutuɽi বিণ অলস মেয়ে a lazy woman (কোচবি ৪)

কুতুতাল্ kututal দ্র কুড়্‌কাই (পদিনা ১১)

কুতুর্ কুতুর্ kutur kutur সম্বো ছোট কুকুরছানাকে ডাকার শব্দ a verbal sound to call a puppy (মালদা ৩)

কুতে ফল্ kute pʰɔl বি কুঁচফল a very small and red coloured stony fruit with a black patch on the top; this is used as a measure of weight esp. by jewellers; *Crab's Eye* (জী. অ.) (বর্ধমা ৫)

কুতি মাড়া

কুঁতো kũ to বিণ সংকীর্ণ narrow ঘর্‌টা খুব্ কুঁতো রে, তিন্ চাইর্ জোনা বসা হবে না—ঘরটা খুব সংকীর্ণ রে, তিন-চার জনের বসা হবে না (বীরভূ ১০)

কুত্তা কুকুর্ kutta kukur দ্র কুত্‌তা[১] (দার্জিলি ৩)

কুত্তানি kuttani দ্র কুত্‌তানি (কোচবি ৮)

কুত্তিন্ kuttin দ্র কুত্‌তানি (পদিনা ৪)

কুত্তো kutto দ্র কুত্‌তা[১] (হাওড়া ১০)

কুথ্‌থিয়া kutʰtʰia বি খয়েরি রঙ dark brown colour (পুরুলি ১২)

কুথা[১] kutʰa দ্র কুত্‌তি ১ যাচ্ছু কুথা, শুনে যা—কোথায় যাচ্ছিস, শুনে যা (বাঁকুড়া ৭, ১৩) তুর্ ঘর্ কুথা—তোর্ বাড়ি কোথায় (বীরভূ ৩, ৮, ১০, ১১, ১৪) টাকা পাবে কুথা—টাকা পাবে কোথায় (মেদিনী ৩, ৫, ৭, ১১, ২৫) < সং কুত্র

কুথা[২] kutʰa বি কথা a word or words spoken (বর্ধমা ১৩)

কুথাকে kutʰake দ্র কুত্‌তি ১ তুই কুথাকে গেছ্‌লিস্?—তুই কোথায় গিয়েছিলি? (বাঁকুড়া ১৬)

কুঁথানো kũ tʰano ক্রি চিমটি কাটা, চিমটানো to pinch (পুরুলি ৪)

কুথায় kutʰaĕ দ্র কুত্‌তি ১ (বাঁকুড়া ৩)

কুথার্ kutʰar বিণ কোথাকার of or from which or what place লোক্‌টা কুথার্—লোকটা কোথাকার (বাঁকুড়া ৫)

কুথাল্‌লা kutʰalla দ্র কুত্‌তি ২ তুম্‌রা কুথাল্‌লা আইল্যান্—আপনারা কোথা থেকে এলেন? (মেদিনী ২৯)

কুঁথিয়া°লাক্ kũ tʰia°lak দ্র কুঁথানো (পুরুলি ৫)

কুথুইনা kutʰuĭna বিণ কৃপণ, হিসাবী miserly (বাঁকুড়া ১৫)

কুথুয়ায় kutʰuaĕ দ্র কুত্‌তি ১ (বাঁকুড়া ১১)

কুঁথে kũ tʰe দ্র কুত্‌তি ১ (মুর্শিদা ২৪)

কুথেকে kutʰeke দ্র কুত্‌তি ২ (বর্ধমা ২৫)

কুথো kutʰo দ্র কুত্‌তি ১ (মেদিনী ১১)



কুঁদ্ বাটালি

কুথোয় kut^{h}oĕ দ্র কুত্তি ১ (মেদিনী ১১)

কুথ্যা kut^{h}æ বি কুষ্ঠ [দ্র কুট্^{৩}] leprosy (বাঁকুড়া ১৫)

★ **কুদ্^{১} kud** ১ বি লাফ [দ্র কুত্] a jump কুদ্দি যাবা হবে--লাফিয়ে যেতে হবে (পদিনা ১০) আংকায় কুদ্দেচে--শুধু শুধু আস্ফালন করছে (পদিনা ১০) কুদ্দ্যে কুদ্দ্যে ব্যাড়াচ্ছে--লাফিয়ে লাফিয়ে যাচ্ছে (পদিনা ৩) কুদ্দানো--লাফানো (পদিনা ১১) কুদ্ধি গ্যাল--লাফিয়ে গেল (মালদা ৪) কুঁদ্দ্যে আম্টা পেড়্যে লে--লাফিয়ে আমটা পেড়ে নে (মুর্শিদা ২২) ২ ক্রি ডিঙানো to leap over, to cross by leaping কুদ্দে যা--ডিঙিয়ে যা (পদিনা ৯, ১০)

কুদ্^{২} kud ঘাই a noisy stroke on the surface of water made by a large fish with its tail কুদ্ মারা--(মাছের) ঘাই মারা (বীরভূ ৯)

কুঁদ্কুঁদিয়া kũdkũdia বিণ কুচ্কুচে (of the black colour) glazy or bright and deep ই লোক্টা কাল কুঁদ্কুঁদিয়া--এই লোকটা কালো কুচকুচে (বাঁকুড়া ১৪)

কুদ্গি kudgi ক্রি বিণ কোথায় বা কোন্দিকে where কুদ্গি যাবু?--কোনদিকে যাবে? (মালদা ৪)

কুদ্গিনা kudgina দ্র কুদ্গি (মালদা ৪)

কুঁদ্গে kũdge দ্র কুদ্গি (মেদিনী ১৫)

কুঁদ্ডুকি করা kũdɽuki kɔra ক্রি লড়াই করা to vie খুব্ কুঁদ্ডুকি কচ্ছিস্--খুব লড়াই করছিস (মুর্শিদা ২০)

কুঁদ্ বাটালি kũd baṭali বি কাঠমিস্ত্রী কর্তৃক ব্যবহৃত বাটালি বিশেষ [সরুখেজুর পাতার মতো দেখতে এই বাটালি দ্বারা কাঠে নক্শা কাটা হয়] a kind of chisel used by the carpenter (বাঁকুড়া ১৮) তু কুঁদা (দাস)

কুদ্মা ছানা kudma c^{h}ana বি হৃষ্টপুষ্ট বা নাদুস নুদুস শিশু a roly-poly baby (মেদিনী ৩৪)

কুদ্রা kudra বিণ কালো black (পুরুলি ১১) তু আ বা কদাকার

কুদ্রি^{১} kudri বি কুঁদ্রি নামক একপ্রকার ফল [পটলের মতো দেখতে এই ফল তরকারি করে খাওয়া হয়] a kind of fruit, *Trichosanthes cucumerina* (উ. অ.) (হুগলি ৫) তু কুঁদরু (সংসদ)

কুদ্রি^{২} kudri বি মণিবন্ধ, গোড়ালির উপরের সংযোগস্থল a wrist, the ankle (মেদিনী ৩৪)

কুঁদ্রি kũdri দ্র কুদ্রি^{১} (বাঁকুড়া ১৩ মেদিনী ২০, ২৫, ৩০) [এই ফল পুড়িয়ে জলে গুলে গরুকে খাওয়ালে গরুর পাতলা দাস্ত সেরে যায়--গ্রামীণ চিকিৎসা] (মেদিনী ২৪, ২৭)

কুদ্রুটি kudruṭi বি শয়তানি extreme wickedness আমার্ সঙ্গে কুদ্রুটি কোইরো না--আমার সঙ্গে শয়তানি কোরো না (মুর্শিদা ১৮)

কুদ্রুম্ kudrum বি একপ্রকার ঢেঁড়শ্ জাতীয় ফসল [এটি সাদা ও লাল--দুই জাতের হয়। লাল কুদ্রুমের পাতা খেতে টক লাগে। কুদ্রুমের শাক ভাজা খাওয়া হয়। এর ছাল শুকিয়ে দড়ি হয়। সেই দড়ি দিয়ে খাটিয়া বোনা হয়। এই গাছ পচিয়ে আঁশ বের করে পাট হয়। লাল কুদ্রুমের ফল দিয়ে চাটনি করা হয়। কুদ্রুমের বীজ ভেঙে কড়াই ভাজার মতো ব্যবহার হয়] a kind of crop like Lady's Finger (পুরুলি ৩, ৫, ১৪)

কুদ্রো ঝাঁকা kudro j^{h}ãka ক্রি রাগে চিৎকার করা বা গজ্গজ্ করা to grumble usually to one's own self in anger কুদ্রো ঝেঁকেচে--রাগে গজ্গজ্ করছে (বাঁকুড়া ৪) তু সাঁও কুদ্রা

কুঁদ্লা kũdla বিণ যে ইচ্ছাকৃতভাবে (গায়ে পড়ে) ঝগড়া করে quarrelsome (বীরভূ ১)

কুদ্লি kudli বি পান-বরজের পুরানো পান গাছ [এই পানগাছ পোঁতা হয়] an old betel plant (মেদিনী ৩৫)

কুদ্লে kudle অস ক্রি দৌড়ে running কুদ্লে আও--দৌড়ে এসো (পুরুলি ৫) দ্র কুদ্^{১}১

কুঁদ্লে kũdle বিণ কলহপরায়ণা a quarrelsome woman (চব্বিশ ২০ মেদিনী ২৮)

★ **কুদা^{১} kuda** ক্রি লাফানো [গরু, মাছ, মানুষ প্রভৃতির লাফানো] দ্র কুদ্^{১}১] to jump এ জায়গাটো কুদিং কুদিং পেরিং যা--এ জায়গাটা লাফিয়ে লাফিয়ে পার হয়ে যা (বীরভূ ৯, ১১) কুদিস্ ক্যানে ঠ্যাং ভেঙে যাবে--লাফাচ্ছিস কেন, পা ভেঙে যাবে (মালদা ২, ৪) কুদ্ মার্--লাফ দে (মুর্শিদা ৩) কুদি পার্ হোইন্ যা--লাফিয়ে পার হয়ে যা (মুর্শিদা ১৭) সে কুদিন্ মেরে চলে গেল--সে লাফ মেরে চলে গেল (মুর্শিদা ৩) কুইদ্যা চোলে যা--ডিঙিয়ে চলে যা (মালদা ১১) ~ **মারা kuda mara** ক্রি দৌড় লাগানো to begin jump (মেদিনী ২০) দ্র কুদ্^{১}১

কুদা^{২} kuda ক্রি দাপাদাপি বা লাফালাফি করা to frisk; to gambol; to romp noisily কুদিস্ না--দাপাদাপি করিস না (মুর্শিদা ১০) তু আ বা নাচাকুঁদা

কুদা[৩] **kudɑ** বি ঢিবি a hillock (মেদিনী ১৫)

কুঁদা[১] **kũ dɑ** ক্রি গাঁথা to lay আমি লাঠিম্‌টি কুঁদেছি—আমি লাট্টুটি (আল দিয়ে) মাটিতে গেঁথেছি (বাঁকুড়া ৯)

কুঁদা[২] **kũ dɑ** দ্র কুদা[১] (বাঁকুড়া ১২)

কুদাল্ kudɑl বি ১ কোদাল a spade (চব্বিশ ২১ পদিনা ১০ বর্ধমা ৯, ১০) ২ বি সোজা ফলা বিশিষ্ট কোদাল [যে কোদালের ফলা বাঁকানো তাকে বলে 'টাম্‌না' বা 'ফাব্‌ড়া'] a spade with a straight blade (বর্ধমা ১, ৫, ১৬) ~ **দাঁত্ kudɑl dãt** বি খুব বড় দাঁত extra ordinary long teeth (হুগলি ১৫) [< কোদাল সাদৃশ্যে] ~ **দাতা kudɑl dɑtɑ** বিণ যার সামনের দাঁত খুব বড় a man of extra ordinary long teeth (পদিনা ১২) [স্ত্রী 'কুদেল্ দাঁতি']

কুঁদি kũ di বি 'খোমক্' নামক উত্তরবঙ্গের বাদ্যযন্ত্রের মুখের কাছে চতুর্দিকের বেড় an encirclement of *k*[h]*omɔk*--a musical instrument of North Bengal (কোচবি ৮)

কুঁদু kũ du বি ষাঁড়ের কাঁধের উঁচু ঝুঁটি a hump of an ox (পুরুলি ১১)

কুঁদুইলা মে kũ duĭlɑ me দ্র কুঁদ্‌লে (মেদিনী ৮)

কুঁদুড়্‌কি kũ duɽki বি ঝগড়া a quarrel খুব ত্যাল্ বেড়েছে, কুঁদুড়্‌কি কোর্‌ছিস্—খুব তেজ বেড়েছে, ঝগড়া করছিস (মুর্শিদা ২৩)

কুঁদুর্‌খাই kũ durk[h]**ɑĭ** বি কুলুঙ্গি a niche কুঁদুর্‌খাইরু বোইঠা ঘিনি আয়—কুলুঙ্গি থেকে প্রদীপটা নিয়ে আয় (মেদিনী ৮)

কুঁদুর্‌খালি kũ durk[h]**ɑli** দ্র কুঁদুর্‌খাই (মেদিনী ১৩)

কুদুরাসিনি kudurɑsini বি গ্রাম-দেবতা বিশেষ [এঁর মূর্তি ছোট ছোট মাটির তৈরি হাতি—ঘোড়া] a rural deity or object of worship (বাঁকুড়া ৩)

কুঁদুরি kũ duri বিণ পেটুক স্ত্রীলোক a gluttonous woman (দার্জিলি ২)

কুঁদুল্ kũ dul দ্র কুঁদুড়্‌কি (মুর্শিদা ১৬ মেদিনী ১৭)

কুঁদুলি kũ duli দ্র কুঁদ্‌লে (বর্ধমা ৫ হাওড়া ১, ৮)

কুঁদুলে kũ dule দ্র কুঁদ্‌লে কুঁদুলে মেয়ের্ সঙ্গে পার্‌বি নি, ঘর্‌কে যা—ঝগড়াটি মেয়ের সঙ্গে কথায় পেরে উঠবি না, বাড়ি যা (হাওড়া ১, ৮)

কুদেল্ দাঁতি kudel dãti বি যে মেয়ের [কোদালের মতো] বড় বড় দাঁত the woman who has extra ordinary long teeth like a spade (colloquial comparison) (পদিনা ১৪) [পুং কুদাল্ দাতা] দ্র কুদাল্ দাঁত্

কুদো kudo বি কাঁধ the shoulder (মেদিনী ৩৩) দ্র কুঁদু



কুঁদো[২]

কুঁদো[১] **kũ do** বি একপ্রকার র‍্যাঁদা [সাধারণ র‍্যাঁদার থেকে সরু একপ্রকার র‍্যাঁদা। এটি দিয়ে দরজা-জানালার কাঠামোর ধারে নক্‌শা করা হয়] a *Randa*--instrument of carpenter used for engraving (হুগলি ৫)

কুঁদো[২] **kũ do** বি কাঠ সমান করার কাজে ব্যবহৃত 'ঘিশ্‌কাপ্' অর্থাৎ র‍্যাঁদা নামক যন্ত্রের কাঠামোর কাঠ a wooden body of *Randa*--the instrument of a carpenter (হাওড়া ১) ~ **ভাঁড়্ kũ do b**[h]**ãɽ** বি একপ্রকার ছোট কলসি [খেজুরগাছে রস সংগ্রহের জন্য এই ছোট মাটির কলসি গাছের মাথায় টাঙানো হয়] a kind of earthen pitcher (মেদিনী ১৫)

কুঁদোকুঁদি kũ dokũ di বি হুড়োহুড়ি, ঠেলাঠেলি mutual or repeated shoving or pushing গোরুগুলো গোইলে কুঁদোকুঁদি কোচ্চে ক্যানো দ্যাক্ তো—গরুগুলো গোয়ালে ছুটোছুটি করছে কেন দেখ্ তো (হাওড়া ১, ৩, ৮)

কুদোড়্‌কি kudoɽki দ্র কুঁদোকুঁদি (মুর্শিদা ২৩)

কুঁদোর্‌খাই kũ dork[h]**ɑĭ** দ্র কুঁদুর্‌খাই (মেদিনী ২)

কুদ্যা kudæ দ্র কুঁদো[২] (বীরভূ ৪)

কুধ্‌ড়া বগ্ kud[h]**ɽɑ bɔg** দ্র কানা বক্ (মুর্শিদা ৩)

কুঁধু[১] **kũ d**[h]**u** দ্র কুঁদু (পুরুলি ৮, ১৩, ১৪ মেদিনী ২৫, ২৯, ৩২)

কুঁধু[২] **kũ d**[h]**u** দ্র কুদো (মেদিনী ২৫)

কুধুড়্‌কি kud[h]**uɽki** দ্র কুঁদোকুঁদি (মুর্শিদা ২৩)

কুঁধুর্ kũ d[h]**ur** দ্র কুঁদু (বাঁকুড়া ১)

কুধো kud[h]**o** দ্র কুদা[১] ১ কেনে কুধোছিস?—লাফাচ্ছিস কেন? (মালদা ৮)

কুন্[১] **kun** বিণ, সর্ব কোন্ which (জলপা ৭) এ গাড়ি কুন্ গাঁয়ের্ গো—এ গাড়ি কোন্ গ্রামের গো (নদীয়া ৭) তারা কুন্ ধার্‌য়ে জেল্‌ছে—তারা কোন্‌দিকে গেছে (মুর্শিদা ২) তোর্ কুন্ পাটা ভাঙ্‌চে রে?—তোর কোন্ পাটা ভেঙেছে? (মেদিনী ১৪) কুন্ লোক্‌টা নিইচে—কোন্ লোকটা নিয়েছে? (হাওড়া ১, ৩, ৮) ~ **খান্ kunk**[h]**ɑn** বিণ, সর্ব কোন্‌টা which কুন্‌খান্ তোর্ বোহি—কোনটা তোর বই?



কুন্‌কুল্‌

(পদিনা ৩) ~ **খুন্‌ kunkʰun** ক্রি বিণ কখন when তুই খাবো কুন্‌খুন্‌--তুই খাবি কখন? (পদিনা ৩) ~ **খেন্‌কে kunkʰenke** ক্রি বিণ কোথায় where আজ্‌ আর্‌ কুন্‌খেন্‌কে যাবেন্‌?--আজ্‌ আর কোথায় যাবেন? (মেদিনী ২১) ~ **খোটোইরা kunkʰoṭoĭra** বিণ ঘরকুনো home-keeping ; shy of company (বাঁকুড়া ৯) ~ **খ্যান্‌ kun kʰæn** ক্রি বিণ কোন্‌খান where কুন্‌খ্যান্‌ থে লোক্‌ এইচে--কোথা থেকে লোক এসেছে (মেদিনী ৭) ~ **গা kunga** বিণ, সর্ব কোন্‌গুলো which ones কুন্‌গা কিঁল্যা লিয়াস্‌সু--কোন্‌গুলো কিনে নিয়ে এসেছিস (মেদিনী ২৬) ~ **গুলা kungula** দ্র কুন্‌গা (মুর্শিদা ১০) ~ **ছি kuncʰi** ক্রি বিণ কোথা থেকে from where (মালদা ১১) ~ **ছিঁয়া kuncʰĩa** দ্র কুন্‌ছি এইলা তুই কুন্‌ছিঁয়া পালো?--এগুলো তুই কোথায় পেলি? (পদিনা ৯) ~ **ছেয়া kuncʰea** দ্র কুন্‌ছি কুন্‌ছেয়া পায়ো?--কোথায় পেলি? (পদিনা ৯) ~ **টা kunṭa** দ্র কুন্‌খান্‌ (জলপা ৭ মেদিনী ৬, ২৬ হাওড়া ১০) কুন্‌টা আঁইয়া লিয়াইব ঠিক্‌ কোরিয়া কোইয়া দাও--কোনটা এনে নিয়ে আসবো ঠিক করে বলে দাও (মেদিনী ২৬) ~ **বাটে kunbaṭe** ক্রি বিণ কোন্‌খানে where (মেদিনী ১৫)

কুন্‌[২] kun বি পায়ের গোড়ালির উপরদিকে যে হাড়টা উঁচু হয়ে থাকে the particular bone of the juncture at the upper side of the heel (মেদিনী ১২)

কুন্‌[৩] kun বি পিতলের বাটি বিশেষ [একপোয়া পরিমাণ চাল মাপা হয়] a hemispheroidal handless cup made of brass (বীরভূ ৫)

কুন্‌[৪] kun বি হাঁড়ি, থালা ইত্যাদির প্রান্তদেশ the edge of the kitchen utensils (বর্ধমা ৮) তু কানা

কুঁন্‌ kũn দ্র কুন্‌[১] কুঁন্‌টা লুব কোইয়া দে--কোনটা নেব বলে দে (মেদিনী ১৫, ১৯, ২২, ২৪, ২৬) ~ **খাঁয়ে kũnkʰãe** দ্র কুন্‌খেন্‌কে (মেদিনী ১৫)

কুন্‌কা kunka দ্র কুন্‌খুন্‌ [কুন্‌[১]] কুন্‌কা তোর্‌ বাড়ি জাম্‌--কখন তোর্‌ বাড়ি যাব? (পদিনা ১)

কুন্‌কি kunki বি একপ্রকার মাটির হাঁড়ি [এই হাঁড়ি ভাত রান্না, দই পাতা, জল গরম করা ইত্যাদি কাজে ব্যবহৃত হয়। পূর্বে এর নাম ছিল 'পাইলা'] a kind of earthen pitcher (জলপা ৭)

কুন্‌কুল্‌ kunkul বি লাঙলের ঈষের গোড়া the bottom of a ploughshare (চব্বিশ ১৭)

কুন্‌কে kunke বি বেতের তৈরি চাল মাপার পাত্র [এটি আড়াইশো গ্রাম, পাঁচশো গ্রাম বা একসের পরিমাণ চাল বা ধান মাপার উপযোগী করে বিভিন্ন আকারের তৈরি হয়] a vessel made of cane for measuring a unit of rice etc. (চব্বিশ ৩৩ বর্ধমা ১২ হাওড়া ৩) < সং কুঞ্চিকা

কুন্‌চি kunci বি কঞ্চি a bamboo twig (চব্বিশ ৩৭ পুরুলি ১৫ বর্ধমা ৫ বাঁকুড়া ১১)

কুন্‌চিয়া kuncia বি লাউডগা সাপ a kind of very slender and venomous green snake; *Dryophis* (জী. অ.) (দার্জিলি ৩)

কুন্‌চে kunce দ্র কুন্‌চি (হাওড়া ১, ৮)

কুন্‌ছি kuncʰi বি ছোট মাপের কুলো বিশেষ [এটি ছোট শিশুদের খেলার সামগ্রী] a small winnowing platter which is used as a plaything of children (বাঁকুড়া ৫) < সং কুঞ্চিকা

কুন্‌টাই দেওয়া kunṭaĭ deŏa ক্রি চুলকে দেওয়া to itch (মেদিনী ১৮)

কুন্‌টি kunṭi দ্র কুন্‌খেন্‌কে [কুন্‌[১]] কুন্‌টি থুইসি।--কোন্‌খানে রেখেছিস? (পদিনা ৭, ১০, ১২) ~ **কে kunṭi ke** দ্র কুন্‌খেন্‌কে কুন্‌টিকে যাউঠু--কোথায় যাচ্ছিস? (মেদিনী ২১) ~ **তকা kunṭi tɔka** দ্র কুন্‌ছি (কুন্‌[১]) তোম্‌হা কুন্‌টিতকা আইচ্ছেন?--আপনি কোথা থেকে আসছেন? (জলপা ১০)

কুন্‌টে kunṭe দ্র কুন্‌খেন্‌কে [কুন্‌[১]] (মালদা ২)

কুন্‌টো kunṭo দ্র কুন্‌খান্‌ [কুন্‌[১]] (বর্ধমা ১৮)

কুন্‌ঠা kunṭʰa দ্র কুন্‌খেন্‌কে [কুন্‌[১]] তুই কুন্‌ঠা বোহিখান্‌ রাখলো?--তুই বইটা কোথায় রাখলি? কুন্‌ঠা গিছ্‌লা তুই? --তুই কোথায় গিয়েছিলি? (পদিনা ৩, ৬) ~ **কার্‌ kunṭʰakar** বিণ কোথাকার of or from what place তুই কুন্‌ঠাকার্‌ রে?--তুই কোথাকার রে? (মালদা ১১) ~ **য় kunṭʰaĕ** ক্রি বিণ কোথায় বা কোন্‌ চুলোয় [কটূক্তি হিসাবে প্রযোজ্য] where কুন্‌ঠায় গেস্‌লো--কোন্‌ চুলোয় গিয়েছিলি? (পদিনা ৩)

কুন্‌ঠি kunṭʰi ১ দ্র কুন্‌খেন্‌কে [কুন্‌[১]] এ্যাত জিনিস্‌ কুন্‌ঠি পাম্‌--এত জিনিস কোথায় পাব? বইগুল কুন্‌ঠি থুলু--বইগুলো কোথায় রাখলি? (মালদা ৬) কুন্‌ঠি গেলি রে?--কোথায় গেলি রে? (মুর্শিদা ২২) তুমি সিমা কুন্‌ঠি

যাইথল?--তুমি সেদিকে কোথায় যাচ্ছিলে? (মেদিনী ৪, ১৫, ১৯, ২০, ২২, ২৬, ২৭) ২ দ্র কুন্‌খ্যান্ [কুন্‌১] (মুর্শিদা ১৮) তুই কুন্‌ঠি দিয়া যাবি?--তুই কোন্‌খান্ দিয়ে যাবি? (মেদিনী ৩৪) ~ **কর্ kunt^{h}ikɔr** দ্র কুন্‌ঠাকার্ [কুন্‌ঠা] লোক্‌লা কুন্‌ঠিকর্--লোকটা কোথাকার (মালদা ৬) ~ **কার্ kunt^{h}ikɔr** দ্র কুন্‌ঠাকার্ [কুন্‌ঠা] তুম্‌রা কুন্‌ঠিকার্ গে--তোমরা কোথাকার হে (পদিনা ৩) কে জানে কুন্‌ঠিকার্ নি কুন্‌ঠিকার্--কে জানে কোথাকার না কোথাকার (পদিনা ৪, ৭, ১০, ১২, ১৩) ~ **কোইরার্ kunt^{h}ikoĭrɔr** দ্র কুন্‌ঠাকার্ [কুন্‌ঠা] কুন্‌ঠিকোইরার্ কে, আম্‌ড়া ভাতে দে--কোথাকার কে এল, তার জন্য আবার খাতির যত্ন করা!--অর্থে (মেদিনী ২১) ~ **কোরার্ kunt^{h}ikorɔr** দ্র কুন্‌ঠাকার্ [কুন্‌ঠা] (মেদিনী ২১) ~ **ং kunt^{h}iŋ** দ্র কুন্‌খেন্‌কে [কুন্‌১] কুন্‌ঠিং থুইছিস্--কোথায় রেখেছিস? (বীরভূ ১১) ~ **ত্যে kunt^{h}itɛ** দ্র কুন্‌ছি [কুন্‌১] কুন্‌ঠি ত্যে আস্‌ল--কোথা থেকে এল (পদিনা ৪) ~ **য়া kunt^{h}ia** দ্র কুন্‌ছি [কুন্‌১] কুন্‌ঠিয়া এইলা পালো--কোথা থেকে এগুলো পেলে (পদিনা ৩, ৮) ~ **সে kunt^{h}i se** দ্র কুন্‌ছি [কুন্‌১] কুন্‌ঠিসে এলো--কোথা থেকে এলো (পদিনা ৮) ~ **সোনো kunt^{h}i sono** বি একপ্রকার কর্ণভূষণ [সোনার তৈরি এই গহনায় দুইটি রিং পাশাপাশি আটকানো থাকে এবং নিচে একটি ফুল থাকে। রিং দুইটি ছোট আংটা বা কড়ার সাহায্যে একটি সোনার কাঠিতে আটকানো থাকে। এই কাঠিটিই কানে পরা হয়] a kind of earring (পদিনা ৬)

কুন্‌ঠুনু kunt^{h}unu দ্র কুন্‌ঠিত্যে (মেদিনী ২০)

কুন্‌ঠে kunt^{h}e দ্র কুন্‌ঠিং তুই কুন্‌ঠে যাবে--তুই কোথায় যাবি (মালদা ২, ৯) বাপ্ তু কুন্‌ঠে থেকে আলি হ্যে--বাবা তুমি কোথা থেকে এলে (মুর্শিদা ১১, ১৪, ১৭, ১৮, ২২, ২৩)

কুন্‌ঠেকার্ kunt^{h}ekɔr দ্র কুন্‌ঠিকর্ [কুন্‌ঠি] কুন্‌ঠেকার্ লোক্--কোথাকার লোক (দার্জিলি ২) তুম্‌রহা কুন্‌ঠেকার্ গে--তোমরা কোথাকার (পদিনা ৩) বিড়িগালা কুন্‌ঠেকার্--বিড়িগুলো কোথাকার (মুর্শিদা ২২)

কুন্‌ডা kundɑ বি গরুর গাড়ির অংশবিশেষ [এই অংশের সঙ্গে চাকা দুটি লাগানো থাকে এবং এই অংশের উপর 'বিল্লি' নামক একটি কাঠের অংশ লাগিয়ে তার উপর কাঠের বা বাঁশের পাটাতন বসানো হয়] a part of the bullock-cart (জলপা ৬)

★ **কুন্‌ডানো kundɑno** ক্রি চুলকানো, কুটকুট করা to feel or cause to feel repeated itching sensation কান্‌টা কুন্‌ডাহ্যে--কানটা চুলকাচ্ছে (পদিনা ৪) কুচ্ খাইলে গলা কুন্‌ডায়--কচু খেলে গলা চুলকায় (মেদিনী ৩০)

কুন্‌ডা

কুন্‌ডি kundi বি বাঁশের তৈরি গোলাকৃতি বেড় বিশেষ [মাছ রাখার বাঁশের পোলুই-এর মাঝে, কুমোরের চাকের বৃত্তাকার অংশের ভিতরে, ঢাকের বাজানোর স্থানের চতুর্দিকে এই বেড় লাগানো হয়] an encirclement made of bamboo which is used in various objects like wicker basket of catching fish, drum, a potter's wheel etc. (জলপা ১, ৭) ~ **খ্যালা kundi k^{h}æla** বি গ্রামীণ ক্রীড়া বিশেষ [একটি লোহার চাকাকে বিশেষ ধরনের আঁকশিযুক্ত একটি লোহার শিক দিয়ে পথে চালানো হয়] a type of rural game in which an iron-wheel is moved with an iron rod on the road (জলপা ৭)

কুন্‌ডো kundo দ্র কুন্‌ঠিং আপ্‌নার্ বাসা কুন্‌ডো?--আপনার বাসা কোথায়? (মুর্শিদা ১৬)

কুন্‌ডোলি kundoli বি গণ্ডি an encircling line ; a boundary-line (পুরুলি ৪)

কুন্‌ঢা^{1} kund^{h}ɑ বি কুমড়ো a guard (দার্জিলি ৩ পদিনা ৪, ১৫) ~ **উশ্‌না kund^{h}ɑ uʃnɑ** বি কুমড়ো দিয়ে তৈরি একপ্রকার মিষ্টান্ন [কুমড়োকে বড় বড় টুকরো করে সিদ্ধ করা হয় এবং শেষে গুড় দিয়ে পাক করা হয়। এই মিষ্টি খাবার চিঁড়ে বা মুড়ির সঙ্গে খাওয়া হয়] a sweetmeat prepared with the guard (পদিনা ৪)

কুন্‌ঢা^{2} kund^{h}ɑ দ্র কুন্‌ডানো (পদিনা ৪)

কুন্‌থেতে kunt^{h}ete ক্রি বিণ্ কোথা থেকে from where তি কুন্‌থেতে অশ্‌লো--তুই কোথা থেকে এলি? (পদিনা ২)

কুঁন্‌দ্ kũnd বি কামারশালে ধাতব জিনিসে পালিশ করার সরঞ্জাম বিশেষ [কাঠের তৈরি এই যন্ত্রটির মাঝে দড়ি বা লোহার চেন আটকিয়ে দুই হাতে ধরে ঘোরানো হয়] an wooden instrument which is used to polish the metalic things in the smithy (বাঁকুড়া ৭)

কুন্‌দ্‌রি^{1} kundri বি কুঁদ্‌রি নামক একপ্রকার সবজি [এটি অনেকটা তেলাকুচার মতো দেখতে। আকৃতি পটলের মতো হলেও কাটলে ভিতরটা শশার মতো। এটি তরকারি



কুন্দি

রান্না করে খাওয়া হয়] the fruit of a species of a creeping plant *Trichosanthes cucumerina* (বাঁকুড়া ১২ মেদিনী ৩৪) ~ **পাতার্ খোলাপোড়া kundri patar kʰolapoɽa** বি কুঁদ্‌রি নামক লতানে গাছের পাতা দিয়ে তৈরি একপ্রকার খাবার [এই পাতা বেটে রস চিপে ফেলে দিতে হয়। লঙ্কা ও সরষে বাটা মিশিয়ে সমস্ত বাটনাটি যে কোনো একটি পাতার মধ্যে রেখে পাতাটি মুড়ে কাঠি দিয়ে আটকে দেওয়া হয়। এরপর খুব অল্প আঁচে পাতাটি রেখে ঘণ্টাখানেক পোড়ানো হয়] a cooked preparation with the leaves of a creeping plant named '*Trichosanthes cucumerina* (মেদিনী ২০) ~ **পাতার্ বড়া kundri patar bɔɽa** বি একপ্রকার বড়া অর্থাৎ ভাজা খাবার [কুঁদ্‌রি গাছের পাতা শুকনোভাবে বেটে এর সঙ্গে লঙ্কা ও সরষে বাটা, নুন মিশিয়ে বড়া ভাজা হয়] a kind of chop prepared with the leaves of a creeping plant named *Trichosanthes cucumerina* (মেদিনী ২০) ~ **পোস্তু kundri postu** দ্র কুঁদ্‌রি [কুঁদ্‌রি ও আলু কেটে লঙ্কা, তেজপাতা, জিরে ফোড়ন দিয়ে ভেজে শেষে পোস্তবাটা, চিনি এবং জল দিয়ে সিদ্ধ করে একপ্রকার রান্না] a cooked preparation of potato and the fruits of a creeping plant named *Trichosanthes cucumerina* (মেদিনী ৩৪)

কুন্দ্‌রি[২] **kundri** বি একপ্রকার কণ্ঠাভরণ [সোনার তৈরি নারকেল কুলের মতো বল তিনটি থেকে শুরু করে সাতটি বা তারও বেশি বিজোড় সংখ্যায় একটি করে গেঁথে গলায় পরা হয় [মেদিনীপুর জেলারই অন্য থানায় এটি 'গেম্‌রিয়া' নামে অভিহিত] a kind of necklace made of gold (মেদিনী ১৮)

কুন্দ্‌লা kundla বিণ হৃষ্টপুষ্ট roly poly কুন্দ্‌লা পানা ছেলে--নাদুসনুদুস ছেলে (নদীয়া ১১) ['পানা' অর্থ মতো]

কুন্দ্‌লি kundli দ্র কুন্দ্‌রি[১] (মেদিনী ১, ৬, ১৮, ১৯, ২২, ২৬)

কুন্দা[১] **kunda** বি মোটা কাঠ a stump or trunk (মালদা ১)

কুন্দা[২] **kunda** বিণ ফালি বা টুকরো a small slice or piece এ্যাক্ কুন্দা লেবু--এক ফালি লেবু (বাঁকুড়া ১৮)

কুন্দা[৩] **kunda** বি কোণ the inside or interior, a corner কুন্দার্ মদ্দে লুকিয়ে আছে--কোণের মধ্যে [কোণে] লুকিয়ে আছে (মুর্শিদা ১৬) ~ **করা kunda kɔra** ক্রি (বাঁশ) কাটা [অন্য বস্তুর ক্ষেত্রে 'কাটা' বলা হয়] to lop a bamboo (বাঁকুড়া ৫) ~ **গুড়্ kunda guɽ** বি আখের গুড় the molasses of sugarcane (মেদিনী ৮)

কুন্দি kundi বি নৌকার গলুই the prow or the stern of a boat (চব্বিশ ২১)

কুন্দুনি kunduni বি নারকেল কুরুনি a coconut-scraper (বীরভূ ৫)

কুন্দুয়া kundua দ্র কুঁদো[২] (বাঁকুড়া ৭)

কুন্দুর্‌খা kundurkʰa দ্র কুঁদুর্‌খাই (মেদিনী ১৮)

কুন্দুরি kunduri দ্র কুঁদুর্‌খাই (মালদা ৬)

কুন্দুল্[১] **kundul** দ্র কুন্দ্‌রি[১] (মেদিনী ১৮)

কুন্দুল্[২] **kundul** দ্র কুঁদুড়্‌কি (বর্ধমা ২)

কুন্দো[১] **kundo** বি গাছের গুঁড়ি a stump or trunk of a tree (বাঁকুড়া ১৯)

কুন্দো[২] **kundo** বি ধান ভিজানোর জন্য ব্যবহৃত বড় মাটির গামলা বিশেষ [তু দ্র কুড়ি[২]] a big earthen basin which is used to make wet the paddy (বর্ধমা ৪ বীরভূ ১০)

কুঁন্দোন্দার্ kũndondar বি কামারশালে ধাতব বাসনপত্র [কাঁসা পিতল ইত্যাদির থালাবাসন] যে ব্যক্তি পালিশ করে [যে কুন্দ্ বা কুঁদযন্ত্র দ্বারা পালিশ করে] he who polishes the metalic utensils in a smithy (বাঁকুড়া ৭)

কুঁন্দো বাঁশ্ kũndo bãʃ বি বাঁশের দুইটি পর্ব সমন্বিত অংশ [মাঝে একটি গাঁট থাকে] the particular space of a bamboo where is one node in middle (বাঁকুড়া ১০)

কুন্‌ধি kundʰi বি কুঁড়ি a bud (পদিনা ৩)

কুন্‌ধির্ kundʰir ক্রি বিণ কোনদিক which direction কুন্‌ধির্ তে ওউল্--কোনদিক থেকে এল (পদিনা ৯) তু আ বা কোন + ধার

কুঁন্‌ধু kũndʰu দ্র কুঁদু (বাঁকুড়া ৫)

কুন্‌ধে kundʰe দ্র কুন্‌খেন্‌কে [কুন্[১]] (মুর্শিদা ১৫)

কুন্‌না[১] **kunna** দ্র কুন্‌খেন্‌কে [কুন্[১]] কুন্‌না থুইসি--কোথায় রেখেছিস? (পদিনা ৭, ১০, ১২) কুন্‌না তোইরি হাচ্যে--কোথায় তৈরি হচ্ছে? (পদিনা ১৩)

কুন্না[২] **kunnɔ** বি [চাল রাখার কাজে ব্যবহৃত] মাটির জালা বিশেষ an earthen barrel which is used to keep rice (মালদা ৯) [তু কুই[৩]]

কুন্না[৩] **kunnɔ** বি ছুতার মিস্ত্রির কাঠ চাঁচার সরঞ্জাম র‍্যাঁদার কাঠামো the wooden frame of a carpenter's plane (মালদা ১)

কুন্নি[১] **kunni** দ্র কুন্দুনি (মুর্শিদা ১০, ১৭ মেদিনী ২৯ হাওড়া ৩ হুগলি ১১)

কুন্নি[২] **kunni** বিণ অলস (স্ত্রী) a lazy (woman) (পদিনা ১৪)

কুন্নি[৩] **kunni** বি লোহার খুন্তি a cooking tool (made of iron) resembling a spud (বাঁকুড়া ১৮)

কুন্নি[৪] **kunni** বি নখকুনি [নখের কোণ থেকে ওঠার অসুখ বিশেষ] whitlow, a painful ingrowing nail (বর্ধমা ৯, ২০)

কুন্নি[৫] **kunni** বি রাজমিস্ত্রীর কাজে ব্যবহৃত কর্নিক a trowel (বীরভূ ৫ মালদা ২ হাওড়া ২) ~ **বোঁটি kunni bõṭi** দ্র কুন্দুনি (চব্বিশ ৩৭) ~ **বোঁঠি kunni bõṭʰi** দ্র কুন্দুনি (মেদিনী ৩৫)

কুন্নে kunne বি কনুই the elbow (বীরভূ ৮)

কুন্নো কোটা kunno koṭɔ দ্র কুট্‌নো কাটা (হুগলি ৫, ১২)

কুন্বাটে kunbaṭe দ্র কুন্খেন্‌কে (মেদিনী ১৫)

কুন্বা kunba দ্র কুন্[১] (জলপা ৭)

কুন্বালা kunbalɔ ক্রি বিণ কবে on what day কুন্বালা তি কল্‌কাতা গেহিলু--কবে তুই কলকাতায় গেলি? (পদিনা ৯) তু আ বা কোনবেলা? (কোনসময়)

কুন্ভিতি kunbʰiti ক্রি বিণ কোন্‌দিকে to what direction কুন্ভিতি গেইলো, এরাই আয়--কোন্‌দিকে গেছলি, এদিকে আয় (মালদা ৫) [দ্র কুন্[১]] < কোন্ + ভিত (= দিক)

কুন্মা kunmɔ দ্র কুন্ভিতি কুন্মা যাউঠু--কোথায় যাচ্ছিস? (মেদিনী ২১) ওয়ে, মুই কুন্মা জাইঠিলি রে--ওরে, আমি কোন্‌দিকে গিয়েছিলাম রে? (মেদিনী ৩৪) তোনে কুন্মা যাবু আগু ক'--তোরা কোন্‌দিকে যাবি আগে বল (মেদিনী ১৯, ২২, ২৬) তু আ বা কোনমুখে

কুন্রো kunro দ্র কুন্খেন্‌কে [কুন্[১]] কুন্রো পেলি?--কোথায় পেলি? (মুর্শিদা ১৪)

কুন্লা kunlɔ সর্ব, বিণ কোন্‌গুলো which ones কুন্লা কিনি আউলু--কোন্‌গুলো কিনে আন্‌লি? (দার্জিলি ৩ পদিনা ৩, ১০, ১৩)

কুন্শুনি kunʃuni বি ধাত্রী a midwife, a wet-nurse (মেদিনী ৩১)



কুন্নি[১]

কুন্হ kunhɔ সর্ব, বিণ কোনো any (পদিনা ৩ মেদিনী ২০) ইহাত্ মোর্ কুন্হ মত্ নি--এ ব্যাপারে আমার কোনো মতামত নেই (পদিনা ৩)

কুন্হা[১] **kunha** ১ দ্র কুন্খেন্‌কে [কুন্[১]] ২ দ্র কুন্ভিতি কুন্হা গেইলো, এব্‌দি আয়--কোন্‌দিকে বা কোথায় গিয়েছিলি, এদিকে আয় (মালদা ৫) ৩ সর্ব, বিণ কোথা where কুন্হা থেকে আস্‌লু--কোথা থেকে এলি? (মালদা ১১)

কুন্হা[২] **kunha** দ্র কুন্হ উয়ায় কুন্হা ব্যালায় আস্‌বে--ও যে-কোনো সময় আসবে (পদিনা ৪)

কুন্হি kunhi দ্র কুন্বাটে [কুন্[১]] কুন্হি যেছিস্?--কোনখানে যাচ্ছিস? (মুর্শিদা ২৩)

কুন্হিয়া kunhiɔ দ্র কুন্খেন্‌কে [কুন্[১]] এইলা তুই কুন্হিয়া পালো?--এগুলি তুই কোথায় পেলি? (পদিনা ২, ৩)

কুন্হে kunhe দ্র কুন্খেন্‌কে [কুন্[১]] কুন্হে যাছি?--কোথায় যাচ্ছিস? (মালদা ৮)

কুন্হো kunho দ্র কুন্হ কুন্হো রকম্ বিছাবিছি নি--কোনোরকম বাছবিছার নেই (পদিনা ৩)

কুন[১] **kunɔ** দ্র কুন্হ কুন কথা আছে--কোইবু?--কোনো কথা আছে--বলবি? (মেদিনী ২৬)

কুন[২] **kunɔ** বিণ ঘরকুনো home-keeping কুন মুর্‌গি--ঘরকুনো মুরগি (মুর্শিদা ১৪)

কুনকো kunɔko দ্র কুন্নি[৪] (চব্বিশ ৮)

কুনা[১] **kunɔ** বিণ পুং অর্থে masculine, male কুনা বিলেই--পুং বিড়াল (মেদিনী ১৪, ২৭, ২৮)

কুনা[২] **kunɔ** দ্র কুন্নে (বর্ধমা ১৮)

কুনা[৩] **kunɔ** দ্র কুন্দা[৩] চোখের্ কুনা--চোখের কোণ (বীরভূ ৯) < কোণ

কুনা[৪] **kunɔ** দ্র কুন্খেন্‌কে [কুন্[১]] ওইটা কুনা পালু--ঐটা কোথায় পেলি? (মালদা ৬)

কুনা[৫] **kunɔ** বিণ পিতামাতার জ্যেষ্ঠ পুত্র the elder son (বাঁকুড়া ১৫ মেদিনী ১৫) [স্ত্রী কুনি]

কুনাই kunɔĭ দ্র কুন্নে (হাওড়া ৩ হুগলি ৮)



কুনাচ্

কুনাচ্ **kunac** বি মাটির বাড়ির চালের কাঠামোয় চারকোণে ব্যবহৃত চারটি কাঠ বা বাঁশ four structural wood or bamboo used on four corner of a mud-house (পুরুলি ৩ বীরভূ ১১)

কুনাঠে **kunat^{h}e** ক্রি বিণ কোথাও anywhere, at or in any place তুই এ্যাখন্ কুনাঠে যাই না, অয় জইখনি হোক্ আইস্‌বে এ্যাখন্—তুই এখন কোথাও বাস না, ও যখন হোক আসবে [যে কোনো সময় এসে পড়বে] (মালদা ৬)) < কোন + ঠাঁই

★ কুনানো **kunano** ক্রি ব্যথা করা to pain, to ache খিদে পেলে পেট্ কুনায়—ক্ষুধা পেলে পেট কামড়ায় (বর্ধমা ৬) তু আ বা কনকন, কনকনি

কুনি[১] **kuni** দ্র কুন্‌নে (চব্বিশ ৭, ২০, ৩১ পদিনা ১২ বর্ধমা ২, ১৮, ১৯, ২০ বাঁকুড়া ৭ হাওড়া ১০)

কুনি[২] **kuni** বিণ ১ ক্ষণকাল an instant তুই দাঁড়াস্ কুনি—তুই একটু দাঁড়াস্ (নদীয়া ৫) < ক্ষণ ২ সামান্য very small in number or amount (নদীয়া ৫) তু আ বা কণা, কণিকা

কুনি[৩] **kuni** বি নখ a nail (মালদা ১১ মুর্শিদা ১৫, ১৮, ১৯, ২২)

কুনি[৪] **kuni** দ্র কুন্‌নি[৪] (চব্বিশ ২১ পদিনা ১ বর্ধমা ১৩ হুগলি ১৬) কুনি ওঠা—নখকুনি হওয়া (চব্বিশ ২১) ~ ঘা **kuni g^{h}a** দ্র কুন্‌নি[৪] (বর্ধমা ২) ~ পাক্ **kuni pak** দ্র কুন্‌নি[৪] (পদিনা ১৪ মালদা ২) ~ পাকা **kuni paka** দ্র কুন্‌নি[৪] (হুগলি ১৫) ~ পোকা **kunipoka** দ্র কুন্‌নি[৪] (পদিনা ১০) ~ বসা **kuni basa** দ্র কুন্‌নি[৪] (চব্বিশ ১০ পদিনা ১১ মুর্শিদা ২২)

কুনি[৫] **kuni** বি পিতামাতার জ্যেষ্ঠা কন্যা the elder daughter (বাঁকুড়া ১৫ মেদিনী ১৫) [পুং কুনা] < কন্যা

কুনি[৬] **kuni** বি চোখের কোণ the edge or border of the eye (পদিনা ৬, ১২) [তু কুনদা[৩], কুনা[৩]]

কুনি[৭] **kuni** বি ১ খুদের চেয়েও ছোট কালো কণা বিশেষ, যা তুষের সঙ্গে মিশ্রিত থাকে (বর্ধমা ২) < কণা ২ অপুষ্ট চাল undeveloped rice (পুরুলি ৭) ৩ কুঁড়ো the powdery crust of rice beneath the husk; rice-powder (জলপা ৭) < কণা

কুনিক্ **kunik** দ্র কুনি[২] (জলপা ৭)

কুনিকার্ **kunikar** বিণ কোথাকার of or from which or what place (পদিনা ১০)

কুনিয়া[১] **kunia** বি কাঠের টুল-এর অংশ বিশেষ a part of a stool (বীরভূ ১৪)

কুনিয়া[২] **kunia** দ্র কুন্‌নে (পদিনা ৩)

কুনু[১] **kunu** বিণ সর্বকনিষ্ঠ youngest কুনু ভাই বা কুনু বোন্ বা কুনু ছেলে—সর্বকনিষ্ঠ ভাই, বোন বা ছেলে (বাঁকুড়া ১৮) [তু কুনা[৫], কুনি[৫]]

কুনু[২] **kunu** সম্বো ছোট শিশুর প্রতি আদরসূচক সম্বোধন an address of love to a baby (মেদিনী ৮, ২৫)

কুনু[৩] **kunu** ১ দ্র কুন্‌হ (বীরভূ ৪, ৮ হুগলি ১৫) জোমির্ কুনু জায়গায় ঘনো রুয়া, কুনু জায়গায় পাত্‌লা রুয়া—জমির কোনো স্থানে ঘন ভাবে বপন করা এবং কোনোস্থানে পাতলা ভাবে বপন করা (হুগলি ১৫) ২ সর্ব কিছু anything ও কুনু খায় না—ও কিছু খায় না (মেদিনী ৩৩)

কুনুই **kunuI** দ্র কুন্‌নে (বর্ধমা ২, ১২ বাঁকুড়া ১২ হাওড়া ১, ৬)

কুনুচি[১] **kunuci** বি চিড়া তৈরির সময় ধান কাঁড়ার সরঞ্জাম বিশেষ [উনানে মাটির খোলায় ধান নাড়ার পরে কুনুচিতে কাঁড়া হয়। এরপর ঢেঁকিতে এককুড়ি ছয়টা পাড় দিয়ে প্রতি আধপাই ধানের চিড়া তৈরি হয়] a sieve to husk paddy before preparing flattened rice (বাঁকুড়া ১৭)

কুনুচি[২] **kunuci** বি বাঁশগাছের শুকনো খোল the dry rind of a bamboo-tree (বাঁকুড়া ১৪)

কুনে[১] **kune** বি কনে a bride (বর্ধমা ৫) < কন্যা

কুনে[২] **kune** বি কাঠের গুঁজি, এটি ছুতারের ব্যবহৃত 'ফিশ্‌কাপ্' নামক কাঠ চাঁচার সরঞ্জামের অংশ a short stake which is a part of the plane of carpenter (বর্ধমা ৫)

কুনে[৩] **kune** দ্র কুন্‌নে (বর্ধমা ২, ৪ বীরভূ ২, ১৪)

কুনেহিকার্ **kunehikar** দ্র কুন্‌ঠিকর্ ছুয়াগুলা কুনেহিকার্?—ছেলেগুলো কোথাকার (মালদা ১১)

কুনো[১] **kuno** দ্র কুন্‌নে (চব্বিশ ৩৯ নদীয়া ১০, ১৩ বর্ধমা ৫, ৬, ৮; ১৬, ২০, ২৫ বীরভূ ৮ হুগলি ১২, ১৫, ১৬)

কুনো[২] **kuno** দ্র কুন্‌হ (জলপা ৬ বীরভূ ১৪ হাওড়া ১, ৮)

কুনো[৩] **kuno** দ্র কুনু[৩] -২ কুনো বলে না—কিছু বলে না (দার্জিলি ৩)

কুনো[৪] **kuno** দ্র কুনা[১] কুনো বিরাল্—পুং বিড়াল (মেদিনী ২৮)

কুনো[৫] **kuno** দ্র কুন[২] (হুগলি ১৫) ~ **বক্ kuno bɔk** দ্র কুজ্‌বগ্ (নদীয়া ১০)

কুনোই[১] **kunoĭ** দ্র কুন্‌নে (বর্ধমা ১৮ হুগলি ১৫)

কুনোই[২] **kunoĭ** বি নখের কোণ corner of a nail (পদিনা ১২) < কোণ

কুনোকা kunoka দ্র কুন্‌নি[৪] (চব্বিশ ২০, ৩৩ হাওড়া ১০)

কুনোট্ kunoṭ বি পায়ের কড়া a corn on the foot (পদিনা ১৪)

কুনো বগ্[১] **kuno bɔg** দ্র কুজ্‌বগ্ (হুগলি ১৫)

কুনো বগ্[২] **kuno bɔg** বিণ ঘাড়কুঁজো [লোক] hunch-backed (নদীয়া ৪)

কুনো বট্ kuno bɔṭ দ্র কুজ্‌বগ্ (নদীয়া ১০)

কুন্যে[১] **kunɛ** বি কাঁচা আমের কুশি the undeveloped stone of a green mango (বীরভূ ১১)

কুন্যে[২] **kunɛ** দ্র কুন্‌নে (বর্ধমা ২০)

কুপ্[১] **kup** বি পয়সা জমানোর মাটির ভাঁড় a small earthen pot which is used to store coins in it (পুরুলি ১১, ১২ বাঁকুড়া ১৫)

কুপ্[২] **kup** বি কোক কয়লা বা রান্নার কাজে ব্যবহৃত ধোঁয়াহীন কয়লা বিশেষ coke (পুরুলি ৪)

কুপ্[৩] **kup** বি প্রায় শুকিয়ে যাওয়া নদী-গর্ভস্থ জলাশয় [গ্রীষ্মকালে নদীতীর থেকে জল দূরে চলে যায়। তখন নদীর যেখানে জল সঞ্চিত থাকে সেই স্থান] the river-bed in which the stagnant water of the river is stored by itself when the proper river-tide moves away in the summer (মুর্শিদা ২৩) < সং কূপ

কুপ্‌কাপ্ লড়া kupkap lɔṛa ক্রি মাছের ঘাই মারা to strike a noisy stroke on the surface of water made by a large fish with its tail (বীরভূ ১১)

কুপ্‌কি kupki বি কপাল the forehead (মেদিনী ২৮)

কুপ্‌কুপে kupkupe বিণ, ক্রি বিণ ঘুটঘুটে deeply darkening কুপ্‌কুপে আঁধার্—ঘুটঘুটে অন্ধকার (মুর্শিদা ২৪)

কুপ্‌চা kupca বিণ কোঁকড়া curled কুপ্‌চানো চুল্—কোঁকড়ানো চুল (বাঁকুড়া ১৫)

কুপ্‌চোনো kupcono দ্র কুপ্‌চা কুপ্‌চোনো চুল্—কোঁকড়ানো চুল (হুগলি ১২)

কুপ্‌ড়ি kupṛi বি মাটির কলসি an earthen pitcher (বাঁকুড়া ১২ মেদিনী ২৫)

কুপা[১] **kupa** বি লম্ফ বা কুপি, কেরোসিনের আলো a small oil-lamp especially a kerosene lamp (জলপা ৭ পদিনা ১, ৪, ৬ মালদা ৮) < সং কূপিকা, কূপী

কুন্যে[১]

কুপা[২] **kupa** বি কেরোসিন কুপির সলতেযুক্ত নল 'কুলুপ'-এর ঠিক নিচের অংশ [দ্র কুলুপ্] (দার্জিলি ৩)

কুপা[৩] **kupa** বি ফানেল a funnel (কোচবি ৬ জলপা ৭)

কুপা[৪] **kupa** বি মাটির তৈরি ছোট তৈলপাত্র [১৫০-২০০ গ্রাম তেল ধরে এমন মাটির ছোট তেল রাখার পাত্র] an earthen pot which is used to put oil into it about 150 to 200 grams of quantity (মুর্শিদা ১৯) < সং কূপিকা, কূপী

কুপা[৫] **kupa** বি খেজুর রস পাড়ার জন্য ব্যবহৃত মাটির ভাঁড় বিশেষ an earthen pot which is used to collect juice or sap from the date-palm (বাঁকুড়া ১২)

কুপা[৬] **kupa** বিণ প্রতিবন্ধী handicapped (মুর্শিদা ২)

কুপাক্[১] **kupak** বিণ খল hypocritical (বাঁকুড়া ১৩) < কু + পাক

কুপাক্[২] **kupak** দ্র কুপ্‌কুপে কুপাক্ অন্ধকার্—গভীর অন্ধকার (মেদিনী ৩৪)

কুপাকে kupake বিণ কুচক্রী a plotter লোক্‌টা বড় কুপাকে আছে—লোকটা খুব ঝামেলাবাজ (বাঁকুড়া ৪) দ্র কুপাক্[১]

কুপান kupanɔ ক্রি [কোদাল দিয়ে মাটি] কোপানো to dig (with a spade) (মেদিনী ১৫) কুপাবো—কেটে ফেলব [গালি অর্থে] (নদীয়া ৪) কুপিয়ে কাটা—কোপ দিয়ে কাটা (চব্বিশ ২১)

কুপি kupi বি ছোট আকারের নিড়ানি [এর সাহায্যে পিঁয়াজ ক্ষেতে কাজ করা হয়] a small weeding-tool which is used in the field of onion (মুর্শিদা ১৬)

কুপুর্‌শা kupurʃa বি একপ্রকার ভূত a kind of evil spirit or ghost (মেদিনী ২১)

কুপ্যা kupæ বি মাটির বড় জালা an earthen barrel (মুর্শিদা ২২) [দ্র কুপ্‌ড়ি ৫]

কুপ্যাঁচা kupæ̃ca দ্র কুপাক্[১] (চব্বিশ ২৭)

কুম্‌কুম্ প্যাক্

কুফোজ্জো kup^{h}ojjo বিণ বেইজ্জত disgraced (জলপা ৪)

কুব্‌চানো kubcano বিণ কুঁচকানো shrunk or shrivelled (হুগলি ৫) < কুঞ্চিত

কুব্‌জি kubji বিণ কুব্জ humpbacked (মেদিনী ৩৩) < সং কুব্জ

কুব্‌ড়ি kubɽi দ্র কুপ্‌ড়ি (বাঁকুড়া ৬, ১১)

কুব্‌ড়ো kubɽo বি কুঁজ a hump (বাঁকুড়া ১)

কুবা[১] kuba দ্র কুব্‌জি কুবা লোক্—কুব্জ লোক (পুরুলি ৪ মেদিনী ৫, ৯, ২৫, ২৯, ৩৩)

কুবা[২] kuba ক্রি বিণ কুঁজো to walk like humpbackd লোক্‌টা কুবা হয়ে চোল্‌ছে—লোকটা কুঁজো হয়ে চলছে (মেদিনী ২৫)

কুবা[৩] kuba বিণ উঁচু raised পায়ে ঘুসুম্ লেগে গুটি বেজে গিয়েছিল, এ্যাখন্ সেখান্‌টা কুবা হয়ে আছে—পায়ে নুড়ি লেগে গুটির মতো হয়ে গিয়েছিল, এখন সেখানটা উঁচু হয়ে আছে (মেদিনী ২৭) তু হি কুবড়া (দাস)

কুঁবা kũba ১ দ্র কুঁজি[১] [এখানে কুঁড়েঘর তৈরির পদ্ধতি অন্যরকম। একটি খাটিয়ার চার পায়াতে খোঁটা বেঁধে অস্থায়ী চালা তৈরি হয়। তার উপরে এবং নিচের জমিতে বিচালি বিছানো হয়। জমির বিচালির উপরে পাহারাদার শুয়ে থাকে] (পুরুলি ৫) ২ ছিটেবেড়ার ঘর a hut--wall made of mud-plastered bamboo laths (পুরুলি ৫)

কুবির্[১] kubir বি বড় প্রদীপ a big earthen lamp কুবিরের্ ভাণ্ডার্—প্রদীপের আলো [বরকনে বাসরঘরে 'কুবিরের্ ভান্‌ডারে' অর্থাৎ প্রদীপের আলোয় বসে] (বাঁকুড়া ১৬)

কুবির্[২] kubir বি শ্রাদ্ধানুষ্ঠানের প্রদীপ এবং আনুষঙ্গিক দ্রব্যাদি [ক্ষৌরকর্মের দিন ঘরে প্রদীপ জ্বেলে তার পাশে এক ভাঁড় তেল, এক ভাঁড় খই ও একসের সিদ্ধচাল রাখা হয়। এগুলিকে একত্রে 'কুবির্' বলা হয় এবং ঐ ঘরকে বলা হয় 'কুবির্ ঘর্'। এই অনুষ্ঠানের নাম 'কুবির্ পাতা'। ব্রাহ্মণ এসে ঐ সামগ্রীগুলির পূজা করে মৃতের নাম স্মরণ করে] a big lamp and other allied materials of *sraddha* (বাঁকুড়া ১৩) ~ **ঘর্ kubir g^{h}ɔr** দ্র কুবির্[২] (বাঁকুড়া ১৩) ~ **পাতা kubir pata** দ্র কুবির্[২] kubir (বাঁকুড়া ১৩)

কুবুদ্ধিয়া kubudd^{h}ia দ্র কুপাক্[১] (পদিনা ৪)

কুবু হওয়া kubu hɔ̆a ক্রি নিচু হওয়া, নুয়ে পড়া to bent down কুবু হয়ে ঝাঁটাচ্ছে—হেঁট হয়ে ঝাঁট দিচ্ছে (পুরুলি ১১)

কুবো কুবো kubo kubo বিণ ফুলোফুলো raised, swelled up (মেদিনী ৭)

কুবো পাখি kubo pak^{h}i বি কুকোপাখি coucal, crow-pheasant; *Centropus sinesis* (জী. অ) (বর্ধমা ২০ হাওড়া ১০)

কুব্য kubɛ দ্র কুব্‌জি (মেদিনী ১৩)

কুম্[১] kum বি কচুরিপানা water-hyacinth, *Pontideria crassipae* (জী. অ) (জলপা ৯ পদিনা ৯)

কুম্[২] kum বি মাটির হাঁড়ি an urn-shaped earthen pot which is used as kitchen-utensil (পুরুলি ১৫)

কুম্[৩] kum বি কুম্ভকারের পনের জ্বালামুখ [অর্থাৎ যে স্থানে আগুন দেওয়া হয়] fire-place of potter's kiln (চব্বিশ ১) ~ **কোল্‌সি kum kolsi** বি পূর্ণকলস [বিবাহানুষ্ঠানের উপকরণ বিশেষ। ছাঁদনাতলায় জলভরা একটি কলসি রাখা হয়। সন্ধ্যায় বর এলে কনের মা বা বৌদি—যিনি সধবা, তিনি এই কলসি কাঁখে নিয়ে বর নামিয়ে আনতে যান। বর আনার পর পুনরায় কলসিটি ছাঁদনাতলায় রাখা হয়। পূর্ণকলস মঙ্গলকলসের প্রতীক অর্থাৎ এটি মাঙ্গলিক চিহ্ন—পূর্ণকুম্ভ] a pitcher completely filled with water (বীরভূ ১১)

কুম্‌কুম্ প্যাক্ kumkum pæk বি কামপাখি *Porphyrio porphyrio* (বীরভূ ১১)

কুম্‌কুমা kumkuma বি কুম্‌কুম্ *kumkum*--liquied red coloured and scented water (পদিনা ৬ মালদা ৪)

কুম্‌কুমি kumkumi দ্র কুম্‌কুমা (চব্বিশ ২১ বীরভূ ১১)

কুম্‌টি kumti বি কপালের রগ বা কপালের দুইপাশ the temple, the flat portion of either side of the head above the cheekbone (মেদিনী ২৬)

কুম্‌টিয়া kumtia দ্র কুপাক্[১], কুপ্যাচা মহা কুম্‌টিয়া লোক্—খুব প্যাঁচালো লোক (বাঁকুড়া ১৮) < তু আ বা কুটিল

কুম্‌টে পাখি kumte pak^{h}i দ্র কুম্‌কুম্ প্যাক্ (বাঁকুড়া ৯)

কুম্‌ড়া kumɽa দ্র কুপ্‌চা কুম্‌ড়া চুল্—কোঁকড়া চুল (বীরভূ ৫) ~ **গোড়্ kumɽa goɽ** বি একপ্রকার আমন ধান a kind of late autumnal crop of paddy (চব্বিশ ১১ হাওড়া ১০)

কুম্ড়ান kumɽɑnɔ দ্র কুন্ডানো (বাঁকুড়া ১১ বীরভূ ১)

কুম্ড়ি kumɽi বি ভুঁইকুমড়ো [একপ্রকার ছোট জাতের চালকুমড়ো, মাঠে হয়। বাড়ির চালে যে কুমড়ো হয় তাকে 'কুম্ড়া' বা 'কুম্ড়ো' বলে] a kind of pumpkin which grows on the field, not on the thatch, *Ipomoea paniculata* (পদিনা ৭, ১০, ১২)

কুঁম্ড়ে যাওয়া kũmɽe jaŏa ক্রি (শীতে) কুঁক্ড়ে যাওয়া to shiver with cold (চব্বিশ ৮)

কুম্ড়েয়্যা kumɽeæ বি গরুর গাড়ির অংশবিশেষ [গরুর গাড়ির কাঠামোর নিচে দুদিকে লম্বালম্বিভাবে যে চার হাত লম্বা বেশ ভারি কাঠ থাকে] a part of a bullock-cart--near about four feet long and weighty wood used on structure of bullock cart (বীরভূ ১)

কুম্ড়ো kumɽo দ্র কুম্ড়ি [মিষ্টি কুমড়োকে এখানে 'সৌর লাউ' বলে] (চব্বিশ ৩৩) ~ **পোকা kumɽo pokɑ** বি লালরঙের একপ্রকার পোকা [যা লাউ, কুমড়োর কচি পাতায় দেখা যায়] a kind of red insect generally lives on the leaf of bottle-gourd or pumpkin (হাওড়া ৮) ~ **র্ এঁতো kumɽor ẽto** বি কুমড়োর ভিতরের ঝিরিঝিরি নরম এবং বিচিযুক্ত অংশ the inedible pulp within a pumpkin (হাওড়া ৮) ~ **র্ ফাঁক্ kumɽor pʰãk** বি কুমড়োর ফালি a small strip of a pumpkin (বর্ধমা ৪)

কুম্ড়োনো kumɽono দ্র কুন্ডানো (বাঁকুড়া ৮)

কুম্ঢ়া kumɽʰɑ দ্র কুঅ (পুরুলি ১২)

কুম্ঢ়ি kumɽʰi দ্র কুন্ধি (পদিনা ৩)

কুম্নি kumni দ্র কুন্নে (মেদিনী ৩৩)

কুম্ন্যা kumnæ দ্র কুপাক্[১] (পুরুলি ১৩) < কু মন যাহার

কুম্ন্যে kumnɛ দ্র কুন্খেন্কে [কুন্[১]] (মুর্শিদা ১৪)

কুম্পেট্ kumpeʈ বি গলাবন্ধ (মাফলার) a muffler (মেদিনী ৮)

কুম্ভির্ kumbʰir বি কুমির a crocodile (জলপা ৭) < সং কুম্ভীর

কুম্মার্ মাটি kummɑr mɑʈi বি এঁটেল মাটি [যা কুম্ভকারের কাজে লাগে] the clayey soil (জলপা ৭)

কুম্রা[১] kumrɑ বি, বিণ কুমারী a maiden (মালদা ২)

কুম্রা[২] kumrɑ বিণ কোঁকড়া [চুল] curled [hair] (বর্ধমা ৭)

কুম্রানো kumrɑno দ্র কুটানো[২] (বাঁকুড়া ৮)

কুম্রি kumri বি কড়িকাঠ [মাটির বাড়ির কাঠামোর মুখ্য উপকরণ বিশেষ। এটি মোটা বাঁশ বা কাঠের তৈরি] a joist (মুর্শিদা ১২)

কুম্ভির্

কুম্রিয়্যা কাঠ্ kumriæ kɑtʰ বি গরুর গাড়ির কাঠামোর দুটি মূল কাঠ বিশেষ [এই কাঠদুটি আড়াআড়িভাবে বসিয়ে তার উপর বাঁশ দিয়ে তৈরি মাচা-কাঠামো বসানো হয়] two principal wood used in the structure of a bullock-cart (মেদিনী ৩৪)

কুম্রো kumro দ্র কুম্রা[২] (বর্ধমা ২)

কুম্র্যা kumræ দ্র কুম্রি (পুরুলি ৭, ৮)

কুম্র্যানো kumræno ক্রি তর্জন-গর্জন করা to roar or shout angrily ঐ ছেলেটা কুম্র্যাচ্ছে--ঐ ছেলেটা তর্জন গর্জন করছে (মুর্শিদা ২৪)

কুম্লা[১] kumlɑ বি নলখাগড়া [ডালবিহীন এই উদ্ভিদের কাণ্ড থেকেই পাতা গজায় এবং এটি পানবরজের উপরে ছাউনি হিসাবে ব্যবহৃত হয়] a reed, *Amphidonax karke* (উ. অ.) (মেদিনী ১৫, ৩৫)

কুম্লা[২] kumlɑ বি চারাগাছ sapling (জলপা ১)

কুম্হা[১] kumhɑ দ্র কুঅ (মালদা ৯ মুর্শিদা ১৯, ২২)

কুম্হা[২] kumhɑ বি ছায়া a shadow জলত্ কুম্হাডা দ্যাখা যাচ্ছে--জলে ছায়াটা দেখা যাচ্ছে (পদিনা ৩, ৪)

কুম্হা[৩] kumhɑ দ্র কুঁজি[১] (পুরুলি ৩, ৬, ১৪ বাঁকুড়া ১, ৫)

কুম্হার্ kumhɑr বি কুম্ভকার the potter (পুরুলি ৫)

কুম্হারিন্ kumhɑrin বি কুম্ভকারের স্ত্রী the wife of a potter (পুরুলি ৫)

কুম্হারুয়া kumhɑruɑ বি কুম্ভকার a potter (মালদা ৯)

কুম্হারো kumhɑro দ্র কুম্হারুয়া (মেদিনী ৩১)

কুম্হুয়া kumhuɑ দ্র কুঁজি[১] (বাঁকুড়া ১)

কুম্হের্ kumher দ্র কুম্[১] (পদিনা ৩)

কুম্হোড়্ kumhoɽ দ্র কুম্ড়ি (মালদা ১১)

কুম্হ্যা kumhæ বি কুয়ো a well (মুর্শিদা ২২)

কুমনি kumɔni বিণ যে স্ত্রীলোকের কু (খারাপ) মন [পুং কুম্ন্যা] an woman having a wicked or harmful thoughts or inclination (পুরুলি ১৩) < কু মন

কুমঙ্গল্ kumɔŋgɔl বিণ অমঙ্গল evil, absence of welfare (জলপা ৭)



কুমিরে খিল্

কুমা kuma দ্র কুম্হ্যা (পুরুলি ৪, ১৭ বীরভূ ৮ মালদা ১১ মেদিনী ৫, ৭, ২৫)

কুমাই ইন্দুর্ kumaĭ indur বি বিলিতি ইঁদুর a white coloured mouse (জলপা ৪)

কুমাঠিকার্ kumaʈhikar দ্র কুন্ঠাকার্ [কুন্ঠা] কুমাঠিকার্ তিয়ারি--কোথাকার তৈরি? (পদিনা ৪)

কুমাড়া kumaɽa বিণ অবিবাহিত unmarried কুমাড়া চেঙ্ড়া--আইবুড়ো ছেলে (মালদা ৭) তু আ বা কুমার

কুমানুশ্ kumanuʃ দ্র কুপাক্[১] (জলপা ৭)

কুমায়েস্ kumaes দ্র কুম্হা[২] (পদিনা ১)

কুমার্খাল্ kumarkʰal বি নদী বা পুকুরপাড়ে যে গর্ত খুঁড়ে কুম্ভকার মাটি সংগ্রহ করে the hole, which is dug by a potter on the bank of a river or pond to collect the soil for his profession (পুরুলি ৬ বাঁকুড়া ৬)

কুমার্নিয়া kumarnia দ্র কুম্হারিন্ (মালদা ১১)

কুমার্মাটি kumarmaʈi দ্র কুম্মার্ মাটি (পুরুলি ১০)

কুমারা kumara বিণ অবিবাহিত an unmarried man (মালদা ১) দ্র কুমাড়া

কুমাস্ kumas দ্র কুম্হা[২] (পদিনা ১)

কুমি kumi বি রাংতাকে বৃত্তাকারে কাটার লোহার সরঞ্জামবিশেষ a tool made of iron which is used to cut the tinsel rotundly (বীরভূ ১৪) ~ **বোটি kumi boʈi** দ্র কুন্দুনি (চব্বিশ ৩৭)

কুমিন্ kumin দ্র কুথুইনা (বীরভূ ৫)

কুমির্ খ্যালা kumir kʰæla বি একপ্রকার গ্রামীণ খেলা [বালক-বালিকারা দুই দলে ভাগ হয়ে প্রাঙ্গণে এই খেলা খেলে। দশ-বারো হাত পরিমাণ এলাকায় দাগ দিয়ে কল্পিত পুকুর বা নদীর সীমানা করা হয়। এই অংশে যারা থাকে তারা কুমির, অন্যরা মানুষ হিসাবে দাগের বাইরে থাকে। কুমির দলকে দেখিয়ে খুব দ্রুতবেগে কেউ কেউ কুমিরের সীমানায় প্রবেশ করে এবং কুমিরদের উদ্দেশ্যে বলে, "এ্যাক্টা বাজলো, এখনো কুমির্ এলো নি, দুটো বাজলো এখনো কুমির্ এলো নি" ইত্যাদি। তখন কুমিররা এদের ধরতে তৎপর হয়। কাউকে ধরলে সে 'মোর' বা বাতিল হয়ে যায়] a type of rural game which is played by some boys or girls in the countryyard (চব্বিশ ৮)

কুমির্ কুমির্ খ্যালা kumir kumir kʰæla বি এটি 'কুমির্ খ্যালা'র মতোই একটি প্রাঙ্গণের খেলা [তবে এখানে কুমির একজন থাকে এবং তার নির্দিষ্ট ঘরে দুই তিন স্থানে বা একটি স্থানে খাবার হিসাবে কিছু জিনিস সাজানো থাকে। ছেলেরা তার খাবারগুলি নষ্ট করে দেবার জন্য ছুটে যায় তার ঘরে এবং কুমির এইসময় কাউকে ধরতে পারলে সে 'মোর' হয়] a type of rural game like 'kumir kʰæla' (জলপা ৭)

কুমির্ ঘর্ kumir gʰɔr বি বিবাহের বাসরঘর [এই ঘরে একটি ঘটে চাল, চিঁড়া, মুড়ি, সরষের তেল, বরণডালা, একটি ঘট ও এক গ্লাস জল আলপনা দেওয়া স্থানে রাখা থাকে। বর-কনে এই স্থানে প্রণাম করে ঘরে বসে। ঘরে একটি প্রদীপও জ্বালা থাকে। দ্র কুবির্[১]] a bride-chamber (বাঁকুড়া ১৫)

কুমির্ ডাঙা খ্যালা kumir ɖaŋa kʰæla বি এটিও 'কুমির্ খ্যালা'র মতোই একটি প্রাঙ্গণের খেলা [তবে এখানে কুমির একজন থাকে এবং সে নিচু অংশে থাকে। অপেক্ষাকৃত উঁচু স্থান যেমন সিঁড়ি, চৌকাঠ, দাওয়া বা ঢিবি ইত্যাদির উপরে ছেলেরা থাকে, এগুলি ডাঙা অংশ বলে ধরা হয়। ডাঙা থেকে জলে নেমে প্রত্যেকে বলতে থাকে "ও কুমির্ তোর্ জল্কে নেমেছি" এবং কুমির তাদের ধরতে চেষ্টা করে। সকলেই তখন ডাঙায় উঠে যায়। তবে জলে থাকাকালীন কাউকে কুমির ধরতে পারলে সে তখন কুমির হবে এবং কুমির মানুষের স্থলে খেলবে] a type of rural game like **'kumir kʰæla'** (চব্বিশ ৩০)

কুমিরে kumire বি গরুর গাড়ির কাঠামো যে কাঠ দুটির উপর থাকে [কাঠামোর দুদিকে দুটি প্রধান বাঁশ 'ফড়্বাঁশে'র সঙ্গে এই 'কুমিরে' দুটি পেরেক দিয়ে আটকানো থাকে] two principal wood of a bullock-cart (বর্ধমা ৮, ১৫) দ্র কুম্রিয়্যা কাঠ্ ~ **খিল্ kumire kʰil** বি দরজার পিছনের বড় লম্বা খিল বা অর্গল a long bolt of a door (নদীয়া ৪)

কুমিল্ kumil দ্র কুম্[১] (পদিনা ৯)

কুমুক্কে পোকা kumukke poka বি কুমোরে পোকা a kind of insect (চব্বিশ ৩৬)

কুমুড়্ kumuɽ বি কুমড়া a pumpkin (পদিনা ১০)

কুমুন্[১] kumun দ্র কুমুড়্ কুমুন্লা--কুমড়োগুলো (পদিনা ১, ৬)

কুমুয়া ঘর্ kumua gʰɔr দ্র কুঁজি[১] (বাঁকুড়া ১, ১২, ১৫)

কুমুর্‌কে পোকা kumurke poka দ্র কুমুক্‌কে পোকা (চব্বিশ ২১)

কুমো kumo দ্র কুম্‌হ্যা (বর্ধমা ২ বীরভূ ১, ১০ মেদিনী ৭, ১৪)

কুমোড়্ kumoɽ দ্র কুমুড়্ (পদিনা ১৪)

কুমোতি kumoti বি শলা-পরামর্শ consultation, counsel (পদিনা ৯) < কুমতি (সং কু + মতি)

কুমোয়া kumoa দ্র কুঁজি[১] (বাঁকুড়া ১২)

কুমোর্[১] kumor বি কোমর waist (চব্বিশ ৯ বীরভূ ১০) তু ফা কমর্

কুমোর্[২] kumor দ্র কুমুড়্ (পদিনা ১৪)

কুম্যার্ kumær দ্র কুম্‌হারুয়া (কোচবি ১ পদিনা ৫)

কুয়া[১] kua বি [ফলের] কোয়া a pod [of fruit] (বর্ধমা ২, ১৮ বীরভূ ৪ মালদা ৯ মেদিনী ১৫ হুগলি ৫, ১০)

কুয়া[২] kua বি [কচি] আমের কুশি the mango in green and undeveloped state (পদিনা ১০) < সং কোষ

কুয়া[৩] kua বি কুয়াশা mist (কোচবি ১, ৪ পদিনা ৫, ১০, ১২ পুরুলি ৯) কুয়া নাগাইসে—কুয়াশা হয়েছে (কোচবি ৪)

কুয়া[৪] kua বি মইয়ের ধাপ a step of a ladder (বর্ধমা ৯ বাঁকুড়া ১৩ মুর্শিদা ১১ মেদিনী ১৫)

কুয়া[৫] kua বি কাক the crow (পদিনা ২, ৩, ৬ বর্ধমা ১৩ মেদিনী ৮, ১৮, ২০, ৩১, ৩৫) কুয়াড রুটিখান্ ছিরায় লিয়্যে গেল্—কাকটা রুটিটা ছিনিয়ে নিয়ে গেল (পদিনা ৩) কুয়া ববায়ঠে—কাক ডাকছে (মেদিনী ২০) বনকুয়া—দাঁড়কাক (মেদিনী ২০) ডাব্‌ড়া কুয়া—দাঁড়কাক (মেদিনী ২০) তু হি কৌয়া

কুয়া[৬] kua দ্র আঁক্‌শলোই (হুগলি ১১)

কুয়া[৭] kua বি বিলের মতো আকৃতির ছোট বা বড় পুকুর a very large pond (চব্বিশ ৩৬)

কুয়া[৮] kua বি শাঁস kernel তালের্ কুয়া—তালশাঁস (হুগলি ১৯) < সং কোষ

কুয়া[৯] kua বি রেশমগুটি cocoon (মালদা ২)

কুঁয়া[১] kũa বি [ফলের] আঁটি stone [of fruit] (পদিনা ৬)

কুঁয়া[২] kũa বি কূপ well (পুরুলি ৫ মেদিনী ৫, ৬, ৭, ২১) < সং কূপ

কুয়াইয়ার্ মাচ্ kuaĭar mac দ্র কায়োই মাচ্ (মালদা ১১)

কুয়াচার্ kuacar বি জমিতে জলসেচ করার পদ্ধতি বিশেষ [এই পদ্ধতিতে জলসেচ করার জন্য তিনজন লোকের প্রয়োজন হয়। খাড়াভাবে দাঁড় করানো দুটি বাঁশের উপর মাটির সঙ্গে সমান্তরালভাবে অন্য একটি বাঁশ থাকে। এই বাঁশের একপ্রান্তে দড়ি দিয়ে বালতি বাঁধা থাকে। সমস্ত



কুয়া[৯]

সরঞ্জামটি থাকে একটি কুয়াসংলগ্ন স্থানে। প্রথম ব্যক্তি বালতিটি ফেলে জল তোলে, অপর দুজন সমান্তরাল বাঁশটির অপর প্রান্তে টান দিয়ে নামায়, ফলে বালতি কুয়া থেকে ওপরে ওঠে। এবার প্রথম জন বালতির জল জমি সংলগ্ন নালায় ঢেলে দেয়। এই পদ্ধতির অপর নাম 'কুয়াট্যাড়া'। খাল বা পুকুর থেকেও এই পদ্ধতিতে জলসেচ করা হয়] a device to lift water from well for irrigation কুয়াচারে ছেঁচ্ দেবো—কুয়াচার পদ্ধতিতে জলসেচ করব (বাঁকুড়া ১১)

কুয়াছুয়া kuacʰua বি শিশুজন্মের ত্রয়োদশতম দিনে পালনীয় পূজাবিশেষ [জন্মসংক্রান্ত অশৌচের কারণে প্রসূতির কুয়াস্পর্শের নিষেধের অবসান ঘটে এদিন। অর্থাৎ এদিন প্রসূতি বাড়ির কুয়াটি প্রথম স্পর্শ করতে পারে। এই উপলক্ষে এদিন কুয়াপূজা করা হয়] rituals performed on the thirteenth day after child-birth [ritual prohibition on touching water-sources, such as well, imposed on the mother after child-birth ceases to operate from this day] (পদিনা ৬) < কুয়া + ছোঁয়া

কুয়াট্ kuaɽ বি কপাট বা দরজা a door (মেদিনী ৩৫)

কুয়াট্যাড়া kuaɽæɽa দ্র কুয়াচার্ (বাঁকুড়া ১২)

কুয়াড়া kuaɽa দ্র কুয়া[৩] (বর্ধমা ১৮)

কুঁয়াড়া kũaɽa বি অবিবাহিত পুরুষ বা অবিবাহিতা নারী unmarried man or woman (মুর্শিদা ২১) তু সাঁও কুঁয়ারি

কুয়াড়ি জোমি kuaɽi jomi বি ছোট জমি (ধান, সবজি প্রভৃতি চাষের জমি) a small piece of arable land (বীরভূ ৫) < কুয়া বা জলসংলগ্ন অর্থে।

কুঁয়াদাঁড়া kũadãɽa দ্র কুয়াচার্ [এখানে বাঁশ তিনটির অবস্থানে সামান্য পার্থক্য লক্ষণীয়। চিত্র দ্র] (বাঁকুড়া ৩)

কুয়ানি kuani বি কনুই an elbow (হাওড়া ১০) সং কফোণি

কুঁয়ানি kũani দ্র কুয়ানি (মেদিনী ১৪, ১৭, ৩৩)

কুঁয়ার্ kũar বিণ অবিবাহিত পুরুষ unmarried man (পুরুলি ৫) সাঁও কুয়ার < সং কুমার

কুর্[৩]

কুঁয়ারি kũari বি কুমারী unmarried woman. (পুরুলি ৫) দ্র কুঁয়াড়া < সং কুমার + ঈপ

কুঁয়ার্যা kũaræ দ্র কুঁয়াড়া (মুর্শিদা ২১)

কুঁয়ালি kũali বি খুব ছোট বাছুর [যে বাছুর মাতৃস্তন্য পান করে] a very young calf (বীরভূ ৫)

কুঁয়ালে বাছুর্ kũale bac^{h}ur দ্র কুঁয়ালি (নদীয়া ৪)

কুয়াশা[১] kuaʃa বি শিশির dew (মেদিনী ২৯) তু হি কুহাসা

কুয়াশা[২] kuaʃa বি কচি আমের আঁটির ভিতরের সাদা অংশ soft white pulp within a green mango-stone (বাঁকুড়া ৯) < কোয়া + শাঁশ

কুয়াশা[৩] kuaʃa বি কষ (চোয়াল) jawbone কুয়াশার দাঁত্ —কষের দাঁত (বাঁকুড়া ১৮)

কুয়াশা দিয়া kuaʃa dia ক্রি কুয়াশা পড়া বা কুয়াশা হওয়া to be misty, foggy ব্যাদম্ কুয়াশা দিয়েচ্যে—খুব কুয়াশা হয়েছে (বাঁকুড়া ১৮)

কুয়াশার্ দাঁত্ kuaʃar dãt বি কষের দাঁত a molar (বাঁকুড়া ১৮) < কুয়াশা = কষ (চোয়াল) দ্র কুয়াশা[৩]

কুয়াশাল্ kuaʃal বি কুয়াতলা stone-built or cemented area around a well (বাঁকুড়া ১৮) [শাল—স্থান অর্থে]

কুয়াশে kuaʃe দ্র কুয়া[৩] (মেদিনী ২২)

কুয়াশের্ দাঁত্ kuaʃer dãt দ্র কুয়াশার্ দাঁত্ (বাঁকুড়া ৬)

কুয়াস্ kuas দ্র কুয়া[৩] (মেদিনী ১২, ২২)

কুয়াসা দাঁত্ kuasa dãt দ্র কুয়াশার্ দাঁত্ (মেদিনী ৭)

কুয়াসার্ kuasar দ্র কুয়াশাল্ (বাঁকুড়া ১৫)

কুয়াসার্ দাঁত্ kuasar dãt দ্র কুয়াশার্ দাঁত্ (বর্ধমা ১৮ হুগলি ১, ৫ মেদিনী ২৯)

কুয়াসি kuasi দ্র কুয়া[৩] (পদিনা ৬)

কুয়াসের্ দাঁত্ kuaser dãt দ্র কুয়াশার্ দাঁত্ (বর্ধমা ১৮, ২৩, ২৬ বাঁকুড়া ৭)

কুয়িলি kuili বি কোকিল the cuckoo (পদিনা ২)

কুয়ে kue বিণ ঝগড়াটে quarrelsome (বাঁকুড়া ৮)

কুঁয়ে কেঁচো kũe kẽco বি কালো ও লম্বা কেঁচো বিশেষ a long blackish earthworm (হুগলি ১১)

কুয়ো[১] kuo বি শিশির dew কুয়ো পড়া—শিশির পড়া (বীরভূ ৮)

কুয়ো[২] kuo দ্র কুয়াসি কুয়ো হয়েচে—কুয়াশা হয়েছে (নদীয়া ৪ পদিনা ১ বর্ধমা ৪, ১৪, ১৬ বীরভূ ৮, ১৪)

কুয়ো[৩] kuo দ্র কুয়া[১] (হাওড়া ৮)

কুয়ো[৪] kuo দ্র কুইউ[৩] (মালদা ৬)

কুয়ো[৫] kuo বি মাটি কাটার ফলে সৃষ্ট বড় গর্ত [ছোট গর্তকে বলে 'চোউয়ো'] a large hole created by digging earth (বর্ধমা ১৪) ~ **মোই kuo moĭ** বি বাঁশের মই [চাষের কাজে ব্যবহৃত এই মইয়ের ধাপগুলিকে 'কুয়ো' বলে] a harrow made out of bamboo (হাওড়া ১০) [দ্র কুয়া[৪]]

কুয়োনি kuoni দ্র কুয়ানি (হাওড়া ৮)

কুয়োনো kuono বি গরুর অসুখের অন্যতম লক্ষণ [কোনো কোনো রোগে গরুর গা কুয়াশার মতো সাদা হয়ে যায়] a symptom of cattle disease [in certain diseases skin of the diseased cow turns white] গোরুর গা এবার্ কুয়োবে—গরুর গা এবার কুয়াশার মতো হয়ে যাবে (বর্ধমা ১০)

কুয়োর্ কোরে চাওয়া kuor kore caŏa ক্রি কটমট করে তাকানো to stare, to look fixedly at কুয়োর্ কোরে চাচ্চে—কটমট করে তাকাচ্ছে (চব্বিশ ১৪) তু কু + আড় (চোখে) করে দেখা

কুয়্যা kuæ দ্র কুয়া[৩] (পদিনা ১৪)

কুর্[১] kur বি ফোঁপল [অঙ্কুরযুক্ত তাল-আঁটির ভিতরের শাঁস। এটির স্বাদ মিষ্ট। অনেকে এটি সুপারির মতো খায়। হাওড়া, বর্ধমান ইত্যাদি জেলায় প্রচলিত প্রথা অনুসারে কোজাগরী লক্ষ্মীপূজার দিন সন্ধ্যায় শুকনো চিঁড়ে-মুড়কির সঙ্গে এই শাঁস খাওয়া হয়] karnel of the stone of palm fruit (মেদিনী ২৯ হুগলি ১) [কুর = শাঁস, অঙ্ক + কুর্ = ভেতরের শাঁস]

কুর্[২] kur বি আঁচলের খুঁট corner of a piece of cloth or *Sharee*

কুর্[৩] kur বি গাদা, স্তূপ a heap (বর্ধমা ২২) [কুড় = একত্রকরণ, জড় করা—বঙ্গীয় শব্দকোষ, বন্দ্যো]

কুর্কি kurki বি সবেমাত্র ডিম পাড়া বন্ধ করেছে এমন মুরগি a hen which has just stopped laying eggs (হুগলি ১১)

কুর্কুচা kurkuca বি কুলকুচি washing of mouth by gurgle (মেদিনী ৫)

কুর্কুচি[১] kurkuci বি ডাবের কচিশাঁস বা কচি নারকেলমালা soft kernel of coconut (চব্বিশ ৯ হাওড়া ৩, ৮, ১০)

কুর্কুচি[২] kurkuci দ্র কুর্কুচা ভাত্ খেয়ে কুর্কুচি কোল্লাম —ভাত খেয়ে কুলকুচি করলাম (মুর্শিদা ১৬)

কুর্‌কুচুনি kurkucuni দ্র কুর্‌কুচি[১] (হাওড়া ১০)

কুর্‌কুট্‌ kurkuṭ বি কাঠপিঁপড়ে a variety of black venomous ant (পুরুলি ৫, ১৪ বাঁকুড়া ৭, ১৭ হাওড়া ১, ৮, ১০) ~ **ট্যানা kurkuṭ tænɑ** বি বিবাহানুষ্ঠানের উপকরণ [একটুকরো নতুন কাপড় হলুদ মাখিয়ে রাখা হয় এবং বর কনেকে সিঁদুর পরাবার পর এই কাপড়টি দিয়ে কনের মাথায় ঘোমটা টেনে দেয় an article related to marriage ceremony (বাঁকুড়া ১৫) ~ **ডিম্‌ kurkuṭ ḍim** বি লালপিঁপড়ের ডিম (মাছধরার চার হিসাবে ব্যবহৃত হয়] egg of red ant (হাওড়া ৮) [এই ডিম পাতার মধ্যে চাপা দিয়ে পুড়িয়ে বা টক রান্না করে খাওয়া হয়। আবার শিলে বেটে নুন, তেল, হলুদ, লঙ্কা সহযোগে বাটিতে করে ফুটিয়ে গরম অবস্থায় খাওয়া হয়] (মেদিনী ১৭, ২৫, ২৭) ~ **পুড়া kurkuṭ puɽɑ** বি কাঠপিঁপড়ে পোড়া [এক প্রকার অভিনব খাদ্য, কাঠপিঁপড়ের ডিম সরষে সহযোগে বেটে নুন ও লঙ্কা দিয়ে তেলে ভাজা হয়। এই পিঁপড়ে আমগাছে বেশি পাওয়া যায়] a dish prepared by frying pasted eggs of red ant and mustard (মেদিনী ১৩)

কুর্‌কুট্‌না kurkuṭnɑ বিণ একের কথা অন্যকে লাগিয়ে ঝগড়া বাধায় এমন ব্যক্তি he, who picks up a quarrel by imparting cross-information (বাঁকুড়া ৩)

কুর্‌কুটা kurkuṭɑ বিণ পরশ্রীকাতর envious, jealous উর্‌ ভারি কুর্‌কুটে স্বভাব--ওর খুব হিংসুটে স্বভাব। উ খুব কুর্‌কুটা--ও খুব হিংসুটে (বাঁকুড়া ১৫) দ্র কুর্‌কুট্‌না

কুর্‌কুটি[১] kurkuṭi বিণ কুটিল dissimulating crooked (মেদিনী ৭)

কুর্‌কুটি[২] kurkuṭi বি নেংটি ইঁদুর a mouse (হুগলি ১১) ~ **ঠুম্‌ kurkuṭi ṭʰum** বি কাঠের ছোট ছোট টুকরো [উনানে জ্বালানি সাজানোর জন্য ব্যবহৃত হয়] small pieces of wood used as firewood (মালদা ৬) ~ **শাড়ি kurkuṭi ʃɑɽi** বি একপ্রকার জালি শাড়ি [বিবাহানুষ্ঠানের উপকরণ বিশেষ, খুব ছোট এবং জালের মতো একটি শাড়ি। এটি পরা হয় না, কেবল উপকরণ হিসাবে ব্যবহৃত হয়] a kind of reticular *sharee* used as constituting material in marriage ceremony (বাঁকুড়া ১৩)

কুর্‌কুটিয়া[১] kurkuṭiɑ বিণ খুব ঝগড়াটি মেয়ে a very quarrelsome girl (বাঁকুড়া ১৮) দ্র কুর্‌কুট্‌না

কুর্‌কুটিয়া[২] kurkuṭiɑ বিণ কৃপণ miser (মেদিনী ২, ১৮)

কুর্‌কুটে kurkuṭe বিণ খিট্‌খিটে peevish (মেদিনী ২৫) ~ **পিঁম্‌ড়ে kurkuṭe pĩmɽe** দ্র কুর্‌কুট্‌ পিম্‌ড়া (হুগলি ১৫)

কুর্‌কুটো kurkuṭo দ্র কুর্‌কুট্‌ ডিম্‌ (নদীয়া ১১)

কুর্‌কুরি ছাতু

কুর্‌কুট্যা[১] kurkuṭæ দ্র কুর্‌কুটিয়া[২] (মেদিনী ১৫)

কুর্‌কুট্যা[২] kurkuṭæ বি, বিণ ঘন ময়লা dense scum (মেদিনী ১৫)

কুর্‌কুড়ানি kurkuɽɑni বি বাসনা a desire (কোচবি ৮)

কুর্‌কুড়ি kurkuɽi বি খেঁক্‌শিয়াল a fox (মুর্শিদা ২৪) [সাঁও--খিকড়িঁ--The Indian fox--Campbell]

কুর্‌কুত্‌ পিম্‌ড়ে kurkut pimɽe দ্র কুর্‌কুট্‌[৩] [এই পিঁপড়ার ডিম মধুর সঙ্গে খেলে শিশুদের সর্দি ভালো হয়] a red tree-living ant (মেদিনী ৩৪)

কুর্‌কুতি kurkuti বি কাতুকুতু titillation (মেদিনী ২১)

কুর্‌কুতু kurkutu দ্র কুর্‌কুতি (বাঁকুড়া ৫)

কুর্‌কুনা kurkunɑ বি চুলকানি itching (বাঁকুড়া ৫)

কুর্‌কুর্‌[১] kurkur দ্র কুর্‌কুতি কুর্‌কুর্‌ দিচ্চিস্‌ ক্যানো? কাতুকুতু দিচ্ছিস কেন? (চব্বিশ ৮, ২০)

কুর্‌কুর্‌[২] kurkur বি কুকুরকে ডাকার শব্দ sound made to call a dog (বর্ধমা ২৩ মেদিনী ১৭) ~ **ডিম্‌ kurkur ḍim** দ্র কুর্‌কুট্‌ ডিম্‌ (হাওড়া ১, ৮)

কুর্‌কুরি ছাতু kurkuri cʰɑtu বি একপ্রকার ছত্রাক [শাদা রঙের এবং মার্বেলের মতো দেখতে এই ছত্রাক ভিজে স্যাঁতসেঁতে মাটির ভিতর হয়। এটি যে স্থানে জন্মায় সেখানে মাটিটা একটু ফাটাফাটা হয়ে থাকে। তরকারি রান্না করে এই ছত্রাক খাওয়া হয়] a whitish edible mushroom (বাঁকুড়া ১১)

কুর্‌খ্যানি kurkʰæni ক্রি মুরগির ডিমে 'তা' দেওয়া to sit upon eggs (by a hen) মুর্‌গিটা কুর্‌কেন্‌ছে--মুরগিটা 'তা' দিতে বসেছে (মুর্শিদা ১০)

কুর্‌চন্‌ kurcɔn বি নাচা-কোঁদা [লাফালাফি, নাচানাচি, উচ্ছ্বাস, লম্ফঝম্ফ হিসাবে প্রযোজ্য] dancing and capering about অত কুর্‌চন্‌ কিসের?--এত লাফালাফি কিসের? (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কুর্‌চা হওয়া kurcɑ hɔ̆ɔ̆ɑ ক্রি মুরগির ডিমে তা দেওয়ার জন্য ডিমের উপর বসার ইচ্ছা হওয়া to become eagerness to sit upon eggs মুর্‌গিটার্‌ কুর্‌চা হয়েছে--মুরগিটার ডিমে তা দেওয়ার ইচ্ছা হয়েছে (মুর্শিদা ১৭) দ্র কুর্‌খ্যানি

কুর্‌তিং

কুর্‌চি kurci বি জাব্‌না [ধান কুঁড়ো সমেত সিদ্ধ করে প্রস্তুত গরুর খাবার। একে 'ঘাঁটা'ও বলা হয়] a cattle-food prepared by boiled rice with husk (বাঁকুড়া ১৫) ~ **মাচ্‌ kurci mac** বি একপ্রকার ছোটজাতের বাটা মাছ [আড়াইশো গ্রাম ওজনের সরু এই মাছের দেহের মাঝখানে কালো দাগ আছে] a variety of silver-white fresh water fish *Labeo gonius,* (চব্বিশ ৩৩)

কুর্‌চো kurco বি পরনিন্দা slander কুর্‌চো গাস্‌ না—পরনিন্দা করিস না (বর্ধমা ৫) তু আ বা কেচ্ছা

কুর্‌তা kurta বি পুরুষ-নারী উভয়েরই ঊর্ধ্বাঙ্গের পোষাক [জামা বা ব্লাউজ] a shirt or a blouse (পদিনা ৩ পুরুলি ১৭ বীরভূ ১ মুর্শিদা ১৬)

কুর্‌তি kurti বি কুলথ কলাই [কালো মাষ কলাই জাতীয় এই কলাইয়ের খোসা সবুজ এবং ভিতরের রঙ সাদা। চ্যাপ্‌টা আকারের এই কলাই কার্তিক মাসে আখের জমিতে বা জমির আলে হয়। এই কলাই শুকনো কড়ায় ভেজে পোস্ত সহযোগে বেটে কাঁচা তেল, পেঁয়াজকুচি, লঙ্কা মেখে ভাতের সঙ্গে খাওয়া হয়] *Horsegram;* a variety of leguminous seeds [its outer shell is green and inner seed is white] (বীরভূ ১১) ~ **কলাই kurti kɔlaĩ** দ্র কুর্‌তি (বীরভূ ১১) ~ **কালাই kurti kaˈlaĩ** দ্র কুর্‌তি (পদিনা ১০)

কুর্‌তিং kurtiŋ বি ফড়িং a dragon fly (দার্জিলি ৩)

কুর্‌থি kurtʰi দ্র কুর্‌তি (পুরুলি ৪)

কুর্‌নি[১] kurni বি নারকেল কুরুনি a scraper [used to scrape coconut karnel] (চব্বিশ ৪ পদিনা ১০ মালদা ৭ মেদিনী ২৫)

কুর্‌নি[২] kurni বি বাঁশের ঝুড়ি তৈরি করে হাটে বিক্রয় করার পেশায় নিযুক্ত সম্প্রদায় [ডোম সম্প্রদায়] the community engaged in making and selling cane-baskets (হুগলি ১৯) ~ **বঠি kurni bɔtʰi** দ্র কুর্‌নি[১] (মেদিনী ৩৪)

কুর্‌পাশিনি kurpaʃini বি গ্রাম্যদেবী [মনসা] a folk-goddess (বাঁকুড়া ৩) দ্রাবিড় শব্দ 'সিনি' গ্রাম-দেবী অর্থে বহুস্থানে ব্যবহৃত [কুর্‌পা = কৃপা] + সিনি

কুর্‌পি kurpi দ্র কুর্‌নি[১] (বাঁকুড়া ৫)

কুর্‌মাখা kurmakʰa বি বিবাহের গাত্রহরিদ্রা অনুষ্ঠান a ritual of smearing turmeric in the Hindu marriage ceremony (বর্ধমা ১৩ মুর্শিদা ১৭) এসো সব হোলুদ বাটা হোইল্‌ছে, গায়ে কুর্‌মাখিং দেওসা—এসো সবাই, হলুদ বাটা হয়েছে, গায়ে হলুদ দিয়ে যাও (মুর্শিদা ১৭)

কুর্‌রি kurri বি কামরা a room (মেদিনী ৭) তু আ বা কুঠুরি

কুর্‌শি[১] kurʃi বি চেয়ার a chair (পদিনা ২, ১০)

কুর্‌শি[২] kurʃi বি কাঠের খুঁটির গোড়ার অংশের পৃথক কাঠ বিশেষ an wooden base, on which an wooden post is fixed (মুর্শিদা ১৭)

কুর্‌শি[৩] kurʃi বি খড়ের দড়ি দিয়ে তৈরি চাল, গম রাখার পাত্র, যা ঘরে রাখা হয় a pot made of straw rope, used to keep rice, wheat etc. in a room (বীরভূ ৭)

কুর্‌শুত্‌ kurʃut বি ছুতার মিস্ত্রি কর্তৃক ব্যবহৃত কাঠে দাগ দেবার সরঞ্জাম বিশেষ a carpenter's scriber (হুগলি ৫)

কুর্‌শুদ্‌ kurʃud দ্র কুর্‌শুত্‌ (বর্ধমা ৫, ১৪)

কুর্‌শুনি kurʃuni বি ধাত্রী a midwife (মেদিনী ৬, ২০)

কুর্‌সি আলু kursi alu বি একপ্রকার আলু a kind of potato (বীরভূ ১১)

কুর্‌সুত্‌ kursut দ্র কুর্‌শুত্‌ (চব্বিশ ২৩ নদীয়া ১০ বাঁকুড়া ১৮ বীরভূ ৪)

কুর্‌সুদ্‌ kursud দ্র কুর্‌শুত্‌ (চব্বিশ ২৬)

কুঁর্‌হামার্‌ kũrhamar দ্র কুয়ে উ খুব্‌ কুঁর্‌হামার্‌ আছে—ও খুব ঝগড়াটে আছে (মালদা ২)

কুর্‌হায় ওঠা kurhaẽ otʰa ক্রি খুঁটে খুঁটে কুড়ানো to pick bit by bit (দার্জিলি ২)

কুর্‌হাল্‌ kurhal বি কুড়ুল an axe (পদিনা ৬)

কুরনি kurɔni দ্র কুর্‌নি[১] (মেদিনী ১৫)

কুরা[১] kura ক্রি (নারকোল) কোরা to scrape (the inner core of a cocoanut) (মেদিনী ৩)

কুরা[২] kura ক্রি আঁচড়ানো to scratch, to comb (পদিনা ২)

কুরা[৩] kura বি গভীরতা deepth (কোচবি ৪)

কুরা[৪] kura বিণ পূর্ণ, ভর্তি full ধান্‌ কুরা আছে—ধান ভর্তি আছে। জল কুরা আছে—জল ভর্তি আছে (বাঁকুড়া ৭)

কুরাইট্‌ kuraiṭ দ্র কুর্‌হাল্‌ (বাঁকুড়া ১৫)

কুরাট্‌ kuraṭ দ্র কুরাইট্‌ (মেদিনী ৩৩)

কুরান্‌ করা kuran kɔra ক্রি ঝাঁট দেওয়া to sweep কুরান্‌ কর্‌ছি—ঝাঁট দিচ্ছি (পদিনা ২)

কুরানি kurani দ্র কুর্‌নি[১] (চব্বিশ ৩৬)

কুরি kuri বি কাস্তের খাঁজকাটা ধারালো অংশ the sharp and teethed side of a scythe (হুগলি ১০)

কুরিয়া kuria বিণ অলস lazy (পদিনা ৭) তু কুঁড়িয়া, কুড়্‌হিয়া (সাঁও)

★ **কুরিয়ানো kuriano** ক্রি চুলকানো to itch (মালদা ৭) দ্র কুর্‌কুনা

কুরুই kuruĭ বি কাঁকর a grit, a shingle (চব্বিশ ৭)

কুরুক্ kuruk বিণ সবেমাত্র ডিম পেড়েছে এবং 'তা' দেওয়ার জন্য প্রস্তুত এমন মুরগি a hen [which has just layed egg and is ready to sit upon it] (হুগলি ১১) ~ **নেওয়া kuruk neŏa** ক্রি মুরগির ডিমে 'তা' দেওয়ার প্রস্তুতি নেওয়া [এই সময় মুরগি কয়েকদিন চুপচাপ বসে থাকে] to prepare to sit upon egg মুর্‌গিটা কুরুক্ নিয়েছে—মুরগিটা ডিমে 'তা' দিতে চাইছে (বীরভূ ৭) ~ **মুর্‌গি kuruk murgi** দ্র কুরুক্ (মুর্শিদা ১৪)

কুরুগ্ ধরা kurug dʰɔra দ্র কুরুক্ নেওয়া (মুর্শিদা ১০)

কুরুগ্ লাগা kurug laga দ্র কুরুক্ নেওয়া মুর্‌গিটার্ কুরুগ্ লেগেছে—মুরগিটার ডিম পাড়ার পরে তা দেবার অবস্থা এসেছে (বাঁকুড়া ১২)

কুরুচে kuruce বিণ বামন a dwarf (চব্বিশ ১০)

কুরুন্‌ডে kurunḍe বিণ অপুষ্ট undernourished কুরুন্‌ডে ধান্—অপুষ্ট ধান (চব্বিশ ১১)

কুরুনি kuruni বি বেলের শাঁস বার করার কাজে ব্যবহৃত একপ্রকার সরঞ্জাম [বেলের শক্ত আবরণটি (মালা) দিয়ে একপ্রকার মালা তৈরি করা হয়, অনেকটা তুলসীকাঠের মালার মতো। এজন্য বেলের শাঁস বার করার প্রয়োজন হয়। এই যন্ত্রের সাহায্যে শাঁস বার করে তারপরে বেলমালাটি ফুটো করে মালা তৈরি করা হয়] a tool used for scrapping the karnel of wood-apple (বাঁকুড়া ১১)

কুরুয়া kurua বি শঙ্খচিল white-breasted kite (জলপা ৪) তু সাঁও কুড়িৎ—চিল

কুরুশ্ kuruʃ বি জমির মাটিতে ঢেলা ইত্যাদি গুঁড়ো করার কাজে ব্যবহৃত কাঠের মুগুর a cudgel like wooden tool used to powder lump of soil in agricultural field (মালদা ৩)

কুরুস্ kurus বি সাপের খোলস skin, slough (of snake) (জলপা ১)

কুরে কান্ kure kan বি কানের গর্তের উপরিভাগে অবস্থিত বিশেষ ছোট অংশ an upper part of an ear (বর্ধমা ২) দ্র কানের্ মুর্‌কি

কুরো kuro দ্র কুর্‌মাখা (পদিনা ১৩)

কুরুয়া

কুঁরো জোমি kũro jomi বি তিনদিক খুব উঁচু ও একদিক নিচু এমন জমি a piece of arable land high on three sides and low on one (বীরভূ ১১)

কুরোট্ কাটা kurot kaṭa ক্রি ভিত কাটা to dig earth for foundation (বর্ধমা ৪)

কুরোল্ kurol বি কুঠার an axe (মেদিনী ১৭) তু আ বা কুড়ুল

কুর্তা kurta দ্র কুর্‌তা (পুরুলি ১৭)

কুল্ kul বি সেতু a bridge (কোচবি ৩ পুরুলি ৫)

কুল্ আঁটি kul ãṭi বি কুলের আঁটির মতোই শক্ত ও আয়তন বিশিষ্ট পায়ের কড়া corn on the foot (নদীয়া ৪ বর্ধমা ১৪, ১৮, ১৯, ২০, ২৩ বাঁকুড়া ৫, ৬, ১২ বীরভূ ১৩)

কুল্ আঁঠি kul ãṭʰi দ্র কুল্ আঁটি (বীরভূ ৩)

কুল্‌কচা kulkɔca বি কুলকুচি act of rolling water in one's mouth for washing it (মেদিনী ২, ১৫, ২৮)

কুল্‌কা kulka দ্র কুল্‌কচা (কোচবি ৪)

কুল্‌কাচা kulkaca দ্র কুল্‌কচা (মেদিনী ৬)

কুল্‌কুচা kulkuca দ্র কুল্‌কচা পানি মুহে দি কোরি কুল্‌কুচা করেটে—মুখে জল দিয়ে কুলকুচি করছে (মেদিনী ৮)

কুল্‌কুচানা kulkucana দ্র কুল্‌কচা (মেদিনী ১৩)

★ **কুল্‌কুটানা kulkuṭana** ক্রি সুড়সুড়ি দেওয়া to titielate, to ticle (মেদিনী ২৫)

কুল্‌কুড়্‌হা kulkuṛha বি শুকনো কুলের গুঁড়ো ground and dry jujube (পুরুলি ৯) কুল + গুঁড়ো

কুল্‌কুত্‌তি kulkutti দ্র কুর্‌কুতি (মেদিনী ২১)

কুল্‌কুতেই kulkuteĭ দ্র কুর্‌কুতি তাকু কুল্‌কুতেই দে—ওকে কাতুকুতু দে (মেদিনী ৮)

কুল্‌কুলা kulkula ক্রি কুটকুট করা to itch ওল্ খাইনিয়ে কুল্‌কুলাচে গলাটা—ওল খেয়ে গলাটা কুটকুট করছে (পুরুলি ৯) কুল্‌কুলায়—কুটকুট করে (পুরুলি ৫)

কুল্‌কুলি[১] kulkuli দ্র কুল্‌কুচা (কোচবি ৬ জলপা ৩ দার্জিলি ২ পদিনা ১, ৪, ৯ মালদা ২)



কুল্‌কুলুতি

কুল্‌কুলি[২] **kulkuli** বি হৈ চৈ--জয়ধ্বনি সূচক কিংবা গোলমাল সূচক কলধ্বনি hue and cry কুল্‌কুলি দিস্‌ না, চুপ্‌ দে--গোলমাল করিস্‌ না, চুপ কর (পুরুলি ৪, ১৩) ~ **দেওয়া kulkuli deŏɑ** ক্রি হাততালি দেওয়া to clap (বাঁকুড়া ৩, ১৬)

কুল্‌কুলিয়া kulkuliɑ বি আলজিব the uvula, the epiglottis (দার্জিলি ১, ৩ পদিনা ৮)

কুল্‌কুলুতি kulkuluti বি কার্তিক মাসে পালনীয় গ্রামীণ ব্রত বিশেষ [গ্রামের কুমারী মেয়েরা ভবিষ্যৎ সুখী জীবনের প্রত্যাশায় এই পূজা করে। কার্তিক মাসের ১লা তারিখ থেকে একমাস ব্যাপী এই পূজায় কোনো পুরোহিত প্রয়োজন হয় না। ঠাকুরতলায় ও পুকুরঘাটে বৃত্তাকার গর্ত খুঁড়ে তার মধ্যে একটি তুলসী গাছ পুঁতে প্রতি সন্ধ্যায় মাটির প্রদীপ জ্বেলে মেয়েরাই পূজা করে। পূজার উপকরণ ছয়টি করে কুলপাতা, বেলপাতা, প্রদীপ, দূর্বা ও অন্যান্য ফুল। একমাস সম্পূর্ণ হলে ভোরবেলায় এই দেবতার বিসর্জন দেওয়া হয়। পূজা উপলক্ষে দেবতার কাছে বর প্রার্থনা করার সময় মেয়েরা ছড়ার আকারে ব্রতকথা বলে] a ritual observed by unmarried rural girls, praying for a happy life in future (হুগলি ৬, ৮)

কুল্‌কুলোতি ব্রত kulkuloti brɔtɔ দ্র কুল্‌কুলুতি (নদীয়া ১০)

কুল্‌কুলোতি পুজো kulkuloti pujo দ্র কুল্‌কুলুতি [বাড়ির উঠানে একটি চতুষ্কোণ গর্ত (পুকুর) খুঁড়ে তার ঘাটে পাঁচটি ধান রাখা হয়। প্রতিদিন সন্ধ্যায় মাটির প্রদীপ তৈরি করে এই পুকুরের ধারে জ্বেলে দিয়ে পূজা করা হয় এই ছড়া ব'লে--

"কুল্‌কুলোতি কুলোবাতি
সোনার্‌ ছাতি
কাত্তিক গণেশ কোলে পাবে"

পূজার উপকরণ তাল আঁটির শাস, বাতাসা ইত্যাদি] a kind of ritual festival of rural girls (হাওড়া ১০)

কুল্‌কুলোতির্‌ বার্‌ kulkulotir bar দ্র কুল্‌কুলুতি [কার্তিক মাসের ১লা থেকে সংক্রান্তি পর্যন্ত প্রতিদিন সন্ধ্যায় পালনীয় এই ব্রত। প্রায় প্রতি হিন্দুগৃহেই তুলসীমঞ্চ এবং তৎসংলগ্ন মনসাগাছ থাকে। এই স্থানটিকে 'হরিস্থান' বলা হয়। এরই সামনে একফুট ব্যাসের ও একফুট গভীর গর্ত খোঁড়া হয়। ভোরবেলা ঐ গর্তটি গোবর-জল দিয়ে নিকিয়ে প্রতিদিন কুড়িটি কুলপাতা, বেলপাতা এবং বিভিন্ন প্রকারের ফুল আনা হয়। এগুলি ঐ গর্তে রেখে নিকটস্থ দিঘি বা নদী থেকে জল আনতে হয়। একই বাড়ির প্রতি কুমারী মেয়ের জন্য পৃথক একটি গর্ত, এক ঘটি জল ও কুড়িটি কুলপাতা, বেলপাতা ও ফুল প্রয়োজন হয়। জল আনতে মেয়েরা একাকী অথবা দলবদ্ধভাবে যায়। ঘটিতে জল নেবার পূর্বে তারা বলে :

"জল্‌কুমারি জল্‌কুমারি, আড়ায় আছে হরি।
এ্যাক্‌ঘটি জল্‌ দাও আমাকে হোরি পূজা করি।।"

এরপর জল নিয়ে এসে ঐ গর্তের মধ্যে রেখে দেয়। সন্ধ্যাবেলায় প্রদীপ জ্বালিয়ে বেলপাতা, কুলপাতা, ফুল নিয়ে ব্রতের মন্ত্র পড়ে এইভাবে :

কুল্‌কুলোতি কুলোপতি
মা-কুল্‌ বাপ্‌ কুল্‌
শ্বশুরকুল্‌ শাউড়ী কুল্‌
চার্‌কুলে অঞ্জলি পাতি।
অরুণ ঠাকুর্‌ বরণে
ফুল ফুটেছে চরণে
এই ফুল্‌টি তুল্‌বে যে
সাত ভাইয়ের্‌ বোন্‌ সে
সাবিত্রী সত্যবান্‌
তুলারাশি, কার্তিকমাসে।

তুল্‌সী তুল্‌সী ক' তুল্‌সি
ক' তুল্‌সী নারায়ণ্‌।
তোমার্‌ শিরে ঢেলে জল্‌।
অন্তকালে দিও স্থল্‌।।
সন্ধ্যে সন্ধ্যে আরতি।
সন্ধ্যেয় নামে সরস্বতী।।
সন্ধ্যে দেবে দেব্‌গণ্‌।
ঘর্‌ ঢুক্‌বে নারায়ণ্‌।।

এইভাবে প্রতিদিন পূজা হয়। তবে সংক্রান্তির দিন কিছু নৈবেদ্য এবং ১০৮টি মাটির প্রদীপ, মধু ও ঘি প্রয়োজন হয়। সেদিন পূজার শেষে ঘি ও মধু গর্তে ঢালে এবং নিম্নোক্ত মন্ত্রটি বলে :

তোমার্‌ শিরে ঢেলে ঘি
আর কালে হই যেন রাজার্‌ ঝি।।
তোমার্‌ শিরে ঢেলে মৌ
আর্‌ কালে হই যেন রাজার্‌ বৌ।।

পরদিন ভোরবেলায় একমাসের পূজার সমস্ত ফুল-পাতা একত্রিত করে নিকটবর্তী জলাশয়ে বিসর্জন দেওয়া হয়] a kind or ritual observed by rural girls (হাওড়া ১)

কুল্‌কুল্যা kulkulæ দ্র কুল্‌কুলিয়া (পদিনা ১৫)

কুল্‌কুশ্‌ kulkuʃ দ্র কুল্‌কচা (কোচবি ৪)

কুল্‌কোচা kulkoca দ্র কুল্‌কচা (মেদিনী ১৯)

কুল্‌কোলোতি kulkoloti দ্র কুল্‌কুলুতি (বাঁকুড়া ১৫)

কুল্‌খতম্‌ kulkʰɔtɔm বি মুসলিম সম্প্রদায়ের মৃত ব্যক্তির অন্ত্যেষ্টি ক্রিয়ানুষ্ঠান ritual observed by the Muslims in funeral ceremony (বাঁকুড়া ৮)

কুল্‌গুড়ি kulguɽi দ্র কুল্‌কুড়্‌হা (পুরুলি ১৫)

কুল্‌চাবি kulcabi বি ধানজমির আলের ঘাস ছেঁটে নিয়ে পা দিয়ে কাদামাটি লেপন করার পদ্ধতি the process of levelling the balk with clay after mowing grass (বীরভূ ২)

কুল্‌চুর্‌ kulcur বি কুলের আচার বিশেষ [টোপাকুল রোদে শুকিয়ে গুড়ে পাক করা হয়] pickles made of dried jujube boiled with molasses (নদীয়া ১০) তু আ বা আমচুর

কুলঝুঁটি kuljʰũṭi বি বুলবুল পাখি Bulbul, a kind of singing bird *[Molpastes bengalensis]* (চব্বিশ ২১ নদীয়া ৪)

কুল্‌টি কালাই kulṭi kalaĭ দ্র কুর্‌তি (কোচবি ২ দার্জিলি ৩ পদিনা ১৩)

কুল্‌ঠি kulṭʰi বি পায়ের কড়া corn grown on foot (মুর্শিদা ১৫) ~ **কালাই kulṭʰi kalaĭ** দ্র কুল্‌টি কালাই (দার্জিলি ৩)

কুল্‌ দেওয়া kul deŏa ক্রি কোল দেওয়া—মৃত্যুসম্বন্ধীয় পালনীয় আচার বিশেষ [মৃতদেহ সৎকার করে বাড়ি ফিরে শববাহকেরা প্রত্যেকে একটি অশ্বত্থগাছকে আলিঙ্গন করে] a ritual of hugging tree after burning a deadbody (বর্ধমা ২) < কোল্‌ দেওয়া

কুল্‌ পড়া kul pɔɽa বি মুসলিম সম্প্রদায়ের মৃত ব্যক্তির অন্ত্যেষ্টি ক্রিয়ানুষ্ঠান [মৃতব্যক্তিকে কবর দেওয়ার চারদিন পরে আত্মীয়স্বজন একসঙ্গে বসে ভিজানো কাঁচা ছোলা একটা কাপড়ের উপরে গুণে গুণে ফেলে এবং সেই সঙ্গে মৃতের নাম স্মরণ করে প্রায় একলক্ষ বার] a ritual observed by the Muslims after burying a deadbody (বীরভূ ৪ মেদিনী ৭ হাওড়া ৩)

কুল্‌পাই কলা kulpaĭ kɔla বি কাঁঠালি কলার মতো দেখতে, তবে বিচিযুক্ত একপ্রকার কলা a variety of banana having seeds within the karnel (পদিনা ১৪)

কুল্‌ঝুঁটি

কুল্‌পাই কলো kulpaĭ kɔlo দ্র কুলপাই কলা (জলপা ৭)

কুল্‌পাখি kulpakʰi বি চড়াইপাখির মতো দেখতে, খুব চঞ্চল এবং কর্কশ কণ্ঠস্বর বিশিষ্ট একপ্রকার পাখি a kind of bird (নদীয়া ১২)

কুল্‌পাত্তর্‌ kulpattɔr বি নিতবর the groomsman (বীরভূ ৭)

কুল্‌পাত্র kulpatrɔ দ্র কুল্‌পাত্তর্‌ (মুর্শিদা ২)

কুল্‌পি kulpi বি হ্যারিকেনের পল্‌তে যে অংশে লাগানো থাকে the part of a hurricane lantern which holds the wicks (মালদা ৩)

কুল্‌পো kulpo বি তালা lock (মেদিনী ৮) < কুলুপ্‌, তু সং —কুড়ুয়া (দাস)

কুল্‌প্যাচা kulpæca বি লক্ষ্মীপেঁচা a barn owl, a comparatively good looking owl [considered sacred by the Hindus] (মেদিনী ১৮)

কুল্‌ফি kulpʰi বি মাছ ধরার সরঞ্জাম বিশেষ [ছয় ইঞ্চি লম্বা শোলার একটি টুকরোর এক প্রান্তে কাঁটাসমেত ডোর বেঁধে কাঁটায় কেঁচো বা ছোট কোনো মাছ দিয়ে টোপ দেওয়া হয়। এটি পুকুরে বা খালে-বিলে ভাসিয়ে দেওয়া হয়] a tool for catching fish made of a float, string and hook (পদিনা ২)

কুল্‌ফুল্‌ kulpʰul বি একধরনের নাকচাবি [কুল ফুলের মতো দেখতে] an ornament for nose (চব্বিশ ৩৬)

কুল্‌ফ্যা kulpʰæ বি তাঁতযন্ত্রের কাঠামোর দুটি কাঠ [এই কাঠদুটি উপরের দিকে থাকে] two wooden beams in the upper part of the main structure of a loom (মুর্শিদা ৩)

কুল্‌বরো kulbɔro দ্র কুল্‌পাত্তর্‌ (মেদিনী ৩১)

কুল্‌ভুইচি kulbʰuĭci বি কুলগাছের মতো দেখতে একপ্রকার জংলি ঝোপজাতীয় কাঁটাগাছ a variety of thorny and bushy plant (মুর্শিদা ১৪) < বৈঁচি কুল

কুল্‌মি kulmi বি কুলুঙ্গি [তাক হিসাবে ব্যবহৃত দেওয়ালের গর্ত] a niche on the wall used as shelf (বীরভূ ১১)

কুল্‌হা

কুল্‌লা[১] **kulla** বিণ সব whole মুই কুল্‌লায় জান--আমি সবই জানি (জলপা ২) তু কুল্লে--মোট

কুল্‌লা[২] **kulla** দ্র কুল্‌কচা কুল্‌লা করা--কুল্‌কুচি করা (বর্ধমা ৮ বাঁকুড়া ৭, ১৮)

কুল্‌লাহ **kullaho** বি শোলা spongewood (পদিনা ২)

কুল্‌লি[১] **kulli** বি কুলি, মোটবাহক a porter কুল্‌লি ছাওয়া--কুলির ছেলেগুলো (কোচবি ২ জলপা ৭)

কুল্‌লি[২] **kulli** বি বাজপাখি a hawk (চব্বিশ ৩৬)

কুল্‌লি[৩] **kulli** দ্র কুল্‌কুচা, কুল্‌লা[২] (চব্বিশ ৪ পদিনা ২ মুর্শিদা ৩ হুগলি ১)

কুল্‌লিয়ানি **kulliani** বি কুলি (স্ত্রী) a female porter (জলপা ৭) দ্র কুল্‌লি[১]

কুল্‌লুই **kulluĭ** বি কাঁকর grit, a coarse grain of sand (বর্ধমা ৬ হুগলি ১২)

কুল্‌লে **kulle** বিণ সর্বস্ব in total lock, stock and barrel চোরে শিতি [সিঁদ] দিয়া ভারাখুরি কুল্‌লে নিয়া গেসে--চোরে সিঁদ কেটে হাঁড়িকুড়ি সব নিয়ে গেছে (জলপা ১)

কুল্‌লো **kullo** দ্র কুল্‌লি[২] (চব্বিশ ২১ নদীয়া ২) ~ **চারেই kullo careĭ** দ্র কুল্‌লি[২] (চব্বিশ ২৩)

কুল্‌শেনি **kulʃeni** বি আঁতুড়ঘরে সদ্যোজাত শিশুর পরিচর্যাকারী ধাত্রী a midwife [who takes care of a new-born baby] (হাওড়া ১০)

কুল্‌হা **kulha** বি কুলো winnowing implement made out of bamboo slips (পদিনা ২)

কুল্‌হি[১] **kulhi** বি কুকা পাখি *Centropus sinensis* (বীরভূ ৪)

কুল্‌হি[২] **kulhi** বি পাড়া locality বামুন্‌ কুল্‌হি--বামুন পাড়া, মাহাত কুল্‌হি--মাহাত পাড়া (পুরুলি ১২)

কুল্‌হি[৩] **kulhi** বি গ্রামীণ কাঁচা রাস্তা an unmetalled road of village (পুরুলি ৬, ৯, ১৭ বাঁকুড়া ১ বীরভূ ৩ মেদিনী ৯, ২৫) তু কুল্‌হি (সাঁও)

কুলা[১] **kula** বি গরুর জিভের একপ্রকার ঘা [রান্নাঘরের ঝুল, নুন ও পাতিলেবুর রস সহযোগে জিভে লাগালে এই ঘা কমে যায়] a type of sore found in the tongue of cattle (মেদিনী ২৮)

কুলা[২] **kula** দ্র কুল্‌হা [অঞ্চল বিশেষে এর গড়ন পৃথক হয়, যেমন, দার্জিলিং জেলায় সামান্য উঁচু কানাবিশিষ্ট সমতল ডালা কুলো হিসেবে ব্যবহৃত হয়] (দার্জিলি ২ মেদিনী ১২) ~ **খ্যালা kula kʰæla** বি এক্কাদোক্কা খেলার মতো একটি গ্রামীণ খেলা a rural outdoor game of hopping and jumping (মেদিনী ১৪)

কুলাই চণ্ডীর্‌ পুজো **kulaĭ cɔnḍir pujo** বি অগ্রহায়ণ মাসে শুক্লপক্ষের মঙ্গলবার পালনীয় গ্রামীণ পূজা [এইদিন গ্রামের সমস্ত মেয়েরা একস্থানে একত্রিত হয়ে চাল, কলা, বাতাসা দিয়ে পূজা করে। সকলে বাড়ি থেকে চিঁড়ে দই মুড়ি মুড়কি নিয়ে এসে একজনের বাড়িতে বসে কলাপাতায় খায় এবং খাওয়ার পরে কলাপাতাটা পুকুরে ভাসিয়ে দেয়। পূজার অবশিষ্ট ফুল-বেলপাতা ইত্যাদি কুলায় করে তুলে মাথায় করে নিয়ে আসে এবং পুকুরে ভাসিয়ে দেয়] a rural ritual observed by women in the eighth month of the Hindu calendar (নদীয়া ৯)

কুলাটি **kulaṭi** দ্র কুল্‌ আঁটি (নদীয়া ১৩ বর্ধমা ২০)

কুলাঠি **kulaṭʰi** দ্র কুল্‌ আঁটি (পুরুলি ১২ মুর্শিদা ১৪ মেদিনী ৫)

কুলান **kulano** ক্রি পরিমাণে যথেষ্ট হওয়া to suffise ভাত্‌ কুলাইত্‌ পারে নি--ভাতে কুলায় নি (বাঁকুড়া ১২) তু কুলাও (সাঁও)

কুলার্‌ দেওয়া **kular deŏa** ক্রি জমির আলে নরম মাটি লেপন করা to smear clay on balk (হুগলি ১৫)

কুলি[১] **kuli** দ্র কুল্‌হি[৩] (পুরুলি ৫, ১৫ বর্ধমা ২, ১০, ১৫, ১৮ বাঁকুড়া ১, ৭, ১৬ বীরভূ ১০ মেদিনী ৩, ৫, ১৩, ২৫, ২৯, ৩৩ হুগলি ১, ৫) ~ **কাট্‌ kuli kaṭ** বি কুলগাছের কাঠ wood of jujube-tree (চব্বিশ ৩৬) ~ **দুয়ার্‌ kuli duar** বি সদর দরজা main gate of a house (পুরুলি ৪ বর্ধমা ১৮ বাঁকুড়া ১৬) ~ **ধার্‌ kuli dʰar** বি সদর দরজার দিক (দ্র কুলিদুয়ার্‌) the side or the area of the main gate of a house (বাঁকুড়া ১৫) ~ **পদ্‌দা kuli pɔdda** বি আমের গায়ের কালো দাগ black spot on mango (মালদা ১) ~ **পাদা kuli pada** দ্র কুলিপদ্‌দা (মুর্শিদা ১৭ মেদিনী ৩৪) ~ **বেগুন্‌ kuli begun** বি একপ্রকার বেগুন [সরু এবং ছোট এই বেগুন থেকে শাঁস বের করে নিয়ে, আঙুলহাড়া হয়েছে যে আঙুলে সেই আঙুলটি বেগুনের ফাঁকা অংশে ভরে দিলে ব্যথা কমে যায়] a kind of brinjal--small and slender (চব্বিশ ৯ হুগলি ৮) ~ **ব্যাঙ্‌ kuli bæŋ** বি কুনোব্যাঙ a type of frog, usually lives in the

dark corner of a room or some other place (পদিনা ১৪) ~ **ব্যাড়্ kuli bæɽ** বি শেয়াকুল *Zizyphus oenaplia* (জী. অ.) (মালদা ১০) ~ **ভাঁড়্ kuli bʰãɽ** বি ছোট ভাঁড় [বড় ভাঁড়কে 'ভাঁড়' বলা হয়] a small earthen pot (মেদিনী ৩৩) ~ **মোঙ্গোল্‌বার্ kuli moŋgolbɑɽ** বি একপ্রকার লোকব্রত [জ্যৈষ্ঠমাসের প্রতি মঙ্গলবার মঙ্গলচণ্ডীর পূজা বিধেয় এবং এই কারণে এই মাসের সব মঙ্গলবারকে এইরূপ বলা হয়। হাওড়া জেলায় একে বলে 'জয় মঙ্গোল্‌বার্'] a kind of folk-vow (চব্বিশ ১১) তু কুল্‌হি (সাঁও)

কুলি[২] **kuli** দ্র কুল্‌কচা ~ **করা kuli kɔrɑ** ক্রি কুলকুচি করা to rinse or swill one's mouth with water (কোচবি ৬ পদিনা ২ মেদিনী ১৭, ৩৫) ~ **ছাটা kuli cʰaʈɑ** দ্র কুলি করা [কুলি[২]] (কোচবি ৩) ~ **ফ্যালা kuli pʰælɑ** দ্র কুলি করা [কুলি[২]] (চব্বিশ ৩৭)

কুলি[৩] **kuli** বি ঘরামি a workman who builds mud-houses (বাঁকুড়া ১১)

কুলি[৪] **kuli** বি জনমজুর a daily labourer (পুরুলি ৯)

কুলি[৫] **kuli** বি গ্রামের জলনিকাশি নালা a drain (বর্ধমা ৪ বীরভূ ১১ হুগলি ৫) তু কুল্‌হি (সাঁও)

কুলি[৬] **kuli** বি কোকিল the cuckoo (মালদা ১) তু 'কুইলি' (শ্রীকৃষ্ণ)

কুলি[৭] **kuli** বি বিড়ি বাঁধার কাজে ব্যবহৃত বিশেষ ধরনের কুলো [যার পিছন দিকের কানা বেশি উঁচু] a high-back platter made out of bamboo slips used for making 'biɽi' (মুর্শিদা ২২)

কুলি[৮] **kuli** বি ঝিনুক the oyster (মেদিনী ৩৩)

কুলি[৯] **kuli** বি নতুন বাঁশের গায়ের আবরণ বা খোসা [এটি ছাড়ালে কুলোর মতো দেখতে লাগে] a cover of bamboo (মুর্শিদা ১৭)

কুলি[১০] **kuli** বি শিল [বৃষ্টির সঙ্গে যে বরফকুচি পড়ে) hail কুলি পড়া--শিল পড়া (বীরভূ ৯)

কুলি[১১] **kuli** বি ধুলো dust (মেদিনী ৩৩)

কুলি[১২] **kuli** বি 'ঘুনি' বা 'ঘোনি' নামক মাছ ধরার সরঞ্জামের যে পথ দিয়ে মাছ প্রবেশ করে gateway of a fishing trap made out of cane or bamboo slips (চব্বিশ ১২ বর্ধমা ২২)

কুলিক্ **kulik** দ্র কুল্‌পো (বর্ধমা ২৩)

কুলিকচা **kulikɔcɑ** দ্র কুল্‌কচা (মেদিনী ২৮)

কুলিকুচ্ করা **kulikuc kɔrɑ** দ্র কুলি করা [কুলি[২]] (নদীয়া ৫)

কুলিকুচা **kulikucɑ** দ্র কুল্‌কচা (চব্বিশ ৭)

কুলিকুচি **kulikuci** দ্র কুল্‌কচা (চব্বিশ ২১)

কুলিকোচা **kulikocɑ** দ্র কুল্‌কচা (চব্বিশ ১৯)

কুলি[১২]

কুলু[১] **kulu** দ্র কুল্‌হা (মুর্শিদা ৯)

কুলু[২] **kulu** দ্র কুল্‌কচা (নদীয়া ১)

কুলু[৩] **kulu** বি কলু an oil-man (বাঁকুড়া ৭ বীরভূ ১০ মুর্শিদা ১৪)

কুলুক্ **kuluk** বি তালা a lock (মেদিনী ৫, ১৩, ১৪, ২৫) < কুলুপ

কুলুক্‌কাঠি **kulukkɑʈʰi** বি চাবি a key (মেদিনী ৫)

কুলুক্‌খুড়ে **kulukkʰuɽe** বি কাঁটাযুক্ত ঘাসজাতীয় উদ্ভিদ বিশেষ [আঙুলহাড়া রোগে এই উদ্ভিদ বেটে মুড়িভাজা বালির সঙ্গে মিশিয়ে লাগাতে হয়] a medicinal plant [grass-like and thorny; paste made of this plant mixed with parched sand, is applied to cure whitlow] (বীরভূ ১১)

কুলুকুতি **kulukuti** বি কাতুকুতু titillation (বর্ধমা ২০)

কুলুকুতু **kulukutu** দ্র কুলুকুতি (বর্ধমা ১৬)

কুলুগা **kulugɑ** দ্র কুল্‌মি (বাঁকুড়া ১২)

কুলুঙা **kuluŋɑ** দ্র কুল্‌মি (বীরভূ ১১)

কুলুঙ্কি **kuluŋki** দ্র কুল্‌মি (চব্বিশ ২৭)

কুলুঙ্গা **kuluŋgɑ** দ্র কুল্‌মি (বর্ধমা ২০ মেদিনী ৬)

কুলুঙ্গি **kuluŋgi** দ্র কুল্‌মি (চব্বিশ ৮)

কুঁলুঙ্গো **kuluŋgo** দ্র কুল্‌মি (হুগলি ১২)

কুলুচ্ **kuluc** দ্র কুল্‌কচা (চব্বিশ ৪)

কুলুচি[১] **kuluci** দ্র কুলি[৯] (বর্ধমা ৬, ১০, ২৩ বাঁকুড়া ১ বীরভূ ৮ হুগলি ৯, ১৫)

কুলুচি[২] **kuluci** বি বেশি উঁচু কানাবিশিষ্ট ছোট কুলো বিশেষ [ছোটরা খেলনা হিসাবে ব্যবহার করে] a high-brimmed platter made of bamboo slips [used as toy] (বাঁকুড়া ১০)

কুলুট্ **kuluʈ** বি হাত বা পায়ের কড়া a corn [on the foot] (মালদা ৩, ১১)

কুলুনি **kuluni** বি স্ত্রী-কলু বা কলু-বৌ an oil-woman or the wife of an oil-man (মুর্শিদা ১৪)

কুলুপ্[১] **kulup** বি তালা a lock (পুরুলি ৫, ১২ বর্ধমা ৫, ৬, ১৮, ২০, ২৬ বীরভূ ১, ৩, ৮,৯, ১০ মেদিনী ১৫, ২৪,



কুলো[২] সারানো

২৯, ৩৪) কুলুপ্‌টা বেকল্ হোইন্ গেলো—তালাটা খারাপ হয়ে গেল (বর্ধমা ২৬) ~ **কাঠি kulup kaʈʰi** বি চাবি a key (বর্ধমা ২৬) ~ **খাঁড়ি kulup kʰãɽi** বি তালাচাবি a lock and key (পুরুলি ৪, ১৭) ~ **ছোড়ান্ kulup cʰoɽan** দ্র কুলুপ্ খাঁড়ি (মুর্শিদা ১৬) ~ **থোবা kulup tʰoba** বি চাবির গোছা বা থোকা key-ring with keys (বাঁকুড়া ৭)

কুলুপ্[২] kulup বি ছিপি stopper (পদিনা ১১)

কুলুপ্[৩] kulup বি কেরোসিন বাতির সরু নল [এর মধ্য দিয়ে সল্‌তে বেরিয়ে থাকে] the pipe of an oil-lamp which holds the wick (দার্জিলি ৩)

কুলুমা kuluma দ্র কুল্‌মি (বীরভূ ১৪)

কুলুয়া kulua দ্র কুল্‌হা (বর্ধমা ২)

কুলে[১] kule দ্র কুল্‌হা (কোচবি ১)

কুলে[২] kule বি কালো গরু a black cow (নদীয়া ৬) ~ **খাড়া kule kʰaɽa** বি একপ্রকার শাক [জলের ধারে জন্মে। পাতা কর্কশ। ফুল নীলাভ] a kind of edible creeper; *Hygrophila spinosa* (বাঁকুড়া ৭)

কুলো[১] kulo দ্র কুলি[৯] (নদীয়া ৯)

কুলো[২] kulo দ্র কুলু[৩] (বীরভূ ৫) ~ **ঝুঁটি kulo jʰũʈi** দ্র কুল্‌ঝুঁটি (মুর্শিদা ১৮) ~ **পন্ kulo pɔn** বি কুম্ভকার কর্তৃক ব্যবহৃত বিশেষ ধরনের পন [পন মৃৎপাত্র দহনের কাজে ব্যবহৃত চুল্লি। এই পন্‌টির বিশেষত্ব এই যে, এর গড়ন ইংরাজি 'ভি' আকৃতির এবং উনানের মতো একদিক ফাঁকা ও তিনদিকে দেওয়াল] a 'V' shaped kiln of potter (চব্বিশ ১) ~ **সারানো kulo sarano** ক্রি কুলোতে করে ধান ঝেড়ে অপুষ্ট ধান বাছাই করার প্রক্রিয়া [এইভাবে ঝাড়ার সময় অপুষ্ট ধানগুলি বাতাসে উড়ে দূরে পড়ে] cleaning corn by winnowing (চব্বিশ ৭)

কুলোক্‌খি kulokkʰi বিণ অলক্ষী sinister (মেদিনী ৭) < কু + লক্ষ্মী

কুলোচি kuloci দ্র কুলি[৯] (বাঁকুড়া ৩)

কুলোছি kulocʰi দ্র কুলি[৯] (বাঁকুড়া ১১)

কুলোয়া kuloa দ্র কুল্‌হা (বাঁকুড়া ৭ মেদিনী ২৫ হুগলি ১)

কুল্যা[১] kulæ দ্র কুল্‌হা (কোচবি ৬, ৭ পদিনা ৫, ১০ মেদিনী ২৯)

কুল্যা[২] kulæ দ্র কুলি[৯] (মুর্শিদা ১৯) ~ **খেলা kulæ kʰela** বি গ্রামীণ খেলা বিশেষ [কুলোর আকৃতি বিশিষ্ট একটা ছক থাকে। এই ছকের প্রথমঘরে একটি গুটি ফেলে একজন খেলোয়াড় এক পায়ে ঐ ছকের মধ্যে গিয়ে গুটিটিকে ক্রমান্বয়ে উপরের দিকে ঠেলে নিয়ে যায়। অবশ্য কিৎকিৎ জাতীয় সুর করে দম নেয়। একদমে যতটা যেতে পারবে ততটাই তার কার্যক্রম শেষ হয়। এরপর পরের জন দম নিয়ে শুরু করে। দাগের মধ্যে পা বা গুটি পড়লে খেলার দান ছেড়ে দিতে হয়। যে যত দ্রুত সব ঘর অতিক্রম করতে পারে সে-ই পারদর্শী বা দক্ষ খেলোয়াড়ের স্বীকৃতি পায়] a kind of folk-game (মেদিনী ২৮)

কুশ্‌গিরা kuʃgira বি মণিবন্ধ the wrist (বাঁকুড়া ১১)

কুশ্‌টা kuʃta বি পাট jute (চব্বিশ ২১)

কুশ্‌টিন্‌টা kuʃtinta বি বিবাহের কন্যাসম্প্রদান অনুষ্ঠান the ceremony of offering the bride into the hands of the groom (দার্জিলি ৩)

কুশ্‌ডেমুর্ kuʃɖemur বি একপ্রকার ডুমুর a variety of fig (বর্ধমা ১৯)

কুশ্‌তি kuʃti বি ডিগবাজি somersault (দার্জিলি ৩) দ্র উইল্‌টা মালিক

কুশ্‌তে kuʃte বি খেজুরপাতা, বেনাঘাস, কুশ, খড় ইত্যাদির তৈরি ঝাঁটা a broom [made out of palm-leaves] (চব্বিশ ৩৩) < কুশ

কুশ্‌মাটি kuʃmaʈi বি ধুলো dust (চব্বিশ ১৭)

কুশ্‌মালা গাচ্ kuʃmala gac বি জিওল গাছ a kind of tree that lives long *[Odina wadier]* (পুরুলি ১৫)

কুশড়্ kuʃɔɽ বি আখ a sugarcane (মালদা ৯ মুর্শিদা ১৪, ১৯, ২২, ২৩, ২৪) কুশড়্ বেনানো—আখের খোসা ছাড়ানো (মুর্শিদা ১৪)

কুশা kuʃa বি কুয়াশা mist (চব্বিশ ৯)

কুঁশাঁই kũʃãĩ বি ধাত্রী a midwife (চব্বিশ ১৭)

কুশাইড়্ kuʃaiɽ দ্র কুশড়্ (মালদা ৮)

কুশাইতা kuʃaĩta বিণ কুলক্ষণযুক্ত, যাকে দেখলে যাত্রা অশুভ হয়, অযাত্রা ill-omened, inauspicious < কু + শাইতা (=শুভ) (জলপা ৭)

কুশাইদা kuʃaĩda দ্র কুশাইতা [এখানে সাপের সঙ্গমদৃশ্য অযাত্রাসূচক মনে করা হয়] (কোচবি ২)

কুশাতা kuʃata দ্র কুশাইতা (পদিনা ১৪)

কুশাদিয়া kuʃadia বিণ খারাপ bad কুশাদিয়া লোক্ উটা —ওটা খারাপ লোক (দার্জিলি ২) তু কুশাইতা

কুশানি kuʃani দ্র কুঁশাঁই (চব্বিশ ৪)

কুশার্[১] **kuʃar** দ্র কুশড়্ কুশর্ বাড়ি--আখের ক্ষেত (জলপা ৩ পদিনা ১৪)

কুশার্[২] **kuʃar** বি কুশ a kind of holy grass with sharp blade (দার্জিলি ২)

কুশারি **kuʃari** দ্র কুশড়্ (কোচবি ২)

কুশাল্ **kuʃal** দ্র কুশড়্ (মালদা ১)

কুশি[১] **kuʃi** বি লাউ, কুমড়ো জাতীয় গাছের ছোট ডগা a tender stalk [as of a creeper or climber] (কোচবি ১ জলপা ৪, ৫, ৭ পদিনা ১, ৩, ৭, ১০, ১২ মালদা ৪) নাউয়ের্ কুশি--লাউডগা [লাউশাকের ডগা] (জলপা ৭) কুমড়ার্ কুশি--কুমড়োর ডগা [কুমড়ো শাকের ডগা] (মালদা ৪)

কুশি[২] **kuʃi** বিণ কচি unripe, tender, green কুশি আম্--কচি আম (মেদিনী ২৮) কুশি ডাব্--কচি ডাব (বীরভূ ১) কুশি প্যায়রা--কচি পেয়ারা (চব্বিশ ১৪) নারকোল্ কুশি-কচি নারকেল (চব্বিশ ৪, ১৪ বীরভূ ১ মেদিনী ২৮ হাওড়া ১০) < সং কোশ (-কুঁড়ি)

কুশি[৩] **kuʃi** বি কাশঘাস [এর সরু সরু ডাঁটার গুচ্ছ মুড়িভাজার কাজে লাগে] a species of tall grass *[Saccharum spontaneum]* (বীরভূ ১৪)

কুশি[৪] **kuʃi** বি তেল তোলার পলা a small ladle or spoon [used for lifting a small quantity of oil from a jar] (পদিনা ৬)

কুশি[৫] **kuʃi** বি কাঠের হাতুড়ি [মাটির ঢেলা ভাঙার কাজে ব্যবহৃত] a wooden hammer (জলপা ১)

কুশি[৬] **kuʃi** বি কাপড়ের কুঁচি বা কোঁচা plaited end of loin cloth tucked at the front of the wearer (কোচবি ২, ৩) তু কাশো (সাঁও)

কুশি[৭] **kuʃi** বি আম্রপল্লব leaves of mango tree [a cluster of five leaves together on a twig, used in the worship of the Hindu gods] (পদিনা ৬)

কুশি[৮] **kuʃi** বি আনারসের উপরের পাতার অংশ young and tender leaves on the top side of ananas (পদিনা ৩) তু কুশি[১]

কুশিয়ার্ **kuʃiar** বি আখ a sugarcane (কোচবি ২, ৩ জলপা ৬, ৭ দার্জিলি ৩ পদিনা ১, ৮, ১০ মালদা ১, ৪)

কুশির্ **kuʃir** বি কচি পাতা young and tender leaves (দার্জিলি ২)

কুঁশুইড়া **kũʃuĭɽa** বিণ আধপোড়া [বা আধসিদ্ধ অবস্থা, যা আর কোনোভাবেই পুড়বে না বা সিদ্ধ হবে না এমন] half-roasted কুঁশুইড়া বেগুন্--আধসিদ্ধ বা আধপোড়া বেগুন (পুরুলি ১২)

কুশুংনিগা **kuʃuŋniga** বি বিবাহানুষ্ঠান [অন্যত্র সমতুল্য শব্দ 'কুসুমডিঙা' বিবাহের অন্যতম অনুষ্ঠান বোঝায়, কিন্তু

কুশুংনিগা

এখানে 'বিবাহ' অর্থেই এই শব্দটি ব্যবহৃত হয়] marriage ceremony (মেদিনী ১১) তু কুসুমডিঙে (দাস)

কুশুন্ডা **kuʃundɑ** বি কুমড়ো a pumpkin (মেদিনী ১১) < সং কুষ্মাণ্ড

কুশুন্ডিঙে **kuʃundiŋe** বি কুশণ্ডিকা [বিবাহের অন্যতম অনুষ্ঠান] a ritualistic performance related to marriage (বর্ধমা ২০) < সং কুশণ্ডিকা

কুশুম্ **kuʃum** বিণ মৃদু গরম tepid, a little hot কুশুম্ জল্--মৃদু গরম জল (মুর্শিদা ২৪) ~ **কুশুম্** **kuʃum kuʃum** দ্র কুশুম্ (জলপা ৭ চব্বিশ প্রায় সর্বত্র, হাওড়া প্রায় সর্বত্র) ~ **কুশুম্ গাচ্** **kuʃum gɑc** বি একপ্রকার গাছ [এর ফুলের বীজ হলুদ মুড়ির (হলুদ সহযোগে ভাজা মুড়ি--এটি বর্ধমান ও বাঁকুড়া জেলার বিশেষত্ব) সঙ্গে ভেজে খাওয়া হয়। এর ফলে মুড়ি সুগন্ধী ও সুস্বাদু হয়। এর বীজ থেকে তেল তৈরি হয়] an oil-seed *[Schbicheria trijuga]* (বর্ধমা ৯, ২০)

কুশুম্ডিকা **kuʃumdikɑ** দ্র কুশুন্ডিঙে (মেদিনী ২৮)

কুশুমা **kuʃumɑ** বি ডিমের কুসুম yolk of an egg (জলপা ৭)

কুশুর্ **kuʃur** দ্র কুশড়্ (নদীয়া ১)

কুশের্ **kuʃer** দ্র কুশড়্ কুশেট্টা [কুশের + টা] ক্যালে ক্যালে খাইও--আখটা ছুলে ছুলে খাই (কোচবি ২) কুশের্ গুড়্--আখের গুড় (কোচবি ৩)

কুশো[১] **kuʃo** বি অনামিকা the ring-finger (মেদিনী ৮)

কুশো[২] **kuʃo** দ্র কুশি[২] (বর্ধমা ১২)

কুশো[৩] **kuʃo** বি সুতোর মতো একপ্রকার ঘাস [এই ঘাসের সাহায্যে মাছ ধরার সরঞ্জামের কাঠিগুলি বোনা হয়] a thin thread-like grass (নদীয়া ১৩) ~ **খোঁড়া** **kuʃo kʰõɽɑ** বিণ যার একটি পা কোনোকারণে অক্ষম এবং যে এজন্য একটি লাঠির সাহায্যে বা নেঙ্চিয়ে চলে [যার একটি পা একেবারেই নেই, ফলে দুইটি লাঠির সাহায্যে চলে তাকে 'খোঁড়া' বলা হয়] a lame-man [who is lame by one leg and limps] (চব্বিশ ২০)

কুস্‌টা[১]

কুশোর্ kuʃor বি আখ a sugarcane (মুর্শিদা ৫, ১১, ১৭, ১৯) ~ **আক্ kuʃor ak** বি একজাতীয় ঘন গাঁটযুক্ত আখ a variety of sugercane having nodes in closer spacing (বীরভূ ৯) তু কুশুই (দাস)

কুস্[১] kus দ্র কুশুমা (বর্ধমা ৭, ১৩)

কুস্[২] kus বি কোশাকুশি a pair of canoe shaped copper pots, one large and the other small, used by the Hindus for keeping holy water during worship (বর্ধমা ৪)

কুস্‌কুটিয়্যা kuskuṭiæ বিণ কূট shrewd (বাঁকুড়া ৭) < কুচুটিয়া

কুস্‌কুস্ করা kuskus kɔra ক্রি উস্‌খুস্ করা to express restlessness কুস্‌কুস্ কোচ্চে--উস্‌খুস্ করছে (মেদিনী ৩২)

কুঁস্‌কে যাওয়া kũske jaŏa ক্রি চুপ্‌সে যাওয়া to become squeezed (পুরুলি ৯) তু আ বা কুঁচকে যাওয়া

কুস্‌টা kusṭa বি পাট jute (চব্বিশ ২১, ২৩ মুর্শিদা ৫)

কুস্‌টি[১] kusṭi বিণ কচি young, green and tender (fruits etc) কুস্‌টি আম্--কচি আম (হুগলি ১৫)

কুস্‌টি[২] kusṭi দ্র কুশ্‌তি (কোচবি ৩)

কুস্‌টিয়া kusṭia বিণ ময়লা dirt কাপড়্‌টা খুব্ কুস্‌টিয়া হঁই গ্যাচে--কাপড়টা খুব ময়লা হয়ে গেছে (বাঁকুড়া ১)

কুস্‌টো বেদ্‌দি kusṭo beddi বি, বিণ গালিবিশেষ [কুষ্ঠরোগাক্রান্ত মহিলা হিসাবে কল্পনা করে বলা হয়] a leper [used as an abusive word] (হাওড়া ১, ৮) < কুষ্ঠ ব্যাধি

কুস্‌টো বেদ্‌দে kusṭo bedde বি, বিণ গালিবিশেষ [কুষ্ঠরোগাক্রান্ত পুরুষ হিসাবে কল্পনা করা হয়] a leper [used as an abusive word] (হাওড়া ১, ৮)

কুস্‌তা[১] kusta দ্র কুস্‌টা (মেদিনী ৩১)

কুস্‌তা[২] kusta দ্র কুশ্‌তে (মেদিনী ৩১) ~ **কাঠি kusta kaṭʰi** বি পাটকাঠি (দ্র কুস্‌টা) stalk of jute plant (মেদিনী ১৮, ৩১)

কুস্‌তি[১] kusti দ্র কুশ্‌তে (চব্বিশ ১৯)

কুস্‌তি[২] kusti বি কামারশালার কাজে ব্যবহৃত সরঞ্জাম বিশেষ [খেজুরগাছের ডাঁটার গোড়ার দিকটিকে পিটিয়ে বা থেঁতো করে চোঁচ বের করা হয়। ফলে সেটি তখন ব্রাশের মতো দেখতে হয়। এটি সর্বদা একটি মাটির গামলায় জলে ডুবিয়ে রাখা হয়। এর সাহায্যে পনের আগুন নিভানো হয় বা আঁচ কমানো হয় এবং গরম লাল লোহা ঝেড়ে ময়লা বের করে দেওয়া হয়] a brush, made by thrashing one end of the stalk of palm leaf [used by blacksmith to strew water in the furnace for controlling of heat, or to wipe dirts out of red-hot iron] (চব্বিশ ২১, ৩৭) দ্র কুঁচ্‌কি[৩]

কুস্‌তি[৩] kusti দ্র কুশ্‌তি (মুর্শিদা ১৭ হুগলি ৫) ~ **খ্যালা kusti kʰæla** দ্র কুশ্‌তি (হুগলি ৫) ~ **মারা kusti mara** দ্র কুস্‌তি খ্যালা বিছ্‌ন্যার উপর্ আর্ কুস্‌তি মারিস্ ন্যে--বিছানার উপর আর ডিগ্‌বাজি খাস্ না। কুস্‌তি মার্--ডিগবাজি খা (মুর্শিদা ১৭)

কুস্‌তুনি kustuni বি মারামারি fighting hand to hand (নদীয়া ৯) < কুস্তি

কুস্‌তে kuste দ্র কুশ্‌তে (চব্বিশ ৭, ২০)

কুস্‌মা[১] kusma দ্র কুশুমা (পদিনা ২, ৯)

কুস্‌মা[২] kusma বি সামিয়ানা a canopy (পদিনা ২, ৩)

কুস্‌রে kusre বি ডিম পাড়ার পরে মুরগির অবস্থা [এইসময় এরা কুঁক্‌কুঁক্ শব্দ করে এবং চুপচাপ বসে থাকে। এইভাবে ডিমে 'তা' দেওয়ার প্রস্তুতি নেয়] the state of a hen after laying egg মুর্‌গিটা কুস্‌রে গিয়েচে--মুরগিটা তা দেওয়ার জন্য প্রস্তুত হচ্ছে (নদীয়া ১৩)

কুস্‌সি kussi বি কাঠ বা বাঁশের তৈরি বড় হাতুড়ি [চাষের জমির বড় বড় মাটির ঢেলা গুঁড়ো করার কাজে লাগে] a wooden hammer [used in breaking lumps of earth in the field] (কোচবি ১ জলপা ৬) দ্র কুশি[৫]

কুসম্ kusɔm দ্র কুশুমা (চব্বিশ ২৭)

কুসা[১] kusa বি কোঁচা the plaited end of *dhoti* [that hangs loosely in front of the wearer] (চব্বিশ ২১ নদীয়া ১)

কুসা[২] kusa দ্র কুশা (চব্বিশ ৯)

কুসাইত্ kusait দ্র কুশাইতা যাত্রাটা ভাল হোইল না, কুসাইত্ ধোরিয়া গ্যাল--যাত্রাটা ভাল হলো না, অযাত্রা হয়ে গেল (জলপা ৭ মালদা ১০)

কুসাইতা kusaĭta দ্র কুশাইতা (কোচবি ১)

কুসাইত্তা kusaĭtta দ্র কুশাইতা (মালদা ৯)

কুসাদিয়া[১] kusadia দ্র কুশাইতা (পদিনা ১)

কুসাদিয়া[২] kusadia বিণ মাকুন্দ, যার গোঁফদাড়ি গজায় না a grown-up man whose beard has not grown (দার্জিলি ২)

কুসায় **kusaĕ** বি আখ a sugarcane (পদিনা ১৪)

কুসি[১] **kusi** দ্র কুশুমা (বর্ধমা ২ মেদিনী ২৭)

কুসি[২] **kusi** বি [কাঁঠাল ইত্যাদির] কোয়া pod [of a jack fruit etc.] (চব্বিশ ৪, ১৭ মেদিনী ২০)

কুসি[৩] **kusi** বি ফুলের কুঁড়ি a bud ফুলের্ কুসি ধোরেছে--ফুলের কুঁড়ি ধরেছে (নদীয়া ১ মুর্শিদা ২১)

কুসি[৪] **kusi** দ্র কুশি[২] কুসি আম্--কচি আম। কুসি ডাব্--কচি ডাব। কুসি প্যায়রা--কচি পেয়ারা। কুশি এঁচোড়্--কচি এঁচোড় (নদীয়া ৪, ১০ মুর্শিদা ৬, ১৮ হাওড়া ৩, ১০)

কুসি[৫] **kusi** বি কচি আমের নরম সাদা আঁটি the soft inner core of a green mango (চব্বিশ ৩৭ মেদিনী ২৯)

কুসি[৬] **kusi** বি [গরু, মহিষ, ছাগল ইত্যাদির] অণ্ডকোষ testicles [of domestic animals] (পুরুলি ৪)

কুসি[৭] **kusi** দ্র কুশ্[২] (বর্ধমা ৪) ~ **কাইল্ঠিয়া kusi kailt^{h}ia** বি কুচকুচে কালো jet black (বাঁকুড়া ১)

কু-সিঝা **ku-sij^{h}a** বিণ অর্ধসিদ্ধ [সিঝা--সিদ্ধ] half or partly boiled সালুন্টা কু-সিঝা হোইয়্যে আছ্যে--তরকারিটা আধসিদ্ধ হয়ে আছে (মালদা ১১)

কুসিয়ার্ **kusiar** দ্র কুশিয়ার্ (দার্জিলি ৩ পদিনা ৩ মালদা ১, ২)

কুসিয়ে **kusie** বিণ প্রচুর পরিমাণে huge amount লক্টা কুসিয়ে ভাত্ খালো--লোকটা ঠেসে বা প্রচুর পরিমাণে ভাত খেলো (পুরুলি ৪) < সং কষ্ ধাতু (দাস)

কুসুই কাটা **kusuĭ kata** বি চোরকাঁটা spear-grass (মুর্শিদা ১৪)

কুসুড়ে **kusure** দ্র কুস্টি[১] কুসুড়ে আম্টা ক্যানে পাড়্লি রে --কচি আমটা কেন পাড়লি রে (বাঁকুড়া ৪)

কুসুম্[১] **kusum** দ্র কুসি[৫] (চব্বিশ ১৪, ১৮, ২০, ৩৭ হাওড়া ৩)

কুসুম্[২] **kusum** বি শাঁস kernel নারকোলের্ কুসুম্--নারকোলের শাঁস (মালদা ৩) তালের্ কুসুম্--তালশাঁস (মালদা ৩ মুর্শিদা ২৩)

কুসুম্[৩] **kusum** বি কুসুম গাছের ফল [দ্র কুশুম্ গাচ্] (বর্ধমা ২০ মেদিনী ৭) ~ **তেল্ kusum tel** বি কুসুম নামক ফল থেকে তৈরি এক ধরনের তেল [দ্র কুশুম গাচ্] (মেদিনী ১২) ~ **দেওয়া kusum deŏa** ক্রি [ডিমে] তা দেওয়া to sit upon an egg মুর্গি কুসুম্ দ্যায়--মুরগি ডিমে তা দেয় (দার্জিলি ২) কুসুমাতি মুর্গি--যে মুরগি ডিমে তা দেয় (কোচবি ৩) ~ **মুগড়্ kusum mugor** দ্র কলম্কাঠি [একপ্রকার সাদা ও মোটা আমনধান] (পুরুলি ১৩)

কুসুম্টিকা **kusumtika** দ্র কুশুন্ডিঙে (পুরুলি ১৫ বাঁকুড়া ৭, ১৫)



কুসি[৬]

কুসুম্ডাঙা **kusumdaŋa** দ্র কুশুন্ডিঙে (মুর্শিদা ১৬)

কুসুম্ডিঙা **kusumdiŋa** দ্র কুশুন্ডিঙে (বাঁকুড়া ৭ বীরভূ ১১)

কুসুমাতি মুর্গি **kusumati murgi** বি যে মুরগি ডিমে তা দেয় [দ্র কুসুম্ দেওয়া] the hen, which sits upon an egg (কোচবি ৩)

কুসুর্ **kusur** আখ a sugarcane কুসুর্ বিনি খাচ্ছে--আখ ছাড়িয়ে খাচ্ছে (নদীয়া ১) কুসুরের্ গুড়্--আখের গুড় (মুর্শিদা ২২)

কুসের্ **kuser** দ্র কুশড়্, কুশের্ (মালদা ৬)

কুসোইর্ **kusoĭr** দ্র কুশোর্ (মুর্শিদা ২৪)

কুঁহটুচু **kũhɔtucu** ক্রি জোরে ডাকছে (is) calling loudly (মেদিনী ৮) [তু কওয়া--বলা]

কুহড়া **kuhɔra** দ্র কুয়া[৩] (মেদিনী ৮)

কুহা **kuha** দ্র কুয়া[৩] (দার্জিলি ৩ পদিনা ৪ মালদা ৪ মুর্শিদা ১১, ২২) ~ **বিশ্টি kuha bi∫ti** বিণ ঝির্ঝিরে বৃষ্টি drizzle, mild, gentle (পদিনা ৯)

কুঁহা[১] **kũha** দ্র কুয়া[৩] (জলপা ৭ পদিনা ১০)

কুঁহা[২] **kũha** বি কূপ a well (মুর্শিদা ২৩)

কুহাশ্ **kuha∫** দ্র কুয়া[৩] (পুরুলি ৩)

কুহিন্ **kuhin** ক্রি বিণ কোথায় where তুই কুহিন্ যাবো--তুই কোথায় যাবি (পদিনা ৩) তু কুন্ঠিয়া

কুহিবকির্ **kuhibɔkir** ক্রি বলবে will say উহাই কুহিবকির্--ওই বলবে (মালদা ৪)

কুহিরেমি **kuhiremi** বি বাঁদরামি mischievousness অরা কুহিরেমি কোইরে ব্যারাইছে--ওরা বাঁদরামি করে বেড়াচ্ছে (মুর্শিদা ১৮)

কুহির্যা **kuhiræ** বি ভণিতা, ভাণ pretention আর্ কুহির্যা দ্যাখাস্ না--আর ভণিতা করিস্ না (মুর্শিদা ২) আর্ কত কুহির্যা দ্যাখ্যাবি?--আর কত ভণিতা করবি? (মুর্শিদা ১৭)

কুহিলি **kuhili** বি কোকিল a cuckoo (দার্জিলি ৪, ২১, ২২ পদিনা ৩) < তু প্রা বা কুইলি

কুহু[১] **kuhu** দ্র কুসি[৫] (পুরুলি ২, ৪, ৫, ৯, ১৬, ১৭ বর্ধমা ২৩ বাঁকুড়া ১, ৭, ১২, ১৫ মেদিনী ৫, ৩২, ৩৩)

কুঁহুড়ি

কুহু[২] **kuhu** দ্র কুঁহা[২] (মেদিনী ২০) ~ **পাকা kuhu paka** বিণ অকালপক্ক (আম) prematurely ripe (mango) (পুরুলি ১৩) [তু. কুহু] < কুহু অর্থাৎ কচি অবস্থায় পাকা ~ **পাদা kuhu pada** বি আমের গায়ে শিলাবৃষ্টির ফলে সৃষ্ট পচন দাগ a spot on mango caused by hail-stone (পুরুলি ১২)

কুঁহুড়া kũhuɽa দ্র কুহড়া (পুরুলি ৬, ১১ বর্ধমা ৮, ২৬ বাঁকুড়া ৭, ১৪, ১৭ মেদিনী ৮, ১৩, ১৬, ৩০, ৩১) গাধি কুঁহুড়া দিছে--বেশ কুয়াশা করেছে (মেদিনী ১৩)

কুহুড়া ডাকা kuhuɽa ɖaka অ মুরগির ডাক crow [of a cock or hen] (বাঁকুড়া ১৫)

কুঁহুড়ি kũhuɽi বি হাঁড়ি কলসি cooking utensils like pitcher, rice boiling pot etc. (মেদিনী ২৯)

কুহুড়ে থাকা kuhuɽe tʰaka ক্রি গুটিসুটি বা জড়োসড়ো হয়ে বসে থাকা to sit huddled (বর্ধমা ১৮) আ বা কুঁক্‌ড়ে থাকা

কুহুনি kuhuni বি কনুই an elbow (মেদিনী ১৮)

কুহু পাদা kuhu pada বি আমের গায়ের দাগ [আমের গায়ে শিলাবৃষ্টির ফলে সৃষ্ট পচনদাগ। লোকবিশ্বাস যে, কোকিল এই দাগ সৃষ্টি করে] spot on mango caused by hail-stone (পুরুলি ১২)

কুহুরা[১] **kuhura** ক্রি প্রবলভাবে কাঁদা, যার ফলে শেষে আর কান্নার শব্দ বেরোয় না to violent cry leading to sobbing ছেলেটা কুহুরাচ্ছে--শিশুটির প্রবল কান্নায় হিক্কা উঠে গেছে বা চিৎকার করতে পারছে না (মুর্শিদা ১১)

কুহুরা[২] **kuhura** ক্রি কাতরানো to groan (জলপা ১)

কুঁহুরা kũhura দ্র কুশা (পুরুলি ২, ১২ বাঁকুড়া ৭ মেদিনী ২০) আজ ভোর্ হয়ঠে কুঁহুরা হয়ঠে--আজ ভোর থেকে কুয়াশা হয়েছে (মেদিনী ২০)

কুহুরা করা kuhura kɔra ক্রি ভাণ করা to pretend কুহুরা করে পোড়ে আছিস্?--ভাণ করে পড়ে আছিস্? (মুর্শিদা ২২)

কুহুরানো kuhurana ক্রি গোঙানো to groan লোক্‌টা জরে কুঁহুরিছে--লোকটা জ্বরে গোঙাচ্ছে (পুরুলি ৪) দ্র কুহুরা[২]

কুঁহুরে kũhure অস ক্রি ফুঁপিয়ে (কাঁদা) to sob লোক্‌টা কুঁহুরে কুঁহুরে কাঁদ্‌ছে--লোকটা ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদছে (মেদিনী ৩৩)

কুহুল্ kuhul দ্র কুহু[১] (পুরুলি ৪)

কুহুলি kuhuli দ্র কুহিলি (জলপা ৭ পদিনা ২ পুরুলি ১৫ বীরভূ ৩, ৮, ১০ মালদা ৪) ~ **পাদা kuhuli pada** দ্র কুহু পাদা (পুরুলি ১৫) দ্র কুহু[২]

কুহুলুকা খ্যালা kuhuluka kʰæla বি লুকোচুরি খেলা hide and seek game (মেদিনী ৩৩)

কুহো kuho দ্র কুশা (বীরভূ ১)

কুঁহ্যা[১] **kũhæ** দ্র কুহো আজ্ খুব্ কুঁহ্যাল্‌চে--আজ খুব কুয়াশা হয়েছে (মুর্শিদা ২, ৩, ১০, ১৫, ১৭)

কুঁহ্যা[২] **kũhæ** দ্র কুহাঁ (মুর্শিদা ১৭)

কুহ্যারা kuhæra বি বেয়াদবি impudence কুহ্যার্যা করিস্ না আমার্ সঙ্গে--বেয়াদবি করিস না আমার সঙ্গে (মুর্শিদা ১৮)

কে ke বিভক্তি দিকে ['এ' বিভক্তির স্থলে 'কে' ব্যবহৃত হয়] to; towards ঘর্‌কে যাব--ঘরে যাব, খামারকে এলো--খামারে এলো (বর্ধমা ৯, ১৫, ২০ বাঁকুড়া ১৬ মেদিনী ৫, ১৪ হাওড়া ১) তু বেলা যে পড়ে এল, জলকে চল

কে[২] **ke** অ 'জন্য' অর্থে for খাওয়া-দাওয়া করে কাট্‌কে যাব --খাওয়া-দাওয়া করে কাঠের জন্য যাব (বাঁকুড়া ১৬) কিস্‌কে--কিসের জন্য (মেদিনী ১৯, ২২)

কেই keĭ সর্ব কেউ someone কেই কেই কয়--কেউ কেউ বলে (মেদিনী ৩০)

কেঁই আঙ্গুল্ kẽĭ aŋgul বিণ কড়ে আঙুল the little finger (মেদিনী ৮)

কেই কোকা keĭ koka বি পায়ের বা হাতের হাজা chilblain in hand and feet [caused by excessive use of water] (চব্বিশ ৩৬)

কেইউ keĭu বি কাক the crow (বীরভূ ৩)

কেইও keĭo দ্র কেইউ (বীরভূ ৩)

কেইও ঠুঁটি keĭo tʰũti বি আড় শেওড়া (গাছ) a kind of wild tree (মুর্শিদা ১৯)

কেইং র‍্যাল্ keiŋræl বি কেন্নো a centipede (মুর্শিদা ২৪)

কেইচ্‌রা ছেলে keicra cʰele বি কচি ছেলে a baby (বাঁকুড়া ৬)

কেইচা[১] **keĭca** ক্রি খেলায় ঠকিয়ে নেওয়া, খেলার মাঠে জোচ্চুরি করা to cheat at the playtime তুই কেইচা কচ্চু--তুই ঠকিয়ে নিচ্ছিস (বাঁকুড়া ৩) তু ক্যাঁচাল-- ঝগড়া

কেইচা[২] **keĭca** বি কাস্তে a sickle (পদিনা ৩)

কেঁইচা kẽĭca বি কেঁচো the earthworm (মালদা ৯) < সং কিঞ্চলুক, কিঞ্চুলুক

কেঁইচ্যা kẽĭcæ দ্র কেঁইচা (মুর্শিদা ২৪)

কেঁইট্ kẽit বি এঁটুলি a tick (মেদিনী ১৬)

কেইট্টো keitto বি কৌটা a small container or box with a lid (বর্ধমা ২০)

কেইটানি keĭtɑni বি ছাঁচতলা the space below the overhanging roof or thatch (বীরভূ ৯)

কেইটি keĭti ক্রি বিণ কোথাও at or in any place কেইটি খাল্ খুলা হয়টে--কোথাও খাল খোঁড়া হচ্ছে (মেদিনী ২)

কেইটো keĭto দ্র কেইট্টো (নদীয়া ১১ বীরভূ ১০)

কেঁইট্যা kẽĭtæ বিণ খেলার মাঠে যে খুব জোচ্চুরি করে a swindler at the playtime (পুরুলি ৮)

কেইঠ্রে keitʰre বি কাঠুরিয়া a wood-cutter (মুর্শিদা ২৪)

কেঁইঠা kẽĭtʰɑ দ্র কেঁইট্যা (পুরুলি ৭)

কেইঠা ব্যাং keĭtʰɑ bæŋ বি কুনো ব্যাঙ a species of frog which seldom comes out of its hole (মুর্শিদা ১৯)

কেঁইড়া kẽĭɾɑ বি গাভীর দুধ দোহনের পাত্র a utensil or can used for collecting milk during milking (বীরভূ ৫) তু আ বা কেঁড়ে

কেঁইড়ে kẽĭɾe বি ছোট কলসি a pitcher (চব্বিশ ৩৭) তু সাঁও কাড়াহি (Campbell)

কেইড়্যা keĭɾæ দ্র কেঁইড়া (বীরভূ ৭)

কেইত্যা করা keĭtæ kɔrɑ দ্র কেঁইট্যা (বাঁকুড়া ১২)

কেইদ্দি keiddi দ্র কেইচা[২] (বীরভূ ৩)

কেই দাড়ি keĭ daɾi বি কাঁকড়ার ছোট ছোট দাড়া the small claws of a crab or lobster (মেদিনী ১৯, ২২, ২৬)

কেইদি keĭdi দ্র কেইচা[২] কেইদিটা এইরাকার্ গড়ানো--কাস্তেটা এখানকার তৈরি (মুর্শিদা ১৪)

কেঁইদে kẽĭde দ্র কেইচা[২] (মুর্শিদা ২৩)

কেইদ্যা keĭdæ দ্র কেইচা[২] (মুর্শিদা ১০)

কেইন্‌কো keinko বি কানের ময়লা ear-wax (নদীয়া ১)

কেইন্‌খ্যা keinkʰɛ দ্র কেইন্‌কো (মুর্শিদা ২৪)

কেইন্‌ড্যা keindæ দ্র কেইংর‍্যাল্ (কোচবি ১)

কেঁইন্‌ধে kẽĭndʰe বি শববহনকারী one who carries a dead body [প্রচলিত ধারণা এই যে, অশৌচান্তে এদের না খাওয়ালে মৃতের আত্মা মুক্তি পায় না। সে কাঁধে কাঁধেই ঘুরে বেড়ায়] (মুর্শিদা ২৪)

কেঁইন্‌ধে বাশ্ kẽindʰe baʃ দ্র কেইন্‌ধে (মুর্শিদা ২৪)

কেইন্‌নে keinne দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ২৪)

কেইনা

কেইনা keĭnɑ বি কনে a bride (পদিনা ৮ মালদা ১১) < সং কন্যা

কেইনা কেইনা খ্যালা keĭnɑ keĭnɑ kʰælɑ বি পুতুল খেলা a children's play (পদিনা ২) আ বা কনে কনে খেলা

কেইনাসি keĭnɑsi বি মাছের কানকো the gill of a fish (বাঁকুড়া ১২)

কেইনি keĭni বি কনুই the elbow (পদিনা ২)

কেইনি আঙুল্ keĭni aŋul দ্র কেঁই আঙ্গুল্ (পদিনা ২)

কেঁইয়ান kẽĭɑnɔ ক্রি দর কষাকষি করা to chaffer, to bargain লোক্‌টা বড় কেঁইয়াচ্ছে--লোকটা বড় দর কষাকষি করছে (বাঁকুড়া ১)

কেইয়া সাপ্ keĭɑ ʃap বি কেউটে সাপ the cobra (মেদিনী ২৮)

কেইয়ো keĭo বি কাক the crow (বীরভূ ১০) তু হি কৌয়া

কেইয়্যা keĭɛ দ্র কেইয়ো (মুর্শিদা ২৪)

কেইল্‌ল্যাং keĭllæŋ দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ২৪)

কেইলা সাপ্ keĭla ʃap দ্র কেইয়া সাপ্ (মেদিনী ২৮)

কেইলে যাওয়া keĭle jaŏɑ ক্রি ছড়ে যাওয়া to be scratched, to get abrasion. গাটা কেইলে গ্যাচে--গাটা ছড়ে গেছে (চব্বিশ ২১)

কেইলে জিরে keĭle jire বি কালো জিরে black cummin (নদীয়া ১১)

কেইলেন্ keĭlen বি যে গরু বা ছাগল বা অন্যান্য প্রাণীর চার-পাঁচ বছর ব্যবধানে বাচ্চা হয় an animal (cow, goat or sheep) which gives birth to young ones after an interval of four or five years (নদীয়া ৩)

কেইলে সাপ্ keĭle sap দ্র কেইয়া সাপ্ (বর্ধমা ২১)

কেইল্যা keĭlæ দ্র কেইয়া সাপ্ (মেদিনী ৩৫)

কেইশ্‌তা keiʃtɑ দ্র কেইচা[২] (বাঁকুড়া ৭)

কেইসা keĭsɑ বি কাশ [তৃণ] a species of tall grass of which mats are made (বীরভূ ৯)

কেঁউ kẽu দ্র কেইনি (মেদিনী ২৬, ৩৪)



কেওয়া[৪]

কেঁউইঁ kẽuĩ দ্র কেইনি (মেদিনী ১৫)

কেউক্যাম্‌নে keŭkæmne সর্ব কেহ কেহ some, some people, certain persons (বাঁকুড়া ১৮)

কেউচা keŭca দ্র কেঁইচা (মেদিনী ১৩)

কেঁউচা kẽuca দ্র কেঁইচা কেঁউচা মাটি--কেঁচোর তোলা মাটি (মেদিনী ৫)

কেউচি keŭci বি কাঁচি scissors (চব্বিশ ৩৬) তু হি কঁইচি (দাস)

কেঁউচুয়া kẽŭcua দ্র কেইচা[১] (বাঁকুড়া ১৫)

কেঁউট্ kẽuṭ দ্র কেঁইট্ (মেদিনী ১৫, ১৯, ২৬)

কেঁউট্‌রা kẽuṭra দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ১৫)

কেউটি ফ্যানা keŭṭi pʰæna বি কচুরিপানা water-hyacinth (চব্বিশ ৩৬)

কেউটো keŭṭo বি জেলে [সাধারণত মাছ ধরে বিক্রি করাই এদের পেশা] one of the Hindu castes, originally members of this caste were fishermen and peasants; members of this caste (মেদিনী ৮)

কেঁউড়া kẽuṛa দ্র কেইংর‍্যাল (মেদিনী ৬, ২৬, ৩৪)

★ **কেঁউড়ানো kẽŭṛano** ক্রি চুলকানো to itch গা কেঁউড়াচ্চে--গা চুলকাচ্ছে (মেদিনী ৯)

কেঁউড়ি kẽŭṛi দ্র কেইংর‍্যাল্ (পুরুলি ৬ বাঁকুড়া ১৭ মুর্শিদা ১৭, ২৩)

কেউড়ি কাটা keŭṛi kaṭa বিণ (ধাতব বাটিতে) ফুল কাটা বা কারুকার্যমণ্ডিত (a pot) having a floral design কেউড়ি কাটা বাটি--ফুল কাটা বাটি (চব্বিশ ২১)

কেঁউদ্ kẽud বি কেঁদ্ গাছের ফল (বনজ ফল) a wild fruit (মেদিনী ১৫)

কেউনা keŭna দ্র কেইনি (মালদা ৬ মুর্শিদা ১১)

কেউনি keŭni দ্র কেইনি (বর্ধমা ২৬ বাঁকুড়া ১৭ মালদা ৭ মেদিনী ১৯, ৩৪)

কেঁউনি kẽŭni দ্র কেইনি (মেদিনী ২৪)

কেউনিয়া keŭnia দ্র কেইনি (মালদা ১১)

কেউয়া keŭa দ্র কেইয়ো (বাঁকুড়া ১১)

কেউর্ keur সর্ব কাহারও whose, of any one, of any body কেউর্ ঘরে পাবে না--কারও ঘরে পাবে না (বর্ধমা ৯)

কেঁউরালি kẽŭrali দ্র কেইংর‍্যাল্ (বীরভূ ৯ মুর্শিদা ৩)

কেউরু keŭru দ্র কেউর্ কেউরু কেউরু মনের জোর্ খুব্ বেশি--কারো কারো মনের জোর খুব বেশি (নদীয়া ৬)

কেউরে লাগা keŭre laga ক্রি জড়াজড়ি লেগে যাওয়া to entangle (নদীয়া ১১)

কেঁউরোল্ kẽŭrol দ্র কেইংর‍্যাল্ (বীরভূ ৪, ৭)

কেঁউল্যা kẽŭlæ বি পাণ্ডুরোগ jaundice (বীরভূ ১১) তু কামলা (সংসদ)

কেও keo বি কাক the crow (বর্ধমা ৪, ১৯)

কেওনি keoni দ্র কেইনি (চব্বিশ ১৭)

কেঁও পুঁটি kẽo pũṭi বি চুনোপুঁটি (মাছ) a very small fish (হাওড়া ১০)

কেওয়া[১] keŏa বি ঠোঁটের প্রান্তভাগ an edge or corner of lip (পুরুলি ৪)

কেওয়া[২] keŏa দ্র কেইউ (বাঁকুড়া ৭, ১২)

কেওয়া[৩] keŏa বি আমের কুশি the mango fruit in green and undeveloped state (মালদা ৬) তু আ বা কোয়া

কেওয়া[৪] keŏa বি কোয়া [রসুনের, কমলা লেবুর ইত্যাদির] any of the juicy divisions or sections of a fruit containing the seed (মালদা ৬)

কেঁওয়া[১] kẽŏa বি মাছের কানকো the gill of a fish (পুরুলি ২)

কেঁওয়া[২] kẽŏa বি কেয়াফুল the screwpine flower *[Pandanus odoratissimus]* (পুরুলি ১৩) < কেওড়া

কেওয়া ডুব keŏa ḍub বি অল্পজলে মাথা অর্ধেক ডুবিয়ে স্নান brief and careless bath (বাঁকুড়া ৩) তু কাক স্নান

কেওয়ারি করা keŏari kɔra ক্রি শুশ্রূষা করা বা যত্ন করা to nurse (কোচবি ৩) তু ইং care

কেঁওয়াস্ kẽŏas দ্র কেঁওয়া[১] (পুরুলি ১৬ বাঁকুড়া ১৬)

কেওর্ keor সর্ব কাহারও whose, of whom কেওর্ সঙ্গে আয়ে কাড়হে না--কারুর সঙ্গে কথা বলে না (মালদা ৮)

কেওরা আখ্ keŏra akʰ বিণ কটা চোখ cat-eyed কেওরা আখা--কটা চোখো (পদিনা ২)

কেংকি keŋki দ্র কেঙ্‌কি (জলপা ২)

কেংকুড়ি keŋkuṛi দ্র কেঙ্‌কুড়ি (জলপা ২, ৬)

কেংডুল্ keŋṛul দ্র কেঙ্‌ড়ুল্ (মুর্শিদা ১৪)

কেংরা keŋṛa দ্র কেঙ্‌রা (বর্ধমা ২১)

কেংরি keŋṛi দ্র কেঙ্‌রি (হাওড়া ১২)

কেংলাশ্ **keŋlaʃ** দ্র কেঙ্লাশ্ (বর্ধমা ৪)

কেংলি **keŋli** দ্র কেঙ্লি (মাল্দা ১১)

কেংলেশ্ **keŋleʃ** দ্র কেক্লাস্ (চব্বিশ ৩৩)

কেংলোই **keŋloi** দ্র কেঙ্লোই (বাঁকুড়া ১৪)

কেঁক্চি লাগা **kẽkci laga** ক্রি পাক লাগা [দড়ি পাকানোর সময় যতগুলি খি বা সুতো একসঙ্গে পাকানো হয়, তার মধ্যে একটি আলাদাভাবে পাকিয়ে যাওয়া] to become twisted (পুরুলি ৩ বাঁকুড়া ৫) দড়িটায় কেঁক্চি লেগ্যা গ্যাছে--দড়িটায় পাক লেগে গেছে (বাঁকুড়া ৫)

কেঁক্চি চুল্ **kẽkci cul** বিণ বেতো চুল weak hair (মেদিনী ১২)

কেঁক্চিয়া চুল্ **kẽkcia cul** বি কোঁকড়ানো চুল curled hair (মেদিনী ১৪)

কেঁক্চোল্ চুল্ **kẽkcol cul** দ্র কেঁক্চিয়া চুল্ (মেদিনী ১২)

কেক্টি **kekṭi** বিণ যে মহিলা মুখ ভেংচায় a woman who make faces (জলপা ৩) [ক্যাক্টা (পুং)]

কেক্ড়া চুল্ **kekṛa cul** দ্র কেঁক্চিয়া চুল্ (জলপা ৯)

কেক্ড়া কেক্ড়ি **kekṛa kekṛi** ক্রি কোদাল দিয়ে [মড়া পোড়ানোর] ছাই পরিষ্কার করা to remove ashes (of a pyre) with a spade (কোচবি ৪)

কেক্ড়ি[১] **kekṛi** অস ক্রি চেঁচে scraping থালোত্ হাত্টা কেক্ড়ি রাখিল্--থালাতে হাতটা চেঁচে নিল (কোচবি ৪)

কেক্ড়ি[২] **kekṛi** বি মাছ ধরার বেতের তৈরি সরঞ্জাম বিশেষ a fishing tool made of cane (কোচবি ৬)

কেক্ড়ি[৩] **kekṛi** বি ঢেঁকির গড়ের মধ্যে ধান-চাল ইত্যাদি ঠেলে দেবার জন্য লোহার অর্ধবৃত্তাকার আঁকশি লাগানো বাঁশ a bamboo pole with a semi-circular hook fixed at one end used for pushing corn into the hollow into which the mouth of a husking pedal falls to thrash grains (পদিনা ১০)

কেক্ড়ি[৪] **kekṛi** ক্রি, অস ক্রি (মাছের আঁশ) ছাড়াই, ছাড়িয়ে to remove, removing scales of a fish কেক্ড়ি দে--(আঁশ) ছাড়িয়ে দে। মুই মাছের্ আইশা কেক্ড়ি--আমি মাছের আঁশ ছাড়াই (কোচবি ৩)

কেঁক্ড়ি **kẽkṛi** বি চাঁচি (দুধের) scrapings, especially of a calcined milk (পদিনা ৫)

কেক্রা কুকুরি **kekra kukuri** দ্র কেঁক্চিয়া চুল (দার্জিলি ২)

কেক্লাস্ **keklas** বি গিরগিটি a lizard (বাঁকুড়া ১১)

কেঁক্লাস্ মাচ্ **kẽklas mac** বি তারই মাছ a kind of fish (পুরুলি ১৩)

কেঁক্লে[১] **kẽkle** বি গাঙধাড়া মাছ a kind of fish called the billfish (নদীয়া ৪ হুগলি ১৬)

কেক্লাস্

কেঁক্লে[২] **kẽkle** বিণ কৃশকায় lean; thin; of a slender frame ছেলেটা কেঁক্লে মরা হয়ে গিয়েছে--ছেলেটা কৃশকায় হয়ে গেছে (নদীয়া ৬) আ বা কাঁকাল (কঙ্কাল)

কেঁক্লোই **kẽkloĭ** দ্র কেইংর্যাল্ (বাঁকুড়া ১১)

কেঁক্ সিদ্দো **kẽk siddo** বিণ অর্ধসিদ্ধ half-boiled (বাঁকুড়া ১৫)

কেকু **keku** বি কলাগাছের কচিপাতা [যা গোটানো অবস্থায় থাকে] a young plantain leaf (মালদা ১১)

কেকুপাত্ **keku pat** বি কচিপাতা a fresh and soft (young) leaf (পদিনা ৮)

কেকে নেওয়া **keke neŏa** ক্রি হাত চেঁচে নেওয়া [কোনো পাত্রের কানায়] to scrape (চব্বিশ ৭, ৩৯ নদীয়া ১২)

কেকেরা **kekera** বিণ বাঁকা bent; curved, not straight (কোচবি ৩)

কেঁকো[১] **kẽko** বি কাঁকড়ার সদ্যজাত বাচ্চা a young crab very recently born (হাওড়া ৩, ১১)

কেঁকো[২] **kẽko** বি পাঁকাল মাছ ধরার লোহার তৈরি সরঞ্জাম [বাঁশের হাতলের অগ্রভাগে ছয়টি বাঁকানো ফলা থাকে। পাঁকের মধ্যে এটি টেনে মাছ ধরা হয়। সাধারণত এর দ্বারা পাঁকাল মাছ ধরা হয়] a fishing tool with six iron hooks (বর্ধমা ২)

কেঁকো[৩] **kẽko** বি মাছ ধরার সরঞ্জামবিশেষ [বাঁশের হাতলের অগ্রভাগে পাঁচটি লৌহ-শলাকা থাকে। যার সাহায্যে দূর থেকে ছুঁড়ে মাছ মারা হয়] a kind of small harpoon for catching fish (বর্ধমা ২২)

কেঁকোই **kẽkoĭ** দ্র কেঁকো[২] (বীরভূ ৮)

কেঁকো পোক্ **kẽko pok** দ্র কেঁকো[১] (হাওড়া ১)

কেঁখ্ড়িবো **kẽkʰṛibo** ক্রি চাঁচবো [হাত] shall scrape (মালদা ৮) দ্র কেকে নেওয়া

কেঁখ্লে মাচ্ **kẽkʰle mac** দ্র কেঁক্লে[১] (মুর্শিদা ২০)

কেঁখে নেওয়া **kẽkʰe neŏa** দ্র কেকে নেওয়া (চব্বিশ ১)

কেঁখো[১] **kẽkʰo** দ্র কেঁকো[১] (মেদিনী ১৫ হাওড়া ১০)

কেচ্‌কেচিয়া

কেঁখো[২] **kẽkʰo** বি 'মুগ্‌রি' [বাঁশের কাঠির দ্বারা তৈরি ছোট ছোট মাছ ধরার সরঞ্জাম বিশেষ] small fishing nets made of long pins or sticks of bamboo (হাওড়া ১০)

কেগা **kega** বি কাক a crow (বাঁকুড়া ১৩)

কেগো **kego** দ্র কেগা (বর্ধমা ১০, ১৯ মেদিনী ৭)

কেঙ্‌কি **keŋki** ক্রি বিণ কেমন করে how; of or in what sort or manner (জলপা ২)

কেঙ্‌কুড়ি **keŋkuɽi** ক্রি বিণ কিভাবে, কেমন করে how কেঙ্‌কুড়ি কোইছি ক দেখি--কেমন করে বলছি বল দেখি (জলপা ২, ৬)

কেঙ্‌ড়ুল্ **keŋɽul** বি কেন্নো centripede, millipede (মুর্শিদা ১৪)

কেঙ্‌রা **keŋra** বি কাঁকড়া the crab (বর্ধমা ২১)

কেঙ্‌রি **keŋri** ক্রি চুলকানো to itch, to scratch (হাওড়া ১২)

কেঙ্‌লাশ্ **keŋlas** দ্র কেক্‌লাস্ (বর্ধমা ৪)

কেঙ্‌লি **keŋli** দ্র কেঁই আঙ্গুল (মালদা ১১)

কেঙ্‌লেশ্ **keŋleʃ** দ্র কেক্‌লাস্ (চব্বিশ ৩৩)

কেঙ্‌লোই **keŋloĭ** দ্র কেঙ্‌ড়ুল (বাঁকুড়া ১৪)

কেচ্‌কা **kecka** বিণ কচি young, infant, child in arms কেচ্‌কা ছোয়া--কচিছেলে, কেচ্‌কাবেটি--কচি মেয়ে (পদিনা ১৩) তু হি কচ্চা কচ্চি

কেঁচ্‌কা **kẽcka** বি এক জাতীয় আগাছা, ধানজমিতে হয় weed, useless plant grows in paddy fields (মেদিনী ১১)

কেঁচ্‌কি **kẽcki** বি কুঁচ্‌কি groin (মেদিনী ৩৪)

কেঁচ্‌কি মারা **kẽcki mara** ক্রি হ্যাঁচ্‌কা মারা to pull suddenly (মেদিনী ৩৫)

কেচ্‌কেচিয়া **keckecia** বি ছাতারে পাখি a species of chattering bird (পদিনা ৮) কিচ্‌মিচ্, কিচ্‌কিচ্ সাদৃশ্যে

কেঁচ্‌কো **kẽcko** দ্র কেঁচ্‌কা (হাওড়া ১, ৮, ১১)

কেঁচ্‌চুয়া **kẽccua** বি কেঁচো the earthworm কেঁচ্‌চুয়া মাটি--কেঁচোর মাটি আ বা কেঁচুআ, কেঁচো ; সং কিঞ্চুলুক (দাস)

কেচ্‌চোয়া **keccoa** দ্র কেঁচ্‌চুয়া (মেদিনী ১৭)

কেঁক্‌ড়ো নারি **kẽcɽo nari** বি বিষহীন এক জাতীয় সাপ [ধূসর রঙের ছোটসাপ। জলেই থাকে এবং মাছ খায়] a kind of non-poisonous snake (চব্বিশ ১২)

কেচ্‌রা আখা **kecra akʰa** বি কটা চোখ yellow eye, brownish eye as of a cat (পদিনা ২)

কেচ্‌রি পোখি **kecri pokʰi** বি একজাতীয় শালিখ a kind of singing bird (দার্জিলি ৩)

কেচ্‌রিয়া **kecria** বি যে ঘরদুয়ার অপরিষ্কার রাখে one who keeps the house unclean (বাঁকুড়া ১৫)

কেচ্‌র্যা জায়গা **kecræ jaĕga** বি নর্দমা a channel, a drain; a gutter (বাঁকুড়া ৩) তু ক্যাচ্‌রা (মেদিনী ১৯)

কেচ্‌লি **kecli** বি সাপের খোলস a slaugh (মালদা ৯)

কেঁচ্‌ল্যা **kẽclæ** দ্র কেঁইট্যা (মুর্শিদা ২০)

কেচ্‌ল্যামো **keclæmo** দ্র কেঁইট্যা (মুর্শিদা ২৪)

কেঁচর **kẽcɔr** দ্র কেচ্‌লি (পুরুলি ১২)

কেঁচা[১] **kẽca** বি অঙ্কুশ an iron hook or goad used in driving an elephant (মেদিনী ১১)

কেঁচা[২] **kẽca** দ্র কেঁচ্‌চুয়া (নদীয়া ১১ পুরুলি ৬, ১২, ১৭ বর্ধমা ২১ মেদিনী ৭, ৯, ৩৩)

কেঁচা[৩] **kẽca** বি একপ্রকার অস্ত্র [একটি লম্বা বাঁশের লাঠির মাথায় একটি লোহার সূচালো শলাকা থাকে] a kind of weapon (হাওড়া ১, ৮)

কেঁচা[৪] **kẽca** বি কাছা hem of the loin-cloth tucked behind at the waistband between the legs (বর্ধমা ৫, ২১ হাওড়া ১, ৮)

কেঁচা[৫] **kẽca** দ্র কেঙ্‌ড়ুল্ (মেদিনী ৯)

কেচাকি **kecaki** বি ছোট বৌ young or youngest wife, daughter-in-law or sister-in-law (মেদিনী ১৫)

কেচা গদ্‌দনে **keca gɔddɔne** বিণ ঘাড়ে গর্দানে short-necked (মেদিনী ১১)

কেচানা **kecana** ক্রি অঙ্কুরিত হওয়া to sprout forth; to germinate গাছে নতুন পাতা কেচিয়েচে--গাছে নতুন পাতা অঙ্কুরিত হয়েছে (নদীয়া ১৩)

কেচারি **kecari** বি চড়াই a sparrow (জলপা ৯)

কেচাল্ **kecal** বি ঝামেলা trouble, botheration (কোচবি ২)

কেঁচা হওয়া **kẽca hɔŏa** ক্রি গাছের উপর থেকে আম পড়ে ফেটে যাওয়া cracking (of fruits) by falling from the tree (বাঁকুড়া ১৬) তু সাঁও--ভেঙে দেওয়া বা ফাটিয়ে দেওয়া

কেচি[১] **keci** বি কাঁচি a pair of scissors or shears (কোচবি ২ মালদা ২, ১০)

কেচি[২] **keci** বিণ কচি green (fruit etc) young, unripe কেচি আম্--কচি আম (বর্ধমা ১৩)

কেঁচি[১] **kẽci** দ্র কেচি[১] (মুর্শিদা ১১)

কেঁচি[২] **kẽci** বি ভুরু the eyebrow (মেদিনী ১২)

কেঁচি[৩] **kẽci** বি চোখের পিচুটি the concrete rheum of the eye (পুরুলি ৩, ৫, ৯, ১২, ১৭ বাঁকুড়া ১৬ মেদিনী ২৫, ২৯, ৩২, ৩৩)

কেচিয়া **kecia** বি কাস্তে a sickle, a scythe (পদিনা ২ মুর্শিদা ১১)

কেঁচিয়া **kẽcia** দ্র কেচিয়া (দার্জিলি ১)

কেঁচিয়া আঙুল্ **kẽcia aŋul** দ্র কেঁই আঙ্গুল্ (নদীয়া ১১)

কেচিয়া ঠকি **kecia tʰɔki** বি এক জাতীয় পাখি a kind of bird (মালদা ১১)

কেচিয়া দাও **kecia daŏ** দ্র কেচিয়া (দার্জিলি ৩)

কেচিরি পোখি **keciri pokʰi** বি গুয়ে শালিখ a kind of singing bird of ordure colour (দার্জিলি ৩ পদিনা ৯) দ্র কেচ্‌রি পোখি

কেঁচুটি **kẽcuṭi** বি কাটা ধান গাছের গোড়া থেকে যে নতুন আগাছা জন্মায় the new leaves that sprout forth from the remaining part of the reaped corn plants (হুগলি ১৫)

কেচুড়ি সাপ্ **kecuṛi ʃap** বি মেটে সাপ [বিষহীন সাপ। লম্বায় এক থেকে দেড়হাতের মতো। কালচে রঙ] a kind of non-venomous mud-coloured snake (চব্বিশ ৩৭)

কেচুয়া[১] **kecua** বি কাছিম a tortoise; a turtle (মালদা ৭) সং কচ্ছপ

কেচুয়া[২] **kecua** দ্র কেঁচ্‌চুয়া (মেদিনী ৩২)

কেঁচুয়া[১] **kẽcua** দ্র কেঁচ্‌চুয়া (পুরুলি ৫, ১৪ মালদা ১, মুর্শিদা ১১ মেদিনী ৪, ৬, ৮, ১৬, ২৬, ৩৪) কেঁচুয়া মাটি--কেঁচোর তোলা মাটি (মেদিনী ৮)

কেঁচুয়া[২] **kẽcua** বি কুঁচেমাছ a kind of fish akin to the eel (মেদিনী ৩৪)

কেচু-মেচু **kecu-mecu** বিণ কাঁচুমাচু hesitation, wavering, hesitating, embarrassed কেচু-মেচু মুক্--কাঁচুমাচু মুখ (মেদিনী ৩২)

কেঁচুর্ **kẽcur** দ্র কেচ্‌লি (পুরুলি ১২)

কেচে **kece** দ্র কেচিয়া (মুর্শিদা ১১)

কেচেরি শাড়ো **keceri ʃaṛo** দ্র কেচেরি পোখি (দার্জিলি ৩)

কেচেরিয়া কেচেরিয়া **keceria keceria** বিণ দানা দানা granular, crystalline, granulated চুনটা অনেকদিনের পুরনো হওয়ার ফলে কেচেরিয়া কেচেরিয়া হয়ে গেছে--চুনটা দানাদানা হয়ে গেছে [কেবল চুনের ক্ষেত্রেই প্রযোজ্য] (পদিনা ৪) আ বা কুচি কুচি, কুচো কুচো

কেচুড়ি সাপ্

কেঁচো **kẽco** বি বড় কৃমি, মাঠের বড় কেঁচো worm; earth worm (বীরভূ ৭)

কেচো মাচ্ **keco mac** বি কুঁচেমাছ a variety of fish akin to the eel (পুরুলি ৮) দ্র কেঁচুয়া[২]

কেচো মাটি **keco maṭi** বি কোঁচোয় তোলা মাটি (বাঁকুড়া ৩)

কেঁচোয়া **kẽcoa** দ্র কেঁচ্‌চুয়া (মেদিনী ১৫)

কেচোয়া হুড়ি **kecoa huṛi** দ্র কেচো মাটি (মেদিনী ৮)

কেঁচোর **kẽcor** বি বাঁশের অঙ্কুর a shoot or sprout of bamboo (মালদা ১)

কেঁচ্যা **kẽcæ** দ্র কেঁচ্‌চুয়া (মেদিনী ২৫)

কেঁজ্‌লাই **kẽjlaĭ** দ্র কেঁইচা (মালদা ২)

কেঁজাল্ **kẽjal** বি থোড় the spathe of a plaintain tree before it shoots from the stem (মুর্শিদা ১১)

কেজিয়া **kejia** বি ঝগড়া a quarrel, a strife (বর্ধমা ২ বীরভূ ১) তুই আমার সঙ্গে কেজিয়া কচ্ছিস ক্যানে--তুই আমার সঙ্গে ঝগড়া করছিস কেন? (বীরভূ ১) আ বা কাজিয়া (দাস)

কেঁজেল্ **kẽjel** দ্র কেঁজাল্ (মুর্শিদা ১৯)

কেজোকা **kejoka** বিণ কর্মঠ capable of work; industrious খুব্ কেজোকা লোক্--খুব কর্মঠ লোক (বীরভূ ৩) আ বা কেজো

কেট্ **ket** দ্র কেঁইট্ (হাওড়া ১০)

কেঁট্ **kẽṭ** দ্র কেঁইট্ (চব্বিশ ১৫, ২০ মেদিনী ১৫, ১৭, ২৭ হাওড়া ১, ৩, ৮)

কেঁট্‌কি[১] **kẽṭki** বি ছোট পেরেক a nail (মেদিনী ১৫, ২৮)

কেঁট্‌কি[২] **kẽṭki** বি কাঁকর a very small particle of stone কেঁট্‌কি বাছা--কাঁকর বাছা (মেদিনী ২৮)

কেট্‌কিরি গাচ্ **keṭkiri gac** বি একপ্রকার কাঁটা গাছ [প্রায় মাটির সঙ্গে সমানভাবে মিশে থাকে। পাতায় ও ডালে শক্ত ও সূঁচালো কাঁটা থাকে। গোলাকৃতি সবুজ এই ফলের গায়ে সাদা ছিটের দাগ আছে। ফুল নীলরঙের। এর শিকড়, গাঁদাল পাতা ও রসুন একত্র বেটে খেলে সর্দি ভালো হয়ে

কেঁটি ফুল্

যায়। একে--'গুড়োব বেগুন্' গাছও বলে] a kind of thorny creeper often used as a medicinal herb (বর্ধমা ৯)

কেট্‌কিরি পিঠে ketkiri pit^{h}e বি কেট্‌কিরি গাছের পাতা (দ্র. কেট্‌কিরি গাচ্) ও চালের গুঁড়ো দ্বারা তৈরি পিঠে a kind of snack prepared with rice dust and the leaves of *ketkiri* tree (বর্ধমা ৯)

কেট্‌কে ketke ক্রি বিণ কোথায় where এ মুহা কেট্‌কে যাইথিলু--এদিকে কোথায় গিয়েছিলে (মেদিনী ২০)

কেঁট্‌কেটে সাদা kẽtkete ʃada বিণ ধবধবে সাদা fully white (বাঁকুড়া ১২)

কেট্‌টু খ্যালা kettu k^{h}æla বি গ্রামীণ ছেলেদের একপ্রকার গুলি খেলা [যতজন এই খেলায় অংশ নেবে প্রত্যেকে দুটি করে গুলি দিয়ে একত্র করে এবং যে-কোনো একজন খেলোয়াড় তা নেয়। সে সব গুলি একটা ঘরে [নির্দিষ্ট গর্তে] একসঙ্গে ছুঁড়ে দেয়। অপর খেলোয়াড়দের মধ্য থেকে যে-কেউ একজন নির্দেশ দেয় একটি বিশেষ গুলিকে মারতে। প্রথমজনের হাতে একটা গুলি থাকে। সেটি দিয়ে সে ঐ নির্দেশ করা গুলিটি মারবে। যদি সফল হয় তবে যত গুলি নিয়ে খেলা চলছিল সব তার হয়ে যাবে। আর বিফল হলে তার দান চলে যায়, অপর একজন খেলা আরম্ভ করবে। এই সব পেয়ে যাওয়াকে বলে 'কেট্‌টু'। এখানে উল্লেখ্য, উক্ত নিয়মের কিছু ব্যতিক্রমও স্থান বিশেষে আছে। যেমন, যে গুলিটিকে নির্দেশ করা হলো সেটি বাদে অপর যে-কোনো একটাকে মারতে হবে। নির্দেশ করা গুলিটিকে মারলে সে বিফল হবে ধরা হয়] a kind of rural game with marbles (পদিনা ১১)

কেট্‌টো ketto বি কৌটা a small container with a lid, a casket (বীরভূ ৩) তু হি কটোরা (বন্দ্যো)

কেট্‌ড়া ছেলে ketra c^{h}ele বি শিশু a child; an infant (বর্ধমা ১৩)

কেঁট্‌রা kẽtra দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৩৪)

কেঁট্‌রাই kẽtraĭ দ্র কেইংর‍্যাল্ (হাওড়া ১০ হুগলি ৫)

কেঁট্‌রি kẽtri দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ২৪, ৩৪)

কেঁট্‌রোই kẽtroĭ দ্র কেইংর‍্যাল্ (হাওড়া ১০)

কেট্‌লে ketle দ্র কেইংর‍্যাল্ (মালদা ২)

কেটানি ketani বি তলানি sediment; less; dregs চায়ের্ কেটানি--চায়ের তলানি (বাঁকুড়া ১)

কেঁটাল্ গাচ্ খেলা kẽtal gac k^{h}ela বি একপ্রকার গ্রামীণ খেলা a kind of rural game (বর্ধমা ২, ২০ মেদিনী ২৮)

কেঁটালি সেলাই kẽtali selaĭ বি রিপু darning (বর্ধমা ১৬)

কেটি keti দ্র কেঁইট্ (মেদিনী ২৭ হাওড়া ১০) চাম্‌টা কেটি --ছোট এঁটুলি, ঢোলা কেটি--বড় এঁটুলি (হাওড়া ১০)

কেঁটি[১] kẽti দ্র কেঁইট্ (মেদিনী ৮ হাওড়া ৮, ১০)

কেঁটি[২] kẽti দ্র কেঁইচা[১] তঁয় কেঁটে করেহিস্--তুই ঠকিয়ে নিচ্ছিস (পুরুলি ৪, ৯)

কেঁটি ফুল্ kẽti p^{h}ul বি কাঞ্চন ফুল a kind of golden flower (হাওড়া ১০)

কেটিয়া ketia বি ধুচুনি a rice-washing basket (মেদিনী ১৮)

কেটিয়্যা ketiæ পানগাছের রোগবিশেষ [এই রোগে পানগাছ সাদা মতো হয়ে পচে যায়, এই রোগ প্রতিকারের জন্য হলুদগুঁড়া বা হলুদ গোলা জল হাত দিয়ে পানের বরোজে ছড়ানো হয়] a plant-disease affecting betel-leaf plant (বাঁকুড়া ৩)

কেটে kete সম্বো কি-গো well! Halloo! (মুর্শিদা ১৯)

কেঁটে kẽte বি জাল বোনার সরঞ্জাম [এতে জাল বোনার সুতো জড়ানো থাকে] an implement for weaving fishing nets; a reel (হাওড়া ৩)

কেটেনি keteni বিণ দজ্জাল শাশুড়ী a quarrelsome or tyrannical or mischievous mother-in-law (জলপা ৬) < কুটনী [কদর্থে]

কেটে ফ্যালা kete p^{h}æla ক্রি ছিঁড়ে ফেলা to tear off, to rend, to break (চব্বিশ ৩১)

কেটো[১] keto বি বড় কচ্ছপ a tortoise, a turtle (হাওড়া ১০) < সং কমঠ

কেটো[২] keto বি কাঠের তৈরি বাটিবিশেষ [সাধারণত এতে নুন রাখা হয়। অঞ্চল বিশেষে পিতলেরও তৈরি হয়। এর আকৃতিও নানারকম হয়--গোল, চৌকো, ত্রিভুজ প্রভৃতি] an wooden pot generally used for keeping salt, spieces etc. (নদীয়া ১০ হুগলি ৯, ১৬)

কেটো[৩] keto দ্র কেট্‌টো (বর্ধমা ৯, ২০)

কেটো[৪] keto বি গরুর গলায় বাঁধা দড়ির মাঝখানে কাঠ অথবা বাঁশের তৈরি কাঠা [গরুর দড়ি লম্বা হয়--এই লম্বা দড়ি যাতে পাক খেতে না পারে, সেজন্য বাঁশ বা কাঠের দ্বারা বিশেষভাবে তৈরি এক ফুট বা তারও কম মাপের কাঠ

বা বাঁশের দুদিকে ছিদ্র করে দড়ি বেঁধে দেওয়া হয়] an wooden block used in halter to prevent it from twisting (হাওড়া ১) < সং কাষ্ঠ

কেটো[৫] **keṭo** বি কুমোরের কাজে ব্যবহৃত কাঠের তৈরি পাটাতন [হাঁড়ি-কলসি ইত্যাদি পেটানোর সময় কাজে লাগে। হাঁড়ি বা কলসির তলার মাপে গর্ত করা থাকে। সেই গর্তে রেখেই পেটানো হয়] an wooden block used by potter in making pitcher etc. (নদীয়া ৪) < সং কাষ্ঠ

কেটো জোঁক্ **keṭo jõk** বি লম্বা ও মোটা আকৃতির একপ্রকার জোঁক [এই জোঁক নদীর চরে দেখা যায়] a species of large and thick leech found on river-side (মেদিনী ১৫)

কেটো নার্‌কোল্ **keṭo narkol** বি যে নারকেলের শাঁসে কোনো স্বাদ নেই tasteless kernel of a cocoanut fruit (হাওড়া ১০)

কেটো পিঁপড়া **keṭo pĭpṛa** বি একপ্রকার কালো পিঁপড়া [কাঠ পিঁপড়ের মতো বড়, বিষ আছে] a kind of ant (চব্বিশ ৩৭)

কেটো মিস্তিরি **keṭo mistiri** বি ছুতার মিস্ত্রী a carpenter (মেদিনী ১৭) < সং কাষ্ঠ +

কেটোয়া **keṭoa** বি নারকেলের মালা shell of cocoanut (বর্ধমা ১৩)

কেটো রুই **keṭo ruĭ** বি উই white ant (হুগলি ৯)

কেটোল্ **keṭol** বি গাদ, বাতিল পদার্থ [নারিকেল তেল তৈরির সময়, তেলের নিচে কড়াইয়ের মধ্যে জমা সর] sediment, dross (হাওড়া ১০)

কেঠ্‌নু **keṭʰnu** ক্রি বিণ কোথা থেকে whence, wherefrom (মেদিনী ২০)

কেঠ্‌রে **keṭʰre** বি কাঠের তৈরি ছোট ছোট খোপ [এতে মুদিখানার মাল থাকে] small compartments in wooden shelf in grocer's shop (মুর্শিদা ২৪) আ বা কোটর

কেঠা **keṭʰa** দ্র কেটো[২] (বাঁকুড়া ১৩, ১৭)

কেঠাইং যাওয়া **keṭʰaiŋ jaŏa** ক্রি অবশ হয়ে যাওয়া to be insensible জাড়ে হাত্‌টা কেঠাইং গেলো--শীতে হাতটা অবশ হয়ে গেল (বর্ধমা ৮)

কেঁঠাল্ **kẽṭʰal** বি কাঁঠাল a jack fruit (মেদিনী ১০ হুগলি ১২)

কেঠুঁই **keṭʰuĭ** বিণ দরকচা partly ripe, stricken with callosity (বীরভূ ১০)

কেঠুয়া[১] **keṭʰua** দ্র কেট্‌টো (বাঁকুড়া ৭, ১৭)

কেঠুয়া[২] **keṭʰua** বিণ শাঁসবিহীন devoid of kernel এই আম্‌টা কেঠুয়া--এই আমটার শাঁস নেই (বাঁকুড়া ৯) দ্র কেঠুয়া গাই



কেঁড়া[১]

কেঠুয়া গাই **keṭʰua gaĭ** বি ঢাঁড়গাই (যে গাভী দুধ দেয় না) a cow which does not give milk (বাঁকুড়া ৯)

কেঠো[১] **keṭʰo** দ্র কেটো[২] (হাওড়া ৩, ১২)

কেঠো[২] **keṭʰo** দ্র কেট্‌টো (বাঁকুড়া ১২)

কেঠো[৩] **keṭʰo** বি কাছিম a tortoise (নদীয়া ৬) দ্র কেটো[১]

কেঁঠো জোঁক্ **kẽṭʰo jõk** দ্র কেটো জোঁক (হাওড়া ১০)

কেঠো বাদল্ **keṭʰo badɔl** বি অবিরাম ঝির্‌-ঝিরে বৃষ্টি continuous drizzling rain (বাঁকুড়া ৮)

কেঠো ব্যাঙ্ **keṭʰo bæŋ** বি কুনো ব্যাঙ a species of frog which seldom comes out of its hole, a toad (মুর্শিদা ২৪)

কেঠো মিশ্‌ত্রি **keṭʰo miʃtri** দ্র কেটো মিস্তিরি (হাওড়া ১০)

কেঠোয়া[১] **keṭʰoa** দ্র কেটো[২] (মেদিনী ২৮)

কেঠোয়া[২] **keṭʰoa** দ্র কেট্‌টো (বাঁকুড়া ১)

কেঠ্যা **keṭʰæ** বিণ কৃপণ a miser (মুর্শিদা ১৭)

কেঁড়্‌ড়ি **kẽḍṛi** দ্র কেইংর‍্যাল্ এঁড়্‌ড়িটার্ উপর্ দিয়া কেঁড়্‌ড়িটা চোলি গেলা--চৌকাঠের উপর দিয়ে কেন্নোটা চলে গেল (মেদিনী ৮, ১৬, ২৪)

কেড়্‌রানি **keḍṛani** দ্র কেটানি (বাঁকুড়া ১১)

কেঁড়্‌রি **kẽḍṛi** দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৮, ২৪, ২৮)

কেঁড়্‌রুই **kẽḍṛuĭ** দ্র কেইংর‍্যাল্ (পুরুলি ৯ হাওড়া ১০)

কেঁড়্‌রোই **kẽḍṛoĭ** দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৩৩)

কেঁড়্‌লুই **kẽḍluĭ** দ্র কেইংর‍্যাল্ (পুরুলি ৯)

কেডা **keḍa** সর্ব কে who (চব্বিশ ২১ বর্ধমা ১৪) কেডা মেইরেচে--কে মেরেছে (বর্ধমা ১৪)

কেড়্‌রাই **keṛraĭ** দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৭)

কেঁড়্‌রাই **kẽṛraĭ** দ্র কেইংর‍্যাল্ (হাওড়া ১০)

কেঁড়া[১] **kẽṛa** বি বাঁশের চোঙা a bamboo tube or pipe (মেদিনী ২৯) < কেঁড়ে (দাস)

কেঁড়া[২] **kẽṛa** বি তেল রাখার পাত্র an oil can or pot (মেদিনী ৯)



কেড়ে[২]

কেড়াকুড়ি keɾakuɾi বি কাড়াকাড়ি mutual attempt to snatch away from one another; struggle for securing something (চব্বিশ ১০)

কেঁড়ান্ডি kẽɾandi দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৮, ৩১)

কেড়ালি করা keɾali kɔra ক্রি (বিউলির ডালকে) ঢেঁকিতে কাড়া [চালের বেলা 'চাল কাড়া'-ই বলা হয়] to husk (pigeon-pea) (বাঁকুড়া ১৫) < কেঁড়েলি (দাস)

কেড়ালে keɾale বি ধানজমিতে উৎপন্ন একপ্রকার ঘাস a kind of grass growing in the paddy field; couch-grass (চব্বিশ ১৫)

কেঁড়ি kẽɾi দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৬)

কেড়ি (আঙুল্) keɾi (aŋul) বি কনিষ্ঠ (অঙ্গুলি) little finger (চব্বিশ ৩৬ মেদিনী ২১)

কেড়িয়া keɾia বিণ কালো black, dark (পুরুলি ৫ মালদা ৬)

কেঁড়িয়া kẽɾia দ্র কেঁইড়া (মুর্শিদা ১২)

কেড়ু[১] keɾu বি বাচ্চা মহিষ (পুং ও স্ত্রী) a young buffalo (মেদিনী ১৩)

কেড়ু[২] keɾu দ্র কেড়ি (আঙুল্) (পদিনা ১০)

কেঁড়ুড় kẽɾuɾ দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৩৪)

কেড়ুন্ keɾun দ্র কেইংর‍্যাল্ (পদিনা ১০)

কেঁড়ুয়া kẽɾua দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৬)

কেড়ুয়ানো keɾuano ক্রি চুলকানো to itch, to scratch হাত্ কেড়ুয়াচ্ছি--হাত্ চুলকাচ্ছি (বাঁকুড়া ৬)

কেঁড়ুলি kẽɾuli বি বিউলি কলাই-এর ডাল a variety of husked pigeon-pea কেঁড়ুলির্ ডাল আর কাঁক্ড়ির্ ঝাল্ / ভাত মারে তিন্ থাল্--বিউলি কলাই-এর ডাল আর কাঁকড়ার ঝাল দিয়ে তিন থালা ভাত খাওয়া হয়ে যায় (বাঁকুড়া ৬)

কেড়ে[১] keɾe দ্র কেঁইড়া [পিতলের তৈরি] (বীরভূ ৮)

কেড়ে[২] keɾe বি ফাঁপা বাঁশের তৈরি চোঙ্ [একদিকে গাঁট রেখে দেওয়া হয়। এর ফাঁপা অংশ টুকি-টাকি জিনিস রেখে দেওয়ার জন্য ব্যবহৃত হয়। এটি ফুটো করে দড়ি দিয়ে ঝুলিয়ে রাখা হয়] a cylinder made of bamboo (চব্বিশ ৭) দ্র কেঁড়া[১]

কেড়ে[৩] keɾe বি বাঁশের চোঙ্ [বাঁশের পর্বের দুদিকেই কেটে ফেলে এই চোঙ্ তৈরি করা হয়। উনানে ফুঁ দিতে ব্যবহৃত হয়] a bamboo pipe used as blower (চব্বিশ ৩৩)

কেড়ে[৪] keɾe বি কড়াই-এর (রান্নার পাত্র) হাতল handle of a cooking pan or a large tumbler-like cooking utensil (চব্বিশ ২৩)

কেড়ে (আঙুল্) keɾe (aŋul) দ্র কেড়ি (আঙুল্) (চব্বিশ ১০, ১৮, ২৩, ৩৪ হুগলি ৯)

কেঁড়ে[১] kẽɾe বি মাছ ধরা জাল বোনার জন্য সূতা গুটিয়ে রাখার সরঞ্জাম [বিশেষ পদ্ধতিতে বাঁশের তৈরি একটি সরু কাঠি। বুননকালে এটি জালের্ ফাঁসের মধ্য দিয়ে গলে যায়। এর অপর নাম 'শোল'] a reel made of wood or bamboo used in weaving fishing nets (চব্বিশ ৪, ১৫ হাওড়া ৩, ৮, ১০ হুগলি ৪)

কেঁড়ে[২] kẽɾe দ্র কেঁইড়া (হাওড়া ১, ৮)

কেঁড়ে[৩] kẽɾe মাটি বা পিতলের বড় হাঁড়ি [চার-পাঁচ সের দুধ ধরে] a big urn-shaped brass pot (চব্বিশ ৩৭ বর্ধমা ২০) < সং কুণ্ড

কেঁড়ে[৪] kẽɾe দ্র কেড়ে[২] (চব্বিশ ৭)

কেঁড়ে[৫] kẽɾe বি কলুর ঘানিগাছের অংশ বিশেষ a part of the excavated trunk of a tree used in an oil-mill as the receptacle of the seed (চব্বিশ ৩৭) তু কেঁড়ে (দাস)

কেঁড়ে কাটি kẽɾe kati দ্র কেঁড়ে[১] (হুগলি ১১)

কেঁড়ে দিয়া kẽɾe dia ক্রি (চাল) ছেঁটে দেওয়া to husk চাল্ গটা কেঁড়ে দে--চালগুলো ছেঁটে দে (বীরভূ ৭) তু চাল কাঁড়তে হল বেলা

কেড়েমেড়ে keɾemeɾe বিণ খটোমটো not lucid, not intelligible ভাষাটা খুব কেড়েমেড়ে--ভাষাটা খুব খটোমটে (মালদা ৮)

কেড়েল্ keɾel বি বাঁশের অঙ্কুর a bud or sprout of a bamboo tree (পুরুলি ৯)

কেড়োনো keɾono দ্র কেড়ুয়ানো হাত্টা কেড়োচ্চে--হাতটা চুলকাচ্ছে (বাঁকুড়া ১৪)

কেঁড়ো বাড়ি kẽɾo bati বি আংটাওয়ালা ছয়-সাত হাত লম্বা বাঁশের লগি ['খিলে' নামক ছোট নৌকায় এটি ব্যবহৃত হয়। নদীতে স্থির অবস্থায় একটি নৌকা থেকে অন্য নৌকায় মাছ নেওয়ার সময় এই 'কেঁড়ো বাড়ি'-র সাহায্যে অন্য নৌকাকে ধরে রাখা হয়। এজন্য স্রোতের টানে দাঁড় করানো নৌকা থেকে 'খিলে নৌকা' অন্যত্র সরে যেতে পারে না। এর সাহায্যে এক নৌকা থেকে অন্য নৌকায় যাতায়াত এবং মাছ সরানো সম্ভব হয়। এছাড়া নৌকা ঠেলে নিয়ে যাওয়ার জন্যও বাঁশের তৈরি এই লম্বা

লাঠি ব্যবহার করা হয়] a long bamboo stick with a ring-like handle fixed at one end (চব্বিশ ১৫)

কেড়ো বাঁধা keɽo bãdʰa ক্রি খেজুরগাছে কাঠ বা বিচালির আঁটি বাঁধা [এর উপর পা রেখে রস সংগ্রহের জন্য গাছ কাটা হয়] a straw ring (চব্বিশ ২৭)

কেড়োয়ানা keɽoana দ্র কেড়ুয়ানো, কেড়োনো (বাঁকুড়া ৬)

কেঁড়্যা kẽɽæ বি বাঁশের পাবের তৈরি পাত্র বিশেষ [এতে সাধারণত সরিষার তেল রাখে। বোতলের বিকল্প রূপে ব্যবহৃত] a vessel or container made from the hollow bamboo cylinder near the pub generally used for keeping oil (বাঁকুড়া ১৫) দ্র কেড়ে[২]

কেত্ ket সর্ব কোথায় where এইলা কেত্ পালো--এগুলো কোথায় পেলি? তি পয়শা কেত্ পালু--তুই পয়সা কোথায় পেলি? (পদিনা ৯)

কেত্কেতিয়া ketketia বি আধসিদ্ধ ভাত half-boiled rice (দার্জিলি ৩)

কেত্খুন্ ketkʰun ক্রি বিণ কতক্ষণ how long (পদিনা ৯ মেদিনী ৫) কেত্খুন্ ধোর্বে কেত্খুন্ আন্বে--কতক্ষণ ধরবে কতক্ষণ আন্বে (পদিনা ৯) কেত্খুন্ পর্ খাওয়া-ঠোওয়া হল--কতক্ষণ পরে খাওয়া-দাওয়া হল (মেদিনী ৫)

কেত্খুন্তে ketkʰunte ক্রি বিণ কখন when, at what time আসবার্ ছিলো আলা কেত্খুন্তে আস্য--আসার কথা ছিল কখন আসে? (পদিনা ১৩)

কেত্খুন্ত্যে ketkʰuntɛ ক্রি বিণ কত how long (কতক্ষণ ধরে) আর্ কেত্খুন্ত্যে কোহুম্--আর কত বলবো? (পদিনা ২)

কেত্খুনা ketkʰuna দ্র কেত্খুন্তে উঠে কেত্খুনা গেইলো--ওখানে কখন গিয়েছিলি (পদিনা ৯)

কেত্ড়ে যাওয়া ketɽe jaŏa ক্রি কাতর হয়ে পড়া to be ill or weak or afflicted অর্ এ্যাখুন্ চল্বার শোক্তি নেই, কেত্ড়ে গেছে--ওর এখন চলার শক্তি নেই, কাতর হয়ে পড়েছে (হাওড়া ১)

কেত্তে kette ক্রি বিণ কোথা থেকে whence, where from উম্রা কেত্তে ওসিল--ওরা কোথা থেকে এল (পদিনা ৯)

কেত্রা ketra বি ঢেঁকির আঁকশলী যে অংশের উপর বসানো থাকে [ঢেঁকির আঁকশলী রাখার জন্য হাড়িকাঠের মতো তৈরি অংশ যেখানে আঁকশলী লাগানো থাকে] hinge of the husking pedal (পদিনা ১১)

কেতা[১] keta বি কাটারি a scythe, a chopper (জলপা ৪)

কেতা[২] keta দ্র কাত্ (মেদিনী ২৪)

কেত্রা

কেতা[৩] keta বি চাবি জাল one kind of fishing net (মেদিনী ৩৩)

কেতা[৪] keta বি কাঁথা a cotton wrapper (কোচবি ৪ জলপা ৪, ৬, ৭)

কেঁতা keta দ্র কেতা[৪] চব্বিশ ১৪, ২৯ বর্ধমা ২, ২১ কেঁতা বিচ্কে দিলুম্--কাঁথা বিছিয়ে দিলাম (চব্বিশ ১৪)

কেতি[১] keti বি কুমোরের চাকের বাহুর কোণে যে গর্তে লাঠি আট্কিয়ে চাক ঘোরানো হয় [চাকের চারটি বাহুর কোণে চারটি গর্তকে কেতি বলে] the holes at the angles formed by each of the four hands of a potter's wheel (বাঁকুড়া ১৮)

কেতি[২] keti বি ফলের গায়ের দাগ marks or stains visible outside a fruit কাঁঠালের্ কেতি--কাঁঠালের গায়ের দাগ (নদীয়া ১৩)

কেঁতি kẽti বি ছোট দেয়াল [ঘর বা দুয়ার ভাগ করার জন্য তৈরি] a small wall separating a room or door (নদীয়া ৯)

কেতুকুতু ketukutu বি কাতুকুতু titillation (চব্বিশ ৩৯)

কেতুকেতু ketuketu দ্র কেতুকুতু কেতুকেতু দিস্ না--কাতুকুতু দিস না (নদীয়া ১)

কেতু দেওয়া ketu deŏa ক্রি কাতুকুতু দেওয়া to tickle (চব্বিশ ৩৬)

কেঁতুড় kẽtuɽ দ্র কেঁচি[৩] (নদীয়া ১১)

কেতে kete বি ছাঁকনি জালের (মাছ ধরার একপ্রকার ছোটজাল) বেড় [এটি বাঁশ বা তালবাগ্ড়া দিয়ে তৈরি] a bamboo or cane made circular frame of small fishing net (হাওড়া ১, ৮)

কেঁতে kẽte দ্র কেতে (হাওড়া ১, ১০)

কেঁটে kẽte দ্র কেতে (হাওড়া ৩)

কেতেক্ ketek ক্রি বিণ কত how many, how much দুনিয়ায় কেতেক্ রকম্ হেতেক্--পৃথিবীতে কতরকম হবে (পুরুলি ৫)

কেতেরি keteri দ্র কেতে (বাঁকুড়া ৪)

কেতেরো লাগা ketero laga ক্রি মড়ক লাগা [কার্তিকমাসে জলাভাবে ফসলে মড়ক লাগে] breaking out of plague or pestilence (মুর্শিদা ১৩)

কেদিচোরা

কেঁতো kẽto বি যে লোক মাটির দেওয়াল তৈরি করে a man who builds earthen walls দেল্ বাঁকা হোলে কেঁতোর্ দোস্--দেওয়াল বাঁকা হলে দেওয়াল তৈরির মিস্ত্রির দোষ (হাওড়া ১, ৩, ৮, ১০)

কেঁতোড়্ kẽtoɽ দ্র কেঁইট্ (বাঁকুড়া ৮)

কেঁতোর্ kẽtor দ্র কেঁইট (মেদিনী ৯, ৩৩)

কেতোরো ketoro বিণ ধানের ক্ষেতে পরিমাণ মতো জল না থাকা little, (water) of small quantity কেতোরো জল্--কম জল (বীরভূ ১০)

কেত্যার্য়া ketæræ দ্র কেতে (হাওড়া ১, ২ বাঁকুড়া ১৫)

কেথ্কুয়া খাড়া kethkua khaɽa বি ওক্ড়া [কণ্টকময় ফলের একপ্রকার গুল্ম] a kind of thorny fruit; a kind of herb or its thorny fruit or leaf (বর্ধমা ২)

কেথা কাঁটা ketha kãta দ্র কেথ্কুয়া খাড়া (বর্ধমা ১৩, ১৮)

কেঁথা চিতি kẽtha citi বি একপ্রকার সাপ [ছোট সাপ, পেটের দিকে সাদা, গায়ে খয়েরি ও কালো ছিটে দাগ থাকে। ঘরের দেওয়ালের মধ্যেই থাকে] a kind of small snake চিতি (বোড়া সাপ অর্থে) + কেঁথা = কাঁথ্ বা দেওয়াল। (তু চিতা বাঘ) (মেদিনী ২৮)

কেঁথা মিস্ত্রি kẽtha mistri বি মাটির ঘরের দেওয়াল তৈরি করে যারা a professional builder of earthen walls (মেদিনী ১৪)

কেথুন্ kethun বিণ কখন when, at what time তি কেথুন্ ওলু--তুই কখন এলি? (পদিনা ২)

কেঁথুয়া[১] kẽthua দ্র কেঁথা মিস্ত্রি (বাঁকুড়া ৭, ১২, ১৫)

কেঁথুয়া[২] kẽthua দ্র কেথ্কুয়া খাড়া (বাঁকুড়া ১৭)

কেঁথুয়াল্ kẽthual দ্র কেঁথা মিস্ত্রি (বাঁকুড়া ৩)

কেঁথো kẽtho দ্র কেঁথা মিস্ত্রি (মেদিনী ২৮ হাওড়া ১, ৮)

কেথো চিতি kethо citi দ্র কেঁথা চিতি (মেদিনী ৭)

কেথো ফল্ kethо phɔl দ্র কেথ্কুয়া খাড়া (বর্ধমা ১)

কেথো বোড়া kethо boɽa দ্র কেঁথা চিতি (মেদিনী ৭)

কেঁথো মিস্তিরি kẽthо mistiri দ্র কেঁথা মিস্ত্রি (মেদিনী ১৭)

কেঁথোয়া kẽthoa দ্র কেঁথা মিস্ত্রি (মেদিনী ২৮, ৩৫)

কেদ্ ked ক্রি বিণ কোথায় where, at what place কেদ্ থুইসি--কোথায় রেখেছিস? (পদিনা ৪, ১৩)

কেদ্গার্ kedgar সর্ব কোথাকার of what place কেদ্গার লোক্--কোথাকার লোক (পদিনা ১৩)

কেঁদ্ kẽd বি গাব (গাছ) mangosteen (a kind of fruit) Botanical name--*Disspyras glutinosa* [কেদ্ গাছের পাতা শাকের মতো কুঁচিয়ে মশলা দিয়ে শাকের মতোই রান্না করা হয়। এছাড়া কেঁদফলের আঠা ইলিশ মাছধরার জালেও ব্যবহার করা হয়] (মেদিনী ১৫, ২৮)

কেঁদ্ঢা কলা kẽddha kɔla বি একজাতীয় কলা a kind of banana (মেদিনী ২৭)

কেদ্তে kedte ক্রি বিণ কোথা থেকে where from কেদ্তে আস্ল--কোথা থেকে এল (পদিনা ৪) দ্র কুন্ঠিতে

কেদ্মা kedma বি মিষ্টিকুমড়ো a species of pumpkin having sweet taste (পদিনা ২)

কেদ্রাই kedraĭ দ্র কেইংর্য়াল্ (হাওড়া ১০)

কেঁদ্রাই kẽdraĭ দ্র কেইংর্য়াল (মেদিনী ৭ হাওড়া ১, ৬)

কেদ্রানি[১] kedrani বি বেতো চুল weak hair (চব্বিশ ৩৩)

কেদ্রানি[২] kedrani বি নোংরা জল [জামা-কাপড় কাচা জল] dirty or filthy water (হুগলি ৫)

কেঁদ্রি দিয়া kẽdri dia ক্রি মুখ ভেঙানো to make faces মুখ্টা কেঁদ্রি দিল--মুখটা ভেঙিয়ে দিল। মুখ কেঁদ্রাচ্চে--মুখ ভেঙাচ্ছে (বাঁকুড়া ৩)

কেঁদ্রিয়ে দেওয়া kẽdrie deŏa দ্র কেঁদ্রি দিয়া দেখ্লি উ মুখ্টা ক্যামোন্ কেঁদ্রিয়ে দিলা--দেখলি ও কেমন মুখটা ভেঙিয়ে দিল (বাঁকুড়া ৩)

কেঁদার্ kẽdar বি বাড়ির পশ্চাৎভাগ the rear part of a house (বাঁকুড়া ৩)

কেঁদাল্ kẽdal দ্র কেঁদার্ (বাঁকুড়া ১৩, ১৫ মেদিনী ৩, ১১, ১৫, ১৭ হাওড়া ১, ৩, ৮) কেঁদাল্টা দ্যাখ্তো, কে জ্যানো দাঁড়ি আচে--বাড়ির পিছন দিকটা দেখ তো, কে যেন দাঁড়িয়ে আছে (হাওড়া ১, ৩)

কেঁদালুই ধান্ kẽdaluĭ dhan বি একজাতীয় সাদা সরু লম্বা আমন ধান a kind of thin and white paddy (পুরুলি ১২)

কেদিচোরা kedicora বি দোচরা পাখি a kind of bird (মুর্শিদা ১২)

কেদিয়্যা kediæ দ্র কেচিয়া (বীরভূ ৪)

কেদুর্ kedur ক্রি বিণ কোথায় where, in what place উব্যালা তুম্রা কেদুর্ জাচ্ছেইল্যেন্--তখন তোমরা

কোথায় যাচ্ছিলে? তুই বোইঘান্ কেদুর্ রাখ্‌লো—তুই বইটা কোথায় রাখলি? এ্যালা তুই কেদুর্ জাচ্‌ছি—এখন তুই কোথায় যাচ্ছিস? (পদিনা ৯)

কেদুরি keduri বি কুঁদরি [পটলসদৃশ ফল] a kind of kitchen-vegetable, cylinder-shaped tapering at both ends (বর্ধমা ৯ বীরভূ ১১) < কুন্দরুকী

কেঁদুরি kẽduri দ্র কেদুরি (বীরভূ ১১)

কেদে kede দ্র কেচিয়া (বর্ধমা ৫ বীরভূ ৮, ১০, ১১, ১৩ মুর্শিদা ১৪)

কেদে চোরা kede cora বি শামুকখোর, শামুকখোল openbill stork *[anastomus oscitans]* (বীরভূ ৮, ১৩)

কেঁদে মাগুর্ kẽde magur বি মোটা বড় মাগুর মাছ a kind of big and fat sheat-fish (হাওড়া ১০) কুঁদো > কেঁদো > কেঁদে।

কেঁদেল্[১] kẽdel বি কাঁদি a bunch কলার্ কেঁদেল্—কলার কাঁদি (হুগলি ১০, ১৫)

কেঁদেল্[২] kẽdel বি (কাঁঠালের ভিতরের দণ্ড) ভুতি, ভুতুড়ি। flower-stalk of jackfruit (হুগলি ১০) আ বা কেঁদো, কোঁদা

কেঁদেল্[৩] kẽdel বি খাল a canal, a channel (বর্ধমা ৯, ২৫)

কেঁদো kẽdo বি যারা মৃতদেহ বহন করে, শববাহক persons who carry a deadbody to the funeral ground (নদীয়া ৪ বর্ধমা ৫)

কেদো ঘা kedo gʰa বি গরুর কাঁধের ঘা a sore on the neck of a cow (হাওড়া ৮, ১০)

কেদ্যা kedæ দ্র কেচিয়া (বীরভূ ১১ মুর্শিদা ৬, ২৩)

কেঁধ্‌রা কলা kẽdʰra kɔla বি কাঁঠালি কলা a kind of plantain (মেদিনী ২৮)

কেঁধাল্ kẽdʰal দ্র কেঁদার (বাঁকুড়া ১৫)

কেন্‌কুয়া kenkua বি কানের খোল ear-pick (বাঁকুড়া ১২)

কেন্‌কো[১] kenko দ্র কেন্‌কুয়া (নদীয়া ১ হুগলি ৫)

কেন্‌কো[২] kenko বি মাছের কানকো the gill of a fish (চব্বিশ ১২, ১৮)

কেন্‌খো kenkʰo দ্র কেন্‌কুয়া (নদীয়া ১)

কেন্‌খ্যা kenkʰæ দ্র কেন্‌কুয়া (মুর্শিদা ২০)

কেনচি kenci বি কঞ্চি a bamboo twig (মালদা ৫ পুরুলি ২) তু ফা কমচী (দাস)

কেন্‌জাল্ kenjal বি কলার থোড় inside spathe of a banana tree before it comes out of the stem (মুর্শিদা ২০, ২২)

কেদুরি

কেনদ্ kend বি কেন্দুফল [একরমের লালরঙের মিষ্টিফল] (পুরুলি ৬ মেদিনী ২৫) কেন্‌দ পাকা—পাকা কেন্দু ফল (পুরুলি ৬)

কেঁনদ্ kẽnd বি কাঁদি (কলা, তাল, নারিকেল ইত্যাদির) a bunch, a cluster (বীরভূ ৯) < সং স্কন্দ

কেন্‌দাই kendaĭ দ্র কেইংর‍্যাল্ (বাঁকুড়া ৪)

কেন্‌দার্ kendar বি কিনারা, পার verge, border, bank (বাঁকুড়া ১১) তু ফা কিনারা

কেন্‌দুড় kenduɽ দ্র কেইংর‍্যাল্ (জলপা ৭)

কেন্‌দুড়া kenduɽa দ্র কেইংর‍্যাল্ (জলপা ৪, ৭)

কেন্‌দুয়া kendua দ্র কেইংর‍্যাল্ (জলপা ১, ২, ৫, ৬, ৭, ৯)

কেন্‌দুরা kendura দ্র কেইংর‍্যাল্ (জলপা ৪, ৭, দার্জিলি ৩)

কেন্‌দুরি kenduri বি কুঁদরি, বনচিচিঙ্গা *Trichomanthes cucumerina* (বর্ধমা ৯)

কেনদেলা kendela বিণ বিকৃত মুখ twisted or distorted face (জলপা ৩)

কেন্‌না kenna দ্র কেইংর‍্যাল্ (পদিনা ৬)

কেন্‌না ঘাশ্ kenna gʰaʃ বি মুথা ঘাস [এই ঘাসের শিকড় বেঁটে, এর রস বের করে এক বা দু-মাসের শিশুকে কৃমির ওষুধ হিসাবে খাওয়ানো হয়। এছাড়া বাচ্চাদের পাত্‌লা পায়খানা হলেও খাওয়ানো হয়] a kind of grass with aromatic roots (কোচবি ৪)

কেন্‌নে[১] kenne বিণ কাঁদুনে weeping, lamenting কেন্‌নে মেয়ে—কাঁদুনে মেয়ে (চব্বিশ ৩৭)

কেন্‌নে[২] kenne দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ২০)

কেন্‌নো kenno দ্র কেন্‌নে[১] (চব্বিশ ১০)

কেন্‌নোই kennoĭ দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ২৪)

কেন্‌নোকাঠে kennokaʈʰe দ্র কেঁইট্যা (নদীয়া ৫)

কেন্‌লুই kenluĭ দ্র কেইংর‍্যাল্ (নদীয়া ৬)

কেন্‌হে kenhe ক্রি বিণ কেন why (মেদিনী ৩২)

কেনল্‌লাই kenɔllaĭ দ্র কেইংর‍্যাল্ (মেদিনী ৯)



কেঁপি দোড়ি

কেনা আঙুল্ kena aŋul বি কনিষ্ঠ আঙুল little finger (মালদা ১)

কেনারাম্ kenaram বি, বিণ অবজ্ঞাসূচক নাম [যে সন্তানের অগ্রজরা মারা গেছে, এই নবজাত সন্তানকে অপর কেউ ধান, কড়ি, চালের খুদ দিয়ে কিনে নেওয়ার অভিনয় করা হয়। এটি এক প্রকার গ্রাম্য সংস্কার। এই ব্যক্তিকে তখন বিশেষ নাম দেওয়া হয়, কেনারাম্। এইরূপ একটি বিশেষ নাম এছাড়া, খুদ দিয়ে কিনলে খুদু, ধান দিয়ে কিনলে ধানু, কড়ি দিয়ে কিনলে এককড়ি, দুকড়ি, তিনকড়ি, পাঁচকড়ি, সাতকড়ি, নকড়ি ইত্যাদি নাম রাখা হয়] a kind of special neglected name (বর্ধমা ২)

কেনি[১] keni ক্রি বিণ কেন? why, for what কেনি আ তুই মু মোশ্‌ড়ালু—কেন রে তুই মুখ ভ্যাংচালি? (কোচবি ৪) এত ওস্থির্ হোউঠু কেনি—এত ব্যস্ত হচ্ছ কেন? কেনি তুই মুয়ের উপর মু দেউঠু—কেন তুই মাথার উপর কথা বলছিস? তু কান্‌ছুতু কেনি—তুই কাঁদছিস কেন? তুই খালে খেড়্‌খেড়্ কোর্‌ছু কেনি—তুই খালি খিটখিট করছিস কেন (মেদিনী ৬, ২১, ২৬, ৩৪)

কেনি[২] keni বি কনুই an elbow (চব্বিশ ৮ জলপা ৯ পদিনা ২, ৯)

কেনি[৩] keni দ্র কেনা আঙুল (মেদিনী ৮)

কেনি[৪] keni বি কঞ্চি (বাঁশের শাখা-প্রশাখা) a bamboo twig (পুরুলি ৫) দ্র কেন্‌চি

কেনি[৫] keni বি নখের কোণে শক্ত চামড়া বিশেষ whitlow (নদীয়া ১১)

কেনি[৬] keni বি পায়ের গোড়ালি the ankle, the heel (পদিনা ২)

কেনি আঙুল্ keni aŋul দ্র কেনা আঙুল, কেনি[৩] (মালদা ২ মেদিনী ২১)

কেনি আংগুলি keni aŋguli দ্র কেনা আঙুল, কেনি[৩] (মেদিনী ১৮)

কেনি আঁগুড়ি keni ãguɾi দ্র কেনা আঙুল, কেনি[৩] (মেদিনী ৩১)

কেনিটি keniṭi বি তালপাতার ডাঁটার ছাল ব্যতীত ভিতরের শক্ত সাদা অংশ [ডাঁটার ছাল বা বেতের সাহায্যে মোড়ার 'জাংওল' নামক বৃত্তটি তৈরি হয়] the inner part of the stalk of palm leaf (বর্ধমা ১৯)

কেনি নেংগুল্ keni neŋgul দ্র কেনা আঙুল্, কেনি[৩] (জলপা ১০)

কেনিয়া kenia দ্র কেনি[২] (মালদা ৩)

কেনিয়া আঙুল্ kenia aŋul দ্র কেনা আঙুল্, কেনি[৩] (মালদা ১১)

কেনু kenu দ্র কেনি[২] (চব্বিশ ৮, ২১, ৩৬ নদীয়া ১, ৫)

কেনুয়া আঙ্গুলি kenua aŋguli দ্র কেনা আঙুল্ (মেদিনী ৩০)

কেনে[১] kene দ্র কেনি[২] (চব্বিশ ৩৭)

কেনে[২] kene ক্রি বিণ কেন why (কোচবি ৪ পদিনা ১ বর্ধমা ১৮ বীরভূ ৮ হুগলি ১) কেনেরে ঢ্যালালু?—কেন রে ঢিল মারলি? (কোচবি ৪) অচ্‌কায় কেনে টান্‌ল—হেঁচকা মেরে টানলে কেন? (পদিনা ১) কেনে ঝাঁপ দিচ্ছু রে—কেন ঝাঁপ দিচ্ছিস রে (হুগলি ১)

কেনো[১] keno বি মাছের কানকো gills of a fish, gill flap (চব্বিশ ১৮)

কেনো[২] keno দ্র কেনি[২] (চব্বিশ ১০, ২১, ২৩, ৩৭ মুর্শিদা ৬)

কেঁপি kẽpi বি মাঠ থেকে ধানের বোঝা বা কাঠের বোঝা বয়ে আনার সরঞ্জাম [দড়ির সঙ্গে কাঠের তৈরি একটি আংটাকেই কেঁপি বলা হয়] a wooden hook fixed at one end of a rope used for drawing bundles of firewood etc. from the field (চব্বিশ ১৯)

কেঁপি দোড়ি kẽpi doɾi বি মাঠ থেকে ধানের বোঝা বা কাঠের বোঝা বয়ে আনার সরঞ্জামের দড়ি [এর কাঠের অংটাটিকে বলে কেঁপি] the rope used for drawing bundles of fire wood (চব্বিশ ১৯)

কেপিন্ kepin বি দুধ আনার পাত্র a milk can (মুর্শিদা ১১) তু ইং টিফিন বক্স

কেব্‌ড়ানা kebɾana ক্রি চুলকানো to itch, to scratch (মেদিনী ৭)

কেবাট্ kebaṭ বি কপাট a door, door-panel (পদিনা ৯ মেদিনী ১৭)

কেবাড়্ kebaɾ দ্র কেবাট্ (মেদিনী ৩৫)

কেবার্ kebar দ্র কেবাট্ (পদিনা ২, ৯)

কেব্যার্ kebær দ্র কেবাট্ (মালদা ৯)

কেম্‌ড়ানি kemɾani বি চুলকানি itching sensation (মেদিনী ৩৩)

কেম্‌ড়ানো[১] kemɽano ক্রি চুলকানো to itch, to scratch গাটা কেম্‌ড়ে দে--গাটা চুলকে দে (বাঁকুড়া ৪)

কেম্‌ড়ানো[২] kemɽano ক্রি কামড়ানো to bite (চব্বিশ ৩৯)

কেম্‌ড়ি দিয়া kemɽi dia ক্রি চুলকে দেওয়া to scratch, to itch আমার্‌ গাটা এক্‌টু কেম্‌ড়ি দে--আমার গাটা একটু চুলকে দে (বাঁকুড়া ৪)

কেম্‌ড়ুনো kemɽuno দ্র কেম্‌ড়ানো[১] (বর্ধমা ৯)

কেম্‌ড়ে নেওয়া kemɽe neŏa ক্রি ছোবল মারা (সাপে) to bite suddenly, to snap সাপে কেম্‌ড়ে নিচে--সাপে ছোবল মেরেছে (চব্বিশ ১৪)

কেম্‌ড়্যাল্‌ kemɽæl দ্র কেইংর‍্যাল্‌ (মুর্শিদা ২)

কেম্‌নি kemni দ্র কেনি[২] (চব্বিশ ৪ মেদিনী ৩৪)

কেমিয়া kemia বি মজুর, পরিশ্রমী a workman, a labourer (পুরুলি ৫)

কেমুয়া kemua ক্রি বিণ কোথায় where তু কেমুয়া যাউচু --তুই কোথায় যাচ্ছিস? (মেদিনী ১৮)

কেমোত্‌ ধান্‌ kemot dʰan বি একজাতীয় সাদা আমন ধান a kind of autumnal paddy (মেদিনী ২৭)

কেয়ট্‌ keɔt বি জেলে কৈবর্ত্ত one of the Hindu castes [originally members of this caste were fishermen and peasants] (বীরভূ ১০)

কেয়া[১] kea বি কাঠের ছোট সিঁদুর কৌটো [বিবাহে ব্যবহৃত হয়] a small wooden casket or container with a lid generally used for keeping vermilion (পদিনা ৮)

কেয়া[২] kea দ্র কেঁইট্যা (বাঁকুড়া ৯)

কেয়াকাঁটা keakãta বি শীতকাঁটা goose-flesh caused by (sudden) sensation of cold (বাঁকুড়া ১৫)

কেয়া খ্যালা kea kʰæla বি বিবাহে স্ত্রী-আচার বিশেষ ['কেয়া' হল কাঠের ছোট সিঁদুর কৌটা। এই কৌটার ঢাকনা পাঁচবার বর খুলে দেয় এবং কনে তা আবার লাগিয়ে দেয়] one of the traditional rites performed at Hindu Marriage by women; a womanly custom at marriage (পদিনা ৮)

কেয়ান্‌চিন্‌ তেল্‌ keancin tel বি কেরাসিন তেল kerosene lamp oil (পদিনা ৯) তু ইং Kerosene

কেঁয়াপনশ kẽapɔnɔʃɔ বি আনারস the pineapple (মেদিনী ৩১)

কেয়াপড়্‌শ keapɔɽʃɔ দ্র কেঁয়াপনশ (মেদিনী ৩১)

কেয়ার্‌ kear বি জমির আল [ঢালু জমিতে সেচের জন্য এই অস্থায়ী আল দেওয়া হয়] a ridge of earth set up around a piece of agricultural land (মালদা ৩) < সং কেদার (দাস)

কের্‌কেটিয়া পাখি

কেয়ারি[১] keari বি ধানের বীজতলা a seed-plot, a seed-bed (মালদা ১)

কেয়ারি[২] keari দ্র কেয়ার্‌ (মুর্শিদা ৯)

কেঁয়ে kẽe বিণ ঝগড়াটে quarrelsome (বীরভূ ১১)

কেয়ো keo সর্ব কেউ anyone, someone (বীরভূ ২)

কেয়্যা keæ ক্রি বিণ, কেন why খ্যাক্‌-খ্যাক কোড়ি হাশি্‌ কেয়্যা--হাঃ হাঃ করে হাসিস কেন? (কোচবি ২) তু হি কেঁও (দাস)

কের্‌কেটিয়া পাখি kerketia pakʰi বি সবুজ রঙের ছোট পাখি [এই পাখির ডাকার স্বর ক্যার-কেরে। কসাইপাখি] *Lanius excubitor*, a species of small bird of green colour and harsh voice (বাঁকুড়া ৭)

কের্‌কেত kerket বি কাতুকুতু tickling, titillation (মেদিনী ১৩)

কের্‌ক্যাটা kerkæta দ্র কের্‌কেটিয়া পাখি (বাঁকুড়া ১৬)

কের্‌খা kerkʰa একপ্রকার ড্রামজাতীয় বাদ্যযন্ত্র a drum (জলপা ৭)

কের্‌খ্যা kerkʰæ দ্র কের্‌খা (জলপা ১)

কের্‌মে kerme ক্রি বিণ ক্রমশঃ, ক্রমে ক্রমে gradually, serially (বাঁকুড়া ১৬ হুগলি ১৮) কের্‌মে কের্‌মে ব্যালা বাইড়্‌ছে--ক্রমে ক্রমে বেলা বাড়ছে (বাঁকুড়া ১৬)

কের্‌সান্‌ kersan বি যে মজুর সারাবছর খাওয়া-দাওয়া এবং বার্ষিক অর্থে চুক্তিবদ্ধ থাকে a labourer who works on annual contract (নদীয়া ৬) < কৃষাণ

কেরলা আম্‌ kerɔla am বি কচি আম green mango (কোচবি ৩)

কেরাচল্‌ keracɔl দ্র কেয়ান্‌চিন্‌ তেল্‌ (পদিনা ৩)

কেরাচিন্‌ keracin দ্র কেয়ান্‌চিন্‌ তেল্‌ (চব্বিশ ২০)

কেরাচিনি keracini দ্র কেয়ান্‌চিন্‌ তেল্‌ (বর্ধমা ২)

কেরানা kerana বি মুদি [দোকানদার] a grocer (পদিনা ৩)

কেরানা দকন্‌ kerana dɔkɔn বি grocer's shop (পদিনা ৩)

কেরাল্‌ keral বি নৌকার দাঁড় an oar (of a boat) (মেদিনী ১৭)



কেরাসিন্

কেরালা kerala বি করলা (হাওড়া ১০) a variety of kitchen-vegetable having a bitter taste < সং কারবেল্লী

কেরালি আম্ kerali am দ্র কেরলা আম্ (মালদা ৬)

কেরাশ্ তেল্ kera∫ tel দ্র কেয়ান্‌চিন্ তেল্ (চব্বিশ ৩১)

কেরাসিন্ kerasin বি বনতুলসী wild basil (নদীয়া ৯)

কেরি কাটায়ঠ্যে keri kaṭaĕtʰɛ ক্রি ভাঁওতা দিচ্ছে is bluffing, is deceiving (মেদিনী ১৪)

কেরিয়া keria বিণ কালো (রং) black (colour) লুগাটার পাড়্‌টা কেরিয়া--কাপড়টার পাড় কালো (পুরুলি ২, ৯ বাঁকুড়া ১৫)

কেরিল্ keril বি বাঁশের অঙ্কুর a bamboo shoot or sprout (পুরুলি ২, ৫)

কেরু আঙ্গুল্ keru aŋgul দ্র কেনা আঙুল্ (পদিনা ১০)

কেরু কেরু keru keru সর্ব কাহারও কাহারও of someone, of somebody কেরু কেরু কাছে আছে--কাহারও কাহারও কাছে আছে (বর্ধমা ৫)

কেরুয়া kerua দ্র কেইংর‍্যাল্ (জলপা ২)

কেরেকাট্ kerekaṭ বি বোঝাপড়া compromise, mutual understanding কথাটা কেরেকাট্ কোইরে লে--কথাটা বোঝাপড়া করে নে (বাঁকুড়া ৭)

কেরো kero বি বাছুরের জন্যে দড়ির তৈরি মুখোশ a mask made of rope (esp. for calf) (হাওড়া ১)

কেরো কেরো kero kero দ্র কেরু কেরু (নদীয়া ১০)

কেঁরোনা kẽrona বি চুলকানি itches, scabbies (মেদিনী ১০)

কেরোয়া keroa দ্র কেইংর‍্যাল্ (পদিনী ২)

কেরোল্ kerol দ্র কেইংর‍্যাল্ (মালদা ৩, ১১)

কেরোলা kerola দ্র কেরলা আম্ (কোচবি ২, ৮)

কেল্‌কে ভাতারি kelke bʰatari বি একজাতীয় লোকনৃত্য। [চৈত্র মাসের গাজনের সময় এই নৃত্য অনুষ্ঠিত হয়] a kind of folk-dance (হাওড়া ১, ৮, ১০)

কেল্‌কেলি সারো kelkeli saro বি শালিক পাখি a kind of yellow-beaked light-brown bird (জলপা ৭)

কেল্‌টি kelṭi বিণ যে নারীর বিকৃত মুখ a woman with a distorted or deformed face (জলপা ৩) পুং-ক্যাল্‌টা

কেল্‌টিয়া চুল্ kelṭia cul বিণ কটা চুল brownish hair (পদিনা ২)

কেল্‌ঠিয়া চুল্ kelṭʰia cul দ্র কেল্‌টিয়া চুল্ (পদিনা ২)

কেঁল্‌নোই kẽlnoĭ দ্র কেইংর‍্যাল্ (নদীয়া ১১)

কেল্‌লা আংউল্ kella aŋul দ্র কেনা আঙুল্ (মালদা ৬)

কেল্‌লাই kellaĭ দ্র কেইংর‍্যাল্ (বাঁকুড়া ১৯)

কেল্‌লান্ kellan দ্র কেইংর‍্যাল্ (মালদা ১)

কেল্‌লার্ বোই kellar boĭ বি একজাতীয় তৃণ, ভাদ্‌লা ঘাস a kind of grass, herb (পদিনা ১০)

কেল্‌লু kellu দ্র কেইংর‍্যাল্ (নদীয়া ১)

কেল্‌লুই kelluĭ দ্র কেইংর‍্যাল্ (নদীয়া ১৩)

কেঁল্‌লুই kẽlluĭ দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ১৮)

কেল্‌লেন্ kellen দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ২৪)

কেল্‌লো kello দ্র কেইংর‍্যাল্ (নদীয়া ৩)

কেঁল্‌লোই kẽlloĭ দ্র কেইংর‍্যাল্ (নদীয়া ৭)

কেল্‌ল্যান্ kẽllæn দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ১৯)

কেলাই kelaĭ বি ১ কাস্তের মতো একটি সরঞ্জাম [ধান, ঘাস ইত্যাদি কাটা হয়। তবে সরঞ্জামটি দেখতে কাস্তের মতো নয়] a corn-cutting tool (পদিনা ১১) ২ আগাছা তোলার সরঞ্জামবিশেষ an implement for removing weeds or useless plants (পদিনা ৬) ৩ খুরপি (মাটি খুঁড়বার ছোট খন্তা) a small digging tool (মালদা ৩) ৪ লোহার তৈরি কৃষি সরঞ্জাম [চারফুট লম্বা, সামনের দিক সূচালো, চ্যাপ্টা, কাঠের হাতল যুক্ত] agricultural implement made of iron (কোচবি ৪)

কেলাইং kelaiŋ বি খুরপি [এর ধরার হাতলটি বাঁশের তৈরি। হাতলের পাশে একটি কাঠ বা বাঁশেরই তৈরি ছোট গুঁজি থাকে। যার দ্বারা হাতলটি ধরে ব্যবহার করার সুবিধা হয়] a small digging tool with a bamboo handle (মালদা ৮)

কেলাকুচি kelakuci বি তেলাকুচা [পটলের তুল্য ফল। চাষ করতে হয় না। বনে-জঙ্গলে হয়] a kind of creeper and its fruit (মুর্শিদা ১২)

কেলিয়া kelia বি কালিয়া [মাছের ব্যঞ্জন বিশেষ] a kind of fish-curry (চব্বিশ ৩৯)

কেলিয়ে যাওয়া kelie jaŏa ক্রি নুন-ছাল উঠে যাওয়া to cause to skin scarf-skin (চব্বিশ ১৫)

কেলু আঙুল্ kelu aŋul দ্র কেনা আঙুল্ (মেদিনী ১৪)

কেলুই keluĭ দ্র কেইংর‍্যাল্ (বাঁকুড়া ১১)

কেলুন্ kelun বি ফল বিশেষ a kind of fruit (পদিনা ১০)

কেলে[১] kele বি শাপলা, শালুক a kind of water-lily (চব্বিশ ২১)

কেলে[২] kele অস ক্রি ভেঙে breaking কেলে খাইশে--ভেঙে খেয়েছে (জলপা ৭)

কেলে আউস্ kele aus বি কালোরঙের আউস ধান a kind of dark autumnal paddy (চব্বিশ ৩৭ বর্ধমা ৫)

কেলে কাঙ্ড়া kele kaŋɾa বি একজাতীয় কালো বিছা a species of black scorpion (বীরভূ ৮)

কেলেকুতু kelekutu দ্র কেতুকুতু (বর্ধমা ১৮, ১৯)

কেলে জোঁক্ kele jõk বিণ অত্যন্ত কালো [জোঁকের মতো] deep dark দেখতে কেলে জোঁক জ্যানো--দেখতে অত্যন্ত কালো, জোঁকের মতো (নদীয়া ৪)

কেলেন্[১] kelen বি ইঁট পোড়ানোর লম্বা গভীর গর্ত long and deep pits in the kiln of bricks (মুর্শিদা ২০) তু ইং canal

কেলেন[২] kelen বি খাল canal (হুগলি ৪) তু ইং canal

কেলেন্ গোরু kelen goru বি যে গাই গরু প্রতিবছর বাচ্চা প্রসব করে না বা দুধ দেয় না, দু-তিন বছর পরে-পরে দুধ দেয়--এমন গরুকেই বলা হয় 'কেলেন্ গোরু' the cow that does not give milk or give birth to young ones every year (চব্বিশ ২৩ নদীয়া ১১)

কেলে লতা kele lɔtɔ বি একপ্রকার লতা [পানের মতো পাতার গড়ন। খুব শক্ত জাতীয় এই লতার সাহায্যে ঝুড়ি বাঁধা হয়। ক্ষতস্থানের প্রতিষেধক হিসাবে ব্যবহার করা হয় এই লতা] a kind of creeper resembling betel used in the making of baskets and as folk medicine (বর্ধমা ৪ হুগলি ৪) [কোনো মন্দলোক যদি কু-মতলবে কারোর কোনো বিপজ্জনক ক্ষতস্থান মন্ত্র দিয়ে 'ভেরে' দেয় অর্থাৎ অপদৃষ্টি দেয়, যার ফলে সেই ক্ষত সারে না। এই ক্ষেত্রে কোনো লতার কিছু অংশ ঐ ক্ষতস্থানে জড়িয়ে রাখলে তা ঐ অপদৃষ্টির প্রতিষেধক হিসেবে কাজ করে--লোকবিশ্বাস] (হুগলি ৪)

কেলেশ্ জোমি kele∫ jomi বি বহু ফসলি জমি a multi-crop field (বর্ধমা ২৫)

কেলেশ্ ধান্ kele∫ dʰan বি একপ্রকার ধান [আষাঢ় মাসে রোপণ করা হয় এবং কার্তিক মাসে কাটা হয়] a kind of paddy (বর্ধমা ১৯)

কেলে শাপ্ kele ∫ap বি কেউটে cobra [a poisonous snake] (বর্ধমা ১০, ২১ বাঁকুড়া ৮ মেদিনী ৭)



কেলে কাঙ্ড়া

কেলে হাঁড়ি kele hãɾi বি বাগানের ফসলে কুদৃষ্টি যাতে না পড়ে তার জন্য কালো হাঁড়িতে চুন লেপে ক্ষেতে রাখা হয়। এর নামই কেলে হাঁড়ি a scare crow [face of man painted on a black pitcher hung with old clothes and set up in field to keep birds and animals away] (চব্বিশ ১৪) তু কাকতাড়ুয়া

কেল্যা kelæ দ্র কেইংর‍্যাল্ (পদিনা ১৪)

কেল্যান্ kelæn দ্র কেইংর‍্যাল্ (মুর্শিদা ১৫)

কেশ্ ke∫ বি আমের কুশি a row or green mango. (মেদিনী ১০, ২৪)

কেশ্‌টো ke∫to বিণ কষা slightly astringent taste, of tannic taste কেশ্‌টো আঁজির্--কষা পেয়ারা (বর্ধমা ৫ নদীয়া ৪)

কেশ্‌টো বোকুল্ ke∫to bokul বি বেনেবউ পাখি broom rope (*Orobanche indice*) (মালদা ১)

কেশ্‌ফুইলা সিন্দুর্ ke∫pʰuĩla sindur বি মেটে সিঁদুর [এই সিঁদুর তেলে গুলে পরা হয়। একবার পরলে পনের দিন থাকে। রোজ পরার দরকার হয় না] a type of vermilion (বাঁকুড়া ১৬)

কেশ্‌মুড়ান ke∫muɾanɔ ক্রি নেড়া হওয়া to shave head (মেদিনী ২৮)

কেশ্‌মোনি ke∫moni বি আড়াই-তিন হাত লম্বা এবং এক বিঘৎ চওড়া দুই মুখ বিশিষ্ট থলি [এর মধ্যে টাকাপয়সা রেখে কোমরে বাঁধা হয়। ব্যবসায়ীদের বহু টাকা নিয়ে নিরাপদে যাতায়াত করার সহজ ব্যবস্থা] a long sack of about four feet long and six inches in breadth open at both ends used as purse and worn round the waist by the businessmen for carrying cash তু ইং ক্যাশ্ + মানি cash money

কেশর্ ke∫ɔr বি শাঁখালু *[Pachyrhizus angulatus]* a kind of white esculent yam (মালদা ৪)

কেশর্ আলু ke∫ɔr alu বি রাঙা আলু, লাল আলু, মিষ্টি আলু sweet potato *[Ipomea batata]* (বর্ধমা ৫)

কেস্‌টো প্যায়রা

কেশান্‌ keʃan বি বাৎসরিক চুক্তির ভিত্তিতে নিযুক্ত কৃষিমজুর a labourer employed on terms to be renewed annually (বর্ধমা ৫) < কৃষাণ

কেশা পাঁজা keʃa pãja বি মোটা কালো আউস ধান coarse and dark autumnal paddy (মুর্শিদা ১৯)

কেশি keʃi বি. আমের কুসি a very young and raw mango (হুগলি ১৫)

কেশুড়্‌ keʃuɽ দ্র কেশর্‌ (কোচবি ৩ জলপা ১, ৭, ৮ দার্জিলি ১, ৩, ৪ পদিনা ৩, ১৪ মেদিনী ৪)

কেঁশুড়ে গাচ্‌ kẽʃuɽe gac বি কেশুত গাছ a kind of plant (বীরভূ ৭)

কেশুল্‌ keʃul বি আমের আঁটি stone of mango (চব্বিশ ৩৩)

কেশে[১] keʃe কুশ (তৃণ বিশেষ) a variety of holy grass (বর্ধমা ২৩)

কেশে[২] keʃe কাশ (তৃণ বিশেষ) a kind of grass (হাওড়া ২৩)

কেশে[৩] keʃe বি শরগাছের তৈরি মাদুর বিশেষ [গোয়ালঘরের দরজায় পর্দার মতো ঝুলিয়ে দেওয়া হয়] a kind of mat (হুগলি ১)

কেঁশেল্‌ kẽʃel বি ঢেঁকিতে ধান ভানার গর্ত a hole on the earth where corns are thrown for husking (হাওড়া ১০)

কেশো keʃo বিণ কষা of slightly astringent taste কেশো প্যায়রা--কষা পেয়ারা (চব্বিশ ১৪ বর্ধমা ২২ হুগলি ১৮)

কেশোর্‌ keʃor দ্র কেশর্‌ (পদিনা ২, ৮ মালদা ৭)

কেস্‌ kes দ্র কেশ্‌ (মেদিনী ২৪)

কেস্‌কি নড়া keski nɔɽa ক্রি মচকে যাওয়া to be sprained (জলপা ৬)

কেস্‌টকলি ফুল্‌ kestɔkɔli p^{h}ul বি সন্ধ্যামালতী ফুল a kind of flower (চব্বিশ ২১) < কৃষ্ণকলি

কেস্‌টা চুড়া kestɔ cuɽɔ বি কানের সোনার গহনা বিশেষ a golden ornament for ear (বাঁকুড়া ১) < কৃষ্ণচূড়া

কেস্‌টো কুল্‌ kestɔ kul বি কচি কুল young jujube (চব্বিশ ২১)

কেস্‌টো প্যায়রা kestɔ pæĕrɔ বি কচি পেয়ারা a green guava (বর্ধমা ২২) < কষা

কেস্‌টো ফড়িং kestɔ p^{h}ɔɽiŋ বি গঙ্গাফড়িং a grasshopper (চব্বিশ ৩১)

কেস্‌টো মুগ্‌ kestɔ mug বি কালো মুগ [ছোট দানাযুক্ত সুস্বাদু মুগডাল বিশেষ] a kind of pigeon-pea (চব্বিশ ২১)

কেস্‌তা kestɔ দ্র কেচিয়া (মেদিনী ৩, ৭, ১৭, ২৯, ৩৩ বাঁকুড়া ১৩, ১৮)

কেস্‌তার্‌ পুড়ি kestɔr puɽi বি কাস্তের খাঁজকাটা ধারালো অংশ the sharp side of a sickle (মেদিনী ১৪)

কেস্‌তে keste দ্র কেচিয়া, কেস্‌তা (বর্ধমা ২, ৯, ২০ মেদিনী ৭, হাওড়া ১, ৩, ৮ হুগলি ১, ১৬)

কেস্‌রি আলু kesri ɔlu দ্র কেশর্‌ আলু (বর্ধমা ৫)

কেসি kesi দ্র কেশি (বর্ধমা ৬)

কেঁসি kẽsi দ্র কেশ্‌ (হুগলি ১৬)

কেসুর্‌ kesur দ্র কেশর্‌ (দার্জিলি ৩)

কেস্তা kestɔ দ্র কেচিয়া (মেদিনী ১৪)

কেস্তে keste দ্র কেচিয়া (বর্ধমা ৫)

কেহনি kehɔni বি কনুই an elbow (পুরুলি ১২)

কেঁহা kẽhɔ দ্র কেইচা[১] (মুর্শিদা ১৭)

কেহিনা kehinɔ দ্র কেহনি (মুর্শিদা ১৯)

কেহিন্যা kehinæ দ্র কেহনি (মুর্শিদা ১৭)

কেহু kehu সর্ব কেউ anyone, someone কেহু কেহু বলে--কেউ কেউ বলে (মুর্শিদা ২২, ২৩, ২৪)

কেঁহু kẽhu দ্র কেহু (বীরভূ ৯)

কেহুনা kehunɔ দ্র কেহনি (মুর্শিদা ২২)

কেহুনি kehuni দ্র কেহনি (মুর্শিদা ১১)

কেঁহে kẽhe বিণ কৃপণ a miser (মুর্শিদা ২৪)

কেহেনা kehenɔ দ্র কেহনি (মালদা ২)

কেহেনি[১] keheni দ্র কেহনি (পদিনা ৮ পুরুলি ৩, ১৬ বাঁকুড়া ১৬ বীরভূ ১০ মালদা ১, ২ মুর্শিদা ২১)

কেহেনি[২] keheni বি ধাঁধা a riddle, a puzzle মোকে এক্‌টা কেহেনি কেহি দে--আমাকে একটা ধাঁধা বলে দে (পুরুলি ৫) < কাহিনী

কেহোনা kehonɔ দ্র কেহনি (মালদা ১১)

কেঁহ্যা করা kẽhæ kɔrɔ দ্র কেইচা[১] (বীরভূ ৯)

কেঁহ্যাস্‌টি kẽhæsti দ্র কেইচা[১] (বীরভূ ৪)

কো[১] ko সর্ব কেউ somebody (মেদিনী ৬, ১৪, ২০, ২৬) কথাটা শুয়্যা কো কো হাস্যা লুট্যাবে--কেউ কেউ কথাটা শুনে হেসে লুটোপুটি খাবে (মেদিনী ২৬)

কো[২] ko বি কুয়াশা fog (চব্বিশ ৩৬)

কো[৩] **ko** বি কোয়া pod (চব্বিশ ১৪, ২০ বর্ধমা ১৬ বীরভূ ১ হাওড়া ১, ৮ হুগলি ১৮) ক্যাঁটালের কো খাবি--কাঁঠালের কোয়া খাবি (বর্ধমা ১৬)

কো[৪] **ko** বি মইয়ের কোয়া step of a ladder (হাওড়া ১, ৮)

কো[৫] **ko** অ কি what কো হোল রে তোর--তোর কি হল রে (পদিনা ২)

কো[৬] **ko** বি অর্জুন গাছ a kind of tree, *Terminalia arjuna* (পুরুলি ৪)

কো[৭] **ko** নঞর্থক বাক্যের শেষে ব্যবহৃত অব্যয়--যাবো নাকো, খাবো নাকো ইত্যাদি an indeclinable word used in negative sentence (বর্ধমা ২২)

কো[৮] **ko** দ্র কুয়া[৭] (চব্বিশ ৩৬)

কোই[১] **koĭ** সর্ব কেউ somebody (পদিনা ৯ মালদা ৫, ১১) কোই নি কোই ছে--কেউ না কেউ আছে (মালদা ১১) কোই কোই অহ্যা--কেউ কেউ এসেছে (পদিনা ৯)

কোই[২] **koĭ** অ কোনো certain এ কিসম্ বাত্ বল্‌ছি যে কোই কামার্ নেই--এরকম কথা বলছি যে, কোনো কাজের নয় (পদিনা ২)

কোই[৩] **koĭ** বি আমের কুশি white portion in green mango (মালদা ৭)

কোই[৪] **koĭ** ক্রি বলা to speak আমরা কোই, আর কো কোই পার্‌বানি--আমরা বলি, আর কেউ বলতে পারবে না। (মেদিনী ২০)

কোইও **koĭo** বি কাক the crow (মুর্শিদা ১৬)

কোইও চান্ করা **koĭo can kɔra** ক্রি অল্প জলে স্নান করা [অধিক শীতে বা অতি বর্ষায় বা অসময়ে স্নান করতে হলে পুকুরে ডুবে স্নান করে না। তখন মাথা ধোয়ার মতো অল্প জল নিয়ে কোনোক্রমে স্নানপর্ব সারে] bath with a little water (বর্ধমা ৭) তু কাক-স্নান

কোইক্‌হুনা **koikhuna** ক্রি বিণ কখনো under any circumstances উপিতি কোইক্‌হুনা না যাইস্--ওদিকে কখনো যাস না (পদিনা ৯) < কোনক্ষণ

কোইকাট্‌টা **koĭkatta** বি আঙুলের নখের তলায় ওঠা চামড়া the inner skin of nail-ending portion (মালদা ৪)

কোইকাঁটা **koĭkãṭa** বি নখকুনি whitlow (পদিনা ৫, ৬ ১০, ১২, ১৪ মালদা ৬)

কোইকানা **koĭkana** দ্র কোইকাঁটা (পদিনা ১, ৪, ১১ মালদা ৪)

কোইকানো **koĭkano** দ্র কোইকাট্‌টা (পদিনা ৪ মালদা ৪)

কোঁইচ্ **kŏic** বি কুঁচি বা ভাঁজ (শাড়ির) folding portion of *Sharee* কোঁইচ্ দিয়ে শাড়ি পরেছে--কুঁচি (ভাঁজ) দিয়ে শাড়ি পরেছে (মেদিনী ২৯)

কোই[৩]

কোইচ্‌চা[১] **koicca** বিণ কুচি (টুকরা) piece কোইচ্‌চা কোইচ্‌চা করে কুটা--কুচি কুচি করে কাটা (মেদিনী ২৮)

কোইচ্‌চা[২] **koicca** ১ বিণ ছোট younger (চব্বিশ ১৭ মেদিনী ৬, ১৯, ২২, ২৬) কোইচ্‌চা টকাটা এঠি দাঁড়ি আছে--কাদের ছোট ছেলেটা এখানে দাঁড়িয়ে আছে (মেদিনী ১৯) কোইচ্‌চা জামে কোরিয়া নুটা লি আয়--ছোট বাটিতে করে নুনটা নিয়ে আয় (মেদিনী ৬) ২ বি খোকা little boy ও কোইচ্‌চা, কাই যাবু--ও খোকা, কোথায় যাবি? (চব্বিশ ১৭ মেদিনী ১৯, ২২, ২৬)

কোইচ্‌চা জিব্ **koicca jib** বি আলজিব the uvula (মেদিনী ১৬)

কোইচ্‌টে **koicṭe** অস ক্রি কচ্‌লে, রগ্‌ড়ে rubbing কাপড়্‌টা কোইচ্‌টে ধঁয়ে নিগ্‌ড়াঁয়ে ঘাঁটে দে--কাপড়টা কচলে নিঙড়ে মেলে দে (মেদিনী ৫)

কোইচা[১] **koĭca** বি কাস্তে a sickle (পদিনা ১, ১১)

কোইচা[২] **koĭca** দ্র কোইচ্‌চা[২] (মেদিনী ১৯, ২০, ৩৪, ৩৫)

কোইচা[৩] **koĭca** বি ছোট বস্তা small sack (মুর্শিদা ২০)

কোঁইচা **kõĭca** বি কঞ্চি bamboo twig (বাঁকুড়া ১৫ মেদিনী ৫, ১৯)

কোঁইচি **kõĭci** দ্র কোঁইচা (বর্ধমা ৪ বাঁকুড়া ১৬)

কোইচে কোইচে খাওয়া **koĭce koĭce k^{h}aŏa** ক্রি চিবিয়ে চিবিয়ে খাওয়া to chew, to masticate (বীরভূ ১১)

কোইচ্যা **koĭcæ** বিণ ছোট little কোইচ্যা টকাগাকে মারিসি না--ছোট ছেলেগুলোকে মারিস না (মেদিনী ২৬)

কোঁইচ্যা **kõĭcæ** দ্র কোঁইচা (বাঁকুড়া ১৫ মেদিনী ১৩, ২৯)

কোই জাল্ **koĭ jal** বি কৈ মাছ ধরার একপ্রকার জাল [সরু সুতোর তৈরি এই জাল প্রায় ২৫ হাত লম্বা হয়, চওড়ায় দু'ফুটের মতো। জালটি লম্বালম্বি পাতা হয়। জালের উপরের দিকের দড়িতে ছোট ছোট পাটকাঠি বা শোলা বা হাল্কাকাঠ বাঁধা থাকে, এই পাটকাঠিগুলোই জালটিকে ভাসিয়ে রাখতে সাহায্য করে। জালটি জলাশয়ের মাঝে লম্বালম্বি ঝুলানো থাকে। এই ঝুলিয়ে রাখার জন্য দুদিকে দুটি খুঁটি পুঁতে রাখা হয়। কৈ মাছগুলো যাতায়াত করতে গিয়ে ঐ জালের ফাঁসে মাথা গলিয়ে আটকে যায়।



কোইড়া ডাং খেলা

স্বাভাবিকভাবে রাত্রে এই জাল পেতে রাখা হয়] a kind of fishing net to catch the walking fish (হুগলি ১২)

কোই জালা koĭ jala দ্র কোই জাল্ (নদীয়া ৫)

কোই জুগ্ koĭ jug বি কলিযুগ the fourth age of creation according to Hindu scriptures (মেদিনী ২৬)

কোইটা koĭṭa বি কৌটা a small container (পদিনা ৫ মুর্শিদা ২৩)

কোইটি[১] koĭṭi দ্র কোইটা এ্যাক্ কোইটি মশ্ল্যা নি আয়--এক কৌটা মশলা নিয়ে আয় (মুর্শিদা ৫)

কোইটি[২] koĭṭi সর্ব কোথায় where কোইটি চল্যে গ্যাল--কোথায় চলে গেল (মুর্শিদা ২৩)

কোইটু koĭṭu দ্র কোইটা (নদীয়া ১ মুর্শিদা ১৪)

কোইটে koĭṭe দ্র কোইটা (মুর্শিদা ২৪)

কোইটো koĭṭo দ্র কোইটা (নদীয়া ৬ বীরভূ ৮)

কোইঠি koĭṭʰi ক্রি বলছি am/are speaking (মেদিনী ১৫, ২৪, ২৮) মোনে কোইঠি কি দুটা কলা পাড়িয়া লিয়ায়--আমরা বলছি কি দুটো কলা পেড়ে নিয়ে আয় (মেদিনী ২৮)

কোইঠে koĭṭʰe ক্রি বলছে is/are speaking সে ত বাতাকে বাখারি কোইঠে--সে তো বাতাকে বাখারি বলছে (মেদিনী ৩৪)

কোই ডিম্নি koĭ ḍimni বি কইমাছের বাচ্চা a young walking fish (বীরভূ ৭) < তু কই ডিম

কোই ডিমুনি koĭ ḍimuni দ্র কোই ডিম্নি (বীরভূ ৭)

কোই ডুম্ড়ি koĭ ḍumṛi দ্র কোই ডিম্নি (মালদা ১১)

কোই ডুমুড়ি koĭ ḍumuṛi দ্র কোই ডিম্নি (বীরভূ ১২)

কোইড়া ডাং খেলা koĭṛa daŋ kʰela বি ডাংগুলি খেলা a kind of rural game (মেদিনী ১৩) [বিশদ বিবরণের জন্য 'কোড়ে ড্যাং খেলা' দেখুন]

কোইড়্যাশি জাল্ koĭṛæʃi jal বি মাছধরার একপ্রকার হাত-জাল [এই জালে সাধারণত পোনা মাছ ধরা হয়। ছোট মাছ ধরতে হাতের কড়ে আঙুল ঢোকে এমন সুতোর ফাঁশ-যুক্ত জালকে বলা হয় 'ঘন কোইড়্যাশি জাল্', বড় মাছ ধরতে হাতের বুড়ো আঙুল ঢোকে এমন সুতোর ফাঁশ-যুক্ত জালকে বলা হয় 'ফর্কা কোইড়্যাশি জাল্'। সব কোইড়্যাশি জাল্ সাত / আট হাত লম্বা হয়] a kind of fishing net for catching fish (পুরুলি ১৫)

কোইত্ koĭt সর্ব কোথায় where তু কোইত্ গেল্ছিলি--তুই কোথায় গিয়েছিলি (বীরভূ ১১) < কই (দাস)

কোঁইত্ kõĭt বি কয়েত্বেল a shelled-fruit with sour pulp akin to the wood-apple (মেদিনী ১৯, ২২, ২৬)

কোইত্কার্ koĭtkar সর্ব কোথাকার where উ কোইত্কার্ রে--ও কোথাকার রে (মুর্শিদা ২)

কোইতর্ koĭtɔr বি পায়রা the pigeon (জলপা ৪, ৬, ৭, ৯ বীরভূ ১১) কোইতরের্ খোপ্--পায়রার বাসা (কোচবি ২) < কবুতর তু হি কবুতর্, ফা কবুতর্

কোইতোর্ koĭtor দ্র কোইতর্ (কোচবি ২, ৩, ৪ নদীয়া ৩ মালদা ১ মুর্শিদা ১১)

কোইদ্ koid বি কয়েদ prison (পদিনা ২) তু আ কয়েদ্

কোইদ্মা koidma বি কুমড়ো the pumpkin (মালদা ২ মুর্শিদা ৩) হি কদ্দু

কোইদ্ম্যা koidmæ বি মিষ্টি কুমড়ো the sweet pumpkin (বীরভূ ৪)

কোইদা koĭda বি কাস্তে a scythe (পদিনা ৬, ১১)

কোঁই ধরান kõĭ dʰɔrano ক্রি কৃত্রিমভাবে চুল কোঁকড়ানো to curl hair artificially (মেদিনী ১১)

কোইন্চা koĭnca দ্র কোঁইচা (মেদিনী ৭, ১২, ২৮, ২৯)

কোইন্চ্যা koĭncɛ দ্র কোঁইচা (মেদিনী ২৯)

কোইন্তর্ koĭntɔr দ্র কোইতর্ (পদিনা ১১)

কোইনদ্যা koĭndæ বি র্যাঁদার (কাঠের মিস্ত্রির সরঞ্জাম) প্রধান কাঠের অংশ principal wooden part of the plane of carpenter (বীরভূ ৯)

কোইন্না[১] koĭnna বি কনুই elbow (মালদা ৪) < সং কফোনি তু হি কোহনী

কোইন্না[২] koĭnna বি কনে (পাত্রী) a bride (জলপা ৭ মুর্শিদা ২২ মেদিনী ২) এ্যালায় কোইন্নাটাক্ দেখুম্--এখন কনেটাকে দেখব (জলপা ৭) < সং কন্যা

কোইন্না মাকুন্দি koinna makundi বি কনের সঙ্গী [কনের সঙ্গে কনের দিদিমা বা ঐ সম্পর্কিত কেউ বিয়ের দিন সর্বদা কনের সঙ্গে থাকে] a companion of a bride (মালদা ৪)

কোইন্নি koinni দ্র কোইন্না[২] (মুর্শিদা ১৪)

কোইন্নিম্ koĭnnim ক্রি করলাম done কি কাজ্ কোইন্নিম্--কি কাজ করলাম (মুর্শিদা ১৪)

কোইন্‌ন্যা koĭnnæ দ্র কোইন্‌না[২] (মেদিনী ৬)

কোইনা koĭna দ্র কোইন্‌না[১] (জলপা ২, ৫, ৭, ১৩ নদীয়া ১ পদিনা ২, ৪, ৮, ৯ মালদা ৪, ৫ মেদিনী ৮, ৩৩)

কোইনা koĭna দ্র কোইন্‌না[১] (পদিনা ১, ৪, ১০, ১২ মালদা ৬, ৮)

কোইনা আনাআনি খেল্‌ koĭna anaani k^{h}el বি একপ্রকার গ্রামীণ খেলা [ছকের সাহায্যে দুইজন প্রতিযোগী ছেলে এই খেলায় অংশ নেয়। উপকরণ হিসাবে থাকে একটি ছক। তিনটি কড়ি (অভাবে পাটকাটির খণ্ডও চলে), এবং দু'টি গুলি। দুইজন প্রতিযোগীর (ক, খ) দুই প্রান্তের দুটি ঘর। এদের বলা হয় 'দুল্‌হা' অথবা বর। মাঝের ঘরটি 'কোইনা'র অর্থাৎ কন্যার। কন্যার চিহ্নস্বরূপ একটি গুটি দুই প্রতিযোগী খেলার মাধ্যমে কন্যাকে জয় করার লড়াইতে মেতে যায়। যে-কোনো একজন প্রতিযোগী প্রথমে তিনটি কড়ি চালে। এই তিনটি গুটির মধ্যে কেবল একটি গুটি যখন চিৎ হয়ে পড়ে তখনই ঐ প্রতিযোগী-বর তার গুটি তার ঘর থেকে এক দাগ এগিয়ে কন্যার ঘরের দিকে যাবে। বরের ঘর থেকে কন্যার ঘর পর্যন্ত দুই জনেরই ৮টি করে লাইন থাকে। যে বর আগে কন্যার ঘরে পৌঁছতে পারবে, সে কন্যাকে সঙ্গে করে পুনরায় ঐ প্রকার চালেই এবং এক-একটি দাগ ধরে নিজের ঘরে ফিরে আসবে। তবে প্রতিযোগী-বর (যে পিছিয়ে ছিল) নিজের ৮টি দাগ অতিক্রম করে এবং কন্যার ঘরও অতিক্রম করে কন্যা-হরণকারী বরের পিছু ধাওয়া করবে। তাতে যদি ঐ দ্বিতীয় বর প্রথম বরের নাগাল ধরতে পারে তবে সে এখন ঐ কন্যাকে নিয়ে নিজের ঘরের দিকে যাবে এবং প্রথম বর এবার দ্বিতীয় বরের পিছু ধাওয়া করবে। এমনি করে যে-বর তাড়াতাড়ি সফল দান ফেলে নিজের ঘরে পৌঁছতে পারবে সে-ই কন্যাকে জয় করবে।

খেলার অপর নিয়মগুলি হলো তিনটি গুটি বা কড়ির মধ্যে যখন কেবল একটি গুটি চিৎ হয়ে পড়ে তখনই একঘর চাল পায়। অন্য কোনো প্রকারে কোনো চাল পায় না। তবে একটা চাল দিয়ে সঙ্গে সঙ্গে আবার কড়ি চালতে পারে। এছাড়া যদি কখনও তিনটি গুটিই উপুড় হয়ে পড়ে, তবে তখনই আবার চালতে পায়। এর জন্য অবশ্য কোনো ঘর এগিয়ে যাবার অতিরিক্ত সুযোগ পাবে না] a rural game (পদিনা ২)

কোইনা কামানো koĭna kamano বি বিবাহানুষ্ঠানের একটি স্ত্রী-আচার [এই অনুষ্ঠানে নাপিতের কাছে নখ কেটে কনে আলতা পরে এবং নতুন কাপড় পরে traditional Hindu rites performed at a wedding by the bride (বাঁকুড়া ১৬)

কোইনা পোত্‌লি koĭna potli বি চোখের মণি [কন্যা স্নেহের পুত্তলি] some one especially dear (পদিনা ১৩)



কোইনা আনাআনি খেল্‌

কোইনার্‌ দানি koĭnar dani বি অষ্টমঙ্গলার দিন কন্যা-আনয়নকারী [বিবাহের পরবর্তী স্ত্রী-আচার। বিবাহের অষ্টম দিনে অর্থাৎ অষ্টমঙ্গলার দিনে যারা কনেকে শ্বশুরবাড়ি থেকে আনতে যায়। সাধারণত কনের ভাই, বোন বা দিদিমা দই-চিঁড়ে নিয়ে বরের বাড়িতে যায় কনেকে আনতে] Hindu traditional rite performed after the marriage (পদিনা ১৩)

কোইনি koĭni বি কনুই elbow (বাঁকুড়া ১৮) তু সং কফোনি, হি কোহনী

কোইনিপোকা koĭnipoka বি নখকুনি whitlow (পদিনা ৫)

কোইনে koĭne দ্র কোইনি (নদীয়া ৯ বর্ধমা ১৯)

কোইন্যা koĭnæ কোইন্‌না[২] (কোচবি ৬ জলপা ১, ৭ দার্জিলি ১ পদিনা ১৪ বাঁকুড়া ১৫ মুর্শিদা ১৭, ২৩ মেদিনী ২৯)

কোইপ্‌চা koĭpca বি কব্জি the wrist (বীরভূ ১১ মুর্শিদা ১৫)

কোইফৎ koĭp^{h}ɔt বি কৈফিয়ৎ an explanation (মেদিনী ১৫)

কোই ফুল্‌ koĭ p^{h}ul বি শালুকফুল stalk of the water-lily, *nymphaea lotus* (মেদিনী ১৬, ২০)

কোইফুল্‌ মাচ্‌ koĭp^{h}ul mac বি একপ্রকার মাছ [কইমাছের মতো অনেকটা দেখতে, তবে বেশি কাঁটা থাকে না। রঙ কালো, পুকুরের পচা আবর্জনা-কাদার মধ্যে থাকতে ভালবাসে] a kind of fish (মেদিনী ১৯, ২২, ২৬)

কোইবিত্‌[১] koĭbit ক্রি বিণ চুক্তি অনুসারে according to agreement (হাওড়া ১ হুগলি ৪) পণদুবো নে, নুবোও নে--এই কোইবিত্‌ কোরে ছেলেমেয়ের বিয়ে দিচ্চি--পণ দেবও না, নেবও না--এই চুক্তি অনুসারে ছেলেমেয়ের বিয়ে দিচ্ছি (হাওড়া ১)

কোইবিত্‌[২] koĭbit বি মানত a pledge to gods in return of fulfilment of some desire (বর্ধমা ৯)

কোইবে koĭbe ক্রি বলবে will speak (মেদিনী ২১, ৩৪) গটে কথাও কোইবে নি--একটি কথাও বলবে না (মেদিনী ২১)



কোইর্‌ল্যা

কোইভোলা koĭbʰola বি একপ্রকার মাছ [নদীতে পাওয়া যায় রূপোলি রঙের এই মাছ। অনেকটা বেলেমাছের মতো স্বাদ এবং দেখতে কিছুটা কই ও কিছুটা ভোলামাছের মতো] a kind of river-fish (মেদিনী ১৫)

কোইম্ koim বি একপ্রকার বড় গাছ [এর কাঠ থেকে আসবাব তৈরি হয়] a kind of tree (মেদিনী ৮)

কোইমারি জাল্ koĭmari jal দ্র কোই জাল্ (মালদা ১১)

কোইমুড়ো মাটি koĭmuɽo maṭi বি একপ্রকার কালো এঁটেল মাটি [সাধারণত চাষের জমিতে এক হাত গভীরে এই এঁটেল মাটি থাকে। এই মাটি কালো রঙের হয়। কুমোরের মাটির সামগ্রী তৈরি করতে এই মাটির প্রয়োজন হয়। তবে এই মাটিতে গাছ ভাল হয় না, পুকুরের জলে এই মাটি ধোয়া জল পড়লে মাছের বৃদ্ধি হয় না। শীতের শেষে মাঠের ধান তোলা শেষ হলে এই মাটি কুমোররা সংগ্রহ করে থাকে। এই মাটি শুকনো অবস্থায় শক্ত থাকে, ভিজলে খুব নরম হয়] a kind of black sticky soil (চব্বিশ ৭, ২৭, ৩১)

কোইয়া[১] koĭa দ্র কোইনি (মেদিনী ২৭)

কোইয়া[২] koĭa দ্র কোই[৩] (কোচবি ৮)

কোঁইয়াঁ kõĭã দ্র কোঁইচা (মেদিনী ১৯)

কোঁইয়া কাল্ kõĭa kal বিণ ছোটবেলা childhood days (কোচবি ৩)

কোইর্[১] koir বি কুল the jujube (পুরুলি ৯)

কোইর্[২] koir বি পোড়া মাখন [ঘি তৈরির সময় পাত্রের গায়ে কিছু পোড়া মাখন লেগে থাকে] burnt butter--inedible (পুরুলি ১১)

কোইর্ আঙ্গুল্ koir aŋgul বি কনিষ্ঠা অঙ্গুলি the little finger (বর্ধমা ১৩)

কোইর্ আঁঠি koir ãṭʰi বি কড়া [হাতে বা পায়ের পাতার চামড়ায় দেখা যায়] a corn (পুরুলি ৫)

কোইর্‌ব koirbɔ ক্রি করব shall do আমি গল্প কোইর্‌ব--আমি গল্প করব < অপিনিহিতি স্বর-এর আগম পূর্ববঙ্গের মতো এখানেও আছে--যেমন লাইর্‌ব, বোইল্‌ব প্রভৃতি (বাঁকুড়া ৫)

কোইর্‌ল্যা koirlæ বি গরুর গাড়ির অংশ বিশেষ [গরুর গাড়ির মূল কাঠামোর সামনের দিকে বাঁশের এই খণ্ডটি আড়াআড়ি বাঁধা থাকে] a part of bullock-cart (পুরুলি ৪)

কোইরা[১] koĭra দ্র কোইর্ আঙ্গুল্ (মেদিনী ২৭)

কোইরা[২] koĭra বিণ কটা brownish কোইরা চুড়--কটা চুল (মেদিনী ৩০) কোইরা চুড়ো--কটা চুল (মেদিনী ১৮) কোইরা চুল্--কটা চুল (মেদিনী ১৬, ১৮)

কোইর‍্যা[১] koĭræ দ্র কোইর্ আঙ্গুল্, কোইরা[১] (মুর্শিদা ১৬)

কোইর‍্যা[২] koĭræ অস ক্রি করে doing অকম্ম কোইর‍্যা লাভ্‌টা কি--অকাজ করে লাভটা কি (মেদিনী ২২)

কোইল্ koĭl দ্র কোই[৪] (মালদা ১, ৬, ৭ মুর্শিদা ১১, ১৯)

কোইল্‌কা koĭlka বি কল্কে [হুঁকার কল্কে, কল্কেফুল] [কোথাও কোথাও করবীফুলকে 'কোইল্‌কা ফুল্' বলা হয়] (মেদিনী ২১) the bowl of a hookah (বর্ধমা ৮, ২৬)

কোইল্‌জা koilja বি ১ বুকের মধ্যাংশ central part of chest (দার্জিলি ১) ২ যকৃৎ the liver (জলপা ৭ দার্জিলি ৩ পদিনা ৬, ১২ মুর্শিদা ২) ৩ হৃদয় heart (জলপা ৬) ৪ সাহস courage অর্ কোইল্‌জা খুব্ বেইর‍্যা গ্যাছে--ওর সাহস খুব বেড়ে গেছে (মুর্শিদা ২, ২৩) তু আ বা কলিজা

কোইল্‌ঠা koilṭʰa দ্র কোইরা[২] কোইল্‌ঠা চুল্--কটা চুল (পদিনা ১)

কোইল্‌পিয়ে যাওয়া koilpie jaŏa ক্রি কলঙ্ক ওঠা [পিতল বা কাঁসার পাত্রে টক-অম্বল ঢাললে একপ্রকার ধাতুমল বা কলঙ্ক ওঠে। স্বাস্থ্যের পক্ষে তা ক্ষতিকর। এজন্য পিতল-কাঁসার পাত্র ব্যতীত অপর যে-কোনো পাত্রে টক-অম্বল খাওয়া বিধেয়] to contract rust [sour-soup gets contaminated in brass bowls] (বীরভূ ৫)

কোইল্‌ল koillɔ ক্রি করল done (জলপা ৭)

কোইল্‌লা[১] koilla বি করলা a variety of kitchen vegetable having a bitter taste (কোচবি ৪ জলপা ৭, ৯ মালদা ৪, ৬, ৯) কোইল্‌লা খিপ্ তিতা--করলা খুব তেতো (কোচবি ৪)

কোইল্‌লা[২] koilla বিণ অহংকারী proud (নদীয়া ৩)

কোইল্‌লো koillo দ্র কোইল্‌লা[১] (মুর্শিদা ২৪)

কোইলা[১] koĭla বি কয়লা coal (মেদিনী ৬, ১৪, ১৬, ১৯, ২২, ২৬) তু কইলা (দাস)

কোইলা[২] koĭla বিণ কালো black (বাঁকুড়া ১)

কোইলা[৩] koĭla দ্র কোইরা[২] (পদিনা ৪)

কোইলারি koĭlari বি শালুক ফুলের ডাঁটা a stalk of the water-lily (মেদিনী ১৯, ২২, ২৬)

কোইলি **koïli** বি খুসকি dandruff (পদিনা ২)

কোইলে **koïle** বি গরুর গাড়ির অংশ বিশেষ [গরুর গাড়ির মূল কাঠামোর পিছনদিকে বাঁশের এই খণ্ডটি আড়াআড়ি বাঁধা থাকে] a part of bullock-cart (বর্ধমা ১৫)

কোইলে কাঁটা **koïle kãṭa** কই মাছ ধরার বঁড়শি a fish-hook to catch the walking fish (চব্বিশ ৮)

কোইলে যাওয়া **koïle jaõa** ক্রি অঙ্কুরিত হওয়া to germinate ভিজে ছোলা কোইলে গ্যাচে—ভিজে ছোলা অঙ্কুরিত হয়ে গেছে (হুগলি ১৫)

কোইলে বাচুর **koïle baçur** বি নবজাত বাছুর [অল্প কয়েকদিন বয়সের বাছুর] the calf of a few days (চব্বিশ ১৪ নদীয়া ১৩ বর্ধমা ১২ হাওড়া ৬ হুগলি ৯)

কোইল্যা **koïlæ** বি গরুর রোগ বিশেষ [এই রোগে গরুর জিভ মোটা হয়ে যায়, খেতে পারে না। এই রোগ মারাত্মক নয়, তবে ব্যাপকভাবে হয়] a kind of cattle-disease (মেদিনী ২৫)

কোইশ্‌টো **koiʃṭo** বিণ কষা স্বাদযুক্ত, কষাটে slightly astringent (চব্বিশ ২১ মুর্শিদা ১৮) তু আ বা কষাটিয়া, কষাটে

কোইশ্‌ড়া **koiʃṭa** দ্র কোইশ্‌টো আঁজিট্‌টা কোইশ্‌ড়া—পেয়ারাটা কষাটে (বাঁকুড়া ৩)

কোইশ্যা **koiʃæ** দ্র কোইশ্‌টো (মুর্শিদা ১৭)

কোইস্‌লে কাচা **koisle kaca** ক্রি কচ্‌লে কাচা to wash by rubbing (পদিনা ৫)

কোইস্‌সা **koissa** বিণ কষা, আঁট tight সাট্‌টা কোইস্‌সা হোইয়ে গ্যাছে—জামাটা আঁট হয়ে গেছে (মালদা ১১)

কোইসি **koïsi** বি কলসি pitcher (মেদিনী ১৯, ২২, ২৬)

কোইসে **koïse** বিণ খুব very much, too much কোইসে রগায় গ্যাছে—খুব রোগা হয়ে গেছে (বাঁকুড়া ৫)

কোউ[1] **koü** সর্ব কেউ somebody (চব্বিশ ৮ মেদিনী ৭, ২৭, ৩৩) কোউ গ্যারামে থাকে কোউ যায়—কেউ গ্রামে থাকে কেউ যায় (চব্বিশ ৮)

কোউ[2] **koü** ক্রি বলুক let (someone) speak (মেদিনী ১৫ ১৯, ২২, ২৬) ও যা কআর্ কোউ, পরে আমি কোইব—ও যা বলার বলুক্ পরে আমি বলব (মেদিনী ১৯) তু কহক্ (—বলুক)

কোউ[3] **koü** বি কই মাছ the walking fish (মেদিনী ৩১)

কোউও **koüo** বি কাক the crow (বর্ধমা ২ বীরভূ ১৩)

কোউকানা **koükana** বি নখকুনি the whitlow (মেদিনী ২)

কোউ কোউ **koü koü** সর্ব কেউ কেউ somebody (মেদিনী ৩) দ্র কোউ[1]

কোঁউট্‌রু **kõuṭru** ক্রি বিণ কোথা থেকে from where কোঁউট্‌রু আইলু—কোথা থেকে এলি (মেদিনী ৮)



কোউ ডাং খ্যালা

কোউটি **koütti** বি ওজন মাপার পরিমাণ a measure of weight [সাধারণত ধান-চাল মাপার ক্ষেত্রে ব্যবহার হয় এই হিসাব। ৬মণ = ১ বিশ্, ১৬ বিশ্ = ১ পৌটি, ১৬ পৌটি = ১ কোউটি] (জলপা ৩)

কোউটু **koütu** বি কৌটা small container with a lid (মুর্শিদা ১৪)

কোউটুকু **koütuku** বিণ কতটুকু how much কোউটুকু দুব কেহিয়া দও—কতটুকু দেব বলে দাও (মেদিনী ২৬)

কোউঠু **koüṭʰu** ক্রি বলছে is speaking (মেদিনী ১৫, ১৯, ২২, ২৬) তুই তখনু কি কোউঠু ক'ত—তুই তখন থেকে কি বলছিস বল্ তো (মেদিনী ১৯) তুই মিথ্যা কথা কোউঠু—তুই মিথ্যা কথা বলছিস (মেদিনী ২০)

কোঁউঠু **kõüṭʰu** ক্রি বিণ কোথা থেকে where from তুমর্ কোঁউঠু আসিচ—তোমরা কোথা থেকে এসেছ (মেদিনী ৮) < কোন ঠাঁই

কোউ ডাং খ্যালা **koü dɑŋ kʰæla** বি ডাং-কড়ে (ডাং গুলি) খেলা নামে এক প্রকার প্রাঙ্গণের গ্রামীণ খেলা [গ্রামের প্রতিযোগী খেলোয়াড়রা দুইদলে বিভক্ত হয়ে এটি খেলে। প্রথমে একদল ডাং নেয়, অপর দল ডাং ব্যবহারকারীদের 'কড়ে' বা 'গুলি'টিকে ধরার জন্য মাঠে ছড়িয়ে থাকে। ডাং হলো প্রায় এক হাত লম্বা ছোট লাঠির মতো। আর 'কড়ে' হলো ঐ ডাং-এর অর্ধেক লম্বা ও অর্ধেক সরু। সাধারণত এই ডাং এবং কড়ে বাবলা গাছের ডাল থেকে তৈরি হয়। যে দল প্রথমে দান পায় তাদের একজন নির্দিষ্ট স্থানে এসে খেলা শুরু করে—অনেকটা ক্রিকেট খেলার মতো। নির্দিষ্ট স্থানে একটা আয়তাকার ঘর কাটা হয়। ঘরটির মাপ হয় ডাং-এর মতো লম্বা এবং 'কড়ে'-র মতো চওড়া। মাঠের একপ্রান্তে এই ঘর কাটা হয়। এখানেই দাঁড়িয়ে দানপক্ষের একজন এসে খেলা শুরু করে। দানপক্ষের অপর খেলোয়াড়েরা মাঠের বাইরে একান্তে বসে থাকে। বিপক্ষের খেলোয়াড়েরা সবাই মাঠে ছড়িয়ে থাকে—ক্রিকেট খেলার ফিল্ডিং করার মতো। দানপক্ষের একজন খেলোয়াড় ডাং হাতে নেয় এবং কড়েটিকে মেরে দূরে পাঠায়। কড়েটি মাটিতে পড়ার আগেই যদি বিপক্ষের



কোওর্ তোলা

কোনো খেলোয়াড় শূন্যেই কড়েটি লুফে নেয় তবে দানপক্ষের খেলোয়াড়টি 'মোর' হয়। দানপক্ষের অপর একজন খেলোয়াড় এবার আসবে। একেবারে ক্রিকেট খেলার মতো। আর যদি কড়েটি লুফে নিতে না পারে তবে কড়েটি যেখানে গিয়ে পড়ল, সেখান থেকে কড়েটি ছুঁড়ে দিতে হবে ঐ নির্দিষ্ট ঘরে রাখা ডাংটিকে লক্ষ্য করে। দানপক্ষের খেলোয়াড়টি কড়েটিকে মেরে ডাংটি তার পায়ের কাছে নির্দিষ্ট ঘরের মাঝে শুইয়ে রাখে। বিপক্ষের যে-কোনো একজন খেলোয়াড় কড়েটিকে ছুঁড়ে মারে ডাংটিকে লক্ষ্য করে। যদি লেগে যায় তাহলে দানপক্ষের ঐ খেলোয়াড় 'মোর' হয়ে যাবে। আর যদি না লাগে তবে কড়েটি যেখানে গিয়ে পড়ল সেখানে ডাং-টি নিয়ে গিয়ে ঐ খেলোয়াড় কড়েটির একপ্রান্তে ঠক্কর দেয়--যাতে সেটি লাফিয়ে একটু উপরে ওঠে। ঐ ভাসমান অবস্থায় ডাং দিয়ে কড়েটিকে সজোরে মারে। এরপর যেখানে গিয়ে কড়ে পড়বে সেখান থেকে নির্দিষ্ট ঘর পর্যন্ত কত ডাং হলো তা মাপা হয়। যে-দল যত বেশি ডাং-দূরত্ব করতে পারবে সেই দল জয়ী হবে। এই ডাং দিয়ে দূরত্ব মাপার একটা পদ্ধতি আছে। যেমন ২০ ডাং হলে বলা হয় 'খিলি'। 'কোউ ডাং' খেলার আর একটা পদ্ধতি আছে। সেখানে ঐ আয়তাকার ঘর না থেকে কড়ের মাপের একটা গর্তে থাকে। ঐ গর্তে আড়াআড়ি কোড়েটিকে রেখে শূন্যে ডাং দিয়ে ছুঁড়ে দেওয়া হয়] a rural game of boys (চব্বিশ ৭, ৮ হাওড়া ১, ৮)

কোউড়্ kouɽ বি কড়ি a cowrie (মেদিনী ৮, ১৬, ২০) তু সাঁও কোড়া

কোউড়্ খ্যালা kouɽ kʰæla বি কড়ি খেলা [বিবাহ-অনুষ্ঠানের অন্যতম স্ত্রী-আচার। বিয়ের পরের দিন বর বৌকে নিয়ে নিজবাড়িতে ফিরে গেলে বরণ ইত্যাদি স্ত্রী-আচার হয়ে যাবার পর বর-কনে যখন বিশ্রাম নেয়, তখন বরের বোন-ভাই-বৌদিস্থানীয়রা পাঁচটি কড়ি এনে বর-কনেকে খেলতে দেয়। এই খেলায় বর-কনের মধ্যে আড়ষ্টভাব কাটিয়ে দেওয়াটাই উপলক্ষ হয়] a kind of cowrie game (মেদিনী ৮)

কোউড়িয়া মোল্লিক্ ফুল্ koŭɽia mollik pʰul বি বেলফুল a kind of flower (মেদিনী ২০) তু কুঁড়ি যুক্ত মল্লিকা ফুল

কোউতুক্ koŭtuk বি পায়রা the pigeon (চব্বিশ ৮) তু কবুতর

কোউতোর্ koŭtor দ্র কোউতুক্ (চব্বিশ ৩৭) দ্র কউতর, কৈতর (দাস)

কোউনি koŭni বি কনুই elbow (মালদা ৭ মেদিনী ১৪, ২৭, ২৮ হাওড়া ৮)

কোউনিঅলা koŭniɔla বিণ বাচাল talkative (মেদিনী ২৬)

কোউপ্টে koupte বি মাটির ছোট সরা a shallow earthen plate (মুর্শিদা ২২)

কোউব্রাজ্ koubraj বি গরুর চিকিৎসক cattle physician of Ayurvedic system (মেদিনী ৩৫) < কবিরাজ

কোউমাচ্ koŭmac দ্র কোউ[৩] (মেদিনী ১৬)

কোউয়া koŭa দ্র কোইও (পদিনা ১০ মালদা ১১)

কোউর্ kour দ্র কোউড়্ (মেদিনী ১৬)

কোউলা ঘর্ koŭla gʰɔr বি বৈঠকখানা a drawing room (বাঁকুড়া ১৩)

কোউলারি ঘাস্ koŭlari gʰas বি একপ্রকার জলজ লতা [এর পাতা অনেকটা কল্‌মি শাকের পাতার মতো। সাধারণত এগুলি গো-খাদ্য হিসাবে ব্যবহার হয়। a creeper grown in water used as fodder (বীরভূ ১)

কোও koo দ্র কোইও (বর্ধমা ৭)

কোওনি kooni দ্র কোইন্না[১] (হাওড়া ১)

কোওর্ তোলা koor tola ক্রি ঘূর্ণায়মান চাক থেকে কুমোরের দুই হাতে মাটি টেনে তোলা [মৃৎপাত্রের আকৃতি দেবার পূর্বে কুমোর চাকে চাপানো মাটির স্তূপকে জলসহ দুই হাতে টেনে একটু লম্বা করে তোলে। এটিকে বলা যায় আকৃতি দেবার প্রাক্-অবস্থা। এটাই হলো 'কোওর্'] to give shape to earthenwares by pressing the soll with hands by the potter on his wheel (পুরুলি ১৬)

কোংকিলা koŋkila বি কোকিল the cuckoo (জলপা ৭)

কোংগা গাচ্ koŋga gac বি একপ্রকার বনজ গাছ [অনেকটা আনারস গাছের মতো দেখতে। এর পাতা ১৫-২০ দিন যাবৎ পাঁকে পচিয়ে রেখে কাচতে হয়। তারপর এর আঁশগুলোকে শুকিয়ে হাতে পাক দিয়ে 'মেনালা' নামে একপ্রকার দড়ি তৈরি করে। এছাড়া 'চোখ-উঠা' অসুখে এই গাছের পাতায় তৈরি কাজল পরানো হয়। এতে অসুখ সারে] a kind of wild plant like the pineapple (বর্ধমা ১৯ বীরভূ ৮)

কোংঘি **koŋgʰi** বি চিরুনি a comb (পদিনা ৮) তু হি কাঙ্গী

কোংহোই **koŋhoĭ** দ্র কোংঘি (পদিনা ২)

কোঁক্[১] **kõk** বি কোমর the waist (বর্ধমা ৪ বীরভূ ২৭) কোল্‌সি কোঁকে লেই--কলসি কোমরে নিই (বীরভূ ২৭) < কক্ষ

কোঁক্[২] **kõk** বিণ গাছের ডগের নরম পাতা soft sprouting of leaves (মেদিনী ৩৪ হাওড়া ১) [আনারস গাছের ডগার নরম পাতা বেটে সকালবেলায় খালি পেটে খেলে পেটের কৃমি মারা যায়] (মেদিনী ৩৪) < কক্ষ

কোঁক্[৩] **kõk** বি কোঁড় [বাঁশ, বেত, কলাগাছ ইত্যাদির অঙ্কুর] a sprout (বর্ধমা ১২)

কোঁক্[৪] **kõk** বি উপর-পেটের দুইদিক two sides of the upper belly (বর্ধমা ৭) < সং কক্ষ

কোক্‌কে যাওয়া **kokke jaŏa** ক্রি ককিয়ে ওঠা to sob (চব্বিশ ৩৭)

কোক্‌খোরি **kokkʰori** বি কুমড়া the pumpkin (মেদিনী ৩১)

কোঁক্‌চা **kõkca** বিণ কোঁচকানো shrunk (পুরুলি ৯, ১৩ বর্ধমা ১০ মুর্শিদা ২২)

কোঁক্‌চি **kõkci** দ্র কোঁক্‌চা (মেদিনী ১৩)

কোক্‌টা[১] **koktɽa** ক্রি খামচানো to tweak with the nails of a hand হামাক্ কোক্‌টাই নিল্যে--আমাকে খামচে নিল (মালদা ৫)

কোক্‌টা[২] **koktɽa** বিণ কৃপণ close fisted (পদিনা ১১)

কোক্‌টিয়া **koktɽia** দ্র কোক্‌টা[১] (মালদা ৩)

কোক্‌ড়া[১] **koktɽa** ক্রি কুঁচকানো to contract one's eyebrows ভুড়ু কোক্‌ড়া কোল্লো--ভ্রূ কোঁচ্‌কালো (কোচবি ৪) < সং কর্করাল

কোক্‌ড়া[২] **koktɽa** বিণ কড়্‌কড়ে ; [জল না-ঢালা শুকনো বাসিভাত] cold and hard rice not glutinous (মালদা ৮)

কোক্‌ড়া[৩] **koktɽa** ক্রি হাত গুটিয়ে রাখা to fold hands (জলপা ১)

কোক্‌ড়া[৪] **koktɽa** বিণ হেলা slanting গাছ্‌টা কোকড়া হোইয়্যে আছ্যে--গাছটা হেলে আছে (মুর্শিদা ২২, ২৩)

কোঁক্‌ড়া[১] **kõktɽa** বিণ কুঁজো (কুব্জ) hunchbacked (মালদা ৪ মুর্শিদা ২২) মানুস্‌টো খুব্ কোঁক্‌ড়া হই গ্যাল--মানুষটা খুব কুঁজো হয়ে গেল (মালদা ৪)

কোঁক্‌ড়া[২] **kõktɽa** বিণ বাঁকা bent (মুর্শিদা ১৭, ২৩) ডারি কোঁক্‌ড়া হোইয়্যে গ্যাইচ্যে--শিরদাঁড়া বেঁকে গেছে (মুর্শিদা ২৩)

কোঁক্‌ড়া[৩] **kõktɽa** বি কাঁকড়া the crab (মালদা ৭)

কোক্‌তুর্[১]

কোঁক্‌ড়া-মোক্‌ড়া **kõktɽa-moktɽa** বিণ তোবড়ানো shrivelled (পদিনা ১০)

কোক্‌ড়া লাগা **koktɽa laga** ক্রি কুঁচকে যাওয়া to shrink কাপড়্ কোক্‌ড়া লাগ্‌সে--কাপড় কুঁচকে গেছে (কোচবি ৪)

কোঁক্‌ড়া সিং **kõktɽa siŋ** বি বাঁকা শিং curved horn (মালদা ৩)

কোক্‌তি **kokti** বি বগল the armpit (পদিনা ২) < কুক্ষি

কোক্‌তু **koktu** বি একপ্রকার সোনালি রঙের পাখি [এই পাখির আকৃতি ও ডাক পায়রার মতো। এর মাংস ও ডিম স্থানীয় মানুষ খায়] a kind of golden bird (মেদিনী ২৪)

কোক্‌তুর্[১] **koktur** বি ঘুঘুপাখি the dove (মেদিনী ৩৪)

কোক্‌তুর্[২] **koktur** বি পায়রা the pigeon (মেদিনী ১৫) তু কবুতর

কোক্‌তুল্ **koktul** দ্র কোক্‌তুর্[১] (চব্বিশ ১৯ মেদিনী ৬)

কোক্ দা **kok da** বি একপ্রকার লোহার তৈরি দা [গৃহস্থালির কাঠ, বাঁশ কাটার জন্য ব্যবহার করা হয়] a heavy knife with a haft (পদিনা ১৩)

কোক্‌না উঠা **kokna utʰa** ক্রি নখকুনি হওয়া to have whitlow (মেদিনী ২০)

কোঁক্ পাতা **kõk pata** দ্র কোঁক্[২] (হাওড়া ১)

কোঁক্‌রা **kõkra** বি ঠিক্‌রে a small earthen ball used as the bowl of hookah (মেদিনী ৩৫)

কোঁক্‌রা হওয়া **kõkra hɔŏa** ক্রি নত হওয়া to bow down কোঁক্‌রা হোইয়া সানায়--নিচু হয়ে ঢোকে (মালদা ১০)

কোক্‌রে দোয়া **kokre doa** ক্রি নেড়ে দেওয়া বা উস্কে দেওয়া [ঢেঁকির গড়ের মধ্যে ধান বা চাল মাঝে মাঝে নেড়ে দিতে হয়--যাতে উপরের গুলো নিচে এবং নিচের গুলো উপরে আসে] to draw up কোক্‌রে দোবা হবে--নেড়ে দিতে হবে (পদিনা ১১)

কোক্ শিম্ **kok ʃim** বি একপ্রকার শিম [এই শিম আকারে বড়, কলাগাছের ডগার পাতার মতো রং] a kind of kidney-bean (হাওড়া ৩)



কোঁক্ শিম্

কোঁক্ শিম্ kõk ʃim বি একপ্রকার জংলি গাছ [এর পাতা থেঁতো করে কপালে ঘষে দিলে মাথা ধরা রোগের উপশম হয়। কোথাও কোথাও প্রচলিত আছে যে এই গাছের পাতার রস গরম করে কানে ঢেলে দিলে কানের ব্যথার উপশম হয় (বর্ধমা ৮)] a kind of bushy-plants (হাওড়া ৬)

কোঁক্সেদ্দ kõkseddɔ বিণ দরকচা not evenly ripened or cooked কোঁক্সেদ্দ ব্যাগুন্ খাবা?--দরকচা বেগুন খাবে? (মুর্শিদা ১৬)

কোঁকর্ কোঁকর্ kõkɔr kõkɔr বি মোরগের ডাক cock-a-doodle (মেদিনী ১১)

কোকা[১] koka বি বোবা dumb (বর্ধমা ১৮ মেদিনী ৩৩) তু সাঁও কোংকা (Campbell)

কোকা[২] koka বি গরুর পেটের দিকের গর্ত অংশ a portion of belly of a cow (হুগলি ১) < কুক্ষি

কোঁকা[১] kõka বিণ ১ বোবা dumb (পুরুলি ৩, ৫, ১৩ বাঁকুড়া ৭, ১২, ১৮ মেদিনী ৫, ২৫, ২৯) ২ তোত্লা stammerer (মেদিনী ২১) ৩ হ্যাংলা repulsively greedy of food (মেদিনী ২৫) ৪ অবুঝ unreasonable--কোঁকা লোক্--অবুঝ লোক (পুরুলি ৩)

কোঁকা[২] kõka বি ব্যাঙের ডাক croak (মেদিনী ১১)

কোঁকাইং যাওয়া kõkaiŋ jaŏa ক্রি ককিয়ে ওঠা বা ককানো to scream in pain কেন্দে কেন্দে কোঁকাইং গ্যালো--কেঁদে কেঁদে ককিয়ে গেল (বর্ধমা ১৮)

কোঁকানো kõkano দ্র কোঁকাইং যাওয়া কাদের্ ছেলাটা এ্যাতো কোঁকাচ্চে--কাদের ছেলেটা এত কাঁদছে (হাওড়া ১, ৮)

কোঁকালি kõkali বি কাঁখ [কোমরের যে-অংশে কলসি বসিয়ে জল আনে] the waist (মেদিনী ৮)

কোকাসিমা kokasima দ্র কোঁক্ শিম্ (মেদিনী ১৫)

কোঁকি যাওয়া kõki jaŏa দ্র কোইল্পিয়ে যাওয়া পিতলের থাটা কোঁকি যাইছে, টক্ রাখার্ তরে বোধ্ হয়--পিতলের থালাটায় কলঙ্ক হয়েছে, টক রাখার জন্য বোধহয় (মেদিনী ১৯)

কোকিল্ চোকো kokil coko বিণ রক্তবর্ণ চক্ষু যার who have reddish eyes (হুগলি ৪)

কোকিল্ পেঁদা kokil pẽda বিণ যে আমের খোসার কিছু-অংশে গোলাকার কালো বা বাদামি দাগ থাকে [সাধারণত কিছু কাঁচা আমের গায়ে এই জাতীয় দাগ পাওয়া যায়। শিলাবৃষ্টি হলে অনেকে মনে করে শিল পড়ে আঘাত-প্রাপ্ত হলে এই জাতীয় দাগ হয়। যদিও এই সময় আমগাছে কোকিলের উৎপাত বেশি থাকে, তবে এই দাগ কোকিলের দ্বারা সৃষ্ট নয়। কিন্তু লোকবিশ্বাস যে, কোকিলের জন্যই এই দাগ হয়েছে। এই আম পাকে না, কাঁচা অবস্থাতেই তাই খেয়ে নিতে হয়] a spot on green-mango (বাঁকুড়া ১৩) দ্র কোখিল্ বাদাম্

কোকুই kokuĭ বি পায়ের হাজা a kind of foot-sore due to excessive use of water (পদিনা ১১)

কোঁকের্ পাতা kõker pata বিণ গাছের ডগার নরম পাতা [কলাগাছ, তালগাছ, নারকেল গাছ, খেজুর গাছের ডগায় যে পাতাটি সবেমাত্র বের হয়েছে এমন পাতাকেই বলা হয় 'কোঁকের্ পাতা'] (মেদিনী ২৭, ২৮ হাওড়া ১, ১০) newly sprouted soft leaf কোঁকের্ পাতা কাট্বি নি --ডগার কচি পাতা কাটবি না (হাওড়া ১)

কো কো ko ko সর্ব কেউ কেউ some people কো কো হয়ত যাওয়ার্ আগু কাটিয়া পড়্বে--কেউ কেউ হয়তো যাওয়ার আগেই সরে পড়বে (মেদিনী ২৬)

কোকোড়্ kokoɽ বিণ কোঁকড়ানো অবস্থা to huddle oneself up in cold কোকোড়্ হয়ে ক্যানে আছ--কেন কোঁকড়ানো হয়ে আছ (মালদা ৩)

কোঁকোড়্-সোঁকোড়্ kõkoɽ-sõkoɽ দ্র কোকোড়্ (মালদা ৫)

কোকোন্ kokon বি রেশমের পলু পোকার গুটি cocoon (মালদা ১ মুর্শিদা ১৭) [ইংরেজি cocoon শব্দ বাংলায় আঞ্চলিক ভিত্তিতে সম্পূর্ণভাবেই গৃহীত হয়েছে]

কোকো-পিয়ালা koko-piala বিণ মিশ্রিত (রঙের) [কিছু গরু থাকে যাদের গায়ের রঙ সাদা-কালো মিশ্রিত বা লাল-সাদা মিশ্রিত। এই জাতীয় মিশ্রিত রঙের গোরুকে বলা হয় কোকো-পিয়ালা গরু] mixed colour (নদীয়া ১০)

কোখ্রি kok^{h}ri বি কুমড়ো the pumpkin (মেদিনী ৩১) দ্র কোক্খোরি

কোখ্রু kok^{h}ru দ্র কোখ্রি (মেদিনী ৩০)

কোঁখা kõk^{h}a বি পাঁজর the ribs (মালদা ৯ মুর্শিদা ১৭)

কোখিল্ বাদাম্ kok^{h}il badam দ্র কোকিল্ পেঁদা (বীরভূ ১২) কোকিল < কোখিল (মহাপ্রাণতার ঝোঁক) বাদ + আম [এই আমের ঐ দাগ-অংশ খাওয়া হয় না, বাদ যায়]

কোখুনি kokʰuni ক্রি বিণ কখন when রাইত্ হই গ্যাল কোখুনি বা খাব কোখুনি বা ঘুমাব--রাত হয়ে গেল কখনই বা খাব কখনই বা ঘুমাব (মুর্শিদা ২) < কোন + ক্ষণ

কোঁখো kõkʰo দ্র কোঁকালি (বীরভূ ১)

কোঁখোই kõkʰoĭ দ্র কোংঘি (মেদিনী ৭)

কোঁগড়া সিং kõgɾɔ siŋ দ্র কোঁক্ড়া সিং (বাঁকুড়া ৮)

কোঘোরা kogʰorɔ বি বাসর ঘর a bride-chamber (দার্জিলি ৪)

কোঙালে koŋale দ্র কোইলে বাচুর্ (নদীয়া ৩)

কোঙোই koŋoĭ দ্র কোংঘি (পদিনা ২)

কোঁঙোড়্ kõŋoɾ দ্র কোঁক্[৩] (হুগলি ৬)

কোঙোলা koŋola বি কুলঙ্গি a small shelf in a wall (মুর্শিদা ২২)

কোচ্[১] koc বি কুমোরের চাক যে-গর্তের উপর বসানো থাকে [কুমোরের মৃৎপাত্র গড়ার জন্য একটি চাকা থাকে, সেটি 'চাক্' নামে কথিত। এই 'চাক্' বসানোর জন্য একটি প্রায় দুই ফুট গভীর গোলাকার গর্ত থাকে--গর্তটি ঐ চাকের থেকে বড় ব্যাসের হয়। গর্তের কেন্দ্রস্থলে একটি মাটির স্তূপ থাকে, এই স্তূপের কেন্দ্রস্থলে ছোট একটি পাথর থাকে। তার কেন্দ্রবিন্দুতে একটা গর্ত থাকে। এই গর্তকেই এখানে বলে 'কোচ্'। চাকার (চাকের) কেন্দ্রস্থলের নিচে একটা কাঠি থাকে--যা স্তূপের ঐ গর্তের (কোচের) মধ্যে ঢুকিয়ে দেয়। এবার চাকার কেন্দ্রস্থলে মাটি রেখে কুমোর চাকা ঘুরিয়ে মৃৎপাত্র তৈরি করে] a hole to fix wheel of a potter (বাঁকুড়া ১৮)

কোচ্[২] koc বি কাঁঠালের কোয়া a pod (দার্জিলি ৩)

কোচ্[৩] koc বি কচু an esculant edible root (মেদিনী ৭, ১০, ১১ হাওড়া ১, ৮)

কোচ্[৪] koc বি শাড়ির কুঁচি pleat কোচায়ে শাড়ি পরা--কুঁচি দিয়ে শাড়ি পরা (পদিনা ৬)

কোচ্[৫] koc বি একপ্রকার ধান [এই ধানের চাল মোটা এবং কালো রঙের। এই চাল নিকৃষ্টমানের] inferior quality rough rice (হাওড়া ৩)

কোচ্[৬] koc বি ১ মাছ মারার অস্ত্রবিশেষ [পাঁচ-ছয় হাত লম্বা একটি বাঁশের লাঠির মাথায় অনেকগুলি (পাঁচ থেকে কুড়ি) লোহার সূঁচালো শলা লাগানো থাকে। জলে ভেসে থাকা বড় মাছ শিকার করার জন্য এই অস্ত্রটি ছুঁড়ে মারা হয়] a kind of weapon to catch fish (চব্বিশ ২১, ৩৭) ২ কচ্ছপ ধরার জন্য অনুরূপ একটি অস্ত্র [তবে এখানে বাঁশের লাঠিটি তিন-চার হাত লম্বা হয় এবং লোহার শলা একটিমাত্র থাকে] a weapon to catch tortoise (চব্বিশ ১৪)

কোঁচ্[১] kõc দ্র কোচ্[৪] (দার্জিলি ৩ বর্ধমা ২, ১৮ মেদিনী ২৫ হুগলি ৫)

কোঁচ্[২] kõc বি নুড়িপাথর a pebble (বাঁকুড়া ৯)

কোঙোলা

কোঁচ্[৩] kõc বি কোঁচড় the lap of one's loin cloth (কোচবি ৩ নদীয়া ৪, ৯, ১১ মুর্শিদা ৯)

কোঁচ্[৪] (চুল্) kõc (cul) দ্র কুক্চা[২] (মেদিনী ১১)

কোচ্কচিয়া পাকি kockɔcia paki বি ছাতারে পাখি a type of chattering sparrow (মালদা ৩)

কোচ্কা (চুল্) kocka cul দ্র কুক্চা[২] (মুর্শিদা ১৬)

কোঁচ্ কাটা চুল্ kõc kaʈa cul দ্র কুক্চা[২] (বাঁকুড়া ১১)

কোঁচ্কা মেরে পরা kõcka mere pɔra দ্র কুঁচ্ দিয়ে পরা (হুগলি ৮)

কোচ্কি (রাস্তা) kocki (rasta) বিণ উঁচু-নিচু রাস্তা uneven road (মালদা ১১)

কোচ্কি লাগা kocki laga ক্রি হেঁচ্কা টানে ব্যথা লাগা to feel pain by a sudden pull (মালদা ২)

কোচ্চুলেং কাচা kocculeŋ kaca ক্রি কচ্লে কাচা [কাপড়] to squeeze clothes for washing (বীরভূ ১১)

কোচ্চোক্ koccok বি ১ ফেরিওয়ালা--যারা চুড়ি, সিঁদুর, আলতা বিক্রি করে a hawker who sells bangle, vermilion, lac-dye esp (জলপা ৬) ২ ভবঘুরে vagabond (কোচবি ৪)

কোচ্ছলি kocc^hɔli বি খুন্তি a cooking spud (মেদিনী ১৩)

কোচ্ছিম্ kocc^him বি কচ্ছপ the tortoise (মেদিনী ২৪, ২৭)

কোচ্ছোপ্ kocc^hop বি অশৌচ [মৃত্যুজনিত] mourning days (বর্ধমা ২)

কোচ্টিনা koctina দ্র কোচ্চুলেং কাচা (পুরুলি ১৩)

কোঁচ্ড়া[১] kõcɾɔ বি কোঁচড় the lap of one's loincloth (মুর্শিদা ৩) < ক্রোড়

কোঁচ্ড়া[২] kõcɾɔ বি মহুয়ার ফল বা বীজ [তরকারি হিসাবে এর শাঁস এবং তেল তৈরিতে এর বীজ ব্যবহৃত হয়] fruit or seed of the mahua [a kind of butter-tree] *Grophilia salicifolia* (বীরভূ ১৪)

কোঁচ্ড়া[৩] kõcɾɔ দ্র কুক্চা[১] (নদীয়া ৬)

কোচা[৪]

কোচ্‌ড়া-কোচ্‌ড়ি **kocɽa-kocɽi** বি ঝগড়া-ঝাঁটি quarrels (চব্বিশ ৩৭)

কোঁচ্‌ড়ি **kõcɽi** বিণ কচি (আম) early stage of green mango (পুরুলি ৭)

কোঁচ্‌ড়্যাঁ **kõcɽæ̃** দ্র কোঁচ্‌ড়া[২] (মেদিনী ১৩)

কোচ্‌তা **kocta** বি খড়, উলুখড়, বেনাঘাস প্রভৃতি দিয়ে তৈরি ঝাঁটা a broom made by reedy grass, hay or dry straw etc. (চব্বিশ ২৩)

কোচ্‌ দিয়ে পরা **koc die pɔra** দ্র কুঁচ্‌ দিয়ে পরা (হুগলি ১২)

কোঁচ্‌ পাথ্‌রি **kõc pat^{h}ri** বি কুমোরের চাকের ছোট পাথর [কুমোরের চাক একটি ছোট পাথরের উপর উঁচু করে বসানো থাকে। পাথরের মাঝখানে ছোট একটি গর্ত থাকে। ঐ গর্তে ছোট একটি কাঠি দিয়ে চাকটি স্থাপন করা হয়। বিশদ বিবরণের জন্য 'কোচ্‌'[১] দেখুন] a stone of potter to fix wheel (মেদিনী ২৯)

কোচ্‌ পাথর্‌ **koc pat^{h}ɔr** দ্র কোঁচ্‌ পাথ্‌রি (মেদিনী ২৯)

কোচ্‌ পাথারি **koc pat^{h}ari** দ্র কোঁচ্‌ পাথ্‌রি (মেদিনী ২৯)

কোচ্‌ বক্‌ **koc bɔk** দ্র কানা বক (হাওড়া ১০)

কোঁচ্‌ বগলি **kõc bɔgli** দ্র কানা বক (পুরুলি ৮)

কোচ্‌বোজিয়া **kocbojia** দ্র কোচ্‌কচিয়া পাকি (মালদা ১১)

কোচ্‌রা **kocra** দ্র কোঁচ্‌ড়া[২] (বাঁকুড়া ৭)

কোচ্‌রি[১] **kocri** বি মাটির ছোট গামলা--যাতে কামারশালে জল রাখা হয় an earthen basin of blacksmith (পুরুলি ৫)

কোচ্‌রি[২] **kocri** বিণ টুকরো বা কুচো [এই শব্দটি কুমোরের কাজের সঙ্গে সম্পৃক্ত। কুমোরের চাকের গর্তে ও জলের গামলার পাশে কিছু কুচো মাটি পড়ে থাকে। সেগুলিকে বলা হয় 'কোচ্‌রি মাটি'] a little soil of potter (পুরুলি ৩, ৬, ৮, ১৩ বাঁকুড়া ৭)

কোঁচ্‌রি **kõcri** বি মণিবন্ধ the wrist (চব্বিশ ১৯)

কোচ্‌রি খোলা **kocri k^{h}ola** বি মাটির ছোট গামলা--যাতে কাজের সময় কুমোর হাত ধোয়, কাজের প্রয়োজনে জল নেয় an earthen basin of potter (বাঁকুড়া ৭) তু কোচ্‌রি[১]

কোচ্‌লা **kocla** বি সাপের খোলস fell of a snake (মালদা ৭, ৯)

কোচ্‌লোত্‌ **koclot** বি বন-হলুদ a kind of turmaric of indigenous growth (জলপা ৭)

কোচল্‌ মাচ্‌ **kocɔl mac** বি লেটা মাছ, ল্যাঠা মাছ a kind of fish ; *Ophiocephalus barea* (বর্ধমা ২০)

কোচা[১] **koca** দ্র কোঁচ্‌ড়া[১] (পদিনা ৫)

কোচা[২] **koca** বি বড় পানা a kind of water-wort (পদিনা ১৪) ~ পোনা **koca pona** বি চারাপোনা [চার-ছয় ইঞ্চি লম্বা যে চারাপোনা পুকুরে ছাড়া হয় সেগুলিকে মাছ-ব্যবসায়ীরা 'কোচা পোনা' বলে] young fish (বাঁকুড়া ৯)

কোচা[৩] **koca** বি কেঁচো the earthworm (বীরভূ ৯)

কোচা[৪] **koca** বি বেতের তৈরি একপ্রকার ঝুড়ি বা ধামা [ধান মাপার জন্য ব্যবহৃত হয়। বিভিন্ন আকারের হয়--তিন কেজি, পাঁচ কেজি, দশ কেজি] a hemispherical rattan-basket (মেদিনী ১৪, ১৭)

কোচা[৫] **koca** বি মাছ মারার একপ্রকার সরঞ্জাম [একটা তিন-চার হাত লম্বা লাঠির মতো বাঁশ নেয়। তার এক প্রান্তে কয়েকটি সরু সরু ফালি করে নিয়ে প্রত্যেক ফালির মাথায় লোহার শিক বেঁধে দেয়। শিকের সব মাথা সূচালো হয়। এই অস্ত্র ছুঁড়ে মাছ মারে] a kind of weapon for fish hunting (কোচবি ৩, পদিনা ১, ৭)

কোচা[৬] **koca** ক্রি কুঁদা [গাছ কতটা পাকা তা দেখার জন্য খোদাই করা। সাধারণত মাটির বাড়ির কাঠামো করার জন্য পাকা তালগাছ, খেজুর গাছ ব্যবহার করে। এই গাছ কী পরিমাণে পাকা তা দেখার জন্য ছেনি-হাতুড়ি দিয়ে কুঁদে দেখে] to delve into the body of palm trees with sharp knives to test its solidity (বাঁকুড়া ৬, ১০) < খোঁচা

কোঁচা[১] **kõca** দ্র কোঁচ্‌ড়া[১] (পদিনা ৫) ২ কোচ্‌[৪] (বর্ধমা ১০)

কোঁচা[২] **kõca** বিণ অপ্রশস্ত, সরু narrow জায়গাটা কোঁচা লাগে--জায়গাটা কম লাগছে। কোঁচা রাস্তা--সরু রাস্তা (বাঁকুড়া ১৫)

কোঁচা (ঘর্‌) **kõca (g^{h}ɔr)** বিণ কাঁচা (বাড়ি) mud-built house (মেদিনী ৩৫)

কোচা দুয়ার্‌ **koca duar** বি খিড়কির দরজা a back-door (পুরুলি ৫) তু সাঁও কোচা (Campbell)

কোচান্‌ **kocan** বি একপ্রকার পাট [এই পাটগাছ খুব লম্বা হয়, রং সাদা। উন্নতমানের পাট। এর পাতা শুকিয়ে ঘরে রাখে। পরে সেগুলি ভেজে বা জলে ভিজিয়ে খায়। এই পাটপাতা পেটের পক্ষে উপকারী] a kind of jute-plant (পদিনা ১২)

কোঁচানি (চুল্) **kõcani (cul)** দ্র কুক্চা[২] (চব্বিশ ১৪)

কোচানো **kocano** ক্রি গজানো to grow পাতা কোচায়--পাতা গজায় (মেদিনী ২৫)

(কোঁচার) টেপ্ **(kõcar) ʈep** বি কোঁচার প্রান্ত (বা খুঁট) the end portion of loincloth (হুগলি ১৫)

কোঁচালা **kõcala** ক্রি কচলানো to squeeze (বাঁকুড়া ১১, ১২ মেদিনী ১১) কাপড় কোচাইলে রাখ--কাপড় শুধু জলে কচলে রাখ (বাঁকুড়া ১২) তু সাঁও কচলাও (Cambell)

কোচি[১] **koci** বিণ কচি, শিশু little very young etc. (চব্বিশ ২৭, ৩৭ মেদিনী ৩৪, হুগলি ৬, ৯) ~ বাঁশ ~ বাটি ~ ছেলে (চব্বিশ ৩৭)

কোচি[২] **koci** বি কাস্তের দাঁত [কাস্তের ধার অংশ--যেখান দিয়ে কাটা হয়] edge of a sickle (পুরুলি ১৫)

কোচি[৩] **koci** বি গজাল a peg (নদীয়া ৯)

কোচি[৪] **koci** বি কয়লার শক্ত টুকরো piece of hard coal (জলপা ৭)

কোচি[৫] **koci** বিণ সতেজ vivacious, strong (চব্বিশ ৪)

কোঁচি **kõci** দ্র কোচি[১] ~ মাছ (বাঁকুড়া ৪)

কোচিআ[১] **kocia** বিণ ছোট small, little (চব্বিশ ১৭ মেদিনী ৬, ৭, ২৭, ২৮) জামাটা খুম্ কোচিয়া হোইছে--জামাটা খুব ছোট হয়েছে (মেদিনী ২৮) কোচিইয়া (সম্বোধনে), কাই গেছলু--কচিরে, কোথায় গিয়েছিলি (মেদিনী ২৭)

কোচিআ[২] **kocia** বি কাস্তে a scythe (মালদা ৫, ১১)

কোচু আলু **kocu alu** বি কচুর মুখী [কচুর অঙ্কুর বা আল বা গেরো। মূল কচুর গায়ে অঙ্কুরোদ্গম হয়। যেগুলো থেকে অঙ্কুরোদ্গম হয় সেগুলো মূল কচুর গায়ে গুটি গুটি থাকে। এইগুলোই 'কোচু আলু'] a sprout of an esculant edible root (পদিনা ২) [কচু সহযোগে উচ্চারিত শব্দসমূহ পরে আছে]

কোচু ঘেঁচু **kocu gʰẽcu** বিণ হাবিজাবি, অখাদ্য-কুখাদ্য not fit to be eaten কোচু-ঘেঁচু খেয়ে মুক্টা বোদা হোয়ে গ্যালো--হাবিজাবি খেয়ে মুখটা খারাপ হয়ে গেল (বর্ধমা ১০)

কোচুটা **kocuʈa** ক্রি চট্কানো, কচ্লানো to knead, to squeeze [বর্ধমা ২, ১৮ হাওড়া ১, ৮) অ্যাখুনো আলুভাতে কোচুটা হয় নে--এখনও আলুভাতে চট্কানো হয় নি (হাওড়া ১) কাপোড়্টা কোচুটে দে--কাপড়টা কচ্লে দে (বর্ধমা ২)

কোচুটানো **kecuʈano** ক্রি রগড়ানো to rub চোক্ কোচুট্চে--চোখ রগড়াচ্ছে (বর্ধমা ২০)

কোচুটি[১] **kocuʈi** বি কব্জি, মণিবন্ধ the wrist (মেদিনী ২)

কোচুটি[২] **kocuʈi** বি লবডঙ্কা a mare's nest [কিছু না দেবার ভঙ্গি বা কলা দেখানো--বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো] কোচুটি দিব--লবডঙ্কা দেব (বাঁকুড়া ৫)

কোচুড়ি

কোচুড়ি **kocuɽi** বি মরাই [ধানের] a corn-bin (বর্ধমা ৮)

কোচুড়ি ফুল্ **kocuɽi pʰul** বি নয়নতারা ফুল a kind of flower (মুর্শিদা ২২)

কোচুনি **kocuni** বি গালিগালাজ বিশেষ [সাধারণত এটি মহিলার প্রতি মহিলা কর্তৃক প্রদত্ত হয়] abuse usually used by women (কোচবি ৩)

কোচুপাতার্ শ্যাকা **kocupatar ʃæka** বি কচুপাতার শাক দিয়ে তৈরি একপ্রকার রান্না [কচুগাছের কচিপাতা ছোট ছোট করে কেটে নিয়ে পরিমাণ মতো 'শ্যাকার জল' নুন ও লঙ্কা দেওয়া হয়। প্রায় শুকনো অবস্থায় নামাতে হয়। শ্যাকা হলো কলাগাছ থেকে বিশেষ প্রক্রিয়ায় তৈরি ক্ষার। খাদ্য ও ঔষধ হিসাবে এটি ব্যবহৃত হয়। সাধারণত বিচি কলাগাছের--অন্যান্য কলাগাছেরও ব্যবহার হয়, তবে কম। মূলকে কুচিকুচি করে কেটে ভাল করে রোদে শুকোতে হয়। তারপর ঐ শুকনো কুচিগুলোকে পোড়ানো হয়। পোড়ানো ছাইয়ের পিণ্ডটি নিয়ে গুঁড়ো করে ছাঁকনিতে ছেঁকে পরিমাণ মতো জল দিতে হয়। এতে যে লাল জল--কষ-বের হয় তাকে বলে 'শ্যাকা' বা 'শাকার পিঠানি'। এটা তরকারিতেও দেয় আবার সর্দিকাশিতে ওষুধ হিসাবেও ব্যবহৃত হয়। 'শ্যাকার পিঠানি' দিয়ে কাপড় ধোয়া, মাথা ঘষা, রান্না সবই হয়। বিচিকলার খোসা দিয়েও একই প্রক্রিয়ায় 'শ্যাকা' প্রস্তুত হয়] a kind of recipe with *Colocasis antiquarum* leaves (দার্জিলি ৪)

কোচুর্ ডাণ্ডি **kocur ɖandi** বি কচুশাক an edible spinach of *Colocasis antiquarum* (দার্জিলি ২)

কোচুর্ ফুতি **kocur pʰuti** বি কচুর মুখী a sprout of *Colocasis antiquarum* (দার্জিলি ৪)

কোচুর্ বোই **kocur boĭ** বি কচুর লতি the creeper of *Colocasis antiquarum* (দার্জিলি ৪)

কোচুর্ মুড়া **kocur muɽa** বি কচুগাছের প্রধান মূল the top root of the creeper of *Colocasis antiquarum* (দার্জিলি ৪)

কোচুর্ লাল্ **kocur lal** দ্র কোচুর্ বোই (পদিনা ১০)

কোচুর্ লালা **kocur lala** দ্র কোচুর্ বোই (দার্জিলি ৪)

কোঁজ্

কোচুর্ ল্যালো kocur lælo দ্র কোচুর্ বোই (দার্জিলি ৪)

কোচুল্ kocul বি চামচ বা হাতা a spoon (মুর্শিদা ২০)

কোচুল্ (মাচ্) kocul (mac) বি লেঠা বা ল্যাঠা মাছ a kind of fish (বর্ধমা ২০) দ্র কোচল্ মাচ্

কোচুলা kocula দ্র কোচুটা (বর্ধমা ৫ মেদিনী ৭)

কোচো koco বি ছোটবস্তা a sack (বীরভূ ১১)

কোচোটে kocoṭe দ্র কোচুটা কলাইটা কোচোটে দে--কলাইটা চটকিয়ে দে (বীরভূ ৩)

কোঁচোর্ kõcor দ্র কোঁচ্ড়া[১] (বর্ধমা ১০, ২০ বীরভূ ১)

কোঁচোল্ kõcol দ্র কোঁচ্ড়া[১] (বর্ধমা ৬, ৭, ১৪, ২২ মুর্শিদা ১৬)

কোচোলে কাচা kocole kaca দ্র কোচুটা (পদিনা ১১)

কোচ্যা kocɛ দ্র কোচো (বীরভূ ৪)

কোছ্ koc^h বি পাটকাঠির গায়ে লেগে থাকা সামান্য পাট [পাটগাছ জলে পচিয়ে কাঠি ও আঁশ (পাট) পৃথক করে নেবার পরও কিছু কিছু কাঠিতে আঁশের অবশিষ্ট অংশ ছিঁড়ে গিয়ে লেগে থাকে। সেগুলি আবার পরবর্তীকালে পাটকাঠিগুলি পরিষ্কার করার সময় ছাড়িয়ে নেওয়া হয়। এই ছেঁড়া আঁশের বিশেষ মূল্য নেই] remainder of rotton jute sticking to the stalk after it is shreded (পদিনা ৪)

কোছ্লা koc^hla দ্র কোঁচ্ড়া[১] (পদিনা ১০)

কোঁছড়্ kõc^hɔr দ্র কোঁচ্ড়া[১] (মেদিনী ১৭)

কোছা koc^ha ১ দ্র কোঁচ্ড়া[১] (জলপা ৭ পদিনা ৯, ১৫ মালদা ১ মুর্শিদা ২২) ২ দ্র কোঁইচ্ (চব্বিশ ২১ মেদিনী ২৫)

কোঁছা kõc^ha ১ দ্র কোঁচ্ড়া[১] (বীরভূ ৯ মুর্শিদা ১০, ২২) ২ দ্র কোঁইচ্ (মেদিনী ৩, ৭, ১১)

কোছি koc^hi ক্রি করছি am doing আমটা খাজা কোছি--আমটা (নুন, লঙ্কা-মরিচ প্রভৃতি মশলা দিয়ে) থেঁতো করছি (মুর্শিদা ২) [মূল ক্রিয়াপদ যদিও 'করা', কিন্তু বাক্যে ব্যবহারের সময় একটি বর্ণের লোপ ঘটেছে। তুলনীয় আদর্শ বাংলায় উচ্চারিত হয় 'কোচ্ছি' < 'করছি']

কোছিত্ koc^hit ক্রি করছিস্ are doing রাগে ফুদুর্ ফুদুর্ কোছিত্--রাগে বিড়্বিড়্ করছিস্ (মুর্শিদা ২)

কোছুয়া koc^hua বি অশৌচ mourning period (মালদা ৪)

কোছোড়্ koc^hor দ্র কোঁচ্ড়া[১] (চব্বিশ ৪)

কোছোল্ koc^hol দ্র কোঁচ্ড়া[১] (মুর্শিদা ১৪)

কোঁজ্ kõj বি টেড়ি a parting of hair কোঁজ্ দেওয়া--টেড়ি কাটা (হুগলি ৫)

কোজ্জি kojji বি মেটে the liver [of a goat, sheep etc.] (মেদিনী ২৫) < কলিজা

কোজ্ড়া kojra বি পেটে বর্ধিত অতিরিক্ত মাংস unwanted growth of flesh in the belly (চব্বিশ ১৫)

কোজ্লা kojla দ্র কোজ্ড়া (চব্বিশ ১৫)

কোজি koji বি কর্মী worker (মেদিনী ১৯) তু কেজো

কোঁজোর্ kõjor দ্র কোঁচ্ড়া[১] (বর্ধমা ২০)

কোট্[১] kot বি ঘুসি a fisticuff গটায়ে কোট্ দিমু যে চালি যাবু--এমন একটা ঘুসি দেব যে পালিয়ে যাবে (মেদিনী ৮)

কোট্[২] kot বিণ একগুঁয়ে obstinate (মেদিনী ৩৫)

কোট্[৩] kot বি কোনো ঘেরা বা সংরক্ষিত স্থান a protected place (দার্জিলি ২)

কোট্[৪] kot বি রাগ anger কোট্ কোরে বোসে আছে--রাগ করে বসে আছে (নদীয়া ৬০) কোট্ করিয়া রইলে আমি কি কর্তে পারি--রাগ করে থাকলে আমি কি করতে পারি (মেদিনী ২৬) < সং ক্রোধ

কোট্ কব্লা kot kɔbla বি জমি বন্ধকীকরণ martgage of a land (চব্বিশ ২০)

কোট্কাঠি kotkat^hi দ্র কেথাকাঁটা (বর্ধমা ৮)

কোট্কি[১] kotki বি কাঁসার একপ্রকার থালা [প্রায় এক ইঞ্চি উঁচু কানা বিশিষ্ট এই থালাগুলিকেই 'কোট্কি' বলা হয়। বিভিন্ন রকমের কাঁসার পাত্রের বিভিন্ন নাম] a plate of bell-metal (বাঁকুড়া ৭)

কোট্কি[২] kotki বি একপ্রকার ধান [এই ধান অগ্রহায়ণ-পৌষ মাসে পাকে] a variety of paddy (মেদিনী ৭, ৩৩)

কোঁট্কু kõtku ক্রি বিণ কোথায় where তু কোঁট্কু জিবু--তুই কোথায় যাবি (মেদিনী ৮) < কোথা + কে

কোট্কোটা kotkota বি মুরগির ডাক crow, cluck, cackle মুর্গি কোট্কোটায়--মুরগি ডাকে (কোচবি ৪)

কোট্ক্যানা kotkæna বি শুচিবাই a hysterical mania for cleanliness and sanctity (মুর্শিদা ২২)

কোট্ খেলা kot k^hela বি একপ্রকার তাস খেলা [চারজনে খেলে, তবে প্রত্যেকেই পৃথক। প্রতি রঙের চারটি করে তাস থাকে। মোট তাসের সংখ্যা ১৬টি। চারজনে

কোনাকুনি বসে। ১৬টি তাস একত্রে রেখে মিশ্রণ করে দেয় একজন। এবার আর একজন চারটি করে তাস সবাইকে বণ্টন করে দেয়। প্রত্যেকে তার চারটি তাস নিয়ে দেখে কোন রঙে সে চারটি তাসই করতে চায়। এবার যে বণ্টন করেছিল তার পরের জন প্রথম একটি তাস তার ডানদিকে বসা খেলোয়াড়কে দিয়ে দেয়। দ্বিতীয়জন সেটা গ্রহণ করে এবং তার একটি তাস পরের জনকে দেয়। এইভাবে দিতে দিতে যার চারটি তাসই একরঙের হয় সে জেতে] a kind of card-game (মেদিনী ১৩)

কোট্‌টি kotti বি কানের ময়লা earwax (পদিনা ২)

কোট্‌ঠ্যা kottʰæ বিণ অতিরিক্ত ময়লা too much dirty (পদিনা ১৩)

কোট্‌না kotna বিণ কূটবুদ্ধিসম্পন্ন crooked (চব্বিশ ৮, ২০, ৩৩ বর্ধমা ১৬ হুগলি ১৯)

কোট্‌বোর্‌ kotbor বি নিতবর a groomsman (মেদিনী ১৫)

কোট্‌ মেরে বসা kot mere bɔsa ক্রি পা-মুড়ে বসা to sit folding the legs (মেদিনী ২৭)

কোট্‌রাই ব্যাঙ্‌ kotraĭ bæŋ বি কুনো ব্যাঙ a species of frog which seldom comes out of its hole (দার্জিলি ৩) < কোটর

কোট্‌রি kotri বিণ খুব ফর্সা (লোক) very fair-complexioned (man) (বাঁকুড়া ১২)

কোট্‌শো kotʃo বি আটশত [গরু কেনাবেচার সময় ব্যাপারিরা নিজেদের মধ্যে প্রচলিত একপ্রকার সাংকেতিক সংখ্যাবাচক শব্দ বলে থাকে। এটি সেই শব্দ] a term usually used by the cow-merchants to indicate the amount of eight hundred (হুগলি ১৯)

কোটা[১] kota বিণ কটা (রঙ) having a white complexion with a tinge of red (মেদিনী ১১, ১৭ হুগলি ৪) কোটাইন্‌ গেইচে—কটা (রঙ) হয়ে গেছে (বর্ধমা ১৫)

কোটা[২] kota বি দোতলা বাড়ি two-storied building (বর্ধমা ১৬)

কোটা[৩] kota ক্রি গুঁড়ো করা to powder বারুদ্‌ কোটা হয় —বারুদ্‌ গুঁড়ো করা হয় (বীরভূ ১৪)

কোটা[৪] kota বি পাত্রবিশেষ [ধান বা চাল রাখার জন্য বড় মাটির পাত্র। এটি আপাতদৃষ্টিতে দেখতে বড় জালার মতো। তবে জালার মতো এটি তৈরি নয়। প্রায় ছয় ইঞ্চি উচ্চতার মাটির বেড় তৈরি করে। প্রতি বেড়ের একটা খাঁজ থাকে। বেড়গুলি এমনভাবে তৈরি করে যাতে বেড়গুলি সাজানোর সময় ঐ খাঁজে খাঁজে লাগে। এর নিচের দিকে



কোটা[৭]

একটি গর্ত থাকে—যেখান দিয়ে ধান বা চাল বের করা হয়। দ্র অনা] a kind of mud-built vessel to keep paddy or rice (মালদা ৯)

কোটা[৫] kota বিণ ধান চাষের জমি an agricultural field of paddy (কোচবি ২)

কোটা[৬] kota বি চোখের কোণ the edge of an eye (কোচবি ২ জলপা ৬)

কোটা[৭] kota বি ১ খেজুর পাতার মাঝের ডাঁটি [পাতা চেঁচে নিয়ে এই ডাঁটিটিকে লাঠির মতো ব্যবহার করে ঢেঁকিতে ধান ভানার সময়। ঢেঁকির গড়ে এই লাঠির মতো ডাঁটি দিয়ে ধান ঠেলে দেওয়া হয়] the middle stem of the date-leaf (চব্বিশ ৩৩) ২ (ফল-ফুল পাড়ার) আঁকশি a pale with a hook fixed to its end (কোচবি ১)

কোঁটা kõta বি পেরেক a spike (মেদিনী ৮, ২১)

কোটাতি kotati বি যারা ঢেঁকিতে ধান কুটে জীবিকা নির্বাহ করে who earns his livelihood by husking paddy under a foot-driven molar ছিল কোটাতির্‌ ঝি / ঢেঁকি দেখে বলে এটা কি? [—ধান কুটে জীবিকা নির্বাহ করত এমন লোকের মেয়ে হঠাৎ যেভাবেই হোক ধনী হয়ে গেলে সে আর ঐ জীবিকা গ্রহণ তো করেই না, বরং এড়িয়ে যেতে চায়। তাই তার সম্পর্কে এই ছড়া] (মেদিনী ২৭)

কোটাপাড়া ঘর্‌ kotapara gʰɔr বি একতলা মাটির বাড়ি [এই মাটির বাড়ির দেওয়ালের উচ্চতা যেখানে শেষ হয়েছে সেখানে বাঁশ বা কাঠ বিছিয়ে দেওয়া হয়। তার উপর মাটির প্রলেপও দেওয়া হয়। এতে নিচের দিক থেকে দেখতে ছাদের তলের মতো লাগে। এছাড়া কিছু গৃহস্থালির সামগ্রী সেখানে তুলে রাখা হয়] one-storied mud-house (নদীয়া ২) তু কোটা < কোঠা—পাকাবাড়ি। পাড়া = মতো। ঘর = বাড়ি। কোটাপাড়া ঘর—পাকাবাড়ির মতো বাড়ি।

কোটাল্‌[১] kotal বি চৌকিদার a chowkidar, a village watchman (পুরুলি ৩)



কোটুক্ খ্যালা

কোটাল্[২] kotal বি জোয়ার [নদীর জলোচ্ছ্বাস। অমাবস্যা পূর্ণিমায় সমুদ্র-সংলগ্ন নদ-নদীতে যে জোয়ার হয় তাই কোটাল নামে পরিচিত] high tide (চব্বিশ ৮ হাওড়া ১, ৮, ১০) কোটাল্ জল্—জোয়ারের জল the flow of water of high tide (হাওড়া ১০)

কোটাশ্ kotaʃ বি খটাশ [বনবিড়ালের মতো দেখতে একপ্রকার হিংস্র জন্তু। ঝোপ-জঙ্গলে থাকে। হাঁস-মুরগি ও কবর খুঁড়ে মৃতের মাংস খায়। এর চোখ দুটো বড় ও খয়েরি, পায়ের থাবায় ধারালো নখ আছে] the polecat, the civet cat (হাওড়া ১, ৮) ~ চোখো kotaʃ cokʰo বিণ যে মানুষের চোখ খটাশের মতো বড় the man who has the eyes as big as a polecat (হাওড়া ১, ৮)

কোটি[১] koṭi বি গুটুম [একপ্রকার পাথরের টুকরো—গ্রামের মেয়েরা এগুলি দিয়ে নির্দিষ্ট পদ্ধতিতে খেলে] pebbles which are used in rural games of girls (বর্ধমা ১৬) র কোল্ কোল্ খ্যালা

কোটি[২] koṭi বি ১ মলদ্বার the anus (জলপা ৯ দার্জিলি ১, ৩, ৪ পদিনা ৪) ২ পাছা the hip (জলপা ৯) ৩ পিছন behind কোটিটি রোহো—পিছনে থাক (দার্জিলি ৩) ৪ ঢেঁকির যে-অংশে পা রেখে চাপ দেওয়া [পাড় দেওয়া] হয় [উল্লেখ্য, এটি ঢেঁকির পিছন দিক] the back portion of a husking pedal (দার্জিলি ৩)

কোটি[৩] koṭi বিণ খুব ফর্সা (মেয়ে) very fair complexioned (woman) (মেদিনী ৭) তু র কোট্‌রি

কোটি[৪] koṭi ক্রি বিণ কোথায় where কোটি থেকে এলি—কোথা থেকে এলি (মুর্শিদা ১০)

কোটিং koṭiŋ বি মাটির হাঁড়ি-কলসির ভাঙা টুকরো a potsherd (মুর্শিদা ১৬)

কোটি জিব্ koṭi jib বি আলজিব the uvula, the epiglottis (মেদিনী ২০)

কোটি-মা koṭi-ma বি খুড়শাশুড়ী an aunt-in-law (মেদিনী ২) তু আ বা খুড়ি-শাশুড়ী, খুড়িমা

কোটিয়া koṭia বিণ ছোট small কোটিয়া তাটিয়া—ছোট বাটি (মেদিনী ১৮) তু কোচিয়া > কোচি (ছোট)

কোটিয়া জিব্ koṭia jib র কোটি জিব (মেদিনী ১৮)

কোটিয়ে যাওয়া koṭie jaõa ক্রি কটা (লালচে) হয়ে যাওয়া to become brownish চুল্ কোটিয়ে গিয়েচে—চুল লালচে হয়ে গিয়েছে (বর্ধমা ২০)

কোটু[১] koṭu বি বহুমূত্র diabetes (বীরভূ ১০)

কোটু[২] koṭu বিণ অত্যধিক লবণাক্ত over-salted (পদিনা ১০) < কটু (স্বাদ)

কোটুক্ খ্যালা koṭuk kʰæla বি কিৎকিৎ খেলা [গ্রামের কিশোরী মেয়েরা এটি খেলে। দুই বা ততোধিক খেলোয়াড় ব্যক্তিগতভাবে এই খেলায় অংশগ্রহণ করে। উপকরণ হিসাবে থাকে মাটির হাঁড়ি-কলসি ভাঙার এক টুকরো—অনেকটা এক টাকার মুদ্রার মতো। আঙিনার যে-কোনো স্থানে দৈর্ঘ্যে প্রায় পাঁচ ফুট, প্রস্থে প্রায় তিন ফুট পরিধির মধ্যে ছবি অনুসারে ঘর কাটা হয়। এবার যে-কোনো একজন খেলোয়াড় প্রথম দান গ্রহণ করে। সে প্রথম ঘরে 'কোটুক্'টি (গুটি) ফেলে। তারপর কিৎ কিৎ শব্দে এক দমে এক পায়ে (অপর পা মুড়ে থাকবে) গুটিটি ঠেলতে ঠেলতে সব ঘরের উপর দিয়ে যাবে। যাবার সময় কোনো ঘরের দাগে পায়ের পাতার কোনো অংশ যেন না পড়ে এবং গুটিটিও যেন কোনো দাগে না পড়ে। পড়লে খেলোয়াড়টির সেবারের মতো দান চলে যায়। এক দমে এক পায়ে গুটিটি ঠেলতে ঠেলতে যাবার সময় ৪ ও ৬নং ঘরের দুইদিকে খেলোয়াড় দুই পা ফেলতে পাবে। তবে দম ফেলতে পারবে না। গুটিটি ঠেলতে ঠেলতে ৬নং ঘরের প্রান্তদাগ অতিক্রম করে বাইরে নিয়ে যাবে এবং সেখানে গিয়ে দমও ফেলবে। এবার ঐ প্রান্ত থেকে পুনরায় ৬নং ঘরে গুটিটি ফেলে দম সহযোগে পা দিয়ে ঠেলতে ঠেলতে ১নং ঘর অতিক্রম করবে। সফল হলে সে একটি ঘর কিনবে। সে যে-ঘর কিনতে চায় সেই ঘরে গুটিটি ফেলবে। এবার ১নং ঘরের বাইরে থেকে তাকে চোখ বন্ধ করে ঐ ঘরে যেতে হবে। যাবার সময় একজন প্রতিযোগী তার চোখ চেপে থাকবে এবং তার পা যেন কোনো দাগ স্পর্শ না করে। এইভাবে যে খেলোয়াড় যত বেশি ঘর কিনবে তার জয়। প্রতিযোগী খেলোয়াড়রা এই কেনা ঘরে পা দিতে পারবে না। তাদের ডিঙিয়ে যেতে হবে। আর যে ঘর কিনেছে সে ঐ ঘরে দুই পা ফেলতে পারবে এবং দমও ফেলতে পারবে] a kind of rural game of girls (নদীয়া ১)

কোটুয়া koṭua বি কৌটো a small container with a lid (পদিনা ৪, ৬, ১০)

কোটুয়া খ্যালা koṭua kʰæla বি বিবাহের স্ত্রী-আচার বিশেষ [বিয়ের পর বর-কনে সিঁদুর কৌটার ঢাকা হাতে চালাচালি করে। প্রত্যেকে পাঁচবার খেলে] a traditional rite performed at a wedding by the bride and bridegroom (পদিনা ১১)

কোটুরি টিকি koʈuri ʈiki বি কাপড়ের উপর বসানো ছোট ছোট প্লাস্টিকের টুকরো [যে-সব কাপড়ে জরির কাজ হয় সেই সব কাজের অঙ্গ হিসাবে এই গোলাকার ছোট টুকরোগুলো বসানো হয়। এগুলির উপরিভাগে একটি ছিদ্র থাকে, যার মধ্য দিয়ে সূঁচ ঢুকিয়ে সেলাই করে দেওয়া হয়। এগুলির অনেক রকম নাম হয়--'টিকি', 'শিবটিকি', 'সোনাটিকি', 'রুপোটিকি', 'জিকো', 'মিটালি' ইত্যাদি] the small pieces of plastic with a small hole in the middle which set with the cloth to embroidered it with the thread of gold or silver (হাওড়া ৬)

কোটে[১] koʈe ক্রি বিণ কোথায় where জিনিস্‌টা কোটে থুশিস্‌--জিনিসটা কোথায় রাখলি (কোচবি ২, ৬) কোটে যাস্‌--কোথায় যাস্‌ (জলপা ৭) দ্র কোটি[৪]

কোটে[২] koʈe বি চালের উপরের লাল আবরণ বা নিম্নমানের চালের উপরের কালো অংশ [ধান থেকে চাল বের হবার পর কখনো কখনো দেখা যায় কিছু চালের উপর লাল রঙের আবরণ ঈষৎ পরিমাণে থেকে যায়। আবার কিছু চালে দেখা যায় ঈষৎ পরিমাণে কালো দাগ। এগুলি নিম্নমানের চাল হিসাবেই গণ্য হয়] the reddish or blackish covering on the poor quality rice (চব্বিশ ৮ বর্ধমা ৯, ২৩)

কোটের্[১] koʈer দ্র কোট্[২] (মেদিনী ৩৫)

কোটের্[২] koʈer বিণ নধর মুরগি [এখনো ডিম দেয়নি] a young hen which has not yet laid eggs (পুরুলি ৫)

কোটেল্ koʈel দ্র কোটের্[২] (নদীয়া ১০)

কোটো koʈo দ্র কোটুয়া (চব্বিশ ১৫, ২৭, ৩১, ৩৩ বর্ধমা ৭, ২০, ২১, ২৩ হুগলি ১১)

কোটোই koʈoĭ বি কোটর a crevice (কোচবি ১)

কোটোর্ koʈor দ্র কোটের্[২] (পুরুলি ২)

কোটোরই ব্যাঙ koʈorɔĭ bæŋ বি কুনোব্যাঙ a species of frog which seldom comes out of its hole (জলপা ৪ দার্জিলি ৩)

কোট্যা koʈæ দ্র কোটো (বীরভূ ৪)

কোঁঠ্‌রু kõtʰru ক্রি বিণ কোথা থেকে from where তার্‌ম্যানে কোঠ্‌রু আইলান্‌--তাঁরা কোথা থেকে এলেন (মেদিনী ৮)

কোঠ্‌লে kotʰle বি কাঁঠাল a jackfruit (পদিনা ২)

কোঠা[১] kotʰɑ বি মাটির বাড়ির নকল ছাদ বিশেষ [মাটির দেওয়ালের উচ্চতা যেখানে শেষ হয়েছে তার উপর এবং কড়িকাঠের উপর কাঠ বা বাঁশ ঘন করে বিছিয়ে দেওয়া হয়। তার উপর কাদা-মাটির প্রলেপ দেওয়া হয়। এই নকল ছাদের নিচের দিকে কোনো মাটির প্রলেপ থাকে না। এর

কোঠা[৪]

এক কোণে প্রায় দুই ফুট লম্বা-চওড়া ফাঁক থাকে সেখান দিয়ে এই নকল ছাদের উপর ওঠে এবং গৃহস্থালির জিনিসপত্র রাখে। এই ছাদের দুই / তিন ফুট উঁচুতে থাকে ছাউনি-কাঠামো] a false ceiling of a mud built house (নদীয়া ৭ পদিনা ১০, ১১ পুরুলি ৪, ৯, ১৭ বর্ধমা ১৫ বাঁকুড়া ১৬ বীরভূ ১, ৪, ৮, ৯, ১৪, ১১, ১৭) ~ **পাটা kotʰɑ pɑʈɑ** দ্র কোঠা[১] (মালদা ৯)

কোঠা[২] kotʰɑ বিণ ঘন condensed ডাল্‌টা খুব্‌ কোঠা হোল্‌ছে--ডালটা খুব ঘন হয়েছে (বীরভূ ৯)

কোঠা[৩] kotʰɑ দ্র কোটা[৬] (পদিনা ১২)

কোঠা[৪] kotʰɑ বি আলনা বিশেষ [মাটির বাড়ির বারান্দায় বা ঘরের একপাশে একটি বাঁশ আড়াআড়িভাবে ঝুলিয়ে দেয়--কাপড়চোপড় রাখার জন্য। এটাই এদের কাছে আলনা] a hanging bamboo in the house used as a stand for clothes (মুর্শিদা ২৬)

কোঠা[৫] kotʰɑ বি ১ পাকাবাড়ি a building (চব্বিশ ২২ পুরুলি ৩ পদিনা ১৫ বাঁকুড়া ১৮) ২ বাড়ি a house [বাড়িকে 'ঘর' বলে এখানে] (মেদিনী ১৭, ২৮) ৩ মাটির দেওয়াল a mud-wall (পদিনা ১১, ১৩, ১৫) ~ ঘর্‌ **kotʰɑ gʰɔr** বি ভাণ্ডার ঘর a store-room (পুরুলি ১৩) ~ **পাড়া ঘর্‌ kotʰɑ pɑʈɑ gʰɔr** ~ দ্র কোঠা[১] (বীরভূ ১০, ১৪ মেদিনী ৩৪)

কোঠাল্ kotʰɑl দ্র কোঠ্‌লে (দার্জিলি ৩, ৪)

কোঠি kotʰi দ্র কোটা[৪] (পদিনা ১, ২ মালদা ৭, ৯)

কোঠিন্ kotʰin বিণ খুব, অত্যধিক, ভীষণ very much, too much (পদিনা ৬ বর্ধমা ১৫ বাঁকুড়া ১৩ মালদা ৬ মেদিনী ৩, ৯, ১১, ২৫, ২৯) এ্যালায় কাপোরের্‌ কোঠিন্‌ দাম্‌--এখন কাপড়ের চড়া দাম (পদিনা ৬) কোঠিন্‌ জিদে র্যা--খুব জেদী (বর্ধমা ১৫) কোঠিন্‌ রোদ্‌--চড়া রোদ (বাঁকুড়া ১৩) কোঠিন্‌ রাগ্‌--খুব রাগ (মালদা ৬) কোঠিন্‌ ঘুমিচে--গভীর নিদ্রামগ্ন (মেদিনী ৩) তুই কোঠিন্‌ কুড়্‌হিজাঁ র্যে, তকে দিয়ে কুন কাজ্‌ হব্যেক্‌ নাই--তুই ভীষণ অলস রে, তোকে দিয়ে কোনো কাজ হবে না (মেদিনী ৯) কোঠিন্‌ বুদ্ধি--খুব বুদ্ধি (মেদিনী ২৫)

কোড়[১]

কোঠির্ পিন্ kot^{h}ir pin দ্র কোটি[২] ১ (পদিনা ৯)

কোঠুয়া চাঠি kot^{h}ua cat^{h}i বি কাঠ পিঁপড়ে a variety of large and black ant living on trees (জলপা ৯)

কোঠুয়াল্ kot^{h}ual দ্র কোঠ্‌লে (পদিনা ৩)

কোঠে kot^{h}e ক্রি বিণ কোথায় where বাপৈ, কোঠে যাছিস্ --বাবা (পুত্র বা পুত্র-সমদের সম্বোধন), কোথায় যাচ্ছিস (জলপা ৭) ও বাহে, কোঠে জাস্‌সেন্--ও মশাই, কোথায় যাচ্ছেন (জলপা ৯) তোম্‌রা কোঠে থেকে আশ্‌লু--আপনি কোথা থেকে এলেন (কোচবি ১, ৩) ~ **চাল্ kot^{h}e cal** বি আকাঁড়া চাল not thoroughly husked rice (বীরভূ ৮)

কোঠে রূপ্‌সাল্ ধান্ kot^{h}e rupsal d^{h}an বি একপ্রকার আমন ধান [এই ধানের চাল সরু হয় এবং খৈ-মুড়ি ভাল হয়] a kind of autumnal rice (হাওড়া ৬)

কোঠোইত্ kot^{h}oĭt বি কুম্ভকারের একপ্রকার অর্ধগোলাকৃতি কাঠের সরঞ্জাম [গোলাকৃতি মৃৎপাত্র পিটিয়ে তৈরি করার জন্য এই সরঞ্জামের প্রয়োজন হয়। এই সরঞ্জামের গর্তে রেখে হাঁড়ি-কলসির তলা বসানো হয়] an instrument of a potter (পুরুলি ৮, ১৬)

কোঠোক্ kot^{h}ok বি হত্যে বা হত্যা persistent squatting at the temple of a deity to obtain divine favour (বীরভূ ৭)

কোঠোয়াল্ kot^{h}oal দ্র কোঠ্‌লে (দার্জিলি ১ পদিনা ৩ মালদা ৩)

কোঠোয়ালি লিব্‌ড়ি kot^{h}oali libɽi দ্র কোঠুয়া চাঠি (পদিনা ৩)

কোঠোর্ kot^{h}or বি কাঠের বড় পাত্র [বারকোষের মতো বড় আকারের কাঠের পাত্র। তবে এর কানা অর্থাৎ বাড় উঁচু এবং হাতল থাকে। কাপড় কাচার জন্য ব্যবহৃত হয়] a big wooden vessel used to wash clothes in it (পদিনা ৮)

কোডে kode ক্রি বিণ কোথায় where কোডে জাড়্‌ডে--কোথায় গিয়েছিলি (কোচবি ১, ২) তুই জাবু কোডে--তুই কোথায় যাবি (জলপা ২, ৭)

কোড়্[১] koɽ বিণ গোলাকৃতি (প্রায়) roundish রাস্তাটা কোড়্ কোরে উঠে গ্যাচে--রাস্তাটা গোলাকৃতি হয়ে উঠে গেছে (বাঁকুড়া ১৬)

কোড়্[২] koɽ বি কোল lap কার্ কোড়ে চাল-কড়াই ভাজা / বলে দেবে কোড়ে-রাজা [ছড়া] (মেদিনী ২১)

কোঁড়্ kõɽ বি বাঁশের অঙ্কুর a young shoot of a plant of bamboo (চব্বিশ ১১, ১৮, ২১, ২৩ বর্ধমা ২৩ বাঁকুড়া ১৫ মেদিনী ১৩ হুগলি ১৫, ১৬)

কোড়্‌কড়িয়া ব্যাং koɽkɔɽia bæŋ দ্র কোট্‌রাই ব্যাঙ্ (মালদা ১১)

কোড়্‌কানি koɽkani বি কোলভাগে রাখা কাপড়ের টুকরো [সাধারণত মাটির হাঁড়ি-কলসি পিটানোর সময় কুম্ভকারের গায়ে কাদা-মাটি লাগার সম্ভাবনা থাকে। সেজন্য কোমরের সামনের দিকে একটুকরো কাপড়-ছেঁড়া বেঁধে ঝুলিয়ে রাখে] a piece of cloth used as an apron by the potter (মেদিনী ২৯) < ক্রোড় + কানি (= টুকরো কাপড়)

কোড়্‌কে koɽke বি কুঁড়ি (ফুলের) a bud (নদীয়া ১০, ১৩) < সং কুড্‌মল (সংসদ)

কোড়্‌কোড়ি বাধিনি koɽkoɽi bad^{h}ini বি একপ্রকার ঝাঁটা [বাঁশ চিরে খুব সরু সরু কাঠি তৈরি করে। সেই কাঠিগুচ্ছ একত্রে বেঁধে ছোট ছোট ঝাঁটা তৈরি হয়] a kind of broom made of the thin chips of bamboo (জলপা ৭)

কোড়্‌কোড়িয়া koɽkoɽia বিণ মুচ্‌মুচে crisp কোড়্‌কোড়িয়া মুড়ি--মুচ্‌মুচে মুড়ি (মেদিনী ২৫)

কোড়্‌কোড়ে koɽkoɽe বিণ খট্‌খটে thoroughly hard and dry কোড়্‌কোড়ে সুক্‌নো--খটখটে শুকনো (মেদিনী ২৫) ~ **ভাত্ koɽkoɽe b^{h}at** বি জল না দেওয়া বাসিভাত overnight rice without water (হুগলি ৬)

কোড়্‌খুঁট্ koɽk^{h}ũt বি কাছা the part of the loin-cloth which the wearer tucks behind him between his legs (মেদিনী ৩৪) < ক্রোড় + খুঁট্

কোড়্ খেলা koɽ k^{h}ela বি কড়িখেলা a kind of rural game with cowrie (মেদিনী ২১)

কোড়্‌চি koɽci বি কোল আঁচল [শাড়ির আঁচল বা প্রান্তভাগ] an end of a *sharee* কোড়্‌চি গুঁজে পরা--কোমরে আঁচল গুঁজে শাড়ি পরা (বাঁকুড়া ১২)

কোঁড়্‌চি kõɽci বি কঞ্চি a bamboo twig (বর্ধমা ৪, ১৫, বাঁকুড়া ৬)

কোড়্‌চ্যা koɽcɛ বিণ করাতজীবী--যারা করাতের সাহায্যে কাঠ কেটে জীবিকা নির্বাহ করে a sawyer (মালদা ৬)

কোড়্‌নোখা koɽnok^{h}a বি নখকুনি whitlow, a painful ingrowing nail (চব্বিশ ১৭)

কোড়্পাঁজা kor̥pãja ক্রি বিণ পাঁজাকোলা lifted upon hands outspread in the shape of a stretcher (মেদিনী ৩৫)

কোড়্বর্ kor̥bɔr দ্র কোট্‌বোর্ (মেদিনী ২৮, ৩৪)

কোড়্মান্‌ডা kor̥mandɑ বি আসনপিঁড়ি the posture of squatting (মেদিনী ২৮) ~ **খেয়ে বসা kor̥mandɑ kʰee bɔsɑ** ক্রি আসন পিঁড়ি হয়ে বসা to squat (মেদিনী ৩৫)

কোড়্মাল্‌লা খেয়ে বসা kor̥mallɑ kʰee bɔsɑ দ্র কোড়্মান্‌ডা খেয়ে বসা (মেদিনী ১৫)

কোড়্মি ফুল্ kor̥mi pʰul বি কল্কে ফুল *Thevetia neriifolia* (মেদিনী ৩৪)

কোড়্মুড়া বসা kor̥mur̥ɑ bɔsɑ দ্র কোড়্মান্‌ডা খেয়ে বসা (মেদিনী ২৭)

কোড়্মেড়ে বসা kor̥mer̥e bɔsɑ দ্র কোড়্মান্‌ডা খেয়ে বসা (মেদিনী ২৮)

কোড়্মেলে বসা kor̥ mele bɔsɑ ক্রি পা ছড়িয়ে পায়ের উপর পা তুলে বসা to seat with stretched legs one leg cocked over the other (মেদিনী ৬)

কোড়্লা kor̥lɑ বি ছোট আকারের বাজপাখি [এই পাখি হাঁস, মুরগি, মাছ এবং দুর্বল শক্তির পাখি শিকার করে মাংস খায়] a kind of small hawk (চব্বিশ ৩৭)

কোঁড়্শি জাল্ kõr̥ʃi jɑl বি একপ্রকার খেপলা জাল [এই জালের ফাঁদ নানারকমের ছোট-বড় হয়। ছোট ফাঁদবিশিষ্ট জাল দিয়ে ছোট মাছ ধরা হয়, বড় ফাঁদ দিয়ে বড় মাছ ধরা হয়। জালগুলি ছয়-সাত হাত থেকে দশ-এগার হাত লম্বা হয়। এই জাল ফেলতে দুই হাতই ব্যবহৃত হয়] a kind of fishing net (বর্ধমা ১৯ বীরভূ ৯) দ্র অজ্‌ঘুনি জাল্

কোড়্শুন্ kor̥ʃun বি ঘুন্‌শি a coloured thread worn round the waist (compared a girdle) (মালদা ১১)

কোড়্শ্যা kor̥ʃæ বি ট্যাঁক [কোমরের কাপড়ের ভাঁজে শ্রমজীবী মানুষজন পয়সা গুঁজে রাখে] the fold of the loin-cloth tied at the waist in which the labourers keep coins (বীরভূ ১১)

কোড়্হা (পাতা) kor̥hɑ (pɑtɑ) বিণ কচি (পাতা) green (leaf) (মুর্শিদা ১৮)

কোঁড়্হা[১] kõr̥hɑ বি কড়া (দরজার) a metal ring affixed to the door as a handle (পুরুলি ৩, ৭, ১২, ২৫)

কোঁড়্হা[২] kõr̥hɑ বি কামপাখি *Porphyrio porphyrio* (বীরভূ ৪)

কোঁড়্হা[৩] kõr̥hɑ বি পিঁয়াজ কলি flowery onion stalks used as vegetable (মালদা ৫)

কোড়্পাঁজা

কোঁড়্হা[৪] kõr̥hɑ দ্র কোঁড়্ (বীরভূ ৯ মুর্শিদা ২)

কোঁড়্হা[৫] kõr̥hɑ বি মাছ ধরার জন্য বাঁশের তৈরি একপ্রকার সরঞ্জাম a trap made of bamboo to catch fish (মুর্শিদা ৩)

কোঁড়্হি[১] kõr̥hi বিণ অলস idle (পুরুলি ৫) তু কুঁড়হিয়া (সাঁও)

কোঁড়্হি[২] kõr̥hi দ্র কোড়্কে (পুরুলি ২, ৪ মেদিনী ২০)

কোড়্হিয়া kor̥hiɑ দ্র কোঁড়্হি[১] (মালদা ১, ৭)

কোড়্হুই kor̥huĭ বি শিরিষ (গাছ) *Albizzia labbek benth* (মুর্শিদা ৬)

কোড়্হেল্ kor̥hel বি কুড়াল an axe (মালদা ২)

কোড়ংগা kor̥ɔŋgɑ বি যে-ব্যক্তি পুংছাগল শিশুকে খাসি করে [মাসখানেক বয়সের পুং ছাগল-ছানাকে অস্ত্রোপচার করে খাসি করা হয়। এই অস্ত্র হলো বাঁশের পাতলা ছাল-অংশ বা ব্লেড। সাধারণত মুসলমান সম্প্রদায়ের দু-একজন ওস্তাদ থাকে যারা এই কাজে দক্ষ] who castrates a male kid (হুগলি ১)

কোড়্চ্ kor̥cɔc দ্র কোঁচ্[৩] (বর্ধমা ১৮)

কোড়ল্ kor̥ɔl দ্র কোঁড়্, কোঁড়্হা[৪] (পুরুলি ৮)

কোড়া[১] kor̥ɑ বি একধরনের বাঁক [বাঁশের তৈরি এই বাঁকের সাহায্যে খড়-বিচালি বহন করা হয়। এই বাঁকের দুদিকে দড়ি ঝুলিয়ে নানাভাবে নানাপ্রকার ভারি মালপত্র বহন করা হয়] a piece of long and bent pole on one's shoulder for carrying loads fastened to its ends (কোচবি ১ জলপা ২)

কোড়া[২] kor̥ɑ বি কড়াই a large frying pan (পদিনা ১২ মেদিনী ১১, ১৭, ২৫ হুগলি ৫) তু কারাহি (সাঁও)

কোড়া[৩] kor̥ɑ দ্র কোড়্কে (কোচবি ৩ পদিনা ১৪)

কোড়া[৪] kor̥ɑ বি মাদুলির গর্ত the hole of an amulet (হুগলি ১৫)

কোড়া[৫] kor̥ɑ বি শিমূলের ফল the inedible fruit of the silk-cotton plant named *Erlodendron anfractuosums or Salmalia malabarica* (উ. অ.) (বাঁকুড়া ১৬)

কোঁড়া[৬]

কোড়া[৬] **koɾa** বি মাটির বাড়ির কাঠামোর বিশেষ বাঁশসমূহ--যা কাঠামোর মাথা থেকে নিচের দিকে লম্বালম্বিভাবে থাকে central bamboo poles to hold up the structure of an earthen hut (চব্বিশ ২৭ মুর্শিদা ১১, ১৭)

কোড়া[৭] **koɾa** বি আঙুলের 'কর্' [প্রতি আঙুলে তিনটি করে ভাঁজের দাগ থাকে] the mark behind the knuckle [each finger has three marks] (মেদিনী ১৭)

কোড়া[৮] **koɾa** বিণ ১ কচি, নরম soft, newly born কোড়া পেয়ারা--কচি পেয়ারা (মালদা ৬) কোড়া আম্ (জলপা ৩) ২ অঙ্কুর বা চারা (বাঁশ, তাল ইত্যাদি)--কচি আম a sprout (of bamboo, palmyra etc.) (নদীয়া ১৩)

কোড়া[৯] **koɾá** ক্রি খনন করা to dig (মেদিনী ৭ হুগলি ১)

কোড়া[১০] **koɾa** বি দরজার কড়া a metal ring of door (বর্ধমা ২৩)

কোঁড়া[১] **kõɾa** দ্র কোড়া[৯] (বর্ধমা ১০, ২০) মাটিটা কোঁড়ে দাও--মাটিটা খুঁড়ে দাও (বর্ধমা ২৫)

কোঁড়া[২] **kõɾa** দ্র কোড়া[৩] (পদিনা ১৪)

কোঁড়া[৩] **kõɾa** বি ১ মাদুলির আংটা the metal ring of an amulet (বর্ধমা ৫) ২ ঢোলকের চামড়ার ছিলা আটকাবার কাজে ব্যবহৃত পিতলের আংটা a brass-ring attached to the drum to tighten the surface (বাঁকুড়া ১০)

কোঁড়া[৪] **(পাখি) kõɾa (pakʰi)** বি একপ্রকার পরিযায়ী পাখি [মোরগের মতো দেখতে, মাথায় লাল ঝোঁটন আছে। বর্ষার সময় ধান ক্ষেতে দেখা যায়। আশ্বিনের পর আর এখানে থাকে না। সারারাত 'হি-ডুব্, হি-ডুব' শব্দে ডাকে। প্রবাদ আছে যে, এই পাখি বেশি দেখা গেলে এবং ডাকলে বন্যা হয়] a kind of migratory bird (মেদিনী ৩৪)

কোঁড়া[৫] **kõɾa** বি মাছ ধরার একপ্রকার সরঞ্জাম [বাঁশের বা কাঠের তৈরি। লম্বায় ও চওড়ায় হাতখানেক করে--প্রায় বর্গাকার। ছয়টি তল। একটি তল মুখ হিসাবে ব্যবহৃত হয়। মুখ করা হয় দুটি--একটি তলকেই কাঠ বা বাঁশ দিয়ে সাজানো হয়] a fishing trap made of bamboo or wood (নদীয়া ২)

কোঁড়া[৬] **kõɾa** বি একপ্রকার দড়ি [খেজুরগাছে রস দেবার জন্য যে-লোক ওঠে তার কোমরে এই দড়ি থাকে] the rope which is tied on the waist of the man who incises the date-palm in order to obtain its juice (মুর্শিদা ১৪)

কোঁড়া[৭] **kõɾa** দ্র কোড়া[৮] ১ কোঁড়া পাতা--কচি পাতা (চব্বিশ ১৯) কোঁড়া ডাব--কচি ডাব (হাওড়া ৩, ৮) কোঁড়া বাঁশ্--কচি বাঁশ (বর্ধমা ২০, ২১ বীরভূ ৭ মুর্শিদা ১৬ মেদিনী ১৭, ২৩ হাওড়া ১, ৮, ১০)

কোঁড়া[৮] **kõɾa** বি একটি আদিবাসী সম্প্রদায় [মুণ্ডা গোষ্ঠী থেকে আগত] a kind of aborigines 'আমরা যে গো কোঁড়া জাতি / রাত পোহালে মাটি কাটি' (বর্ধমা ১২)

কোঁড়াই **kõɾaĭ** বিণ কড়ে আঙুল the little finger (মেদিনী ১২)

কোড়াকারন্ **koɾakaɾɔn** বি বিবাহ-সম্বন্ধীয় আলোচনা [বিবাহের পূর্বে পাত্র-পাত্রীর অভিভাবকদের মধ্যে চূড়ান্ত আলোচনা] the final talk about marriage ceremony between representative of bride and bridegroom (বর্ধমা ১৩)

কোড়াটি **koɾati** বি কড়া [পায়ের নিচের চামড়া ও মাংসপেশী কিছু পরিমাণে শক্ত হয়ে যায়, চলতে গেলে ব্যথা লাগে] a corn on the skin (মালদা ৯)

কোঁড়া নামা **kõɾa nama** বিণ হাঁস-মুরগির গর্ভাবস্থা [ডিম দেবার প্রাক্-অবস্থাকে 'কোঁড়া নামা' বলে] (of a duck or a hen) big with young (বীরভূ ১১)

কোড়াপাতি **koɾapati** বি কাজললতা a vessel shaped like a pair of hollow scissors for preparing callyruim (মেদিনী ৮)

কোঁড়াল্ **kõɾal** দ্র কোঁড়্হা[৪] (চব্বিশ ১৪)

কোড়ি[১] **(আঙুল্) koɾi (aŋul)** দ্র কোঁড়াই (চব্বিশ ৩৭ বর্ধমা ২৩ মুর্শিদা ১৪ হুগলি ১১)

কোড়ি[২] **koɾi** বি কলাই any of the varieties of leguminous seeds yielding pigeon-pea or pulses; a cereal (মেদিনী ৬)

কোড়ি[৩] **koɾi** বি হাতল a handle (পদিনা ২, ৮, ৯)

কোড়ি[৪] **koɾi** বি ১ (ফুলের) কুঁড়ি a bud (চব্বিশ ২১ বর্ধমা ১৯ বাঁকুড়া ১২, ১৫ বীরভূ ১০ মেদিনী ৭) ২ কুসি (ডাব) newly grown green-coconut (পদিনা ১৫) ~ আঙুল্--কনিষ্ঠ আঙুল (বর্ধমা ১৮)

কোড়ি[৫] **koɾi** বি মাচা (মাটির বাড়ির) a loft (বীরভূ ১)

কোঁড়ি **kõɾi** দ্র কোড়ি (চব্বিশ ৪ মেদিনী ৬, ২৫)

কোড়ি কাঠি kɔɾi kɔʈʰi বি ঢাক বাজানোর সময় ঢাকি বাঁ হাতে যে--কাঠি ব্যবহার করে [ডানহাতের ব্যবহৃত কাঠিটি অধিক মোটা ও শক্ত। এই কাঠিটিকে বলে 'হাত-কাঠি'] a drum-stick which is specially used by the left hand of the drummer (মেদিনী ৩২)

কোড়ি খাকি kɔɾi kʰɔki বি মহিলা-দিনমজুর [এরা চাষ-আবাদের কাজ বেশি না করে চাল কুটে দেওয়া বা গৃহস্থালির অন্যান্য কাজ করে দেয়] female daily-worker (কোচবি ২)

কোড়ি খ্যালা kɔɾi kʰæla বি ১ বিবাহের স্ত্রী-আচার [একটি থালায় দই, হলুদ একত্রে জল দিয়ে মাখা থাকে। এর মধ্যে একটি রুপোর হার বা আংটি লুকানো থাকে। বর সেটি খুঁজে কনের হাতে দেবে। অন্যেরা লুকোবে, বর খুঁজবে। এরকম পাঁচবার হবে] a ritual of the marriage ceremony (পদিনা ৮) ২ দ্র অস্‌টা খ্যালা (পদিনা ১০ চব্বিশ ৩৬)

কোড়িচা kɔɾica দ্র কোঁড়্‌চি (মেদিনী ৩০)

কোড়িত্ জাল্ kɔɾit jal দ্র কোঁড়্‌শি জাল [তবে কোড়িত্ জালের ফাঁস বেশ বড় মাপের--দেড় ইঞ্চির মতো] (বর্ধমা ২)

কোড়ি নামা kɔɾi nama ক্রি ১ কুঁচ্‌কি ফোলা inflammation of the groin লোক্‌টার্ কোড়ি নেমেচে--লোকটির কুঁচ্‌কি ফুলেছে (বীরভূ ৯) ২ গলা বা টন্‌সিল্ ফোলা inflammation of the throat (বীরভূ ৯)

কোড়িয়া[১] kɔɾia বি কড়াই (রান্নার পাত্র) a large tumbler-like cooking utensil (মেদিনী ২০) তু কোড়া[২]

কোড়িয়া[২] kɔɾia দ্র কোঁড়াই (মেদিনী ৩৪)

কোড়িয়্যা[১] kɔɾiæ বি কাক the crow (বীরভূ ৪)

কোড়িয়্যা[২] kɔɾiæ বি গরুর লেজের গোড়ার অংশ bottom portion of the tail of a cow (বাঁকুড়া ১৮)

কোড়িয়্যে kɔɾiɛ বি গরুর গাড়ির পাটাতনের বিশেষ বাঁশ [গরুর গাড়ির পাটাতন তৈরির জন্য প্রথমে দুটি লম্বা বাঁশের সঙ্গে মই-এর মতো পাঁচটি আড়াআড়ি বাঁশ লাগানো হয়। এই পাঁচটি বাঁশের বিভিন্ন নাম আছে--মল্‌পাঁখি, কোড়িয়্যে, পাঁখি, জিব্যে] a particular bamboo of the structure of bullock-cart (বর্ধমা ২৬)

কোড়ির্ ছাদ্ kɔɾir cʰad দ্র কোঠা[১] (চব্বিশ ১৯)

কোড়ির্ বাশন্ kɔɾir baʃɔn বি কলাই করা বাসন enamelled utensil (চব্বিশ ৩১)

কোড়িল্ kɔɾil দ্র কোড়া[৮] (পুরুলি ৪)

কোড়িহা kɔɾiha দ্র কোঁড়্‌হি[১] ছাওড়াট্যা কোড়িহা আছে--ছেলেটা অলস আছে (মালদা ৯ মুর্শিদা ১১)

কোড়িচা

কোড়ুই kɔɾuĭ বি ধানের গোলা [এটি খড়ের মোটা দড়ি পাকিয়ে তৈরি] a corn-bin made of straw (বাঁকুড়া ৪ হাওড়া ১, ৮ হুগলি ১, ৫)

কোড়ুয়া kɔɾua বিণ কড়া, চড়া choleric or haughty ওর মেজাজ্‌টা কোড়ুয়া--ওর মেজাজটা কড়া (চব্বিশ ১৪)

কোড়ে[১] kɔɾe দ্র কোডে তুই কোড়ে থাকিস্--তুই কোথায় থাকিস্ (জলপা ৭, ৯)

কোড়ে[২] kɔɾe বি কাতুকুতু tickling (with the hand esp. in the arm-pit) (চব্বিশ ৩১)

কোড়ে[৩] kɔɾe বি কড়িকাঠ a joist (বর্ধমা ১৫)

কোড়ে[৪] kɔɾe দ্র কোড়ে ড্যাং খেলা (হাওড়া ১, ৮)

কোড়ে আঁড়ি kɔɾe ãɾi বিণ অল্পবয়সের বিধবা [তবে গালিগালাজ হিসাবেই এটি ব্যবহৃত হয়] widow in tender age (হাওড়া ১, ৮, ১০)

কোড়েংগুল্ kɔɾeŋgul বি কড়ে আঙুল the little finger (of the hand and foot) (বর্ধমা ২)

কোড়ে ড্যাং খেলা kɔɾe ɖæŋ kʰela বি ছেলেদের এক প্রকার গ্রামীণ খেলা [কিশোর বয়সের ছেলেরা প্রাঙ্গণে খেলে। দুই দলে বিভক্ত হয়ে খেলাটি হয়। প্রতি দলে কমপক্ষে দুইজন থাকে। যে-কোনো গাছের ডাল (বাবলা গাছ সবচেয়ে উপযুক্ত) হাতখানেক কাটা হয়। এটি হলো 'ড্যাং'। আর এই ড্যাঙের অর্ধেক মাপের একটি ছোট ডাল কাটা হয়। সেটি ঐ ড্যাঙের প্রায় অর্ধেক লম্বা ও সরু হবে। এটি হলো 'কোড়ে'। এবার যারা দানপক্ষ হবে তাদের একজন প্রথমে খেলতে আসবে। যেখান থেকে খেলা শুরু হবে সেখানে কোড়ের মাপে একটা ছোট গর্ত থাকে। ঐ গর্তে কোড়েটি আড়াআড়ি বসিয়ে ড্যাঙের সাহায্যে ছুঁড়ে দেওয়া হয়। এই কোড়ে মাটিতে না পড়ে শূন্যে থাকাকালীন বিপক্ষের ছড়িয়ে থাকা খেলোয়াড়রা কেউ যদি ধরে নিতে পারে তবে দানপক্ষের ঐ খেলোয়াড় 'মোর' হয়ে যায়। তারপর অপর একজন দানপক্ষের খেলোয়াড় এসে খেলা শুরু করবে। আর যদি না ধরতে পারে তবে দানপক্ষের ঐ খেলোয়াড় গর্তের কাছে একটা নির্দিষ্ট জায়গায় ড্যাংটি রাখবে এবং কোড়েটি যেখানে গিয়ে

কোড়েই[১]

থেমেছে সেখান থেকে বিপক্ষদলের কোনো খেলোয়াড় ড্যাঙের দিকে কোড়েটি ছুঁড়ে দেবে--যেন ড্যাঙে লেগে যায়। যদি লেগে যায় তবে দানপক্ষের খেলোয়াড়টি 'মোর' হবে। যদি না লাগে তো দানপক্ষের খেলোয়াড়টি ড্যাং দিয়ে কোড়েটির একপ্রান্তে (কড়ের দুই প্রান্ত একটু ছুঁচালো হয়) ঠুক্‌রে কোড়েটিকে অল্প শূন্যে তুলবে এবং শূন্যে থাকাকালীন যতবার কড়েটিকে আলতোভাবে মারতে পারবে ততই লাভ। একবার মারলে কোড়ে, দুবার হলে ধান, তিনবারে সরষে, চারবারে বালি, পাঁচবারে চুন, ছয়বারে কালি, সাতবারে ফুল। এবার ধরা যাক্ দানপক্ষের ঐ খেলোয়াড় চারবার মেরে বালি করেছে। অর্থাৎ কড়েটি যেখানে পড়ে আছে 'বালি' করার পর সেখান থেকে সে কড়েটিকে আলতোভাবে ঠুক্‌রে নিয়ে সজোরে মারবে। কড়েটি যেখানে গিয়ে পড়ল সেখান থেকে আবার মেরে আরো দূরে নিয়ে যাবে। এমনি করে সে চারবার মারতে পারবে। 'ফুল' করে থাকলে সে সাতবার মারতে পারবে। এমনি করে যে-দল কড়েটিকে মেরে সবচেয়ে বেশি দূর নিয়ে যায় তারা জিতবে। এক-একজন খেলোয়াড়ের খেলা শেষ হলে সে কতদূর কড়েটিকে নিয়ে গিয়েছিল তা ঐ ড্যাঙের দ্বারা মেপে রাখা হয়। অনেকটা ক্রিকেট খেলার রানসংখ্যা গণনার মতো--ব্যক্তিগত এবং দলগত দূরত্বের কম-বেশির মাধ্যমে জয়-পরাজয় ঠিক হয়।

এছাড়া আর একপ্রকার কড়ে-ড্যাং খেলা হয়। সেখানে কড়ের মাপে গর্ত না করে একটা বর্গাকার ঘর কাটা হয়--যার দৈর্ঘ্য ড্যাংটির সমান এবং প্রস্থ কড়েটির সমান। এই ঘর বা ছকটির পাশে দাঁড়িয়ে দানপক্ষের খেলোয়াড় ড্যাঙের উপর কড়েটি রেখে উঁচু করে মারে। বিপক্ষের খেলোয়াড়রা ঐ উঁচুতে থাকা কড়েটিকে লুফে নিতে চেষ্টা করে। এর পরবর্তী নিয়ম আগের মতোই] a kind of rural games of boys (হাওড়া ১, ৮ মেদিনী ৩৪)

কোড়েয়া kɔɾeɑ বি কড়া (দরজার) ring of door (দ্র কোঁড়্‌হা[১]) (মেদিনী ৩৪)

কোড়ে-রাড়্ kɔɾe-rɑɾ দ্র কোড়ে আঁড়ি (নদীয়া ১০)

কোড়ে-রাঁড়ি kɔɾe rɑ̃ɾi দ্র কোড়ে আঁড়ি (হাওড়া ১)

কোড়েশি জাল্ kɔɾeʃi jɔl দ্র কোঁড়্‌শি জাল্ (বীরভূ ৮)

কোড়্যে kɔɾɛ দ্র কোড়িয়া[১] (পদিনা ৫)

কোঁড়ো kõɾo দ্র কোঁড়্‌হা[৪] (চব্বিশ ১২)

কোড়োই[১] kɔɾoï বি নাকচাবি [সোনার তৈরি এই অলংকারের আকৃতি মুসুর ডালের মতো] an ornament for the nose (চব্বিশ ৪)

কোড়োই[২] kɔɾoï দ্র কোড়ি[২] (মেদিনী ১৫)

কোড়োই[৩] kɔɾoï বি 'খোলা' নামক একপ্রকার মাটির পাত্র [অনেকটা ডাবার মতো দেখতে মাটির পাত্র। এই পাত্রের মধ্যে মুড়িভাজার জন্য চাল ঢেলে আগুনের তাপে নেড়ে নেওয়া হয়। চালগুলি যখন রাঙা হয়ে ওঠে তখন এই পাত্র নামিয়ে রেখে অন্য পাত্র উনানে চড়ানো হয়। সেই পাত্রে বালি সহযোগে এই রাঙানো চাল অল্পপরিমাণ নিয়ে নাড়তে নাড়তে মুড়ি হয়ে যায়] an earthen pot used for parched rice (মেদিনী ১৬)

কোড়োই[৪] kɔɾoï বি ধানের গোলা [কাঠের বা বাঁশের কাঠামোর গায়ে মাটির প্রলেপ দেওয়া হয়। খড়ের ছাউনি থাকে] a corn-bin made of bamboo (বাঁকুড়া ১৫) দ্র কোড়ুই

কোড়োক্ (মুর্‌গি) kɔɾok (murgi) বিণ, বি যে-মুরগি ডিমে তা দেয় the hen in the state of hatching (বর্ধমা ৪ হুগলি ১২)

কোড়ো কোড়ো kɔɾo kɔɾo সম্বোধন পোষা হাঁসকে ডাকার শব্দ a sound to call pet duck (বাঁকুড়া ৫, ১৩)

কোঁড়োচ্ kõɾoc বি ট্যাঁক the fold of the loin-cloth tied at the waist (বর্ধমা ১৫)

কোড়োত্ kɔɾot বি ঝুড়ির উপর-প্রান্তের নির্দিষ্ট বাখারি [ঝুড়ি বোনার শেষ পর্বে ঝুড়ির উপর-প্রান্তে একটা মোটা বাখারি দিয়ে বাঁধা হয়। এর ফলে ঝুড়ির বুনন খোলে না এবং ঝুড়িটি ব্যবহারে সুবিধা হয়] a piece of split bamboo on the edge of a basket (বীরভূ ৫)

কোড়োল্[১] kɔɾol বি কুণ্ডলী twisted into a coil, coiled, rolled কোড়োল্ বেন্দে আছে--কুণ্ডলী পাকিয়ে আছে (বর্ধমা ২০ হুগলি ১)

কোড়োল্[২] kɔɾol দ্র কোঁড়্ কোঁড়্‌হা[৪] (নদীয়া ৫ পদিনা ১২ পুরুলি ১৪)

কোঁড়োল্ করা kõɾol kɔɾɑ ক্রি গুটিয়ে রাখা, ভাঁজ করা to fold মাদুর্ কোঁড়োল্ করা--মাদুর গুটিয়ে (ভাঁজ করে) রাখা (মুর্শিদা ১২)

কোড়্যা kɔɾæ দ্র কোড়িয়্যা[১] (বীরভূ ৪ মুর্শিদা ১৭) ~ আংগুল্--কড়ে (কনিষ্ঠ) আঙুল little finger (মেদিনী ১৫) ~ ডাং--দ্র কোড়ে ড্যাং খেলা (মেদিনী ১৫)

কোঢ়িহা koɽʰiha বিণ অলস idle (মুর্শিদা ২১) দ্র কোঁড়্হি[১]

কোত্[১] kot বি ছানি (চোখের) cataract (বাঁকুড়া ৭)

কোত্[২] kot দ্র কোঁচ্ পাথ্রি (বাঁকুড়া ১৫) ~ পাথর্--দ্র কোঁচ্ পাথ্রি (বাঁকুড়া ৬)

কোত্কোতি kotkoti দ্র কোড়ে[২] (কোচবি ২)

কোঁত্ খেল্ kõt kʰel দ্র কোটুক্ খ্যালা (পুরুলি ৯)

কোত্তি kotti অস ক্রি করতে to do কাজ্ কোত্তি পারব না--কাজ করতে পারব না (চব্বিশ ২৭) কোত্তে ছেলো--করছিল (চব্বিশ ২৭)

কোত্থু kottʰu সর্ব কোথাও any where কোত্থু পেলাম্ না--কোথাও পেলাম না (মুর্শিদা ১৬)

কোত্নি kotni বি ডালের কাঁটা [রান্নাঘরের সরঞ্জাম] one type of pestle used to stir the cooked pigeon-peas and pulses (হাওড়া ১০)

কোত্রা (গুড়্) kotra (guɽ) বি চিটে গুড় a kind of coars treacle tasting slightly bitter (নদীয়া ১০) তু ওড়িয়া কোতরা (সংসদ)

কোত্রি kotri বি নোয়া [সধবা মহিলাদের হাতে পরার স্মারক। সাধারণত এটি লোহার তৈরি হয়, তবে অনেকে পিতলের তৈরি এই অলংকার পরতে পছন্দ করে--যেমন শহুরে অবস্থাপন্ন গৃহবধূরা সোনার 'নোয়া বাঁধানো' পরে] an iron wristlet (worn by Hindu women whose husbands are alive) (মেদিনী ২, ২০, ৩০, ৩১)

কোঁত্লা kõtla বিণ নাদুস-নুদুস roly-poly ওদের্ বাড়ির্ ছেলেটা খুব্ কোঁত্লা হোয়েচে--ওদের বাড়ির ছেলেটা খুব নাদুস-নুদুস হয়েছে (নদীয়া ১০)

কোত্লাই ধুবা kotlaĭ dʰuba ক্রি কচলে কাচা to squeeze, to rub (পদিনা ১)

কোতর্ kotɔr বি পায়রা the pigeon (পদিনা ১০ মালদা ১) < কবুতর

কোতা kota সর্ব কোথায় where (বর্ধমা ৪, ৫ মেদিনী ১৪ হাওড়া ১, ৩, ৮) তুমি কোতা গেল্ছিলা--তুমি কোথায় গিয়েছিলে (বর্ধমা ৫), কোতা যাচ্ছু মা--কোথায় যাচ্ছ মা (মেদিনী ১৪), কোতা গ্যাচে জানি নি--কোথায় গেছে জানি না (হাওড়া ১) কোতা হনে এলি--কোথা থেকে এলি (নদীয়া ৩) দ্র কোটে[১], কোঠে, কোডে

কোতায় kotaŏ দ্র কোতা (বর্ধমা ২২ হুগলি ১৬)

কোতি koti দ্র কোতা (বীরভূ ৪, ৯, ১১ মুর্শিদা ২, ৩, ৫, ১০, ১৪, ১৭, ১৯) কোতিক্যের্ লোক্--কোথাকার লোক (মুর্শিদা ১০)

কোঁতি কোঁতি kõti kõti ক্রি বিণ ঠাসাঠাসি act of pressing repeatedly to stuff a thing আর কোঁতি কোঁতি ঢুঁকাইসি না--আর ঠাসাঠাসি করে ঢুকাস না (মেদিনী ২৬)

কোত্রি

কোতি খ্যালা koti kʰæla বি ছেলেদের প্রাঙ্গণের একপ্রকার গ্রামীণ খেলা [কমপক্ষে তিন/চারজন ছেলে এই খেলায় অংশ নেয়। প্রত্যেকে নিজ দায়িত্বে পৃথকভাবে খেলে। উপকরণ হিসাবে থাকে একটি পাথরের বা মাটির হাঁড়ি-কলসি ভাঙা গোলাকার চাকতি। এটির নাম 'কোতি'। যেখান থেকে খেলা শুরু হয় সেখানে একটি রেখা টানা থাকে। ঐ রেখা থেকে ১০/১৫ হাত দূরে ঐ চাকতির মাপে একটি গর্ত থাকে। ঐ গর্তকে বলা হয় ডোবা বা গাড়া। একে একে খেলোয়াড়রা এসে রেখায় দাঁড়িয়ে গর্তকে লক্ষ্য করে 'কোতি' অর্থাৎ চাকতি ছুঁড়ে দেয়। যে গর্তে 'কোতি' ফেলতে পারবে সে 'রাজা' হয়ে যায়। অর্থাৎ তাকে আর 'কোতি' ছুঁড়তে হবে না। এক এক করে সবাই 'রাজা' হয়। শেষজন হবে 'হাঁড়ি'। তাকে এখন সবাই খাটাবে অর্থাৎ কষ্টসাধ্য পরিশ্রম করাবে। রাজারা একে একে আবার গর্তের দিকে চাকতি ছুঁড়ে দেবে। আর হাঁড়ি সেটি কুড়িয়ে এনে দেবে। তার কুড়িয়ে আনার পদ্ধতি হলো--একপায়ে হাঁটবে, অপর পা তুলে। যে-পা তুলে হাঁটবে সেই পায়ের নিচ দিয়ে সেইদিকের হাত দিয়ে নাক ধরতে হবে] a kind of folk game (মেদিনী ২৯)

কোতুগ্ kotug সর্ব কতক, অনেক some, many কোতুগ্ লোগ্ বাঁদে বুসি আচে--অনেক লোক বাঁধে বসে আছে (মেদিনী ৩৪)

কোতুয়াল্ kotual বি বৈঠা a scull (পদিনা ১৫) তু কেড়ুআল (চর্যা)

কোতুরি koturi বি একটা নির্দিষ্ট গর্ত-যুক্ত কাঠ বা তক্তা [কুম্ভকার কাঁচা মাটির হাঁড়িকে পিটিয়ে যখন নিখুঁত আকার দেয় তখন এই নির্দিষ্ট মাপের গর্তযুক্ত কাঠটির প্রয়োজন হয়] a plank of wood with a particular hole (পদিনা ১০)

কোতেরি koteri দ্র কোত্রি (মেদিনী ২০)

কোতো পানা koto pana বি কচুরি পানা [বড় চওড়া পাতা, নীল ফুল হয়] water-hyacinth (হুগলি ৬, ৮, ১০, ১২)

কোতোর্ kotor দ্র কোতর্ (পদিনা ১০ বীরভূ ৯ মুর্শিদা ২২)



কোথ্ ফাড়া

কোথ্নু kot^{h}nu ক্রি বিণ কোথা থেকে where from (মেদিনী ২০)

কোথ্ ফাড়া kot^{h} p^{h}aɽa ক্রি কুম্ভকারের চাকে কাঁচা মাটিতে সবলে চাপ দেওয়া [কুম্ভকার চাক-ভর্তি মাটি সাজিয়ে নিয়ে ছোট লাঠি দিয়ে জোরে চাকটি (চাকা) ঘুরিয়ে নেয়। তারপর অল্প জলের ছিটে চাকের মাটিতে দিয়ে দুই হাতের তালু এবং আঙুলের চাপে চাকের মাটিকে পাত্র তৈরির জন্য বিশেষ কৌশলে উপরদিকে অল্পমাত্রায় টেনে তোলে। এই কাজটি করাকে বলে 'কোথ্ ফাড়া'] to give pressure to the soft clay of the potter's wheel (মালদা ৬)

★ **কোঁথানো kõt^{h}ano** ক্রি চিমটানো বা চিমটি কাটা to pinch (পুরুলি ২, ৫) ছাওয়াটায় মোকে কোঁথিয়াওলাগ্--ছেলেটা আমাকে চিমটি কাটলো (পুরুলি ২) ওকে কোঁথি দিহি--ওকে চিমটি কেটে দে (পুরুলি ৫)

কোঁথি kõt^{h}i দ্র কোতা কোথি গেল্ছিলি--কোথায় গিয়েছিলি (বীরভূ ৪ মুর্শিদা ১৮)

কোথুগ্ kot^{h}ug দ্র কোতুগ্ কোথুগ্গা ভাত দিল কেনি, খাইতে পারবনি, তুলিয়্যা লও--কতকগুলো ভাত দিলে কেন, খেতে পারবো না, তুলে নাও (মেদিনী ১৫) কোথুগ্গা কোথা লিছে--কতকগুলো কথা নিচ্ছে (মেদিনী ৩৪) < কতকগুলা

কোথুটি kot^{h}uʈi বিণ মুখরা clamorous, loud-tongued (মেদিনী ৩১)

কোথুয়া kot^{h}ua দ্র কোতা কোথুয়া লাগ্যে গ্যালেহ্যে--কোথায় লেগে গেল (মালদা ১১)

কোথো[১] kot^{h}o বি চিচিঙ্গা snake gourd *Trichosanthes angurina* (মালদা ৬)

কোথো[২] kot^{h}o বি আঞ্জনি a sty on the eyelid (বীরভূ ১৪)

কোঁথো kõt^{h}o দ্র কোথো[২] [শিশুদের চোখ নিয়মিত পরিষ্কার না করলে পিঁচুটি পড়ে চোখের পাতা জুড়ে যেতে থাকে এবং ক্রমে ব্রণের মতো ঘা হয়। উপযুক্ত চিকিৎসা না করালে পরবর্তীকালে চোখ নষ্ট হয়ে যেতে পারে] (বীরভূ ৮)

কোঁথোয়া kõt^{h}oa বি ধবল, শ্বেত leucoderma; a type of skin disease (বর্ধমা ১৩)

কোদ্ kod দ্র কোটে[১] তুই কোদ্ যাবি রে--তুই কোথায় যাবি রে (মুর্শিদা ৫)

কোদ্ড় kodɽɔ বি কলা the banana (মেদিনী ৩০) < কদলি

কোঁদ্ড়া kõdɽa বি মহুয়ার ফল the fruit of mahua (বীরভূ ৭)

কোদ্ধু kodd^{h}u বি লাউ the bottle-gourd তুই কোদ্ধুটার মত মটা--তুই লাউ-এর মতো মোটা (পদিনা ৪) তু কোদু

কোদ্মা kodma বি মিষ্টিকুমড়ো the sweet pumpkin (পদিনা ২ মালদা ১, ২)

কোদ্ম্যা kodmæ দ্র কোদ্মা (মুর্শিদা ২২)

কোদ্রি kodri বি মণিবন্ধ the wrist (মেদিনী ২৪)

কোদ্রু kodru দ্র কোদ্ড় (মেদিনী ১৮)

কোঁদ্লা[১] kõdla বিণ ঝগড়াটে quarrelsome (বীরভূ ১) < কোঁদল (দাস)

কোঁদ্লা[২] kõdla দ্র কোঁত্লা (নদীয়া ১০)

কোদ্লা জ্যানা kodla jæna দ্র কোঁত্লা (নদীয়া ৯)

কোদ্লানো kodlano ক্রি কোদাল দিয়ে মাটি কোপানো to dig with a spade (পদিনা ৮, ৯, ১৫) নামধাতু

কোদ্লিয়া kodlia বিণ যে-কোদাল দিয়ে মাটি কাটে who digs with a spade (মেদিনী ৩৫)

কোদা koda বি একপ্রকার দানাজাতীয় শস্য [ধানজাতীয় এই শস্যের ছাতু, মুড়ি, ভাত ইত্যাদি হয়] a type of crop with grain (মালদা ২ মুর্শিদা ১৭, ২৩)

কোঁদা kõda বি তর্জন-গর্জন severe scolding and loud shout; angry out-burst (মুর্শিদা ২৪)

কোঁদাই দেওয়া kõdaĭ deŏa ক্রি চুলকে দেওয়া to itch ইহার্ দেহেটা কোঁদাই দে--এর গা-টা চুলকে দে (মেদিনী ৮)

কোদাড়্ kodaɽ বি কোদাল spade [কোদাল বিভিন্ন প্রকারের হয়। দ্র কোদাল্] (পুরুলি ৪ মেদিনী ৩০)

কোঁদানো kõdano ক্রি কাঠ, পাথর, শিল ইত্যাদি কোঁদানো to engrave, to carve [a stone slab] (বর্ধমা ৪)

কোদামুড়া kodamuɽa বি একজাতীয় আগাছা [ধানজমিতে এই আগাছা হয়] a type of weed (মেদিনী ১১)তু কেঁচ্কা

কোদারি kodari দ্র কোদাড়্ (মালদা ৯)

কোদাল্ kodal বি কোদাল spade (পুরুলি ৩ বর্ধমা ৪, ২০ হাওড়া ১, ৩, ৮ এছাড়া আদর্শ বাংলায় ব্যবহৃত হয়) [কোদাল বিভিন্ন আকারের হয়--বিভিন্ন কাজের উপযোগী।

কয়েকটি ছবির সাহায্যে দেখানো যাচ্ছে] ~ **গাড়া kodal gaɽa** দ্র কোদ্‌লানো (জলপা ৬) ~ **চেরি kodal ceri** দ্র কোদাল্ গাড়া (হাওড়া ৩) ~ **তে kodal te** অস ক্রি কোদাল্ দিয়ে কোপাতে to dig with the spade (মেদিনী ১৭, হাওড়া ১) কোদাল্‌তে হলে কোমরের বল্ চাই--কোদাল দিয়ে কোপাতে হলে কোমরের শক্তি চাই (হাওড়া ১) ~ **দাঁত kodal dãt** বি সামনের দুটি দাঁত যদি খুব বড় আকারের হয় two long teeth in front of mouth (পদিনা ১২ মুর্শিদা ১৬ হাওড়া ১, ৮) ~ **দাঁতি kodal dãti** বিণ যে স্ত্রীলোকের সামনের দাঁত দুটি খুব বড় she who has two big teeth in front of mouth (মেদিনী ১১ হাওড়া ১) ~ **পাশা kodal paʃa** বি কোদালের গোল অংশ--যেখানে হাতল লাগানো হয় ring portion of spade (মেদিনী ৩৪ হাওড়া ১)

কোদালি kodali বি কোদ্‌লিয়া (চব্বিশ ৩১ জলপা ৬ পদিনা ২, ১১ মালদা ২, ১১ হাওড়া ৩) কোদালি কোদাল দিয়ে মাটি ঝিকায়--কোদাল ব্যবহারকারী মজুর কোদাল দিয়ে মাটি কাটে (পদিনা ১১) ~ **হুরি kodali huri** বিণ ক্ষয়প্রাপ্ত কোদাল [কোদালের পাতটা ক্ষয়প্রাপ্ত হয়ে গেলে সেই কোদালকে বলা হয় 'হুরি কোদালি' বা 'কোদালি হুরি'] eroded spade (পদিনা ২)

কোদালে kodale দ্র কোদালি (হাওড়া ১) ~ **মুটি kodale muṭi** বি একপ্রকার ধান a type of paddy (চব্বিশ ১১) ~ **মেঘ kodale megʰ** বি পুঞ্জমেঘ [অনেক সময় নীল আকাশের গায়ে কিছু পুঞ্জ পুঞ্জ মেঘ দেখা যায় যেন মনে হয় কেউ কোদাল দিয়ে মাটি কুপিয়ে গেছে] the cumulus (মালদা ৮)

কোদিড়্ kodiɽ দ্র কোদ্‌ড় (মেদিনী ৮)

কোদিমা kodima বি কুমড়া the pumpkin (বীরভূ ৯ মালদা ৯, ১১)

কোদিল্ kodil দ্র কোদ্‌ড় (মেদিনী ১৩, ২৫)

কোদিস্ kodis ক্রি বিণ কদাচিৎ at any time, rarely (নদীয়া ২) < সং ক্বচিৎ

কোদু kodu দ্র কোদ্‌ধু (চব্বিশ ২৭ জলপা ৭ দার্জিলি ৩ পদিনা ২, ৬ বর্ধমা ২, ৫ মুর্শিদা ৩, ১১, ২০ হাওড়া ৩ হুগলি ৮) ~ **-র টোকা kodur ṭoka** বি লাউয়ের খোল বা পাত্র [লাউ পেকে গেলে তার শাঁস ফেলে দিয়ে খোল অংশ (পুরু খোসা) শুকিয়ে নিয়ে পাত্র হিসাবে ব্যবহার করা হয়] the dried skin of the bottle gourd used as a utensil (দার্জিলি ৩)

কোদুড়্ koduɽ দ্র কোদ্‌ড় (মেদিনী ১৩, ৩১) ~ **পুহা koduɽ puha** বিণ কলাগাছের চারা a young plant of a banana tree (মেদিনী ১৩)

কোদাল্ পাশা

কোদুড়া koduɽa দ্র কোদ্‌ড় (মেদিনী ৩৫) ~ **চুপা koduɽa cupa** কলার খোসা the skin of a banana (মেদিনী ৩৪)

কোঁদুর্‌খাই kõdurkʰaĩ বি কুলুঙ্গি a recess or small shelf in a wall (মেদিনী ৩৫)

কোদুর kodurɔ দ্র কোদ্‌ড় (মেদিনী ১৮)

কোদুল্ kodul দ্র কোদ্‌ড় (মেদিনী ২০) ~ **পাতি kodulpati** দ্র কোড়াপাতি (মেদিনী ৩১)

কোঁদুল্ kõdul বি কলহ quarrel (মেদিনী ৩০) তু কোন্দল ~ **মাতুনি kõdul matuni** বি শিশুদের হৈ-হল্লা a very loud uproar তুরা অত কোঁদুল্-মাতুনি করছিস্ ক্যানে--তোরা অত হৈ-হল্লা করছিস কেন (বীরভূ ৭)

কোদুল kodulɔ দ্র কোদ্‌ড় (মেদিনী ৩১)

কোদুলা kodula দ্র কোদ্‌ড় (মেদিনী ৩৫) ~ **পুয়া kodula pua** বি কলাগাছের চারা the young plant of banana tree (মেদিনী ৩১)

কোঁদুলি kõduli বিণ কলহ-প্রিয় [নারী] quarrelsome woman (হাওড়া ১, ৮) দ্র কোঁদলা[১]

কোঁদুলে kõdule বিণ কলহ-প্রিয় [পুং] (হাওড়া ১, ৬, ৮) দ্র কোঁদ্‌লা[১]

কোদের্ koder দ্র কোদাল্ (চব্বিশ ২৩)

কোদো[১] kodo দ্র কোদ্‌ধু, কোদু (মেদিনী ১১)

কোদো[২] kodo দ্র কোদা (পুরুলি ৪)

কোদো[৩] kodo বি হাম measles (মুর্শিদা ১৭)

কোঁদোউচু kõdoucu ক্রি চুলকায় itches (he/she) (মেদিনী ৮)

কোঁদোঁয়ানি kõdõani বি চুলকানি itches তার দেহেরে কোঁদোঁয়ানি হেইওই--তার গায়ে চুলকানি হয়েছে (মেদিনী ৮)

কোদোল্ kodol দ্র কোদাল্ (মুর্শিদা ২৩)

কোঁদোলি kõdoli বি ছড়া (কলার) a bunch of banana এ্যাক্ কোঁদোলি কলা--এক ছড়া কলা (বাঁকুড়া ১৪)



কোন্‌চা খ্যালা

কোধ্‌মা kodʰma বি চালকুমড়ো a kind of pumpkin the plant of which is allowed to creep up on a thatched roof (মুর্শিদা ২২)

কোধু kodʰu দ্র কোদু (মুর্শিদা ১৮, ২২, ২৩) ঝোঁইকা থেকি কোধুটো ঝুলেহ্যে--মাচা থেকে লাউটা ঝুলছে (মুর্শিদা ২৩)

কোন্ kon বিণ অর্ধমুষ্ঠি [হাতের তালুতে জল নিয়ে মুখ ধোবার সময় তালু যেভাবে অর্ধেক মুঠো করতে হয় সেই অর্ধেক মুঠো তালুর অবস্থাটাই 'কোন্'। তালুর ঐ ভঙ্গিতেই চালও মাপা হয়] half cupped palm of the hand (নদীয়া ৩, ৬, ১০ বীরভূ ৫)

কোন্‌কাজোলি konkɑjoli বি গাঁটছড়া (বিবাহের) a ceremonial gift of gold made at wedding or just before the immersion of an idol; the Hindu custom of tying a corner of the bride's *shari* with a corner of the bridegroom's scarf at wedding (চব্বিশ ১৭) তু কনকাঞ্জলি

কোন্‌কি konki বি মরচে rust (মেদিনী ৩১)

কোন্‌কিন্যে konkinɛ বিণ কনকনে [শীতের তীব্রতা বোঝাতে] severe cold কোন্‌কিন্যে জাড়্ লাগ্‌ছ্যে--তীব্র শীত লাগছে (মুর্শিদা ২৩)

কোন্‌কে যাওয়া konke jɑŏɑ ক্রি ১ (বাসনে) কলঙ্ক লাগা to stain (চব্বিশ ৩১) ২ টকে যাওয়া to become irritated by being acidified দাঁত্ কোন্‌কে গ্যাচে--দাঁত টকে গেছে (চব্বিশ ৮)

কোন্‌গা kongɑ দ্র কোঁদুর্‌খাই (চব্বিশ ১৯ মালদা ৬)

কোন্‌ঘরা kongʰɔrɑ বি আঁতুড় ঘর [সাধারণত আঁতুড়ঘরটি বাড়ির একপাশে কোনের দিকে হয়, যাতে ছোঁয়াছুঁয়ি না লাগে। একপাশে বা কোনের দিকে ঘরটি অবস্থিত বলে 'কোন্‌ঘরা' নাম] a lying-in room (পদিনা ৪)

কোন্‌চা konɑ দ্র কোঁড়্‌চি (মেদিনী ৩, ১৫ হুগলি ৫)

কোন্‌চাক্ konɑk বি রান্নাঘরের বিশেষ একটি স্থান [রান্নাঘরে ভাত, তরকারি রান্নার পর উনানের পাশ থেকে সরিয়ে সেগুলোকে পাশে একটু উঁচুস্থানে গুছিয়ে রাখা হয়। ঐ স্থানের নাম 'কোন্‌চাক্'] slightly high place in the kitchen to keep the cooked materials (মালদা ৭)

কোন্‌চা খ্যালা konɑ kʰælɑ বি একপ্রকার গ্রাম্য খেলা [প্রাঙ্গণের খেলা। তিন থেকে সাত / আটজন ছেলে এই খেলায় অংশগ্রহণ করে--প্রত্যেকেই পৃথক। প্রত্যেকের হাতে থাকে একটি করে সরু লম্বা কঞ্চি বা পাটকাঠি, যা প্রায় হাত তিনেকের মতো লম্বা। প্রাঙ্গণের এক প্রান্তে একটি ছোট গর্ত ('গাবু') থাকে। ঐ গর্তের দুই পাশে পা রেখে সামনের দিকে ঝুঁকে দুই পায়ের ফাঁক দিয়ে একে একে প্রত্যেকে নিজ নিজ কঞ্চি / পাটকাঠি পিছনদিকে সজোরে ছুঁড়ে দেয়। যার কঞ্চি অন্যের কঞ্চিকে ছুঁয়ে যাবে সে 'উঠা' (দান পায়) হয়। আর যার কঞ্চিতে লাগল সে 'চোর' হয়। এজন্য প্রথমজন এত বেশি দূরে কঞ্চিটি ছোঁড়ে যে, অন্যেরা তার কঞ্চি স্পর্শ করতে পারে না। আর খেলোয়াড়ের সংখ্যা অধিক হলে প্রথমে যেই একজন 'চোর' হয়ে গেল, তখন আর বাকিদের কঞ্চি ছোঁড়ার প্রয়োজন হয় না। এখন 'চোর' গাবুর (গর্তের) দুই পাশে পা রেখে দুই হাত উপরে তুলে দাঁড়াবে, হাতের আঙুলগুলোও সোজা থাকবে। দুই হাতের বুড়ো আঙুল এবং তর্জনীর ফাঁকে নিজের কঞ্চির দুই প্রান্ত থাকবে। অন্যদের মধ্যে একজন বা একাধিকজন তাদের লাঠি দিয়ে চোরের লাঠিকে টান মেরে দূরে নিয়ে চলে যাবে। চোর তাদের ধরতে যাবে। যদি ধরতে পারে তবে চোর এখন মুক্ত হলো। সে এখন নিজের লাঠি মাথায় বসিয়ে ধীরে ধীরে গাবুতে (গর্তে) এসে লাঠিটি ফেলবে। পথে আসতে আসতে যদি লাঠি মাথা থেকে পড়ে যায় তবে সঙ্গে সঙ্গে অপর খেলোয়াড়রা তাদের লাঠি দিয়ে চোরের লাঠিকে দূরে নিয়ে যাবার চেষ্টা করবে এবং চোর অপর খেলোয়াড়দের ধরবে] a kind of rural game (মেদিনী ১৭)

কোন্‌চিয়া koncia দ্র কোঁড়্‌চি (বাঁকুড়া ১৫)

কোনচ্যা koncæ দ্র কোঁড়্‌চি, কোন্‌চিয়া (বাঁকুড়া ১৬)

কোন্‌ছা koncʰɑ দ্র কোড়্‌চি, কোনচিয়া (মেদিনী ১৭)

কোন্‌জুস্ konjus বিণ কৃপণ miserly (বীরভূ ১)

কোন্‌ঠাই kontʰɑĭ বি কোণ a corner (জলপা ৭)

কোন্‌ঠি[১] kontʰi বি অলংকারবিশেষ [কানের পাতায় স্বাভাবিক অলংকার ব্যতীত অনেকে অতিরিক্ত অলংকার পরতে চায়। তারা এজন্য অতিরিক্ত ফুটো করে। এই অতিরিক্ত ফুটোয় যে ছোট রিং-জাতীয় অলংকার পরে তার নাম 'কোন্‌ঠি'] an ear-ring (পদিনা ৪, ১১)

কোন্‌ঠি[২] kontʰi বি কণ্ঠনালী the wind-pipe, the gullet (বর্ধমা ৯, ২৬ মেদিনী ১২ হাওড়া ১, ৮)

কোন্‌ঠিন্ kontʰin দ্র কোঁট্‌কু (পুরুলি ৫) < কোন্ + ঠাঁই

কোন্‌ঠে kontʰe দ্র কোঁট্‌কু ও দাদা, কোন্‌ঠেকোনা জান্, মুইও ওই গ্রামোত্ জাং--ও দাদা, কোথায় যান, আমিও ওই গ্রামে যাব (কোচবি ১ জলপা ৭)

কোন্‌ঠেনে kont^{h}ene দ্র কোঁট্‌কু (পুরুলি ৯ বাঁকুড়া ১৪)

কোন্‌ঠ্যানে kont^{h}æne দ্র কোঁট্‌কু (পুরুলি ৩, ৯) কোনঠ্যানে সাইকেল চাপ্‌তে কুল্‌বেক্‌, কোন্‌ঠ্যানে নাম্‌হে যেতে হবেক্‌--কোথাও সাইকেল চাপতে পারবেন, কোথাও নেমে যেতে হবে (পুরুলি ৩)

কোন্‌ডানো kondɑno ক্রি চুলকানো to itch গতর কোন্‌ডায়--গা চুলকায় (পদিনা ১৩, ১৫) দ্র কোঁদোঁয়ানি

কোন্‌তোর্‌ kontor দ্র কোতর্‌ (পদিনা ১১ মালদা ৪)

কোন্‌দ্‌ kond বি গরুর গাড়ির চাকার মাঝখানে যে লম্বা গর্ত থাকে তার বাইরের লোহার গোল চাকতি an iron disc placed in the out side of the bullock cart wheel (বর্ধমা ২৬)

কোন্‌দা kondɑ বি ডাবা [গরুর জাবনা খাবার ডাবা] a large earthen tub for the cattle (বর্ধমা ১৩)

কোঁন্‌দা kõndɑ ক্রি খনন করা to dig (বীরভূ ১০)

কোন্‌না ছাওয়া konnɑ c^{h}aŏɑ বি কন্যা daughter (জলপা ৬) কোন্‌না (মেয়ে) + ছাওয়া (ছেলে)

কোন্‌নানি konnɑni বিণ কনিষ্ঠা সতীন [দুই বা ততোধিক সতীনের মধ্যে যে কনিষ্ঠা] youngest of the multiple wives of a husband (মেদিনী ৩৪)

কোন্‌না মা konnɑ mɑ বি বিমাতা a step-mother (চব্বিশ ১৯)

কোন্‌নু konnu ক্রি করলাম have done (জলপা ৭ হাওড়া ১, ৮) ফাক্‌শালিতে টাকালা খড়েশ্‌ কোন্‌নু--অনর্থক টাকাগুলো খরচ করলাম (জলপা ৭) আমি সোকাল্‌ থিকে কতো কাজ্‌ কোন্‌নু--আমি সকাল থেকে কত কাজ করলাম (হাওড়া ১, ৮)

কোন্‌-নোখা kon-nok^{h}ɑ বি নখকুনি a whitlow (চব্বিশ ১৭)

কোন্‌ন্যা konnæ বি কনুই an elbow (মুর্শিদা ২৪)

কোন্‌ন্যা ছাড়া konnæ c^{h}ɑɽɑ বি দ্বিরাগমন [বৌভাতের দুই দিন পরে কন্যা ও জামাতা কন্যার পিতৃগৃহে যায়] the ceremony of a newly-wedded bride's coming for the second time to her husband's house from her paternal abode (হাওড়া ১০)

কোন্‌হ্যা konhæ দ্র কোন্‌ন্যা (মুর্শিদা ২৪)

কোনা[১] konɑ বি মাটির বাড়ির চাল-কাঠামোর শীর্ষ-অংশ the top portion of the frame of roof of a mud built house (চব্বিশ ২০)

কোনা[২] konɑ বি ১ হাঁড়ি বা থালা-বাসনের প্রান্ত edge, brim, rim of the plate or pot (বর্ধমা ৮) ২ কাপড়ের প্রান্ত the corner of the cloth (চব্বিশ ২৩)

কোনা[৩] konɑ বি ১ কুন্‌কে [বেতের তৈরি নানামাপের পাত্র হয়--ধান চাল মাপার জন্য বা রাখার জন্য। এগুলির নানারকম নামও আছে। যেগুলিতে ২০০ গ্রা / ২৫০ গ্রাম চাল ধরে সেগুলির নাম 'কোনা'। অনুরূপ পরিমাণ চাল ধরে এমন পাত্র বেতের তৈরি না করে পিতল, দস্তা বা কাঠেরও তৈরি হয়ে থাকে। তবে সবারই নাম 'কোনা'] a unit of dry measure of rice, pigeon, pulses etc. [made of bamboo slip] (বাঁকুড়া ২, ৫, ১২ মেদিনী ৭, হাওড়া ১, ৮) ২ ছোট মাটির ঘট a small earthen pot (চব্বিশ ১১) < কুণিকা (দাস)



কোনাচি[১]

কোনাগালা konɑgɑlɑ বিণ ফুলো-গাল (পুং) who has inflated cheek (মেদিনী ১১)

কোনাগালি konɑgɑli দ্র কোনোগালা (স্ত্রী) (মেদিনী ১১)

কোনা-ঘুস্‌ড়া konɑ-g^{h}usɽɑ বিণ ঘরকুনো home keeping, shy of company (মালদা ১১)

কোনাচ্‌ konɑc বি ১ মাটির বাড়ির কাঠামোয় চার কোণে চারটি যে-কাঠ বা বাঁশ থাকে [এই চারটি কাঠকে এবং মাথার কাঠকে ভিত্তি করে কাঠামোর সব কাঠ বা বাঁশ বিছানো হয়। বাড়ির কাঠামোর পর যখন ছাউনি দেওয়া হয়, তখন এই চারটি কোণে যে-টালি বা টিন বা খড় দেওয়া হয় সেগুলিও স্বতন্ত্র ধরনের। খড়ের ছাউনির বাড়ি হলে ঐ চারটি কোণের কাঠ বা বাঁশের উপর প্রথমে আঁটি খড় গোটা গোটা বেঁধে দেওয়া হয়। তারপর ছাউনি হয় একটানা সর্বত্র। কোনাচের কাঠামোর কাঠ বা বাঁশগুলি অন্যান্য বাঁশ-কাঠের থেকে মোটা হয়] the bamboo or wood, placed in the four corners of the frame of mud-built house (বীরভূ ৮ মেদিনী ৩ হাওড়া ১, ৩, ৮ হুগলি ৫, ১৯) ২ টিনের তৈরি ডোঙা [এই টিন মূলত টিনের ছাউনির বাড়িতে কোনাচে ব্যবহৃত হয়। সম্ভবত এই কারণেই নামটি 'কোনাচ', কিন্তু জলসেচের ডোঙা হিসাবেও ব্যবহৃত হয়] a canoe made from tin for irrigation purposes (চব্বিশ ৩৭)

কোনাচি[১] konɑci বি লোহার তৈরি একপ্রকার খিল [এটি দিয়ে গরুর গাড়ির চাকা আটকানো থাকে] one type of peg made of iron (পদিনা ২)



কোনি ঠালা

কোনাচি[২] konaci বিণ আংশিক সিদ্ধ (চাল) [ছোট উনানে বড় হাঁড়িতে ভাত তৈরি করতে গেলে দেখা যায়, হাঁড়ির কেন্দ্রস্থলটিতে আঁচের উত্তাপ বেশি লাগছে বলে কেন্দ্রস্থলের চালগুলি দ্রুত সিদ্ধ হয়ে ভাত হয়ে যাচ্ছে, পাশের অংশে উত্তাপ কম লাগায় সেখানের চালগুলি আংশিক সিদ্ধ অবস্থায় থেকে যাচ্ছে। এটিই হলো 'কোনাচি'। সম্ভবত হাঁড়ির কোণে চালগুলি থেকে যায় বলে 'কোনাচি' নাম] half boiled rice (মেদিনী ৫)

কোনাচে (ভাত) konace (b^{h}at) দ্র কোনাচি[২] (চব্বিশ ২১)

কোনা-ঢুইক্‌ক্যা kona-ɖ^{h}uikkɛ দ্র কোনা-ঘুসড়া ঘর্ থেইক্যে বের্‌হিয়্যে আয় না রে, কোনাঢুইক্‌কার মত বোইস্যে আছিৎ—ঘর থেকে বেরিয়ে আয় না রে, ঘরকুনোর মতো বসে আছিস (মুর্শিদা ২২)

কোনানো konano ক্রি কন্‌কন্ করা (ব্যথা) to twinge পেট্ কোনাচ্ছে—পেট কন্‌কন্ করছে (হাওড়া ১০)

কোনি[১] koni বি সুপারির কাঁধির মুকুল the blossom of the cluster of betel-nut (কোচবি ২)

কোনি[২] koni বি ১ দ্র কোন্‌ন্যা (চব্বিশ ১২, ১৭, ১৯ নদীয়া ৭ পদিনা ২ বীরভূ ১০ মেদিনী ২১, ২৮, ৩১, ৩৪ হাওড়া ৮) ২ গোড়ালি the ankle, the heel (মালদা ৩)

কোনি[৩] koni বি খুদ a particle or fragment of a grain of rice (মেদিনী ৭, ২৫) < ক্ষুদ্র

কোনি[৪] koni বি ১ নখ a nail of a finger or a toe (মালদা ৪ মুর্শিদা ২০) ২ কোণ (চোখের কোণ, নখের কোণ) the corner of the eye, nail (পদিনা ২, ৪, ১৫) ~ **আঙুল্ koni aŋul** কড়ে আঙুল little finger (মুর্শিদা ১৯)

কোনি উঠা koni ut^{h}a ক্রি আঙুলের নখের পাশে চামড়া ওঠা to come off a strip of skin by the side of the nail (পদিনা ৬) [আঙুলের কোণ থেকেই চামড়া ওঠে। সম্ভবত এই কারণেই 'কোনি উঠা' বলা হয়। কোণ > কোনি

কোনিক্‌কা মাতো konikka mato বিণ সামান্য পরিমাণ a little কোনিক্‌কা মাতো ফেলে দিচ্চে—সামান্য পরিমাণ ফেলে দিচ্ছে(বর্ধমা ৯) তু কণিকার (কণা) মতো

কোনিকল্ konikal বি একপ্রকার ঔষধের গাছ a type of plant used for medicine (জলপা ৭)

কোনিকা পড়া konika pɔɽa ক্রি কলঙ্ক পড়া to stain (মেদিনী ১৮)

কোনি ঠালা koni ṭ^{h}ala বি কোণ ঠেলে রাখার জন্য ব্যবহৃত বাঁশ [পান বরোজ, কুঁড়ে ঘর প্রভৃতি ঝড়ে যাতে ভেঙে না যায়, সেজন্য বাইরের দিক থেকে কোণে একটি করে বাঁশ ঠেলা (ঠেস) দেয়। এই কোণে ঠেলা থেকেই শব্দটি 'কোনি ঠালা' হয়েছে] a bamboo used for mud huts or in betel groves for supporting (হাওড়া ১০)

কোনিদাবা konidaba দ্র কোন্-নোখা (পদিনা ১২)

কোনি পাকা koni paka দ্র কোন্-নোখা, কোনিদাবা (পদিনা ৬) [আঙুলের কোণ পেকে গিয়েই নখকুনি হয়, সেইজন্য এই 'কোনি পাকা' নাম]

কোনি বশা koni bɔʃa দ্র কোন্-নোখা, কোনিদাবা (চব্বিশ ৩৭)

কোনিয়া[১] konia দ্র কোন্‌ন্যা (পদিনা ৬)

কোনিয়া[২] konia দ্র কোন্‌ঠাই তিন্ কোনিয়া ঘর্—তিন-কোণা ঘর (পদিনা ২)

কোনিয়া[৩] konia দ্র কোন্-নোখা, কোনিদাবা (মালদা ৭)

কোনিয়া[৪] konia বি কনে a bride (মেদিনী ২০)

কোনিয়া[৫] konia দ্র কোঁড়্‌চি (মেদিনী ৩৪)

কোনিয়া[৬] konia বি নির্দিষ্ট কাজে ব্যবহৃত একপ্রকার কাঠের গুঁজি [ছুতারের কাঠ চাঁচার সরঞ্জাম 'র‍্যান্দার্'-এর ফলাকে আটকানোর কাজে ব্যবহৃত কাঠের এই গুঁজি কেবল 'র‍্যান্দারেই' লাগানো হয়] a type of wooden peg used by the carpenter (বাঁকুড়া ৭)

কোনিহা koniha দ্র কোন্‌ন্যা, কোনিয়া[১] (পদিনা ৩)

কোনু konu দ্র কোন্‌ন্যা, কোনিয়া[১] (চব্বিশ ১৮, ২৭, ৩৭ নদীয়া ১০ বর্ধমা ৬ হুগলি ১৬)

কোনুও konuo সর্ব কোনো any মোর্ কোনুও ঠিকানা নি ছ্যে—আমার কোনো ঠিকানা নেই (পদিনা ৩)

কোনে[১] kone বিণ ষষ্ঠ সন্তানকে ক্রমানুযায়ী চিহ্নিত করার শব্দ the code number given to the sixth child to identify him/her (বর্ধমা ২২)

কোনে[২] kone বি ১ ছুতার মিস্ত্রীর কাজে ব্যবহৃত সরঞ্জাম, 'হিস্‌কাপ্'-এর অংশ বিশেষ part of the tool used by the carpenter (চব্বিশ ২) ২ দ্র কোনিয়া[৬] (হুগলি ৫)

কোনে[৩] kone বি খুদ (চালের) a particle of a grain of rice (হাওড়া ১০)

কোনে[৪] kone দ্র কোন্‌ন্যা, কোনিয়া[১] (মুর্শিদা ২৪)

কোনেক্ চুর্ konek cur বি একপ্রকার ধান [সোনালি রঙের এই ধানে মুড়ি ভাল হয়। ধানের চাল সরু হয়] a type of paddy (চব্বিশ ২৭) < কনকচূড়

কোনেয়া konea দ্র কোন্‌ন্যা, কোনিয়া[১] (পদিনা ১০)

কোনের্ ঘর্ koner gʰɔr দ্র কোন্‌ঘরা (মালদা ৩)

কোনো[১] kono সর্ব কিছু something (কোচবি ৪ বাঁকুড়া ১৬) কোনো তো বোলি না হে—কিছু তো বলি না হে (কোচবি ৪) উ আর্ কোনো কোইর্‌ব্যেক্ নাই—ও আর কিছু করবে না (বাঁকুড়া ১৬) ['কিছু' শব্দটি যে অর্থ দ্যোতনা করে এই দুটি স্থানে দেখা যাচ্ছে 'কোনো শব্দটি সেই অর্থই দ্যোতনা করছে, যদিও আদর্শ বাংলায় 'কোনো কিছু' একত্রে ব্যবহৃত হয়ে একই অর্থ প্রকাশ করে থাকে]

কোনো[২] kono দ্র কোন্‌ঠাই, কোনিয়া[২] (মেদিনী ৮)

কোনো[৩] kono দ্র কোন্‌ন্যা, কোনিয়া[১] (চব্বিশ ৩৭, হুগলি ১১)

কোনোই konoĭ দ্র কোন্‌ন্যা, কোনিয়া[১] (বাঁকুড়া ১২ মেদিনী ৩ হাওড়া ৩, ৬)

কোনোকাচুলি konokaculi বি কনকাঞ্জলি [এটি বিবাহ সম্পর্কিত একটি লোকাচার। বিয়ের পরদিন বর-কনে যখন বরের বাড়ি যাত্রা করে তখন শেষ মুহূর্তে এই লোকাচার অনুষ্ঠিত হয়। একটি থালার মধ্যে কিছু চাল ও একটা টাকা থাকে। কনের মা আঁচল পেতে পিছন ফিরে থাকে। বর-কনে ঐ থালাটি ধরে আঁচলে ঢেলে দেয় এবং তৎক্ষণাৎ কনের মা নিজের ঘরে ঢুকে পড়ে—পিছন ফিরে আর তাকাবে না] a ceremonial gift of gold made at wedding (হুগলি ৯) দ্র কোন্‌কাজোলি

কোনোজ্ konoj দ্র কোনাচ্ (মুর্শিদা ১১)

কোনো বিড়াল্ kono biɽal বি পুং বিড়াল the tom-cat (মেদিনী ৭) ['কোনো' অর্থে এখানে পুংলিঙ্গ। কিন্তু কেবল বিড়ালের ক্ষেত্রেই তা ব্যবহৃত হয়। ~ ব্যাঙ অর্থে পুং ব্যাঙ নয়]

কোন্যা আঙুল্ konæ aŋul বি কড়ে আঙুল little finger (মালদা ২)

কোন্যা বৌ konæ boŭ বি ছোট বৌ (মেদিনী ৩৪)

কোন্যা মা konæ ma দ্র কোন্‌না মা (চব্বিশ ১৭)

কোপ্‌চি kopci বি কব্জি the wrist (চব্বিশ ২৭ মালদা ৯, ১১ মুর্শিদা ১১, ১৮)

কোপ্‌টি kopti বি মাটির তৈরি সরা a shallow earthen plate (বর্ধমা ১৫)

কোপ্‌টে kopte বি মাটির তৈরি ছোট আকারের ভাঁড় [এই ভাঁড়ের মুখে ঢাকনাও থাকে—মাটির তৈরি। এগুলি হিন্দু-বিবাহের লোকাচারে ব্যবহৃত হয়] a small earthen pot (বর্ধমা ২০ বীরভূ ৫)



কোপ্‌টে

কোপ্‌ট্যা koptæ দ্র কোপটি (বীরভূ ৯ মালদা ২ মুর্শিদা ১৭, ১৯)

কোপ্‌ড়া kopɽa বি দীঘি a large and deep pond (মুর্শিদা ১৭)

কোপ্‌তর্ koptɔr দ্র কোতর্ (মালদা ১১) < কবুতর

কোপ্‌তি kopti বি বগল the armpit (পদিনা ২)

কোপ্‌নি kopni বি ১ কৌপীন a small piece of loin-cloth worn by the fashion of a suspensor by Indian ascetics (বাঁকুড়া ৭ মেদিনী ৮) ২ ধুতির কাছা the part of the loin-cloth which the wearer tucks behind him between his legs (বাঁকুড়া ১) ~ **খাঁচা kopni kʰãca** বি পুরুষের ধুতি পরার এক বিশেষ পদ্ধতি the process of wear a lain-cloth by male (মেদিনী ২৫)

কোপ্‌সিয়ে kopsie ক্রি বিণ আঁটোসাঁটো হয়ে to wear tightly, to put on tightly জামাটা গায়ে কোপ্‌সিয়ে গেইছে—জামাটা গায়ে আঁটোসাঁটো হয়ে গেছে (বীরভূ ৫)

কোপা[১] kopa বিণ অপদার্থ good for nothing কোপা কোথাকার! —অপদার্থ কোথাকার (মুর্শিদা ১৬)

কোপা[২] kopa ১ দ্র ক[১] (দার্জিলি ৩) ২ বি পিট্‌না (ছাদ পিটবার সরঞ্জাম) a type of mallat used by mason (মুর্শিদা ১৭)

কোপাকাঠি kopakatʰi বি পাটকাঠি a stalk of the jute-plant (মেদিনী ৮)

কোপাটি kopati বি কবাডি (খেলা) a type of outdoor game (হাওড়া ১০)

কোপাড়্ kopaɽ বি কচি কলাপাতা (ডগের) (মালদা ৭)

কোপাল্ চিতিয়া kopal citia বিণ চাঁদ কপালি [শব্দটি গরু-ছাগলের ক্ষেত্রে ব্যবহার হয়। গরু-ছাগলের সর্বাঙ্গের রং একরূপ, কিন্তু কপালের রং হঠাৎ ভিন্ন হলে এইরূপ নামে চিহ্নিত হয়] a cow or a goat having a crescent like mark on its forehead (পদিনা ১৩)

কোপালি[২]

কোপালি[১] kopali বি ১ দরজা বা জানালার ঊর্ধ্বাংশে স্থাপিত কাঠ বা বাঁশ [এই কাঠ বা বাঁশ বিছিয়ে দিয়ে তার উপর পুনরায় দেওয়াল তৈরি হয়। অনেক সময় দরজার মাথায় এই কাঠ-বাঁশ বিছানোর সময় একটা তাকের মতো করে রাখে এতে সাংসারিক টুকিটাকি জিনিস রেখে দেয়। কেউ কেউ এই স্থানটি দেখতে সুন্দর লাগার জন্য অর্ধচন্দ্রাকৃতি খিলান করে। তবে সবগুলির নামই 'কোপালি'] lintel (চব্বিশ ৩১ বাঁকুড়া ১৮ হুগলি ৮) ২ চৌকাঠের উপরদিকের কাঠ upper side wood of door or window (পুরুলি ৩, ৪ বাঁকুড়া ৫)

কোপালি[২] kopali বি ১ কনের মাথার মুকুট a crown for the head of bride (মালদা ৮) ২ মেয়েদের কপালের অলংকার an ornament for the forehead of woman (বর্ধমা ১৩)

কোপিতোর্ kopitor দ্র কোতর্ (নদীয়া ৭)

কোপিপাতা মাগ্‌রি kopipata magri বি কানের একপ্রকার অলঙ্কার [সোনার তৈরি এই কানের অলঙ্কার একদা ব্যাপক প্রচলিত ছিল। সম্ভবত কপির পাতার মতো দেখতে ছিল বলেই এইপ্রকার নাম] (বর্ধমা ১২, ২৩ মুর্শিদা ১৬) < মাক্‌ড়ি (দাস)

কোপুর্ kopur বি কর্পূর comphar (পদিনা ৬ মেদিনী ৫, ৩২)

কোপুর্ কাঁতি kopur kãti বি একপ্রকার ধান a type of paddy (মেদিনী ১৫) < কর্পূর কান্তি

কোপের্ বাশ্ koper baʃ বি কুড়াল জাতীয় একপ্রকার অস্ত্র [কামারশালে বড় আকারের কাঠ কাটতে ব্যবহৃত হয়] a type of axe (নদীয়া ১২)

কোপোড়ি kopoɽi বি মাটির বড় কলসি a large earthen pitcher (বাঁকুড়া ১৪)

কোপ্যা kopæ বিণ হাস্যরসিক witty, humorous (মুর্শিদা ১৭)

কোব্‌জি kobji দ্র কোপ্‌চি (চব্বিশ ৩৭ মেদিনী ৬)

কোব্‌তি kobti বি একপ্রকার পাখি [এই পাখির স্বর 'চোখ গেল' বলে] the Indian nightingale, the hawa-cuckoo (মেদিনী ৩১)

কোব্‌তোর্ kobtor দ্র কোপিতোর্ (পদিনা ২ মালদা ৪)

কোব্‌দির্ kobdir বি একপ্রকার বড় ছান্তা a type of perforated ladle (বর্ধমা ২৫)

কোব্‌বো kobbo ক্রি বিণ কখনো at any time আমি কোব্‌বো এ কাইজ্ করতে পারি নি--আমি কখনো এ কাজ করতে পারি না (মেদিনী ২৬)

কোব্‌রালো kobralo বিণ বাঁকা to bend, to curve আর্ এট্টু কোবরালো হোলে ভালো হোতো--আর একটু বাঁকা হলে ভালো হতো (বর্ধমা ২)

কোব্‌রি কলা kobri kɔla বি কাঁঠালি কলা a superior variety of banana (চব্বিশ ৩৭)

কোব্‌লা জোমি kobla jomi বিণ উত্তম মানের কৃষিজমি a best quality land for cultivation (চব্বিশ ১, ১৮)

কোব্‌লি kobli বি আখের ছোট ছোট টুক্‌রো small piece of sugarcane (বাঁকুড়া ১২)

কোব্‌লি গাই kobli gaĩ বিণ সদ্যপ্রসূতা গাভী a cow recently deliverd of a calf (বর্ধমা ৭)

কোবা koba বি ছাদ পেটাবার কাঠের সরঞ্জাম [মুগুর আকৃতির এই সরঞ্জাম দিয়ে পাকাবাড়ির পেটাই ছাদ তৈরি করা হয়। তবে এই সরঞ্জামটি মুগুরের মতো গোল নয়, চ্যাপ্‌টা--অনেকটা ক্রিকেটের ছোট ব্যাটের মতো] a type of mallet used by mason (জলপা ৭ পুরুলি ১৫ মুর্শিদা ৬) দ্র কোপা[২]২

কোবাশি kobaʃi বি চোয়াল the jaw (চব্বিশ ৩১) ~ র্ দাত্ kobaʃir dat কষের দাঁত a molar tooth (চব্বিশ ৩১, ৩৩)

কোবি[১] kobi ক্রি বিণ কবে on what day তুমানে কোবি আইব ঠিক্ করিয়্যা কও--তোমরা কবে আসবে ঠিক করে বল (মেদিনী ২৬)

কোবি[২] kobi বি ১ কপি cabbage or cauliflower (কোচবি ২, ৩ জলপা ৭, ৮ দার্জিলি ৪ পদিনা ৩, ১৫ মালদা ৯) ২ কফি coffee (পদিনা ৩)

কোবিত্‌রো kobitro দ্র কোপিতোর্ (মুর্শিদা ১১)

কোবিতর্ kobitɔr দ্র কোপিতোর্ (মুর্শিদা ৫)

কোবিতোর্ kobitor দ্র কোপিতোর্ (মুর্শিদা ২২, ২৪)

কোবিরোট্ kobirot বি একপ্রকার স্তন্যপায়ী পাখি [বাদুড়ও নয়, আবার চামচিকাও নয়, অথচ এদেরই মতো দেখতে। এই পাখি বেশির ভাগ সময় তালগাছে থাকে] a kind of flying fox (মালদা ৪)

কোবু[১] kobu ক্রি বিণ কখনো at any time (মেদিনী ২৫)

কোবু[২] koba অস ক্রি বলতে to speak হামার্ ভাষাটাই তো কোবু হোবি--আমার ভাষাটাই তো বলতে হবে (পদিনা ৫)

কোবুতোর্ kobutor দ্র কোপিতোর্ (কোচবি ১)

কোবুল্ kobul বি ১ শপথ an oath, a swearing কোবুল্ কর্‌ছি কথার্ খেলাপ্ হবে না--শপথ করছি অন্যথা হবে না (বাঁকুড়া ৬) ২ মানত a promise to offer a particular sacrifice to a deity on fulfilment of a prayer হামার্ পাঠা কোবুল্ ছে--আমার পাঁঠা মানত আছে (মালদা ১১) < আ কবুল্

কোবুলা kobulɑ ক্রি ১ বলা to speak আম্‌রা এ্যাক্‌রকম্ কোবুলি, অরা এ্যাক্‌রকম্--আমরা একরকম বলি আর ওরা একরকম (মুর্শিদা ২) ২ প্রতিশ্রুতি দেওয়া to give a promise / pledge / a covenent অরা কোবুলিছে--ওরা প্রতিশ্রুতি দিয়েছে (বাঁকুড়া ১১)

কোবোই মাচ্ koboĭ mɑc বি কৈ মাছ the walking fish (পদিনা ২) < সং কবয়ী মৎস্য

কোভি kobʰi দ্র কোবু উধর্ কোভি না যাইস্--ঐদিকে কখনো যাস্ না (পদিনা ২, ৩, ৯)

কোম্‌কোম্ লাগা komkom lɑgɑ ক্রি গলা কুটানো [বুনো কচু ইত্যাদি খেলে গলার অভ্যন্তরে কুটকুট্ করে] to feel repeated itching sensation কোম্‌কোম্ লাগেহে খাট্টা লি আই--গলা কুটাচ্ছে টক নিয়ে আয় (মালদা ১১)

কোম্‌চি komci দ্র কোঁড়্‌চি (বীরভূ ৩ মালদা ৯ মুর্শিদা ২২)

কোম্‌ড়ানো চুল্ komɾɑno cul বি কোঁকড়ানো চুল curly hair (চব্বিশ ৭, ৩৩)

কোম্‌নি komni দ্র কোনন্যা (মেদিনী ৩)

কোম্‌নে komne দ্র কোঁট্‌কু (চব্বিশ ৮) কোম্‌নে আচে--কোথায় আছে? (বর্ধমা ১৪)

কোম্‌ব্যালা kombælɑ ক্রি বিণ কখন when মুই এ্যালায় জাং, তুই কোম্‌ব্যালা যাবু--আমি এখন যাব, তুই কখন যাবি? (কোচবি ১)

কোম্ মারা kom mɑrɑ ক্রি বলি দেওয়া to immolate, to sacrifice (হুগলি ৫) < কোপ্ মারা

কোম্‌মে দেওয়া komme deŏɑ ক্রি কমানো to reduce কোম্‌মে দিলো--কমিয়ে দিল (হুগলি ১৬)

কোম্‌রি[১] komri বিণ খেয়ালি লোক whimsical, fanciful ই বড় কোম্‌রি বটে--এ খুব খেয়ালি (বাঁকুড়া ১৫)

কোম্‌রি[২] komri বি ডোঙায় (জলসেচের সরঞ্জাম) ব্যবহৃত বাঁশের বিশেষ অংশ a bamboo-vessel used for watering gardens / corn fields (বর্ধমা ৫)

কোম্‌লানো komlɑno ক্রি বিয়ানো [গাভীর প্রসব হওয়া] to give birth [to a calf] (বাঁকুড়া ১) দ্র কোব্‌লি গাই

কোম্‌লা পড়া komlɑ pɔɾɑ বি চোখের একপ্রকার অসুখ [এতে চোখ হলুদবর্ণ হয়ে যায়, দৃষ্টি কমে যায়] a type of eye disease (মুর্শিদা ৬) দ্র কাম্‌লা (দাস)

কোম্‌লে বাচুর্

কোম্‌লি শাগ্ komli ʃɑg বি কল্‌মি শাক an edible aquatic plant (চব্বিশ ১৯ বর্ধমা ২১ মেদিনী ৩৪) ~ **চচ্চড়ি komli ʃɑg cɔccoɾi** বি কলমি শাকের চচ্চড়ি [শাক কেটে ধুয়ে নিতে হবে। কড়াইতে তেল গরম হলে পিঁয়াজ, লঙ্কা, পাঁচফোড়ন সহযোগে শাক নাড়তে নাড়তে নুন, হলুদ, সরষে বাটা, লঙ্কা বাটা দিয়ে নেড়ে জল দিতে হবে। জল শুকিয়ে গেলে আবার অল্প তেল দিয়ে নেড়ে নিতে হবে] a dry dish of kalmia cooked in a little oil (মেদিনী ৩৪)

কোম্‌লে বাচুর্ komle bɑcur বি নবজাত বাছুর newly born calf (হাওড়া ১০) তু আ বা কোমল

কোমর্ দোড়ি komɔɾ doɾi বি ঘুন্‌সি a coloured thread worn round the waist (পুরুলি ১৭ মেদিনী ৯, ৩২)

কোমি দুয়া komi duɑ দ্র কোম্‌মে দেওয়া (মেদিনী ৬, ১৯, ২২, ২৬ হাওড়া ১, ৮) তোর্‌কিটা টুকু কোমি দও--তরকারিটা একটু কমিয়ে দাও (মেদিনী ২২) আমি একটু কোমি দিতে বোল্‌নু--আমি একটু কমিয়ে দিতে বললাম (হাওড়া ১)

কোমিন্ komin বি গালিগালাজ বিশেষ ['কামিন' অর্থে মজুর। কাউকে 'মুটে-মজুর' বললে তার প্রতি অবজ্ঞা প্রদর্শন করা হয়। তেমনি 'কামিন' শব্দটিও অবজ্ঞা থেকে গালিগালাজে রূপ পেয়েছে। 'কোমিনের বেটা' আর একপ্রকার গালিগালাজ] an abusing term (বীরভূ ৭) তু আ বা কুলিকামিন

কোমোর্ komor বি ছুতার মিস্ত্রির কাঠে ছিদ্র করার জন্য 'সর্‌কালি' নামক যন্ত্রের অংশ বিশেষ [এই অংশে দড়ি জড়িয়ে ঘোরানো হয়] a portion of a carpenter's drill (চব্বিশ ২৩) ~ **কোচ্ komor koc** বি অলংকার বিশেষ [কোমরে পরার বিছা বা গোট] an ornament of women (দার্জিলি ৪) ~ **পেটা komor peṭɑ** আড়াই-তিন হাত লম্বা এবং এক বিঘৎ চওড়া দুই মুখ-বিশিষ্ট থলি--'গেঁজে' [এই থলির মধ্যে ব্যবসায়ীরা টাকা-পয়সা রেখে কোমরে বাঁধে। ব্যবসায়ীদের বহু টাকা নিয়ে



কোয়াঠুগ্‌রি খেল্

নিরাপদে যাতায়াত করার সহজ ব্যবস্থা এটাই] tubular purse made of cloth (চব্বিশ ১৭)

কোমোর্-পাটা komor-pɑʈɑ বি কোমরে পরিধেয় চট বা বস্তা [খেজুর বা তালগাছে যে ব্যক্তি রস আহরণের জন্য ওঠে সে নিজ পরিধানের উপর দুই ভাঁজ করে চট কোমরে জড়িয়ে নেয়। তার উপর মোটা দড়ি দিয়ে বাঁধে—যাতে চটের ভাঁজ খুলে না যায়। এবার তালপাতার তৈরি একপ্রকার ঝুড়িতে দা-ছুরি নিয়ে কোমরের পিছন দিকে বাঁধে—যেখানে ইতিমধ্যে চট বাঁধা হয়েছে। এই ঝুড়িটি চটের উপরে রাখা হয়। সম্ভবত আশঙ্কা করা হয় যে, গাছের উপরে উঠে কাজ করার সময় অসতর্কভাবে ছুরি-দা কোমরে আঘাত করতে পারে] a thick apron of jute / sackcloth worn over the loincloth by the man who goes up the palmtrees to incise (চব্বিশ ৩৩)

কোমোর্ মাটি komor mɑʈi বি কুমোরের কাজের উপযোগী মাটি [কুমোর মাটির হাঁড়ি-কলসি তৈরির জন্য বিশেষ ধরনের এঁটেল মাটি ব্যবহার করে। এই মাটি সর্বত্র পাওয়া যায় না] a special type of clay used by the potter (হুগলি ৫)

কোমোর্শালি komorʃɑli বি আঁকশালী the fulcrum of a husking pedal (পদিনা ১১) দ্র আঁক্‌শলোই

কোমোর্হুড়া komorhuɽɑ বি কাছা [বস্ত্রখণ্ড] দ্র কোপ্‌নি ২ (জলপা ৭)

কোমোরি komori দ্র কোমোর্শালি (মালদা ৪)

কোমোল্ কাটা komol kɑʈɑ বি কোমরের একপ্রকার চর্মরোগ [কাপড় সর্বদা এঁটে পরার ফলে কারো কারো কোমরের দুইপাশে দাদের মতো একপ্রকার চর্মরোগ হয়] a type of skin disease of the waist (বাঁকুড়া ৫)

কোয় koĕ বি কোয়া (লেবুর) a pod (বর্ধমা ২) অষ্ট্রিক শব্দ। হো ভাষায় কোয়া অর্থে ছোট অংশ

কোয়য়া koĕɑ বি আমের কুসি the mango in green and undeveloped state (কোচবি ৩)

কোয়লাহুড়ি koĕlɑhuɽi বিণ ঝগড়াটে quarrelsome ইয়া কোয়লাহুড়ি বড়—এ খুব ঝগড়াটে (মেদিনী ২০)

কায়া[১] koɑ দ্র কোড়িয়্যা[১] (পুরুলি ৫ বাঁকুড়া ১২) কোয়াটা খেদে দে—কাকটা তাড়িয়ে দে (বাঁকুড়া ১২)

কোয়া[২] koɑ বি কুয়াশা fog (পদিনা ২)

কোয়া[৩] koɑ বি মইয়ের ধাপ steps of the ladder (চব্বিশ ২১, ২৭ নদীয়া ১৩ পদিনা ২ বীরভূ ১)

কোঁয়া[১] kõɑ দ্র কোয়য়া (জলপা ৩ বীরভূ ৮)

কোঁয়া[২] kõɑ দ্র কোয়া[২] (মেদিনী ৫)

কোঁয়া[৩] kõɑ ফালি বা টুকরো (লেবু বা কুমড়োর) a small slice of (বীরভূ ৮ মুর্শিদা ১৪)

কোয়াজলি (ধান্) koɑjɔli (dʰɑn) বি একপ্রকার কালো মোটা আউস ধান a coarse type of paddy ripening in the rainy season or in autumn (মালদা ৩)

কোয়াঠুক্‌রি koɑtʰukri বি কাঠঠোকরা পাখি the woodpecker (পদিনা ৮)

কোয়াঠুগ্‌রি খেল্ koɑtʰugri kʰel বি একপ্রকার গ্রামীণ অঙ্গনের খেলা [প্রতিযোগী দুইজন ছকের মুখোমুখি বসে। প্রত্যেকের নয়টি করে গুটি নিজের ঘরের নয়টি ছেদ-অংশে বসানো থাকে। এবার একে অন্যের গুটি ডিঙিয়ে খেতে থাকবে। এজন্য একে অন্যের ঘরের মধ্যে চলে যাবে। যার সব গুটি অপরজন খেয়ে শেষ করে দেবে সে পরাজিত বলে গণ্য হবে] a kind of folk game (পদিনা ৪)

কোয়াড়ি koɑɽi বি বাঁশের তৈরি দরজা [কুঁড়ে ঘরে বসবাসকারী মানুষ ঘরের দরজা কাঠ দিয়ে তৈরি করার সামর্থ্য রাখে না। সহজলভ্য বাঁশ দিয়েই দরজা তৈরি করে নেয়] a door made of bamboo (কোচবি ৩ জলপা ৭, ৮)

কোয়াড়ি ঘুন্নি koɑɽi gʰunni বি বড় ফানুস ঘুড়ি a large paper-balloon, a large lamp shade made of paper (নদীয়া ১)

কোয়ান্ koɑn বিণ গভীর deep (বর্ধমা ৯)

কোয়ানি koɑni বি কনুই elbow (মেদিনী ১৫) দ্র কোন্‌ন্যা

কোয়া বগ koɑ bɔg বি কোঁচ বক *Ardeola grayii* (বীরভূ ৫)

কোয়া মারা koɑ mɑrɑ ক্রি গোঁৎ খাওয়া [কেবলমাত্র ঘুড়ির ক্ষেত্রে] to make a sudden and quick headlong movement [used only in case of kite playing] (বর্ধমা ২)

কোয়ারি koɑri বি ছোট চৌকনা জমি a square shaped land (বর্ধমা ১৫)

কোঁয়ালে বাছুর্ kõɑle bɑcʰur দ্র কোম্‌লে বাচুর্ (নদীয়া ১০)

কোয়াশ্ koɑʃ বি মাছের কানকো the gill of a fish (পুরুলি ৪, ৮)

কোয়াশা koaʃa দ্র কোয়া[২] (চব্বিশ ৩৭ পদিনা ৯)

কোয়াশি koaʃi দ্র কোয়া[২] (পদিনা ৯)

কোয়াশোন্ koaʃon বি অর্জুন গাছ a kind of tree [the juice of its bark is used as a cordial medicine] (পুরুলি ২, ৫)

কোয়েটা koeʈa দ্র কোটুয়া (পদিনা ৫)

কোয়ের্ koer বি একপ্রকার পাখি [অনেকটা কোকিলের মতো দেখতে] a type of bird akin to the cuckoo (বাঁকুড়া ১)

কোয়েল্ koel দ্র কোয়য়া (মালদা ১, ২)

কোয়্যা koɛ দ্র কোড়িয়্যা[১] (মুর্শিদা ১০)

কোর্[১] kor বি কুল the jujube (পুরুলি ২, ৫)

কোর্[২] kor বিণ অসমতল [মাটির দেয়াল তৈরির সময় অসাবধানে কখনো কখনো দেয়াল অসমতল হয়ে যায়। এই শব্দটি দেয়াল তৈরির সঙ্গে যুক্ত কর্মীরাই ব্যবহার করে] not smooth or plain, uneven (বর্ধমা ২২)

কোর্[৩] kor বি বাঁশের চারা a young bamboo-sprout (হুগলি ১৫) < সং অঙ্কুর

কোর্[৪] kor বি মশারির নেয়ার (ফিতে) a sort of broad tape used to suspend a mosquito-curtain or to strengthen its upper rim (পদিনা ৬) ~ **করা kor kɔra** ক্রি ১ কারিকুরি করা to artistry চুল্টা একটু কোর্ করে দেন্—চুলছাঁটায় একটু কারিকুরি করে দেন (বাঁকুড়া ১৪) ২ কৌশল করা [কুমার চাকে চাপানো কাদামাটির স্তূপে দু-আঙুলের সাহায্যে কৌশলে গর্ত করে কাদা-মাটিকে নির্দিষ্ট পাত্রের আকৃতি দেয়] to deceive artfully (পুরুলি ৮)

কোর্কোরিয়া korkoria বি বাঁশের তৈরি ঝাঁটা [বাঁশের লম্বা পাব অংশ নিয়ে চেলাই করে সরু সরু কাঠি তৈরি করে। ঐ কাঠিসমূহ মসৃণ করে গুচ্ছ বেঁধে ঝাঁটা তৈরি করে। তবে এই ঝাঁটা নারকেল কাঠির ঝাঁটার মতো লম্বা হয় না। সম্ভবত এই সব এলাকায় বাঁশ সহজলভ্য, তাই বাঁশের ঝাঁটা হয়। নারকেল গাছ অপ্রতুল, তাই নারকেল কাঠির ঝাঁটার তেমন চল নেই] broom made of bamboo stick (জলপা ৮)

কোর্কোরিয়া ব্যাঙ্ korkoria bæŋ দ্র কোট্রাই ব্যাঙ্ (পদিনা ২)

কোর্ কোর্ kor kor দ্র কোড়ো কোড়ো (বীরভূ ৮)

কোর্খা korkʰa বি একপ্রকার বাদ্যযন্ত্র [অনেকটা ড্রামের মতো, দুটি কাঠি দিয়ে বাজানো হয়] a type of musical instrument, a drum (জলপা ১) দ্র কর্কা

কোর্গা korga বি ছুতার মিস্ত্রি a carpenter (বাঁকুড়া ১)

কোঁর্চি kõrci দ্র কোঁইচা (বর্ধমা ৪, ১৮, বাঁকুড়া ৭)

কোর্[৩]

কোর্চুলি korculi বি হাতা [ঝোল, তরকারি, ডাল ইত্যাদি তোলার জন্য গোল মুখওয়ালা হাতা]) a ladle (পদিনা ৬)

কোর্ছিত্ korcʰit ক্রি করছিস (you) are doing হুমুড়্ খুসুড়্ কোরছিত্ ক্যানো—উস্খুস্ করছিস কেন (মুর্শিদা ২২, ২৩)

কোর্ছু korcʰu ক্রি করছিস, করেছিস (you) have done কাজ্টা কোর্ছু তো—কাজটা করছিস্ তো (হাওড়া ৮) তুই কোর্ছু—তুই করেছিস (মেদিনী ২১)

কোর্জলা korjɔla বি পরগাছা a parasitic plant (পদিনা ১৩)

কোর্টু kortu দ্র কোর্ছিত্ গোল্মাল্ কোর্টু ক্যানে—গোলমাল করছিস কেন (মেদিনী ৮)

কোর্তলা kortɔla বি কুয়োতলা the well side (পদিনা ৮) < কুয়োর + তলা

কোর্তে korte ক্রি বিণ চেয়ে [তুলনামূলক] than / comparative আমাদের্ কোর্তে ফর্সা—আমাদের চেয়ে ফর্সা (মুর্শিদা ১৫)

কোর্তোক্ kortok ক্রি করতো used to / would উ গান্ কোর্তোক্—ও গান গাইত [করতো] (মুর্শিদা ২২) [নিত্যবৃত্ত অতীতকালের ক্রিয়াপদের এইরূপ ব্যবহার বহু দেখা যায়। যেমন—উ ইস্কুল্যে পোড়্তোক্—ও স্কুলে পড়তো]

কোর্ দা kor da বি একপ্রকার দা a type of a chopper with a haft (পদিনা ৩)

কোর্দুন্ kordun দ্র কোমর্দোড়ি (মালদা ১১)

কোর্ধুন্ kordʰun দ্র কোমর্দোড়ি, কোর্দুন্ (মালদা ৩)

কোর্না korna বিণ কোট্না a procurer, a pander (চব্বিশ ১৫)

কোর্নি[১] korni বিণ নির্মাণকারিণী [বাঁশের বা বেতের ঝুড়ি ইত্যাদি তৈরি করে হাটে হাটে বিক্রি করে থাকে যে স্ত্রীলোক] the woman who make the basket with bamboo / cane stick (হুগলি ১৯) < কর্ + নি (স্ত্রী)



কোর্ বাটালি

কোর্নি[২] korni বি কর্নিক্ [রাজমিস্ত্রির কাজের অন্যতম সরঞ্জাম] trowel of mason (পুরুলি ৩, ৫ বীরভূ ৮)

কোর্ফুল্ korpʰul বি কল্কে the bowl of a hookah which holds tobacco and cinder (পদিনা ১০)

কোর্বাই হোবে korbaĭ hobe ক্রি করতে হবে have to do (পদিনা ৪)

কোর্ বাটালি kor baṭali বি একপ্রকার বাটালি [ছুতার মিস্ত্রির কাজের সরঞ্জাম। কাঠকে গোল বা অর্ধ গোলাকৃতি করে কাটার জন্য এই সরঞ্জাম কাজে লাগে। বাঁকা পাত যুক্ত বাটালি। এই পাতের অগ্রভাগ অর্ধগোলাকৃতি] a type of chisel used by the carpenter (বর্ধমা ৬)

কোর্ বাটুলি kor baṭuli দ্র কোর্ বাটালি (হাওড়া ১০)

কোর্বা নি পারিম্ korba ni parim ক্রি করতে পারব না I/We can't do মোর্ দারা এখেন্ কাম্ হোবে নি, মুই কোর্বা নি পারিম্--আমার দ্বারা এখন কাজ হবে না, আমি করতে পারব না (পদিনা ৯) < কোর্বার্ + নি + পারিম্

কোর্মান্ডা kormanḍa ক্রি বিণ আসন পিঁড়ি (হয়ে বসা) to squat (মেদিনী ২৮)

কোর্মি[১] kormi বিণ কর্মপটু active (পদিনা ১১) < কর্মী

কোর্মি[২] kormi বি একপ্রকার ফসল [ভুট্টা বা মকাই গাছের মতো গাছে ছোট আকারের দানা] a type of crop (মুর্শিদা ১৭, ১৯) ~ **শাল kormi ʃal** বি একপ্রকার ধান a type of paddy (চব্বিশ ৩৭)

কোর্মিকার্ kormikar দ্র কোর্মি[১] (মেদিনী ২৮)

কোর্মিস্টি kormisṭi দ্র কোর্মি[১], কোর্মিকার্ (পদিনা ৫ পুরুলি ৬)

কোর্মু kormu ক্রি করব shall do মুই কাম্খান্ কোর্মু--আমি কাজটা করব (পদিনা ৭, ৮, ১০, ১২) ~ **ই kormuĭ** ক্রি করবই কাম্খান্ কর্মুই--কাজটা করবই (পদিনা ৭)

কোর্শুত্ korʃut বি গিঁট a knot কোর্শুত্ দিশি--গিঁট দিয়েছি (পদিনা ২)

কোর্শুদ্ korʃud বি কাঠে দাগ দেবার একপ্রকার সরঞ্জাম [ছুতোর মিস্ত্রি কাঠে দাগ দেবার জন্য এই সরঞ্জাম ব্যবহার করে থাকে। এই দাগ পেন্সিল বা খড়ি দিয়ে হয় না। কাঠের উপর পেরেকের আঁকচেরা দাগ] an instrument used by curpenter to draw line on wood (বীরভূ ১৪)

কোর্শুল্ korʃul বি লোহার তৈরি বড় হাতা a large ladle made of iron (বীরভূ ১)

কোর্সা korsa দ্র কোড্শ্যা, কোঁড়োচ্ কোর্সেতে পয়সা গুঁজা আছে--ট্যাকে পয়সা গোঁজা আছে (বীরভূ ৮, ১১)

কোর্সুত্[১] korsut দ্র কোর্শুদ্ (মালদা ১)

কোর্সুত্[২] korsut দ্র কোর্শুল্ (পদিনা ৩)

কোর্সুদ্ korsud দ্র কোমর্দোড়ি (পদিনা ২, ৮ মালদা ৩)

কোর্ হোয়ে শোয়া kor hoe ʃoa ক্রি পাশ ফিরে শোয়া to turn on the side (পদিনা ১১)

কোর্হিয়া korhia বি কড়াইয়ের হাতল a handle of a large tumbler-like cooking utensil (পদিনা ২)

কোরগ্ নেওয়া মুর্গি korɔg neŏa murgi বি যে মুরগি ডিম পাড়ার নির্দিষ্ট দিন শেষ হবার পর ডিমে তা দেবার অভিপ্রায়ে বসে থাকে [এই সময় মুরগি খুবই ঝিমিয়ে থাকে, প্রায় না-খাওয়া অবস্থায় থাকে। এটা কোনো অসুখ নয়, প্রাকৃতিক নিয়ম] the hen which is sitting upon eggs to hatch/incubate the eggs (বর্ধমা ১২, ১৬)

কোরা[১] kora বি দরজার কড়া a metal ring of door (বর্ধমা ২৩)

কোরা[২] kora বি ভার বহনের বাঁক a piece of long and bent pole borne on one's shoulder for carrying loads fastened to its ends (দার্জিলি ২)

কোঁরা kõra বাঁশের চারা sprout of bamboo (বর্ধমা ৫, ৭) দ্র কোঁড়া[৭]

কোরাংগা koraŋga বিণ নির্বীর্যণকারী [এঁড়ে বাছুর বা পুং ছাগশিশুকে যে-ব্যক্তি ছাঁট করে বলদ, খাসি করে] the person who sterilizes the animal (হাওড়া ৬) তু কোরঙ্গা

কোরাঠি koraṭʰi বি কড়া (পায়ের তলার) foot corn (মালদা ৭) < কড়া + আঁঠি

কোরাতে শিম্ korate ʃim বি একজাতীয় শিম [করাতের মতো দখতে এই শিমের চারটি শির আছে] a kind of kidney-bean (চব্বিশ ৭)

কোরি kori বি ধানের গোলা a corn-bin (চব্বিশ ১৭) দ্র কোড়ুই

কোরি (আঙুল্) kori (aŋul) বি কড়ে (আঙুল) a little finger (বর্ধমা ১৮) দ্র কোন্যা আঙুল্

কোরি কাদো খ্যালা kori kado k^{h}æla বি হিন্দুদের একপ্রকার ধর্মীয় খেলা [জন্মাষ্টমী বা রাধাষ্টমীতে একজন ছেলে এককভাবে এই খেলা খেলে মুন্সীয়ানা দেখায়। বারো ঘরের একটি লম্বা ছক প্রাঙ্গণে কাটা হয়। ১নং ঘরে ১২টি কড়ি থাকে। 'খেলটুক্' (খেলোয়াড়) ১নং ঘর থেকে একটি কড়ি তুলে নিয়ে ঐ ঘরে একবার ওঠা-বসা করবে। কড়িটি হাতে নিয়ে এইবার ২নং ঘরে যাবে এবং একবার ওঠা-বসা করবে। এইভাবে ১২নং ঘর পর্যন্ত প্রতি ঘরে একবার করে ওঠা-বসা করে ১২নং ঘরে গিয়ে কড়িটি রাখবে। সেখান থেকে ঐভাবে প্রতি ঘরে ওঠা-বসা করতে করতে ১নং ঘরে আসবে। ১নং ঘর থেকে আবার একটি কড়ি নিয়ে একই পদ্ধতিতে ১১নং ঘরে যাবে। সেখানে দ্বিতীয় কড়িটি রেখে প্রতি ঘরে ওঠা-বসা করতে করতে আবার ১নং ঘরে আসবে। এইভাবে ক্রমান্বয়ে ১০, ৯,৮, ৭, ৬, ৫, ৪, ৩, ২ এবং ১নং ঘরে একটি করে কড়ি রাখবে। প্রতি ঘরে ওঠা-বসা করতে করতে যেমন কড়িগুলি রাখা হলো, তেমনি আবার প্রতি ঘরে ওঠা-বসা করতে করতে কড়িগুলি তুলতে হবে। যে খেলোয়াড় কোনো প্রকার বিশ্রাম না নিয়ে সফল হবে সে একটি গামছা, পান, সুপারি পাবে] a kind of ritual folk game (জলপা ৭)

কোরি কোইজা kori koĭja বি ঝগড়াঝাঁটি quarrels (মেদিনী ৮)

কোরি খ্যালা kori k^{h}æla বি কড়ি খেলা [কমপক্ষে চারজন, ঊর্ধ্বপক্ষে সাতজন খেলোয়াড় থাকে। প্রত্যেকে পৃথক সত্তায় অঙ্গনে খেলে। কড়ির সংখ্যা পাঁচ বা সাত হবে। মাটিতে প্রায় দেড়-দুই ফুট লম্বা-চওড়া সীমানার মধ্যে এক একজন খেলোয়াড় ক্রমান্বয়ে মুঠো করে কড়িগুলি চালে। চালার পর কড়িগুলি যদি সব 'চিতোর্' (চিৎ) হয়ে পড়ে তবেই সেই খেলোয়াড়ের চাল গণনা শুরু হবে এর অব্যবহিত পরের চাল থেকে। অর্থাৎ প্রথমবারের সবগুলি কড়ি চিৎ হবার পরই সে আবার কড়ি চালার সুযোগ পাবে। এই দ্বিতীয়বারের কড়ি চালা থেকেই তার গণনা শুরু হয়। গণনার নিয়ম হলো যে কড়িগুলি চিৎ হয়ে থাকবে সেই কড়ির সংখ্যাগুলি। এক থেকে গণনা আরম্ভ হয়ে ২০ পর্যন্ত হলে 'এক পাটি' হয়। এক পাটির পর পুনরায় এক থেকে আরম্ভ হয়। যে-কয়টি পাটি হলো তা পাশে মাটিতে দাগ দিয়ে রাখে। এইভাবে যে খেলোয়াড় সবচেয়ে বেশি 'পাটি' করে সে জয়ী হবে] a kind of indoor folk game (জলপা ৭)

কোরিটি koriţi ক্রি করছি / করিতেছি (I) am doing (মেদিনী ৩)



কোরি কাদো খ্যালা

কোরিত্ korit অস ক্রি করতে to do চল্ কাম্ কোরিত্ যাই--চল্ কাজ করতে যাই (জলপা ৪)

কোরিবার্ koribar দ্র কোরিত্ মুই কাম্টা কোরিবার্ পার নি--আমি কাজটা করতে পারি নি (পদিনা ৭, ১০, ১২)

কোরিম্ক্যে korimkɛ ক্রি করবই (I) must do (it) মুই ইখান্ কাম্ কোরিম্ক্যে--আমি এই কাজটা করবই (পদিনা ৩)

কোরিয়া koriɑ বি কানের মাক্ড়ি an ear ring (পদিনা ২)

কোরিল্ koril বি বাঁশের অঙ্কুর the sprout of bamboo (পুরুলি ৫, ১২)

কোরিহা korihɑ বিণ কুঁড়ে, অলস idle (মালদা ৭) < সাঁও কুড়িহা (Campbell)

কোরিহিন্যে korihinɛ অস ক্রি করে doing কাম্টা কোরিহিন্যে যাম্--কাজটা করে যাব (পদিনা ১০)

কোরুই koruĭ বি ধানের গোলা a corn-bin (চব্বিশ ৮, ২৭) দ্র কোড়ুই

কোরুচু korucu ক্রি করছে (he) is doing মেঘ্ হুড়্হুড়্ কোরুচু--মেঘ ডাকছে (মেদিনী ৮)

কোরুঠু koruṭ^{h}u ক্রি করছিস (you) are doing তুই কি কাইজ্ কোরুঠু যে অখঁ আস্তে পার্বুনি--তুই কি কাজ করছিস যে এখন আসতে পারবি না? (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬)

কোরুথু koruth^{h}u দ্র কোরুঠু এখ্নে কি কোরুথু--এখানে কি করছিস (মেদিনী ৩৪)

কোরুয়া koruɑ অস ক্রি করতে to do তোক্ ইলা কে মুন্শিহাতি কোরুয়া কহেচে--তোকে কে এইসব ওস্তাদি করতে বলেছে? (পদিনা ২)

কোরেও koreŏ অ থেকেও বা চেয়েও than, from, differ আমাদের্ কোরেও ওদের্ অন্যরকম্ ভাষা--আমাদের থেকে ওদের অন্যরকম ভাষা (বাঁকুড়া ১)

কোরোই koroĭ দ্র কোরুই (মেদিনী ১১, ১৫, ২৯)

কোরোই বাছুর্ koroĭ bac^{h}ur বিণ বক্না বাছুর a young female cow that has not yet calved (মেদিনী ৮) < সাঁও কুড়ি = মেয়ে (Campbell)

কোরোল্[১]

কোরোক্ মুর্‌গি korok murgi দ্র কোরগ্ নেওয়া মুরগি (বর্ধমা ২২)

কোরোগ্ নেওয়া korog neŏa দ্র কোরগ্ নেওয়া মুরগি (বর্ধমা ১৬)

কোরোঙ্গা koroŋga বিণ যে কৃষক গরুর প্রকৃতি বা হাবভাব বোঝে [অলস বলদ, নতুন বলদ, মারকুটে বলদ ইত্যাদিকে বশে আনতে এই কৃষকরা পারদর্শী] the ploughman who is expart about the behaviour of bullock (চব্বিশ ১১)

কোঁরোচ্ kõroc দ্র কোঁড়োচ্ (বর্ধমা ২)

কোরোঠ্ korot^{h} বি পাশ side কোরোঠ্ ভেঙে শুয়া--পাশ ফিরে শোয়া (মেদিনী ১৩)

কোরোন্ koron বি কুরুনি [নারিকেল ইত্যাদি ফল কোরার জন্য ফলায় দাঁতযুক্ত সরঞ্জাম] a notched tool for scraping coconut, a coconut scraper (চব্বিশ ৩৯)

কোরোন্‌জা koronja দ্র কগ্‌জা [এই সোনার হারে কুলের দানার মতো বল বসানো থাকে] (পদিনা ৪)

কোরোল্[১] korol বি ঈগল an eagle (চব্বিশ ১৫)

কোরোল্[২] korol দ্র কোরিল্ (পুরুলি ১০, ১২)

কোল্[১] kol বি ১ কুসি [আমের] the mango in green and undeveloped state (বীরভূ ৯, ২৫ মালদা ১, ৮ মুর্শিদা ১১, ১৭) ২ অঙ্কুর a sprout ধানের্ কোল্--ধানের অঙ্কুর the sprout of paddy (হুগলি ১৬)

কোল্[২] kol বি ১ মুষ্টি hand-ful এ্যাক্ কোল্ মুড়ি দ্যান্ গো--এক মুঠো মুড়ি দিন গো (বীরভূ ৪ মুর্শিদা ১৭) ২ গণ্ডূষ a mouthful or handful of water এ্যাক্ কোল্ জল্--এক গণ্ডূষ জল (মুর্শিদা ১০)

কোল্[৩] kol ১ বিণ নিচু low কোল্ মাট--নিচু মাঠ (নদীয়া ১০ হুগলি ১৯) ২ ঠোঁটের প্রান্ত corner of the lips কোলে ঘা--ঠোঁটের প্রান্তে ঘা (মেদিনী ২০)

কোল্ আঁচ্‌লা kol ãcla বি শাড়ির যে আঁচল মেয়েরা কোলভাগে (কোমরে) পরে an end of a *sharee* (চব্বিশ ১১)

কোল্-আঁজি দেওয়া kol-ãji deŏa ক্রি কাদা-করা চাষের জমির আলের গায়ে নরম মাটি লেপে দেওয়া [যাতে ঐ জমির জল কোনো প্রকারের ছিদ্র দিয়ে বাইরে যেতে না পারে] to coat /smear the soft clay on the body of the dyke of cultivated land কোল্-আঁজি দিইছিনু, তোবু তো জল্ বেরি গ্যাচে--কাদামাটি আলের কোলে লেপে দিয়েছিলাম তবুও তো জল বেরিয়ে গেছে (হাওড়া ৩)

কোল্ আদারি kol adari বিণ রাত্রির শেষ প্রহর the last three hours of the night (বর্ধমা ২৩) < কোল্ + আঁধারি

কোল্‌কা kolka দ্র কোর্‌ফুল্ (চব্বিশ ১৭ মেদিনী ৭)

কোল্‌কাক্ kolkak বি কোলাহল a loud confused noise or shout [as of many persons are speaking loudly at the same time] (জলপা ১)

কোল্‌কাটা kolkata ক্রি জাবর কাটা to chew the cud (বীরভূ ১৩)

কোল্‌কি kolki দ্র কোর্‌ফুল্, কোল্‌কা (চব্বিশ ৪ পদিনা ১, ৩, ১১ বর্ধমা ২৩ মালদা ১ মেদিনী ৩৫ হুগলি ১)

কোল্‌কিয়া kolkia দ্র কোর্‌ফুল্, কোল্‌কা (মেদিনী ৪)

কোল্‌কুচি kolkuci বি কুলকুচি act of taking water into one's mouth and shaking it for the purpose of washing (বীরভূ ৩)

কোল্‌কুলিয়া kolkulia দ্র কোটি জিব্ (দার্জিলি ৪)

কোল্‌কে kolke বি একপ্রকার ফড়িং [ফড়িং দুই জাতের--গঙ্গা ফড়িং, কোল্‌কে ফড়িং। গঙ্গা ফড়িং আকারে বেশ বড়, লম্বা, রঙ সবুজ। কোল্‌কে ফড়িং আকারে ছোট, কালো বা গাঢ় ছাই রঙের--তার উপর দাগ কাটা থাকে] a type of grasshopper (চব্বিশ ৩৩)

কোল্ কোল্ খ্যালা kol kol k^{h}æla বি ছোট নুড়িপাথর নিয়ে গ্রামীণ মেয়েদের একপ্রকার খেলা [উপকরণ পাঁচটি নুড়িপাথর। প্রতিযোগী দুইজন কিশোরী। খেলাটির পাঁচটি পর্যায় আছে। প্রথমে একজন ঐ পাঁচটি গুটি খুবই সংক্ষিপ্ত পরিসরে ছড়িয়ে দেয়। এবার যে-কোনো একটি গুটি তুলে নিয়ে সে সামান্য উপরে ছুঁড়ে দেয় ও সেটি পড়ার আগেই মাটিতে পড়ে থাকা গুটির মধ্যে একটি তুলে নিয়ে পড়ন্ত গুটিকে ধরে। এইভাবে হাতের একটি গুটি ছুঁড়ে দেয় ও মাটির একটি তুলে নিয়ে শেষপর্যন্ত পাঁচটিকেই হাতে নিয়ে আসে। এই পর্যায়টি সফল হলে দ্বিতীয় পর্যায় শুরু হয়। একটি গুটি তুলে ছুঁড়ে দিয়ে একত্রে দুটি গুটি মাটি থেকে তুলে পড়ন্ত গুটিকে ধরে। আবার এইভাবে আরো দুটিকে তুলে হাতে সব গুটি এনে ফেলে। এবার তৃতীয় পর্যায়। একটি গুটি উপরে ছুঁড়ে দিয়ে একত্রে তিনটি গুটি মাটি থেকে নিয়েই পড়ন্ত গুটিকে ধরে। শেষ গুটিকে তুলে

আবার পড়ন্ত গুটি ধরে। চতুর্থ পর্যায়ে প্রথমে একটি তুলে উপরে ছুঁড়ে দিয়ে বাকি চারটি একত্রে নিয়ে পড়ন্ত গুটিটিকে ধরে। পঞ্চম পর্যায়ে পাঁচটি গুটি ছড়িয়ে দিয়ে আবার একত্রে তুলে নেয়] a kind of rural folk game of girls (বর্ধমা ১৬)

কোল্‌কোলিয়া kolkolia বি ১ গলার কণ্ঠা clavicle, collar bone (দার্জিলি ২, ৪) ২ আলজিব the uvula (দার্জিলি ৩ পদিনা ৮ মালদা ১১)

কোল্‌ক্যা kolkæ দ্র কোর্‌ফুল, কোল্‌কা (চব্বিশ ৪)

কোল্‌খিল্ kolkʰil বি তাঁতের সরঞ্জাম বিশেষ [তাঁতে তৈরি কাপড় জড়ানোর সরঞ্জামকে যে হাতখানেক লম্বা বাঁশের খিল দিয়ে এঁটে রাখা হয় সেই খিলটির নাম কোল্‌খিল্] a weaver's roller to hold finished clothes while weaving (বীরভূ ১)

কোল্‌খুঁটা kolkʰũʈa বি তাঁতের সরঞ্জাম বিশেষ [তাঁতে তৈরি কাপড় জড়ানোর সরঞ্জামটিকে দুটি খুঁটির উপর রাখা হয়। এই খুঁটি দুটোর নাম 'কোল্‌খুঁটা'] the parts of the handloom (মেদিনী ৩৩) দ্র কোল্‌খিল্

কোল্‌খুঁটি kolkʰuʈi দ্র কোল্‌খুঁটা (বীরভূ ১)

কোল্‌গা[১] kolga দ্র কোঁদুরখাই (বাঁকুড়া ৫, ১৫)

কোল্‌গা[২] kolga বি কল্কে (ফুল) yellow oleander *Thevetia nerifolia, Cervia thibeta* (জী.অ.) (মুর্শিদা ১৯)

কোল্‌গি kolgi দ্র কোর্‌ফুল (মুর্শিদা ২২)

কোল্‌-ঘ্যাঁজ্‌ড়া kol-gʰæjʈa বিণ ন্যাওটা (of a child etc.) extremely fond of or attached to or brought under perfect control by means of affectionate treatment (বর্ধমা ২৩ হাওড়া ১, ৮) ছেলেটা এমুন্ কোল্‌-ঘ্যাঁজ্‌ড়া হোইচে কিছুতেই কোল্ থেকে নাব্‌বে নে--ছেলেটা এমন ন্যাওটা কিছুতেই কোল থেকে নামবে না (হাওড়া ১)

কোল্‌চাবি kolcabi দ্র কোল্‌-আঁজি দেওয়া (হুগলি ৬)

কোল্‌চে ফোম্‌রা kolce pʰomra বি হৃৎপিণ্ড the heart (বীরভূ ৫) < কলিজা + ভোমরা

কোল্‌ছাঁট্ kolcʰãʈ বি আলের গোড়া মেরামত [রোপণের পূর্বে কাদা-জমির আলের গায়ের ঘাস ছেঁটে দেওয়া হয় কোদাল দিয়ে। তারপর কাদামাটি দিয়ে আলের গা লেপন করা হয়--যাতে জমির জল বেরিয়ে না যায়] to make up holes along the dykes with fresh clay to resist water leakage in cornfields (হাওড়া ১, ৮)

কোল্‌-ছাঁদ্ kolcʰãd দ্র কোল্‌ছাঁট্ (হাওড়া ১০)

কোল্‌ছোড়ি kolcʰoɾi বি গ্রামীণ খেলায় সীমানা-সূচক দাগ [দুইদলে বিভক্ত গ্রামীণ খেলোয়াড়রা মুখোমুখি দুই দিকে



কোল্‌খিল্

দাঁড়ায় মাঝে থাকে সীমানার দাগ। যেমন--হা-ডু-ডু খেলা] the border line of a rural outdoor game (চব্বিশ ৪)

কোল্‌ছোড়ি ভাঙা kolcʰoɾi bʰaŋa ক্রি গ্রামীণ খেলায় সীমানার দাগ অতিক্রম করা to cross the border line of rural outdoor game (চব্বিশ ৪)

কোল্‌জাঠা koljaʈʰa বি অঙ্কুশ an iron rod for striking with (দার্জিলি ৩)

কোল্‌জিয়া koljia দ্র কোটি জিব্ (পদিনা ৪)

কোল্‌ঠাপ্ kolʈʰap বি মালসা a small earthen basin (চব্বিশ ১৪)

কোল্‌ঠিয়া kolʈʰia বিণ কটা (চুল) brownish (hair) (পদিনা ১১, ১৩)

কোল্ ডাং kol ɖaŋ বি একপ্রকার জালের অংশ বিশেষ বাঁশের বাতা ['ছাঁকুন্' জাল নামক একপ্রকার ছোট গোলাকার জাল। এই জাল একটি গোল বাঁশের বাতায় বাঁধা থাকে। এই বাতাটিকে দুই হাতে ধরে মাছ ধরা হয়] a round shaped frame made of bamboo used for fishing net (চব্বিশ ৮)

কোল্ থালা kol tʰala বি কানা উঁচু কাঁসার থালা a high-rimmed/brimed bell-metal plate (হুগলি ৫)

কোল্‌দরোজা koldɔroja বি নৌকার অংশবিশেষ the part of a boat (চব্বিশ ২৭)

কোল্‌দাগি koldagi বিণ কালচে দাগি [আমের গায়ে এই কাল্‌চে দাগ দেখা যায়, ঠিক পচা নয়] the spot mark on the mango which to begin to rot / decay (মালদা ১)

কোল্‌দাবানি koldabani দ্র কোট্‌বোর্ (চব্বিশ ৯, ১৪)

কোল্‌দারোগা koldaroga বি নৌকার অংশ বিশেষ [নৌকার দুই ধারের লম্বা কাঠ দুটিকে মজবুত করার জন্য পৃথক যে কাঠটি জোড়া দেওয়া হয়] the wooden part of a boat (চব্বিশ ২১) দ্র কোল্‌দরোজা

কোল্ দেওয়া kol deŏa ক্রি কোলাকুলি করা to embrace multually (বাঁকুড়া ১৩ মেদিনী ২৯ হাওড়া ১, ৮)

কোল্‌পেঁচা

কোল্‌দোপ্‌ (জোমি) koldop (jomi) বিণ নিচু (জমি) [এই জমিতে প্রায় সারাবছরই জল থাকে। ফলে ফসল ভাল হয়] low land (নদীয়া ১০, ১৩)

কোল্‌ধোন্‌নি kold^{h}onni বি ১ যে-ব্যক্তি বিয়ের কনেকে ছাঁদনাতলায় এনে ঘোরায় [কেউ তিনবার, কেউ পাঁচবার কেউ বা সাতবার পাক খাওয়ায়। কনেকে পাক খাওয়ানোর প্রধান দায়িত্ব নেয় একজন গোয়ালা। তবে কনের মামাও সাহায্য করে] the man who carries the bride to the place of marriage, takes her on the arms, and circles round the groom (মেদিনী ৩৩) ২ বিয়ের সময় কনে একটি ছোট ছেলেকে সঙ্গে নিয়ে সাতপাক ঘোরে। সেই ছেলেটিকে বলা হয় 'কোল্‌ধোন্‌নি' a small boy accompanying the bride when she makes ritualistic circles round the groom (কোচবি ৭)

কোল্‌নড়াজ্‌ kolnɔɽaj বি তাঁতের সরঞ্জাম বিশেষ [তাঁতে তৈরি কাপড় একটা তিন / চার হাত লম্বা ও চার / পাঁচ ইঞ্চি মোটা গোলাকৃতি কাঠে গুটানো হয়। এরই নাম 'কোল্‌নড়াজ্‌'] the particular tool of handloom --a cloth-roller used by weavers (বীরভূ ১) দ্র কোল্‌খিল্‌

কোল্‌নরৎ kolnɔrɔt দ্র কোল্‌নড়াজ্‌ (বর্ধমা ১৪)

কোল্‌নোরাজ্‌ kolnoraj দ্র কোলন্‌ড়াজ্‌ (চব্বিশ ১৬)

কোল্‌পাত্র kolpatrɔ দ্র কোট্‌বোর্‌, কোল্‌দাবানি (মুর্শিদা ৫, ১৩, ১৭, ২৪)

কোল্‌পিয়ে যাওয়া kolpie jaŏa ক্রি মর্‌চে ধরা (লোহায়) to rust (বর্ধমা ২০)

কোল্‌পুচিয়া (ছেলিয়া) kolpucia (c^{h}elia) বিণ কনিষ্ঠ (ছেলে) the youngest son (বাঁকুড়া ৭)

কোল্‌ পেঁচা kol pẽca বি কালপেঁচা [আয়তনে ছোট, পিঠে পাখায় লম্বা ডোরা থাকে] the jungle owlet (মেদিনী ৬, ১০, ১৯, ৩৪)

কোল্‌পে যাওয়া kolpe jaŏa ক্রি কলঙ্ক ধরা [পিতলের বাসনে একপ্রকার ছোপ্‌ছোপ্‌ দাগ ধরে] to stain (বাঁকুড়া ৪)

কোল্‌পোঁচা kolpõca দ্র কোল্‌পুচিয়া (ছেলিয়া) (নদীয়া ৪ বর্ধমা ২)

কোল্‌ ফ্যালা kol p^{h}æla দ্র কোল্‌-আঁজি দেওয়া (হুগলি ১)

কোল্‌বর্‌ kolbɔr দ্র কোট্‌বোর্‌, কোল্‌দাবানি (চব্বিশ ২৭ নদীয়া ৭, ১২ মুর্শিদা ১৬, ২২ মেদিনী ৩৩)

কোল্‌বাঁশ্‌ kolbaʃ বি ১ বিশেষ ধরনের বাঁশের আল্‌না [মাটির বাড়ির ঘরের মধ্যে এক পাশে দুটি বাঁশ দুটি দেওয়ালে পাশাপাশি পুঁতে রাখে। দেওয়াল তৈরির সময়ই এটা করে। দুটি বাঁশ পাশাপাশি রাখার ফলে অনেকটা মাচার মতো ভারবহনক্ষম হয়। এতে গৃহস্থালির সামগ্রী তুলে রাখে] the special type of rack made of bamboo inset in mud huts (পদিনা ১ মালদা ১ মুর্শিদা ২৩) ২ গরুর গাড়ির কাঠামোর বিশেষ বাঁশ [গরুর গাড়ির কাঠামোর একেবারে উপরে দুইদিকে দুটি বাঁশ সমান্তরালভাবে থাকে। বাঁশদুটি প্রায় সাত / আট হাত লম্বা হয়] a special type of bamboo in the frame of bullock cart (মালদা ৬)

কোল্‌বেড়ে kolbeɽe বিণ প্রথম প্রসবকারী গাভী the cow which is first time big with young (বাঁকুড়া ৪)

কোল্‌ব্যাঙ kolbæŋ বি কোলাব্যাঙ a large species of frog dwelling chiefly in a field (বাঁকুড়া ১১)

কোল্‌ভাগ্‌ kolb^{h}ag বি উরু ও পেটের সংযোগস্থল the groin (চব্বিশ ৭, ১৫, ২০, ৩৩ বর্ধমা ১২ হুগলি ৫, ৮, ১১, ১২)

কোল্‌মা ধান্‌ kolma d^{h}an বি একজাতীয় ধান a type of paddy (চব্বিশ ৩৩)

কোল্‌মান্‌ডা kolmanḍa ক্রি বিণ আসন পিঁড়ি [বাবু হয়ে বসা] to squat (মেদিনী ১৭)

কোল্‌মি kolmi বি তর্জনী the index-finger, the forefinger (পুরুলি ৯)

কোল্‌মি বেল্‌ kolmi bel বি বড় ছাঁচি বেল the evergreen variety of wood-apple (পদিনা ৬)

কোল্‌মিলে বসা kol mile bɔsa ক্রি পা ছড়িয়ে বসা to sit with streatched legs (মেদিনী ১০)

কোল্‌মু kolmu দ্র কোম্‌লি শাগ্‌ (জলপা ৭ মালদা ১১)

কোলমুছা (ছাইল্যা) kolmuc^{h}a c^{h}aĭlæ দ্র কোল্‌পুচিয়া (ছেলিয়া) (মুর্শিদা ২৩)

কোল্‌মুন্‌ডা kolmunḍa বি কলা গাছের বাকল [কলাগাছের পাঁচ / সাতটি বাকল ছাড়ানোর পর থোড় অংশ পাওয়া যায়] the bark of banana tree (দার্জিলি ৪)

কোল্‌মুল্‌ kolmul দ্র কোম্‌লি শাগ্‌ (জলপা ৭)

কোল্‌মু kolmu দ্র কোম্‌লি শাগ্‌, কোল্‌মুল্‌ (পদিনা ৬)

কোল্‌মো kolmo দ্র কোম্‌লি শাগ্‌, কোলমুল্‌ (মালদা ২)

কোল্লড়াজ্ **kollɔɾɔj** দ্র কোল্নড়াজ্ (বাঁকুড়া ৭)

কোল্লড়োজ্ **kollɔɾoj** দ্র কোল্নড়াজ্ (বীরভূ ১৩)

কোল্লতা **kollɔtɔ** দ্র কোল্নড়াজ্ (মেদিনী ৩৩)

কোল্লরাজ্ **kollɔrɔj** দ্র কোল্নড়াজ (মেদিনী ৩৩)

কোল্লা **kollɔ** বি করলা a variety of kitchen vegetable having a bitter taste (কোচবি ৩)

কোল্লাচ্ **kollac** বি কুচো পাথর very small stone (বাঁকুড়া ৩)

কোল্লা বাজ্ **kollɔ bɔj** বি শাহী বাজ (পাখি) [একপ্রকার বাজপাখি। প্রায় দেড় হাত লম্বা, গায়ের রং খয়েরি, বুক সাদা, ঠোঁট ছোট তবে অগ্রভাগ বাঁকা, মাথায় ঝুঁটি, পায়ে পালক] Crested Hawk-Eagle (মুর্শিদা ১৮)

কোল্লি[১] **kolli** বি পাব [বাঁশ বা আখের দুই গাঁটের মধ্যবর্তী অংশ] a node (বাঁকুড়া ১২)

কোল্লি[২] **kolli** ক্রি করলি (you) have done তুই মানা কোল্লি, তাও যাবো--তুই নিষেধ করলি তবুও যাবো (চব্বিশ ২৭ মুর্শিদা ২২)

কোল্লে **kolle** দ্র কোল্লা (নদীয়া ১)

কোল্লো[১] **kollo** ক্রি করলো, বললো (he) spoke, did উ কুনো আ-চা কোল্লো নি--সে কোনো সাড়া-শব্দ করল না [কথা বললো না] (হাওড়া ১, ৮)

কোল্লো[২] **kollo** বি গণ্ডগোল tumult, disturbance চ্যাংড়াগুলা কোল্লে নাগাইসে--ছেলেগুলো গণ্ডগোল লাগিয়েছে (কোচবি ২) < কোলাহল

কোল্লোই **kolloĭ** দ্র কোল্লা (মালদা ১১)

কোল্ল্যা **kollæ** দ্র কোললা (কোচবি ৩)

কোল্ল্যাস্কা **kollæskɔ** বিণ ন্যাওটা (of a child etc) extremely fond of or attached to or brought under perfect control by means of affectionate treatment (বাঁকুড়া ৩)

কোল্সা **kolsɔ** বি কলসি a pitcher made of earth or metal (মালদা ৮)

কোল্সি-তুলা **kolsi-tulɔ** বি বিবাহ-আচারের একটি অনুষ্ঠান [বিয়ের পরের দিন নব দম্পতি যখন বরের বাড়িতে আসে তখন নানাবিধ আচারের মধ্যে একটি আচার হলো 'কোল্সি-তুলা'। বধূর কোমরে এক কলসি জল বা বালি ভর্তি কলসি তুলে দেয় ননদেরা (বরের বোনেরা)। এই ভারি কলসি কোমরে রাখতে বধূর খুবই কষ্ট হয়। তখন ননদেরা খুশি মনে টাকা আদায় করে কলসি নামিয়ে দেয়] a kind of ritual in the Hindu wedding ceremony (মেদিনী ২৫)

কোল্সে **kolse** দ্র কোঁড়োচ্ কোল্সেতে গুঁজে রাক্--ট্যাকে গুঁজে রাখ (বীরভূ ১৪)

কোল্লা বাজ্

কোল্ হাওলা **kol hɔŏlɔ** বিণ আধ-পাগলা eccentric, crank (চব্বিশ ৩৬)

কোলংগা **kolɔŋgɔ** দ্র কোঁদুর্খাই (মেদিনী ১১)

কোলা[১] **kolɔ** বি কোল lap ছুয়া কোলায় তুল্লেক্--ছেলে কোলে তুলে নিল (কোচবি ৩, ৪ জলপা ১০ পদিনা ৯)

কোলা[২] **kolɔ** বি নিচু (জমি) low land (পদিনা ৭, ১০, ১২)

কোলা[৩] **kolɔ** দ্র কোল্[১] [ধানের কোলা, নারকেলের কোলা] (চব্বিশ ৩৩ হাওড়া ১, ৮)

কোলা[৪] **kolɔ** বি জালা বা ঐ জাতীয় বড় মাটির পাত্র a large fat-bellied earthen jar, an earthen barrel (চব্বিশ ৩৭)

কোলা[৫] **kolɔ** বি গরুর একপ্রকার অসুখ [গরুর মুখের ভিতর জিভের গোড়ায় একপ্রকার ঘা হয়, এটিই 'কোলা' অসুখ। এই রোগে গরুর জিভ ফুলে যায়, খেতে পারে না। সূঁচ দিয়ে এই ঘায়ের রক্ত বের করে তাতে নুন, ঝুল ও সরষের তেল দিয়ে জিভে ঘষে দিলে রোগের উপশম হয়] a kind of cattle disease (চব্বিশ ৯, ১৪ নদীয়া ৯, ১১ বীরভূ ১১ হুগলি ৮)

কোলা[৬] **kolɔ** বি নৌকার কাঠামোর বিশেষ অংশ [নৌকার পাটাতনের নিচে লম্বালম্বি দুটি কাঠ বা বাঁশ কাঠামোর সঙ্গে যুক্ত থাকে] the portion in the frame of a boat (মালদা ৭)

কোলা[৭] **kolɔ** বি পেকে যাওয়া শোষ-ঘা [কাটা-ছেঁড়া ঘা দীর্ঘদিন থাকলে শোষ হয়ে যায়। সেই শোষের আরো খারাপ পরিণত অবস্থা হলো 'কোলা'] an old sore or ulcer (নদীয়া ৯)

কোলাইচ্ **kolaic** বি জমির আল বাঁধার জন্য কোদালে-কাটা মাটির চাপ [জমির আল মাঝে মাঝে মেরামত করা হয়। কোদাল দিয়ে চাপ চাপ মাটি কেটে আলের কোলভাগ অর্থাৎ গোড়ায় দেওয়া হয়--যাতে জমির জল বেরিয়ে না যায়] a lump of clay cut by spade (নদীয়া ৫) < কোল + আইচ্



কোলাট্ জোমি

কোলাকাঁড়্ kolakãr বি কোলাকুলি mutual embracing (মেদিনী ৩২)

কোলা-কান্দ্ kola-kand বি কলার কাঁদি a cluster of banana (বর্ধমা ১৮)

কোলা-খোল্ kola-k^{h}ol দ্র কোল্মুনডা (হাওড়া ৮)

কোলাচ্ দেয়া kolac dea দ্র কোল্ছাঁট্, কোলাইচ্ (নদীয়া ১২)

কোলাচ্ নেওয়া kolac neŏa ক্রি কোলে নেওয়া to take up on one's lap (দার্জিলি ৩)

কোলাচারা পাখি kolacara pak^{h}i বি এক প্রকার হল্দে পাখি a kind of yellow bird (মেদিনী ১৫)

কোলাচে (ছেলে) kolace (c^{h}ele) দ্র কোল্ল্যাস্কা (হুগলি ১১)

কোলাজ্ দেওয়া kolaj deŏa দ্র কোলাইচ্ (চব্বিশ ১৪ নদীয়া ১০ বর্ধমা ২৩)

কোলাট্ kolat বি কলার (জামার) collar (জলপা ৬, ৭) < ইং collar

কোলাট্ জোমি kolat jomi বিণ ডাঙা [জমি] [বসতবাড়ির আশেপাশের জমি] high land fit for housing (চব্বিশ ১১)

কোলাট্ দেওয়া kolat deŏa দ্র কোলাইচ্, কোলাজ্ দেওয়া (হুগলি ৪, ৯, ১১, ১৯)

কোলাটি kolati বি কড়া [পায়ের পাতার নিচে শক্ত মাংসপেশী, খুবই ব্যথা হয়] a corn (নদীয়া ৬) < তু কুল + আঁটি

কোলাত্ kolat বি তালপাতার ডাঁটার গায়ের ছাল [এই ছাল কুলো ইত্যাদি তৈরিতে দড়ি হিসাবে ব্যবহৃত হয়] fibre of palm tree-leaves ,used as thread to make bamboo and wicker baskets (বর্ধমা ১৪)

কোলাত্ দেওয়া kolat deŏa দ্র কোল্ইচ্, কোলাজ্ দেওয়া (হুগলি ৮)

কোলা পিটিয়্যা kola pitiɛ দ্র কোল্মুন্ডা (বর্ধমা ১৮)

কোলাপিঠি kolapit^{h}i বিণ পিঠোপিঠি two offsprings of immediate sucession (দার্জিলি ৩ পদিনা ১, ৫)

কোলাপেটো kola peto দ্র কোল্মুন্ডা (হাওড়া ১, ৮)

কোলা-ফুল্ kola-p^{h}ul বি মোচা (কলার কাঁদির ফুল) a cone of the banana (বর্ধমা ১৮)

কোলা বাদুড়্ kola baduṛ বি এক জাতীয় ছোট বাদুড় a kind of small bat (বাঁকুড়া ১৪ হাওড়া ১, ৮)

কোলা-বাঁন্দা kola bãnda বি একপ্রকার চুল বাঁধার পদ্ধতি [মেয়েরা মাথার চুলের নানাপ্রকার বিনুনি করে। এই পদ্ধতিতে বিনুনি করে চুলের ডগাটি গোড়ায় বেঁধে রাখা হয়] a kind of female hair style--as a queue, a tress, a pig tail (বর্ধমা ১৮)

কোলার্ খাপ্ kolar k^{h}ap বি কলার ছড়া [কয়েকটি কলার একত্র বিন্যাস] a bunch of banana (বর্ধমা ১৮)

কোলি[১] koli ১ বিণ কচি, নরম young, soft কোলি পাতা --কচি পাতা (বর্ধমা ৪ মুর্শিদা ১৯) ২ বি আঁটির ভিতরের নরম অংশ the soft carnel inside a seed (মালদা ৬) < কলি

কোলি[২] koli বি ফুলের কুঁড়ি the bud (জলপা ৭ পুরুলি ১৩ বাঁকুড়া ১৬ মুর্শিদা ৫) < কলি

কোলি[৩] koli বি জুলপি a love-lock (চব্বিশ ২১, ৩৯ পুরুলি ৯)

কোলি[৪] koli বি কুমোরের পনের বিশেষ গর্ত [কুমোর মাটির হাঁড়ি, কলসি পোড়ানোর জন্য পন সাজিয়ে উপরে কাদামাটি লেপন করে দেয়। পনের ধোঁয়া বের হওয়ার জন্য লাঠি দিয়ে খুঁচিয়ে ঐ লেপন করা কাদামাটির উপর কয়েকটি গর্ত করে দেয়। ঐ গর্তগুলোকেই বলা হয় 'কোলি'] the special type of hole in the potter's furnace (পুরুলি ১০)

কোলি[৫] koli দ্র কোঁদুল্ দুই ভাই কোলি নাগুচুন্--দুই ভাই ঝগড়া করছে (মেদিনী ৮) < সং কলহ

কোলি (আঙুল্) koli (aŋul) কনিষ্ঠ আঙুল little finger (পুরুলি ৮ মেদিনী ৯, ১২, ৩২)

কোলিং খাওয়া koliŋ k^{h}aŏa ক্রি আলগোছে খাওয়া to throw food or water into the mouth without touching it (মুর্শিদা ১৭)

কোলি কোইজা koli koĭja বি ঝগড়াঝাঁটি quarrels (মেদিনী ৮) দ্র কোলি[৫]

কোলিঘুড়ি kolig^{h}uṛi বিণ ঝগড়াটে a quarrelsome (মেদিনী ৩১) দ্র কোঁদ্লা[১]

কোলি জাল্ koli jal বি মাছ ধরার একপ্রকার জাল [দুটি বাঁশের দ্বারা একটি কাঠামো তৈরি করা হয়। তারপর সুতোর তৈরি জাল ঐ কাঠামোতে বেঁধে নেওয়া হয়। এখন জালটি দেখতে অনেকটা উল্টো 'ব' অক্ষরের মতো হয়। প্রায় কোমর সমান জলে এই জাল দুই হাত দিয়ে ধরে ঠেলতে ঠেলতে যায়। মাঝে মাঝে উপরে তুলে মাছ সংগ্রহ

করে নেয়। খাল বা নদীর স্রোতের প্রতিকূলেও এই জালের সাহায্যে মাছ ধরা হয়। তখন কেবল জালটি স্রোতের প্রতিকূলে পেতে রাখে। জালটি লম্বায় প্রায় ছয়-সাত হাত হয়। সাধারণত ছোট ছোট মাছই এতে পড়ে] a kind of fishing net (মেদিনী ১০, ৩৩ হাওড়া ১, ৮ হুগলি ৪)

কোলি নাড়্ koli naɽ বি কড়ে রাঁড়ী [অল্প বয়সের বিধবা। প্রাচীনকালে বালিকা বয়সেই বিবাহ দেওয়ার রীতি ছিল। ঐ বয়সেই যদি কন্যা বিধবা হতো, তবে তাকে 'কড়ে রাঁড়ী' বলা হতো। বর্তমানে 'কড়ে রাঁড়ী' বা 'কোলি নাড়্' শব্দটি কোনো মহিলাকে গালি হিসাবে ব্যবহৃত হয়ে থাকে] a woman widowed before puberty period / mensuration (মেদিনী ২৯) < কড়ে (-কনিষ্ঠ) + রাঁড় (-বিধবা) [কোলি + (ড় > ল) রাঁড় > নাড়]

কোলি পাতা koli pata বি ডগের পাতা [কলা, নারকেল, তাল ইত্যাদি গাছের ডগের নতুন নরম পাতা] tender leaves of top branches (বর্ধমা ২, ১৯, ২০ বীরভূ ১)

কোলিহুড়া kolihuɽa দ্র কোলিঘুড়ি (পুং অর্থে) (মেদিনী ৮)

কোলিহুড়ি kolihuɽi বিণ ঝগড়াটি (স্ত্রী) [বিবাহে স্ত্রী-আচার বিশেষ। বিবাহ-অনুষ্ঠানে কিছু সংস্কার পালন করা হয়। একটি সংস্কারে আছে যে, তিনটি পিতলের বাটি পরপর বসানো থাকবে--প্রতিটির তলায় থাকে পান-সুপারি। কনেকে বাটিগুলো ডান পা দিয়ে ছুঁয়ে দিতে বলা হয়। ঐ সময় যদি কোনোক্রমে পায়ের ছোঁয়া জোরে হয়ে যায় তবে বাটিগুলিতে ঠোকাঠুকি লেগে যায়--বিশেষত বাটির নিচে গোটা সুপারি থাকে। যাই হোক্, যেহেতু বাটিগুলিতে ঠোকাঠুকি লাগে সেইহেতু ধরে নেওয়া হয় নতুন-বৌ ঝগড়াটে হবে] quarrelsome woman [a kind of traditional rites performed at a wedding by the women whose husbands are alive] (মেদিনী ৮)

কোলুংগা koluŋga দ্র কোঁদুর্খাই (হুগলি ৪)

কোলুম্ kolum দ্র কোম্লি শাগ্ (পদিনা ১৪)

কোলে kole ক্রি বিণ দিকে in direction এই কোলে আয় --এই দিকে আয় (নদীয়া ২, ৩, ৬)

কোলেপিঠে kolepiɽʰe দ্র কোলাপিঠি (হাওড়া ১০)

কোলে বরো kole bɔro দ্র কোট্বোর্ (মেদিনী ৮)

কোলের্ ছেলে koler cʰele দ্র কোল্মুছা (ছাইল্যা) (বর্ধমা ১৪)

কোলের্ পিঠের্ ভাই koler piɽʰer bʰaï দ্র কোলাপিঠি (চব্বিশ ২০ বাঁকুড়া ১৫, ১৮)

কোলো[১] kolo দ্র কোদ্ড় (জলপা ২)

কোলো[২] kolo দ্র কোলা[৫] (চব্বিশ ৭ হাওড়া ১, ২, ৮ হুগলি ১, ৫)



কোলো[৩]

কোলো[৩] kolo বি মাছ ধরার এক প্রকার সরঞ্জামের মাছের প্রবেশ পথ [ঘুনি, 'আঁটুল্' ইত্যাদি বাঁশের তৈরি মাছ ধরার খাঁচার মধ্যে মাছের এক বা একাধিক প্রবেশপথ থাকে। ঐ পথ দিয়ে মাছ ঢুকতে পারে. কিন্তু বের হতে পারে না] space provided in wicker traps for fishes to enter into it (চব্বিশ ১১)

কোলোংগা koloŋga দ্র কোঁদুর্খাই, কোলুংগা (চব্বিশ ২১ বর্ধমা ২, ৭, ৯ বাঁকুড়া ৭ বীরভূ ১১ মুর্শিদা ২২, ২৪ হাওড়া ৬, ১০ হুগলি ৫, ১১, ১৫, ১৬, ১৯)

কোলোড়্ koloɽ বি কোল (কোচবি ৩)

কোলোপ্ kolop বি কুলুপ বা তালা a lock (বর্ধমা ৭ মেদিনী ৬, ৮, ১৬) ~ **কুঁচি kolop kũci** বি তালাচাবি lock and key (মেদিনী ৮)

কোলোম্গা kolomga দ্র কোঁদুর্খাই, কোলুংগা (হাওড়া ২)

কোলোমা koloma দ্র কোঁদুর্খাই, কোলুংগা (বর্ধমা ৭)

কোলোশ্ kolo∫ দ্র কোল্সা (পদিনা ১২)

কোলোস্ kolos বি খোলস an outer covering (মালদা ২)

কোশ্[১] ko∫ বি বেড়্জাল নামক মাছ ধরা জালের প্রস্থ বা চওড়ার দিক the breadth of a type of fishing net (চব্বিশ ৩৬)

কোশ্[২] ko∫ বি (লেবু, কাঁঠাল ইত্যাদি ফলের) কোয়া a pod (চব্বিশ ২১, ২৩ জলপা ৩ দার্জিলি ২ নদীয়া ৫ পদিনা ২, ৪, ১১ পুরুলি ৯ বর্ধমা ২৬ মেদিনী ২৯, ৩২, ৩৪ হাওড়া ১০)

কোশ্[৩] ko∫ বি বিণ অঞ্জলি, মুঠি a handful এ্যাক্ কোশ্ চির্যা--এক মুঠো চিঁড়া (মালদা ১)

কোশ্[৫] ko∫ বি বাসনের কলঙ্ক a stain কোশ্ লাগা--কলঙ্ক ধরা (পদিনা ২) < কষ (দেশি)

কোশ্কা ko∫ka বি রুক্ষ শরীরের খড়ি dry dirt in form of a crust on the skin (চব্বিশ ৩৭)

কোশ্টা ko∫ta বি পাট jute ~ **বাড়ি ko∫ta baɽi** বি পাটক্ষেত a field of jute (চব্বিশ ৩৭)



কোশ্‌টি

কোশ্‌টি kofti বি গামছা পরার বিশেষ ধরন [কাজ করার সময় দুপায়ের ফাঁক দিয়ে গলিয়ে কোমরের পিছনে গুঁজে কাছা বাঁধা হয়] special style to wear an Indian towel (মালদা ১১)

কোশ্‌টিয়া kofʈia বিণ কৃপণ miserly লোক্‌টা কোশ্‌টিয়া --লোকটা কৃপণ (কোচবি ২)

কোশ্‌টো kofʈo বিণ ছোট small কোশ্‌টো আম্‌--ছোট আম (হুগলি ১৫)

কোশা[১] kofa বি কুয়াশা [অধিক বেলা পর্যন্ত স্থায়ী কুয়াশাকে 'গিন্নিকোশা' এবং দুপুর বা বিকালের দিকে বায়ুমণ্ডলের ধোঁয়াটে ভাবকে বলে 'রন্‌কোশা' (হাওড়া ২) দীর্ঘ সারির মতো কুয়াশাকে বলে 'রন্‌কোশা' (হুগলি ১৯)] fog (চব্বিশ ১৯ মেদিনী ৩৪ হাওড়া ২ হুগলি ১৯)

কোশা[২] kofa দ্র কোশ্‌[২] (চব্বিশ ৮, ১৫, ৩১, ৩৭ বর্ধমা ১২ মেদিনী ৭ হুগলি ১০, ১৯)

কোশা[৩] kofa বিণ টুকরো piece এ্যাক্‌ কোশা হোলুদ্‌ বেটে মিশিয়ে দিতে হবে--এক টুকরো হলুদ বেটে মিশিয়ে দিতে হবে (মেদিনী ১১)

কোশা[৪] kofa বিণ অপুষ্ট under-nourished কোশা চুল্‌ --অপুষ্ট চুল (হুগলি ৫)

কোশা[৫] kofa বি (চুলের) গোড়া the root (of hair) (হুগলি ১৮)

কোশাই kofaĭ দ্র কোশ্‌[১] [বেড়্‌জালের 'কোশাই' হয় বারো হাত] (চব্বিশ ৩৬)

কোশানি দিয়ে পরা kofani die pɔra ক্রি (শাড়ি) কুঁচি দিয়ে পরা to wear a *sharee* with pleat (চব্বিশ ৩৬)

কোশালি kofali বি কোশাকুশি two small water-container made of coppershaped like a canoe used in worship by Hindus (পদিনা ১০)

কোশি kofi বি (আমের) আঁটি a stone [of a fruit like mango] (পদিনা ৭)

কোশুরে প্যায়রা kofure pæĕra বি কচি পেয়ারা (হাওড়া ৩) তু কোশু < কষাটে

কোশে[১] kofe বিণ জোরে, শক্ত করে tightly ধানের্‌ আঁটিটা নিউলি দিয়ে কোশে বাঁধ্‌--ধানের আঁটিটা শক্ত করে বাঁধ্‌ (নদীয়া ৫, ১০)

কোশে[২] kofe ক্রি বিণ দ্রুত, জোরে speedily কোশে ছুটে যাচ্ছিলো--দ্রুত ছুটে যাচ্ছিল (বাঁকুড়া ১৮)

কোশে[৩] kofe ক্রি বিণ, খুব বেশি অর্থে excessively, heavily many কোশে আঁধার্‌ করে নিয়ে আসছে--খুব অন্ধকার (মেঘ) করে আসছে (বাঁকুড়া ১)

কোশে যাওয়া kofe jaŏa ক্রি টকে যাওয়া to turn sour / to become acid, to become irritated by being acidified (of teeth) (হুগলি ১৯)

কোশেয়া kofea অস ক্রি কুঁচি দিয়ে (শাড়ি পরা) [দ্র কোশানি দিয়ে পরা] by pleating (কোচবি ৬) তু কাশো =কাপড়ের ভাঁজ (সাঁও)

কোশো kofo বিণ কষা স্বাদযুক্ত tannic tasty or a slightly astringent (চব্বিশ ২১ নদীয়া ৬ বীরভূ ১)

কোশো লাগা kofo laga বিণ দুর্বল weak কোশো লাগা ছেলে--দুর্বল ছেলে (বীরভূ ১৩) দ্র কোশা[৪]

কোস্‌[১] kos দ্র কোশ্‌[২] (চব্বিশ ৪ দার্জিলি ৩ বর্ধমা ৮, ২৩, ২৬ বাঁকুড়া ৭ মেদিনী ২১, ২৫, ২৭, ২৯)

কোস্‌[২] kos বি কাঁচা আমের কুসি undeveloped and soft stone of a mango (মেদিনী ২৪, ২৭)

কোস্‌[৩] kos বি কোঁচড় the lap of one's loin cloth (নদীয়া ১০)

কোস্‌[৪] kos বি (ধুতির) কোঁচা the pleated end of loin-cloth tucked at the front of the wearer ওয় মান্‌সিটা কোস্‌ তুলি হাটিবার্‌ ধোস্‌সে--ঐ লোকটা কোঁচা তুলে হাঁটছে (কোচবি ৪)

কোঁস্‌ kõs দ্র কোস্‌[৩] (নদীয়া ৬)

কোস্‌টা[১] kosʈa দ্র কোশো (চব্বিশ ২৭)

কোস্‌টা[২] kosʈa দ্র কোশ্‌টা (কোচবি ২ চব্বিশ ৩৬ জলপা ৬ নদীয়া ১, ৩)

কোস্‌টি kosʈi দ্র কোশো (বর্ধমা ১৪ হাওড়া ১০)

কোস্‌টে kosʈe দ্র কোশো কোস্‌টে প্যায়রা--কষা স্বাদযুক্ত কচি পেয়ারা (হাওড়া ৩)

কোস্‌ড়িয়া kosɽia দ্র কোশো (বাঁকুড়া ৩)

কোস্‌তা[১] kosta বি খেজুর পাতার ঝাঁটা a broom made of the leaves of the date-palm (হুগলি ১৫)

কোস্‌তা[২] kosta বি কাপড়ের পাড় border of a cloth (spl. of *sharee*) (চব্বিশ ১৯)

কোঁস্‌তা kõsta দ্র কোস্‌তা[১] (চব্বিশ ১২)

কোস্‌তি[১] kosti বি মণিবন্ধ wrist (হুগলি ৫)

কোস্‌তি[২] kosti বি কনুই elbow (হাওড়া ৮)

কোস্‌তি[৩] kosti বি কামারশালে ব্যবহৃত সওয়া এক হাত লম্বা খেজুর ডাঁটার ব্রাশ বিশেষ। পনের আগুন নেভানোর জন্য এটি দিয়ে জল ছেটানো হয় [বিস্তারিত বিবরণের জন্য দ্র কুস্‌তি[২]] a brush made with the stem of date-palm [used in a smithy to sprinkle water on the fire] (নদীয়া ১০)

কোস্‌তিরি গাছ্‌ kostiri gacʰ বি বকফুল গাছ *Sesbana grandiflora, Agati grandiflora* (উ. অ.) (চব্বিশ ১৯)

কোস্তুরে kosture বি এক ধরনের সামুদ্রিক ঝিনুক [শিশুদের চোখ ওঠা রোগে এই ঝিনুকের মধ্যে কাজল তৈরি করে দিনে দুই-তিন বার লাগানো হয়] a type of sea-oyster (হাওড়া ১০)

কোস্তে koste অস ক্রি কচ্‌লে wringing, squeezing (বর্ধমা ৬)

কোস্তোরি পানা kostori pana বি কচুরিপানা water-hyacinth, *Pistia stratiotes* (উ. অ.) (পদিনা ৭)

কোস্‌বি kosbi বি বেশ্যা a prostitute (পুরুলি ১৩)

কোস্‌রি kosri বি লালও নয়, কালোও নয়, এই দুয়ের মাঝামাঝি লাল-কালো মিশ্রিত রঙ mixed colour of red and black (মেদিনী ৩৫)

কোসা[১] kosa বি দ্র কোশ্[২] (হাওড়া ১, ৮ হুগলি ১) এক কোসা নেবু খেয়ে দ্যাখ্ কেমুন্ টক্--এক কোয়া লেবু খেয়ে দেখ্ কেমন টক (হাওড়া ১, ৮)

কোসা[২] kosa বি গরুর অণ্ডকোষ the sac of a bull (পুরুলি ৯) < কোষ

কোসা[৩] kosa দ্র কোস্[৩] (জলপা ২, ৩, ৮, ৯)

কোসা[৪] kosa বি একজাতীয় গাছ a kind of tree [হাজা হলে এই গাছের পাতা কিংবা ডাল ছিঁড়ে যে আঠা পাওয়া যায় তা লগিয়ে দিলে হাজা সেরে যায়] (চব্বিশ ৩৬)

কোসাফল্ kosaph̥ol বি হরীতকী chebulic of black myrobalam (terminalia chebula) (মেদিনী ১২) < কষা +

কোসি[১] kosi দ্র কোশো কোসি আঁজির্--কষা পেয়ারা (মেদিনী ২৫)

কোসি[২] kosi বি শুঁয়োপোকার গুটি the cocoon of a caterpillar (পদিনা ৩)

কোসি[৩] kosi দ্র কোস্[২] (চব্বিশ ১২, ১৮ হাওড়া ৬)

কোসি[৪] kosi দ্র কোশি (পদিনা ২)

কোসু[১] kosu দ্র কোশো (নদীয়া ১)

কোসু[২] kosu বিণ রোগা thin (বর্ধমা ২) < কৃশ

কোসুম্ গাছ্ kosum gach বি কুসুমগাছ নামক একপ্রকার গাছ [এই গাছের কাণ্ড দিয়ে আসবাবপত্র তৈরি হয়। এই গাছের ফল কুলের মতো খাওয়া হয়। ফলের খোসা ফেলে দিলেও বীজ ফেলে দেওয়া হয় না। কুসুম বীজ ভেজে মুড়ির সঙ্গে মিশিয়ে খেলে মুড়ি সুগন্ধী হয়। কুসুম বীজের তেল মুড়িতে মেখে খাওয়া হয়] *Earthamus tinctorius* (উ. অ.) (বর্ধমা ২০ বাঁকুড়া ১৯ মেদিনী ২৯)

কোসে kose দ্র কোশে[৩] কোসে জল্ হোচ্ছে--জোরে বৃষ্টি পড়ছে (পুরুলি ১৫)

কোঁসে kõse দ্র কোশে[৩] কোঁসে লোক্ আছে--অনেক লোক আছে। কোঁসে খাল্--অনেক গর্ত (মেদিনী ৫)

কোসো[১] koso দ্র কোস্[২] (হুগলি ১১)

কোসো[২] koso দ্র কোশো কোসো লাগবে--কষা লাগবে (নদীয়া ৫)

কোহনি kohɔni দ্র কোস্‌তি[২] (মেদিনী ৮, ১২)

কোঁহরা kõhɔra দ্র কোশা[১] (বাঁকুড়া ১৪)

কোহা koha বি মাটির গামলা বা হাঁড়ি a basin or urn-shaped pot made of clay (মালদা ২, ১১)

কোহা

কোহাল্ kohal বি কোলাহল a loud confused noise made by many people (জলপা ৩)

কোহি kohi ক্রি বলি (we) say আমরা কোহি--আমরা বলি (মেদিনী ৮)

কোহিনা kohina দ্র কোস্‌তি[২] (পদিনা ৩, ১০ বীরভূ ৪, ৯ মুর্শিদা ৬, ১৫, ১৯ ২২, ২৩)

কোহিনে kohine দ্র কোস্‌তি[২], কোহিনা কোহিনে দিয়্যে গুইত্যে মারিস্ না--কনুই দিয়ে গুঁতো মারিস না (বীরভূ ৯ মুর্শিদা ২৪)

কোহিন্যা kohinæ দ্র কোস্‌তি[২], কোহিনা (মালদা ১ মুর্শিদা ২, ১৭, ২০ ২৪)

কোহিন্যা আঙুল্ kohinæ aŋul বি কনিষ্ঠাঙ্গুলি the little finger (মালদা ১)

কোহিল্ kohil দ্র কোল্‌কো[১] (পদিনা ৯)

কোহিস্‌নু kohisnu ক্রি বলেছিলাম (I) told (পদিনা ৯)

কোহু'kohu সর্ব কেউ someone (মুর্শিদা ২২) < কেহ

কোহুনি kohuni দ্র কোস্‌তি[২], কোহিনা (বাঁকুড়া ১৫ মুর্শিদা ১১ মেদিনী ৪)

কোহুম্ kohum ক্রি বলব shall say আর্ কেত্‌খুন্‌ত্যে কোহুম্--আর কত বলব (পদিনা ২)

কোহেক্ kohek অনু বল্ বা বলো say (মালদা ৪) < কহন, কহা

কোহোচি kohoci ক্রি বলছ are saying মোক্ কি কোহোচি--আমাকে কি বলছ? (পদিনা ২) < কহা

কোঁহোড়ি kõhoɽi দ্র কোশা[১] (পুরুলি ৪)

কোহোনি kohoni দ্র কোহিনা (মেদিনা ৮, ১৩, ২০, ৩১)

কোহোব্‌ড়া kohobɽa বি বাসরঘর a bride-chamber (মালদা ৭)

কোহোবুরার্ ঘর্ kohoburar gʰɔr দ্র কোহোব্‌ড়া (পদিনা ৮)

কোহোমোহো kohomoho বিণ ব্যাকুল extremely eager or impatient (মেদিনী ১৫)

কোহোলু koholu ক্রি বললি (you) say এই কথাটা তুই ক্যামন্ কোরে কোহোলু--এই কথাটা তুই কেমন করে বললি (মালদা ৬) < কহা

কোহোলো koholo দ্র কোহোলু য্যাম্‌নে কোহোলো উইমন্‌দি কোর্‌নু--যেমন বললি তেমনই করলাম (পদিনা ৯)



ক্যাঁক্‌রাস্

কৌঁকি যাওয়া kõũki jaõa ক্রি পিতলের বাসনে টক পদার্থ রাখায় বিস্বাদ হয়ে যাওয়া to become tasteless the sour-tasting pickle or any fruits etc. when contained in brass utensils টক্‌টা কৌঁকি যাইছে--টকটা বিস্বাদ হয়ে গেছে (মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

কৃস্‌নোচুড়া krisnocuɽa বি গহনা বিশেষ [কৃষ্ণের মাথায় যে চূড়া থাকে সেই আকৃতিবিশিষ্ট এই সোনার গহনা মেয়েরা বাহুতে পরে] a kind of ornament for the arm, a type of armlet (নদীয়া ৬)

ক্যা kæ ক্রি বিণ কত How much ১ ক্যামাস্ হোল্--কতমাস হল? (পদিনা ৩) ক্যাঝন্ আলছে--কয়জন এসেছে (মালদা ১১)

ক্যাঁই kæĩ বি তেঁতুলবিচি a seed or stone of tamarind (মুর্শিদা ২৩)

ক্যাঁইচি kæĩci বি কাঁচি scissors ক্যাঁইচিটা চোক্‌খা--কাঁচিটা ধারালো (মুর্শিদা ২২)

ক্যাইজ্‌জা kæijja বি ঝগড়া quarrel (মুর্শিদা ২২) < কাজিয়া

ক্যাইনা kæĩna ছোটভাইয়ের স্ত্রীর প্রতি সম্বোধনসূচক শব্দ an affectionate address to the wife of younger brother (পদিনা ২) তু কনে, কন্যা

ক্যাইরা চোক্ kæĩra cok বি গরুর ট্যারা চোখ squint eye of a cow (মালদা ২)

ক্যাইসে kaĩse কাশ thatch grass (*Saccharum spontaneum* জী. অ.) (মুর্শিদা ২৪)

ক্যাঁউরালি kæũrali বি কেন্নো common Indian Millipede (*Streptogonopus phipsoni*) (বীরভূ ৪)

ক্যাওচা kæõca বি কেঁচো an earthworm (*Lumbricus terrestris*) (মালদা ৯) দ্র কেঁউচা

ক্যাওট্ kæot বি জেলে a fisherman (পুরুলি ৩, ১৫ বর্ধমা ১০ বাঁকুড়া ১ বীরভূ ১৪) < কৈবর্ত

ক্যাওড়্[১] kæoɽ দ্র ক্যাওট্ (বীরভূ ৫)

ক্যাওড়্[২] kæoɽ বি কপাট বা দরজার পাল্লা either of a pair as a leaf of a door (পদিনা ২ মুর্শিদা ১৭)

ক্যাওড়া[১] kæoɽa দ্র কোশা[১] (বাঁকুড়া ১, ১১)

ক্যাওড়া[২] kæoɽa বি পানের জর্দা a kind of tobacco preparation (পুরুলি ৭)

ক্যাওয়া kæõa বি মইয়ের ধাপ বা পাদানি the steps of a ladder (পদিনা ১, ১১ মালদা ১, ৬)

ক্যাওয়াট্ kæõat বি দরজা (চব্বিশ ৩১) < কপাট

ক্যাওয়াড়্ kæõaɽ দ্র ক্যাওড়্[২] (বীরভূ ৪)

ক্যাওয়াড়ি kæõaɽi দ্র ক্যাওড়্[২] (মালদা ৭)

ক্যাওরা kæõra বি নিম্নবর্ণের তপশিলী সম্প্রদায়বিশেষ (হাওড়া ১, ৮) ক্যাওড়া > কেওট > কৈবর্ত দ্র ক্যাওট্

ক্যাওলা[১] kæõla বি কমলালেবু an orange (পদিনা ৩)

ক্যাওলা[২] kæõla বিণ ক্যাবলা lacking in smartness (চব্বিশ ৮)

ক্যাঁক্‌চা kæ̃kca বিণ কোঁকড়া curled (hair) ব্যাঁকচা চুল্--কোঁকড়া চুল (বাঁকুড়া ১২) < সং কুঞ্চিত

ক্যাক্‌চি kækci দ্র ক্যাঁক্‌চা (মেদিনী ১৩)

ক্যাক্‌টা kækta বিণ যে পুরুষ মুখ ভেংচায় he who makes faces (at), or grimaces (জলপা ৩) [কেক্‌টি--স্ত্রী]

ক্যাকড়া kæ̃kɽa বিণ বাঁকা curved, bent ক্যাক্‌ড়া শিঙা--বাঁকা শিংওলা গরু (জলপা ৭ পদিনা ১০)

ক্যাঁক্‌ড়া[১] kæ̃kɽa দ্র ক্যাঁক্‌চা ক্যাঁক্‌ড়া ম্যাক্‌ড়া চুল্--কোঁক্‌ড়া কোঁক্‌ড়া চুল ক্যাঁক্‌ড়া চুইল্যা--কোঁক্‌ড়া চুলওলা লোক (নদীয়া ৪ পদিনা ৫, ১০, ১৩, ১৪ মুর্শিদা ২৪)

ক্যাঁক্‌ড়া[২] kæ̃kɽa বি কাঁকড়া crab (*Cancer pagurus*) (মেদিনী ৩, ১৩, ১৮, ৩২ হুগলি ১২) < সং কর্কট

ক্যাক্‌বিড়ালি kækbiɽali বি বগলের ফোঁড়া বিশেষ [কার্বাঙ্কল জাতীয় এই ফোঁড়ায় সাতটি মুখ বার হয়] a boil like carbuncle (বর্ধমা ২৩)

ক্যাঁকরাস kækras বি গিরগিটি lizard (*Calotes versicolar*) (মেদিনী ৬) < কাঁকলাস

ক্যাক্‌লাস্ kæklas দ্র ক্যাঁক্‌রাস্ (পুরুলি ৯ মেদিনী ৮)

ক্যাঁক্‌লাশ্ kæ̃klaʃ বি কাঁকড়া বিছা scorpion (*Arachnida*) (বীরভূ ৪)

ক্যাঁক্‌শিয়াল্ kækʃial বি খেঁকশিয়াল a fox (*Vulpev bengalensis*) (বাঁকুড়া ১) ক + খ

ক্যাক্‌সিজা kæksija বিণ অর্ধসিদ্ধ, অর্ধপোড়া, দরকচা অবস্থা বেগুন্‌টা ক্যাক্‌সিজা হয়ে গেছে--বেগুনটা আধসিদ্ধ / আধপোড়া হয়ে গেছে half-boiled or partly ripe (বাঁকুড়া ৭)

ক্যাক্‌সিদ্ধ kæksiddʰɔ দ্র ক্যাক্‌সিজা (বাঁকুড়া ৩, ১৩ মেদিনী ১৫)

ক্যাকা kæka ক্রি (চুল) আঁচড়ানো to comb (জলপা ১)

ক্যাঁকাল্ kæ̃kal বি কোমর বা কক্ষদেশ waist (চব্বিশ ১৮ বর্ধমা ৬, ১৯ ২৫ হাওড়া ১, ৮ হুগলি ১, ১১) ক্যাঁকাল্‌গুলো ঠিকুরে যাবে--কাঁখগুলো ব্যথা হয়ে যাবে (বর্ধমা ৯) ছেলে ক্যাঁকালে এ্যাক্‌টা মেয়ে এইচে--ছেলে কোলে একটা মেয়ে এসেছে (হাওড়া ১, ৮) ঘড়া ক্যাঁকালে নেওয়া--ঘড়া কাঁখে নেওয়া (হুগলি ১০)

ক্যাকুয়া kækua বি চিরুনি a comb (মালদা ৭) কাঁকই, কাঁকুই

ক্যাকোই kækoï দ্র ক্যাকুয়া ক্যাকোইর্ দাড়্--চিরুনির দাড়া (পদিনা ১৪)

ক্যাকোর্ kækor বি কাঁকর a coarse grain of sand (চব্বিশ ৪)

ক্যাঁক্যাল kæ̃kæl দ্র ক্যাঁকাল্ (হুগলি ১২)

ক্যাঁগ্ড়া kæ̃gɽɑ দ্র ক্যাঁক্ড়া[২] (মেদিনী ১৭, ৩৪) ~ খাল্ **kæ̃gɽɑ kʰɑl** বি কাঁকড়ার গর্ত (বাসস্থান) a hole of a crab to dwell (হাওড়া ৮)

ক্যাগ্লাশ্ মাচ্ kæglɑʃ mɑc বি গাঙদাড়া মাছ *Belona caucila* (জী. অ.) বীরভূ ৭)

ক্যাঙ্[১] kæŋ ক্রি বিণ কেমন how ক্যাঙ্কোড়ি কং--কেমন করে বলেন? কাম্টা ক্যাঙ্কোড়ি কোড়িম্--কাজটা কেমন করে করব? (কোচবি ১, ৩)

ক্যাঙ্[২] kæŋ ক্রি বিণ কেন why ক্যাঙ্ তু কোলু?--কেন তুই বললি? (পদিনা ৭, ১০, ১২, ১৪)

ক্যাঙ্কা kæŋkɑ দ্র ক্যাঙ্ চ্যাঙ্ড়াটা ক্যাঙ্কা--ছেলেটা কেমন? তুই ক্যাঙ্কা আছ?--তুমি কেমন আছ? (পদিনা ১৪)

ক্যাঙ্কাবা kæŋkɑbɑ দ্র ক্যাঙ্ ক্যাঙ্কাবা গোন্দাচে--কিরকম গন্ধ বেরোচ্ছে (পদিনা ১৪)

ক্যাঙ্ড়া kæŋɽɑ দ্র ক্যাঁক্ড়া[২] (বর্ধমা ৫, ১২ বীরভূ ৫ হাওড়া ১, ৮)

ক্যাঙ্ড়াবিচা kæŋɽɑ bicɑ বি কাঁকড়াবিছা scorpion (*Arachnida*) (মেদিনী ১৭)

ক্যাঙ্ড়াবিছে kæŋɽɑbicʰe বি কোমরে পরার গহনা বিশেষ [শিকলের নিচে ফাঁসের আকারে গোট বিছা] a kind of ornament for the weist (নদীয়া ৬)

ক্যাঙ্লাশ্ kæŋlɑs দ্র ক্যাঁক্রাস্ (চব্বিশ ১৫ হাওড়া ১০)

ক্যাঙ্হাই kæŋhɑï দ্র ক্যাকুয়া (মালদা ৯)

ক্যাচ্ আঙুল্ kæc ɑŋul বি কনিষ্ঠাঙ্গুলি the little finger (বাঁকুড়া ১১)

ক্যাঁচ্কা kæckɑ বি একধরনের ছোট কচ্ছপ [এর পিঠ উটের কুঁজের মতো উঁচু] a type of tortoise (হুগলি ৫)

ক্যাচ্কারোই kæckɑroï বি গুয়েশালিক পাখি Pied Myna (*Sturnopastor contra*) (পদিনা ১০)

ক্যাচ্কিচ্যা kæckicæ বি কাদাখোঁচা পাখি snipe (*Gallinago coelestis*) (মুর্শিদা ১৭)

ক্যাঁচ্কেঁচে পাকি kæ̃ckæ̃ce pɑki বি ছাতারে পাখি jungle babbler (*Turdoides sommervillei*) (মুর্শিদা ১৮)

ক্যাচ্কেচিয়া kæckecɑ বিণ খিট্খিটে petulant (পদিনা ২)

ক্যাচ্ক্যাচ্ করা kæckæc kɔrɑ ক্রি খাইখাই করা to be insatiably hungry (পদিনা ২)

★ **ক্যাঁচ্ক্যাঁচানো kæckæcɑno** ক্রি (কর্কশ স্বরে) ডাকা to call harshly প্যাঁচাটা ক্যাঁচ্ক্যাঁচাচ্ছে ক্যান্যে--পেঁচাটা ডাকছে কেন? (পদিনা ৯)

ক্যাচ্ড়া kæcɽɑ বিণ কর্দমাক্ত বা পিচ্ছিল full of gluey mud and slippery ক্যাচ্ড়া বার্হার্--কর্দমাক্ত ও পিছল উঠান (মেদিনী ১৩)



ক্যাঙ্ড়া বিচা

ক্যাচ্না kæcnɑ বি গোয়ালের আবর্জনা [সাধারণত গরুর মলমূত্র ত্যাগের ফলে দুর্গন্ধযুক্ত নরম কাদামাটি গোয়ালে জমে। এগুলি সার হিসাবে ব্যবহৃত হয়] the soft muddy garbage of a cowshed which are used as manure ক্যাচ্নাগা জম্যা জম্যা জেইগাটা ভর্যাল, অগা তাতাড়ি সরি নাও--নোংরাগুলো জমে জমে জায়গাটা ভরে গেল, ওগুলো তাড়াতাড়ি সরিয়ে নাও (মেদিনী ১৯, ২২, ২৬) তু হি ক্যাচড়া

ক্যাঁচ্না kæ̃cnɑ দ্র ক্যাঁচ্না (চব্বিশ ১৭)

ক্যাচ্ম kæcmɔ বি কচ্ছপ a tortoise (মেদিনী ৩০) < কাছিম

ক্যাঁচ্রম্ভা kæ̃cɽɔmbʰɑ বি কাঁচকলা *Musa paradisiaea* (চব্বিশ ১৯)

ক্যাচ্রা করা kæcɽɑ kɔrɑ ক্রি নোংরা করা to make dirt এই জাগাটা ক্যাচ্রা কইল্ল কে?--এই জায়গাটা কে নোংরা করল? (কোচবি ৩)

ক্যাচ্লা ক্যাচ্লি করা kæclɑ kæcli kɔrɑ ক্রি (হাত) কচ্লানো to wring one's hand (in order to express regret or to curry favour) (পদিনা ২)

ক্যাচা[১] kæcɑ বি বেড়ার উপকরণ হিসাবে ব্যবহৃত জিওল বা সজিনা গাছের ডালপালা অথবা চেরা বাঁশ [গাছের ডালকে বলে না, কেবল বেড়া দেবার সময় এইরূপ বলে] the materials used to make a fence (like branches of tree or bamboo) (মালদা ১ মুর্শিদা ১৪)

ক্যাচা[২] kæcɑ দ্র ক্যাওচা (পুরুলি ৯)

ক্যাচা[৩] kæcɑ বিণ কাঁচা unboiled (water) ক্যাচা জলে না ধুই--কাঁচা জলে (ঠাণ্ডা জলে) ধুই না (জলপা ৭)

ক্যাচা[৪] kæcɑ বি কচি শিশু infant (পদিনা ১০)

ক্যাঁচা[১] kæ̃cɑ বি কাছা the part of the loin-cloth which the wearer tucks behind him between his legs ক্যাঁচা মেরে পরা--কাছা দিয়ে ধুতি পরা (বর্ধমা ২৩ বাঁকুড়া ৯ হুগলি ৪)

ক্যাঁচা[২] kæ̃cɑ বি মাছ ধরার সরঞ্জাম বিশেষ [তিন-চার হাত লম্বা বাঁশের ডগাতে লোহার সূঁচালো শিক্ গাঁথা থাকে। এক হাতে বা দুই হাতে ধরে এটি ছুঁড়ে মাছ, ব্যাঙ বা সাপ মারা হয়] a kind of small harpoon for catching fish, frog, snake etc. (হুগলি ১)

ক্যাঁটালি শেলাই

ক্যাঁচাটে দুদ্ kæ̃cate dud বি গ্যাঁজলা দুধ [গরুর প্রসবের পর একুশ দিন পর্যন্ত এই দুধ পাওয়া যায়] colostrum (নদীয়া ১০)

ক্যাচা মাচ্ kæca mac বি কুঁচে মাছ *Amphipnous cuchia* (পুরুলি ৭)

ক্যাচার্ ম্যাচার্ কোরে যাওয়া kæcar mæcar kore jaŏa ক্রি এঁকে বেঁকে যাওয়া to go in a zizag way (পদিনা ৪)

ক্যাচাল্[১] kæcal বি ঝগড়া quarrel টকাগা ক্যাচাল্ পাকি মারামারি কর্‌বেনি ত--ছেলেগুলো ঝগড়া বাধিয়ে মারামারি করবে না তো? (জলপা ৭ মেদিনী ৬, ১৯, ২২, ২৬)

ক্যাচাল্[২] kæcal বি ঝামেলা, গণ্ডগোল disturbance, complication ছেলেটাকে এ্যাতো কিছু খাইতে দিলাম্, তোবু ক্যাচাল্ করে--ছেলেটাকে এত কিছু খেতে দিলাম, তবু ঝামেলা বা খুঁতখুঁত করে (কোচবি ১) তোর্ এ্যাতো কিশের্ ফুটানি, নাই জিনিশ্‌টা কোডে পাওয়া জায়, জাকেই আসে তা দিয়ে খা, ফাকোতে ক্যাচাল্ কোরিশ্ না--তোর এত তেজ কিসের, জিনিসটা নেই কোথায় পাওয়া যাবে বল্, যা আছে তাই দিয়ে খা, মিছিমিছি গণ্ডগোল করিস না (কোচবি ২) ক্যাচাল্ কোরে দিলে--ঝামেলা করে দিল (জলপা ৭) ~ **করা kæcal kɔra** ক্রি চিৎকার করে কাঁদা to weep bitterly ক্যাচাল্ করে তাই ছাওয়াটাকে ইংকুরি ঝকাই--চিৎকার করে কাঁদে তাই ছেলেটাকে এমন করে দোলাই (কোচবি ২, ৪)

ক্যাচিয়া kæcia বি কাস্তে a sickle (পদিনা ২)

ক্যাচোর্ ব্যাচোর্ kæcor bæcor বি চেঁচামেচি, হট্টগোল a hullabaloo (মালদা ৩) তু ক্যাচোর ম্যাচোর

ক্যাজ্‌ড়া কেজ্‌ড়ি kæjra kejri বিণ ভণ্ডুল spoiled (মেদিনী ১৭)

ক্যাঁজ্‌রাই kæ̃jraï দ্র ক্যাঁউরালি (হাওড়া ৩)

ক্যাজ্‌রোটি kæjroti বি কাজললতা a vessel shaped like a pair of hollow scissors for preparing collyrium (মালদা ৭)

ক্যাট্ kæt বিণ বাতিল পদার্থ, গাদ [যেমন সরষের তেলের পাত্রের তলার ময়লা] sediment (মুর্শিদা ৬, ১৭)

ক্যাট্ আলু kæt alu বি একপ্রকার ছোট আলুবিশেষ a kind of small potato (বর্ধমা ৬)

ক্যাট্‌কেটিয়া kætketia বিণ উগ্র (রঙ) gaudy colour (over bright) (বাঁকুড়া ৩)

ক্যাঁট্‌কেয়ারি kæ̃tkeari বি চোরকাঁটা love thorn (Andropogon aciculatus) (নদীয়া ৯)

ক্যাট্‌ক্যাটে[১] kætkæte বিণ কুচকুচে glazy or bright or deep (black) ক্যাট্‌ক্যাটে কালো--কুচকুচে কালো (হুগলি ৮)

ক্যাট্‌ক্যাটে[২] kætkæte বিণ মিহি নয় এমন coarse ক্যাট্‌ক্যাটে কাপড়্--মোটা কাপড় (বর্ধমা ২)

ক্যাঁট্‌ড়া ছিলা kæ̃tra chila দ্র ক্যাচা[৪] (বর্ধমা ৮)

ক্যাঁট্‌বেড়ালি kæ̃tberali দ্র ক্যাক্‌বিড়ালি (নদীয়া ৪)

ক্যাট্‌ম্যাট্ kætmæt ক্রি বিণ কটমট (to give one a) black look ক্যাট্‌ম্যাট্ করে তাকাচ্ছে--কটমট করে তাকাচ্ছে (মেদিনী ৩৩)

ক্যাঁট্‌রান kæ̃trano ক্রি খোঁটা to nibble দাঁতে নক্ ক্যাঁট্‌রায়টে--দাঁতে নখ খুঁটছে (মেদিনী ৮, ২০)

ক্যাট্‌লা kætla বিণ কতটা How much ক্যাট্‌লা আন্‌বু?--কতটা আনবি? (পদিনা ১৩)

ক্যাট্‌লেপ্ kætlep বি কেট্‌লি a kettle (চব্বিশ ১০)

ক্যাঁটাল্ kæ̃tal বি কাঁঠাল a jackfruit (চব্বিশ ১২, ৩৭ বর্ধমা ১৬, ২২ হুগলি ১২, ১৮)

ক্যাঁটালি কলা kætali kola বি কাঁঠালি কলা a kind of banana (হুগলি ১৯)

ক্যাঁটালি শেলাই kæ̃tali ʃelaï বি রিপু সেলাই darning (বর্ধমা ২২)

ক্যাটি kæti বি লাটাই a reel or spool of a kite (পদিনা ১৪)

ক্যাঁটোর্ kæ̃tor বি এঁটুলি a variety of Diptera (মেদিনী ৩৩)

ক্যাড্‌রাই kædraï দ্র ক্যাঁউরালি (বাঁকুড়া ৮)

ক্যাঁড্‌রো সাপ্ kædro sap বি একপ্রকার নির্বিষ সাপ [সাদা ও পাঁশুটে মিশ্রিত রঙের, দেড়-দুই হাত লম্বা এবং কড়ে আঙুলের মত সরু এই সাপ গাছে থাকে] a kind of non-venomous snake (মেদিনী ২৮)

ক্যাঁড্‌রোই kæ̃droï দ্র ক্যাঁউরালি (বাঁকুড়া ১ মেদিনী ১৭)

ক্যাড্‌লাই kædlaï দ্র ক্যাঁউরালি (মুর্শিদা ১১)

ক্যাড়া kæra দ্র ক্যাঁউরালি (জলপা ৮)

ক্যাঁড়া kæra বি রাজমিস্ত্রী কর্তৃক ব্যবহৃত ওলনদড়ির মধ্যবর্তী অংশ the middle portion of a plummet (বীরভূ ৮) দ্র উলুন্

ক্যাড়াই kæraï বি কড়াই a pan (মালদা ৭)

ক্যাঁড়াস্ সাপ kæ̃ras sap বি একপ্রকার সাপ [দড়ির মতো সরু এই সাপ মানুষের চোখ খুবলে খায় বলে কথিত] a type of snake (হাওড়া ১০)

ক্যাড়েকুতু kærekutu বি কাতুকুতু tickling, titillation (বাঁকুড়া ১৮)

ক্যাঁত্ kæ̃t বি মাটির দেওয়াল a wall made of clay (পুরুলি ১৩) তু. কাঁত্

ক্যাত্‌ক্যাতা **kætkæta** বিণ প্যাচ্‌প্যাচে slimy, miry জল্‌ না তালিস্‌, মাটিটা ক্যাতক্যাতা হয়া জায়--জল ঢালিস্‌ না, মাটিটা প্যাচপ্যাচে হয়ে যায় (কোচবি ২)

ক্যাত্‌ক্যাতা ছাওয়া **kætkæta cʰaŏa** বি সদ্যজাত শিশু a new born baby (কোচবি ২)

ক্যাত্‌ক্যাতে **kætkæte** বিণ নাদুস্‌-নুদুস, হৃষ্টপুষ্ট buxom, happy and plump (কোচবি ২)

ক্যাত্‌কুত্‌ **kætkut** দ্র ক্যাড়েকুতু (চব্বিশ ২১)

ক্যাত্‌রা ছেলে **kætra cʰele** দ্র ক্যাচা[৪] [জন্মানোর পর থেকে ছয় মাস বয়স পর্যন্ত কচি শিশু] (বীরভূ ৩)

ক্যাত্‌রানি **kætrani** বি পিচুটি catarrh exuding from eyes (চব্বিশ ৩১)

ক্যাঁতর্‌ **kæ̃tɔr** দ্র ক্যাঁটোর্‌ (বাঁকুড়া ৩, ১৩)

ক্যাতাড়ি **kætaɽi** বি আখ a sugarcane (মালদা ৭)

ক্যাঁতি **kæ̃ti** বি 'টানা গাঁতি জাল' নামক মাছধরার সরঞ্জামের অংশ বিশেষ a part of a kind of fishing net (হুগলি ৯)

ক্যাতুর্‌ ক্যাতুর্‌ **kætur kætur** দ্র ক্যাড়েকুতু (চব্বিশ ৩৭)

ক্যাতেটি **kæteṭi** দ্র ক্যাট্‌লা ক্যাতেটি আম্‌ আন্‌লো?--কতগুলো আম আনলি?

ক্যাতোড়্‌ **kætoɽ** দ্র ক্যাঁটোর্‌ (পুরুলি ৯, ১৬)

ক্যাঁতোর্‌ **kæ̃tor** দ্র ক্যাঁটোর্‌ (মেদিনী ৯, ১৩, ৩২)

ক্যাতোরো **kætoro** বি খরা draught ক্যাতোরো হো গিয়া --খরা হয়ে গিয়েছে (মুর্শিদা ২১)

ক্যাথ্‌ড়া **kætʰɽa** বি কাঁথা a cotton wrapper made of patchwork (পদিনা ২)

ক্যাঁথা **kæ̃tʰa** বি গরুর গলকম্বল a dewlap (মুর্শিদা ১৪, ১৫, ২০, ২৪) < সং কন্থা

ক্যাঁদ্‌ ছাতু **kæ̃d cʰatu** বি কালো রঙের ছত্রাক বিশেষ a kind of black 'toad's stool' or *Agaricus* (বাঁকুড়া ১১)

ক্যাদ্‌দু **kæddu** বি লাউ bottle gourd (*Lagenaria vulgaris*) (মালদা ৭)

ক্যাদ্‌ পাতা **kæd pata** বি কেন্দু পাতা অর্থাৎ গাব পাতা *Diaspyros melamonylon* (পুরুলি ১২) [বিস্তারিত বিবরণের জন্য 'ক্যাঁন্‌দ্‌' দ্র]

ক্যাদ্‌রা **kædra** দ্র ক্যাত্‌রানি (চব্বিশ ৩৩)

ক্যাঁদ্‌রাই **kæ̃draï** দ্র ক্যাঁউরালি (মেদিনী ১১ হাওড়া ১, ২, ৩, ৬, ৮)

ক্যাদ্‌রানি **kædrani** দ্র ক্যাট্‌ [যেমন নারকেল তেল তৈরির সময় কড়াইয়ের তলায় যে সর জমে থাকে] (হাওড়া ১০)

ক্যাদা নোগি **kæda nogi** বি উঁচু গাছের ডালপালা কাটার বিশেষ সরঞ্জাম [একটি লম্বা বাঁশের মাথায় কাটারি বা কাস্তে বাঁধা থাকে] an instrument to cut branches of the top of the tree (পদিনা ১৪)

ক্যাদাল্‌[১] **kædal** বি বাড়ির পিছনের দিক rear ward of a house (বর্ধমা ২ হুগলি ৫)

ক্যাদাল্‌[২] **kædal** বি ভেরেণ্ডা the castor-oil plant, Ricinus Communis (*Jatropha gossypifolia*) (কোচবি ১)



ক্যাঁদাল্‌[২]

ক্যাঁদাল্‌[১] **kæ̃dal** দ্র ক্যাদাল্‌[১] (বাঁকুড়া ৮ হাওড়া ১০)

ক্যাঁদাল্‌[২] **kæ̃dal** বি দেওয়াল a wall ক্যাঁদাল্‌ ধোরে চোলে বুল্‌বেক্‌--দেওয়াল ধরে চলে বেড়াবে (মেদিনী ২৫)

ক্যাদিমা **kædima** বি কুমড়ো the pumpkin (মালদা ৭)

ক্যাঁদেল্‌ **kæ̃del** বি খাল canal (বর্ধমা ২৫) < ইং a canal

ক্যাঁদোল্‌ **kæ̃dol** দ্র কাঁদোল্‌ (বর্ধমা ১৯)

ক্যান্‌ **kæn** ক্রি বিণ কেন why (জলপা ৪ পদিনা ৭, ১০, ১২ মেদিনী ৩৪)

ক্যান্‌কেনে **kænkene** বিণ কাঁদুনে lachrymose (চব্বিশ ৩৭)

★ ক্যান্‌ক্যানানো **kænkænano** ক্রি গ্রাহ্য করা to care মোয় এ্যাত্তোকোরি কোনুং মোর্‌ কতা ক্যান্‌কানাইলেক্‌ না--আমি এত করে বললাম আমার কথা কানেই নিল না (কোচবি ২)

ক্যান্‌খা **kænkʰa** বি মাছের কানকো the gill of a fish (মুর্শিদা ২০)

ক্যান্‌খুড়্যা **kænkʰuɽæ** দ্র ক্যান্‌খা (মালদা ১)

ক্যান্‌জেল্‌ **kænjel** বি থোড় the spathe of a banana tree before it shoots from the stem (মুর্শিদা ২২)

ক্যান্‌ডা **kænḍa** বি বঁড়শি a fish-hook (পদিনা ১)

ক্যান্‌ডারি **kænḍari** দ্র ক্যাঁউরালি (বর্ধমা ৯)

ক্যান্‌ডাল্‌ **kænḍal** বি দুই-আড়াই হাত লম্বা বাঁশের লাঠিবিশেষ [গরু দিয়ে ধান মাড়াইয়ের সময় খড়গুলিকে এই লাঠি দিয়ে নাড়াচাড়া করা হয়] a bamboo stick used at the time of threshing the paddy (পদিনা ১১)

ক্যান্‌ড্যাল্‌ **kænḍæl** বি খয়েরি রঙের একপ্রকার বিষধর সাপ, গাছে থাকে a kind of venomous snake (মেদিনী ৩৪)

ক্যান্‌ডে **kænḍe** বি স্ত্রীর প্রতি স্বামীর সম্বোধন used in affectionate addressing chiefly applied by husband to his wife (কোচবি ৩)

ক্যান্‌তন্‌ **kæntɔn** ক্রি বিণ কেমন how উটো কাজ্‌ ক্যান্‌তন্‌ কোরে করে আইস্‌?--ঐ কাজ কেমন ক'রে করে এসেছিস? (পদিনা ১)



ক্যাঁপা[২]

ক্যান্‌তেন্ kænten দ্র ক্যান্‌তন্ ক্যান্‌তেন্ কোরি আসিলেন ইনা—কেমন করে এখানে আসলেন (মালদা ৪)

ক্যান্‌তো kænto অ কিন্তু but ভাত্ দোবো না ক্যান্‌তো—ভাত দেব না কিন্তু (নদীয়া ৪)

ক্যাঁন্‌দ্ kænd বি কেন্দু নামক গাছ [কেন্দু পাতা দিয়ে বিড়ি বাঁধা হয়। কেন্দু গাছের ফল কাঁচায় সবুজ, পাকলে লাল। কাঁচা অবস্থায় এর ভিতর চিঁড়ের মতো একটি জিনিস থাকে। তার নাম 'চিড়া'। সেটিকে বালি দিয়ে ঘষে খাওয়া হয়। পাকা ফলটিও খাওয়া হয়। গাব ফল বিশেষ] a kind of tree; the leaves of the tree are used to roll a kind of slender cigarette, *[Diospyros embryopteris]* (বাঁকুড়া ১১, ১২)

ক্যান্‌দ্ পাতা kænd pata দ্র ক্যাদ্ পাতা (পুরুলি ৫)

ক্যান্‌দ্‌র‍্যা kæ̃ndræ দ্র ক্যান্‌কেনে (পদিনা ১৪)

ক্যান্‌দ্‌ই kændaĭ দ্র ক্যাঁউরালি (বর্ধমা ৬)

ক্যান্‌দোইনি kændoĭni বি রান্নাঘরের কাজে ব্যবহৃত ছেঁড়া ন্যাকড়া a torn piece of cloth or a rag used in kitchen (মালদা ৭)

ক্যান্‌ধোইন্যা kænd^{h}oĭnæ দ্র ক্যান্‌দোইনি (মালদা ৭)

ক্যান্‌নাই kænnaĭ দ্র ক্যাঁউরালি (হাওড়া ৩, ১০)

ক্যান্‌লাই kænlaĭ দ্র ক্যাঁউরালি (নদীয়া ৯)

ক্যানং kænɔŋ ক্রি বিণ কেমন how ইখান্ কাম্ ক্যানং কোরে কোল্ল রে?—এই কাজটা কেমন করে করলি? (পদিনা ৪)

ক্যানাচ্ kænac বি মাছের কানকো the gill of a fish (বাঁকুড়া ১)

ক্যানি kæni দ্র ক্যান্ ক্যানি যাবো—কেন যাব (বীরভূ ৪) ক্যানি বুল্‌ছিস্—কেন বলছিস? (মুর্শিদা ২)

ক্যানিয়া পুত্‌লা খ্যালা kænia putla k^{h}æla বি ছোট মেয়েদের রান্নাবাড়ি খেলা a kind of folk-game (মালদা ১)

ক্যানে kæne ক্রি বিণ কেন why নাই দোশোতে ক্যানে ডাংগাইলেন—বিনা দোষে কেন মারলেন? (কোচবি ৪) মোর্ বাত্‌লা তুই সুনিস্ ক্যানে নি এ্যাক্‌বারো—আমার কথা তুই একবারও শুনিস না কেন? (পদিনা ৮) য্যেখুনা কোহিনু শেইখুনা ক্যানে নি আসিস্—যখন বললাম তখন কেন এলি না (পদিনা ৯) অক্‌বকাছিস্ ক্যানে—ছটফট করছিস কেন? (পুরুলি ১৪) সে এখিনের্ মিস্ত্রি, কোর্‌তে পার্‌বে না ক্যানে?—সে এখানকার মিস্ত্রি, করতে পারবে না কেন? (বর্ধমা ৯, ২২) ওয়াক্ ক্যানে কক্‌টাছিস্—ওকে চিমটি কাটছিস কেন? (মালদা ১১) অত জোল্‌দি কোরুঠু ক্যানে—এত তাড়াতাড়ি করছিল্ কেন? (মেদিনী ৮, ১৭, ২১, ২৯, ৩৪) ক্যানে কান্‌চু?—কেন কাঁদছো? (হুগলি ৫)

ক্যান্যে কোরে kænɛ kore ক্রি বিণ কেমন করে চিন্‌হাজান্‌হা লোক্‌টক্ ক্যান্যেকোরে রহবা দিলো—অপরিচিত লোকটাকে কেমন করে থাকতে দিলি (পদিনা ৩)

কাঁপা[১] kæ̃pa বিণ যার একটি হাত অচল the man who's one hand is paralytic (মেদিনী ২)

কাঁপা[২] kæ̃pa বি ঘুড়ির উপর দিকের অর্ধচন্দ্রাকৃতি কাঠি a stick of kite (হুগলি ৪)

ক্যাব kæbɔ সর্ব কেউ someone ক্যাব ক্যাব ছ্যে—কেউ কেউ আছে (মালদা ১১)

ক্যাবল্‌মাত্র kæbɔlmatrɔ ক্রি বিণ এখনই, এইমাত্র just now এইতো সে ক্যাবল্‌মাত্র গ্যাল—এইতো সে সবে গেল (নদীয়া ৩)

ক্যাবাট্ kæbat দ্র ক্যাওড়্[২] (মালদা ৭ মেদিনী ২৮)

ক্যাবাড়্[১] kæbaɽ দ্র ক্যাওড়্[২] (মেদিনী ২৮, ৩৪, ৩৫)

ক্যাবাড়্[২] kæbaɽ বি ধান ঝাড়ার বাঁশের মাচা [এর অপর নাম 'আগোড়'] a machan made of bamboo used at the time of beating out grain from paddy (চবিবশ ৪)

ক্যাবার্[১] kæbar দ্র ক্যাওড়্[২] (পদিনা ২ মালদা ১১)

ক্যাবার্[২] kæbar ক্রি বিণ কতবার how many times ক্যাবার্ কোর্‌লো এইটা কাজ্?—কতবার এই কাজ করলি? (পদিনা ৩)

ক্যাম্ kæm বিণ কম not much (মালদা ৯)

ক্যাম্‌তন্ kæmtɔn দ্র ক্যান্‌তন্ ক্যাম্‌তন্ কোরি কাম্‌টা কেরিআই—কেমন করে কাজটা করলি (পদিনা ১০)

ক্যাম্‌নে kæmne দ্র ক্যান্যেকোরে ক্যাম্‌নে কোল্লো—কেমন করে করল (পদিনা ৯) ক্যাম্‌নে কোহিলো—কেমন করে বললি (মালদা ৫)

ক্যাম্‌পেল্ হাশ্ kæmpel haʃ বি রাজহাঁসের থেকে একটু ছোট আকারের সাদা বা কালো রঙের একপ্রকার হাঁস a type of goose (কোচবি ৬)

ক্যাম্‌রানি kæmrani বি চুলকানি itching (মেদিনী ১০)

ক্যাম্‌সি kæmsi দ্র কোস্[২] (পুরুলি ১৫)

ক্যামা kæma ক্রি বিণ কোথায় where ক্যামা যাইথুলু?—কোথায় গিয়েছিলি (মেদিনী ৩০)

ক্যামার্ kæmar সর্ব কাদের whose এই চ্যাংড়ালা ক্যামার্ বাড়িবু?—এই ছেলেগুলো কাদের বাড়ির? (মালদা ৬)

ক্যায়ড়্ kæɔɽ দ্র ক্যাওয়াট্ (বাঁকুড়া ৮) ~ **ঝাল্ kæɔɽ j^{h}al** দ্র ক্যাওড়্[২] (বাঁকুড়া ৮)

ক্যায়লা kæĕla বিণ কটা brownish ক্যায়লা আঁক্—কটা চোখ (মালদা ৯)

ক্যায়াখাড়ি kæĕakʰaɾi বি একপ্রকার চিংড়ি মাছ a kind of shrimp (মেদিনী ২৬)

ক্যায়াজলি kæĕajɔli বি কালো ও মোটা জাতের আমন ধান বিশেষ a type of black and coarse late autumnal crop of paddy (মালদা ৮)

ক্যায়ালি আম্ kæĕali am বি কুসি আম [মুকুলের পরবর্তী অবস্থা] a mango in its early stage of growth (কোচবি ১)

ক্যার্‌কুর্ kærkur দ্র ক্যাড়েকুতু (চব্বিশ ১৮)

ক্যার্‌কেটা kærketa বি কসাইপাখি a kind of bird (পুরুলি ১৬)

ক্যার্‌কেটাই kærketaĭ বি কাঠবিড়ালি squirrel (*Sciurus palmarum*) (জলপা ৯)

ক্যার্‌ক্যাটা kærkæta দ্র ক্যাঁচ্‌কেঁচে পাকি (ছাতারে পাখি) jungle bubbler *(Turdoides sommervillei)* (বাঁকুড়া ১ মেদিনী ৫)

ক্যার্‌ক্যাটাই চাহা kærkætaĭ caha ক্রি ড্যাবড্যাব করে তাকানো to stare ক্যার্‌ক্যাটাই কি চাঁহি আছে দ্যাক্‌—ড্যাবড্যাব্ করে তাকিয়ে আছে দেখ্ (মেদিনী ২০)

★ **ক্যার্‌ক্যাতানো kærkætano** ক্রি কাতুকুতু দেওয়া to tickle, to titildate ক্যার্‌ক্যাতাচ্ছে—কাতুকুতু দিচ্ছে (মেদিনী ২৫)

ক্যার্‌গেনিয়া kærgenia অস ক্রি পাশ ফিরে turning on the side ক্যার্‌গেনিয়া হোয়ে রোইচ্যে—পাশ ফিরে শুয়ে রয়েছে (পদিনা ৩)

ক্যার্‌চা[১] kærca বিণ কোনাকুনি diagonally কাঠ্‌টা ক্যার্‌চা কোরিয়্যা রাখিয়্যা দে—কাঠটা কোনাকুনি করে রেখে দে (মেদিনী ১৫, ১৯, ২২, ২৬)

ক্যার্‌চা[২] kærca বিণ কাত slanting খুঁটিটা ক্যার্‌চা হয়ে আসে—খুঁটিটা কাত হয়ে আছে (মেদিনী ২৯) < বাং তেরচা

ক্যার্‌চা[৩] kærca বি কামারশালায় ব্যবহৃত সরঞ্জামবিশেষ [লোহার তৈরি, প্রায় ২৫০ গ্রাম ওজনবিশিষ্ট। কাটারির গোড়ায় একটু উঁচু খাঁজ রাখার জন্য এটির প্রয়োজন হয়। এর উপর হাতুড়ি মেরে কাজটি করা হয়] an instrument used in the smithy (হাওড়া ১)

ক্যার্‌ড়ি kærɽi দ্র ক্যাঁউরালি (পুরুলি ১৫)

ক্যার্‌দানি kærdani বি কেরামতি, পৌরুষ (ব্যঙ্গার্থে) an ostentatious display of skill ক্যার্‌দানি দেখাতে গেইচিলো, মুক্ থুবড়ে পড়েচে—কেরামতি দেখাতে গিয়েছিল, মুখ থুবড়ে পড়েছে (হাওড়া ১, ৮) তু ফা কারদানি

ক্যার্‌ধানি kærdʰani বি ঘুনসি a coloured thread worn round the waist (মালদা ৯)

ক্যার্‌লেস্ kærles বি জুলপি a lovelock (কোচবি ১)

ক্যার্‌শেল্ kærʃel বি চুল বাঁধার গুছি tassel (কোচবি ৬)

ক্যারাকুতু kærakutu দ্র ক্যাড়েকুতু (বাঁকুড়া ৭)

ক্যারাচি ত্যাল্ kæraci tæl বি কেরাসিন তেল kerasin oil (বীরভূ ১৪)

ক্যায়াখাড়ি

ক্যারাট্ kærat দ্র কোশ্‌টিয়া (পুরুলি ৮, ১৭)

ক্যারাটে মাচ্ kærate mac বি একপ্রকার মাছ [এর অপর নাম চেলা মাছ। এই মাছ ফ্যাসামাছের মতোই বড়। তবে চোখদুটি অপেক্ষাকৃত বড় a kind of very small silvery fish (chela bacila) (চব্বিশ ২১)

ক্যাঁরাঁন্ দেওয়া kæ̃rãn deŏa ক্রি বপন দেওয়া [কিছু নিচু ধান জমিতে ধান সারিবদ্ধভাবে না ছড়িয়ে বিক্ষিপ্তভাবে ছড়ানো হয়। ধানের চারা ঘনবদ্ধ হয়ে গেলে লাঙল দিয়ে কিছু চারা নষ্ট করে ফেলা হয়। এটাই জলা নিচু জমিতে ধান চাষের পদ্ধতি] a system of bow seeds in pady field (মেদিনী ১৯)

ক্যারানো kærano দ্র ক্যান্‌ক্যানানো সে আমার্ কথা ক্যারায় না—সে আমার কথা গ্রাহ্য করে না (বীরভূ ১১) ও ক্যারাবে না—ও গ্রাহ্য করবে না (মুর্শিদা ১৫) তু ইং care

ক্যারালা kærala বি করলা bitter gourd *(Momordica charantia)* (হাওড়া ১০)

ক্যারালি আম্ kærali am বি ছোট কচি আম (জলপা ৪)

ক্যারাশিন্ কাঁটা kæraʃin kãta বি পেরেক a spike (মেদিনী ১৬)

ক্যারাস্ তেল্ kæras tel দ্র ক্যারাচি ত্যাল্ (মেদিনী ৬, ১৫)

ক্যারাসিনি kærasini দ্র ক্যারাচি ত্যাল্ (মেদিনী ৬)

ক্যারেকুতু kærekutu দ্র ক্যাড়েকুতু (মেদিনী ২৫)

ক্যারেট্ kæret দ্র কোশ্‌টিয়া লোক্‌টা বেদম্ ক্যারেট্—লোকটা খুব কৃপণ (বাঁকুড়া ১৫, ১৬)

ক্যারেলা kærela বি উচ্ছে bitter gourd *(Momordica involucrata)* (মালদা ৭)

ক্যারেলে সাপ্ kærele sap বি একপ্রকার নির্বিষ সাপ। [একহাত পরিমাণ লম্বা সরু এই সাপের রঙ কালো-হলুদ ছোপযুক্ত] a kind of non-venomous snake (হাওড়া ৩)

ক্যারোকুতু kærokutu দ্র ক্যাড়েকুতু (মেদিনী ৯)

ক্যারোন্ kæron দ্র ক্যাঁউরালি (পদিনা ৬)

ক্যাঁরোস্ সাপ্ kæ̃ros sap বি একপ্রকার সামান্য বিষযুক্ত সাপ [সরু এবং দেড়হাত পরিমাণ লম্বা এই সাপ সাধারণত গাছপালায় থাকতে পছন্দ করে] a kind of snake which is a little venomous (হাওড়া ১০)



ক্রিং খেলা

ক্যাল্ kæl বি মাছধরার সরঞ্জাম বিশেষ [একপ্রকার কাঁটা] a kind of harpoon to catch fish (পদিনা ১৪)

ক্যাল্টা kælʈa বিণ বিকৃতমুখযুক্ত পুরুষ a deformed faced man (জলপা ৩)

ক্যাল্ব্যাল্ kælbæl দ্র কোশে[২] সাপ্টা ক্যাল্ব্যাল্ কইরে ছুটে গ্যাল—সাপটা তরতর করে ছুটে গেল (বাঁকুড়া ১২) < কিলবিল

ক্যাল্ব্যালানি করা kælbælani kɔra ক্রি কলরব করা to make a confused loud noise by a multitude of people shouting and talking at a time ছেলেরা ক্যাল্ব্যালানি কর্‌ছে—ছেলেরা কলরব করছে (হুগলি ১৬)

ক্যাল্ম্যাল্ kælmæl দ্র কোহাল্ (হাওড়া ১, ৩, ৮, ১০)

ক্যাল্মি kælmi বি কলমি লতা water bindweed *(Ipomea reptans)* (মালদা ৯)

ক্যাল্লা kælla বি করলা Bitter Gourd *(Momordica charantia)* (মেদিনী ৬)

ক্যাল্লাই kællaï দ্র ক্যাঁউরালি (বীরভূ ৮ মুর্শিদা ২২, ২৩ মেদিনী ৭) তু ক্যাঁদ্‌রাই

ক্যালা kæla বি কলা a banana (দার্জিলি ৩ পদিনা ২, ৯)

ক্যালাই kælaï বি ঘাস উপড়ানোর একপ্রকার খুর্‌পি বিশেষ। [একহাত লম্বা এই সরঞ্জামের হাতলটি কাঠ বা বাঁশের তৈরি এবং ফলাটি লোহার] a kind of small spud used to uproot the grass (পদিনা ৩ মালদা ৩, ৪)

ক্যালাইকিতি kælaïkiti দ্র ক্যাড়েকুতু (মেদিনী ৭)

ক্যালা কাত্তিক্ kæla kattik দ্র ক্যাওলা[২] [গালি হিসাবে ব্যবহৃত (মুর্শিদা ১৫)

ক্যালাকুচা kælakuca বি তেলাকুচা *Coccinea cordifolia* (পদিনা ১০ মালদা ১১)

ক্যালাকুতু kælakutu দ্র ক্যাড়েকুতু (বর্ধমা ১৫)

ক্যালা ফুল্ kæla pʰul বি ক্যানা ফুল canna *(Canna indica)* (মালদা ১১)

ক্যালানো[১] kælano ক্রি (আলু, ডিম ইত্যাদির) খোসা ছাড়ানো to give up the skin of vegetables, egg etc. ক্যালাই—খোসা ছাড়াই (কোচবি ৪)

ক্যালানো[২] kælano ক্রি ভেংচানো to make faces at তুই আমাকে জিব্ ক্যালালি ক্যানে?—তুই আমাকে জিব ভ্যাঙালি কেন? (নদীয়া ১, ৪, ১৩) তুই ক্যালাউঠু কেনি রে?—তুই ভেংচাচ্ছিস্ কেন রে? (মেদিনী ২৬)

ক্যালার্ খানি kælar kʰani বি কলার কাঁদি a cluster (পদিনা ২, ৮)

ক্যালার্ ছোড়ি kælar cʰoɽi বি কলার ছড়া a bunch of banana (পদিনা ২)

ক্যালুকুচু kælukucu দ্র ক্যাড়েকুতু (চব্বিশ ২১)

ক্যালে kæle দ্র ক্যালানো[১] ক্যালেক্যালে খাই—খোসা ছাড়িয়ে ছাড়িয়ে খাই (কোচবি ৬) কুশেট্টা ক্যালেক্যালে খাইও—আখটা ছাড়িয়ে ছাড়িয়ে খাই (কোচবি ৩)

ক্যালেকুতু kælekutu দ্র ক্যাড়েকুতু (বর্ধমা ৪ বীরভূ ৮)

ক্যালেশ্ kæleʃ দ্র ক্যার্‌লেস্ (জলপা ১)

ক্যাশ্ বগলি kæʃ bɔgɔli দ্র কানা বক্ (পুরুলি ৭)

ক্যাশা kæʃa দ্র ক্যাচা[৪] (পদিনা ১০)

ক্যাশানি kæʃani বি বাসন মাজার নুটি a wisp (to wash the utensils) (মালদা ৪)

ক্যাশোর্ kæʃor বি শাঁকালু a white esculent fruit shaped almost like a conch-shell *(Pachyrhizus angulatus)* (মালদা ৯ মুর্শিদা ১৯, ২৩) ~ **আলু kæʃor alu** দ্র ক্যাশোর্ (মুর্শিদা ২৩)

ক্যাস্‌কেইটা kæskeïʈa বিণ ফ্যাকাসে [বহুক্ষণ জলে ভিজে থাকার ফলে চামড়ার বর্ণহীন ফ্যাকাসে ভাব] pale [Being wet for a long time] হাতের রংটা ক্যাস্‌কেইটা হই গেল্‌ছে—[জলে ভিজে] হাতের রঙটা ফ্যাকাসে হয়ে গিয়েছে (পুরুলি ১৫)

ক্যাস্‌খেড়্‌ড়া kæskʰeɽɽa দ্র ক্যাস্‌কেইটা (পুরুলি ১৫)

ক্যাস্‌রা আলু kæsra alu দ্র ক্যাশোর্ (পদিনা ১৩)

ক্যাস্যে কোরে kæsɛ kore দ্র ক্যান্যে কোরে তুই এই কথাতো ক্যাসে কোরে কোহোলো?—তুই এই কথাটা কেমন করে বললি? (পদিনা ২, ৩) তু হি ক্যায়সে

কৃপিন্ kripin দ্র কোশ্‌টিয়া (পদিনা ১)

কৃশিবাড়ি kriʃibaɽi বি কৃষিক্ষেত agricultural land (দার্জিলি ২)

ক্রিং খেলা kriŋ kʰela বি গ্রামীণ খেলা বিশেষ [কিশোর বয়সের ছেলেমেয়েরা প্রাঙ্গণে এটি খেলে। একটা ছোট রবারের বল গোল দাগের মধ্যে ফেলবে। যার পায়ে সেই বল লাগবে সে চোর হবে, অন্যরা তৎক্ষণাৎ ছুটে পালাবে। চোর ইতিমধ্যে বলটি ধরে আটবার ড্রপ দিয়ে ছুটন্ত খেলোয়াড়দের গায়ে ছুঁড়ে মারবে। যার গায়ে লাগবে সে চোর হবে। এইভাবে একে একে চোর হয়ে যাবার পর পুনরায় প্রথমে যে চোর হয়েছিল সে ব্যতীত সকলে গোল দাগের মধ্যে পা দিয়ে দাঁড়াবে। যে চোর ছিল সে বাইরে থেকে উঁচু করে বলটিকে গোল দাগের মাঝে ফেলবে। এখন যার পায়ে বল লাগবে সে চোর হবে এবং পূর্বের চোর মুক্তি পাবে] a kind of rural game (জলপা ৮)

ক্রিয়া kria বি শ্রাদ্ধানুষ্ঠান performance of obsequies or *Sraddha* (দার্জিলি ৪)